তস্যানুরক্তস্য মুনের্মুকুন্দঃ প্রমোদ-ভারানত-কন্ধরস্য।
আশৃণ্বতো মামনুরাগ-হাস-সমীক্ষয়া বিশ্রময়ন্নুবাচ ॥ ১০ ॥
শ্রীভগবানুবাচ ॥
বেদাহমন্তর্মনসীপ্সিতং তে দদামি যত্তদুরবাপমন্যৈঃ।

অন্বয়ঃ।

প্রমোদ-ভারানত-কন্ধরস্য (ভগবদ্দর্শনজেন প্রমোদেন ভারেন চ আনতাঃ কন্ধরাঃ যস্য) তস্য অনুরক্তস্য মুনেঃ মৈত্রেয়স্য আশৃণ্বতঃ এব সতঃ অনুরাগ-হাস-সমীক্ষয়া অনুরাগস্য হাসঃ প্রকাশঃ যস্যাং তয়া সমীক্ষয়া সম্যক্ ঈক্ষণেন, মুকুন্দঃ শ্রীকৃষ্ণঃ মাং বিশ্রময়ন্ বিগতশ্রমং কুর্ব্বন্ উবাচ ॥ ১০ ॥

শ্রীভগবান্ উবাচ। (পূর্ব্বজন্মনি ত্বং বসুঃ অভূঃ ইতি সূচয়ন্ সম্বোধয়তি) হে বসো

শ্রীধরস্বামী।

প্রমোদেন ভাবেন চ আনতা কন্ধরা যস্য। প্রমোদভারানম্রেতি পাঠে প্রমোদস্য ভারেণ অনুরাগেণ হাসো যস্যাং তয়া সমীক্ষয়া। বিশ্রময়ন্ বিগতশ্রমং কুর্ব্বন্ ॥ ১০ ॥

তে মনসীপ্সিতমহং অন্তঃস্থিতো বেদ বেদ্মি! জ্ঞানে হেতুঃ বিশ্বসৃজাং বসূনাঞ্চ মিলি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্যানুরক্তেত্যাদি বিশেষণবিশিষ্টস্যাপি মামেবোবাচেতি তস্মাদপি স্বস্য প্রেমাস্পদত্বাধিক্যং ব্যঞ্জিতং। অতএব ষষ্ঠী। অনুরাগস্য হাসঃ প্রকাশো যস্যাং তয়া সমীক্ষয়া অনুরাগহাসাভ্যাং যুক্তয়া সমীক্ষয়া বা বিশ্রময়ন্ মাং বিগত-বিরহ-শ্রমং কুর্ব্বন্ ॥ ১০ ॥

বেদ বেদ্মি। যদন্যৈ দুরাপং তদ্দদামি। দানে হেতুঃ বিশ্বসৃজাং বসূনাঞ্চ মিলিতানাং সর্ব্বে

মৈত্রেয় মুনি ভগবানের একজন নিতান্ত অনুরক্ত ব্যক্তি; সুতরাং শ্রীকৃষ্ণকে দর্শন করিবা মাত্র তিনি প্রেমে গদগদ হইলেন এবং অতীব বিনীত ভাবে তথায় উপবেশন করিলেন। ভগবান্ ঐ ঋষির সমক্ষেই আমার শ্রম বিনোদন পূর্ব্বক সহাস্য প্রেম-বীক্ষণে আমাকে বলিতে লাগিলেন ॥ ১০ ॥

আভাস।

ব্রহ্মাণ্ড-তরু তত বৃহৎ বা প্রাচীন নহে; এতদপেক্ষা অনেক বৃহৎ ও বহুকালের ব্রহ্মাণ্ড বিদ্যমান রহিয়াছে। ব্যক্তপিপ্পলং ও অকৃশং এই দুই বিশেষণ পদ দ্বারা প্রকাশ করা হইয়াছে যে, ভগবান্ সংসার-বৃক্ষের মূলদেশে অধিষ্ঠিত থাকিয়াও, তাহার ফল আস্বাদনে বিরত এবং শ্রুতিবোধিত কর্ম্ম কলাপের ফল সৌভাগ্যাদি স্বর্গসুখে সম্পূর্ণ উদাসীন হইলেও, তাঁহাতে আনন্দভোগের কোন বিপ্রতিপত্তি ঘটে না। তিনি সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ ও আনন্দ-

সত্রে পুরা বিশ্বসৃজাং বসূনাং মৎসিদ্ধি-কামেন বসো ত্বয়েষ্টঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

পুরা পূর্ব্বজন্মনি বিশ্বসৃজাং প্রজাপতীনাং বসূনাং চ সত্রে সত্রনাম্নি যজ্ঞে মৎসিদ্ধিকামেন মৎপ্রাপ্তিকামেন, ত্বয়া অহং ইষ্টঃ সম্যক্ আরাধিতঃ অতঃ তে তব, অন্তর্ম্মনসি অন্তঃকরণরূপে মনসি, যৎ ঈপ্সিতং বাঞ্ছিতং তৎ, অহং বেদ জানামি এব, তৎ অন্যৈঃ অনারাধিত-মৎচরণৈঃ দুরবাপং দুঃখেনাপ্যবাপ্তুং অশক্যং অপি তুভ্যং দদামি দাস্যামি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

তানাং সত্রে হে বসো ইতি পুরা পূর্ব্বজন্মনি ত্বং বসুরাসীঃ তদা মৎপ্রাপ্তিকামেন ত্বয়াহমিষ্টঃ। অতস্তৎ সাধনং দদামি দাস্যামি অন্যৈর্মৎপরাঙ্মুখৈর্দুঃপ্রাপং ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে বসো ইতি পূর্ব্বজন্মনি ত্বং বসুরভূঃ। তদা মৎপ্রাপ্তিকামেন ত্বয়াহমিষ্টঃ ইতি নিত্যলীলা-পরিকরে উদ্ধবে বসোঃ প্রবেশাৎ নিত্যসিদ্ধস্যাপ্যুদ্ধবস্য সাধনসিদ্ধত্বমেব মৈত্রেয়মুদ্ধবঞ্চ জ্ঞাপয়ামাস। নিত্যলীলায়া রহস্যত্ব-রক্ষণার্থং কেচিত্তু লীলাপরিকর উদ্ধবো দ্বারকায়ামেব স্থিতঃ বসুরূপ উদ্ধবোঽয়মিত্যাহুঃ ॥ ১১ ॥

ভগবান্ বলিলেন, হে উদ্ধব! আমি তোমার মনোগত ভাব সমস্তই অবগত আছি। তুমি সাধারণ মনুষ্য নহ! পূর্ব্বজন্মে বসু ছিলে। তৎ কালে কেবল মৎপ্রাপ্তি কামনায় তুমি প্রজাপতি বসুগণের সত্র-যাগের অনুষ্ঠান করিয়াছিলে; অতএব অন্যের দুর্ল্লভ মৎ-সাধনোপায় তোমাকে উপদেশ দিতেছি; শ্রবণ কর! ॥ ১১ ॥

আভাস।

উদ্ধব অষ্ট বসুর মধ্যে একজন বসু। পূর্ব্বে বসুগণ একত্র মিলিত হইয়া, একটী বহুকালব্যাপী সত্র যাগের অনুষ্ঠান করেন; তন্মধ্যে যিনি কেবল গোবিন্দ-প্রাপ্তির কামনাতে যজ্ঞে ব্রতী ছিলেন, তিনিই উদ্ধবরূপে জন্ম পরিগ্রহ করেন। অতএব উদ্ধব প্রকৃত প্রস্তাবে ভগবানের নিত্য পরিকর ও নিত্য সিদ্ধ হইলেও, তাহাতে সাধন-সিদ্ধত্বের ভাব থাকায়, তিনি ভগবানের বিশেষ প্রিয়; এই ভাবের পরিচয় প্রদানার্থই ভগবান্ তাহাকে বলিয়াছিলেন, অন্যের দুর্ল্লভ বস্তু মদীয় সাধনপ্রণালী তোমাকে প্রদান করিব; তুমি আমার অতীব প্রিয় ও চিন্তানুকারী ভৃত্য ॥ ১১ ॥

ভগবান্ ভক্তের অধীন; এই কথা বলিলে, ভক্তের অপেক্ষা ভগবানের নিকৃষ্টভাব কখনই বুঝায় না; তবে "যে যথা মাং প্রপদ্যন্তে তাং স্তথৈব ভজাম্যহং" এই গীতাবাক্যের তাৎপর্য্যানুসারে ভগবান্ ভক্তের ভজনাধীন মাত্র বলা যায়। অর্থাৎ ভক্ত তাঁহাকে যে ভাবে আরাধনা করে, তিনি সেই ভাবে ও সেইরূপে তাহার নিকট আবির্ভূত হইয়া ভক্তের

স এষ সাধো চরমো ভবানামাসাদিতস্তে মদনুগ্রহো যৎ।
যন্মাং নৃলোকান্ রহ উৎসৃজন্তং দিষ্ট্যা দদৃশ্বান্ বিশদানুবৃত্ত্যা ॥ ১২ ॥

অন্বয়ঃ।

হে সাধো! ভবানাং জন্মনাং মধ্যে, সঃ এষঃ ভবঃ জন্ম, তে চরমঃ অন্তিমঃ (ইতোঽগ্রে জন্ম ন ভবিষ্যতি কিন্তু বিমুক্তো ভবিষ্যসি) অস্মিন্ জন্মনি যৎ যস্মিন্ মদনুগ্রহঃ মম অনুগ্রহঃ আসাদিতঃ সম্পাদিতঃ (তৎ অপি কথং ইত্যপেক্ষায়ামাহ) যৎ পুনঃ নৃলোকান্ উৎসৃজন্তং নৃলোকং ত্যক্ত্বা বৈকুণ্ঠং গচ্ছন্তং মাং বিশদানুবৃত্ত্যা একান্তভক্ত্যা, রহঃ একান্তে, দদৃশ্বান্ দৃষ্টবান্ অসি তৎ এতৎ দিষ্ট্যা সৌভাগ্যেন এব যাতং ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

তস্য ভাগ্যমভিনন্দতি। স এষ ভবো জন্ম তে ভবানাং মধ্যে চরমঃ। যদ্ যস্মিন্ মদনুগ্রহ আসাদিতো লব্ধঃ। যৎ পুন র্মাং রহ একান্তে বিশদানুবৃত্ত্যা একান্তভক্ত্যা দদৃশ্বান্ দৃষ্টবানসি এতদ্দিষ্ট্যা ভদ্রং জাতমিত্যর্থঃ। নৃলোকান্ নৃশব্দেন জীবান্তেষাং লোকানুৎসৃজন্তং বৈকুণ্ঠং গচ্ছন্তমিত্যর্থঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তমাশ্বাসয়তি স ইতি। ভবানাং জন্মনাং মধ্যে এষ ভবশ্চরমঃ শেষঃ। যদ্ যস্মিন্নাসাদিতঃ প্রাপ্তঃ। যৎ পুনর্মাং রহ একান্তে বিশদানুবৃত্ত্যা একান্তভক্ত্যা দদৃশ্বান্ দৃষ্টবানসি এতদ্দিষ্ট্যা ভদ্রং জাতমিত্যর্থঃ। নৃলোকান্ নৃশব্দেন জীবান্তেষাং লোকান্ উৎসৃজ্য ত্যং বৈকুণ্ঠং গচ্ছন্তমিত্যর্থঃ ॥ ১২ ॥

হে সাধো! আজ তোমার জন্ম সার্থক হইল! কারণ যখন সৌভাগ্যবশত আমার এই নরলোক পরিত্যাগ পূর্ব্বক বৈকুণ্ঠ গমনোদ্যত রূপ অতি ভক্তিভরে এই নির্জ্জনে নিরীক্ষণ করিলে, তখন আর তোমার পুনর্জ্জন্মের সম্ভাবনা নাই। তুমি অদ্য আমার প্রকৃত অনুগ্রহ লাভ করিয়াছ, সন্দেহ নাই ॥ ১২ ॥

আভাস।

হৃদয়-নিহিত রস-ভাবের পুষ্টি ও তুষ্টি সাধন করেন। ভক্তের প্রাণ যে রূপে তুষ্ট নহে, সে রূপ অতি অনির্ব্বচনীয় ও সাক্ষাৎ মোক্ষপ্রদ হইলেও, ভগবান্ তাহা তৎসমীপে প্রদর্শন করান না। কিন্তু যে রূপই তিনি ভক্তকে দেখান বা সেই দর্শনের ফলে ভক্ত-হৃদয় ক্রমশ উন্নত হইয়া, অন্তে সাক্ষাৎ অপবর্গ-প্রদ ভগবানের মঙ্গল-ময় রূপের যে প্রত্যাশী হইবে, তদ্বিষয়ে সন্দেহ নাই। তবে যে পর্য্যন্ত চিত্ত যেরূপ বিষয়-রসে রসাল থাকে, ভগবানকেও তাদৃশ রসে পুষ্ট ও সেই রসের পূরণকারী রূপ নিরীক্ষণের বাসনা জন্মে, ভগবানও তাদৃশ বিগ্রহে ভক্ত-নয়নে আনন্দ প্রদান করেন। যখন চিত্ত স্বচ্ছ দর্পণের ন্যায় একেবারে বিমল ও বিষয়-সংস্কার হইতে পরিশূন্য হয়, তখনই ভগবান্ সংসার-নিবর্ত্তকরূপে জনমের মত কৃতার্থ করেন। শ্রীকৃষ্ণাবতার কালে কেবল উদ্ধব কেন! অনেকেই অনেক সময়ে এবং ভিন্ন ভিন্ন বিবিধ

পুরা ময়া প্রোক্তমজায় নাভ্যে পদ্মে নিষণ্ণায় মমাদিসর্গে।
জ্ঞানং পরং মন্মহিমাবভাসং যৎ সূরয়ো ভাগবতং বদন্তি ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

পুরা পূর্ব্বস্মিন্ কালে আদিসর্গে সর্গোপক্রমে (ব্রাহ্ম্যে কল্পে) মম নাভ্যে নাভিভবে পদ্মে নিষণ্ণায় উপবিষ্টায়, অজায় ব্রহ্মণে, মন্মহিমাবভাসং (মম মহিমা প্রভাবঃ অবভাস্যতে অনেনেতি) মৎপরং সর্ব্বোৎকৃষ্টং জ্ঞানং ময়া প্রোক্তং প্রকর্ষেণ কথিতং যৎ চ ইদানীং অপি সূরয়ঃ বিবেকিনঃ ভাগবতং বদন্তি (তৎ দদামি ইতি অনুষঙ্গেণ অন্বয়ঃ) ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

দদামীতি যদুক্তং তদেব নির্দ্দিশতি পুরা পূর্ব্বস্মিন্ পাদ্মে কল্পে আদিসর্গে সর্গোপক্রমে মম মহিমা লীলা অবভাস্যতে যেন তৎ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দদামীতি যৎ প্রতিশ্রুতং তন্নির্দ্দিশতি পুরেতি। আদিসর্গে ব্রাহ্ম্যকল্পে। মন্মহিমা লীলা অবভাস্যতে যেন তদিতি স্বামিচরণাঃ। মহিমা মাহাত্ম্যমিত্যন্যে। ভাগবতং চতুঃশ্লোকী-রূপং ॥ ১৩ ॥

সৃষ্টির প্রারম্ভে পাদ্মকল্পে কমলযোনি আমার নাভিপদ্মে উপবেশন পূর্ব্বক আরাধনা করিলে, আমি তাঁহাকে আমার মহিমা-প্রকাশক পরমোৎকৃষ্ট জ্ঞান প্রদান করিয়াছিলাম। জগতে বিবেকী সকল এই উপদেশকেই চতুঃশ্লোকী ভাগবত বলিয়া, কীর্ত্তন করিয়া থাকেন। অদ্য তোমাকে তাহা প্রদান করিতেছি, অবহিত-চিত্তে তাহা শ্রবণ কর! ॥ ১৩ ॥

আভাস।

কার্য্যে লিপ্ত শ্রীকৃষ্ণ, এইরূপে তাঁহাকে নিরীক্ষণ করিয়াছেন; কিন্তু সেই সকলের সংসার-নিবৃত্তির কথা না বলিয়া, কেবল উদ্ধবেরই চরম জন্ম এইরূপ প্রকাশ করা হইয়াছে। অর্থাৎ যে যেমন অধিকারী ভগবান্ তাহাকে তদনুরূপ রূপ প্রদর্শনে তদধিকারের চরম ফল প্রদান করিয়া থাকেন। উদ্ধব শ্রেষ্ঠ অধিকারী, এই নিমিত্ত তাঁহার সংসার-লীলার সমূলে নিবারণার্থ নিজের লীলা সম্বরণের রূপ প্রদর্শন করাইয়া বলিলেন, উদ্ধব! এই তোমার চরম জন্ম! আমার কার্য্যান্তরকারী বিগ্রহে যখন এক্ষণে অভিনিবিষ্ট নহ, তখন আর তোমাকে জন্মান্তর পরিগ্রহ করিতে হইবে না। ইহা তোমার পরম সৌভাগ্যেই ঘটিয়াছে; সন্দেহ নাই ॥ ১২ ॥

উদ্ধব যে কেবল এই একবার মাত্র অনুগৃহীত হইয়াছিলেন, এমত নহে; মন্ত্রণাদি সকল কার্য্যে "উদ্ধব বিনা অন্য কেহই এ বিষয় পরিজ্ঞাত নহে; তিনি আগমন করিলে তাঁহাকে জানাইয়া তবে এ কার্য্যে হস্তক্ষেপ করিব," এইরূপ প্রতিক্ষণে শ্রীকৃষ্ণ উদ্ধবের প্রতি অনুগ্রহ

ইত্যাদৃতোক্তঃ পরমস্য পুংসঃ প্রতীক্ষণানুগ্রহভাজনোঽহং।
স্নেহোত্থরোমাস্খলিতাক্ষরস্তং মুঞ্চন্ শুচঃ প্রাঞ্জলিরাবভাষে ॥১৪॥

অন্বয়ঃ।

ইতি এবং প্রকারেণ আদৃতোক্তঃ (আদৃতঃ চ অসৌ উক্তঃ চ ইতি) পরমস্য পুংসঃ পরমপুরুষস্য প্রতীক্ষণানুগ্রহভাজনঃ প্রতীক্ষণং কৃপাবলোকঃ অনুগ্রহঃ চ তয়োঃ ভাজনঃ পাত্রভূতঃ, স্নেহোত্থরোমা (স্নেহেন উত্থানি পুলকিতানি রোমাণি যস্য সঃ) স্খলিতাক্ষরঃ গদ্গদবাক্ সন্ শুচঃ অশ্রূণি মুঞ্চন্ প্রাঞ্জলিঃ বদ্ধাঞ্জলিঃ অহং তং ভগবন্তং আবভাষে আভাষিতবানস্মি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

ইত্যেবমাদৃশ শ্চাসাবুক্তশ্চাহং প্রতীক্ষণং কৃপাবলোক এবানুগ্রহঃ তস্য ভাজনঃ পাত্রভূতঃ। প্রতিক্ষণানুগ্রহভাজন ইতি পাঠে প্রতিক্ষণমনুগ্রহস্য পাত্রমিতি। শুচঃ অশ্রূণি মুঞ্চন্ আবভাষে উক্তবানস্মি ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যহমাদৃত উক্তশ্চ। প্রতীক্ষণং মন্ত্রণাদিষু উদ্ধবং বিনা এতৎ কোঽপি ন জানাতি স আগচ্ছতু তত ইদং ভবিষ্যতীত্যাদি প্রতীক্ষা। হ্রস্বমধ্যপাঠে প্রতিক্ষণং ক্ষণে ক্ষণে যোঽনুগ্রহস্তস্য পাত্রং। শুচঃ অশ্রূণি ॥ ১৪ ॥

হে বিদুর! সেই পরম পুরুষ শ্রীকৃষ্ণ এইরূপ আদরাতিশয়ে আমার প্রতি অনুগ্রহ প্রকাশ করিলে, প্রেমের ভরে আমার গাত্র রোমাঞ্চিত হইয়া উঠিল; বাক্য স্খলিত হইতে লাগিল; অবিরল-ধারে আনন্দাশ্রু বিগলিত হইল; আমি তখন কৃতাঞ্জলিপুটে ভগবানকে বলিলাম ॥ ১৪ ॥

আভাস।

প্রকাশ করিতেন। এক্ষণে উদ্ধব পূর্ব্ব বৃত্তান্ত ও বর্ত্তমান ব্যাপার আলোচনা করিয়া রোমাঞ্চিত হইলেন; এবং কৃতাঞ্জলিপুটে গদ্গদ স্বরে বলিলেন, প্রভো বাসুদেব! আপনি আমাকে মোক্ষ বা স্বারূপ্যাদি প্রাপ্তির জন্য যে জ্ঞানোপদেশ দিতেছেন, তাহা আমার পক্ষে যথেষ্টই হইয়াছে। দীনবন্ধো! আমি সে জ্ঞানের প্রার্থী নহি! ঐ পদারবিন্দ নির্ব্বিবাদে ভজন করিতে পাইলেই আমি ধর্ম্মাদি চতুর্বর্গ ফলকেও অতি তুচ্ছ বলিয়া গণনা করি। কারণ যে পাদপদ্মে মোক্ষাদি সকল ফলের সিদ্ধি ঘটে, সেই চরণ লাভ হইলে, জীবের ত আর পাইবার কিছুই বাকী থাকে না। হে নাথ! আমি তোমার চরণ সেবার নিমিত্ত উৎসুক; আর সকল সামগ্রীর পরিবর্ত্তে আমাকে পাদপদ্ম দানে কৃতার্থ করুন্! ॥ ১৪। ১৫ ॥

হে প্রভো! আমাদের ন্যায় দাসগণের পক্ষে আপনার সেই সকল রূপগুণ লীলাদি দর্শন ও স্মরণেই পরমানন্দ লাভ হইয়া থাকে। ভবদীয় দাসগণের জ্ঞানের জন্য বিশেষ প্রয়াস নাই। কারণ জীবের জ্ঞান সম্ভব মতই হইয়া থাকে; সম্পূর্ণ জ্ঞান লাভে জীব

কোঽন্বীশ তে পাদ-সরোজভাজাং সুদুর্ল্লভোঽর্থেষু চতুর্ষ্বপীহ।
তথাপি নাহং প্রবৃণোমি ভূমন্ ভবৎ-পদাম্ভোজ-নিষেবণোৎসুকঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

হে ঈশ! তে তব, পাদসরোজভাজাং চরণকমলং ভজমানানাং পুংসাং ইহ অস্মিন্ লৌকিক-বৈদিকমার্গে চতুর্ষু অপি অর্থেষু ধর্ম্মার্থকামমোক্ষেষু পুরুষার্থেষু কঃ অনু পুরুষার্থঃ। সুদুর্ল্লভঃ (ন কোঽপীতি) হে ভূমন্ সর্ব্বব্যাপিন্ তথাপি (সর্ব্বপুরুষার্থানাং সুলভত্বেঽপি) তান্ ন প্রবৃণোমি ভবৎপদাম্ভোজ-নিষেবণোৎসুকঃ ভবতঃ পদাম্ভোজয়োঃ নিতরাং সংসেবনে ঔৎসুক্যং যস্য তথাভূতঃ অহং ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

নহি স্বাজ্ঞাননিবৃত্তিমাত্রকামোঽহং কিন্তু তন্নিষেবণোৎসুকঃ। ত্বয়ি চাঘটমানাচরণং দৃষ্ট্বা মে মোহো ভবতি। অতস্তত্ত্বজ্ঞানং দেহীতি প্রার্থয়িতুমাহ কোঽন্বিতি। চতুর্ষু ধর্ম্মাদিষু তথাপি তানহং ন প্রবৃণোমি। হে ভূমন্ ভবৎপদাম্ভোজনিষেবণোৎসুকোঽহং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ননু ভগবন্ প্রভো কিঙ্করং মাং সংসারান্মোচয়িতুং স্বারূপ্যাদিকং বা গ্রাহয়িতুং স্বজ্ঞানং ব্যাজিহীর্ষসি চেদলং তেনেত্যাহ কোঽন্বিতি। চতুর্ষু ধর্ম্মাদিষু মধ্যে পাদসরোজং ভজতাং কোঽনু দুর্লভ ইতি সকামানামপি বিনাপি জ্ঞানং পাদভজনেনৈব মোক্ষাদিফলসিদ্ধিঃ স্যাদিতি ভাবঃ। অহন্তু তথাপি স্বতএব প্রাপ্তানপি তানর্থান্ন প্রবৃণোমি তত্র হেতু র্ভবদিতি। অতো জ্ঞানেন মম কিং কার্য্যমিতি ভাবঃ ॥ ১৫ ॥

হে সর্ব্বকল্যাণকারিন্ বাসুদেব! আপনার পাদপদ্ম যাঁহারা নিয়ত ভজনা করেন, বৈদিকোপায়ে লভ্য ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্বর্গ ফলের মধ্যে কোনটীইত তাঁহাদের দুর্ল্লভ নহে। কিন্তু হে বিভো! আমি উক্ত চতুর্ব্বর্গের মধ্যে কোনটীরও প্রার্থনা করি না। কেবল ত্বদীয় পদারবিন্দ সেবনার্থই উৎসুক হইয়াছি ॥ ১৫ ॥

আভাস।

কখন সর্ব্বজ্ঞ হইবার সম্ভব নহে। কিন্তু আপনার কোন কোন লীলায় যুক্তির সামঞ্জস্য থাকে না; সেই সকল সন্দিগ্ধ স্থলেই আপনাকে আমার জিজ্ঞাস্য। এই বলিয়া উদ্ধব দুইটী শ্লোকে ভগবানকে তাঁহার বিষম লীলা সম্বন্ধে জিজ্ঞাসা করিয়াছেন। প্রথম সংশয়, শ্রুতি আপনাকে "নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনং। অমৃতস্য পরং সেতুং দগ্ধেন্ধনমিবানলং" বলিয়া প্রকাশ করিয়াছেন যে, পূর্ণব্রহ্মের কোন দেহ বা ইন্দ্রিয়াদি নাই; তিনি জীবের ন্যায় বাহ্য ব্যাপারে ব্যাপৃত হইয়া, কোন কর্ম্মে লিপ্ত হন না। তাঁহার অন্তরিন্দ্রিয়ের কোন উদ্বেলন নাই; সর্ব্বত্র সমদর্শী। সুতরাং পক্ষপাতিত্বাদি দোষ তাঁহাকে

কর্ম্মাণ্যনীহস্য ভবোঽভবস্য তে দুর্গাশ্রয়োঽথারিভয়াৎ পলায়নং।

অন্বয়ঃ।

(ন ঈহস্য) অনীহস্য নিষ্ক্রিয়স্য তে তব, কর্ম্মাণি, অভবস্য জন্মরহিতস্য ভবঃ জন্ম কালাত্মনঃ কালনিয়ন্তুঃ, অথ অরিভয়াৎ শত্রুভয়াৎ কালযবনভয়াৎ দ্বারকারূপজলদুর্গস্য আশ্রয়ঃ আশ্রয়ণং, পলায়নং চ, স্বারাম্নতেঃ স্বাত্মনি নিজানন্দরূপে রতিঃ যস্য তস্য, প্রমদাতা-

শ্রীধরস্বামী।

অঘটমানাচরণং দর্শয়তি কর্ম্মাণ্যনীহস্য নিষ্পৃহস্য নিষ্ক্রিয়স্য বা অভবস্য অজন্মনো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্মাকং দাসানাং পুনস্তদ্রূপগুণলীলা এব দর্শন-স্মরণাদ্যৈঃ পরমানন্দহেতুস্তাসামপি জ্ঞানেনাতীবাগ্রহঃ। যৎ কিঞ্চিজ্জ্ঞানস্য সত্ত্বাৎ সামন্যেন জ্ঞানাসম্ভবাচ্চ। কিন্তু তত্র লীলাঃ কাশ্চন কাশ্চন যুক্ত্যা বিরুদ্ধ্যন্তে তত্রৈব মে জিজ্ঞাসিতং বর্ত্ততে ইত্যাহ দ্বাভ্যাং। অনীহস্য নিষ্ক্রিয়স্য কর্ম্মাণি গোবর্দ্ধনোদ্ধরণাদীনি নহু বিশ্বসৃষ্ট্যাদীনি। তেষাং হি মায়াগুণকৃতানাং ত্বয্যারোপিতত্বেন স্বরূপত স্তাবকত্বাভাবাৎ নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনমিতি শ্রুত্যুক্তেন নিষ্ক্রিয়ত্বেন ন বিরোধঃ। গোবর্দ্ধনোদ্ধরণাদীনাং কর্ম্মণাস্তু ত্বয়া স্বরূপেণৈব কৃতত্বাত্তেষাং নিষ্ক্রিয়ত্বেন বিরোধ এবেতি মম সংশয়ঃ। যদ্বা নরাকৃতিপরব্রহ্মণ স্তব নরাকৃতিত্বে অপ্রাকৃতানন্তকর্ম্মবত্ত্বং। ব্রহ্মত্বে প্রাকৃতাপ্রাকৃতকর্ম্ম-রাহিত্যং তত্রৈব ব্রহ্মপদস্য রূঢ়েঃ। নচ নির্বিশেষরূপমেব ব্রহ্ম সবিশেষ-স্বরূপো ভগবানিতি স্বরূপভেদাদ্যবস্থেয়মিতি বাচ্যং। স্বরূপদ্বয়াভাবাদিতি ষষ্ঠোক্তেঃ সংশয় এব যত স্তথা। অভবস্যাজন্মনো জন্ম। কালাত্মন স্তব জরাসন্ধাদ্যরিভয়াৎ পলায়নং সমুদ্রদুর্গাশ্রয়শ্চ। স্বাত্মন্যেব রতি র্যস্য তস্যাপি প্রেমদানাময়তেন সহাশ্রমো গৃহাশ্রমঃ গৃহাশ্রমপ্রযুক্তদেব-

---

কিন্তু হে প্রভো! আপনি নিস্পৃহ হইয়াও কর্ম্ম করেন। আপনি অজ! অথচ জন্ম পরিগ্রহ করিয়াছেন; কালভয়হারী সাক্ষাৎ যমনিয়ন্তা হইয়াও, কাল-যবনাদি শত্রুভয়ে পলায়ন করত সমুদ্র-জলে দুর্গ নির্ম্মাণ করত বাস করিয়াছেন; নিজের আনন্দেই নিজে মগ্ন থাকিয়াও, অযুত নারী সহবাসে

আভাস।

স্পর্শ করেন না। তিনি নিরবদ্য অর্থাৎ অনিন্দনীয়; মায়াদির বিক্রিয়া ও আবরণ ঈশ্বরে অসঙ্গত; তিনি নিরঞ্জন। পরমব্রহ্ম মরণধর্ম্মশীল সংসারের (পর) অতীত; অমৃতের আশ্রয়। অগ্নিতে নিক্ষিপ্ত কাষ্ঠরাশি সম্পূর্ণ দগ্ধ হইলে, যেমন ধূমশূন্য বিশুদ্ধ বহ্নিমাত্রে অবস্থান করে, সেইরূপ মায়ার জাড্যাদি ক্রিয়াশূন্য বিশুদ্ধ চৈতন্য-ঘন বিগ্রহই পরমাত্মা। মায়াগুণে রচিত বিশ্ব ব্রহ্মাণ্ড মায়ার কার্য্য হইলেও, হে ভগবান্! মায়া দ্বারা আপনাতে আরোপিত হয় মাত্র; তাহাতে শ্রুত্যুক্ত নিষ্ক্রিয়ত্বাদি ভাবের কোন ব্যাঘাত হয় না বটে, কিন্তু গোবর্দ্ধন-গিরি বামহস্তে উত্তোলন করত গোকুলবাসিদিগকে যে রক্ষা করিলেন, সেস্থলে

কালাত্মনো যৎ প্রমদাযুতাশ্রমঃ স্বাত্মন্রতেঃ খিদ্যতি ধী র্বিদামিহ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

শ্রমঃ প্রমদানাং অযুতে বহ্বীভিঃ প্রমদাভিঃ সহ আশ্রমঃ গৃহাশ্রমঃ ইতি যৎ ইহ অস্মিন্ সংসারে, বিদাং বিদুষাং অপি ধীঃ বুদ্ধিঃ খিদ্যতি মুহ্যতি (কা উত মাদৃশাং ইতি) ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

ভবো। জন্ম কালাত্মন স্তব অরিভয়াৎ দুর্গাশ্রয়ঃ পলায়নঞ্চ। স্বাত্মনি রতির্যস্য তস্য বহ্বীভিঃ স্ত্রীভি র্গৃহাশ্রম ইতি যৎ ইহ অস্মিন্ বিষয়ে বিদুষামপি ধীঃ সংশয়েন খিদ্যতে ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পিত্রাদিযোগে স্বাত্মারামস্য তব রতিঃ। রুক্মিণ্যাদি প্রমদাভী রমণেতু তবাত্মারামতা নাপগচ্ছেৎ তাসামাত্মভূতত্বাদিত্যহং জানাম্যেব। অতএব ময়া আশ্রমশব্দঃ প্রযুক্তঃ। ইহ অস্মিন্ বিরোধে বিদাং বিদুষামপি ধীঃ সমাধানাদর্শনাৎ খিদ্যতি নচ নিষ্ক্রিয়ত্বাজড়ত্বকালাত্মত্বাত্মারাম-ত্বাদীনামেব সত্যত্বং-সক্রিয়ত্ব-জন্মবত্ত্ব-ভীতত্ব-গৃহাশ্রমত্বানামনুকরণমাত্রত্বমিতি বাচ্যং তথাত্বে বিদুষাং ধীরত্র খিদ্যতীতি নোক্তং স্যাৎ সক্রিয়ত্বাদীন্যনুকরণান্যেব নতু বাস্তবানীতি জ্ঞানে কুতঃ খেদঃ। তথৈবাক্রিয়ত্বাদিভিঃ প্রকৃতক্রিয়াদয় এব নিষিধ্যন্তে ন ত্বপ্রাকৃতক্রিয়াদয় ইতি জ্ঞানে কুতঃ খেদঃ। তথৈব ব্রহ্মত্ব-ভগবত্ত্বাভ্যামেবাক্রিয়ত্বশক্তি-সক্রিয়ত্বাদিব্যবস্থেতি জ্ঞানে কুতঃ খেদ ইতি চ। ততশ্চ সক্রিয়ত্বাদীন্যনুকরণমাত্রাণীতি ব্রুবাণা অক্রিয়ত্বমপ্রাকৃতক্রিয়ত্বং অভবত্বমপ্রাকৃতজন্মবত্বমিতিচ ব্রুবাণা ব্রহ্মত্বভগবত্ত্বাভ্যামেবাক্রিয়ত্ব-সক্রিয়ত্বাদিব্যবস্থেতি ব্রুবাণা অখিন্নবুদ্ধয় এবাবিদ্বাংসঃ ইতি ধ্বনিঃ। যদুক্তং স্বয়ং ভগবতা ন মে বিদুঃ সুরগণাঃ প্রভবং নো মহর্ষয় ইতি সুরগণা ব্রহ্মাদ্যা অপি মহর্ষয়ো ব্যাসাদ্যা অপি মে প্রকৃষ্টং ভবং জন্ম ন বিদুরিতি তত্রার্থঃ। ভীষ্মেণাপ্যুক্তং ন হস্য কর্হিচিদ্রাজন্ পুমান্ বেদ বিধিৎসিতং। যদ্বিজিজ্ঞাসয়া যুক্তা মুহ্যন্তে কবয়োঽপিহীতি ॥ ১৬ ॥

গৃহাশ্রমীর ন্যায়, আত্মপরিচয় প্রদান করিয়াছেন। আপনার এই সমস্ত ব্যাপার দর্শনে আমাদের ন্যায় অল্পবুদ্ধি মানবের কথা দূরে থাকুক, জ্ঞানি-জনেরও বুদ্ধি অবসন্ন হইয়া পড়িতেছে ॥ ১৬ ॥

আভাস।

আপনার নিষ্ক্রিয়ত্ব কোথায় রহিল! যদি বলেন, আপনি পরমব্রহ্ম হইলেও যখন নরাকার রূপ ধারণ করিয়াছেন, তখন নরাকৃতি পরব্রহ্মের অপ্রাকৃত অনন্ত কর্ম্মবিশিষ্ট হওয়াই উচিত; তাহা হইলেও আমার সন্দেহ ভঞ্জন হইল না। কারণ নির্ব্বিশেষ-স্বরূপ ব্রহ্ম এবং সবিশেষ ভগবান্ এই উভয় স্বরূপের ভেদ রক্ষা করার ব্যবস্থা যুক্তিযুক্ত নহে। যেহেতু পরমাত্মার স্বরূপের আর দ্বিবিধত্ব নাই; তাহা ষষ্ঠে বিশেষ পরিচয় আছে। সে যাহা হউক অন্যান্য সংশয় বলিতেছি, শ্রবণ করুন! আপনি অজ! অথচ দেব কীর্ত্তি গর্ভে

মন্ত্রেষু মাং বা উপহূয় যন্ত্বমকুণ্ঠিতাখণ্ডসদাত্মবোধঃ।

অন্বয়ঃ।

হে দেব! হে প্রভো! মন্ত্রেষু প্রস্তুতেষু সৎসু মাং বৈ উপহূয় আহূয়, অকুণ্ঠিতাখণ্ড-

শ্রীধরস্বামী।

কিঞ্চ মন্ত্রেষু প্রস্তুতেষু সৎসু মামাহূয় বৈ অহো পৃচ্ছেঃ অপৃচ্ছঃ। অকুণ্ঠিতঃ কালাদিনা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ মন্ত্রেষু জরাসন্ধবধ-রাজসূয়াদ্যর্থগমনবিচারাদিষু প্রস্তুতেষু মাং বৈ নিশ্চিতমুপহূয়

হে দীনবন্ধো! কালক্রমে আপনার বুদ্ধির কখন হ্রাস বা অবসন্ন-ভাব হয় না। আপনার জ্ঞানের সীমা নাই। আপনি নিত্য অখণ্ড জ্ঞানজ্যোতিতে

আভাস।

জন্মগ্রহণ করিয়াছেন! আপনি সাক্ষাৎ কালস্বরূপ; যমেরও সংযমনকারী! তথাপি জরাসন্ধাদি অরিভয়ে পলায়ন করত, সমুদ্রগর্ভে দুর্গ নির্ম্মাণ পূর্ব্বক বাস করিয়াছেন। হে আনন্দ-রসময়! যিনি আত্মরতি, তাঁহার আবার রতিবিলাসার্থ অযুত কামিনী সহবাসে গৃহাশ্রমী হইয়া, কাম-চরিতার্থের প্রয়োজন কি! অবশ্য রুক্মিণী প্রভৃতি প্রমদা-সহবাসে আমি আপনার দোষ দেখি না; কিন্তু ষোড়শ সহস্র মহিলাবাসে পুত্রাদি উৎপাদন করত, ভর্ত্তৃভাবে কালাতিপাত কি আপনাতে সঙ্গত? এই সমস্ত বিরুদ্ধ ভাবের সামঞ্জস্য না হওয়াতে, ভক্তহৃদয় বড়ই ব্যথিত হয়। এস্থলে নিষ্ক্রিয়ত্ব, অজড়ত্ব, কালস্বরূপ এবং আত্মারামাদিই ব্রহ্মের যথার্থ স্বরূপ এবং সক্রিয় জন্মাদিবিশিষ্ট ভীত এবং গৃহাশ্রমী প্রভৃতি ভাব মিথ্যা; পরম পুরুষের এ সমস্ত অনুকরণ করা মাত্র; এরূপ বলা কর্ত্তব্য নহে। তাহা হইলে আর পণ্ডিতগণের খেদের কোন কারণ থাকিত না। ভগবান্ সক্রিয় ভাব প্রদর্শন করাইতেছেন মাত্র; প্রকৃত তাহা সত্য নহে, এরূপ যদি স্পষ্টত বুঝায়, তবে আর খেদ কেন হইবে! আর অক্রিয় বলায় জীবের ন্যায় প্রাকৃত ক্রিয়ারই নিষেধ থাকায়, অপ্রাকৃতিক (অমানুষিক) ক্রিয়ার কোন ব্যাঘাত নাই, ইহা জানিলেও বা কষ্ট কি? কিম্বা ব্রহ্ম অক্রিয়; কিন্তু ভগবান্ সগুণ ও সক্রিয়; এরূপ সিদ্ধান্ত স্থির থাকিলেও, বা দোষ কি? অতএব শেষোক্ত মীমাংসাগুলি স্থির হইলে, আর বিদ্বান্‌গণের হৃদয়ে যথার্থ নির্ণয়ের অভাবে সন্তাপের উদয় হইত না। যাহারা ইহাকে সিদ্ধান্ত বলিয়া আনন্দচিত্তে স্থির করিয়াছেন, তাঁহারা কখনই জ্ঞানীপদ বাচ্য নহেন। কারণ ভগবান্ স্বয়ং তাঁহার গীতাবাক্যে বলিয়াছেন, ব্রহ্মাদি দেবতা কি! ব্যাসাদি মহর্ষিগণ বা অন্য কেহই আমার প্রকৃত জন্ম অবধারণে সক্ষম হন না। ভীষ্মদেবও ভগবানকে স্তব করিবার সময় রাজা যুধিষ্ঠিরকে সম্বোধন পূর্ব্বক বলিয়াছিলেন, হে রাজন্! এই মহামহি-মার্ণব ভগবানের ক্রিয়াদি কেহ অবগত হইতে পারেন না, এ বিষয়ের অনুসন্ধানে ক্রান্তদর্শী বিচক্ষণ গণও মোহিত হইয়া পড়েন ॥ ১৬ ॥

পৃচ্ছেঃ প্রভো মুগ্ধ ইবাপ্রমত্ত স্তবো মনো মোহয়তীব দেব ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

সদাত্মবোধঃ অকুণ্ঠিতঃ আবরণরহিতঃ অখণ্ডঃ অপরিচ্ছিন্নঃ সদা সংশয়বিপর্য্যয়াদি-বিলক্ষণঃ যথার্থঃ বোধঃ যস্য তথাভূতঃ মুগ্ধঃ ইব অজ্ঞবৎ অপ্রমত্তঃ সাবধানঃ সন্ পৃচ্ছেঃ পৃষ্টবানসি তৎ নঃ অস্মাকং মনঃ মোহয়তি ইব। প্রভো ইতি দেব ইতি সম্বোধনদ্বয়েন সর্ব্বথা সমর্থস্য দেবদেবস্য তে চিকীর্ষিতং ত্বদনুগ্রহং বিনা ন কোঽপি জ্ঞাতুং শক্নোতি ইতি সূচয়তি ॥ ১৭ ॥

শ্রী স্বামী।

অখণ্ডঃ সন্ততঃ সদাত্মা সংশয়াদিরহিতো বোধো বিদ্যাশক্তির্যস্য মুগ্ধবৎ অজ্ঞবৎ। অপ্রমত্তঃ অবহিতঃ সন্ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৃচ্ছেঃ উদ্ধব ত্বমত্র কর্ত্তব্যং ব্রূহীত্যপৃচ্ছঃ। অকুণ্ঠিতঃ কালাদিনা অখণ্ডঃ। পরিপূর্ণঃ সদা সার্ব্বদিক এব আত্মনো বোধঃ সম্বিচ্ছক্তির্যস্য সঃ মুগ্ধ ইব যথান্যো মুগ্ধো জনঃ পৃচ্ছতি তথেত্যর্থঃ। কিঞ্চ অপ্রমত্তঃ কার্য্যান্তর-ব্যাবৃত্ত্যাপি রহিতত্বাদিতি ভাবঃ। তত্তব যুগপদেব মৌগ্ধ্যং সার্ব্বজ্ঞঞ্চ মোহয়তীব মোহয়ত্যেব। অত্র মুগ্ধ ইব ত্বং নতু মুগ্ধ ইতি তথা মোহয়তীব নতু মোহয়তীতি ব্যাখ্যারামবঙ্গত্যভাবাদিতি সঙ্গতেষু বাক্যেষু মধ্যেঽস্মাকাপনং ব্যর্থং স্যাদিত্যত-স্তথা ন ব্যাখ্যেয়ং ॥ ১৭ ॥

সদাই বিরাজ করিতেছেন; তথাপি কোন কার্য্য করিতে হইলে, আপনি মন্ত্রণার্থ যখন আমাকে আহ্বান করিতেন, তখন আপনার মুগ্ধভাব ও সর্ব্বজ্ঞত্ব স্মরণে আমার চিত্ত যেন বিমোহিত হয়। হে দেব! আপনিই সর্ব্বতোভাবে সর্ব্বকার্য্যে সমর্থ। আপনার যত্ন বা অনুগ্রহ ব্যতীত কেহই কিছু জানিতে বা করিতে সক্ষম হয় না ॥ ১৭ ॥

আভাস।

হে ভগবন্! আরও যখন জরাসন্ধ-বধ ও রাজসূয় যজ্ঞের আয়োজনার্থ রাজা যুধিষ্ঠির আপনাকে আহ্বান করেন, তখন আপনার তথায় যাওয়া কর্ত্তব্য কি না? এই পরামর্শ করিবার জন্য আপনি আমাকে আহ্বান করত বলিলেন, উদ্ধব! এস্থলে আমার কর্ত্তব্য কি? তুমি নির্ণয় করিয়া বল! কিন্তু কি আশ্চর্য্য! যাঁহার কখন কোন কালেও বুদ্ধিনাশ জন্মে না, সদা সর্ব্বকালে পরিপূর্ণ জ্ঞানজ্যোতিতে বর্ত্তমান; তিনি বাস্তবিক মুগ্ধ না হইলেও, মুগ্ধের ন্যায় জিজ্ঞাসা করেন। স্বয়ং নির্লিপ্ত ও অপ্রমত্ত হইলেও, যেন বড়ই কার্য্যে ব্যাপৃত ও অভিভূতের ন্যায় আত্মপরিচয় দেওয়ায়, সময়ে সময়ে আমার চিত্ত মোহিতের ন্যায় অনুভূত হয়। এই সকল বিষয় আপনার চরিত্রে যেন নিতান্ত অসঙ্গত বলিয়া বোধ হওয়াতেই, এইরূপ প্রশ্ন জিজ্ঞাসা করিলাম ॥ ১৭ ॥

জ্ঞানং পরং স্বাত্মরহঃপ্রকাশং প্রোবাচ কস্মৈ ভগবান্ সমগ্রং।
অপি ক্ষমং নো গ্রহণায় ভর্ত্ত র্বদাঞ্জসা যদ্বৃজিনং তরেম ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

স্বাত্মরহঃপ্রকাশং স্বাত্মনঃ তব রহঃ রহস্যং মহিমা তস্য প্রকাশঃ যস্মাৎ তৎ (অতএব) পরং সর্ব্বতঃ উৎকৃষ্টং, সমগ্রং সাঙ্গোপাঙ্গং যৎ জ্ঞানং তৎ জ্ঞানং সর্ব্বজ্ঞঃ ভবান্ কস্মৈ কায় ব্রহ্মণে (কস্মৈ সর্ব্বনামত্বং আর্ষং) প্রোবাচ কথিতবান্ হে ভর্ত্ত। স্বামিন্ তজ্জ্ঞানং যদি নঃ অস্মাকং ত্বৎসেবকানাং অপি গ্রহণায় গ্রহীতুং ক্ষমং মোহনিবর্ত্তকত্বেন যোগ্যং তর্হি বদ, যৎ যস্মাৎ জ্ঞানাৎ অঞ্জসা অনায়াসেন এব বৃজিনং সংসার-দুঃখং তরেম তরিষ্যামঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

স্বাত্মন তব রহঃ রহস্যং তত্ত্বং তস্য প্রকাশকং কস্মৈ ব্রহ্মণে সর্ব্বনামত্বমার্ষং। নোঽস্মাকং গ্রহণায় অপি ক্ষমং যদি যোগ্যং তর্হি বদ। ভর্ত্তঃ স্বামিন্। যৎ যতঃ বৃজিনং সংসার দুঃখং অনায়াসেন তারিষ্যামঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত এতদাদি সংশয়াপনোদনমেব জ্ঞানমিচ্ছামীত্যাহ জ্ঞানমিতি। স্বাত্মনস্তব রহঃ সর্ব্বাগম্যং রহস্যং যন্মম জিজ্ঞাস্যং তস্য প্রকাশো যত্র তজ্জ্ঞানং নন্তু ত্বয়া দাতুং প্রতিশ্রুতং তন্মহিমাবভাসমিত্যর্থঃ। কস্মৈ ভবান্ প্রোবাচ চেদ্বদ। যদ্বা কস্মৈ ভগবান্ প্রোবাচ অপিতু ন কস্মা অপীত্যর্থঃ। তদপি যদ্যেবং মামনুকম্পসে তদা হে ভর্ত্ত র্বদ। তচ্চ নোগ্রহণায় ক্ষমং অস্মাকং শুদ্ধ-দাস্যবতাং গ্রহীতুং যদি যোগ্যং স্যাৎ কিম্বা যোগ্যত্বেঽপি যদি শক্যং স্যাত্তদা বদ। ন চেন্মৌ বদেতি ভাবঃ। যতো জ্ঞানাদ্বৃজিনমুক্তলক্ষণমজিজ্ঞাস্যং সংপ্রত্যুপস্থিতং যদুকুল-সংহার-দ্বন্দ্বেহান্তর্দ্ধানাদিকং চ দুঃখসিন্ধুং ॥ ১৮ ॥

হে স্বামিন্! আপনার গূঢ় রহস্যের প্রকাশক পরম জ্ঞান যাহা আপনি হিরণ্যগর্ভকে প্রদান করিয়াছেন, আমাদের ন্যায় যাবতীয় ভৃত্যগণ যদি সেই পরমজ্ঞান গ্রহণে অধিকারী হয়, তবেই বলুন! হে প্রভো! এই অপার অনন্ত সংসার সমুদ্র সম্মুখে বিদ্যমান। আপনার পরম জ্ঞান-বলে আমরা অনায়াসে ইহা উত্তীর্ণ হইব ॥ ১৮ ॥

আভাস।

হে করুণাসাগর! যাহাতে আমার চিত্ত হইতে এই সকল সন্দেহ অপনোদিত হয়, আপনি সেই গূঢ় রহস্য উদ্ঘাটনে আমাকে কৃতার্থ করুন! ইহাই আমার জিজ্ঞাস্য। আমি আপনার আত্মতত্ত্ব-নির্ণায়ক বা মহিমা-প্রকাশক জ্ঞানের জন্য লালায়িত নহি। আমার অনুমান হয়, এ জাতীয় জ্ঞান আপনি কাহাকেও প্রকাশ করেন নাই; যদি ব্রহ্মাকে এই সকল বিষয়ের নির্ণয় করিয়া উপদেশ দিয়া থাকেন, তবে তাহাই আমাকে বলুন! কিন্তু

ইত্যাবেদিত-হার্দ্দায় মহ্যং স ভগবান্ পরঃ।
আদিদেশারবিন্দাক্ষ আত্মনঃ পরমাং স্থিতিং ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

ইত্যাবেদিত-হার্দ্দায় ইতি এবং প্রকারেণ আবেদিতং প্রকাশিতং হার্দ্দং হৃদিগতং অভিপ্রায়ং যেন তস্মৈ, মহ্যং সঃ পরঃ পরমঃ অরবিন্দাক্ষঃ ভগবান্ কৃষ্ণঃ আত্মনঃ স্বস্য পরমাং পরাকাষ্ঠামাপন্নাং স্থিতিং আত্মাবগতিং আদিদেশ আদিষ্টবান্ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

আবেদিতো হার্দ্দো হৃদিস্থোঽভিপ্রায়ো তস্মৈ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহ্যং নতু মৈত্রেয়ায়াপীত্যর্থঃ। আত্মনঃ স্বস্য স্থিতিং ব্যবসিতিং লীলায়া মর্য্যাদাঞ্চ দ্বারকাদিধামসু নিত্যনিবাসঞ্চ কিন্তু যা স্থিতিঃ শুকদেবেন ন বিবৃতা নাপ্যুদ্ধবেন বিদুরায়ান্যস্মৈ কস্মৈচিদপীত্যতঃ সিদ্ধান্তবিশেষালাভাৎ নিষ্ক্রিয়ত্ব-সক্রিয়ত্বাদীনামচিন্ত্যশক্তিসিদ্ধত্বমেবাহুরেকে। যথোক্তং ভাগবতামৃতে কর্ম্মাণ্যনীহেতি পদ্যমধিকৃত্য তত্তন্ন বাস্তবং চেৎ স্যাদ্বিদাং বুদ্ধিভ্রম স্তদা ন স্যাদেবেত্যচিন্ত্যৈব শক্তি লীলাসু কারণমিতি ॥ ১৯ ॥

হে বিদুর! এই প্রকারে আমি মনোগত ভাব তাঁহাকে নিবেদন করিলে, সেই পদ্ম-পলাশ-লোচন বাসুদেব আমাকে তাঁহার উৎকৃষ্ট স্বরূপের উপদেশ প্রদান করিলেন ॥ ১৯ ॥

আভাস।

হে দেব! এমন ভাবে বলিবেন যেন, আমি তাহা অবধারণে সক্ষম হই। কারণ আমরা আপনার শরণাগত ভৃত্য হইলেও, নিতান্ত মন্দবুদ্ধি ও জড়চেতা; পাছে অবধারণে সক্ষম না হইয়া সংসার-দুঃখ হইতে উত্তীর্ণ হইবার পরিবর্ত্তে সম্প্রতি এই যদুকুল-সংহার ও আপনার অন্তর্দ্ধানাদি ব্যাপারে আরও ক্ষুণ্ণ হই, তাহা হইলে বলিবার প্রয়োজন নাই! ॥ ১৮ ॥

উদ্ধব শ্রীকৃষ্ণ সন্নিধানে মনোগত ভাব সমস্ত প্রকাশ করিলে, ভগবান্ তাঁহার বাসনার পূরণ করিলেন। ভগবানের ক্রিয়া, লীলা-মর্য্যাদা ও দ্বারকাদি ধাম-সমূহে নিত্যস্থিতি ইত্যাদি বিষয় যাহা উদ্ধব কেন! শুকদেবও কাহারও নিকটে বিশেষ সিদ্ধান্ত-বোধে প্রকাশ করেন নাই, সেই সমস্তই ভগবান্ শ্রীকৃষ্ণ পরম ভক্ত উদ্ধবের সমীপে প্রকাশ করিলেন। সামান্য মানব-বুদ্ধিতে এ সকল বিষয়ের সিদ্ধান্ত সম্ভব নহে; যাঁহারা বিশেষ চেষ্টা সহকারে ভগবানের নিষ্ক্রিয়ত্ব ও সক্রিয়ত্ব ভাবের বিচারে প্রবৃত্ত হন, তাঁহারাও এ সমস্তকে ভগবানের অচিন্ত্য শক্তির কার্য্যমাত্র বলিয়াই নিরস্ত হন; অধিক আলোচনায় আর সক্ষম হন না ॥ ১৯ ॥

উদ্ধব যে তাদৃশ গূঢ় তত্ত্ব অবধারণে সক্ষম হইয়াছিলেন, তাহার আর অন্য কিছুই কারণ নাই; তিনি ভক্তিভরে ভগবানের শ্রীচরণ হৃদয়পদ্মে ধারণা করিতেন; চরণ-নিঃসৃত পবিত্র

স এবমারাধিতপাদতীর্থাদধীততত্ত্বাত্মবিবোধমার্গঃ।
প্রণম্য পাদৌ পরিবৃত্য দেবমিহাগতোঽহং বিরহাতুরাত্মা ॥ ২০ ॥
সোঽহং তদ্দর্শনাহ্লাদ-বিয়োগার্ত্তি-যুতঃ প্রভো।

অন্বয়ঃ।

আরাধিত-পাদ-তীর্থাৎ আরাধিতপাদঃ ভগবান্ সঃ এব তীর্থং গুরুঃ তস্মাৎ এবং প্রকারেণ অধীতঃ অধিগতঃ তত্ত্বাত্মবিবোধস্য যথার্থাত্মজ্ঞানস্য মার্গঃ (মৃগ্যতে পরিশিল্যতেঽনেন ইতি মার্গঃ প্রকাশকং শাস্ত্রং যেন সঃ) তস্য পাদৌ প্রণম্য তং এব পরিবৃত্য প্রদক্ষিণীকৃত্য বিরহাতুরাত্মা তস্য বিরহেণ আতুরঃ ব্যাকুলঃ আত্মা অন্তঃকরণং যস্য সঃ, উদ্ধবঃ অহং ইহ আগতঃ অস্মি ॥ ২০ ॥

হে প্রভো। (বদরীং ত্বং প্রযাহীত্যাজ্ঞপ্তঃ সঃ অহং) তদ্দর্শনাহ্লাদবিয়োগার্ত্তিযুতঃ

শ্রীধরস্বামী।

আরাধিতপাদো ভগবান্ স এব তীর্থং গুরুস্তস্মাদধীতঃ অধিগতঃ তত্ত্বাত্মবিবোধস্য পরমাত্মজ্ঞানস্য মার্গো যেন সোঽহং দেবং শ্রীকৃষ্ণং পরিবৃত্য প্রদক্ষিণীকৃত্য ॥ ২০ ॥

তস্য দর্শনেনাহ্লাদঃ বিয়োগেনার্ত্তিশ্চ তাভ্যাং যুতঃ। তস্য বদর্য্যাশ্রমং স্থানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স উদ্ধবোঽহং আরাধিতপাদো ভগবান্ সএব তীর্থং গুরুস্তস্মাদধীত-তত্ত্বরূপস্য আত্ম-বিবোধস্য মার্গো যেন সঃ। পরিবৃত্য পরিক্রম্য ততঃ পরং ভগবতা কিং কৃতং তন্ময়া ন দৃষ্টমিতি ভাবঃ ॥ ২০ ॥

নন্বু ত্বং তদ্বিরহব্যথয়াপি কথং জীবসীতি তত্রাহ। ক্ষণে ক্ষণে তদ্দর্শনেনাহ্লাদস্তদ্বি-

---

যোগিগণ অনন্যমনে যাঁহার পাদপদ্ম হৃদয়-পদ্মে নিয়তই আরাধনা করিয়া থাকেন, সেই সর্ব্বপূজ্য শ্রীকৃষ্ণের সন্নিধানে আত্মতত্ত্ব প্রকাশক সাধন-পথ ও উপদেশাদি লাভ করত তাঁহার চরণে প্রণিপাত করিলাম এবং তাঁহাকে প্রদক্ষিণ করত এখানে আগমন করিতেছি। কিন্তু আমার অন্তরাত্মা তাঁহার বিরহে নিতান্তই ব্যাকুল হইতেছে ॥ ২০ ॥

দেখ বিদুর! সেই ভগবানের দর্শন-জনিত আনন্দ ও বিয়োগ-জনিত দুঃখ

আভাস।

বারি-সংলগ্নে তাঁহার হৃদয়-কমল পাপাদিবিধৌত হইয়া সম্পূর্ণ বিকশিত হইয়াছিল; সেই হেতুই তিনি তাদৃশ জ্ঞানে অধিকারী হইলেন ॥ ২০ ॥

তাদৃশ প্রিয় অভীষ্টদেব শ্রীকৃষ্ণের বিরহে উদ্ধবের জীবন ধারণ করা অসম্ভব হইলেও, গভীর নিশিতে দুর্জ্জয় ঘন-ঘটায় অন্ধকারাচ্ছন্ন পথ যেমন বিদ্যুতালোকেই পথিকের দর্শনীয় হয়,

গমিষ্যে দয়িতং তস্য বদর্য্যাশ্রমমণ্ডলং ॥ ২১ ॥
যত্র নারায়ণো দেবো নরশ্চ ভগবানৃষিঃ।
মৃদু তীব্রং তপো দীর্ঘং তেপাতে লোকভাবনৌ ॥ ২২ ॥
শ্রীশুক উবাচ ॥
ইত্যুদ্ধবাদুপাকর্ণ্য সুহৃদাং দুঃসহং বধং।

অন্বয়ঃ।

তস্য ভগবতঃ দর্শনেন যঃ আহ্লাদঃ বিয়োগেন আর্ত্তিঃ পীড়া চ, তাভ্যাং যুতঃ সন্ তস্য প্রভোঃ দয়িতং প্রিয়ং বদর্য্যাশ্রমমণ্ডলং গমিষ্যে গমিষ্যামি ॥ ২১ ॥

যত্র আশ্রমে লোকভাবনৌ লোকানুগ্রহ-কারকৌ নারায়ণঃ দেবঃ ভগবান্ ঋষিঃ নরঃ চ মৃদু পরোপদ্রবশূন্যং তীব্রং দুশ্চরং দীর্ঘং আকল্পান্তং তপঃ আহারাদিনিয়মপূর্ব্বক-আত্মসমাধি-লক্ষণং, তপঃ তেপাতে চরতঃ ॥ ২২ ॥

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং প্রকারং সুহৃদাং মিত্রাদীনাং জ্ঞাতীনাং চ, দুঃসহং সোঢ়ুং

শ্রীধরস্বামী।

গমিষ্যামি ॥ ২১ ॥

মৃদু পরোপদ্রবশূন্যং তীব্রং দুশ্চরং। দীর্ঘং আকল্পান্তং তেপাতে তপশ্চরত ইত্যর্থঃ লোকভাবনৌ লোকানুগ্রহকারকৌ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোগেনার্ত্তিশ্চ তাভ্যাং যুতঃ। বদর্য্যাশ্রমমিতি তত্রৈব গন্তুং ভগবদাদেশাৎ ॥ ২১ ॥

তত্রৈব তদংশঃ সাক্ষাৎ নারায়ণ আস্তে ইত্যাহ যত্রেতি। মৃদু সর্ব্বলোকসুখদং তীব্রং সর্ব্বলোকৈর্দুশ্চরং দীর্ঘং বহুকালব্যাপি। লোকানাং ভাবনৌ উৎপাদকৌ পালকৌ বা ॥ ২২ ॥

সুহৃদাং বধং দুঃসহমপি উদ্ধবাৎ সকাশাৎ ইত্যেবং প্রকারকমুপাকর্ণ্যেত্যন্বয়ঃ। জ্ঞানেন

বিরুদ্ধ-ভাবে আমার হৃদয়কে এতই আলোড়িত করিতেছে যে, আমি কোথায়ও স্থির থাকিতে পারিতেছি না। এক্ষণে আমি তাঁহার প্রিয়ভূমি বদরিকাশ্রমে প্রস্থানের সংকল্প করিয়াছি ॥ ২১ ॥

তথায় জনগণের অনুগ্রহার্থ সততই যত্নবান্ ভগবান্ নর ও নারায়ণ এই ঋষিদ্বয় মূর্ত্তিতে বহুকাল হইতে নির্ব্বিরোধে অতি দুশ্চর অপস্যার অনুষ্ঠানে কালাতিপাত করিতেছেন ॥ ২২ ॥

শুকদেব বলিলেন, হে রাজেন্দ্র! এই প্রকারে উদ্ধব-মুখে নিজ সুহৃদ্-

আভাস।

সেইরূপ ভগবদ্দর্শন-জনিত আনন্দ ক্ষণে ক্ষণে উদিত হইয়াই তাদৃশ বিরহ-দুঃখ-কালেও উদ্ধবের চিত্তকে আশ্বস্ত করিয়াছিল। নতুবা উদ্ধব জীবন-সর্ব্বস্ব শ্রীকৃষ্ণের অনুগমনই করিতেন ॥ ২১ ॥

জ্ঞানেনাশময়ৎ ক্ষত্তা শোকমুৎপতিতং বুধঃ ॥ ২৩ ॥
স তং মহাভাগবতং ব্রজন্তং কৌরবর্ষভং।
বিস্রম্ভাদভ্যধত্তেদং মুখ্যং কৃষ্ণপরিগ্রহে ॥ ২৪ ॥
জ্ঞানং পরং স্বাত্মরহঃপ্রকাশং যদাহ যোগেশ্বর ঈশ্বর স্তে।

অন্বয়ঃ।

অশক্যং (অত্যন্ত-দুঃখজনকং বধং বিনাশং, উদ্ধবাৎ উদ্ধবমুখাৎ উপাকর্ণ্য শ্রুত্বা, বুধঃ পণ্ডিতঃ ক্ষত্তা বিদুরঃ জ্ঞানেন বিবেকেন উৎপতিতং উৎপন্নং শোকং অশময়ৎ ॥ ২৩ ॥

সঃ কৌরবর্ষভঃ কৌরবাণাং ঋষভঃ শ্রেষ্ঠঃ, ব্রজন্তং (বদর্য্যাশ্রমং প্রতি) ব্রজিষ্যন্তং তং মহাভাগবতং উদ্ধবং কৃষ্ণপরিগ্রহে কৃষ্ণপরিবারে, মুখ্যং বিস্রম্ভাৎ বিশ্বাসাৎ ইদং (বক্ষ্যমাণং) অভ্যধত্ত কথিতবান্ ॥ ২৪ ॥

(তৎ আহ) হে উদ্ধব স্বাত্মরহঃপ্রকাশং স্বস্য আত্মনঃ রহঃ প্রকাশং পরং (সাধনান্তরাপেক্ষয়া) তত্ত্বপ্রকাশকং যৎ জ্ঞানং যোগেশ্বরঃ ঈশ্বরঃ শ্রীকৃষ্ণঃ তে তুভ্যং, আহ

শ্রীধরস্বামী।

জ্ঞানেন বিবেকেন ॥ ২৩ ॥

বিস্রম্ভাৎ বিশ্বাসাৎ ॥ ২৪ ॥

যৎ যস্মাৎ স্বভৃত্যপ্রয়োজন-সাধকাঃ সন্তঃ চরন্তি। নহি কৃতার্থানামন্যং কৃত্যমস্তী-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষত্তুর্মণি নিম্নোচ ইত্যাদ্যুদ্ধবোক্তি-তাৎপর্য্যপর্য্যালোচন-জনিতেন ॥ ২৩ ॥

বিস্রম্ভাৎ বিশ্বাসাৎ স্বতোঽতিকনিষ্ঠমপি কৃষ্ণপরিগ্রহে কৃষ্ণং পরিগ্রহীতুং বশীকর্ত্তুং মুখ্যং স্বতোঽতিশ্রেষ্ঠং অতঃ কনিষ্ঠা অপি ভক্ত্যুদ্রেকবন্তো জ্যৈষ্ঠৈরপি গুরুঃ কর্ত্তব্য ইত্যত্র বিদুরবাক্যমেব প্রমাণমিতি বোধিতং ॥ ২৪ ॥

নোঽস্মভ্যমিত্যস্মদোর্দ্বয়োশ্চেতি দ্বিত্বেঽপি বহুত্বং যদ্যস্মাদিক্ষোর্ভৃত্যা বৈষ্ণবাঃ

বর্গের নিধন-বার্ত্তা শ্রবণে বিদুরের শোকবেগ যদিও উচ্ছলিত হইয়াছিল বটে, কিন্তু তিনি একজন জ্ঞানী ও বিচক্ষণ ব্যক্তি; নিজ বিবেক দ্বারাই স্বকীয় শোকাবেগ সম্বরণ করিলেন ॥ ২৩ ॥

তখন তিনি শ্রীকৃষ্ণের পরমাত্মীয় সেই কৌরবাগ্রগণ্য ভাগবত-প্রধান উদ্ধবকে বদরিকাশ্রমে গমনোদ্যত নিরীক্ষণ করিয়া, তাঁহাকে অতি বিশ্বাস ও প্রণয়-সহকারে বলিলেন ॥ ২৪ ॥

ওহে উদ্ধব! ভগবান্ যোগেশ্বর আপনাকে আত্ম-প্রকাশক যে পরম জ্ঞানের কথা কহিয়াছেন, আপনি অনুগ্রহ পূর্ব্বক সেই জ্ঞান আমাকে প্রদান করুন। দেখুন! বৈষ্ণবগণ স্বীয় ভক্ত বৈষ্ণবগণের উপকারার্থই

বক্তুংভবান্নোঽতি যদ্ধি বিষ্ণো র্ভৃত্যাঃ স্বভৃত্যার্থকৃতশ্চরন্তি ॥ ২৫ ॥

উদ্ধব উবাচ ॥

নন্বু তে তত্ত্বসংরাধ্য ঋষিঃ কৌশারবোঽন্তিকে।

সাক্ষাদ্ভগবতাদিষ্টো মর্ত্যলোকং জিহাসতা ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

কথিতবান্ তৎ (জ্ঞানং) ভবান্, নঃ অস্মভ্যং বক্তুং অর্হতি হি যৎ যস্মাৎ বিষ্ণোঃ ভৃত্যাঃ ভক্তাঃ স্বভৃত্যার্থকৃতঃ স্বভক্তপ্রয়োজনকারিণঃ এব চরন্তি ॥ ২৫ ॥

উদ্ধবঃ উবাচ। নন্বু নিশ্চিতং এতৎ মর্ত্যলোকং জিহাসতা ভূলোকং ত্যক্তুকামেন সাক্ষাৎ ভগবতা শ্রীকৃষ্ণেন আদিষ্টঃ আজ্ঞপ্তঃ অতএব তত্ত্ব-সংরাধঃ তত্ত্বায় সংরাধ্যঃ কৌশারবঃ মৈত্রেয়-নামা ঋষিঃ তে, অন্তিকে সমীপে অস্তি ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

ত্যর্থঃ ॥ ২৫ ॥

তত্ত্বায় সংরাধ্য ইতি অয়ং ভাবঃ। ভগবতৈব স্মরণমাত্রেণ তবাপি তত্ত্বমুপদিষ্টপ্রায়ং। অথ কেবলং অসম্ভাবনাদি-নিবৃত্তয়ে জ্ঞানী কশ্চিদারাধ্যঃ সচ তবারাধ্যো মৈত্রেয়ো ন ত্বহং। মমান্তিকে এব ত্বদুপদেশে তস্যাদিষ্টত্বাদিতি ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বভৃত্যানামর্থং ভক্ত্যুপদেশরূপং কুর্ব্বাণাঃ কৃপয়া অজ্ঞলোকানাং গুরবো ভবন্ত এব ভ্রমন্তি অত স্বৎসেবকাভিমানিনে মহ্যং ভগবজ্জ্ঞানমুপদিশেত্যর্থঃ ॥ ২৫ ॥

ইদমভ্যর্হণীয়ং কথমহং শিষ্যীকুর্য্যামিতি স্বগতং ব্রুবন্নয়ে মহাভাগ যদ্ভগবন্মুখাদবগতং তস্য তদীয়-যাদবাদীনাঞ্চ দেহত্যাগং বিনৈব স্বস্বধামস্থিতত্বং তত্তন্ময়োক্তমেব কিন্তু তদীয়-জন্মকর্ম্মাদ্যশেষবিশেষতত্ত্বানি জিজ্ঞাসসে চেৎ তর্হি ঋষির্মৈত্রেয় এব গুরুঃ কর্ত্তব্য ইত্যাহ নন্বিতি। নন্বু নিশ্চিতমেব তস্য ভাবস্তত্ত্বং তেন স্বভৃত্যার্থকৃতত্বেন গুরুত্বেনেতি যাবৎ সংরাধ্য আরাধ্যো মৈত্রেয় এব নন্বু অহং যতস্ত্বদুপদেশার্থং মমান্তিকে ভগবতা সাক্ষাৎ স আদিষ্ট এব ॥ ২৬ ॥

বিচরণ করিয়া থাকেন; আমি আপনার ভৃত্য! আমাকেও সেই দুর্ল্লভ ভগবত্তত্ত্ব উপদেশ করুন! ॥ ২৫ ॥

ভক্তি-বিনম্র-বুদ্ধি বিদুরের তাদৃশ বিনীত প্রার্থনা শ্রবণ করিয়া উদ্ধব তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে আর্য্য! আমি কখন আপনাকে

আভাস।

বিদুর উদ্ধবের নিকট নিতান্ত কাতর ও প্রেমে গদগদ হইয়া উপদেশার্থ শিষ্যের ন্যায় অগ্রসর হইলে, উদ্ধব মনে মনে কিছু কুণ্ঠিত হইলেন এবং বিদুরকে সম্বোধন পূর্ব্বক

ইতি সহ বিদুরেণ বিশ্বমূর্ত্তে র্গুণকথয়া সুধয়া প্লাবিতোরুতাপঃ।
ক্ষণমিব পুলিনে যম-স্বসুস্তাং সমুষিত ঔপগবি র্নিশাং ততোঽগাৎ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। ইতি এবং প্রকারং বিদুরেণ সহ বিশ্বমূর্ত্তেঃ শ্রীকৃষ্ণস্য সুধয়া অমৃতরূপয়া গুণকথয়া প্লাবিতোরুতাপঃ প্লাবিতঃ অপনীতঃ উরুঃ আধ্যাত্মিকাদিঃ ত্রিবিধঃ তাপঃ যস্য সঃ ঔপগবিঃ উদ্ধবঃ যমস্বসুঃ যমস্য স্বসুঃ অনুজায়াঃ (যমুনায়াঃ) পুলিনে তীরে তাং নিশাং রাত্রিং ক্ষণং ইব সম্যক্ ভগবৎগুণং কথয়ন্ উষিতঃ সন্ প্রাতঃকালে ততঃ যমুনাতীরাৎ বদরিকাশ্রমং প্রতি অগাৎ গতবান্ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

প্লাবিতঃ অপনীতঃ উরুস্তাপো যস্য। যমস্বসুঃ র্যমুনায়াঃ পুলিনে তীরে তাং নিশাং ক্ষণমিব সমুষিতঃ ঔপগবিঃ ঔপগবস্যাপত্যমুদ্ধবঃ ততঃ প্রাতরগাৎ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাং নিশাং ক্ষণমিব সমুষিতঃ ঔপগবিঃ ঔপগবস্যাপত্যমুদ্ধবঃ ততঃ প্রাতরাগাৎ ॥ ২৭ ॥

উপদেশ প্রদানের যোগ্য নহি। আপনাকে তত্ত্বজ্ঞান উপদেশ দিবার উপযুক্ত পাত্রই কুশারু-নন্দন ভগবান্ মৈত্রেয় মুনি। ভগবান্ শ্রীকৃষ্ণ মর্ত্ত্যলোক পরিত্যাগ-কালে আপনাকে তত্ত্বোপদেশার্থ স্বয়ং তাঁহাকেই অনুমতি প্রদান করেন এবং ঐ ঋষিও তীর্থাদি পর্য্যটন করিয়া এক্ষণে আমাদের নিকটেই বাস করিতেছেন ॥ ২৬ ॥

ঔপগবাত্মজ উদ্ধব এই প্রকারে বিদুরের সহিত বিশ্বমূর্ত্তি ভগবান্ শ্রীকৃষ্ণের অমৃত তুল্য লীলা-কথার অনবরত আলাপনে এতই নিমগ্ন ছিলেন যে, তাঁহার হৃদয়-নিহিত গুরুতর সন্তাপের লেশ মাত্রও তৎকালে তাঁহার অনুভূত হয় নাই; তিনি যমুনা-তীরে ত্রিযামা রজনীও মুহূর্ত্তের ন্যায় অতিবাহিত করিয়া, প্রাতরাগমে বদরিকাশ্রমাভিমুখে যাত্রা করিলেন ॥ ২৭ ॥

আভাস।

বলিলেন হে আর্য্য! আমি আপনাকে কি প্রকারে শিষ্যরূপে গ্রহণে সমর্থ হইব। আপনার গুরু সেই স্বয়ং শ্রীকৃষ্ণ! আপনি তাঁহার নিতান্ত প্রিয়পাত্র। দেখুন! তিনি মর্ত্ত্যধাম পরিত্যাগার্থ প্রস্তুত হইয়াও আপনাকে চিত্ত হইতে বিস্মৃত হইতে পারেন নাই; অবশ্যতেও কোন্ উপায়ে আপনার মঙ্গল বিধান হয়, এই চিন্তায় তিনি তৎকালে

নন্থ কথং কথামাত্রেণ তাপনিরাসঃ কথং বা রাত্রে ক্ষণমাত্রত্বমিত্যপেক্ষায়াং কথায়াঃ পরমানন্দে নিমগ্নস্য তদনুসন্ধানাভাবাৎ ইত্যাশয়েন কথাং বিশিনষ্টি সুধয়েতি। সুধায়া স্তাপনিবর্ত্তকত্বং সর্ব্ববিস্মারকত্বং চ লোকপ্রসিদ্ধমেবেতি ভাবঃ ॥ ২৭ ॥

রাজোবাচ।

নিধনমুপগতেষু বৃষ্ণিভোজেষ্বধিরথযূথপযূথপেষু মুখ্যঃ।

অন্বয়ঃ।

রাজা উবাচ। অধিরথযূথপযূথপেষু অধিরথানাং যূথং পান্তি ইতি অধিরথযূথপাঃ তেষাং অপি যে যূথপাঃ তেষু বৃষ্ণিভোজেষু যাদবেষু নিধনমুপগতেষু (ব্রহ্মশাপেন) নিধনং

শ্রীধরস্বামী।

ব্রহ্মশাপেনং নিধনং প্রাপ্তেষু। যস্মাৎ ত্রয়াণাং ব্রহ্মাদীনামধীশো হরিরপি আকৃতিং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিধনং নাশং যদ্যস্মাদ্ধ্যধীশো হরিরপি আ সম্যক্‌প্রকারেণ কৃতিং চেষ্টাং লীলাং তত্যাজ সমাপ্তীচকারেতি প্রকটোঽর্থঃ। বস্বর্থস্তু নিতরাং ধনং সর্ব্বস্বং কৃষ্ণং প্রপঞ্চাগোচরীভূতমপি উপগতেষু নিকটং প্রাপ্তেষু বৃষ্ণ্যাদিষু স তু উদ্ধবঃ কথমবশিষ্টঃ তদীয়বিরহসন্তাপমুপলব্ধুমেকাংশেনাপি প্রকটতয়া স্থিত্যনৌচিত্যাদিতি ভাবঃ। নচ স বৃষ্ণ্যাদিষ্বপ্রসিদ্ধো

তখন রাজা পরীক্ষিৎ জিজ্ঞাসা করিলেন, হে ব্রহ্মন্! অতীব বীর অধিরথ যূথপতিগণেরও যূথপতি বৃষ্ণি ও ভোজবংশীয়গণ ব্রহ্মশাপে সকলেই নিধন প্রাপ্ত হইলেন; এমন কি! ত্রিলোকনাথ শ্রীহরিও নর-বিগ্রহ পরিত্যাগ

আভাস।

ব্যাকুল হইলেন। সাবকাশের অভাবে স্বয়ং আপনাকে তত্ত্ব উপদেশ প্রদানে অসমর্থ হইলেন বটে, কিন্তু আমার সমক্ষে মৈত্রেয়-ঋষিকে সম্বোধন পূর্ব্বক আপনাকে ভগবদ্‌জ্ঞান উপদেশার্থ আদেশ করিয়া অন্তর্হিত হইয়াছেন। অতএব আপনার জ্ঞানপ্রদ নির্দ্দিষ্ট গুরুই এক্ষণে মৈত্রেয় মুনি। আপনার বিশেষ আগ্রহ না থাকিলেও, ঐ মুনিই ভগবদাদেশ অনুসারে উপদেশ প্রদানে বাধ্য। হে মহাভাগ। আমি ভগবানের শ্রীমুখে যাহা কিছু শ্রবণ করিয়াছি, অর্থাৎ তাঁহার নিজের ও যাদবগণের দেহত্যাগ, তাঁহাদিগকে স্ব স্ব ধামে সন্নিবেশ করা ইত্যাদি তৎসমুদায় আমি বর্ণন করিয়াছি; কিন্তু জন্ম কর্ম্মাদি বিশেষ তত্ত্ব বিষয় যদি জানিবার বাসনা থাকে, তাহা হইলে মৈত্রেয় মুনিকে গুরুত্বে বরণ করা আপনার বিধেয়॥ ২৫।২৬॥

অনন্তর বিদুরের সহিত কৃষ্ণ-কথায় সে রজনী সুখে অতিবাহিত করিয়া, পরদিন প্রভাতে উদ্ধব বদরিকাশ্রমে যাত্রা করিলেন॥ ২৭॥

এই সমস্ত বৃত্তান্ত শ্রবণ করিয়া রাজা পরীক্ষিৎ বলিলেন যে, বৃষ্ণি ও ভোজবংশীয় যাবতীয় ব্যক্তিগণ নিধন-ছলে সার নিধি কৃষ্ণ-ধনকে নিকটে প্রাপ্ত হইয়া চির নির্বৃতি লাভ করিলে, এক উদ্ধব কি প্রত্যাশায় সংসারে থাকিয়া তাঁহার বিরহ ভোগ করিতে লাগিলেন? বৃষ্ণিবংশীয়দিগের মধ্যে তিনি একজন নিতান্ত অগণ্য ব্যক্তিও নহেন; যূথপতিগণেরও অগ্রগণনীয়। তবে যদি বলেন যে, তিনি শ্রীকৃষ্ণের আজ্ঞানুসারেই মর্ত্ত্যলোকে

স তু কথমবশিষ্ট উদ্ধবো যদ্ধরিরপি তত্যজ আকৃতিং ত্র্যধীশঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

নাশং উপগতেষু প্রাপ্তেষু, মুখ্যঃ সঃ উদ্ধবঃ কথং অবশিষ্টঃ যৎ যস্মাৎ ত্র্যধীশঃ ত্রয়াণাং ব্রহ্মাদীনাং অধীশঃ হরিঃ অপি আকৃতিং মনুষ্যনাট্যং তত্যজে ত্যক্তবান্ (অন্যস্য কা কথা ইতি) ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

মনুষ্যাকারং ত্যক্তবান্ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মন্তব্যঃ যতঃ অধিরথেত্যাদি! নন্থ বদরীং ত্বং প্রযাহীতি ভগবদাজ্ঞাং কথমন্যথা কুর্য্যাত্তত্রাহ যস্য হরিঃ সর্ব্বদুঃখহর্ত্তাপি প্রভুঃ আকৃতিঃ ইঙ্গিতমপি তত্যাজ। আকারস্ত্বিঙ্গ ইঙ্গিতমিত্যমরঃ। ব্রজদেবীষু তদ্ যাতমাচিরং গোষ্ঠং শুশ্রূষধ্বং পতীন্ সতীরিতিবদাজ্ঞাদান-সময়ে যদি কিমপীঙ্গিতমকরিষ্যত্তদা মহাসুবুদ্ধি রসাবুদ্ধবো বদরিকাশ্রমং নাগমিষ্যত্তৎসমীপ এবাস্থাস্যদিত্যর্থঃ ॥ ২৮ ॥

করিলেন; বলুন দেখি! এতদবস্থায় উদ্ধব আর কি নিমিত্ত প্রাণ ধারণে জীবিত ছিলেন! ॥ ২৮

আভাস।

অবস্থান করিতেছিলেন, তাহাও অন্যায়; কারণ ভগবান্ ত তাঁহাকে কোন ইঙ্গিত করেন নাই। ভগবান্ সকলের দুঃখ হরণ করিয়া থাকেন, এই নিমিত্তই মধুর নাম "হরি" গ্রহণ করিয়া থাকেন। তখন যে তিনি কাহাকেও দুঃখভোগার্থ কোন প্রকার অনুমতি প্রদান করিবেন, ইহা কখনই সম্ভবপর নহে! ব্রজবনিতাগণকে ইঙ্গিত পূর্ব্বক বলিয়াছিলেন, হে বনিতাগণ! তোমরা গৃহে গমন করিয়া নিজ নিজ পতি-সেবায় তৎপরা হও! তাহা হইলেই অন্তে আমার সাক্ষাৎ সন্দর্শন লাভ করিবে, সন্দেহ নাই। এই বলিয়া বনিতাগণকে নিজ পার্শ্ব হইতে যাইতে অনুমতি করেন। উদ্ধব অতি বুদ্ধিমান্ এবং চিত্তজ্ঞ; তিনি কৃষ্ণের মৌখিক আদেশে কোন ইঙ্গিত না দেখিয়া, অনায়াসে বদরিকাশ্রমে না যাইয়া শ্রীকৃষ্ণের সঙ্গ পরিত্যাগ না করিলেই পারিতেন; তাহা হইলে আর বিরহ-সন্তাপ তাঁহাকে ভোগ করিতে হইত না ॥ ২৮ ॥

রাজা পরীক্ষিৎকৃত প্রশ্নের মীমাংসিত উত্তর প্রদানার্থ শুকদেব বলিলেন, হে মহারাজ! শ্রীকৃষ্ণের ইচ্ছা অমোঘ। কালবশে কোনক্রমেও তাহার উল্লঙ্ঘন হয় না; তাঁহার ইচ্ছা কালের উপরও প্রভুত্ব বিস্তার করিয়া থাকে। সেই সর্ব্ব-ঈশনশীল শ্রীহরি যখন নিজ প্রতিষ্ঠিত যদুবংশ অতিশয় বর্দ্ধিত অনুভব করিলেন, তখন নিজেই তাহার ধ্বংস-চ্ছলে উপসংহার করা বিশেষ প্রয়োজন বলিয়া মনে করিলেন। অতএব তাঁহার ইচ্ছাই যখন বলবতী, তখন যে কোন উপায়েই হউক, তাঁহার ইচ্ছাই প্রধান কারণ; ব্রহ্মশাপ কেবল উপলক্ষিত নিমিত্ত

শ্রীশুক উবাচ ॥

ব্রহ্মশাপাপদেশেন কালেনামোঘবাঞ্ছিতঃ।

অন্বয়ঃ।

ব্রহ্মশাপাপদেশেন কালেন অমোঘবাঞ্ছিতঃ (কালেন অপি মোঘং ব্যর্থীকর্ত্তুং অশক্যং

শ্রীধরস্বামী।

ব্রহ্মশাপঃ অপদেশো মিষং যস্য তেন কালেন স্বশক্তিরূপেণ অমোঘং বাঞ্ছিতং যস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্যুত্তরমাহ ব্রহ্মশাপাপদেশঃ প্রপঞ্চাগোচরীকরণে মিষং তেন স্বকুলং সংহৃত্য অচিন্তয়ং কালেনাপি আমোঘং ব্যর্থীকর্ত্তুং অশক্যং বাঞ্ছিতমিচ্ছা যস্য সঃ। স্ফীতং স্বমর্য্যাদাভোঽপ্যতিবিস্তৃতং দেহং ত্যক্ষন্ অচিন্তয়ং। তদ্দেহস্য সচ্চিদানন্দরূপত্বেন বিভুত্বেঽপি স্বরূপানিবন্ধনং প্রাপঞ্চিকলোকচক্ষুর্গোচরীভূতত্বমেব স্ফীতত্বং। অত্র সবিশেষণে হি বিধিনিষেধৌ বিশেষণমুপসংক্রামতঃ সতি বিশেষ্যে বাধে ইতি ন্যায়েন ত্যাগক্রিয়া বিশেষণ এবাবেতি নতু বিশেষ্যে (যথা চৈত্রো রাজা ভবতি দেহং পুষ্টমসৌ চকার। ইয়ং সাধ্বী স্ত্রী নষ্টাঽভবদিতি অত্র ত্যাগক্রিয়ায়া দেহেঽন্বয়বাধো ভগবদ্দেহস্য সচ্চিদানন্দরূপত্বেন নিত্যত্বাৎ। তথাহি মহাবারাহে। সর্ব্বে নিত্যাঃ শাশ্বতাশ্চ দেহাস্তস্য পরাত্মনঃ। হানোপাদানরহিতা নৈব প্রকৃতিজাঃ ক্বচিৎ। পরমানন্দসন্দোহা জ্ঞানমাত্রাশ্চ সর্ব্বত ইতি। তথা মাধ্বভাষ্য-প্রমাণিতা শ্রুতিশ্চ। বাসুদেবঃ সঙ্কর্ষণঃ প্রদ্যুম্নোঽনিরুদ্ধো হংসো মৎস্যঃ কূর্ম্মো বরাহো নরসিংহো বামনো রামো রামো রামঃ কৃষ্ণো বুদ্ধঃ কল্কিরহং শতধাহং সহস্রধাহ-

---

শুকদেব বলিলেন, হে মহারাজ! ব্রহ্মশাপ কেবল নাম মাত্র; অপ্রতিহত ভগবদিচ্ছাই সর্ব্বপ্রধান! সর্ব্বশক্তিমান্ শ্রীহরি অত্যুন্নত নিজ কুল উপসংহার

আভাস।

মাত্র। তাঁহার ইচ্ছা না হইলে, যদুবংশের নাশ বা তদ্ধেতু ব্রহ্মশাপের কোন সম্ভাবনা মাত্রেরও সঙ্গতি হইত না। তাঁহার অচিন্ত্য মর্য্যাদাপ্রকাশক দেহত্যাগের অভিলাষ মনোমধ্যে উদয় হইলে, তিনি চিন্তা করিয়াছিলেন; এই কথা বলায় স্পষ্টই প্রকাশ যে, তিনি সচ্চিদানন্দ-ঘনবিগ্রহ; প্রপঞ্চ মধ্যবর্ত্তী জনগণের চক্ষুর গোচরীভূত নহেন; সাধারণ দৃষ্টির বিষয়ীভূত হওয়াই তাঁহার, স্ফীতভাব ও বিশেষণ বিশিষ্ট অবস্থা। বস্তুরূপ বিশেষ্য-স্থানীয় পদার্থের বিশেষণ অংশের উপরই বিধি ও নিষেধ সম্ভব; মূল বস্তুর উপর কোন বিধি বা নিষেধ স্পর্শ করে না। ধর্ম্মী বস্তু অটল ভাবে বিদ্যমান থাকে; কেবল ধর্ম্মরূপ গুণাদির ব্যত্যয়ে, বিবিধ তারতম্য ঘটে। যেমন চৈত্র-নামক কোন ব্যক্তি, রাজা হইয়াছে, এবং সে তাঁহার দেহকে বিলক্ষণ পুষ্ট করিয়াছে বলিলে, রাজা হইয়াই দেহের পুষ্টি সাধনে উক্ত ব্যক্তির কিছু পরিবর্ত্তন ঘটে নাই; তবে তাহার মানসিক অবস্থা ও দেহাবস্থার

সংহৃত্য স্বকুলং স্ফীতং ত্যক্ষ্যন্ দেহমচিন্তয়ৎ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

বাঞ্ছিতং ইচ্ছা যস্য সঃ হরিঃ স্বকুলং সংহৃত্য স্ফীতং দেহং ত্যক্ষ্যন্ অচিন্তয়ৎ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

নহ্যত্র শাপঃ প্রভুঃ কিন্তু ভগবদিচ্ছয়ৈব ইত্যর্থঃ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মিতোঽনন্তোঽহং নৈবৈতে জায়ন্তে নৈতে ম্রিয়ন্তে নৈষাং বন্ধো ন মুক্তিঃ সর্ব্বএব হ্যেতে পূর্ণা অজরা অমৃতাঃ পরমাঃ পরমানন্দা ইতি গোবিন্দং সচ্চিদানন্দবিগ্রহং বৃন্দাবনসুরভূরুহ-তলাসীনমিতি গোপালতাপনী। ঋতং সত্যং পরং ব্রহ্ম পুরুষং নৃকেশরি-বিগ্রহমিতি নৃসিংহতাপনী চ। তথা অত্রৈব কৃষ্ণস্যমণি নিম্নোচ ইতি। আদায়ান্তরধাদ্ যস্তু স্ববিম্বং লোকলোচনমিতি। ব্রজপুর-বনিতানাং বর্দ্ধয়ন্ কামদেবমিত্যাদি শ্রুতিস্মৃতি বাক্যানি বহূন্যেব দ্রষ্টব্যানি। অত্রতু প্রকটার্থেন দেহত্যাগমবগময্য পূর্ব্বাপরবাক্যবিরোধমনবধাপ্য চ অসুর-প্রকৃতয় এব প্রেমভক্তামৃতাবঞ্চিতাঃ শ্রীভাগবতস্য মোহিনীত্বে ব্যাখ্যাতত্বাৎ ব্যাখ্যাস্যমানত্বাচ্চ নূনমিতি পাঠে নু নিশ্চিতং ঊনং দেহং স্বাংশরূপং নারায়ণাভিধং অবতার-কালে স্বস্মিন্ বৈকুণ্ঠা-দাগত্য মিলিতং সংপ্রতি পুনর্বৈকুণ্ঠে প্রস্থাপয়িতুং স্বদেহাদ্বিভজ্য ত্যক্ষ্যন্ আগতেভ্যো ব্রহ্মাদিভ্যঃ পালনার্থং দাস্যন্ ত্যজেদ্দানার্থত্বাৎ দেহং বিরাডাকারং পৃথ্বীমিতি সন্দর্ভঃ ॥ ২৯ ॥

করিয়া স্বীয় নর-কলেবর পরিত্যাগ করিতে প্রস্তুত হইয়া মনে মনে ভাবিলেন ॥ ২৯ ॥

আভাস।

পরিবর্ত্তন ঘটিয়াছে মাত্র। আবার রাজত্ব নষ্ট হইলে বা দেহ ক্ষীণ হইলেও সেই চৈত্রই থাকিবে; তবে পূর্ব্বাবস্থার পরিবর্ত্তন মাত্র। যেমন এই সাধ্বী কুলটা হইয়াছে বলিলে, তাহার স্ত্রীত্বের কোন পরিবর্ত্তন হয় নাই, তবে স্ত্রীনিষ্ঠ সতীত্ব-ধর্ম্মের তারতম্যের মাত্র পরিচয়; সেইরূপ ভগবদ্দেহই সচ্চিদানন্দঘন নিত্যস্বরূপ; তাহার বিঘ্ন বা বাধা, জন্ম বা মৃত্যু কোন মতেই সঙ্গত নহে; তবে তাঁহার ত্যাগ বা গ্রহণ, এই ক্রিয়াদ্বয়ই ঐ দেহের ধর্ম্মরূপে প্রতীয়মান হইয়া, প্রাপঞ্চিক লোকের গোচরীভূত বা অগোচরীভূত ভাবমাত্রই তাঁহার আবির্ভাব বা তিরোভাব। মহাবরাহ পুরাণে উক্ত হইয়াছে, সেই পরমাত্মার যাবতীয় দেহই নিত্য ও সত্যস্বরূপ। প্রাকৃতিক সম্বন্ধের ন্যায়, সে দেহের ক্ষয়, ব্যয় বা উপচয়াদি কখন লক্ষ্য হয় না। কারণ সে মূর্ত্তি পরমানন্দের ঘনীভূত অবস্থা ও বিশুদ্ধ জ্ঞান মাত্র। মাধ্বভাষ্য-প্রমাণিত শ্রুতিতেও উক্ত আছে যে, বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ, হংস, মৎস্য, কূর্ম্ম, বরাহ, নরসিংহ, বামন, পরশুরাম, শ্রীরাম, বলরাম, কৃষ্ণ, বুদ্ধ, ও কল্কি এই সকল অবতারই আমার। আমি শতভাবে, সহস্রভাবে এবং এই জগৎ হইতে অনন্তরূপে

অস্মাল্লোকাদুপরতে ময়ি জ্ঞানং মদাশ্রয়ং।
অর্হত্যুদ্ধব এবাদ্ধা সম্প্রত্যাত্মবতাং বরঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

অস্মাৎ লোকাৎ মর্ত্ত্যলোকাৎ ময়ি (শ্রীকৃষ্ণে) উপরতে অন্তর্হিতে সতি মদাশ্রয়ং মদধীনং জ্ঞানং সংপ্রতি ইদানীং আত্মবতাং বশীকৃতান্তঃকরণানাং মধ্যে বরঃ শ্রেষ্ঠঃ উদ্ধবঃ এব, অদ্ধা সাক্ষাৎ অর্হতি (স্বয়ং গ্রহীতুং অন্যান্ গ্রাহয়িতুং চ) যোগ্যো ভবতি নান্যঃ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

ময়ি উপরতে সতি জ্ঞানমর্হতি জ্ঞানযোগ্যো ভবতি ন চান্যঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অস্মাৎ প্রাপঞ্চিকাল্লোকাদুপরতে স্বীয়রূপগুণলীলামাধুর্য্যবৃষ্টিভ্যো বিরতে সতি অহমেবাশ্রয়ো যস্য তৎ অহং যজ্জানামি তদুদ্ধবোঽপি জ্ঞাতুমর্হতীত্যর্থঃ। মাং দিদৃক্ষূন্ মন্মুখাজ্, জ্ঞানং জিজ্ঞাসূন্ বদরিকাশ্রমবাসিনো মুনীন্ মৎপ্রতীমূর্ত্তিত্বেন জ্ঞানং গ্রাহয়িতুমিতি ভাবঃ আত্মা অহমেব স্বামিত্বেন বর্ত্তে যেষাং তেষামাত্মবতাং বরঃ শ্রেষ্ঠঃ ॥ ৩০ ॥

ব্রহ্মজ্ঞানের আশ্রয়ই এক আমি; সেই আমি এই মর্ত্ত্যলোক হইতে অন্তর্হিত হইলে, উক্ত জ্ঞান-ধারণে অন্য কাহাকেও পাত্র দেখি না। সংযতচেতা জনগণের মধ্যে উদ্ধবই অগ্রগণনীয়! সুতরাং মন্নিষ্ঠ জ্ঞান স্বয়ং ধারণে এবং পরপ্রবোধনে উদ্ধবই একজন উপযুক্ত ব্যক্তি ॥ ৩০ ॥

আভাস।

আমিই বিরাজ করিতেছি। এই সমস্তের জন্ম বা নাশ নাই; বন্ধন বা মুক্তিও নাই। ইহারা সকলে অজর, অমর, সর্ব্বোৎকৃষ্ট পরমানন্দস্বরূপ। গোপালতাপনী মধ্যেও প্রকাশ আছে, অহো! যিনি পরমানন্দস্বরূপ গোবিন্দ, তিনিও বৃন্দাবনের দেবতরুর তলে সমাসীন! নৃসিংহতাপনীতেও প্রকাশ আছে যে ভগবান্ শ্রীকৃষ্ণ নরোত্তম বিগ্রহ পরিগ্রহ করিলেও তিনি ঋত, সত্য, পরব্রহ্ম পুরুষস্বরূপ। ভাগবতেও প্রকাশ আছে, শ্রীকৃষ্ণ-সূর্য্য এই জগৎ হইতে অস্তমিত হইয়া যে স্থানে উদয় হইলেন সেই স্থানবাসিগণের আর আনন্দের সীমা ছিল না। যেমন চশ্‌মা বা উপচক্ষুর সাহায্যে শক্তিহীন পুরুষ জগৎ নিরীক্ষণ করে, সেইরূপ জগৎবাসী প্রপঞ্চ জনগণের পরমাত্মস্বরূপ নিরীক্ষণের চশ্‌মা-স্থানীয়ই কৃষ্ণবিগ্রহ। তদ্দ্বারা জীব পরম তত্ত্ব অবলোকনে কৃতার্থ হইয়াছিল। প্রকাশ্য ভাবে ভগবান দেহত্যাগ করিলেও, পরমার্থত তাহা নহে। যদি ঐ দেহই তাঁহার পারমার্থিক দেহ হইত, তাহা হইলে কি ভক্ত, কি অভক্ত, সকলেই প্রেম ভক্তিতে নিমগ্ন হইত; কিন্তু তাহা ঘটে নাই। অসুরপ্রকৃতিগণ প্রেমভক্তির লেশ মাত্র প্রাপ্ত হয় নাই। তিনি

নোদ্ধবোঽণ্বপি মন্ন্যূনো যদ্‌গুণৈর্নার্দ্দিতঃ প্রভুঃ।
অতো মদ্বয়ুনং লোকং গ্রাহয়ন্নিহ তিষ্ঠতু ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

উদ্ধবঃ অণু অপি অণুমাত্রং অপি, মৎ, মত্তঃ সকাশাৎ ন্যূনঃ ন ভবতি যৎ যস্মাৎ গুণৈঃ নার্দ্দিতঃ গুণৈঃ সত্ত্বাদিভিঃ (তৎকার্য্যৈঃ শব্দাদিভিঃ চ.) নার্দ্দিতঃ ন অর্দ্দিতঃ (ন বিক্ষেপীকৃতঃ) (এবং) প্রভুঃ জিতেন্দ্রিয়ত্বেন সর্ব্বথা সমর্থঃ। অতঃ মদ্বয়ুনং মৎবিষয়কং জ্ঞানং, লোকং জনং গ্রাহয়ন্, ইহ মর্ত্যলোকে তিষ্ঠতু ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

মত্তঃ সকাশাদীষদপি ন্যূনো ন ভবতীতি যদ্ যস্মাদ্‌গুণৈ র্বিষয়ৈ র্ন ক্ষোভিতঃ। মদ্বয়ুনং মদ্বিষয়ং জ্ঞানং লোকস্যোপদিশন্ ইহ ভূতলে তিষ্ঠতু ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বপ্রতিমূর্ত্তিত্বে উদ্ধবস্য যোগ্যতামাহ অণ্বপি মত্তঃ সকাশাদীষদপি ন ন্যূনঃ যদ্‌যস্মাৎ গুণৈঃ সত্ত্বাদিভিঃ। নন্বু জগত্যস্মিন্ গুণাতীতাঃ পরমহংসা জীবন্মুক্তা গুণৈরনর্দ্দিতা এব সন্তি তেন কিং তেষাং ভগবৎসাম্যাৎ সত্যং তর্হ্যেবং ব্যাখ্যেয়ং গুণৈরপ্রাকৃতৈ র্বলবুদ্ধিজ্ঞান-বৈরাগ্যাদিভি র্নার্দ্দিতং তেষাং বেগধারণসামর্থ্যমেব তৈরনর্দ্দিতত্বমত্র জ্ঞেয়ং। যথা কামাদি-বেগধারণসামর্থ্যমেব কামাদ্যনর্দ্দিতত্বমুচ্যতে। উদ্ধবো হি অতিরথযূথপযূথপেষু মুখ্য ইত্যুচ্যতে। তদপি ন ক্বাপি তাদৃশস্যা প্রাকৃতস্য বলস্যাবিষ্কারঃ কৃত ইতি বলবেগধারণং এবং বুদ্ধ্যাদীনামপি বেগধারণ- জ্ঞেয়মেতদেবাসাধারণ্যং। প্রভুঃ অহমিব বশীকৃতমায় ইত্যর্থঃ। মদ্বয়ুনং মজ্‌জ্ঞানং ॥৩১॥

বিশেষত সত্ত্বাদি সর্ব্বগুণে অলঙ্কৃত থাকায়, উদ্ধব কোন অংশে আমার অপেক্ষা ন্যূন নহে। বিষয়ানুরাগে তাঁহার চিত্ত কখনই ক্ষোভিত হয় না। অতএব মদ্বিষয়ক জ্ঞান জনগণকে প্রদানার্থ তিনি এক্ষণে মর্ত্ত্যলোকে অবস্থান করুন! ॥ ২৯। ৩০। ৩১ ॥

আভাস।

বৈকুণ্ঠ হইতে আগমন কালে স্বকীয় নারায়ণের অংশে এবং ব্রহ্মাদির সমগ্র শক্তির বেষ্টনে আবির্ভূত হন এবং তিরোধান কালে বৈকুণ্ঠে স্ব অংশে প্রেরণার্থ ব্রহ্মাদি দেবতাগণকে স্বশক্তি ত্যাগচ্ছলে নিজ অংশ হইতে বিভাগ করত সমর্পণ করিয়া বিরাড়াকার পার্থিব দেহ পৃথিবীতে মিলিত রাখিলেন, ইহাই তাৎপর্য্যার্থ ॥ ৩১ ॥

ভগবান্ যখন জগতে স্বীয় রূপ, গুণ, লীলা ও মাধুর্য্যাদি বিতরণে বিরত হইলেন, তখন তিনি আত্মস্বরূপেই পূর্ণকামের ন্যায় বিরাজ করিতে লাগিলেন। তৎকালে তিনিই তাঁহার আশ্রয়, তিনিই জ্ঞান, জ্ঞেয়ও জ্ঞাতা; তদ্ভিন্ন অন্য কেহ তাঁহার আশ্রয় ছিল না।

এবং ত্রিলোকগুরুণা সন্দিষ্টঃ শব্দযোনিনা।
বদর্য্যাশ্রমমাসাদ্য হরিমীজে সমাধিনা ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

এবং অনেন অভিপ্রায়েণ, ত্রিলোকগুরুণা স্বর্গাদিলোকত্রয়াণাং গুরুণা, শব্দযোনিনা বেদকর্ত্রা, সন্দিষ্টঃ সন্ সংকল্পেন কথিতঃ (উদ্ধবঃ) বদর্য্যাশ্রমং বদরীনামানং আশ্রমং আসাদ্য আগত্য সমাধিনা চিত্তৈকাগ্র্যেণ, হরিং ঈজে পূজয়ামাস ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

এবমনেনাভিপ্রায়েণ। শব্দযোনিনা বেদকর্ত্রা। ঈজে পূজয়ামাস ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবমনেন প্রকারেণ ত্রিলোকস্থানাং গুরুণাং কেষাঞ্চিদবশিষ্টানাং বদরিকাশ্রমবাসিনামুদ্ধব-দ্বারাপি গুরুণেত্যর্থঃ। শ্রুতদেবাদি-মিলনার্থং বাণাসুরজয়ার্থং পারিজাতাদি-নয়নার্থং ব্রাহ্মণপুত্রাদ্যানয়নার্থং দেবকীপুত্রাদ্যানয়নার্থং চ প্রায়ো মিথিলাদি-সমস্ত-ভূতল-সর্গ-বৈকুণ্ঠ-সুতলাদীন্ গচ্ছতা স্বদর্শনেন স্বশ্রীমুখজ্ঞানোপদেশেন চ তত্রত্যান্ কৃতার্থয়তাপি ভগবতা বদরিকাশ্রমানাগমনাৎ তত্রত্য ঋষিজনানামপ্যুৎকণ্ঠামনুস্মৃত্য তত্রোদ্ধবঃ প্রস্থাপিতঃ ক্বচিৎ কল্পে বদরিকাশ্রমোঽপি স্বয়ং তেনৈব গতঃ ইতি চেত্তদা উদ্ধবোঽপি তত্র ন প্রস্থাপিত ইতি জ্ঞেয়ং। সংদিষ্ট ইতি কশ্চিৎ সন্দেশোঽপি প্রেষিতঃ। ইমং সন্দেশং নর-নারায়ণাভ্যাং দেহীতি সন্দেশবিষয়ীকৃত ইত্যর্থঃ। সচ নোদ্ধবোঽস্মদীতি পদমেব শব্দযোনিনাং শব্দানাং বেদলক্ষণানামপি যোনিরুৎপত্তি র্যতঃ ইতি বেদেষ্বপ্যনুপলভ্য জ্ঞানং ভগবান্ জানাতীতি ধ্বনিঃ। তচ্চোদ্ধবে ন্যস্তমিত্যনুধ্বনিঃ। উদ্ধবমুখান্নরনারায়ণৌ তদেব প্রাপ্স্যত ইতি শ্রুত্যনুধ্বনিঃ। সন্দেশ পত্রীচ স্বস্তি শ্রীমন্নরনারায়ণৌ প্রতি বিজ্ঞাপনঞ্চেদং। সপাদশতবর্ষপর্য্যন্তৈব মৎপ্রকটপ্রকাশগতা লীলা ভবেৎ তন্মর্য্যাদা চ সংপ্রতি বৃত্তেতি দ্বারকায়াং সপরিকরো ময়া অন্তর্দ্ধীয়তে প্রভাসঞ্চ গত্বা অবতারিতান্ দেবাদীনধিকারিক-ভক্তান্ প্রতি স্বাস্পদেষু প্রস্থাপ্য ব্রহ্মপ্রার্থিতৈনৈকেনাংশেন বৈকুণ্ঠে সার্দ্ধুনেনাংশেনালক্ষিতং যুষ্মৎপদে চ গম্যতে কিঞ্চ মৎপূর্ণস্বরূপদর্শনসোৎকণ্ঠানাং যুষ্মাকং

হে রাজন্! বেদপ্রবর্ত্তক ত্রিলোক-গুরু ভগবান্ বাসুদেব উদ্ধবকে এই-রূপ আদেশ প্রদান করেন; এবং উদ্ধবও তাঁহার অভিপ্রায় অনুসারে বদরিকাশ্রমে আগমন পূর্ব্বক সমাধি অবলম্বনে শ্রীহরির অর্চ্চনা করিয়া-ছিলেন ॥ ৩২ ॥

আভাস।

এ ভাবও কেবল উদ্ধব ব্যতীত অন্য কেহ পরিজ্ঞানে সমর্থ নহে। এমন কি! তাঁহারা রূপধারী বিষ্ণুর তিরোধান-কালে কৃষ্ণান্তঃপ্রাণ ঋষিগণ শ্রীকৃষ্ণের মুখপদ্ম হইতে তদীয় পরম পবিত্র জ্ঞান শ্রবণের জন্য উৎসুকচিত্তে বদরিকাশ্রমে অপেক্ষা করিতেছিলেন ॥ ৩২ ॥

বিদুরোঽপ্যুদ্ধবাৎ শ্রুত্বা কৃষ্ণস্য পরমাত্মনঃ
ক্রীড়য়োপাত্তদেহস্য কর্ম্মাণি শ্লাঘিতানি চ ॥
দেহন্যাসঞ্চ তস্যৈবং ধীরাণাং ধৈর্য্যবর্দ্ধনং।
অন্যেষাং দুষ্করতরং পশূনাং বিক্লবাত্মনাং ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

ক্রীড়য়োপাত্তদেহস্য ক্রীড়য়া ক্রীড়ার্থং স্বেচ্ছয়া উপাত্তঃ স্বীকৃতঃ দেহঃ (মনুষ্যনাট্যং) যেন তস্য পরমাত্মনঃ শ্রীকৃষ্ণস্য শ্লাঘিতানি প্রশংসনীয়ানি, প্রেম্না সংস্তুতানি কর্ম্মাণি চকারাৎ জন্মাদি চ, উদ্ধবাৎ উদ্ধবমুখাৎ শ্রুত্বা, বিদুরঃ (উত্তরশ্লোকদ্বয়েন অন্বয়ঃ)॥

ধীরাণাং ধৈর্য্যবর্দ্ধনং অন্যেষাং বিক্লবাত্মনাং অধীরচেতসাং পশূনাং পশুবৎ বিষয়াবিষ্টচিত্তানাং দুষ্করতরং তস্য শ্রীকৃষ্ণস্য দেহন্যাসং দেহত্যাগং চ শ্রুত্বা ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

অন্যেষাং পশূনাং পশুতুল্যানাং বিক্লবাত্মনাং অধীরচিত্তানাং ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃতে মৎপ্রিয়ে পার্ষদমুখ্যেঽস্মিন্নুদ্ধবে স্বসারূপ্যসাকল্যে অর্পিতে যতঃ। নোদ্ধবোঽপি মন্ন্যূনো যদ্ গুণৈর্নার্দিতঃ প্রভুঃ। অতো মদ্বয়ুনং লোকং গ্রাহয়ন্নিহ তিষ্ঠত্বিত্যেষা। ইহ বদরিকাশ্রমে ॥ ৩২ ॥

ক্রীড়য়ৈব কর্ত্র্যা উপ আধিক্যেন আত্তো গৃহীতো দেহো যস্য তস্য তস্য লীলাশক্তে-

---

বিদুর উদ্ধবমুখে শ্রবণ করিলেন যে, শ্রীকৃষ্ণ পরমাত্মা জনার্দ্দন! তিনি লীলানুরোধে মানবদেহ ধারণ করত, অলৌকিক ক্রিয়া সকল সমাপন করিয়াছেন।

ভগবানের কলেবর পরিত্যাগ করাও অমানুষিক ব্যাপার! সামান্য পশুর ন্যায় বিষয়াবিষ্টচিত্ত জনগণের পক্ষে এরূপ দেহত্যাগ করা দূরে থাকুক, মনে মনে কল্পনা করাও দুরূহ। কিন্তু এতদ্দর্শনে চিন্তাশীল ধীর ব্যক্তিগণের ধৈর্য্যগুণেরই বৃদ্ধি হয়, সন্দেহ নাই ॥ ৩৩ ॥

আভাস।

ভগবজ্জ্ঞানে উদ্ধব যে প্রকৃত অধিকারী, তাহার পরিচয় প্রদানার্থ শ্রীকৃষ্ণ স্বয়ং বলিয়াছেন যে, উদ্ধব কোন অংশে আমার অপেক্ষা ন্যূন নহে। অবশ্য প্রাকৃতিক গুণের দ্বারা অভিভূত নহে এমন সহস্র সহস্র জীবন্মুক্ত পুরুষ জগতে বিচরণ করিতেছেন বটে, কিন্তু তাঁহারা ঐরূপ সামর্থ্যবিশিষ্ট বলিয়াই যে ভগবানের সমতুল্য, তাহা কখনই নহে। যূথপতি যেমন সংগ্রামে যাবতীয় সৈন্য ও সৈন্যপতিগণের বেগ একাই ধারণ করেন,

আত্মানঞ্চ কুরুশ্রেষ্ঠ কৃষ্ণেন মনসেক্ষিতং।
ধ্যায়ন্ গতে ভাগবতে রুরোদ প্রেমবিহ্বলঃ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

হে কুরুশ্রেষ্ঠ! ভাগবতে উদ্ধবে গতে সতি আত্মানং স্বয়ং কৃষ্ণেন মনসা ঈক্ষিতং চ শ্রুত্বা তং ভগবন্তং এব ধ্যায়ন্ চিন্তয়ন্ প্রেমবিহ্বলঃ তৎপ্রেম্না বিহ্বলঃ ব্যাকুলঃ বিদুরঃ রুরোদ ক্রন্দিতবান্ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

মনসেক্ষিতং চিন্তিতং ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রধীন এব স তস্য দেহস্থৈব শক্ত্যাবির্ভাব্যতে চান্তর্দ্ধাপ্যতে চেতি ভাবঃ। তথা এবমনেন প্রকারেণ তস্য ধীরাণাং যাদবাদীনামপি দেহানাং ন্যাসং দ্বারকায়ামপ্রকটপ্রকাশেঽর্পণং। প্রভাসে চ পুনস্ত্যাগং শ্রুত্বা কীদৃশং ধৈর্য্যবর্দ্ধনং তথা শ্রুত্বৈব বিদুরো হৃদি ধৈর্য্যমবধার্যাদিত্যর্থঃ। যদ্বা তদপি ধৈর্য্যচ্ছেদনং বর্দ্ধচ্ছেদনে। পুনঃ কীদৃশং অন্যেষামভক্তানাং যোগিনামপি অতিশয়েন দুষ্করং। একত্র দেশে দেহস্যান্তর্দ্ধানমন্যত্র দেশে ত্যাগত্বেন লোকে জ্ঞাপনমিতি যোগিভির্দুষ্করমিত্যর্থঃ পশূনামিতি ভক্ত্যভাবাদিতি ভাবঃ। বিরুবাস্মনামেবং কর্ত্তুং ব্যাকুলমনসাং। আত্মানং স্বং ॥ ৩৩।৩৪ ॥

হে কুরুবংশাবতংস! উদ্ধব যখন শুনিলেন যে, বিষ্ণু প্রস্থানকালে তাঁহার বিষয় মনোমধ্যে স্থান দিয়াছিলেন, এই ভাবিয়া ভগবদন্তর্দ্ধানে তিনি প্রেমে বিহ্বল হইয়া রোদন করিতে লাগিলেন ॥ ৩৪ ॥

আভাস।

সেইরূপ উদ্ধব কেবল গুণসমূহে নহে, বল, বুদ্ধি, জ্ঞান ও বৈরাগ্যাদি সকলের বেগ ধারণ করত অতলস্পর্শ অসীম সমুদ্রের ন্যায়, তিনি অচলভাবে প্রতিষ্ঠিত; সুতরাং ভগবৎ সাদৃশ্যে তুলনীয় ॥ ৩১ ॥

ভগবান্ শ্রীকৃষ্ণ ত্রিলোকের গুরু। সকলেই তাঁহার আবির্ভাবে কৃতার্থ হইতে বাসনা করিয়াছিল। তিনিও শ্রুতদেবাদি ভক্তসম্মিলন, বাণাদি অসুর-জয়, পারিজাত আনয়ন, ব্রাহ্মণের মৃত পুত্র আনয়ন, দেবকীর মৃত পুত্র প্রদর্শন এবং মিথিলাদি সমস্ত ভূতল, স্বর্গ, বৈকুণ্ঠ ও সুতলাদিলোকে গমন পূর্ব্বক নিজ দর্শন দানে ও নিজমুখে জ্ঞান উপদেশ প্রদানে তত্রত্য সকল ভক্ত ও জীবগণকে নিস্তার করার নিমিত্ত স্বয়ং আর বদরিকাশ্রমে যাইতে পারেন নাই। কিন্তু সেই জন্যই নিজ কার্য্য পূরণার্থ উদ্ধবকে তথায় প্রেরণ করেন। যে কল্পে স্বয়ং তথায় উপস্থিত হইয়াছিলেন, সে কল্পে আর উদ্ধবকে তথায় প্রেরণ করেন নাই। উদ্ধব তুমি আমার স্বরূপ হইয়া নর-নারায়ণ ঋষিদ্বয়কে আমার বার্ত্তা প্রদানে আনন্দিত করিও এবং তাঁহাদিগকে আমার বিজ্ঞাপনী পত্রী প্রদর্শন পূর্ব্বক জানা-

কালিন্দ্যাঃ কতিভিঃ সিদ্ধ অহোভি র্ভরতর্ষভ।
প্রাপদ্যত স্বঃসরিতং যত্র মিত্রাসুতো মুনিঃ ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরোদ্ধব-সম্বাদে চতুর্থোঽধ্যায়ঃ ॥*॥৪॥*॥

অন্বয়ঃ।

হে ভরতর্ষভ! কতিভিঃ অহোভিঃ সিদ্ধে সতি বিদুরঃ কালিন্দ্যাঃ সকাশাৎ স্বঃসরিতং গঙ্গাং প্রাপদ্যত প্রাপ্তঃ যত্র মিত্রাসুতঃ মৈত্রেয়ঃ মুনিঃ আসীৎ ॥ ৩৫ ॥

ইতি তৃতীয়ে চতুর্থঃ অধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

কালিন্দ্যাঃ সকাশাৎ সিদ্ধ এব বিদুরঃ কতিপয়ৈ র্দিনৈঃ স্বঃসরিতং গঙ্গাং প্রাপদ্যত প্রাপ্তঃ ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে চতুর্থঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালিন্দ্যাঃ সকাশাৎ কতিভিরহোভিঃ সিদ্ধে নিষ্পন্নে সতি ভাবে ক্তঃ। কতিষু অহঃসু বৃত্তেষু সৎস্বিত্যর্থঃ। স্বঃসরিতং গঙ্গাং প্রাপদ্যত প্রাপ্তঃ ॥ ৩৫ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
তৃতীয়েঽত্র চতুর্থোঽপি সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

হে কুরুনন্দন! অনন্তর অতি অল্প দিবসের মধ্যে যোগসিদ্ধ মহামনা বিদুর কালিন্দীতট হইতে যাত্রা করিয়া, ভগবান্ মৈত্রেয় ঋষি যেখানে বাস করিতেছিলেন, ভাগীরথীর তীরবর্ত্তী সেই স্থানে উপস্থিত হইলেন ॥ ৩১ ॥

ইতি তৃতীয়ে চতুর্থ অধ্যায় সমাপ্ত ॥

আভাস।

ইবে যে, শত বর্ষ ও তৎপাদ কালব্যাপী আমার লীলা মর্য্যাদা হইয়াছে, সম্প্রতি পার্ষদগণে পরিবৃত হইয়া দ্বারকায় অন্তর্হিত হইলাম। প্রভাসে অবতীর্ণ দেবতাগণকে স্ব স্ব পদে পুনঃ প্রতিস্থাপিত করিয়া, ব্রহ্মার প্রার্থনা অনুসারে মদীয় অংশ অর্জ্জুনকে সঙ্গে লইয়া সকলের অজ্ঞাত-সারে আপনাদের স্থান বৈকুণ্ঠে গমন করিতেছি। আপনারা আমার পূর্ণস্বরূপের দর্শনাকাঙ্ক্ষী বটে; কিন্তু কি করি! সাবকাশের অভাবে আমি আপনাদের মনোরথ স্বয়ং পূর্ণ করিতে অসমর্থ হইলাম; সুতরাং আমার প্রিয় পার্ষদগণের শ্রেষ্ঠ এই উদ্ধবকে নিজের সারূপ্যাদি সাদ্‌গুণ্য অর্পণ করিলাম। কারণ উদ্ধব আমার অপেক্ষা কোন অংশে ন্যূন নহেন। তিনি মদীয় পরম ভাব জগতে বিস্তারার্থ এই বদরিকাশ্রমেই অবস্থান করুন! আপনারা উদ্ধবের সমীপে ভগবদ্দর্শনের ফল প্রাপ্ত হইবেন ॥ ৩২ ॥

ভগবানের ক্রীড়াই তাঁহার আবির্ভাবের কারণ; লীলাশক্তির অধীনই ভগবান্। লীলাশক্তিই ভগবদ্দেহ। সেই শক্তির অনুরোধেই ভগবান্ আবির্ভূত ও অন্তর্হিত হইয়া

শ্রীশুক উবাচ ॥

দ্বারি হ্যনন্তা ঋষভঃ কুরূণাং মৈত্রেয়মাসীনমগাধবোধং।
ক্ষত্তোপসৃত্যাচ্যুতভাবসিদ্ধঃ পপ্রচ্ছ সৌশীল্যগুণাভিতৃপ্তঃ ॥১॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। কুরূণাং ঋষভঃ শ্রেষ্ঠঃ অচ্যুতভাবসিদ্ধঃ কৃষ্ণভক্ত্যা নিবৃত্তাখিল-রাগদ্বেষাদিদোষঃ, ক্ষত্তা বিদুরঃ, হ্যনন্তাঃ গঙ্গায়াঃ, দ্বারি হরিদ্বারে, আসীনং ভগবচ্চিন্তন-পরতয়া উপবিষ্টং, অগাধবোধং আত্মপরমাত্মযথার্থজ্ঞানবিশিষ্টং মৈত্রেয়ং উপসৃত্য সমীপে গত্বা (গুরোঃ) সৌশীল্যগুণাভিতৃপ্তঃ আর্জ্জবাদিগুণৈঃ সন্তুষ্টঃ সন্ (তং মৈত্রেয়ং) পপ্রচ্ছ জিজ্ঞাসিতবান্ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

পঞ্চমে ভগবল্লীলাং ক্ষত্রা পৃষ্টো মহামুনিঃ।
প্রোবাচ মহদাদীনাং সর্গং তৈশ্চ হরেঃ স্তুতিং।
উক্তশ্চতুর্ভিরধ্যায়ৈঃ ক্ষত্তু র্মৈত্রেয়সঙ্গমঃ।
সংবাদস্তু তয়োঃ স্কন্ধদ্বয়েনাথ নিগদ্যতে।

হ্যনন্তা গঙ্গায়া দ্বারি দ্বারে আসীনং নতু কর্ম্মব্যগ্রং তত্র হেতুঃ। অগাধঃ অপরিচ্ছিন্নো বোধো যস্যেতি। মৈত্রেয়স্য সৌশীল্যং আর্জবাদি গুণাশ্চ করুণাদয়ঃ তৈরভিতৃপ্তঃ। সৌশীল্য-গুণাভিতৃপ্তমিতি পাঠে ক্ষত্তুঃ সৌশীল্যাদিভিরভিতৃপ্তং সন্তুষ্টং মৈত্রেয়ং ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চমে জগতঃ সৃষ্টাদ্যপৃচ্ছৎ সুখদুঃখিনঃ। ক্ষত্রা প্রত্যাহ মৈত্রেয়ঃ সর্গং তত্ত্বৈঃ স্তবং হরেঃ। ভক্ত্যা চতুর্ভিরধ্যায়ৈরাশ্রয়স্যাঙ্গিনঃ স্থিতিং। উক্ত্বা তদঙ্গিষূক্তোঽপি সর্গঃ স ব্যাসমুচ্যতে। হ্যনন্তা গঙ্গায়াঃ দ্বারি হরিদ্বারে আসীনং নতু কার্য্যব্যগ্রং। প্রথমান্ত পাঠে মৈত্রেয়স্য সৌশীল্য গুণৈঃ সন্তুষ্টঃ। দ্বিতীয়ান্তপাঠে বিদুরস্য ॥ ১ ॥

শুকদেব বলিলেন, কুরুকুল-চূড়ামণি বিদুর কালিন্দীর তীর হইতে নির্গত হইয়া অচ্যুত-চিন্তায় চিত্ত নিশ্চিন্ত করত গঙ্গাতীরাভিমুখে যাত্রা করিয়াছিলেন ;

আভাস।

থাকেন। এই শক্তিবলেই যাদবাদি পার্ষদগণও আগমন করত লীলাকার্য্যের সাহায্য করিয়া পুনরায় সময় ক্রমে অন্তর্হিত হইয়াছেন। এই লীলার অন্তর্ধান ব্যাপার বিদুরাদি ভক্তগণের হৃদয়ে মর্ম্মান্তিক শোক উৎপাদন করত ধৈর্য্য প্রদান করিয়াছে। যাহারা পশুর ন্যায় সংসারে আবদ্ধচিত্ত, তাহারাই কেবল এই বিষম সমস্যার অন্তরে প্রবেশ করিতে পারে নাই। এক দেশে শ্রীকৃষ্ণের অন্তর্দ্ধান, অন্যত্র স্বীয় মাধুর্য্য প্রকটনে আবির্ভাব! ইহা যে যোগীরও অচিন্ত্য, তাহাতে আর সন্দেহ নাই ॥ ৩৩।৩৪।৩৫ ॥

ইতি তৃতীয় স্কন্ধে চতুর্থ অধ্যায়ের আভাস সমাপ্ত।

বিদুর উবাচ।

সুখায় কর্ম্মাণি করোতি লোকো ন তৈঃ সুখং বান্যদুপারমং বা।

অন্বয়ঃ।

বিদুরঃ উবাচ। লোকঃ জনঃ, (সর্ব্বোঽপি) সুখায় (সুখপ্রাপ্ত্যর্থং দুঃখনিবৃত্ত্যর্থং চ) কর্ম্মাণি (লৌকিকানি কৃষিবাণিজ্যাদিরূপাণি তথা শ্রৌতস্মার্ত্তাদীনি যজ্ঞাদীনি) করোতি, তৈঃ কর্ম্মভিঃ তু সুখং নিরতিশয়ং বা অন্যদুপারমং অন্যস্য দুঃখস্য আত্যন্তিকীং নিবৃত্তিং

শ্রীধরস্বামী।

প্রশ্নানেবাহ। সুখায়েতি পঞ্চদশভিঃ। তৈঃ কর্ম্মভিরপি সুখং বা অন্যস্য দুঃখস্য উপারমং বেত্যর্থঃ। অথবা অন্যদ্বা ন বিন্দেত! কিং তদিত্যপেক্ষায়াং তস্যৈব নির্দ্দেশঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র ভগবদুপদিষ্টং রহস্যং জ্ঞানমুদ্ধবাৎ প্রাপ্য স্বস্য তত্রাযোগ্যতাং মত্বা অতি নির্ব্বিণ্ণ এব বিদুরো মনসি পরামমর্শ। তস্যানুরক্তস্য মুনে র্মুকুন্দঃ প্রমোদ-ভারানতকন্ধরস্য। আশৃণ্বতো মামনুরাগহাসসমীক্ষয়া বিশ্রম্ভয়ন্নুবাচেত্যুদ্ধবোক্তেঃ। পরমান্তরঙ্গস্বভক্তচূড়ামণি-মুদ্ধবমেব ভগবান্ রহস্যং স্বজ্ঞানমুপদিদেশ নতু শৃণ্বন্তমপি মৈবং। তদহং তজ্‌জ্ঞানার্থ-মিমমজানন্তং মহানুভাবং প্রথমং ন প্রার্থয়িষ্যন্ কিন্তু স্বজিজ্ঞাসিতমেব যৎ কিঞ্চিৎ

তথায় হরিদ্বার সমীপে উপনীত হইয়া, অপরিচ্ছিন্ন-জ্ঞানবিশিষ্ট ভগবচ্চিন্তা-পরায়ণ মহর্ষি মৈত্রেয় মুনিকে উপবিষ্ট অবলোকন করিলেন। বিদুর তাঁহার সারল্যাদি গুণগ্রামে নিতান্তই সন্তুষ্ট হইয়া, তাঁহাকে জিজ্ঞাসা করিলেন ॥ ১ ॥

হে ব্রহ্মন্! জগতে মানব মাত্রেই দুঃখনিবৃত্তি পূর্ব্বক সুখপ্রাপ্তির কামনায় বিবিধ লৌকিক কৃষিবাণিজ্যাদি ও বৈদিক যজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকে;

আভাস।

পঞ্চমাধ্যায়ে বিদুরের প্রশ্নে মহামুনি মৈত্রেয় ভগবানের লীলা ও মহত্তত্ত্বাদির সৃষ্টি-বিষয়ক বর্ণনা পূর্ব্বক ভগবান্ শ্রীকৃষ্ণের স্তব করিয়াছিলেন, ইহাই বর্ণিত হইয়াছে।

প্রথম শ্লোকে শুকদেব মৈত্রেয় ঋষির মহানুভাবিতা ও সারল্যাদি স্বভাবের পরিচয় প্রদানে উপদেষ্টা গুরুর লক্ষণ এবং বিদুরের ভক্তি ও শ্রদ্ধাবিশিষ্টত্বের দ্বারা শিষ্যের লক্ষণ প্রদর্শন করিয়াছেন ॥ ১ ॥

অনন্তর বিদুর উদ্ধব-মুখে অতি গুহ্য পরম-জ্ঞানের কথা শ্রবণে নিতান্তই বিস্ময়াবিষ্ট হইলেন এবং এরূপ জ্ঞান সম্যক্ অবধারণে নিজের নিরতিশয় অযোগ্যতা অনুমান করিয়া ক্ষুণ্ণ হওত মনে মনে বিবেচনা করিলেন যে, উদ্ধব বলিয়াছিলেন যে তিনি যখন শ্রীকৃষ্ণের সন্নিধানে উপনীত হন, তখন মৈত্রেয় ঋষিও তথায় উপস্থিত ছিলেন; এবং তাঁহার সমক্ষেই ভগবান্ সেই অতি গুহ্য জ্ঞান-সম্বন্ধে উপদেশ দেন। মৈত্রেয় মুনিকেই যে

বিন্দেত ভূয়স্তত এব দুঃখং যদত্র যুক্তং ভগবান্ বদেন্নঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

বা ন বিন্দেত লভেত (অপিতু) ততঃ (তৈরেব কর্ম্মভিঃ) ভূয়ঃ পুনঃ দুঃখং এব বিন্দতে। (অতঃ) অত্র (দুঃখনাশপূর্ব্বকসুখপ্রাপ্তৌ) যদ্ যুক্তং (সাধনত্বেন কর্ত্তুং যোগ্যং) তৎ ভগবান্ নঃ অস্মাকং বদেৎ বদতু ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

উপারমং বেতি। ততশ্চ তৈঃ কর্ম্মভি র্ভূয়ঃ পুনঃ পুনর্দুঃখমেব বিন্দেত। অত এবংবিধে সংসারে নোঽস্মাকং যদ্যুক্তং কর্ত্তুং যোগ্যং তৎ সর্ব্বজ্ঞো ভবান্ বদেৎ নিরূপয়তু ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৃচ্ছামি। যদি চ তদয়ং জানাতি তদা ভো বিদুর! ত্বদর্থং ভগবতাহমাদিষ্টো ভগবৎপ্রোক্তং তস্য অজত্ব-জন্মবত্বাদিবিরোধপরিহারকমতি রহস্যং জ্ঞানং ত্বং গৃহাণেতি স্বয়মেব বক্ষ্যতীত্যত আহ স্বখায়েত্যাদি। তৈঃ কর্ম্মভিঃ সুখং বা অন্যৎ দুঃখোপশমনং বা উপারমং বৈরাগ্যং বা ন বিন্দেত কিন্তু ভূয়ো ভূয়ঃ কৃতেভ্যস্তেভ্যঃ কর্ম্মভ্যো দুঃখমেব। অত্র প্রশ্নে যদ্ যুক্তং তদুত্তরং নো অস্মান্ বদতু ভবান্ ॥ ২ ॥

কিন্তু তদ্দ্বারা তাহাদিগের সুখলাভ না ঘটিলেও কর্ম্ম হইতে নিবৃত্ত হইতে পারে না। অতএব আপনি সর্ব্বজ্ঞ; এই সংসারে প্রকৃত সুখ যে উপায়ে লাভ হয়, তৎসাধনার্থ সদুপদেশ আমাকে প্রদান করুন! ॥ ২ ॥

আভাস।

উপদেশ দিয়াছিলেন, এমন কথা কিছু প্রকাশ নাই; এবং ইনিও জানেন কি না, তাহাও বুঝিতে পারিলাম না। ভাল! ইহাঁর নিকটে প্রথমত প্রার্থনা করা আমার কর্ত্তব্য নহে; আমার জিজ্ঞাস্য বিষয় দুই একটা প্রথমত এই মহানুভব মুনির নিকট জিজ্ঞাসা করি; যদি ইনি তাহা পরিজ্ঞাত থাকেন, তাহা হইলে স্বয়ংই আমাকে সম্বোধন পূর্ব্বক বলিবেন, ওহে বিদুর! তোমাকে উপদেশ দিবার জন্য ভগবান্ আমাকে আদেশ করিয়াছেন। আমি তোমাকে তদুক্ত জন্মরহিতত্ব ও জন্মবত্বাদি বিরোধ-নিবারক অতি গোপনীয় বিষয় সকল উপদেশ করিতেছি; তুমি অবহিত চিত্তে শ্রবণ কর! এইরূপ পরামর্শ স্থির করিয়া, বিদুর প্রথমত কর্ম্ম-বিষয়ক বিচার উত্থাপন পূর্ব্বক বলিলেন, হে মহামুনে! জগতে দুই প্রকার কর্ম্ম অনুষ্ঠিত দেখা যায়। লৌকিক ও বৈদিক। মানব মাত্রেই দুঃখ নিবারণ পূর্ব্বক নিরতিশয় সুখপ্রাপ্তির অভিলাষে লৌকিক কৃষি বাণিজ্যাদি বা বৈদিক যজ্ঞাদি কর্ম্মের অনুষ্ঠান করিয়া থাকেন। কিন্তু কি আশ্চর্য্য! সেই সকল কর্ম্মের অনুষ্ঠানে সুখের আশা দূরে থাকুক, উত্তরোত্তর দুঃখেরই উপস্থিতি দেখিতে পাওয়া যায়। কারণ কর্ম্মফলে তাহাদের আশা পূর্ণ না হইয়া, বরং উত্তরোত্তর বৃদ্ধিই হইয়া থাকে; সুতরাং

জনস্য কৃষ্ণাদ্বিমুখস্য দৈবাদধর্ম্মশীলস্য সুদুঃখিতস্য।
অনুগ্রহায়েহ চরন্তি নূনং ভূতানি ভব্যানি জনার্দ্দনস্য ॥ ৩ ॥

অন্বয়ঃ।

(যতঃ) দৈবাৎ পূর্ব্বকর্ম্মবশাৎ কৃষ্ণাৎ ঈশ্বরাৎ বিমুখস্য অতএব অধর্ম্মশীলস্য পাপ-নিরতস্য, সুতরাং সুদুঃখিতস্য জনস্য অনুগ্রহায় (যথাধিকারং সাধনোপদেশেন উদ্ধারার্থং) এব ইহ মর্ত্ত্যলোকে, জনার্দ্দনস্য ভগবতঃ, ভব্যানি মঙ্গলরূপাণি, ভূতানি ভবন্তঃ ভক্তাঃ নূনং চরন্তি বিচরন্তি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

দৈবাৎ প্রাচীনাৎ কর্ম্মণো নিমিত্তভূতাৎ কৃষ্ণাদ্বিমুখস্য অতঃ অধর্ম্মশীলস্য অতঃ সুদুঃখিতস্য জনস্যানুগ্রহায় ভব্যানি মঙ্গলানি ভূতানি চরন্তি। ভবন্তঃ পরোপকারস্বভাবা এব ইত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বভূতানুগ্রাহকা ভবদ্বিধা মহাভাগবতা এব তত্ত্বং জানন্তীত্যাহ। ভব্যানি ভূতানি মঙ্গলরূপা ভক্তাঃ ॥ ৩ ॥

দেখুন! মানবগণ পূর্ব্ব-সঞ্চিত পাপ-কর্ম্মের অনুরোধে পরমেশ্বর হইতে বিমুখ হইয়া অধর্ম্মপথে পদার্পণ পূর্ব্বক নিতান্ত দুঃখ-সাগরেই নিমগ্ন হয়; আপনারা ভগবদ্ভক্ত ও পরোপকারী; কেবল সেই সমস্ত জীবগণের নিস্তারার্থই জগতে বিচরণ করিতেছেন ॥ ৩ ॥

আভাস।

যে কঠোরতা সহকারে তাহারা প্রথম কর্ম্মে প্রবৃত্ত হয়, তাহার ফলভোগকালে তদপেক্ষা অধিকতর পরিশ্রমের সহিত নূতন কর্ম্মে প্রবৃত্ত হয়। অতএব শান্তি বা সুখ কোথায়! তবে আপনি যদি জানেন, তাহা হইলে এমন কর্ম্মের উপদেশ দিন, যাহা একবার করিলেই শান্তি লাভ হয়; আর কর্ম্মবাসনা হৃদয়কে উত্তেজিত না করে ॥ ২ ॥

আমি জানি, দুঃখের মূল কারণই অধর্ম্মানুষ্ঠান। যাহারা ঈশ্বরপরায়ণ, তাঁহারা কখন অধর্ম্ম-পথে পদার্পণ করেন না। যাহারা ঈশ্বর-বিমুখ তাহারাই সত্যালোকের অভাবে ঘোর অন্ধকারময় অধর্ম্মগর্ত্তে নিপতিত হয়। পূর্ব্বসঞ্চিত দুরদৃষ্টই মনুষ্যের ভগবানের প্রতি দৃষ্টি লোপ করিয়া, সংসার-দৃষ্টির উদয় করে। হে ভগবন্! আপনাদের ন্যায় সর্ব্বভূতানুগ্রহকারী ব্যক্তিগণ কেবল তাদৃশ জনের নিস্তারের নিমিত্তই ভূমণ্ডলে বিচরণ করিতেছেন। আপনারাই সেই মঙ্গলময় দেবের মঙ্গলময় ভক্তমূর্ত্তি সন্দেহ নাই ॥ ৩ ॥

আপনি আমাদিগকে সেই ভগবানের ভজন-পথ বলিয়া দিন। ভগবান্ যেমন, ভজনে তুষ্ট হন, এমন কিছুতেই হন না। তিনি ভক্তাধীন! ভজনের গুণে ভগবান্ ভক্ত-হৃদয়ে

তৎ সাধুবর্য্যাদিশ বর্ত্ম শং নঃ সংরাধিতো ভগবান্ যেন পুংসাং।
হৃদি স্থিতো যচ্ছতি ভক্তিপূতে জ্ঞানং সতত্ত্বাধিগমং পুরাণং ॥ ৪ ॥
করোতি কর্ম্মাণি কৃতাবতারো যান্যাত্মতন্ত্রো ভগবাংস্ত্র্যধীশঃ।

অন্বয়ঃ।

তৎ তস্মাৎ হে সাধুবর্য্য! শং সুখরূপং বর্ত্ম নঃ অস্মান্ আদিশ কথয়, যেন সংরাধিতঃ ভগবান্ হৃদি স্থিতঃ সন্ ভক্তিপূতে জনে সতত্ত্বাধিগমং তত্ত্বোৎবোধকং পুরাণং অনাদি বেদ-প্রমাণকং জ্ঞানং যচ্ছতি ॥ ৪ ॥

ত্র্যধীশঃ ত্রয়াণাং সত্ত্বাদিগুণানাং লোকানাং বা অধীশঃ অতএব অন্যতন্ত্রঃ কালকর্ম্ম-স্বভাবাদিপারতন্ত্র্যরহিতঃ ভগবান্ কৃতাবতারঃ সন্ যানি কর্ম্মাণি করোতি। অগ্রে সৃষ্টেঃ

শ্রীধরস্বামী।

তৎ তস্মাৎ হে সাধুবর্য্য শং সুখরূপং বর্ত্ম নঃ আদিশ কথয় যেন বর্ত্মনা সংরাধিতো হৃদিস্থিতঃ সন্ তত্ত্বাধিগমঃ আত্মাপরোক্ষ্যং তৎ সহিতং পুরাণং অনাদি বেদপ্রমাণকং ॥ ৪ ॥

করোতি কর্ম্মাণীত্যাদীনাং বর্ণয়েতি পঞ্চমশ্লোকে ক্রিয়াসম্বন্ধঃ। যথা যেন প্রকারেণ পুরুষরূপেণ কৃতাবতারঃ সন্ ত্র্যধীশঃ ত্রিগুণমায়ানিয়ন্তা অতঃ স্বতন্ত্র এব। যানি কর্ম্মাণি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শং সুখরূপং বর্ত্ম ভজনমার্গং নোঽস্মানাদিশ। স প্রসিদ্ধো ভগবান্ তত্ত্বস্য, বদন্তি তত্তত্ত্ববিদ ইত্যনেনোক্তস্য ব্রহ্মপরমাত্মভগবৎস্বরূপস্যাধিগমো যস্মাত্তজ্ জ্ঞানং যচ্ছতি যদুক্তং। তচ্ছ্রদ্দধানা মুনয়ো জ্ঞানবৈরাগ্যযুক্তয়া। পশ্যন্ত্যাত্মনি চাত্মানং ভক্ত্যা শ্রুতগৃহীতয়েতি। পুরাণং পুরাতনং ন মীমাংসাদিকমিবার্ব্বাচীনং ॥ ৪ ॥

করোতি কর্ম্মাণীত্যাদীনাং বর্ণয়েতি পঞ্চমশ্লোকস্থেনান্বয়ঃ। ত্র্যধীশঃ পুরুষত্রয়েশঃ কৃষ্ণঃ

অতএব হে সাধুশ্রেষ্ঠ! যে সাধনাফলে ভগবান্ মানবগণের ভক্তিপূত পবিত্র হৃদয়াকাশে উদিত হইয়া আত্মসাক্ষাৎকার সহ অনাদি বেদবোধিত পরম জ্ঞান প্রদানে কৃতার্থ করেন, আপনি সেই মঙ্গল-প্রদ সৎপথ প্রদর্শন করাইয়া আমাদিগকে কৃতার্থ করুন! ॥ ৪ ॥

ত্রিলোক-পতি ভগবান্ সত্ত্বাদি গুণত্রয়ের অতীত; কাল, কর্ম্ম ও স্বভাবাদি

আভাস।

আগমন করেন। যেমন নিশার অবসানে সূর্য্যদেবের উদয় হইলে, কমল বিকাশচ্ছলে সংবদ্ধ-হৃদয় প্রশস্ত করে; সূর্য্যদেবও কিরণপ্রদান প্রসঙ্গে কমলের অতি গুহ্য গুহায় প্রবেশ পূর্ব্বক হিমকণার অপসারণে শুভ সৌন্দর্য্য বিকাশ করেন; ভগবানও ভজন-প্রভাবে মায়া মোহাদির অবসানে স্বয়ং ভক্ত-হৃদয়ে উদিত হইয়া, আত্মসাক্ষাৎকার প্রকাশে বিমল জ্ঞানের উদয় করেন ॥ ৪ ॥

যথা সসর্জাগ্র ইদং নিরীহঃ সংস্থাপ্য বৃত্তিং জগতো বিধত্তে ॥ ৫ ॥
যথা পুনঃ স্বে খ ইদং নিবেশ্য শেতে গুহায়াং স নিবৃত্তবৃত্তিঃ।
যোগেশ্বরাধীশ্বর এক এতদনুপ্রবিষ্টো বহুধা যথাসীৎ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

পূর্ব্বং নিরীহঃ নির্ব্ব্যাপারঃ অপি স্বয়ং যথা যেন প্রকারেণ ইদং বিশ্বং সসর্জ ততশ্চ সংস্থাপ্য রক্ষাং কৃত্বা (অস্য) জগতঃ বৃত্তিং জীবিকাং বিধত্তে সম্পাদয়তি এতৎ সর্ব্বং বর্ণয় ইতি পঞ্চমশ্লোকেনান্বয়ঃ ॥ ৫ ॥

পুনঃ স্বে স্বকীয়ে, খে হৃদয়াকাশে, (উদরে বা যথা ইদং বিশ্বং, নিবেশ্য (স্বয়ং) নিবৃত্তবৃত্তিঃ নিবৃত্তজগজ্জননাদিব্যাপারঃ, গুহায়াং (গুহাস্থানে জলাদৌ) শেতে যোগেশ্বরাধীশ্বরঃ যোগেশ্বর-নিয়ন্তা সঃ একঃ এব এতৎ স্বসৃষ্টং জগৎ (পুনঃ) অনুপ্রবিষ্টঃ (দেবমনুষ্যাদিরূপেণ) বহুধা বহুপ্রকারকঃ, যথা আসীৎ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

করোতি। কর্ম্মাণ্যেব বিশেষতঃ পৃচ্ছতি যথেত্যাদিনা। নিরীহঃ নিষ্ক্রিয়ঃ নিস্পৃহো বা সংস্থাপ্য সুস্থিরং কৃত্বা। বৃত্তিং জীবিকাং ॥ ৫ ॥

স্বে স্বীয়ে খে হৃদয়াকাশে গুহায়াং যোগমায়ায়াং। বহুধা ব্রহ্মাদিরূপেণ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

কর্ম্মাণি গোবর্দ্ধনোদ্ধরণাদীনি। ত্রিগুণমায়াধিষ্ঠাতা মহাবিষ্ণুশ্চ যথা ইদং অগ্রে পূর্ব্বমহাকল্পান্তে সংস্থাপ্য সংহৃত্য পুনরেতস্মাহাকল্পাদৌ সসর্জ্জ সৃষ্ট্বাচ বৃত্তিং জীবিকাং পালনমিত্যর্থঃ ॥ ৫ ॥

যথা পুনশ্চ স্বে স্বীয়ে হৃদয়াকাশে নিবেশ্য স্থাপয়িত্বা গুহায়াং সর্ব্বাগম্যত্বাদ্বিরজায়াং নদ্যামিত্যর্থঃ। নিবৃত্তমায়াগুণবৃত্তিঃ। পুনশ্চ এতজ্জগৎ সৃষ্ট্বানুপ্রবিষ্টঃ। বহুধা দেবমনুষ্যাদিরূপো যথাসীদিতি সৃষ্ট্যাদি প্রশ্নঃ পৌনঃ পুন্যং প্রতি মহাকল্পগতা সৃষ্ট্যাদিলীলা একরূপা ভিন্নরূপা বেতি জিজ্ঞাসয়া ॥ ৬ ॥

তাঁহাকে অভিভূত করিতে পারে না; তথাপি অবতার গ্রহণে যে সকল কর্ম্ম তিনি করিয়াছেন এবং স্বয়ং নির্ব্ব্যাপারী হইয়াও এই জগৎ ব্রহ্মাণ্ড রচনা পূর্ব্বক ইহার স্থিতি (রক্ষা) ও পালনার্থ জীবিকার বিধান করিয়াছেন, এই সমস্ত আপনি বর্ণন করুন ॥ ৫ ॥

আবার যোগেশ্বরগণেরও যোগফলদাতা অচিন্ত্যৈশ্বর্য্যসম্পন্ন সেই অদ্বিতীয়

আভাস।

শ্রীহরি স্বয়ং নির্ব্বিকার ও নিরঞ্জন; সত্ত্বাদি মহামায়ার গুণত্রয় তাঁহাকে স্পর্শ করে না; অধিক কি! ব্রহ্মা, বিষ্ণু ও মহেশ্বরও তাঁহার আজ্ঞাধীন; সেই ভগবান্ সর্ব্বতোভাবে স্বতন্ত্র

ক্রীড়ন্ বিধত্তে দ্বিজগোসুরাণাং ক্ষেমায় কর্ম্মাণ্যবতারভেদৈঃ।
মনো ন তৃপ্যত্যপি শৃণ্বতাং নঃ সুশ্লোকমৌলেশ্চরিতামৃতানি ॥ ৭ ॥

অন্বয়ঃ।

দ্বিজ-গো-সুরাণাং ক্ষেমায় পরিপালনায়, অবতারভেদৈঃ নানাবিধাবতারৈঃ (স্বয়ং) ক্রীড়ন্ এব যানি কর্ম্মাণি বিধত্তে (তানি বর্ণয়) (যতঃ) সুশ্লোকমৌলেঃ পুণ্যকীর্ত্তিমতাং চূড়ামণেঃ শ্রীকৃষ্ণস্য চরিতামৃতানি শৃণ্বতাং অপি নঃ অস্মাকং মনঃ ন তৃপ্যতি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

মৎস্যাদ্যবতারভেদৈঃ ক্রীড়ন্ যানি যথা কর্ম্মাণি বিধত্তে করোতি। পুনর্বিশেষং প্রষ্টুং ঔৎসুক্যমাবিষ্করোতি। মন ইতি সুশ্লোকাঃ পুণ্যকীর্ত্তয়ঃ তেষাং মৌলিরিবাধিক্যেনোপরি বিরাজমান স্তস্যেত্যর্থঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবতারভেদৈ র্মৎস্যকূর্ম্মাদিভিঃ ॥ ৭ ॥

আদিদেব একাকী হইয়াও নিজ সৃষ্ট জগতের রেণু পরমাণুতে অনুপ্রবেশ পূর্ব্বক দেব মনুষ্যাদি বহুরূপে ও বহু প্রকারে বিরাজ করেন এবং পরে পুনঃ পুনঃ স্বীয় হৃদয়াকাশে বা উদর-মধ্যে সমগ্র ব্রহ্মাণ্ড নিবেশ পূর্ব্বক নিশ্চেষ্টের ন্যায় অতি গুহ্য কারণ-সলিলে বা যোগমায়ায় অবস্থিতি পূর্ব্বক বিশ্রাম করেন, এই সমস্ত আপনি কীর্ত্তন করুন ॥ ৬ ॥

ভগবান্ দেবতা, ব্রাহ্মণ ও গোসমূহের কল্যাণ-কামনায় কেবল ক্রীড়াচ্ছলেই বিভিন্ন অবতার গ্রহণ পূর্ব্বক বিচিত্র লীলা করিয়া থাকেন। সেই পুণ্যকীর্ত্তিগণের শীর্ষস্থানীয় ভগবান্ শ্রীকৃষ্ণের চরিতামৃত আমরা যতই শ্রবণ করিতেছি, কিছুতেই আমাদের তৃপ্তি হইতেছে না ॥ ৭ ॥

আভাস।

হইয়াও কেবল জীব-নিস্তারের জন্য অন্য যে সকল অবতার গ্রহণ পূর্ব্বক বিবিধ কার্য্যের অনুষ্ঠান করেন, আপনি সেই সমস্ত বর্ণন করুন। প্রথমত তাঁহার নিজের কোন প্রয়োজন না থাকিলেও, এই জগৎ যে রূপে সৃষ্টি করেন এবং ইহার রক্ষার্থ যে সকল জীবনোপায় বিধান করেন, তৎসমুদায় আপনি কীর্ত্তন করুন ॥ ৫ ॥

ভগবান্ সৃষ্টির পূর্ব্বে একাকী অদ্বিতীয় রূপে যখন বিরাজ করেন, তখন এই পরিদৃশ্যমান ব্রহ্মাণ্ড তাঁহাতে লীন থাকে। যেমন সুষুপ্ত ব্যক্তি আপনাতেই যাবতীয় ইন্দ্রিয় ও বৃত্তিসমূহ প্রলীন করত নিদ্রা যায়, আবার জাগরিত হইয়া পূর্ব্বের ইন্দ্রিয়-বৃত্তি ও তদুপহিত জ্ঞানাদির স্ফূর্ত্তি সহ প্রকাশ পায়, ভগবান্ আপনাতে সংযমিত সমগ্র ভুবন প্রলয়াবসানে প্রকটন করত তত্তদ্ভাবে বিরাজ করেন। এইরূপ বারংবার সৃষ্টির প্রশ্ন করায় সৃষ্টি

যৈ স্তত্ত্বভেদৈরধিলোকনাথো লোকানলোকান্ সহলোকপালান্।
অচীক্লপদ্ যত্র হি সর্ব্বসত্ত্ব-নিকায়ভেদোঽধিকৃতং প্রতীতঃ ॥ ৮ ॥
যেন প্রজানামুত আত্মকর্ম্মরূপাভিধানাঞ্চ ভিদাং ব্যধত্ত।

অন্বয়ঃ।

অধিলোকনাথঃ লোকাধিপতিঃ ভগবান্ যৈঃ তত্ত্বভেদৈঃ মহদাদিভিঃ সহ লোকপালান্ (তৈঃ সহিতান্) লোকান্ পাতালাদীন্, অলোকান্ লোকালোকপর্ব্বতাদ্বহির্ভাগান্, অচীক্লপৎ কল্পয়ামাস তৎ বর্ণয়। যত্র যেষু লোকালোকাদিষু সর্ব্বসত্বনিকায়ভেদঃ সর্ব্বেষাং সত্ত্বানাং নিকায়াঃ সমূহাঃ তেষাং ভেদঃ অধিকৃতঃ (তত্তৎ কর্ম্মকারী তত্তৎ ভোগাধিকারী চ) প্রতীতঃ প্রসিদ্ধঃ এব ॥ ৮ ॥

হে বিপ্রবর্য্য! (বি বিশেষেণ পুরুষার্থৈঃ পূরয়ন্তীতি বিপ্রাঃ তেষ্বপি শ্রেষ্ঠঃ ত্বং ইতি) উত অপি আত্মযোনিঃ (আত্মা স্বয়মেব যোনিঃ কারণং যস্য সঃ স্বতঃসিদ্ধঃ) বিশ্বসৃক্

শ্রীধরস্বামী।

লোকনাথাধিপতিঃ অলোকান্ লোকালোকপর্ব্বতাদ্বহির্ভাগান্ অচীক্লপৎ কল্পয়ামাস। যত্র যেষু সর্ব্বাণি যানি সত্ত্বানি তেষাং নিকায়াঃ তেষাং ভেদঃ অধিকৃতঃ তত্তৎ কর্ম্মাধিকারী আশ্রিত ইতি বা ॥ ৮ ॥

উত অপি চ। যেন প্রকারেণ জীবানাং আত্মা স্বভাবঃ তৎকৃতং কর্ম্ম তৎকৃতং রূপং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্ত্বভেদৈ বৈরাজ-পাদাদিভিঃ পৃথিব্যাদ্যৈ র্লোকান্ পাতালাদীন্ অলোকান্ লোকালোক-পর্ব্বতাদ্বহির্ভাগান্ অচীক্লপৎ কল্পয়ামাস যত্র যেষু সর্ব্বপ্রাণি-নিকায়ানাং ভেদো নানাবিশেষোঽধিকৃতঃ ভক্তি-জ্ঞানযোগকর্ম্মাদ্যধিকারী ভবেৎ প্রতীতঃ খ্যাতোঽবাধিতশ্চ ॥ ৮ ॥

উত অপিচ। যেন প্রকারেণ জীবানাং আত্মা স্বভাবঃ তদনুসৃতং কর্ম্ম কর্ম্মানুসৃতং

সর্ব্বলোকাধিপতি শ্রীহরি মহত্তত্ত্বাদি সহ লোকপাল, পাতালাদি ভুবন সমূহ এবং পর্ব্বতাদির বহির্ভাগস্থিত অলোকাদি স্থান যেরূপে নির্ম্মাণ করিলেন, এবং প্রাণিগণ যে যে স্থানে যেরূপ বাস করত যেরূপ কর্ম্মের অধিকারী ও ফলভোগী বলিয়া নির্ণীত, তৎসমুদায় আপনি কীর্ত্তন করুন! ॥ ৮ ॥

ব্রাহ্মণগণ পুরুষার্থের সুগম উপায় প্রদর্শনে জীব-নিস্তারের কর্ত্তা; এই

আভাস।

অনাদি কি না; এই কথাই জিজ্ঞাসা করা হইয়াছে ॥ ৮ ॥

ভগবান্ যখন সকলই সৃষ্টি করিয়াছেন, তখন ভুবনাদি লোক, তত্রত্য জীব, সেই সকল জীবের কর্ম্ম, কর্ম্মানুরূপ ভোগ, ভক্তি, জ্ঞান ও যোগ সকলই তিনি যেরূপ সৃষ্টি করিয়াছেন, তাহাই আপনি বলুন! ইহাই বিদুরের জিজ্ঞাস্য ॥ ৮ ॥

নারায়ণো বিশ্বসৃগাত্মযোনিরেতচ্চ নো বর্ণয় বিপ্রবর্য্য ॥ ৯ ॥
পরাবরেষাং ভগবন্ ব্রতানি শ্রুতানি মে ব্যাসমুখাদভীক্ষ্ণং।
অতৃপ্ম ক্ষুল্লসুখাবধানাৎ তেষামৃতে কৃষ্ণকথামৃতৌঘাৎ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

নারায়ণঃ যেন প্রকারেণ প্রজানাং প্রাণিনাং আত্মকর্ম্মরূপাভিধানাং (আত্মা স্বভাবঃ রূপাণি দেবতির্য্যঙ্মনুষ্যাদীনি, অভিধা তত্তদ্বাচক-নামানি, তেষাং ভিদাং ভেদং (চকারাৎ মৃৎপাষাণাদিভেদং চ) ব্যধত্ত অকরোৎ এতৎ চ (পৃষ্টং অপৃষ্টং চ) নঃ অস্মভ্যং, বর্ণয় ॥ ৯ ॥

হে ভগবন্! পরাবরেষাং (পরে ত্রৈবর্ণিকাঃ অবরে স্ত্রীশূদ্রাদয়ঃ তেষাং) ব্রতানি ধর্ম্মাঃ মে ময়া ব্যাসমুখাৎ অভীক্ষ্ণং পুনঃ পুনঃ শ্রুতানি (অতঃ) (তত্র) কৃষ্ণকথামৃতৌঘাৎ ঋতে ক্ষুল্লসুখাবহানাং তুচ্ছসুখপ্রদানাং তেষাং (শ্রবণেন) অতৃপ্ম তৃপ্তাঃ অভূম ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

তৎকৃতা অভিধা তাসাং ভেদঃ। বিশ্বস্রষ্টা স্বয়ঞ্চাত্মযোনিঃ স্বতঃ সিদ্ধঃ ॥ ৯ ॥

নন্থ মহাভারতে ত্বয়া সর্ব্বং শ্রুতমেব কিং পুনঃ প্রশ্নৈস্তত্রাহ। পরে ত্রৈবর্ণিকা অপরে শূদ্রাদয়ঃ তেষাং ব্রতানি ধর্ম্মাঃ মে ময়া অভীক্ষ্ণং পুনঃ পুনস্তেষাং শ্রবণে অতৃপ্ম তৃপ্তাঃ স্মঃ। তেষাং তুচ্ছ সুখাবহত্বাৎ। যস্তু তত্র কৃষ্ণকথামৃতৌঘঃ সুচিত স্তস্মাদৃতে তত্র ত্বলং বুদ্ধি র্মাস্তীত্যর্থঃ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রূপং রূপানুসৃতা অভিধা তাসাং ভেদঃ কৃতবান্ নারায়ণ এব বিশ্বসৃথিশ্বসৃষ্ট্যর্থমাত্মযোনি-ব্রহ্মা সন্নিত্যর্থঃ ॥ ৯ ॥

নন্বেতৎ সর্ব্বং মহাভারতে ত্বয়া শ্রুতমেব তত্রাহ। পরে দেবাদ্যা অবরে পশ্বাদ্যা স্তেষাং ব্রতানি স্বভাবাস্তেষাং তৈরতৃপ্ম তৃপ্তাঃ স্মঃ। নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানামিতিবৎ ষষ্ঠী। ক্ষুল্লং তুচ্ছং কিন্তু যস্তত্র কৃষ্ণকথামৃতৌঘস্তস্মাদৃতে। তেন যদ্ যন্ময়া পৃচ্ছ্যতে তত্তৎ সর্ব্বং কৃষ্ণকথামৃত-সংপৃক্তমেব ত্বয়া বক্তব্যমিতি ভাবঃ ॥ ১০ ॥

নিমিত্ত আপনার ন্যায় দ্বিজশ্রেষ্ঠের শরণাগত হইয়া প্রার্থনা করিতেছি যে, ভগবান্ স্বয়ংসিদ্ধ বিশ্বসৃজন-কারী জীবাধার নারায়ণ! তিনি যে প্রকারে প্রাণিগণের স্বভাব, দেবতির্য্যগাদি রূপ এবং তত্তদ্বাচক নামাদির ব্যবস্থা করিয়াছেন, সেই সমস্ত ও অন্যান্য সকল বিষয় বর্ণন করিয়া, আমাদিগের নিস্তারের উপায় বিধান করুন। ॥ ৯ ॥

আভাস।

জীবের স্বভাব, স্বভাবানুরূপ কর্ম্ম, কর্ম্মানুরূপ জন্ম এবং জন্মানুরূপ নাম ভগবান্ বিধান করিয়াছেন ॥ ৯ ॥

কস্তৃপ্নুয়াত্তীর্থপদোঽভিধানাৎ সত্রেষু বঃ সূরিভিরীড্যমানাৎ।
যঃ কর্ণনাড়ীং পুরুষস্য যাতো ভবপ্রদাং গেহরতিং ছিনত্তি ॥ ১১ ॥

অন্বয়ঃ।

বঃ যুষ্মাকং সত্রেষু যজ্ঞেষু (সমাজেষু চ) সূরিভিঃ বিদ্বদ্ভিঃ ঈড্যমানাৎ স্তূয়মানাৎ, তীর্থপদঃ কৃষ্ণস্য অভিধানাৎ চরিতাৎ কঃ তৃপ্নুয়াৎ। যঃ তীর্থপাৎ (স্বচরিতং শৃণ্বতঃ) কর্ণনাড়ীং (শ্রবণবিবরদ্বারেণ হৃদয়ং) যাতঃ গতঃ সন্ ভবপ্রদাং জন্মমরণাদিসংসারহেতুভূতাং গেহ-রতিং দেহাপত্যকলত্রাদ্যাসক্তিং, ছিনত্তি বারয়তি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

তত্র হেতুঃ ক ইতি। তীর্থপদঃ কৃষ্ণস্যাভিধানাৎ কথামৃতাৎ সত্রেষু সমাজেষু সূরিভিঃ নারদাদিভিঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ কৃষ্ণকথাপি ত্বয়া বহুশ এব শ্রুতা তত্রাহ কঃ ইতি। অভিধানাৎ নামত এব কিমুত কথাভ্যঃ। যদ্বা অভিধানাৎ কথনমাত্রাৎ ন্যব্লোপে পঞ্চমীয়ং ॥ ১১ ॥

হে ভগবন্! ব্রাহ্মণাদি বর্ণত্রয়ের এবং স্ত্রী শূদ্রাদি অপরাপরের ব্রত ও নিয়মাদি ধর্ম্ম সমূহ আমরা ব্যাস-বর্ণিত মহাভারতাদিতে যথেষ্ট শ্রবণ করিয়াছি; তাহা শ্রবণার্থ আমাদের আর বিশেষ আকাঙ্ক্ষা নাই; কারণ ইহার দ্বারা জীবের কোন বিশেষ ফললাভ হয় না। তন্মধ্যে এক কৃষ্ণ-কথার স্রোতই আনন্দ-সাগরে লইবার একমাত্র উপায়; সুতরাং তাহাই শ্রবণার্থ আমাদের একান্ত বাসনা! ॥ ১০ ॥

সকল সমাজে এবং সকল যজ্ঞেই বিদ্বান্ ঋষিগণ কৃষ্ণচরিত্রই কীর্ত্তন করিয়া থাকেন। যাঁহার পাদপদ্ম হইতে সর্ব্বতীর্থময়ী গঙ্গা উৎপন্ন হইয়াছেন, তাদৃশ ভগবান্ শ্রীকৃষ্ণের চরিত্র শ্রবণে কাহার বিরতি হইয়া থাকে! লীলা মাত্র শ্রবণ করিলে, ভগবান্ শ্রোতার কর্ণবিবর দ্বারা হৃদয়ে আবির্ভূত হইয়া, তাহার জন্ম-মরণাদি সংসারের হেতুভূত গৃহাসক্তি ছেদন করিয়া থাকেন ॥ ১১ ॥

আভাস।

যদিও এই সকল বিষয়ই বিদুরের জিজ্ঞাস্য বটে, কিন্তু সকলের মধ্যে প্রধান জ্ঞাতব্য ভগবল্লীলা। কারণ মহাভারতাদির মধ্যে এ সকল বিষয় বিশেষরূপে বিবৃত আছে; কিন্তু শ্রীকৃষ্ণ-লীলা তত স্পষ্টত প্রকাশ নাই; অতএব দ্বিজাতির ধর্ম্ম, বা স্ত্রী ও শূদ্রাদির ধর্ম্ম জিজ্ঞাসার অপেক্ষা, ভগবদ্ধর্ম্মই প্রধানত জ্ঞাতব্য বিষয়; ইহাই বিদুরের অভিপ্রেত ॥ ১০ ॥

বিদুর কৃষ্ণকথা বারংবার শ্রবণ করিলেও তিনি বিশেষ ঔৎসুক্য প্রদর্শন পূর্ব্বক বলিলেন যে, যাহার নাম কীর্ত্তনেই সকলে অভীষ্ট ফল প্রাপ্ত হয়, তাঁহার লীলাশ্রবণ প্রসঙ্গে যে ভগবৎপ্রাপ্তি ও ভববন্ধন মোচন হয়, তাহাতে আর সংশয় নাই ॥ ১১ ॥

মুনির্বিবক্ষুর্ভগবদ্গুণানাং সখাপি তে ভারতমাহ কৃষ্ণঃ।
যস্মিন্নৃণাং গ্রাম্যসুখানুবাদৈর্মতির্গৃহীতাঽনু হরেঃ কথায়াং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

তে তব, সখা কৃষ্ণঃ কৃষ্ণদ্বৈপায়নঃ মুনিঃ অপি, (ভগবদ্ গুণানাং ভগবদ্ গুণান্ মোক্ষধর্ম্মান্তে নারায়ণীয়াখ্যানে গীতায়াঞ্চ) বিবক্ষুঃ বক্তুমিচ্ছুঃ সন্ ভারতং মহাভারতং আহ, যস্মিন্ মহাভারতে, গ্রাম্যসুখানুবাদৈঃ সংসারিকসুখাদিবর্ণনৈঃ (দ্বারভূতৈঃ) হরেঃ কথায়াং নৃণাং মতিঃ অনু পশ্চাৎ গৃহীতা অবতারিতা ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

মহাভারতস্যাপ্যত্রৈব তাৎপর্য্যমিত্যাহ। মুনিঃ কৃষ্ণো বেদব্যাসঃ ভগবদ্গুণান্ মোক্ষধর্ম্মান্তে নারায়ণীয়াখ্যানেন বক্তুমিচ্ছুঃ সন্ অর্থকামাদি বর্ণনস্য হরিকথায়াং মতি-প্রবেশার্থমেবেত্যাহ যস্মিন্নিতি। নৃণাং মতিঃ গ্রাম্যসুখানুবাদৈ র্দ্বারভূতৈঃ নু নিশ্চিতং হরেঃ কথায়াং গৃহীতা নীতা। তদুক্তমিতিহাস-সমুচ্চয়ে। কামিনো বর্ণয়ন্ কামাল্লোভং লুব্ধস্য বর্ণয়ন্ নরঃ কিং ফলমাপ্নোতি কূপেঽন্ধমিব পাতয়ন্। লোকচিত্তাবতারার্থং বর্ণয়িত্বাত্র তেন তৌ। ইতিহাসৈঃ পবিত্রার্থৈঃ পুনস্তত্রৈব নিন্দিতৌ। অন্যথা ঘোরসংসারবন্ধহেতু জনস্য তৌ। বর্ণয়েৎ স কথং বিদ্বান্ মহাকারুণিকো মুনিরিতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহাভারতস্যাপি বস্তুত স্তত্রৈব তাৎপর্য্যমিত্যাহ মুনিঃ কৃষ্ণো বেদব্যাসঃ। গুণানামিতি দ্বিতীয়ায়াং ষষ্ঠী। যদ্বা উৎকর্ষমিত্যাক্ষেপলভ্যং যস্মিন্ ভারতে গ্রাম্যসুখানুবাদৈঃ অর্থকামকথানুকথনৈ র্নৃণাং বিষয়লুব্ধানামপি মতির্গৃহীতা ব্যাসেন স্বহস্তবশীকৃতা; কিমর্থং হরেঃ কথায়াং ভগবদ্গীতা নারায়ণীয়োপাখ্যানাদিষু প্রবেশয়িতুমিত্যাক্ষেপগম্যং। অন্যথা পরমার্থকথামশূন্যস্তস্তে তৎসমীপমেব নৈবায়াস্যন্ তত্তুক্তমিতিহাসসমুচ্চয়ে। কামিনো বর্ণয়ন্ কামান্ লোভং লুব্ধস্য বর্ণয়ন্। নরঃ কিং ফলমাপ্নোতি কূপেঽন্ধমিব পাতয়ন্। লোকচিত্তাবতারার্থং বর্ণয়িত্বাত্র তেন তৌ। ইতিহাসৈঃ পবিত্রার্থৈঃ পুনরত্রৈব নিন্দিতৌ। অন্যথা ঘোরসংসারবন্ধহেতু জনস্য তৌ। বর্ণয়েৎ স কথং বিদ্বান্ মহাকারুণিকো মুনিরিতি ॥ ১২ ॥

বিশেষত হে মহাত্মন্! আপনার সখা মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন ভগবানের গুণবর্ণনাভিপ্রায়ে মহাভারত রচনা করিয়াছেন বটে, কিন্তু তাহাতে গ্রাম্যসুখলোলুপ ব্যক্তিগণের মতি কৃষ্ণকথায় আকৃষ্ট করা হইয়াছে মাত্র ॥ ১২ ॥

আভাস।

ভগবান্ বেদব্যাস নানাবিধ সাংসারিক কথা ও রাজন্যগণের ঐতিহাসিক বিবরণসমন্বিত যে মহাভারত রচনা করেন, তাহাতে তাঁহার মূল উদ্দেশ্য হরিগুণানুবাদ। তবে বিষয়াকৃষ্টচিত্ত সাংসারিক গার্হস্থ্যসুখে লোলুপ মানবগণ কেবল ভগবৎকথায় পাছে নির্বৃতি

সা শ্রদ্দধানস্য বিবর্দ্ধমানা বিরক্তিমন্যত্র করোতি পুংসঃ।
হরেঃ পদানুস্মৃতিনির্বৃতস্য সমস্তদুঃখাপ্যয়মাশু ধত্তে ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

শ্রদ্দধানস্য (কথায়াং) শ্রদ্ধাবতঃ পুংসঃ সা হরিকথারতিঃ বিবর্দ্ধমানা (অহরহঃ শ্রবণেন বৃদ্ধিং প্রাপ্তা সতী) অন্যত্র দেহাপত্যকলত্রাদৌ বিরক্তিং করোতি (তথা) হরেঃ পদানুস্মৃতি-নির্বৃতস্য হরেঃ পাদয়োঃ অনুস্মৃতিঃ প্রতিক্ষণং এব মাধুর্য্যানুভূতিঃ তয়ৈব নির্বৃতস্য লব্ধপরমানন্দস্য) তস্য পুংসঃ আশু শীঘ্রং, সমস্তদুঃখাপ্যয়ং সমস্তদুঃখানাং অপ্যয়ং নাশং ধত্তে করোতি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

হরিকথায়াং মতিপ্রবেশস্য ফলমাহ সা কথা মতির্ব্বা। অন্যত্র গ্রাম্যসুখে ততঃ কিমত আহ হরেরিতি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরিকথায়াং মতিপ্রবেশস্য ফলমধিকারিভেদেনাহ সা হরিকথা শ্রদ্দধানস্য হরিকথা-য়ামেব পরমপুরুষার্থবুদ্ধ্যা বিশ্বসতঃ শুদ্ধভক্তস্যেত্যর্থঃ। অন্যত্র ধর্ম্মার্থকামমোক্ষেষু। নন্বু কথং মোক্ষেঽপি বিরক্তিং চেৎ করোতি ততঃ কথং নির্ব্বৃতিঃ সংসারদুঃখনাশো বা তত্রাহ হরেঃ পদয়োরনুস্মৃতিঃ প্রতিক্ষণমেব মাধুর্য্যানুভূতি স্তয়ৈব নির্বৃতস্য লব্ধপরমানন্দস্য পুংসঃ সমস্তদুঃখো যঃ সংসার স্তস্যাপি অপ্যয়ং নাশং তত্রাপি আশু শীঘ্রমেব ॥ ১৩ ॥

কিন্তু কি আশ্চার্য্য! তাহাতেও শ্রদ্ধা বিশিষ্ট মতিমান্ ব্যক্তিগণের সংসার-বৈরাজ্ঞ উৎপাদন করে; এবং যাহারা ভগবানের লীলা স্মরণে প্রতিক্ষণ মাধুর্য্য অনুভব করেন ও শ্রীহরির চরণারবিন্দে মতি প্রদান করেন, তাঁহারা যে সকল প্রকার দুঃখ হইতে নিষ্কৃতি লাভ করেন, সে বিষয়ে আর সন্দেহ নাই ॥ ১৩ ॥

আভাস।

লাভ না করে এবং স্থিরচিত্তে আগ্রহ-সহকারে শ্রবণ না করে, এই নিমিত্ত তাহাদের অভিপ্রেত সাংসারিক গার্হস্থ-সুখের বিষয় বলিবার প্রসঙ্গে ভগবৎকথা বর্ণন করিয়াছেন। অর্থাৎ অভিপ্রেত বিষয়-সুখ-সম্বন্ধীয় কথায় কামিগণের চিত্ত রঞ্জিত হইলে, তখন তাহারা সমগ্র গ্রন্থে আস্থা ও বিশ্বাস পুরঃসর তথায় বর্ণিত ঈশ্বর-কথাতেও যত্ন এবং উৎসাহ করিবে। যেমন রোগগ্রস্থ বালককে মাতা নানা প্রকার সুমিষ্ট অথচ আরোগ্যকর অনুকূল সুপথ্য প্রদানের প্রলোভনে কটু ও আপাতত অপ্রিয় ঔষধি সেবন করাইয়া রোগোন্মুক্ত করেন, বেদব্যাস ভগবদ্গীতা ও নারায়ণীয়োপাখ্যানাদিতে বর্ণিত ভগবৎকথা কামী পুরুষগণের চিত্তে নিবিষ্ট করিবার অভিপ্রায়েই উক্ত নৃপতিবর্গের অন্যান্য বৃত্তান্ত বর্ণন দ্বারা বিষয়-সুখের প্রলোভন দিয়াছেন। নতুবা কেবল পারমার্থিক কথা শ্রবণার্থ সম্ভোগী কামী পুরুষগণ কখনই তাঁহার নিকট অগ্রসর হইত না। ঐতিহাসিক পুরাণাদির

তান্ শোচ্যশোচ্যানবিদোঽনুশোচে হরেঃ কথায়াং বিমুখানঘেন।
ক্ষিণোতি দেবোঽনিমিষস্তু যেষামায়ু র্বৃথাবাদগতিস্মৃতীনাং ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

অঘেন সঞ্চিত-ক্রিয়মাণ-পাপেন হরেঃ কথায়াং বিমুখান্ অবিদঃ ভারত-তাৎপর্য্যানভিজ্ঞান্ শোচ্যশোচ্যান্ (যে অজ্ঞাঃ শোচ্যাঃ তেষাং অপি যে শোচ্যাঃ) তান্ অহং অনুশোচে অনুশোচামি। বৃথাবাদগতিস্মৃতীনাং বৃথা এব বাক্-দেহ-মনঃ-ব্যাপারবতাং তেষাং তু আয়ুঃ অনিমিষঃ নিমেষরহিতঃ দেবঃ কালঃ ক্ষিণোতি ক্ষপয়তি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

এবম্ভূতায়াং কথায়াং যে ন রমন্তে তান্ এব শোচ্যা যে তেষামপি শোচ্যান্। তত্র অবিদঃ ভারত-তাৎপর্য্যানভিজ্ঞান্ শোচ্যান্। যে জ্ঞাত্বাপি হরেঃ কথায়াং বিমুখা স্তান্ তেষামপি শোচ্যানিতি যোজ্যং। অনিমিষঃ কালো যেষামায়ুঃ ক্ষপয়তি। অত্র হেতুঃ বৃথৈব বাদগতি-স্মৃতয়ো বাগ্‌দেহমনোব্যাপারা যেষাং ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র হরিকথায়াং ত্রিবিধা জনাঃ সম্ভবন্তি। শ্রদ্দধানা অশ্রদ্দধানা বিমুখা চ। শ্রীভাগবতামৃতে ভক্ত্যৈ পরমপুরুষার্থত্বেন বিশ্বসন্তঃ শ্রদ্দধানা উচ্যন্তে। তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা। মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে ইতি। জাতশ্রদ্ধো মৎকথাস্বিত্যাদৌ তথা প্রতিপাদয়িষ্যমাণত্বাৎ পুরুষার্থসাধনমাত্রত্বেনৈব বিশ্বসন্তোঽশ্রদ্দধানাঃ। ভক্ত্যা বিনৈব পুরুষার্থান্ সিষাধয়িষবো বিমুখা স্তত্র প্রথমান্ সাভিনন্দনমুক্ত্বা দ্বিতীয়ানুল্লঙ্ঘ্য তৃতীয়ান্ শোচতি। শুদ্ধভক্তে র্যে শোচ্যাঃ স্বর্গমোক্ষাদিসাধনরতা স্তৈরপি শোচ্যান্ ভক্তিরহিতকর্ম্মজ্ঞান-যোগাদিমতোঽহমনুশোচামি তত্র হেতুঃ অবিদঃ শাস্ত্রাণ্যধীত্যাধীত্যাপি তত্তাৎপর্য্যমবিদুষঃ যতো হরেরিত্যাদি। অঘেন প্রাচীনার্ব্বাচীনমহাপরাধেনৈব হেতুনেত্যর্থঃ। অনিমিষঃ কালঃ। নন্থ তেঽপি স্ব স্বমতস্থাপনে নানাবাদ নানাগতি নানা স্মৃত্যাদিমন্তঃ সভায়াং প্রগল্‌ভন্তে তত্র সধিক্কারমাহ বৃথেত্যাদি ॥ ১৪ ॥

হে মুনে! যে সকল ব্যক্তি [illegible] বঞ্চনা হরিকথায় বিমুখ, তাহারাই ভারতোপাখ্যানের তাৎপর্য্য গ্রহণে অসমর্থ এবং মূঢ় জনেরও শোচনীয়। আহা! সংহার-কর্ত্তা কাল তাহাদিগের [illegible] আয়ু বৃথায় হরণ করিতেছেন; কায় মন ও বাক্যাদি সকল ইন্দ্রিয়ের ব্যাপারই এ জন্মে তাহাদিগের ব্যর্থ হইল! ॥১৪॥

আভাস।

তাৎপর্য্য উদ্‌ঘাটন প্রসঙ্গে প্রকাশ করা হইয়াছে যে, মহামুনি বেদব্যাস লোকের উপকারার্থ সুবৃহৎ ভারত গ্রন্থ প্রণয়ন করেন। কিন্তু তাহাতে কামিগণের কামবিষয়ের বর্ণনা ও লোভিগণের লোভ-বিষয়ের বর্ণনার দ্বারা বরং তাহাদিগের কাম ও লোভ

তদস্য কৌষারব শর্ম্মদাতুর্হরেঃ কথামেব কথাসু সারং।
উদ্ধৃত্য পুষ্পেভ্য ইবার্ত্তবন্ধো শিবায় নঃ কীর্ত্তয় তীর্থকীর্ত্তেঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

তৎ তস্মাৎ হে আর্ত্তবন্ধো (আর্ত্তানাং আধ্যাত্মিকাদি-তাপ-ত্রয়-পীড়িতানাং হিতকর) কৌষারব মৈত্রেয়! পুষ্পেভ্যঃ ইব (মধুকরো যথা পুষ্পেভ্যঃ মধু উদ্ধরতি তথা) শর্ম্মদাতুঃ পরমানন্দ-প্রদস্য তীর্থকীর্ত্তেঃ (তীর্থং সর্ব্বপাপনিবর্ত্তিকা কীর্ত্তি র্যস্য) অস্য হরেঃ ভগবতঃ কথাসু সারং কথাং এব উদ্ধৃত্য কথান্তরেভ্যঃ পৃথক্কৃত্বা নঃ অস্মাকং শিবায় পরমানন্দ-লব্ধয়ে কীর্ত্তয় কথয় ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

তৎ তস্মাৎ কৌষারব মৈত্রেয়। অস্য বিশ্বস্য শিবায় কথাসু সারভূতাং হরিকথামেবোদ্ধৃত্য কীর্ত্তয়। যথা পুষ্পভ্যো মধু মধুপ উদ্ধরতি তদ্বদুদ্ধৃত্য ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্তস্মাৎ হে কৌষারব ॥ ১৫ ॥

অতএব হে ত্রিতাপহারি মৈত্রেয়! মধুকর যেমন পুষ্পসমূহ হইতে কেবল মধুভাগ গ্রহণ করে, আপনিও সেইরূপ সর্ব্বকথার সার হরিকথা অন্যান্য সকল প্রসঙ্গ হইতে উদ্ধার করিয়া, পরমানন্দ প্রদানার্থ আমাদের নিকট কীর্ত্তন করুন্! ॥ ১৮ ॥

আভাস।

প্রবৃত্তির উত্তেজনাই করা হইয়াছে, স্বীকার করিতে হইবে; এবং তদ্দ্বারা তাহাদের উপকারের পরিবর্ত্তে বরং ঘোর অনিষ্টই সাধিত হইয়াছে, এরূপ আশঙ্কা করা কর্ত্তব্য নহে। কারণ মানবগণের শ্রবণ-লালসার বৃদ্ধির জন্য যেমন একস্থানে বিষয়-সম্ভোগের প্রশংসা করিয়াছেন, আবার অন্যত্র বিষয়ভোগের নিন্দাবাদ করত শ্রবণাসক্ত ব্যক্তিগণের চিত্তও ঈশ্বরপথে আকর্ষণ করত ঈশ্বরপথে নিক্ষেপ করাইয়া বেদব্যাসের বর্ণন-চাতুর্য্য প্রশংসনীয় হইয়াছে ॥ ১২ ॥

শ্রীহরির কথামাত্রে প্রবিষ্ট-চিত্ত মানবগণের অপূর্ব্ব ফল লাভ হয়, সন্দেহ নাই। এমন কি! যোগী বা জ্ঞানী বহু যত্নে বহু কালে ও বহুপরিশ্রমে যে ফলের অধিকারী হন, ভক্তিমান্ ও বিশ্বাসী শ্রোতা কেবল হরিলীলামৃত শ্রবণের গুণেই সেই ফল লাভ করিতে পারেন। শ্রদ্ধা-সহকারে ভগবানের গুণানুবাদ শ্রবণ করিলে, হরি-পাদপদ্মে এতই আসক্তি জন্মে যে, তাঁহাদের বিষয় সম্ভোগের কথা দূরে থাকুক্, ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্বর্গ ফলের প্রতিও তাঁহাদের দৃষ্টি থাকে না। মধুলোলুপ মধুকরের ন্যায়, ভগবচ্চরণারবিন্দের আনন্দ-মকরন্দে তাঁহাদের চিত্ত উন্মত্তের ন্যায় সংলগ্ন হয়; সুতরাং কাল বা প্রারব্ধ কর্ম্মভোগের প্রতিবন্ধক না মানিয়া, তাঁহাদের চিত্ত সমগ্র দুঃখোপশমনরূপ পরমা নির্ব্বৃতি লাভে জীবদ্দশাতেই তাঁহারা চিরকৃতার্থ হন ॥ ১৩ ॥

স বিশ্বজন্মস্থিতিসংযমার্থে কৃতাবতারঃ প্রগৃহীতশক্তিঃ।
চকার কর্ম্মাণ্যতিপূরুষাণি যানীশ্বরঃ কীর্ত্তয় তানি মহ্যং ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

বিশ্বজন্মস্থিতিসংযমার্থে সৃষ্টি-পালন-সংহারার্থং (পূর্ব্বং) প্রগৃহীতশক্তিঃ গৃহীতসত্ত্বাদি-গুণঃ সঃ ঈশ্বরঃ কৃতাবতারঃ সন্ অতিপুরুষাণি পুরুষৈঃ কর্ত্তুং অশক্যানি যানি কর্ম্মাণি চকার তানি মহ্যং কীর্ত্তয় ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

বিশেষতঃ শ্রীকৃষ্ণকথা কথনীয়া ইত্যাশয়েনাহ স ইতি। যো বিশ্বসর্গাদ্যর্থং পূর্ব্বং প্রগৃহীতশক্তিঃ স এব পুরুষেষু কৃতাবতারঃ সন্ পুরুষানতিক্রম্য বর্ত্তমানানি যানি চকার তানি বিস্তরাদ্দ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতো নিরাকাঙ্ক্ষত্বার্থমুক্তলক্ষণানাং মৎপ্রশ্নানামুত্তরং সংক্ষেপেণোক্ত্বা মধুরেণ সমাপয়েদিতি ন্যায়েন শ্রীকৃষ্ণাবতারকথৈব বিস্তার্য্য কীর্ত্তনীয়েত্যাহ স ইতি কৃতাঃ পূর্ব্বং পুরুষাদয়োঽবতারা যেন স মহ্যং মাং প্রসাদয়িতুং ॥ ১৬ ॥

বিশ্ব-সংসারের উৎপত্তি, পালন ও সংহারার্থ সেই লোকনাথ শ্রীহরি পূর্ব্বে সত্ত্বাদি গুণগণে পরিবৃত হইয়া অবতীর্ণ হন এবং যে সকল অলৌকিক কার্য্য সম্পাদন করেন, সেই সমস্ত আমার নিকট কীর্ত্তন করুন! ॥ ১৬ ॥

আভাস।

হরিকথা শ্রবণ সম্বন্ধে তিন প্রকার লোক দেখিতে পাওয়া যায়; প্রথম ভগবদ্ভক্তিই পরমপুরুষার্থ, ইত্যাকার বিশ্বাস-সহকারে শ্রদ্ধাপূর্ব্বক যাঁহারা অগ্রসর হন, তাঁহারাই শ্রদ্ধাবান্ বলিয়া কথিত। ভাগবতের অন্যত্রও বর্ণিত আছে, যে পর্য্যন্ত বিষয়ে বিতৃষ্ণা না জন্মে, সে পর্য্যন্ত নিত্য নৈমিত্তিক কর্ম্মের অনুষ্ঠান করা কর্ত্তব্য; অথবা (আমার) ভগবানের লীলাকথা শ্রবণার্থ যে পর্য্যন্ত ঐকান্তিকী শ্রদ্ধা না জন্মে, তাবৎ কাল পর্য্যন্ত বিধেয়"। অতএব ভগবদ্গুণানুকথনে দৃঢ়-বিশ্বস্ত ব্যক্তির আর কোন কর্ম্মই নাই; সেই শ্রদ্ধাবান্ ব্যক্তিই কৃতার্থ। দ্বিতীয়ত যাঁহারা ভগবদ্ভক্তির দ্বারাই পরমপুরুষার্থ লাভ হয়, এইরূপ মনে করেন, তাঁহারাই পুরুষার্থকে অধিক গণ্য করায়, ঈশ্বরপ্রেমে অশ্রদ্ধাবান্ বলিয়া পরিগণিত। আর যাঁহারা ভক্তির অপেক্ষা না করিয়া, বৈদিক কর্ম্ম ও যমাদি সাধন-বলে পুরুষার্থ লাভে যত্নবান্, তাঁহারাই ঈশ্বর-বিমুখ বলিয়া গণ্য। এক্ষণে বিদুর জগতে কাহাদের জন্য যে দুঃখ করা কর্ত্তব্য, সেই পাত্র নির্ব্বাচনার্থ পরম ভক্তিমানগণের প্রশংসা পূর্ব্বক দ্বিতীয় বিভাগভুক্ত অশ্রদ্ধাবানকে উপেক্ষা করিয়া বলিলেন যে, স্বর্গ বা মোক্ষসাধনে তৎপর ব্যক্তিগণই বিশুদ্ধ ভক্তিমানের পক্ষে শোকের পাত্র। আবার যাহারা ভক্তিহীন কেবল কর্ম্ম করিয়া ও যোগাদির বলে নিঃশ্রেয়স প্রাপ্তির জন্য লালায়িত ঐ

শ্রীশুক উবাচ ॥

এবং স ভগবান্ পৃষ্টঃ ক্ষত্রা কৌষারবো মুনিঃ।
পুংসাং নিঃশ্রেয়সার্থেন তমাহ বহুমানয়ন্ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। এবং ক্ষত্রা বিদুরেণ, পৃষ্টঃ সঃ ভগবান্ কৌষারবঃ মুনিঃ মৈত্রেয়ঃ পুংসাং নিঃশ্রেয়সার্থেন তং বিদুরং বহুমানয়ন্ আহ ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

পুংসাং নিঃশ্রেয়সমেবার্থঃ প্রয়োজনং তেন হেতুনা পৃষ্টঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষত্রা কীদৃশেন পুংসাং কলৌ জনিষ্যমাণানাং নিঃশ্রেয়সং নিস্তার এবার্থো যস্য তেন তস্য শ্রীকৃষ্ণপার্ষদত্বেন কৃতার্থত্বাদেবেতি ভাবঃ ॥ ১৭ ॥

শুকদেব বলিলেন, হে মহারাজ! মানবগণের কেবল মঙ্গল-কামনায় বিদুর-কর্ত্তৃক এইরূপ অভিহিত হইয়া, মৈত্রেয় মুনি তাঁহাকে যথেষ্ট সম্মান প্রদর্শন পূর্ব্বক বলিলেন ॥ ১৭ ॥

আভাস।

সমস্ত শাস্ত্রতাৎপর্য্য অবধারণে সম্পূর্ণ অনভিজ্ঞ পণ্ডিতাভিমানী ব্যক্তিগণই নিতান্ত নিকৃষ্ট ও সকলের দুঃখ প্রকাশের পাত্র। পূর্ব্বসঞ্চিত পাপ-কর্ম্মই তাহাদিগকে ভক্তি-মার্গে গমনে প্রতিবন্ধক করে। অহো! স্ব স্ব মত স্থাপনার্থ তাহারা শাস্ত্রের কুতর্ক উত্থাপন পূর্ব্বক সভায় কেবল প্রগল্‌ভতারই পরিচয় দেয় মাত্র; কিন্তু সর্ব্বসংহারক কাল যে অজ্ঞাতসারে তাহাদের পরম ধন পরমায়ুঃ বৃথায় হরণ করিতেছে, তাহা তাহারা কিছু মাত্র লক্ষ্য করিতে পারে না ॥ ১৪ ॥

বিদুরের মতে ভক্তিপ্রদ ভগবানের লীলা-কথাই সকল কথার সার; এবং পুষ্পের গর্ভস্থ মধুর ন্যায়, ঐতিহাসিক বিবরণীর মধ্যে ভগবচ্চরিত্রই গ্রহণীয় ও শ্রোতব্য ॥ ১৫ ॥

তাঁহার প্রশ্ন-সমূহের তাৎপর্য্যই এই যে, প্রশ্নসমূহের উত্তর সংক্ষেপে প্রদান করিয়া সর্ব্বশেষে অমৃতময় শ্রীকৃষ্ণের অবতার-বিষয় বিস্তার পূর্ব্বক মৈত্রেয় মুনি বর্ণন করুন! কারণ ভগবান্ যখন কৃপা বিতরণার্থই অবতার গ্রহণ করিয়াছেন, তখন অবতার-কথা শ্রবণে ভগবান্ নিশ্চয়ই তাহার প্রতি প্রসন্ন হইয়া, কৃপাকটাক্ষ বিতরণ করিবেন, সন্দেহ নাই ॥ ১৬ ॥

শুকদেব বলিলেন. কলিগ্রস্ত মানবগণের নিস্তার-লাভের প্রধান উপায়-স্বরূপ কৃষ্ণকথা-

---

মুনিঃ মননশীলঃ। উৎপত্তিঞ্চ বিনাশঞ্চ ভূতানামাগতিং গতিং। বেত্তি বিদ্যামবিদ্যাঞ্চ স বাচ্যো ভগবানিতি। উৎপত্ত্যাদিজ্ঞানসম্পন্নঃ কৌষারবঃ কুষারক-পুত্রঃ মৈত্রেয়ঃ ॥ ১৭ ॥

মৈত্রেয় উবাচ ॥

সাধু পৃষ্টং ত্বয়া সাধো লোকান্ সাধ্বনুগৃহ্নতা।
কীর্ত্তিং বিতন্বতা লোকে আত্মনোঽধোক্ষজাত্মনঃ ॥ ১৮ ॥
নৈতচ্চিত্রং ত্বয়ি ক্ষত্তর্বাদরায়ণ-বীর্য্যজে।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। হে সাধো! (সাধ্নোতি স্বপরকার্য্যমিতি সাধুঃ) লোকান্ সাধু সম্যগ্ অনুগৃহ্নতা (কথাপ্রচারেণ লোকানামুদ্ধারো ভবতু) তথা অধোক্ষজাত্মনঃ কৃষ্ণপ্রাণস্য, আত্মনঃ স্বস্য, কীর্ত্তিং লোকে বিতন্বতা বিস্তারয়তা ত্বয়া সাধু সুষ্ঠু পৃষ্টং এব ॥ ১৮ ॥

হে ক্ষত্তঃ যৎ যস্মাৎ ত্বয়া অনন্যভাবেন একান্তভক্ত্যা হরিঃ সর্ব্বদুঃখহর্ত্তা ঈশ্বরঃ

শ্রীধরস্বামী।

বহুমানমেবাহ সাধ্বিতি পঞ্চভিঃ। অধোক্ষজ এবাত্মা মনো যস্য তস্যাত্মনঃ স্বস্য কীর্ত্তিঞ্চ প্রসঙ্গাদিতন্বতা ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অধোক্ষজ এব আত্মা মনো যস্য তস্য আত্মনঃ [illegible] ॥ ১৮ ॥

হে বিদুর! তুমি প্রকৃতই সাধু! অতি উত্তম কথা জিজ্ঞাসা করিয়াছ। ভগবান্ অধোক্ষজে তোমার মন সমর্পিত রহিয়াছে। এতাদৃশ প্রশ্নে জগজ্জনের প্রতি তোমার বিশেষ অনুগ্রহ করা হইল এবং ইহাতে জগতে তোমারও বিশেষ কীর্ত্তি বিস্তার হইবে, সন্দেহ নাই ॥ ১৮ ॥

দেখ বিদুর! একেত তুমি বাদরায়ণির বীর্য্যে জন্ম গ্রহণ করিয়াছ, তাহাতে আবার সর্ব্ব-দুঃখহর্ত্তা ভগবান্ শ্রীহরিকে একান্ত ভক্তিভরে যেরূপ

আভাস।

বিষয়ক প্রশ্ন করায় বিশেষ গৌরব মনে করিয়া, মৈত্রেয় ঋষি বিদুরের যথেষ্ট সম্মান করত তাঁহাকে বলিয়াছিলেন ॥ ১৭ ॥

এই অপূর্ব্ব মনুষ্য-যোনি প্রাপ্ত হইয়া, যে ব্যক্তি নিজের এবং পরের মঙ্গল-কামনায় সতত উদ্যোগী থাকেন, তিনিই সাধু-শব্দবাচ্য। অতএব হে বিদুর! তুমিই প্রকৃত সাধু! কারণ ঈদৃশ প্রশ্ন করিয়া, তুমি জগতের ও নিজের মঙ্গলই প্রার্থনা করিয়াছ। ভগবল্লীলা প্রচারে যেমন সাধারণ মানবের উপকার হইবে, তৎসঙ্গে প্রচার নিবন্ধন তুমিও যশস্বী হইবে। সমগ্র ধরাধামে তুমি যে সেই অবাঙ্মনসগোচর ভগবানের একজন প্রিয় ভক্ত! এই কীর্ত্তি জগতে চিরকাল বিদ্যমান থাকিবে ॥ ১৮ ॥

দেখ! এরূপ সদনুষ্ঠান তোমার ন্যায় শ্রেষ্ঠ ব্যক্তিতেই সঙ্গত; কারণ যাহার জন্ম সাক্ষাৎ বেদব্যাসের ঔরসে এবং সর্ব্বলোকের দুঃখহর্ত্তা হরি যাঁহার হৃদয়-মন্দিরে অচ্যুত

গৃহীতোঽনন্যভাবেন যত্ত্বয়া হরিরীশ্বরঃ ॥ ১৯ ॥
মাণ্ডব্যশাপাদ্ভগবান্ প্রজাসংযমনো যমঃ।
ভ্রাতুঃ ক্ষেত্রে ভুজিষ্যায়াং জাতঃ সত্যবতীসুতাৎ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

শ্রীকৃষ্ণঃ গৃহীতঃ চিত্তে ধৃতঃ, অতঃ বাদরায়ণবীর্য্যজে বেদব্যাসাত্মজে ত্বয়ি এতৎ চিত্রং আশ্চর্য্যং ন ভবতি ॥ ১৯ ॥

প্রজাসংযমনঃ প্রজানাং স্বস্থান-প্রাপ্তানাং সংযমনঃ দণ্ডয়িতা ভগবান্ ধর্ম্মাধর্ম্মবিবেচকঃ যমঃ এব মাণ্ডব্যস্য মুনেঃ শাপাৎ ভ্রাতুঃ সত্যবতীসুতস্য বিচিত্রবীর্যস্য ক্ষেত্রে (ভার্য্যাত্বেন গৃহীতায়াং) ভুজিষ্যায়াং দাস্যাং সত্যবতীসুতাৎ ব্যাসাৎ (ত্বং) জাতঃ (অসি) ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

হরি র্যদ্ গৃহীত এতচ্চিত্রং ন ভবতি কুতঃ বাদরায়ণ-বীর্য্যজে ॥ ১৯ ॥

নন্থ তর্হি কথং শূদ্রত্বং কথঞ্চ লোকানুগ্রাহকত্বং তত্রাহ মাণ্ডব্য-শাপাদিতি। ভ্রাতুর্বিচিত্রবীর্য্যস্য ক্ষেত্রে ক্ষেত্রত্বেন স্বীকৃতায়াং ভুজিষ্যায়াং দাস্যাং যম এব ত্বং জাতোঽসি ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বয্যেতন্নাশ্চর্য্যং যতো বাদরায়ণস্য বীর্য্যাজ্জাতে যতশ্চ গৃহীত ইত্যাদি ॥ ১৯ ॥

ন ত্বং প্রাকৃতো লোক স্বামহং পরিচিনোম্যেতত্তোঽহং মাণ্ডব্যেতি। ভ্রাতুর্বিচিত্রবীর্য্যস্য ক্ষেত্রে ক্ষেত্রত্বেন স্বীকৃতায়াং ভুজিষ্যায়াং দাস্যাং ॥ ২০ ॥

হৃদয়ে ধারণ করিয়াছ, তাহাতে এরূপ সর্ব্বলোকের মঙ্গলকারী প্রশ্ন তোমা কর্ত্তৃক করা কিছু আশ্চর্য্য নহে ॥ ১৯ ॥

তুমি একজন সাধারণ মনুষ্য নহ! ধর্ম্মাধর্ম্মের বিচারক, লোক-সংযমনকারী সাক্ষাৎ ধর্ম্মরাজ যমই তুমি! কেবল মাণ্ডব্য ঋষির শাপে সত্যবতী-নন্দন বিচিত্রবীর্য্যের শূদ্রাণী পত্নীর গর্ভে ও ভক্ত সত্যবতী-তনয় ব্যাসদেবের ঔরসে তুমি জন্ম পরিগ্রহ করিয়াছ! ॥ ২০ ॥

আভাস।

ভাবে প্রতিষ্ঠিত, তাঁহার পক্ষে এরূপ কার্য্য কিছু বিচিত্র নহে। ক্ষেত্রের দোষ তোমাকে স্পর্শ করিতে পারে নাই। কারণ তুমি নিজেও সাধারণ মনুষ্য নহ। সাক্ষাৎ ধর্ম্মরাজ যমই তুমি। পূর্ব্বে প্রকাশ করা হইয়াছে যে, মাণ্ডব্য ঋষি মিথ্যা চৌর্য্যাপরাধে দূষিত হইয়া, রাজাজ্ঞায় শূলে নিক্ষিপ্ত হন। যম সন্নিধানে তিনি নিজের পূর্ব্বকৃত পাপের বিষয় প্রশ্ন করিয়া যখন অবগত হইলেন যে, বাল্য-জীবনে ক্রীড়াচ্ছলে একটী পতঙ্গদেহে কণ্টক প্রবেশের অপরাধে পর জীবনে তাঁহাকে সেই শূলাহত হইতে হইয়াছে, তখন তিনি অন্যায়

ভবান্ ভগবতো নিত্যং সম্মতঃ সানুগস্য হ।
যস্য জ্ঞানোপদেশায় মাদিশদ্ভবান্ ব্রজন্ ॥ ২১ ॥
অথ তে ভগবল্লীলা যোগমায়োরুবৃংহিতাঃ।

অন্বয়ঃ।

সানুগস্য স্বভক্তৈঃ সহিতস্য, শ্রীকৃষ্ণস্য ভবান্ নিত্যং সদা, সম্মতঃ প্রীতিবিষয়ঃ, যস্য তব, জ্ঞানোপদেশায় (বৈকুণ্ঠং) ব্রজন্ ভগবান্ মা মাং, আদিশৎ ॥ ২১ ॥

অথ অর্থান্তরে যোগমায়োরুবৃংহিতাঃ যোগমায়য়া সংবর্দ্ধিতাঃ, বিশ্বস্থিত্যুদ্ভবাস্তার্থাঃ

শ্রীধরস্বামী।

কিঞ্চ ভবানিতি। কুতঃ যস্য তব জ্ঞানোপদেশায় মামাদিষ্টবান্। চকারাৎ স্বয়মপি স্মৃত্যৈবোপদিষ্টবানিতি ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন কেবলং যমত্বেন ত্বমধিকৃত ভক্ত এব কিন্তু ভগবন্নিত্যপার্ষদোঽপি প্রকাশান্তরে ভবসীত্যাহ ভবানিতি। মা মাং ব্রজন্ বৈকুণ্ঠং গচ্ছন্ ॥ ২১ ॥

তত্র প্রথমং যথা সসর্জ্জাগ্র ইদং নিরীহ ইতি তৎপ্রশ্নস্যোত্তরত্বেন পুরুষাবতার-লীলাং বক্ষ্যীত্যাহ। যোগমায়া স্বরূপশক্তিবৃত্তবিশেষঃ তয়া উপবৃংহিতা স্বাংশমায়াদ্বারা বিস্তারিতাঃ বিশ্বস্থিত্যাদয়ঃ অর্থা বিষয়া যাসাং তাঃ মায়াশক্তে র্যোগমায়াংশ-ভূতত্বস্য নারদ-

---

বিশেষত ভগবান্ শ্রীকৃষ্ণ ও তাঁহার ভক্তগণের তুমি একজন নিতান্ত প্রিয় পাত্র। এমন কি! শ্রীকৃষ্ণ বৈকুণ্ঠ গমন কালে তোমাকে উপদেশ প্রদানার্থ আমাকে আদেশ করিয়া গিয়াছেন ॥ ২১ ॥

এক্ষণে যোগমায়ার দ্বারা অতি বিস্তৃত, এই সংসারের উৎপত্তি, স্থিতি ও লয়-সম্বন্ধিনী ভগবানের যাবতীয় লীলা আমি আনুপূর্ব্বিক তোমার নিকট

আভাস।

দণ্ড বিধানার্থ যম-রাজকে অভিসম্পাত প্রদানে বলেন যে, তুমি শূদ্র হইয়া শত বর্ষ পৃথিবীতে পর্য্যটন কর। সেই শাপ প্রভাবে তুমি কেবল এই নর-জন্ম ধারণার্থ বিচিত্র-বীর্য্যের কামপত্নী শূদ্রাণীর গর্ভে এবং ব্যাস জননী সত্যবতীর আজ্ঞানুক্রমে ব্যাসের ঔরসে জন্ম পরিগ্রহকরিয়াছ। তুমি প্রকৃত শূদ্র নহ ॥ ১৯ ॥ ২০ ॥

— হে বিদুর! তুমি কেবল ভক্ত নহ, ভগবানেরও একজন প্রধান প্রিয় পাত্র। তোমার প্রতি তাঁহার বিশেষ লক্ষ্য আছে। তিনি বৈকুণ্ঠে গমন কালেও তোমার কথা স্মরণ করত, তোমাকে উপদেশ প্রদানার্থ আমাকে আদেশ করিয়া গিয়াছেন ॥ ২১ ॥

এক্ষণে ভগবান্ স্বয়ং নিষ্কামী হইয়াও, সর্ব্বাগ্রে এই জগৎব্রহ্মাণ্ড যেরূপে রচনা করিয়াছিলেন, তোমার এই প্রশ্নের উত্তর প্রদানার্থ পুরুষাবতারের লীলা বিষয় বর্ণনা

বিশ্বস্থিত্যুদ্ভবান্তার্থা বর্ণয়াম্যনুপূর্ব্বশঃ ॥ ২২ ॥
ভগবানেক আসেদমগ্র আত্মাত্মনাং বিভুঃ।

অন্বয়ঃ।

বিশ্বস্য পালনোৎপত্তি-সংহারবিষয়াঃ, ভগবল্লীলাঃ তে তুভ্যং অনুপূর্ব্বশঃ সৃষ্ট্যাদিলীলাক্রমেণ বর্ণয়ামি ॥ ২২ ॥

ইদং (পরিদৃশ্যমানং নামরূপাত্মকং জগৎ) আত্মেচ্ছানুগতৌ (স্বস্যৈকাকিত্বেনাবস্থানে-চ্ছায়াং সত্যাং) নানামত্যুপলক্ষণঃ (নানামতিভিঃ দ্রষ্টৃদৃশ্যাদিমতিভিঃ ন উপলভ্যমানঃ)

শ্রীধরস্বামী।

বিশ্বস্থিত্যাদয়ঃ অর্থো বিষয়ো যাসাং তাঃ ॥ ২২ ॥

তত্র সৃষ্টিলীলাং বর্ণয়িতুং ততঃ পূর্ব্বাবস্থামাহ। ইদং বিশ্বং অগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং পরমাত্মা ভগবানেক এবাস আসীৎ। আত্মনাং জীবানাং আত্মা স্বরূপং। বিভুঃ স্বামী চ। নান্যদ্দৃষ্টৃদৃশ্যাত্মকং কিঞ্চিদাসীৎ। কারণাত্মনা সত্ত্বেঽপি পৃথক্ প্রতীত্যভাবাদিত্যাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পঞ্চরাত্রে দৃষ্টত্বাৎ ॥ ২২ ॥

সৃষ্টিলীলাং বর্ণয়িতুং ততঃ পূর্ব্বাবস্থামাহ ইদং বিশ্বমগ্রে সৃষ্টেঃ পূর্ব্বং ভগবান্ ষড়ৈশ্বর্য্য-পূর্ণ এক এবাস আসীৎ। ভগবতি লীনত্বেন ভগবতোঽধিষ্ঠানকারণত্বাদিত্যেকে। ভগবচ্ছক্তি-কার্য্যত্বাদিত্যন্যে। যদ্বা ইদমগ্রে ইত্যেকপদ্যেন অস্যাঃ সৃষ্টেঃ পূর্ব্বমিত্যর্থঃ। তথা সএব যোগ-মার্গেণোপাস্য আত্মনাং জীবানামাত্মা অন্তর্যামী তথা সএব জ্ঞানমার্গেণোপাস্যঃ সর্ব্ব-

---

বর্ণন করিতেছি শ্রবণ কর! ॥ ২২ ॥

এই বিবিধ নাম ও রূপে অভিব্যক্ত জগৎ সৃষ্টির পূর্ব্বে কিরণ-জালের আশ্রয়ীভূত অংশুমালীর ন্যায়, প্রাণীজগতের মণ্ডল-স্থানীয় স্বয়ংসিদ্ধ ভগবৎস্বরূপেই সন্নিবেশিত ছিল। তৎকালে দ্রষ্টা বা দৃশ্য এই দ্বৈতভাবের

আভাস।

করিব। এবং যোগমায়ার দ্বারা এই সৃষ্টিকার্য্য যেরূপে বিস্তৃত হইয়াছে, তাহাও বর্ণন করিতেছি, শ্রবণ কর! ॥ ২২ ॥

অনন্ত সৃষ্টির লীলা বর্ণনের পূর্ব্বে সৃষ্টির পূর্ব্বাবস্থা বর্ণন করা প্রয়োজন। যেমন মৃত্তিকার জ্ঞান হইলে, তদুৎপন্ন যাবতীয় ঘট সরাবাদি অনায়াসে উপলব্ধ হয়, সেইরূপ সৃষ্টির পূর্ব্বাবস্থা পরিজ্ঞাত থাকিলে, অনন্ত সৃষ্টির বিচিত্রতাতে চিত্ত বিমোহিত হয় না। মৈত্রেয় ঋষি প্রথমত সৃষ্টির আরম্ভ বলিতে গিয়া, সৃষ্টি যে কিছু নহে, "মায়ামাত্র মিদং দ্বৈতং; অদ্বৈতং পরমার্থতঃ" এই পরিদৃশ্যমান জগৎ কেবল মায়ার বিকাশ মাত্র। যেমন স্বপ্নকালে অলিক স্বাপ্নিক বস্তুকে মানবের সত্য বলিয়া জ্ঞান হয়, কিন্তু প্রকৃত মিথ্যা, তদ্রূপ মায়ার বিকাশে মাত্র এই জগৎ সত্য; বস্তুত মায়ামাত্র। পারমার্থিক ভাবে এক অদ্বৈত

আত্মেচ্ছানুগতাবাত্মা নানামত্যুপলক্ষণঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

আত্মনাং (জীবানাং রশ্মিস্থানীয়ানাং) আত্মা (মণ্ডলস্থানীয়ং পরমস্বরূপং) একঃ অদ্বিতীয়ঃ বিভুঃ স্বামী আত্মা স্বয়ংসিদ্ধঃ ভগবান্ (এব) আস আসীৎ ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

অনানামত্যুপলক্ষণঃ। নানাদ্রষ্টৃদৃশ্যাদিমতিভি র্নোপলক্ষ্যতে ইতি তথা। যদ্বা অকার-প্রশ্লেষং বিনৈবায়মর্থঃ। যঃ সৃষ্টৌ নানামতিভিরুপলক্ষ্যতে স তদা এক এবাসীদিতি। কুতঃ আত্মেচ্ছা যা মায়া তস্যা অনুগতৌ লয়ে সতি। যদ্বা আত্মন একাকিত্বেন অবস্থানেচ্ছায়া-মনুবৃত্তায়ামিত্যর্থঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যাপকো ব্রহ্মেত্যর্থঃ। এবমুপাসকানাং ভক্তযোগিজ্ঞানিনাং মতভেদান্নানামতিভিরুপলক্ষ্যং যস্য সঃ। তথৈব শ্রুতয়োঽপি যথা বাসুদেবো বা ইদমগ্র আসীন্ন ব্রহ্মা নচ শঙ্কর ইতি। একো নারায়ণ এবাসীন্ন ব্রহ্মা নেশান ইতি। আত্মৈবেদমগ্র আসীদিতি। সদেবাসীদিত্যাদ্যাঃ। নন্বু সৃষ্টেঃ পূর্ব্বমপি কং সময়মারভ্য স এক আসেত্যপেক্ষায়ামাহ আত্মনাং জীবানাং তথা ইচ্ছায়াঃ সিসৃক্ষায়াশ্চ অনুগতৌ লয়ে সতি প্রাচীনপ্রাকৃতিক-প্রলয়মারভ্যেত্যর্থঃ ॥ ২৩ ॥

কোন পরিচয় ছিল না; ভগবান্ একাকী অবস্থানের অভিপ্রায়ে যাবতীয় শক্তি আপনাতে উপসংহার করত, এক অদ্বিতীয় পরমাত্ম-স্বরূপে বিশ্রাম করিতেছিলেন ॥ ২৩ ॥

আভাস।

পরমাত্মাই নিত্য ও সত্য। এই বাক্যাভাস অন্তরে রাখিয়া বলিলেন, এই বিশ্ব রচনার পূর্ব্বে ষড়ৈশ্বর্য্যপূর্ণ অদ্বিতীয় ভগবান্ মাত্র ছিলেন। বিশ্ব ভগবানেই লীন ছিল; কিন্তু আকাশ হইতে মেঘের উদয় হইয়া, সমগ্র নভোমণ্ডল মেঘ-মালায় পরিব্যাপ্ত হয়; আবার কালক্রমে কথঞ্চিৎ বর্ষণ করিয়া, মেঘ আকাশেই প্রলীন হয়, সেইরূপ ভগবান্ হইতে জগৎ উৎপন্ন হইয়া, কালক্রমে অব্যক্তরূপে ভগবানেই প্রলীন হয় বলিলে, ভগবানে বিকার স্বীকার করিতে হয়। বিকার স্বীকার করিলে, বিকার উৎপাদনের হেতু ও ঈশ্বরান্তর গণনীয়। সুতরাং অনবস্থা দোষের প্রসঙ্গ ঘটে। কোন একটী স্থির সিদ্ধান্ত লাভ হয় না। অতএব ঈশ্বরে জগৎ প্রলীন না বলিয়া, ঈশ্বরাধিষ্ঠিত মায়ায় জগৎ প্রলীন বলা বরং সুসঙ্গত। পরমাত্মা হইতে মায়া পৃথক্ বা ভিন্ন বলিয়া স্বীকার্য্য নহে; মায়া ভগবানেরই শক্তি। সেই শক্তির বিকাশে বা বিকারে যখন জগৎ প্রসূত হয়, তখন অনুপ্তচৈতন্য স্বয়ংজ্যোতিঃ ভগবানে পরিণামবাদ স্পর্শ না করিলেও, ভগবচ্ছক্তিতে যখন জগৎ প্রলীন বা সেই শক্তি হইতে যখন জগৎ উৎপন্ন, তখন ভগবান্

স বা এষ তদা দ্রষ্টা নাপশ্যদ্ দৃশ্যমেকরাট্।

অন্বয়ঃ।

সঃ বা (বৈ অবধারণে) এষঃ একরাট্ (এক এব রাজতে) সুপ্তশক্তিঃ (সুপ্তাঃ বিলীনাঃ মায়াদয়ঃ শক্তয়ো যস্য সঃ) তথাপি অসুপ্তদৃক্ অলুপ্তচিচ্ছক্তিঃ, (ভগবান্) তদা দ্রষ্টা সন্

শ্রীধরস্বামী।

তত্র প্রথমং মায়োদ্ভব-প্রকারমাহ দ্বাভ্যাং। স বৈ দ্রষ্টা সন্ দৃশ্যং নাপশ্যৎ যত একরাট্ এক এব তদা প্রকাশতে। তদা আত্মানং অসন্তমিব মেনে। দৃশ্যাভাবাদ্দ্রষ্টৃত্বাভাবাৎ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সবৈ নিশ্চিতং দ্রষ্টা প্রকৃতীক্ষণকর্ত্তা পুরুষঃ তদা সৃষ্ট্যারম্ভকালে দৃশ্যং সৃষ্ট্যর্থং দ্রষ্টব্যং প্রধানং নাপশ্যৎ। ততশ্চাত্মানং স্বং বিরাজন্তমপি অসন্তমেব মেনে। গৃহিণীং বিনা গৃহস্থ ইবেতি কাব্যরীত্যোক্তিঃ। যদ্বা উৎপৎস্যমানং আত্মানং সমষ্টিবিরাজং স্বস্মিন্ সূক্ষ্ম-রূপেণ সন্তমপ্যসন্তমেব মেনে প্রকৃতীক্ষণং বিনা তস্য প্রাকট্যাসম্ভবাদিতি ভাবঃ। নন্থ

মায়াকারিণী বহিরঙ্গা শক্তিসমূহ নিজস্বরূপে বিলীন থাকিলেও, অলুপ্ত-চৈতন্য ভগবান্ দ্রষ্টাস্বরূপে একাকী স্বীয় অদ্বিতীয় ভাবে বিদ্যমান থাকিলেও,

আভাস।

হইতে উৎপন্ন ও ভগবানে প্রলীন বলায়, কোন দোষ স্পর্শ করে না। কিম্বা "ইদমগ্রে" এই শব্দকে ইদমঃ অগ্রং ইদমগ্রং এই ষষ্ঠীতৎপুরুষ সমাস দ্বারা একপদ করত, এই সৃষ্টির অগ্রে অর্থাৎ পূর্ব্বে এক ব্রহ্ম মাত্র ছিলেন, বলাও অসঙ্গত নহে। সামবেদীয় ছান্দোগ্য উপনিষদ্ মন্ত্রেও উক্ত হইয়াছে, "সদেব সৌম্যেদমগ্র আসীৎ একমেবাদ্বিতীয়ং" হে সৌম্য! এই জগৎ সৃষ্টির পূর্ব্বে এক সৎ রূপে বিদ্যমান ছিল; নাম বা রূপ কিছুই ছিল না। কারণ নামরূপোদ্ভবস্যৈব সৃষ্টিত্বাৎ সৃষ্টিতঃ পুরা। নামরূপে ন আস্তাম্ ইতি অর্থাৎ এক অদ্বিতীয় হইতে নাম ও রূপের উদ্ভবের নামই সৃষ্টি। অতএব সৃষ্টির পূর্ব্বে নাম বা রূপ উৎপন্ন না হইয়া, এক সৎস্বরূপে বিদ্যমান থাকাই প্রলয় বা জগতের প্রলীন ভাব; এবং এক এই অদ্বিতীয় সৎভাবই পরমাত্ম-সত্তা। "আত্মনাং জীবানাং" প্রাণিগণের আত্মা অর্থাৎ অন্তর্যামী বলিয়া ঐ পরম সতের একটী বিশেষণ পদ শ্লোকে উল্লেখ করায়, প্রকাশ করা হইয়াছে যে, কেবল সতের উপলব্ধি হয় না; তিনি চৈতন্যঘন সৎ। যোগ মার্গ অবলম্বনে যোগিগণ সেই সচ্চিৎ বিগ্রহকেই উপাসনা করিয়া থাকেন। তিনি জীবের অন্তর্যামিরূপে নিত্য হৃদয়-মন্দিরে বিরাজ করিতেছেন। "বিভুঃ" এই বিশেষণ পদটীর দ্বারা প্রকাশ করা হইয়াছে যে, যেমন অলঙ্কারাদিতে সুবর্ণ এবং ঘটাদিতে মৃত্তিকা নিত্য অনুস্যূত, সেইরূপ এই বিরাট্ ব্রহ্মাণ্ডের মহৎ হইতে মহৎ বস্তু বা অণু হইতে পরমাণু পর্য্যন্ত যাবতীয় পদার্থে অনুস্যূত ভাবে ব্যাপ্ত থাকিয়া, ভগবান্ পরমব্রহ্ম নামে অভিহিত হইয়াছেন। জ্ঞানিগণ বিবেক-বলে বিচার করত, এই পরম সত্যে উপনীত হইয়া;

মেনেঽসন্তমিবাত্মানং সুপ্তশক্তিরসুপ্তদৃক্ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

অপি দৃশ্যং বস্তু ন অপশ্যৎ (অতো দৃশ্যাভাবে দ্রষ্টৃত্বাভাবাৎ সন্তমপি) আত্মানং অসন্তং ইব মেনে ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

তদাহ সুপ্তা মায়াদ্যাঃ শক্তয়ো যস্য সঃ। ন ত্বসন্তমেব মেনে। যতঃ অসুপ্তা দৃক্ চিচ্ছক্তির্যস্যেতি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৃষ্ট্যৈব ভোগ্যা সা কান্তা মায়া তস্য তদা কীদৃশ্যাসীত্তত্রাহ। সুপ্তা স্বাপবতী শক্তির্মায়া যস্য সঃ। নহি স্বাপবতী কান্তা সংভুজ্যত ইতি ভাবঃ। কিঞ্চ তস্যানন্দার্থমন্যাঃ সুভগা বহ্ব্য এব কান্তা জাগ্রত্য এব বর্ত্তন্ত ইত্যাহ অসুপ্তা দৃশশ্চিচ্ছক্তিবৃত্তয়ো লক্ষ্যান্তা যস্য সঃ। তদপি বিশ্বসৃষ্ট্যাদ্যর্থং বহিরঙ্গা গুর্ভগাপি মায়াশক্তিস্তদানীমুপেক্ষিতব্যেবেতি ভাবঃ ॥ ২৪ ॥

দর্শনীয়ের অভাবে, আপনাকে অসত্যের ন্যায় অনুভব করিলেন ॥ ২৪ ॥

আভাস।

তাঁহাকেই উপাসনা করিয়া থাকেন। সেই জন্যই বলিয়াছেন, নানামত্যুপলক্ষণঃ" অর্থাৎ ভক্ত, যোগী, জ্ঞানী ও কর্ম্মী প্রত্যেকেই ভিন্ন মতাবলম্বী হইলেও, কার্য্যের অবসানে এক তাঁহাকেই আশ্রয়রূপে প্রাপ্ত হইয়া থাকেন। কিম্বা সৃষ্টির পর যেমন জ্ঞাতা ও জ্ঞেয় এই উভয় পদার্থ দৃষ্ট হয়, সৃষ্টির পূর্ব্বে এই ভেদ না থাকায় পরমাত্মা, "অনানামত্যুপলক্ষণঃ" দ্রষ্টা ও দৃশ্য এই উভয় বুদ্ধির অতীত অবস্থায় বিদ্যমান থাকেন। এস্থলে অন্যান্য শ্রুতিও এ সম্বন্ধে ঐরূপ মতই প্রকাশ করিয়াছেন যথা; এক নারায়ণ মাত্র পূর্ব্বে ছিলেন, তৎকালে ব্রহ্মা বা ঈশানের নাম মাত্রও উল্লেখ নাই। এক্ষণে এই প্রলয়াবস্থা কখন? এবং কি কারণে ঘটে, এই প্রশ্নের উত্তর প্রদানার্থ শ্লোকে বলা হইয়াছে, "আত্মেচ্ছানুগতৌ" সৃষ্টির ইচ্ছাময়ী মায়ার বিরামে, ভগবান্ একাকী অবস্থানের অভিপ্রায় করিলে, প্রাচীন প্রাকৃতিক লয়ের আরম্ভ হইতে পুনঃ সৃষ্টির উদ্গমকাল পর্য্যন্ত ভগবানের শান্তভাব ॥ ২৩ ॥

পরবর্ত্তী শ্লোকদ্বয়ের দ্বারা মায়ার উৎপত্তি-বিবরণ বর্ণিত হইয়াছে। সৃষ্টির প্রাক্‌কালে প্রকৃতির ঈক্ষণকারী দ্রষ্টা পরমপুরুষ সৃষ্টির অভিপ্রায়ে দর্শন করিলেও, যখন স্ব স্বরূপ ব্যতীত দর্শন অন্য প্রধানাদি অবলোকন করিলেন না, তখন দৃশ্যাভাবে আপনাকেও অসতের ন্যায় অনুভব করিতে লাগিলেন। কারণ জ্ঞেয় বিষয় না থাকিলে, জ্ঞপ্তিভাবের স্ফূর্ত্তি হয় না। "ন গৃহং গৃহমিত্যাহু র্গৃহিণী গৃহমুচ্যতে"। যেমন গৃহস্থ ব্যক্তি গৃহ সত্বেও কেবল এক গৃহিণীর অভাবে আপনাকে গৃহস্থ জানিয়াও, গৃহশূন্যের ন্যায় জ্ঞান করে, সেইরূপ পরম পুরুষ জগৎপ্রসবকারিণী বহিরঙ্গা লীলাশক্তির অভাবে আপনাকে অসতের ন্যায় বোধ করিলেন। কিম্বা ভগবান্ যদবধি প্রকৃতিকে ঈক্ষণ করেন নাই,

সা বা এতস্য সংদ্রষ্টুঃ শক্তিঃ সদসদাত্মিকা।
মায়া নাম মহাভাগ যয়েদং নির্ম্মমে বিভুঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

হে মহাভাগ! সা বা (দ্রষ্টৃদৃশ্যা অনুসন্ধানরূপা) সদসদাত্মিকা কার্য্যকারণরূপা, এতস্য সংদ্রষ্টুঃ চৈতন্যস্বরূপস্য মায়ানাম শক্তিঃ যয়া শক্ত্যা, বিভুঃ ভগবান্, ইদং বিশ্বং, নির্ম্মমে ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

সা বৈ দ্রষ্টৃদৃশ্যানুসন্ধানরূপা সদসদাত্মিকা কার্য্যকারণরূপা। যদ্বা সৎ দৃশ্যং অসৎ অদৃশ্যং আত্মা স্বরূপং তয়োরাত্মা যস্যাঃ তস্যাঃ তদুভয়ানুসন্ধানরূপত্বাৎ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

ততশ্চ তদিচ্ছয়া সা মায়াশক্তি স্তদা জজাগারেত্যাহ সা প্রসিদ্ধা বৈ নিশ্চিতং সদসদাত্মিকা কার্য্যকারণরূপা। ইদং বিশ্বং। বিভুঃ পরমেশ্বরঃ ॥ ২৫ ॥

সাক্ষীভূত চৈতন্যস্বরূপ দ্রষ্টার দৃষ্টিতে অনুসন্ধানরূপা সৎ বা অসৎ এই উভয় হইতে অনির্ব্বাচনীয়া অথচ স্থূল ও সূক্ষ্মরূপে প্রতীয়মানা সৃষ্টির আদিকারণ, যদ্দ্বারা ভগবান্ এই বিশ্ব রচনা করিয়াছেন, সেই সর্ব্বমূলস্বরূপা মায়া পরমেশ্বরেরই শক্তি মাত্র ॥ ২৫ ॥

আভাস।

সমষ্টি ও ব্যষ্টিবিশিষ্ট প্রাপঞ্চিক ক্রীড়ার বস্তু আপনাকে সমর্পণ করিব। হে দেব! রাজপ্রাসাদ-নির্ম্মাতা সূত্রধরগণ যেমন রাজ-সদনে প্রচুর ধন ও সম্পত্তিলাভে অন্নাদি ভোজন-সামগ্রী প্রাপ্ত হয়, আমরাও আপনার ক্রীড়াভবন নির্ম্মাণে যেন অন্ন ভোজন করিতে পারি! আমাদিগের সৃষ্ট আপনার বৃত্তিস্থানীয় জীবশক্তি দেব তির্য্যক্ মনুষ্যাদি লোকবৃন্দ আপনার ও আমাদের উদ্দেশ্যে যাগ যজ্ঞাদির অনুষ্ঠান দ্বারা উপহার-স্বরূপ বলি প্রদান পূর্ব্বক যাহাতে স্ব স্ব কর্ম্মানুরূপ ফল ভোগ করিতে পারে, তাহার উপায় বিধান করুন! এই অর্থে শ্রুতিও বলিয়াছেন যে, বিবিধ জীবশক্তি যখন নির্ম্মিত হইল, তখন তাহারা নির্ম্মাতার সমীপে এরূপ ভোগায়তন দেহের প্রার্থনা করে, যাহাতে স্বচ্ছন্দে তাহারা তথায় প্রতিষ্ঠিত থাকিয়া অন্নাদি উপভোগ করিতে পায় ॥ ৪৭ ॥

ত্বং নঃ সুরাণামসি সান্বয়ানাং কূটস্থ আদ্যঃ পুরুষঃ পুরাণঃ।
ত্বং দেব শক্ত্যাং গুণকর্ম্মযোনৌ রেতস্ত্বজায়াং কবিমাদধেঽজঃ॥ ৪৮॥

অন্বয়ঃ।

হে দেব, কূটস্থঃ অবিক্রিয়ঃ, পুরুষঃ অধিষ্ঠাতা, পুরাণঃ চিরন্তনঃ, ত্বং সান্বয়ানাং সকার্য্যাণাং, নঃ অস্মাকং, সুরাণাং ত্বমেব আদ্যঃ কারণভূতঃ অসি। (যতঃ) গুণকর্ম্মযোনৌ (গুণানাং সত্ত্বাদীনাং কর্ম্মণাং জন্মাদীনাং চ যোনৌ কারণভূতায়াং) শক্ত্যাং অজায়াং প্রকৃতৌ, অজঃ এব ত্বং বিজ্ঞং মহত্তত্ত্বস্বরূপং রেতঃ গর্ভং, আদধে নিহিতবান্॥ ৪৮॥

শ্রীধরস্বামী।

অবশ্যঞ্চ ত্বয়াস্মাকমেষাঞ্চ কার্য্যোপাধীনাং জীবানাং বৃত্তিঃ পরিকল্পনীয়া জনকত্বাদিত্যাহুঃ নোঽস্মাকং সান্বয়ানাং স্বকার্য্যাণাং। যদ্বা অন্বেতীত্যন্বয়ঃ কারণং তৎসহিতানাং ত্বমেবাদ্যঃ কারণং। অত্র হেতবঃ কূটস্থঃ অবিক্রিয়ঃ। পুরুষঃ অধিষ্ঠাতা। পুরাণঃ পুরাতনঃ। এতদুপপাদয়ন্তি ত্বমিতি। হে দেব অজ এব ত্বং গুণানাং সত্ত্বাদীনাং কর্ম্মণাং জন্মাদীনাঞ্চ যোনৌ কারণভূতায়াং শক্ত্যাং মায়ায়াং প্রথমং রেত আদধে নিহিতবানসীত্যর্থঃ। কীদৃশং কবিং সর্ব্বজ্ঞং মহত্তত্ত্বরূপং॥ ৪৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সেব্যসেবকলক্ষণং সম্বন্ধমুপপাদয়ন্তি। নোঽস্মাকং সান্বয়ানাং অন্বেতীত্যন্বয়ঃ কারণং তৎসহিতানাং কূটস্থো নির্ব্বিকার এবাদ্য শ্চিন্তামণিরিব কারণং পুরুষোঽধিষ্ঠাতা পুরাণঃ পুরাতনঃ আদিশূন্য ইত্যর্থঃ। যতস্ত্বং হে দেব শক্ত্যাং মায়ায়াং গুণানাং সত্ত্বাদীনাং কর্ম্ম মহদাদিকং যত্র তথাভূতায়াং যোনৌ রেতঃ সমষ্টিজীবরূপং কবিং বিজ্ঞং আদধে অতোঽস্মাকং জীবানাঞ্চ পিতৃত্বাৎ ত্বমেব সেব্য ইতি ভাবঃ॥ ৪৮॥

হে দেব! আপনি কূটস্থ সর্ব্বান্তর্যামী সনাতন পুরুষ! আমাদের কৃত কার্য্য, অধিক কি! আমাদের স্ব স্বরূপের বীজভূত কারণও এক আপনি মাত্র। যেহেতু সত্ত্বাদি গুণত্রয়স্বরূপ জন্মাদির হেতুভূত কর্ম্মের যোনি-স্থানীয় প্রকৃতিতে আপনি মহত্তত্ত্ব নামক ক্রান্তদর্শী বীজ নিহিত করিয়াছেন॥ ৪৮॥

আভাস।

এই শ্লোকে সেব্য সেবক ভাবের পরিচয় প্রদান পূর্ব্বক বলিলেন, পিতা যেমন পুত্রের আহার ও বিহারের যাবতীয় উপকরণ সংগ্রহ করিয়া দেন, হে দেব! আমরা আপনার সৃষ্ট জীব! পুত্রের ন্যায় আমাদের ও অস্মৎকৃত প্রাণিবৃন্দের জীবিকা আপনি নির্ণয় করুন। আপনি সকলের আদিভূত সনাতন সর্ব্বাধিষ্ঠাতা পরমপুরুষ। আমরা সকলেই উৎপত্ত্যাদি পরিণামের অন্তর্গত। আপনি সর্ব্বশ্রেষ্ঠ জন্মাদি বিক্রিয়ার অতীত, পুরাতন পরম পুরুষ। যোনি-স্বরূপ কারণশক্তি মায়া-সলিলে ক্রান্তদর্শী জ্ঞানময় মহত্তত্ত্বরূপ রেত নিহিত করিয়া আমাদিগের জন্ম প্রদান করিয়াছেন; অতএব আমাদের ন্যায় জীবসম্বন্ধে আপনিই পিতা ও সেব্য; আমরা আপনার পুত্র ও সেবক ভৃত্য মাত্র!॥ ৪৮॥

ততো বয়ং মৎপ্রমুখা যদর্থে বভূবিমাত্মন্ করবাম কিন্তে।
ত্বং নঃ স্বচক্ষুঃ পরিদেহি শক্ত্যা দেব ক্রিয়ার্থে যদনুগ্রহাণাং ॥ ৪৯ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে মহদাদ্যুৎপত্তির্নাম পঞ্চমোঽধ্যায়ঃ ॥ * ॥ ৫ ॥ * ॥

অন্বয়ঃ।

হে আত্মন্ দেব! তাঃ মৎপ্রমুখাঃ মহদাদয়ঃ বয়ং যদর্থে বভূবিম জাতাঃ তৎ কিং তে কার্য্যং করবাম। অতঃ ত্বং ক্রিয়ার্থে যদনুগ্রহাণাং (ব্রহ্মাণ্ডরচনার্থং অস্মাকং ত্বয়ৈব অনুগ্রহঃ যেষাং তেষাং) নঃ অস্মাকং শক্ত্যা সহ স্বচক্ষুঃ জ্ঞানং, পরিদেহি প্রযচ্ছ ॥ ৪৯ ॥

ইতি তৃতীয়ে পঞ্চমঃ ॥

শ্রীধরস্বামী।

ততঃ হে আত্মন্ দেব মৎপ্রমুখা মহদাদয়ো বয়ং যদর্থং বভূবিম তৎ কিং কার্য্যং তে করবাম সৃষ্টিমিতি চেৎ তত্রাহঃ তর্হি নোঽস্মভ্যং ত্বং স্বচক্ষুঃ স্বীয়ং জ্ঞানং শক্ত্যা সহ পরিদেহি প্রযচ্ছ। যস্মাত্ত্বত এবানুগ্রহো যেষাং তে যদনুগ্রহা তেষামস্মাকং ক্রিয়ার্থ ইয়ানেব এতাবানেবানুগ্রহো যেষাং ইত্যেকং বা পদং। ত্বদীয়জ্ঞানক্রিয়াশক্তিভ্যামেব বয়ং সৃষ্টৌ ক্ষমাঃ নান্যথেত্যর্থঃ ॥ ৪৯ ॥ ॥ * ॥ ইতি তৃতীয়ে পঞ্চমঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মৎপ্রমুখা মহদাদ্যা বয়ং হে আত্মন্ কিং তে করবাম সৃষ্টিমিতি চেৎ তত্রাহঃ তর্হি নোঽস্মাকং ত্বং স্বচক্ষুঃ শক্ত্যা সহ পরিদেহি বৈরাজনির্ম্মাণে জ্ঞানং দেহি শক্তিঞ্চ দেহীত্যর্থঃ। ত্বদীয়জ্ঞানক্রিয়াশক্তিভ্যামেব বয়ং সৃষ্টৌ ক্ষমা নান্যথা ইতি ভাবঃ। হে দেব! অস্মাকং ক্রিয়ারূপোঽর্থ ইয়ানেবানুগ্রহ স্বয়া কর্ত্তুমুচিতো যেষু তেষাং ত্বদাদিষ্টাং সেবামেব সুখেন করবামেত্যেতাবদেবাস্মদ্বাঞ্ছিতং নান্যদিতি ভাবঃ। অত্র তত্ত্বাধিষ্ঠাতৃদেবানাং ভক্তত্বাৎ স্বয়মেব শরীরনির্ম্মাণমীশ্বরেণ। অন্যেষান্তু তৎপ্রার্থনৈবেতি সন্দর্ভঃ ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
তৃতীয়ে পঞ্চমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

হে সর্ব্বস্বরূপিন্! আমরা মহদাদি দেবতা সকলে সেই বীর্য্যে জন্ম গ্রহণ করিয়াছি। এক্ষণে আপনার কোন্ কার্য্য সমাধা করিতে হইবে, অনুমতি করুন! জগৎ রচনার্থ আমাদিগের প্রতি যদিও অনুগ্রহ করিয়াছেন, তথাপি সামর্থ্য সহ দিব্য জ্ঞান প্রদানে আমাদিগকে কৃতার্থ করুন! ॥ ৪৯ ॥

ইতি তৃতীয়ে পঞ্চম অধ্যায় ॥

আভাস।

মহদাদি আমরা সকলে যে কোন্ কার্য্যের জন্য উৎপাদিত হইয়াছি, তাহা আপনি নির্ণয় করুন! যদি সৃষ্টি করাই আমাদের কর্ত্তব্য হয়, তবে বিরাট্ নির্ম্মাণের জ্ঞান ও

ঋষিরুবাচ ॥

ইতি তাসাং স্বশক্তীনাং সতীনামসমেত্য সঃ।
প্রসুপ্তলোকতন্ত্রাণাং নিশাম্য গতিমীশ্বরঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

ঋষিঃ মৈত্রেয়ঃ উবাচ। সঃ ঈশ্বরঃ ইতি এবং উক্তপ্রকারেণ অসমেত্য অমিলিত্বা, সতীনাং বর্ত্তমানানাং, স্বশক্তীনাং তাসাং মহদাদীনাং, প্রসুপ্তলোকতন্ত্রাণাং (প্রসুপ্তানি লোকতন্ত্রাণি প্রাণিকর্ম্মাণি লোকরচনা বা যাসু তাসাং) গতিং দশাং অসামর্থ্যং নিশাম্য দৃষ্ট্বা ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

ষষ্ঠে তৈ রীশ্বরাবিষ্টৈঃ সৃষ্টিমাহ বিরাট্ তনোঃ।
অধিদৈবাদিভেদঞ্চ তত্রৈব ভগবৎকৃতং ॥ * ॥

স্বশক্তীনাং মহদাদীনাং অসমেত্য অমিলিত্বা সতীনাং স্থিতানাং। প্রসুপ্তং লোকতন্ত্রং বিশ্বরচনা যাসাং যস্মা প্রসুপ্তজীবোপকরণানাং গতিং স্থিতিং দৃষ্ট্বা আবিশদিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ষষ্ঠে বিরাড়ভূত্তত্ত্বৈরন্তর্য্যামিপ্রবেশতঃ।
অধিভূত্যাদিভেদশ্চ তস্য দেহে প্রপঞ্চিতঃ ॥ * ॥

স্বশক্তিকার্য্যত্বাৎ স্বশক্তীনাং মহদাদীনাং অসমেত্য অমিলিত্বা সতীনাং স্থিতানাং প্রসুপ্তং লোকতন্ত্রং বিশ্বনির্ম্মাণক্রিয়া যাসাং তাসাং গতিং দশাং দৃষ্ট্বা ॥ ১ ॥

মৈত্রেয় ঋষি বলিলেন, সর্ব্বেশ্বর ভগবান্ লোকনির্ম্মাণে লুপ্তশক্তি অথচ পরস্পরে অসংবদ্ধ মহদাদি দেবতানিচয়ের তাদৃশ অসমর্থ অবস্থা অবলোকন করিয়া ॥ ১ ॥

আভাস।

শক্তি আমাদিগকে প্রদান করুন! আমরা যখন আপনার অনুগ্রহেই অনুগৃহীত, তখন ত্বদীয় কর্ম্ম-সাধনে আপনার সেবাসুখ অনুভব করি, এই ভিক্ষা প্রদান করুন! ॥ ৪৯ ॥

ইতি তৃতীয় স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত পঞ্চম অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

ষষ্ঠাধ্যায়ে মহদাদি দেবগণে ভগবানের প্রবেশে বিরাট্ মূর্ত্তির সৃষ্টি ও ভগবান্ কর্ত্তৃক অধিদৈবাদি বিষয় বর্ণিত হইয়াছে ॥

প্রকৃতি হইতে মহত্তত্ত্বাদি ত্রয়োবিংশতি তত্ত্বের উৎপত্তি হইলেও তাহারা পরস্পরে পৃথক্‌ভাবে অবস্থিত থাকায় কোনরূপ মূর্ত্তিময় পদার্থের জন্ম হয় নাই। পৃথক্ পৃথক্ রূপাদি অবয়ব-বিশিষ্ট ধাতুময় দ্রব্য অসম্পৃক্তভাবে পতিত থাকিলেও, যেমন এক অগ্নিসংযোগে ঈষৎ নম্র হইয়া কর্ম্মকারের প্রযত্নে একত্র মিলিত হইয়া একটী সমষ্টিরূপে প্রতীয়মান

কালসংজ্ঞাং তদা দেবীং বিভ্রচ্ছক্তিমুরুক্রমঃ।
ত্রয়োবিংশতিতত্ত্বানাং গণং যুগপদাবিশৎ ॥ ২ ॥

অন্বয়ঃ।

তদা কালসংজ্ঞাং কালাখ্যাং দেবীং শক্তিং বিভ্রৎ ধারয়ন্, উরুক্রমঃ ত্রয়োবিংশতি-তত্ত্বানাং মহদহঙ্কারপঞ্চমহাভূতপঞ্চতন্মাত্রৈকাদশেন্দ্রিয়রূপাণাং, গণং সমূহং, যুগপৎ একদৈব, আবিশৎ অনুপ্রবিষ্টঃ অভূৎ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

কালেন সংজ্ঞা উদ্বোধো যস্যাঃ। কলয়তি ক্ষোভয়তি স্বকার্য্যাণীতি বা কালসংজ্ঞা প্রকৃতিঃ তাং শক্তিং। প্রাকৃত্যা সহ প্রবেশাৎ ত্রয়োবিংশতিতত্ত্বানাং ইত্যুক্তং। অন্তর্যামিতয়া প্রাবিশৎ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালেনৈব সংজ্ঞা মহদাদ্যা বিবিধা যস্যাঃ সা কালসংজ্ঞা প্রকৃতিঃ তাং বিভ্রৎ সন্ আবিশৎ প্রথমং সংহননকারিণ্যা শক্ত্যৈব ততো বর্ষসহস্রান্তে অন্তর্যামিতয়েত্যর্থঃ। প্রকৃত্যা সহ প্রবেশাত্রয়োবিংশতীত্যুক্তং মহদহঙ্কারো পঞ্চতন্মাত্রাণি পঞ্চমহাভূতানি একাদশেন্দ্রিয়াণীতি ত্রয়োবিংশতিঃ। যদুক্তং মূলপ্রকৃতিরবিকৃতির্মহদাদ্যাঃ প্রকৃতিবিকৃতয়ঃ সপ্ত। ষোড়শকস্তু বিকারো ন প্রকৃতি র্ন বিকৃতিঃ পুরুষ ইতি। তৎসৃষ্টা তদেবানুপ্রাবিশদিতি শ্রুতেঃ ॥ ২ ॥

তৎক্ষণাৎ মহাকাল নাম্নী দৈবী শক্তিকে অন্তরে ধারণ করত, সেই উরুক্রম নারায়ণ মহত্তত্ত্ব, অহঙ্কার, পঞ্চ তন্মাত্র, একাদশ ইন্দ্রিয় ও পঞ্চ মহাভূতে অনুপ্রবিষ্ট হইলেন ॥ ২ ॥

আভাস।

হয়, সেইরূপ চৈতন্যস্বরূপ ভগবানের অনুপ্রবেশে সেই সকল ত্রয়োবিংশতি তত্ত্ব একত্র মিলিত হইয়া, এক অপূর্ব্ব বিরাট্‌মূর্ত্তিতে পরিণত হইল। যেমন জীবিত ব্যক্তি নিদ্রাবস্থায় নিজের কোন শক্তির পরিচয় পায় না, মহত্তত্ত্বাদি শক্তি সমূহও চৈতন্যের অসংযোগে লীনশক্তির ন্যায়, আপনাদের সামর্থ্যের কোন পরিচয় পান নাই। প্রকৃতি দেবীকে এস্থলে কালসংজ্ঞায় অভিহিত করিবার তাৎপর্য্যই এই যে, আদিশক্তিস্বরূপা প্রকৃতির কোন রূপ নাই। যেহেতু তখন তাঁহাতে কোন ক্রিয়ার উদয় বা কার্য্যরূপের পরিণাম ঘটে নাই; তবে তাবী কার্য্যের প্রকটন-কারিণী বলিয়া তিনি প্রকৃতি নামে খ্যাত। এদিকে কালেরও কোন নাম বা রূপ নাই; ক্রিয়ার দ্বারাই কালের অভিব্যক্তি হয়; ক্রিয়ার আরম্ভই কালের সূচক। ক্রিয়ার সূচক প্রকৃতি। অতএব প্রকৃতিই কাল বা ভগবানের চেষ্টা। পরমাত্মার পরম সত্তার জগৎ রূপবিশিষ্ট এবং অনুপ্রবেশে চৈতন্যবান্ ও জ্ঞানবিশিষ্ট। এক প্রকৃতিতে তাঁহার প্রবেশে, ত্রয়োবিংশতি তত্ত্বেই প্রবেশ বুঝিতে হইবে ১।২ ॥

সোঽনু প্রবিষ্টো ভগবাংশ্চেষ্টারূপেণ তং গণং।
ভিন্নং সংযোজয়ামাস সুপ্তং কর্ম্ম প্রবোধয়ন্ ॥ ৩ ॥
প্রবুদ্ধকর্ম্মা দৈবেন ত্রয়োবিংশতিকো গণঃ।
প্রেরিতোঽজনয়ৎ স্বাভি র্ম্মাত্রাভিরধিপুরুষং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

সঃ ভগবান্ তত্র অনুপ্রবিষ্টঃ সন্ চেষ্টারূপেণ কালাখ্যেন সুপ্তং (বাসনাত্মকেন স্থিতং) (প্রাণিনাং) কর্ম্ম প্রবোধয়ন্ ফলোন্মুখীকুর্ব্বন্ ভিন্নং (স্থিতং তং গণং সংযোজয়ামাস যথোচিতং পরস্পরং মিলিতং চকার ॥ ৩ ॥

দৈবেন ভগবতা প্রবুদ্ধকর্ম্মা ত্রয়োবিংশতিকঃ গণঃ প্রেরিতঃ সন্ স্বাভিঃ মাত্রাভিরংশৈঃ অধিপুরুষং বিরাট্ শরীরং অজনয়ৎ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

চেষ্টারূপেণ ক্রিয়াশক্ত্যা কর্ম্ম তেষাং ক্রিয়াং জীবানামদৃষ্টং বা ॥ ৩ ॥

প্রবুদ্ধং কর্ম্ম ক্রিয়াশক্তি র্যস্য সঃ ত্রয়োবিংশতে র্গণঃ দৈবেনেশ্বরেণ প্রেরিতঃ মাত্রাভিরংশৈঃ অধিপুরুষং বিরাড়্ দেহং ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চেষ্টারূপেণ ক্রিয়াশক্ত্যা কর্ম্ম তেষাং ক্রিয়াং জীবানামদৃষ্টং বা ॥ ৩ ॥

প্রবুদ্ধং কর্ম্ম ক্রিয়াশক্তি র্যস্য সঃ। দৈবেনেশ্বরেণ। মাত্রাভিরংশৈঃ। অধিপুরুষং বিরাড়্ দেহং ॥ ৪ ॥

এবং তথায় প্রবেশ পূর্ব্বক চেষ্টারূপ কাল-শক্তি সহকারে বাসনা মূর্ত্তিতে অন্তর্নিহিত প্রাণি-কর্ম্মকে উদ্বোধন পূর্ব্বক ফলোন্মুখী করিয়া, বিভিন্নরূপে অবস্থিত সেই ত্রয়োবিংশতি তত্ত্বকে যথাযোগ্য পরস্পরকে মিলিত করিলেন ॥

তখন সেই মহদাদি ত্রয়োবিংশতি তত্ত্বসমূহের ক্রিয়াশক্তি প্রকাশে ভগবৎ প্রেরণায় তাঁহার বিরাটদেহ নির্ম্মাণ করিলেন ॥ ৪ ॥

আভাস।

ত্রয়োবিংশতি তত্ত্ব হইতে ব্রহ্মাণ্ড রচনার প্রণালী ও নিয়ম বর্ণিত হইতেছে, যথা; ভগবান্ পরমাত্মা সর্ব্বব্যাপী বিভু এবং তদীয় মায়াশক্তিও সর্ব্বব্যাপিনী; সুতরাং এতদুভয়ের সংযোগ বা বিয়োগ এই উভয় উক্তিই অসঙ্গত। কারণ সর্ব্বব্যাপী উভয় বস্তুর মিলনই সম্ভব নহে। অমিলিত দুই পদার্থের মিলনের নাম সংযোগ। যে মিলন চির বিদ্যমান; যে প্রকৃতির আশ্রয়ই পরমাত্মা; যে মায়া শক্তিরূপে সেই পরমপুরুষে নিত্য আশ্রিত, এতদুভয়ের মিলন বা সংযোগ কিরূপে চিন্তনীয়? এতদুত্তরে প্রকাশ করিয়াছেন, যেমন শক্তিমান্ জীবিত ব্যক্তি যে পর্য্যন্ত ইচ্ছা না করেন, সে পর্য্যন্ত তাঁহার আশ্রিত

পরেণ বিশতা স্বস্মিন্ মাত্রয়া বিশ্বসৃগ্‌গণঃ।
চুক্ষোভান্যোন্যমাসাদ্য যস্মিল্লোকাশ্চরাচরাঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

মাত্রয়া অংশেন স্বস্মিন্ বিশতা অনুপ্রবিষ্টেন পরেণ ভগবতা (হেতুনা) যস্মিন্ চরাচরাঃ স্থাবর-জঙ্গমাত্মকাঃ লোকাঃ (কার্য্যত্বেন অবস্থিতাঃ) সঃ বিশ্বসৃগ্‌গণঃ বিশ্বসৃজাং ত্রয়োবিংশতি-তত্ত্বানাং গণঃ) অন্যোন্যং পরস্পরং, আসাদ্য সংহত্য, (মাত্রয়া স্বাংশেন) চুক্ষোভ (ব্রহ্মাণ্ডাত্মনা পরিণতোঽভূৎ) ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

জননমেবাহ পরেণ ঈশ্বরেণ বিশ্বসৃজাং তত্ত্বানাং গণঃ মাত্রয়া চুক্ষোভ পরিণতোঽভূৎ ন সর্ব্বাত্মনা যস্মিন্ লোকাঃ স্থিতাঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জননপ্রকারমাহ বিশ্বসৃজাং তত্ত্বানাং গণঃ। স্বস্মিন্ পরেণ পরমেশ্বরেণ মাত্রয়া অংশেন বিশতা সতা অন্যোন্যমাসাদ্য প্রধানগুণভাবং প্রাপ্য চুক্ষোভ গর্ভরূপেণ পরিণতোঽভূৎ ॥ ৫ ॥

বিশ্ব-সৃজন-কারী মহদাদি ত্রয়োবিংশতি তত্ত্বসমূহ আত্মস্বরূপে পরমাত্মার আংশিক সম্বন্ধ লাভে পরস্পরে মিলিত হইয়া, আপনাদের একাংশে ব্রহ্মাণ্ডরূপে পরিণত হইল, যাহাতে এই স্থাবর জঙ্গমাত্মক লোক সকল অবস্থিত রহিয়াছে ॥ ৫ ॥

আভাস।

শক্তি তদীয় অঙ্গে লীন থাকিবার ন্যায়, অনুপলব্ধ থাকে। আবার যখন ইচ্ছা করেন, তখনই অন্তর্নিহিত বল বাহ্যে প্রকাশিত হইয়া, হস্ত পদাদি সঞ্চালন-যোগে বিবিধ কার্য্যের অনুষ্ঠান করে। পরমাত্মা সর্ব্বব্যাপী, সুতরাং তদীয় আশ্রিত মায়াও শক্তি বলিয়া সর্ব্বব্যাপিনী। হস্ত পদাদি সঞ্চালনে মনোনিবেশের ন্যায়, পরমাত্মা কার্য্যসম্পাদিকা স্বীয় মায়াশক্তিতে ও তাহার অবান্তর কার্য্যস্বরূপে তন্ময়ভাবে অনুপ্রবেশ করিলেন। অতএব কার্য্য সম্পাদনার্থ প্রথমত শক্তিতে, পরে ইন্দ্রিয়াদিতে মানবের মনোনিবেশের ন্যায়, পরমাত্মার প্রথমত মায়া শক্তিতে, পরে অবান্তর কার্য্য ত্রয়োবিংশতি তত্ত্বে অনুপ্রবেশ বুঝিতে হইবে। এই অনুপ্রবেশও অংশমাত্র; পূর্ণরূপে নহে। কারণ এই প্রকার কোটি ব্রহ্মাণ্ড রাশীকৃত হইয়া, পরমাত্মার স্বরূপে বিরাজ করিতেছে; তখন এক ব্রহ্মাণ্ডে পূর্ণ মাত্রায় প্রবেশ করিলে, অন্য ব্রহ্মাণ্ডে অভাব ঘটিবে। বিশেষত আমি সমস্ত অধিকার

ভগবতঃ সর্ব্বাংশেন প্রবেশে যত্র কোটিশোঽণ্ডরাশয় ইতি। বিষ্টভ্যাহমিদং কৃৎস্নমেকাংশেন স্থিতো জগৎ ইত্যাদি বিরুদ্ধং স্যাৎ। মহদাদি গণস্যাপি সর্ব্বাংশেন পরিণামে তত্র কার্য্যাণাং স্ব স্বকারণে লয়োক্তি বিরুদ্ধা স্যাদিতি মাত্রয়া ইত্যস্য উভয়ত্রান্বয়ঃ ॥ ৫ ॥

হিরণ্ময়ঃ স পুরুষঃ সহস্রপরিবৎসরান্।
অণ্ডকোষ উবাসাপ্সু সর্ব্বসত্ত্বোপবৃংহিতঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

অপ্সু (বর্ত্তমানে) অণ্ডকোষে ব্রহ্মাণ্ডে, হিরণ্ময়ঃ (স্বর্ণময়াণ্ডকোষাবৃতত্বাৎ হিরণ্ময়ঃ) সঃ প্রসিদ্ধঃ (সমষ্টিঃ পুরুষঃ সর্ব্বসত্ত্বোপবৃংহিতঃ (সর্ব্বৈঃ দেবতির্য্যগাদিভিঃ সত্ত্বৈঃ প্রাণিভিঃ উপবৃংহিতঃ সহিতঃ) সহস্রপরিবৎসরান্ সহস্রসম্বৎসরপর্য্যন্তং উবাস ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

স পুরুষঃ যোঽধিপুরুষ ইত্যুক্তঃ। অণ্ডকোষে ব্রহ্মাণ্ডমধ্যে সর্ব্বৈঃ সত্ত্বৈরনুশায়িভিঃ জীবৈঃ সহিতঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স সমষ্টিবিরাট্ হিরণ্ময়ঃ চতুর্দ্দশভুবনাত্মক অণ্ডকোষে যাঃ আপঃ গর্ভোদকানি তাসু। যদ্বা অপ্সু যোঽণ্ডকোষস্তস্মিন্ সর্ব্বসত্ত্বৈরনুশায়িভি র্জীবৈ রূপবৃংহিতো বিস্তৃতঃ ॥ ৬ ॥

দেবতির্য্যগাদি সমস্ত প্রাণিনিচয়ের সমষ্টিভূত স্বর্ণবর্ণ অণ্ডকোষে সমাবৃত দেহ হিরণ্ময় পরম পুরুষ কারণ-সলিলে নিহিত ব্রহ্মাণ্ডকোষে সহস্র সম্বৎসর কাল বাস করিলেন ॥ ৬ ॥

আভাস।

করত এক পাদেই বিশ্ব প্রকাশ করিতেছি, বক্রী তিন পাদে স্বয়ং স্বস্বরূপে অবস্থিত আছি, এই ভগবদ্বাক্যের বিরোধ হইয়া পড়ে। এদিকে মহদাদি ত্রয়োবিংশতি তত্ত্বেরও ব্রহ্মাণ্ডরূপে পরিণতিও আংশিক জানিতে হইবে; কারণ পরিণত অংশ ব্যতীত তাহাদের প্রত্যেকের অপর অপরিণত অংশের থাকা স্বীকার না করিলে, কার্য্যের প্রতিসর্গাবস্থায় স্ব স্ব কারণে লয় হয়, এই শাস্ত্র-যুক্তি কেবল কল্পনা মাত্র হয়। যেমন বীজভাব ধ্বংসের পরই অঙ্কুরোৎপত্তি স্বীকার করিতে হয়, সেইরূপ কারণভাব ত্রয়োবিংশতি তত্ত্বের প্রত্যেক তত্ত্বের ধ্বংসের পর যদি কার্য্যরূপ ব্রহ্মাণ্ডের উৎপত্তি স্বীকার করিতে হয়, তবে প্রলয়-দশায় কার্য্যবর্গের স্ব স্ব কারণাভাবে প্রলীন হইবার সম্ভব থাকে না। কিন্তু কার্য্য যখন স্বকারণে লীন হয়, এই শাস্ত্র ও যুক্তি বিদ্যমান রহিয়াছে, তখন উৎপন্ন কার্য্যের অপেক্ষায় তদীয় কারণ-তত্ত্ব প্রচুর পরিমাণে অতিরিক্ত আছে, ইহা স্বীকার্য্য। অতএব "মাত্রয়া" (অংশতো শব্দটী যেমন (বিশতা"র সহিত অন্বয় করা কর্ত্তব্য, তেমনই "চুক্ষোভ"র সহিতও অন্বয় কার্য্য। অর্থাৎ ভগবান্ যেমন অংশেতে অনুপ্রবেশ করিলেন, তেমন ত্রয়োবিংশতি তত্ত্বও পরস্পরে একাংশে পরিণত হইয়াছিল; সর্ব্বাংশে নহে। ॥ ৫ ॥

দেহাদি দৃশ্য জড় পদার্থের অভিব্যঞ্জকই অণ্ডকোষ; এবং চৈতন্যস্বরূপ জীবাত্মার প্রকাশকই চৈতন্যরূপী পরমপুরুষ। অতএব এই বিরাট্ পুরুষই দেবতা ও তির্য্যগাদি নামে অভিহিত যাবতীয় প্রাণিজগতের চৈতন্যসমষ্টি এবং ব্রহ্মাণ্ডই বিবিধরূপে অভিব্যক্ত

স বৈ বিশ্বসৃজাং গর্ব্বো দৈবকর্ম্মাত্মশক্তিমান্।
বিবভাজাত্মনাত্মানমেকধা দশধা ত্রিধা ॥ ৭ ॥

অন্বয়ঃ।

বিশ্বসৃজাং মহদাদীনাং গর্ব্বঃ কার্য্যরূপঃ দৈবকর্ম্মাত্মশক্তিমান্ (দৈবশক্ত্যা, কর্ম্মশক্ত্যা, আত্মশক্ত্যা চ যুক্তঃ) সঃ বৈ (বিরাট্) আত্মনা স্বয়মেব আত্মানং একধা, দশধা, ত্রিধা বিবভাজ বিভক্তং কৃতবান্ ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

গর্ব্বঃ কার্য্যরূপো বিরাট্ দৈবশক্তিঃ জ্ঞানশক্তিঃ তয়া একধা হৃদয়াবচ্ছিন্নচৈতন্যরূপেণ। কর্ম্মশক্তিঃ ক্রিয়াশক্তি স্তয়া দশধা প্রাণরূপেণ প্রাণাদয়ঃ পঞ্চ। নাগঃ কূর্ম্মোঽথ কৃকরো দেবদত্তো ধনঞ্জয় ইত্যেতে পঞ্চ ইত্যেবং বৃত্তিভেদেন দশবিধঃ প্রাণঃ। আত্মশক্তিঃ ভোক্তৃশক্তিঃ তয়াধ্যাত্মাদিভেদেন ত্রিধা আত্মানং বিভক্তং কৃতবান্ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথ তস্য মুখাদ্যঙ্গসিদ্ধ্যর্থং প্রথমং ত্রিশক্তিত্বমাহ বিশ্বসৃজাং মহদাদীনাং গর্ব্বঃ কার্য্যরূপঃ। দৈবকর্ম্মাত্মশক্তিমান্ জীবপ্রাণাধ্যাত্মাদিশক্তিযুক্তঃ। আত্মনৈবাত্মানং বিবভাজ বিভক্তং কৃতবান্ একধা জীবশক্ত্যা দশধা প্রাণশক্ত্যা ত্রিধা আধ্যাত্মিকাদিশক্ত্যা ॥ ৭ ॥

অনন্তর সেই বিশ্বনির্ম্মাণকারী গর্ব্ব মহদাদি ত্রয়োবিংশতি তত্ত্বের পরস্পর মিলনে উৎপন্ন কার্য্যরূপ স্বীয় বিরাট্ দেহকে সাধারণত তিনভাগে বিভক্ত করিলেন; প্রথম চৈতন্যাংশে হৃদয় এক প্রকার; দ্বিতীয় ক্রিয়াশক্তির অংশে প্রাণাদি বৃত্তিভেদে দশবিধ প্রাণ এবং তৃতীয় আধ্যাত্মাদিভেদে তিন প্রকার ॥ ৭ ॥

আভাস।

দেহ ও নামরূপাত্মক জড় জগতের সমষ্টি। যেমন দেহে চৈতন্যাংশের প্রবেশে জীব নামের উক্তি ও তদুচিত ক্রিয়াদি নিষ্পন্ন হয়, আবার কারণ-সলিলে ভাসমান দৃশ্য সমূহের সমষ্টি কারণরূপী অণ্ডে অনুপ্রবিষ্ট পরমাত্মাংশ সমষ্টিচিদাভাস বিরাট্-পুরুষ নামে অভিহিত হইলেন। তিনি সেই অণ্ডকে দেহরূপে পরিগ্রহ করিয়া, সহস্র সম্বৎসর কাল অতিবাহিত করিলেন ॥ ৬ ॥

এক্ষণে বিরাট্ দেহের মুখাদি অবয়ব সমূহের বর্ণনাভিপ্রায়ে প্রথমত দেহনিষ্ঠ শক্তিগত ভেদ প্রকাশ করিলেন; যথা বিরাট্ মূর্ত্তির শক্তি তিন প্রকার; দৈবশক্তি, কর্ম্মশক্তি ও আত্মশক্তি। তন্মধ্যে দেবশক্তি ভগবানের অংশ চৈতন্যমূর্ত্তি; কর্ম্মশক্তিই ক্রিয়ামূর্ত্তি দশবিধ প্রাণ; এই আত্মশক্তিই জীবরূপ বলিয়া পরিগণিত। চৈতন্যশক্তি তাঁহার হৃদয়ে, ক্রিয়াশক্তি প্রাণাদি দশবিধ বৃত্তিবিশিষ্ট প্রাণবায়ুতে এবং আত্মশক্তি স্থূল সূক্ষ্ম ও কারণ ভাবে ব্যষ্টিজীবে প্রকাশ করত, সেই বিরাট্ পুরুষ নিজ দেহকে তিন ভাগে বিভক্ত করিলেন। এতদ্দ্বারা জীবের

এষ হ্যশেষ-সত্ত্বানামাত্মাংশঃ পরমাত্মনঃ।
আদ্যোঽবতারো যত্রাসৌ ভূতগ্রামো বিভাব্যতে ॥ ৮ ॥
সাধ্যাত্মঃ সাধিদৈবশ্চ সাধিভূত ইতি ত্রিধা।

অন্বয়ঃ।

হি যস্মাৎ এষঃ বিরাট্, অশেষ-সত্ত্বানাং সর্ব্বব্যষ্টিজীবানাং আত্মা সমষ্টিরূপঃ পরমাত্মনঃ অংশঃ আদ্যঃ অবতারঃ যত্র বিরাড়্ বিগ্রহে অসৌ ভূতগ্রামঃ স্থাবরজঙ্গমাত্মকং বিশ্বং বিভাব্যতে দৃশ্যতে ॥ ৮ ॥

সাধ্যাত্মঃ (আত্মানং অধিকৃত্য বর্ত্ততে ইতি অধ্যাত্মানীন্দ্রিয়াণি তৎসহিতঃ সাধ্যাত্মঃ) সাধিভূতঃ (ভূতান্যধিকৃত্য বর্ত্তন্তে ইত্যধিভূতাঃ ব্যষ্টিদেহাঃ তৎ সহিতঃ) সাধিদৈবঃ

শ্রীধরস্বামী।

এবং বিভাগে সামর্থ্যায় তস্যোৎকর্ষমাহ এষ হীতি। অশেষসত্ত্বানাং প্রাণিনামাত্মা ব্যষ্টীনাং তদংশত্বাৎ। অংশো জীব অবতারোক্তি স্তস্মিন্নারায়ণাবির্ভাবাভিপ্রায়েণ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরমাত্মোপাসকানাং চিত্তশুদ্ধ্যর্থং প্রথমময়মেবোপাস্য ইত্যাহ এষ হীতি। অশেষ সত্ত্বানাং প্রাণিনামাত্মা ব্যষ্টীনাং তদংশত্বাৎ। অংশো জীবঃ অবতার ইতি যোগিনাং তদন্তর্যামিণা সহ তস্যৈক্যভাবনয়া। ভূতগ্রামো দেবমনুষ্যাদিসমূহঃ ॥ ৮ ॥

একধা দশধা ত্রিধেতি পূর্ব্বশ্লোকোক্তং ব্যুৎক্রমেণ বিবৃণোতি সাধ্যাত্মানীন্দ্রিয়াণি তৎসহিতঃ। অধিদেবানীন্দ্রিয়াণাং দেবতাঃ। অধিভূতানি অধিষ্ঠানানি বিষয়াশ্চ। প্রাণোঽপানঃ সমানশ্চ

এই বিরাট্ পুরুষই সমস্ত বিভিন্ন জীবের আত্মা; অর্থাৎ সমষ্টিস্বরূপ; এবং পরমাত্মার অংশসম্ভূত আদি অবতার। এই বিরাট্ বিগ্রহেই স্থাবর-জঙ্গমাত্মক ভূতগ্রাম পরিলক্ষিত হইতেছে ॥ ৮ ॥

অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈবাদি ভেদে বিরট্ দেহ ত্রিধা বিভক্ত। প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান এবং নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় এই

আভাস।

যেমন দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণ ত্রিধা বিভক্ত, বিরাট্ পুরুষেরও সেইরূপ তিন প্রকার ভেদ কল্পনীয় ॥ ৭ ॥

পরমাত্মোপাসক যোগিগণের চিত্তশুদ্ধির জন্য এই বিরাট্ পুরুষই প্রথমত উপাস্য। ইনি সাধারণ জীব অপেক্ষা শ্রেষ্ঠ; কারণ ইনিই ব্যষ্টিজীবের সমষ্টি ও পরমাত্মার অংশ। মায়ারূপ উপাধিতে প্রথম অবতীর্ণ এবং জীবগণের অন্তর্যামীভাবের সহিত এক পর্য্যায়ে গণনীয় ॥ ৮ ॥

বিরাট্ পুরুষের ত্রিবিধ দেহ-বিভাগের অবান্তর ভেদ বর্ণন করিতেছেন। তন্মধ্যে প্রথম বিভাগ আত্মশক্তি তিন ভাগে বিভক্ত; সাধ্যাত্ম, সাধিদৈব ও সাধিভূত। দেহের

বিরাট্ প্রাণো দশবিধ একধা হৃদয়েন চ ॥ ৯ ॥

অন্বয়ঃ।

(দেবানাং আদিত্যাদিনাং সমূহঃ অধিদৈবঃ তৎসহিতঃ) চ বিরাট্ ইতি ত্রিধা জাতঃ। প্রাণঃ (প্রাণাপানসমানোদানব্যানাঃ নাগ-কূর্ম্ম-কৃকর-দেবদত্ত-ধনঞ্জয়া ইতি বৃত্তিভেদেন বিরাট্ প্রাণো) দশবিধঃ, হৃদয়েন অন্তঃকরণেন বিরাডাত্মা একধা (জাতঃ) ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বশ্লোকার্থং বিবৃণোতি সাধ্যাত্মঃ। আধ্যাত্মানি ইন্দ্রিয়াণি তৎ সহিতঃ। বিরাড়িতি সর্ব্বত্র ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উদানো ব্যান এবচ। নাগঃ কূর্ম্মশ্চ কৃকরো দেবত্তো ধনঞ্জয় ইতি বৃত্তিভেদেন দশবিধঃ প্রাণ ইতি দশবিধেনানেন বিরাডেব দশবিধ ইত্যর্থঃ। তত্র প্রাণঃ প্রাক্‌ক্রমণো নাসাগ্রবর্ত্তী। অপানোঽর্বাক্‌ক্রমণঃ পায্বাদিস্থানবর্ত্তী, সমানো ভুক্তপীতান্নাদিসমীকরণঃ শরীরমধ্যবর্ত্তী। উদানঃ উৎক্রমণঃ কণ্ঠস্থানবর্ত্তী। ব্যানো বিশ্বক্‌ক্রমণঃ সকল-শরীরবর্ত্তী। নাগঃ উদ্গারণকরঃ। কূর্ম্মঃ উন্মীলনকরঃ। কৃকরঃ ক্ষুধাকরঃ। দেবদত্তো জৃম্ভাকরঃ। ধনঞ্জয়ঃ পোষণকরঃ। হৃদয়েন হৃদয়াবচ্ছিন্নেন চৈতন্যেন জীবেন ॥ ৯ ॥

দশ প্রকার বৃত্তিবিশেষে বিরাট্ প্রাণ দশধা বিভক্ত এবং বিরাট্ হৃদয় এক প্রকার। এই পূর্ব্বোক্ত বিরাট্ দেহের ত্রিবিধ বিভাগ বর্ণিত হইল ॥ ৯ ॥

আভাস।

মধ্যে কেবল ইন্দ্রিয় বিভাগ অধ্যাত্ম, ইন্দ্রিয়াধিষ্ঠিত দেবতাগণ অধিদৈব এবং ইন্দ্রিয়ের আশ্রয় চক্ষুগোলকাদি দেহ অধিভূত-শব্দে অভিহিত। দ্বিতীয় বিভাগ প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান এই পঞ্চবায়ু এবং ক্রিয়াবিশেষে নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত ও ধনঞ্জয় পঞ্চে, এই দশ বায়ু। ক্রিয়াশক্তিই বায়ু নামে খ্যাত। "পূর্ণো দেহে বলং যচ্ছন্নক্ষাণাং যঃ প্রবর্ত্তকঃ প্রাণঃ" সমস্ত দেহে ব্যাপ্ত থাকিয়া, ইন্দ্রিয়গণকে কার্য্যার্থ যে শক্তি প্রবর্ত্তিত করে, সেই প্রাণ বায়ু। বায়ু এক হইলেও, বিশেষ বিশেষ অবয়বে অবস্থিত থাকিয়া ভিন্ন ভিন্ন কার্য্য করায়, এক প্রাণই দশ নামে খ্যাত। যথা প্রাণ বায়ু নাসাগ্রবর্ত্তী বহির্গমনবান্ জীবনবৃত্তি বিশিষ্ট; আপন অধোগমনশীল, পায়ু প্রভৃতি স্থানব্যাপী; সমান শরীর-মধ্যবর্ত্তী ভুক্ত ও পীত অন্নাদির সমীকারক, উদান কণ্ঠস্থানবর্ত্তী উৎক্রমণ বৃত্তি এবং ব্যান সর্ব্বত্রগামী সর্ব্ব শরীর-ব্যাপী। এতদ্ব্যতীত উদ্গারার্থ নাগ বায়ু, উন্মীলনার্থ কূর্ম্ম, ক্ষুধার উদ্দীপনার্থ কৃকর, জৃম্ভণার্থ দেবদত্ত এবং সর্ব্বত্র পোষণার্থ ধনঞ্জয় বায়ু জীবদেহে অবস্থিত রহিয়াছে ॥ ৯ ॥

এই বিরাট্ দেহের অধ্যাত্মাদি বিভাগের বিস্তৃতিতে প্রপঞ্চ জগতের গঠন হয়। এক্ষণে অনুসন্ধান করা কর্ত্তব্য যে, যদি জগৎনির্ম্মাণ কেবল বিরাট পুরুষের দ্বারাই

স্মরন্ বিশ্বসৃজামীশো বিজ্ঞাপিতমধোক্ষজঃ।
বিরাজমতপৎ স্বেন তেজসৈষাং বিবৃত্তয়ে ॥ ১০ ॥

অন্বয়ঃ।

ঈশঃ সর্ব্বনিয়ন্তা, অধোক্ষজঃ সর্ব্বেন্দ্রিয়-ব্যাপারাবিষয়ঃ, ভগবান্ বিশ্বসৃজাং মহদাদীনাং, (যাবদ্বলিং তেহজ হরামেত্যাদিনা (বিজ্ঞাপিতং স্মরন্ এষাং বিবৃত্তয়ে বিবিধ-বৃত্তিলাভায়, স্বেন তেজসা চিচ্ছক্ত্যা বিরাজং অতপৎ প্রকাশয়িতুমিষ্টবান্ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

অধ্যাত্মাদিভেদং প্রপঞ্চয়িতুমাহ স্মরন্নিতি। বিজ্ঞাপিতং যাবদ্বলিং তেহজ হরামেত্যাদি। স্বেন তেজসা চিচ্ছক্ত্যা অতপৎ এবং করিষ্যামীত্যালেচিতবান্। যস্য জ্ঞানময়ং তপ ইতি শ্রুতেঃ। এষাং বিশ্বসৃজাং বিবৃত্তয়ে বিবিধ-বৃত্তি-লাভায় ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অধ্যাত্মাদিভেদং প্রপঞ্চয়িতুমন্তর্য্যামিরূপেণ প্রবিষ্টস্যেশ্বরস্য কিমপি কৃত্যমাহ স্মরন্নিতি। বিজ্ঞাপিতং যাবদ্বলিং তেহজ হরামেত্যাদি স্বেন তেজসা চিচ্ছক্ত্যা অতপৎ প্রকাশয়ামাস। এষাং বিশ্বসৃজাং বিবৃত্তয়ে বিবিধ-বৃত্তি-লাভায়, চক্ষুষশ্চক্ষুরুত শ্রোত্রস্য শ্রোত্রমিত্যাদি শ্রুতেঃ। কারণশক্তিরেব কার্য্যেষুদ্ভবতীতি ভাবঃ ॥ ১০ ॥

সর্ব্বনিয়ন্তা অধোক্ষজ ভগবান্ বিশ্বস্রষ্টা মহদাদি তত্ত্বসমূহের পূর্ব্বোক্ত বিজ্ঞাপন বাক্য স্মরণ করত, তাঁহাদের বিবিধ কার্য্য-সাধনার্থ স্বকীয় তেজ চৈতন্যশক্তি দ্বারা বিরাট্ মূর্ত্তির প্রকটনে অভিলাষ করিলেন ॥ ৩০ ॥

আভাস।

সম্পাদিত হয়, তবে ঈশ্বরের অনুপ্রবেশের আর অপেক্ষা কি? এতদুত্তরে শ্লোকে উক্ত হইয়াছে যে, আপাতত দৃষ্টিতে বিরাট্ দেহের বিস্তারেই জগৎরচনা হইয়াছে বটে, কিন্তু সেই বিস্তৃতির হেতুও জগদীশ্বর। কারণ মহদাদি তত্ত্বসমূহ যখন পরমেশ্বরকে স্তব করিয়া বলিলেন, হে ভগবন্! আমাদিগকে সেই শক্তি প্রদান করুন, যে শক্তিবলে আমরা আপনাকে উপহার প্রদান করিয়া ও নিজেদের অন্ন সংগ্রহ করিয়া, কৃতার্থ হইতে পারি! তখন সেই মহাপুরুষ স্বীয় চিচ্ছক্তি দ্বারা সমস্ত পরিবর্দ্ধিত করিবার বাসনা করিলেন। শ্লোকে যে অধোক্ষজ শব্দ প্রয়োগ করা হইয়াছে, তাহাতে বিরাট দেহের অন্তর্যামী সেই চৈতন্যরূপী ভগবানকেই লক্ষ্য করা হইয়াছে। যেমন মনোনিবেশ ব্যতীত হস্তপদাদির সঞ্চালনে ক্রিয়া নিষ্পন্ন হয় না, সেইরূপ মহাপুরুষের ঈক্ষণ বা অনুপ্রবেশ ব্যতীত বিরাট দেহের অঙ্গ পুষ্ট হইয়া প্রত্যঙ্গের

নন্বু বিরাট্ পুরুষস্য ঈদৃশী শক্তিশ্চেৎ ঈশ্বরপ্রবেশেন কিং তত্রাহ স্মরন্নিতি। অধোক্ষজাংশঃ পুরুষঃ। কারণানুগ্রহেণৈব কার্য্যশক্তিরুদ্ভবতি ইতি। অত এতদনন্তরমেব স বৈ বিশ্বসৃজামিত্যাদ্যুক্তং জ্ঞেয়ং। অতপৎ স্বেন তেজসা প্রকাশয়িতুমিষ্টবান্ ॥ ১০ ॥

অথ তস্যাভি-তপ্তস্য কতিধায়তনানি হ।
নিরভিদ্যন্ত দেবানাং তানি মে গদতঃ শৃণু ॥ ১১ ॥
তস্যাগ্নিরাস্যং নির্ভিন্নং লোকপালোঽবিশৎ পদং।

অন্বয়ঃ।

অথ আলোচনানন্তরং অভিতপ্তস্য আলোচিতস্য তস্য বিরাজঃ ইহ (শরীরে আদিত্যাদীনাং) দেবানাং কতিধা আয়তনানি স্থানানি, নিরভিদ্যন্ত প্রকাশয়ামাসুঃ, তানি গদতঃ কথয়তঃ, মে মত্তঃ, শৃণু ॥ ১১ ॥

তস্য সমষ্টি-ব্যষ্টিজীবস্য নির্ভিন্নং বিভক্তং, আস্যং পদং মুখরূপস্থানং, স্বাংশেন

শ্রীধরস্বামী।

মে মত্তঃ শৃণু ॥ ১১ ॥

আয়তনান্যেবাহ তস্যাগ্নিরিত্যাদি চতুর্দশভিঃ। আস্যং নির্ভিন্নং পৃথগ্ জাতং পদং স্বস্থানং স্বাংশেন স্বশক্ত্যা বাচা সহাবিশৎ। অসৌ জীবঃ বক্তব্যং প্রতিপদ্যতে শব্দমুচ্চারয়তীত্যর্থঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

তস্য সমষ্টিবিরাজঃ অভিতপ্তস্য পরমেশ্বরেণ প্রকাশিতস্য আয়তনানি স্থানভেদাঃ নিরভিদ্যন্ত পৃথগভূবন্। মে মত্তঃ ॥ ১১ ॥

নির্ভিন্নং পৃথগ্ জাতং। আস্যং পদং স্বস্থানং বাচা বাগিন্দ্রিয়েণ সহ অগ্নিরবিশৎ স্বাংশেন স্বেনৈকাংশেন যয়া বাচৈব অসৌ জীবঃ বিরাট্ বক্তব্যং প্রতিপদ্যতে শব্দমুচ্চারয়তীত্যর্থঃ।

অনন্তর ভগবদালোচিত বিরাট্ কলেবরে আদিত্যাদি যে যে দেবতার যে যে স্থান প্রকাশ পাইয়াছিল, হে বিদুর! আমি তাহা আনুপূর্ব্বিক সমস্ত কীর্ত্তন করিতেছি, তুমি শ্রবণ কর! ॥ ১১ ॥

ব্যষ্টি জীবের সমষ্টিস্বরূপ সেই বিরাট্ দেহে প্রথমত মুখের অভিব্যক্তি হইল; তথায় স্বীয় অংশ-স্বরূপ বাগিন্দ্রিয়ের সহিত আগ্নেয় দিকের লোক-

আভাস।

উপচয় ঘটে না। উপাদান কারণরূপী বিরাট কলেবর দৃষ্টি-সংযোগরূপ ভগবদনুগ্রহ প্রাপ্তেই অভিনব শক্তির উদ্ভবে প্রপঞ্চের উৎপাদন করেন ॥ ১০ ॥

ঈশ্বরের অনুগ্রহ-সঞ্চারণে আলোচিত বিরাট্ শরীরে যে যে স্থান, যে যে দেবতা ও যে যে স্থানের শক্তি ও শক্তির বিষয় উৎপন্ন হইয়াছে, তাহাই পরবর্ত্তী চতুর্দশ শ্লোক দ্বারা বর্ণিত হইয়াছে ॥ ১১ ॥

ক্রমান্বয়ে চতুর্দশ শ্লোক দ্বারা যে প্রপঞ্চের বর্ণন করিয়াছেন, তাহাতে অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈব এই ত্রিবিধ অবান্তর ভেদেরই বিশেষ বিবৃতি দেখান হইয়াছে। পূর্ব্বেই প্রকাশ করা হইয়াছে যে, অধ্যাত্ম শব্দে ইন্দ্রিয়, অধিভূত শব্দে ভূতপঞ্চক ও অধিদৈব

বাচা স্বাংশেন বক্তব্যং যয়াসৌ প্রতিপদ্যতে ॥ ১২ ॥
নির্ভিন্নং তালু বরুণো লোকপালোঽবিশদ্ধরেঃ।
জিহ্বয়াংশেন চ রসান্ যয়াসৌ প্রতিপদ্যতে ॥

অন্বয়ঃ।

স্বাধিষ্ঠেয়ভূতেন, বাচা বাগিন্দ্রিয়েণ সহ লোকপালঃ আগ্নেয্যাং দিশি যে লোকাস্তেষাং পালকঃ অগ্নিঃ অবিশৎ যয়া বাচা অসৌ (জীবঃ) বক্তব্যং প্রতিপদ্যতে (শব্দমুচ্চারয়তি) ॥ ১২ ॥

হরেঃ (হরিতয়া উপাস্যস্য বিরাজঃ) নির্ভিন্নং তালুস্থানং লোকপালঃ (পশ্চিমদিক্-পালকো) বরুণঃ অংশেন স্বশক্ত্যা জিহ্বয়া সহ অবিশৎ যয়া অসৌ রসান্ প্রতিপদ্যতে অনুভবতি ॥

শ্রীধরস্বামী।

এবং সর্ব্বত্র যন্নির্ভিন্নং দ্বিতীয়ান্তং তদধিষ্ঠানং। অগ্ন্যাদি প্রথমান্তং অধিদৈবং। বাগাদি ইন্দ্রিয়ং তৃতীয়ান্তমধ্যাত্মং প্রতিপত্তব্যং অধিভূতং ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং সর্ব্বত্র যন্নির্ভিন্নং দ্বিতীয়ান্তং তদধিভূতমধিষ্ঠানং। যদগ্ন্যাদি প্রথমান্তং তদধিদৈবং। যদ্বাগাদি তৃতীয়ান্তং তদধ্যাত্মং। যৎপুনঃ দ্বিতীয়ান্তং কচিৎ ষষ্ঠ্যন্তং তদধিভূতং বিষয়ঃ ॥ ১২ ॥

হরেঃ হরিত্বেন ধ্যেয়স্য বিরাজঃ ॥

পাল অগ্নিদেবতা প্রবেশ করিলেন। এই বাগিন্দ্রিয় যোগে জীব আপনার বক্তব্য শব্দাদি উচ্চারণ করিয়া থাকে ॥ ১২ ॥

শ্রীহরিরূপে উপাস্য সেই বিরাট্ দেহে তালু পৃথক্‌ভাবে উৎপন্ন হইল; এবং পশ্চিম দিকের অধিপতি বরুণ-দেব স্বীয় শক্তি জিহ্বার সহিত তথায় প্রবেশ করিলেন। জীব এই জিহ্বার সাহায্যে মধুরাদি বিবিধ রস অনুভব করিয়া থাকে ॥

আভাস।

শব্দে ইন্দ্রিয়াধিষ্ঠিত দেবতাগণকে বুঝায়। এখানে বিরাট্ দেহে মুখের উৎপত্তি হইয়া, মুখের অধিষ্ঠাত্রী দেবতা স্বীয় অংশ বা শক্তি বাগিন্দ্রিয় সহ তাহাতে প্রবেশ করিলেন বলিলে অধ্যাত্ম, অধিভূত ও অধিদৈব এই তিনেরই সৃষ্টির উল্লেখ করা হইল। অর্থাৎ বিরাট মুখ স্থূল পঞ্চ-ভূতাত্মক, সুতরাং অধিভূত ভূতসম্বন্ধীয়; তাহাতে অধিষ্ঠানকারী দেবতা যাহার প্রভাবে সেই পাঞ্চভৌতিক মুখ শক্তিলাভে বিষয় স্পর্শ করে, সেই দেবগণই অধিদৈব এবং যে শক্তি আপনার বোধে প্রাপ্ত হইয়া মুখই বাগিন্দ্রিয় বলিয়া পরিগণিত, সেই শক্তি বা ইন্দ্রিয়ই অধ্যাত্মশব্দে অভিহিত। এতদ্ব্যতীত অপর এক জাতীয় পদার্থের উৎপত্তি হইল, যাহা অধিকতর স্থূল; যাহাকে ইন্দ্রিয় বিষয়রূপে স্পর্শ করে, সেই শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ; এই পঞ্চ ইন্দ্রিয়ের পঞ্চ বিষয়ও অধিভূত নামে

নির্ভিন্নে অশ্বিনৌ নাসে বিষ্ণোরাবিশতাং পদং ॥
ঘ্রাণেনাংশেন গন্ধস্য প্রতিপত্তি র্যতো ভবেৎ ॥ ১৩ ॥
নির্ভিন্নে অক্ষিণী ত্বষ্টা লোকপালোঽবিশদ্বিভোঃ ।
চক্ষুষাংশেন রূপাণাং প্রতিপত্তি র্যতো ভবেৎ ॥ ১৪ ॥
নির্ভিন্নান্যস্য চর্ম্মাণি লোকপালোঽনিলোঽবিশৎ ।

অন্বয়ঃ।

বিষ্ণোঃ বিরাজঃ, নাসে (অধিষ্ঠানতঃ) নির্ভিন্নে (তৎ) পদং স্বস্থানং অংশেন স্বাধিষ্ঠেয়েন ঘ্রাণেন ইন্দ্রিয়েণ সহ অশ্বিনৌ আবিশতাং যতঃ (যেন ঘ্রাণেন) গন্ধস্য প্রতিপত্তিঃ জ্ঞানং ভবেৎ ॥ ১৩ ॥

বিভোঃ বিরাজঃ, অক্ষিণী স্থানে নির্ভিন্নে লোকপালঃ ত্বষ্টা আদিত্যঃ, অংশেন চক্ষুষা (ইন্দ্রিয়েণ সহ) অবিশৎ যতঃ যেন চক্ষুষা রূপাণাং প্রতিপত্তিঃ জ্ঞানং ভবেৎ ॥ ১৪ ॥

অস্য বিরাজঃ নির্ভিন্নানি চর্ম্মাণি লোকপালঃ অনিলঃ পবনঃ অংশেন প্রাণেন (প্রাণবৎ

শ্রীধরস্বামী।

হরের্বিরাজঃ ॥ ১৩ ॥
ত্বষ্টা আদিত্যঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতো ঘ্রাণাৎ ॥ ১৩ ॥
ত্বষ্টা সূর্য্যঃ ॥ ১৪ ॥

ক্রমশঃ সেই বিশ্বব্যাপীর নাসারন্ধ্রদ্বয়ের প্রকাশ হইল; তথায় শক্তিস্বরূপ ঘ্রাণেন্দ্রিয় সহ অধিষ্ঠাত্রীদেবতা অশ্বিনী-কুমার-দ্বয় প্রবেশ করিলেন। এই ঘ্রাণেন্দ্রিয়ের দ্বারা জীব সৎ অসৎ গন্ধ সমূহের জ্ঞান লাভ করে ॥ ১৩ ॥

তদনন্তর তাঁহার অক্ষিগোলক উৎপন্ন হইল এবং দর্শনেন্দ্রিয় সহ তদধিপতি আদিত্য দেব তাহাতে অধিষ্ঠিত হইলেন। এই চক্ষু দ্বারা জীবের রূপজ্ঞান জন্মে ॥ ১৪ ॥

পরে সেই বিরাট্ দেহে চর্ম্মের অভিব্যক্তি হইল; তথায় পবনদেবতা

আভাস।

আখ্যাত। অতএব এতদ্দ্বারা প্রকাশ করা হইল যে, স্থূল, সূক্ষ্ম ও কারণভেদে ত্রিবিধ বস্তুই অধ্যাত্ম, অধিদৈব ও অধিভূত বলিয়া বিখ্যাত। দশ ইন্দ্রিয়ের অধিপতি কারণ-স্থানীয় দেবতা অতি সূক্ষ্মতম কারণস্বরূপে বিদ্যমান; সুতরাং অধিদৈব। তাঁহাদের কার্য্য বা শক্তিরূপই দশ ইন্দ্রিয় অপেক্ষাকৃত স্থূল! অতএব অধ্যাত্মনামে অভিহিত এবং তদপেক্ষা অধিকতর স্থূল ইন্দ্রিয়ের আধার ইন্দ্রিয়লোক মুখ নাসিকাদি ও স্থূলতম বিষয়ই অধিভূতশব্দে উক্ত হইয়াছে ॥ ১২ ॥

প্রাণেনাংশেন সংস্পর্শং যেনাসৌ প্রতিপদ্যতে ॥ ১৫ ॥
কর্ণাবস্য বিনির্ভিন্নৌ ধিষ্ণ্যং স্বং বিবিশুর্দ্দিশঃ।
শ্রোত্রেণাংশেন শব্দস্য সিদ্ধিং যেন প্রপদ্যতে ॥ ১৬ ॥
ত্বচমস্য বিনির্ভিন্নাং বিবিশুর্ধিষ্ণ্যমোষধীঃ।

অন্বয়ঃ।

কৃৎস্নদেহব্যাপিনা ত্বগিন্দ্রিয়েণ সহ) অবিশৎ ; যেন ত্বগিন্দ্রিয়েণ অসৌ জীবঃ সংস্পর্শং (মৃদুত্ব-কঠিনত্ব-শৈত্যোষ্ণত্বাদি জ্ঞানং প্রতিপদ্যতে প্রাপ্নোতি ॥ ১৫ ॥

অস্য বিরাজঃ কর্ণৌ নির্ভিন্নৌ তৎ স্বং ধিষ্ণ্যং স্বস্থানং অংশেন (শ্রোত্রেন্দ্রিয়েণ সহ) দিশঃ দেবতাঃ বিবিশুঃ, যেন শ্রোত্রেণ শব্দস্য সিদ্ধিং জ্ঞানং প্রপদ্যতে (জীবঃ প্রাপ্নোতি) ॥ ১৬ ॥

অস্য বিরাজঃ বিনির্ভিন্নাং ত্বচং ধিষ্ণ্যং অধিষ্ঠানং অংশেন ইন্দ্রিয়েণ রোমভিঃ সহ

শ্রীধরস্বামী।

প্রাণেনেতি প্রাণবদ্দেহব্যাপিনা ত্বগিন্দ্রিয়েণেত্যর্থঃ ॥ ১৫ ॥

শব্দস্য সিদ্ধির্জ্ঞানং ॥ ১৬ ॥

ত্বচং চর্ম্ম। ওষধীঃ ওষধয়ঃ ত্বগিন্দ্রিয়স্যৈব স্থানভেদেন বিষয়দ্বয়ং কণ্ডূঃ স্পর্শশ্চ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাণেনেতি প্রাণবদ্দেহব্যাপিনা ত্বগিন্দ্রিয়েণেত্যর্থঃ ॥ ১৫ ॥

সিদ্ধিং জ্ঞানং ॥ ১৬ ॥

ওষধী রোমধ্যঃ। অত্র ত্বগধিষ্ঠানে ত্বগ্রোমাণি চেন্দ্রিয়দ্বয়ং। তত্র ত্বগেন্দ্রিয়ে

স্বকীয় অংশ সর্ব্বদেহব্যাপী ত্বগিন্দ্রিয় লইয়া প্রবেশ করিলেন ; এই ত্বগিন্দ্রিয় যোগে জীব মৃদু, কঠিন, শীতল বা উষ্ণ ইত্যাদি সমস্ত পদার্থেরই স্পর্শ অবগত হইতে পারে ॥ ১৫ ॥

অনন্তর তাঁহার কর্ণদ্বয় উৎপন্ন হইল এবং এই কর্ণগোলকে শক্তিস্বরূপ শ্রবণেন্দ্রিয় সহ দিক্‌দেবতা প্রবেশ করিলেন ; জীবও এই কর্ণেন্দ্রিয়ের সাহায্যে শব্দ-সমূহের জ্ঞান-লাভ করে ॥ ১৬ ॥

পরে ঐ বিরাট্ পুরুষের চর্ম্ম উদ্ভাত হইল এবং রোমরূপ ইন্দ্রিয়-যোগে ওষধি সকল স্ব স্ব অংশ সহ সেই চর্ম্মে প্রবেশ করিলেন ; জীবও এই সকল

আভাস।

প্রাণশব্দে প্রাণের ন্যায় দেহব্যাপী ত্বগিন্দ্রিয় বুঝিতে হইবে ॥ ১৫ ॥

ত্বক্‌রূপ অধিষ্ঠানে দুই দেবতা, দ্বিবিধ ইন্দ্রিয় ও দুইপ্রকার বিষয় উৎপন্ন হয়। প্রথম বায়ু দেবতা, ত্বগিন্দ্রিয় ও স্পর্শ বিষয় এবং ওষধি দেবতা, রোম সমূহ ইন্দ্রিয় ও

অংশেন রোমভিঃ কণ্ডুং যৈরসৌ প্রতিপদ্যতে ॥ ১৭ ॥
মেঢ্রং তস্য বিনির্ভিন্নং স্বধিষ্ণ্যং ক উপাবিশৎ।
রেতসাংশেন যেনাসাবানন্দং প্রতিপদ্যতে ॥
গুদং পুংসো বিনির্ভিন্নং মিত্রো লোকেশ আবিশৎ।
পায়ুনাংশেন যেনাসৌ বিসর্গং প্রতিপদ্যতে ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

ওষধীঃ ওষধয়ঃ বিবিশুঃ যৈঃ রোমভিঃ অসৌ জীবঃ কণ্ডুং প্রতিপদ্যতে ॥ ১৭ ॥

তস্য বিনির্ভিন্নং মেঢ্রং স্বধিষ্ণ্যং স্বস্থানং কঃ প্রজাপতিঃ অংশেন রেতসা (রেত-উপলক্ষিতোপস্থেন্দ্রিয়েণ সহ) উপাবিশৎ যেন উপস্থেন্দ্রিয়েণ অসৌ আনন্দং প্রতিপদ্যতে ॥

পুংসঃ বিরাজঃ বিনির্ভিন্নং গুদং অধিষ্ঠানং অংশেন পায়ুনা ইন্দ্রিয়েণ সহ লোকেশঃ মিত্রঃ আবিশৎ, যেন ইন্দ্রিয়েণ অসৌ বিসর্গং পুরীষত্যাগং প্রতিপদ্যতে করোতি ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

অত্র চায়ং নামভেদো দেবতাভেদশ্চেতি। দ্বিতীয়স্কন্ধ এব ব্যাখ্যাতং ॥ ১৭ ॥

কঃ প্রজাপতিঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনিলো দেবতা স্পর্শো বিষয়ঃ। রোমেন্দ্রিয়ে ওষধ্যো দেবতাঃ কণ্ডুর্বিষয়ঃ ॥ ১৭ ॥

কঃ প্রজাপতিঃ রেতসা রেত উপলক্ষিতেন উপস্থেন ইত্যর্থঃ। বিসর্গং মলমূত্রোৎসর্গং ॥ ১৮ ॥

রোম-সাহায্যে কণ্ডূতি উপভোগ করে ॥ ১৭ ॥

অনন্তর তাঁহার মেঢ্রস্থান উৎপন্ন হইল এবং প্রজাপতি ব্রহ্মা রেতোপলক্ষিত স্বকীয় অংশ উপস্থেন্দ্রিয় লইয়া তথায় প্রবেশ করিলেন। এই উপস্থেন্দ্রিয়ের দ্বারা জীব আনন্দ অনুভব করিয়া থাকে ॥

পরে তাঁহার গুহ্যদেশ সমুৎপন্ন হইল; তথায় লোকপতি মিত্র স্বীয় অংশ পায়ু ইন্দ্রিয় সহ প্রবেশ করিলেন। এই পায়ু ইন্দ্রিয়ের দ্বারা জীব পুরীষাদি পরিত্যাগ করিয়া থাকে ॥ ১৮ ॥

আভাস।

তাহার বিষয় কণ্ডূতি প্রকাশ করা হইল ॥ ১৭ ॥

বাহ্যেন্দ্রিয়, ইন্দ্রিয়ের স্থান ও ইন্দ্রিয়াধিষ্ঠিত দেবতাগণের একে একে উৎপত্তির বিষয় বর্ণন করিয়া, আভ্যন্তরিক ইন্দ্রিয় চতুষ্টয়ের উৎপত্তির বিষয় বর্ণন পূর্ব্বক প্রকাশ করিলেন যে, মন, বুদ্ধি অহঙ্কার ও চিত্ত জীবাত্মার পরিচায়ক মাত্র। ইহারা কেহই জীবরূপত্বের কোন সম্পর্ক রাখে না। বাহ্যেন্দ্রিয়ের ন্যায়, ইহারাও ইন্দ্রিয় মাত্র। ইন্দ্র শব্দে পুরুষ; সেই

হস্তাবস্য বিনির্ভিন্নাবিন্দ্রঃ স্বঃপতিরাবিশৎ।
বার্ত্তায়াংশেন পুরুষো যয়া বৃত্তিং প্রপদ্যতে ॥
পাদাবস্য বিনির্ভিন্নৌ লোকেশো বিষ্ণুরাবিশৎ।
গত্যা স্বাংশেন পুরুষো যয়া প্রাপ্যং প্রপদ্যতে ॥
বুদ্ধিং চাস্য বিনির্ভিন্নাং বাগীশো ধিষ্ণ্যমাবিশৎ।
বোধেনাংশেন বোদ্ধব্যপ্রতিপত্তি র্যতো ভবেৎ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

অস্য বিনির্ভিন্নৌ হস্তৌ স্বঃপতিঃ স্বর্গপতিঃ ইন্দ্রঃ বার্ত্তয়া ক্রয়বিক্রয়াদিশক্ত্যা অংশেন ইন্দ্রিয়েণ সহ আবিশৎ যয়া শক্ত্যা পুরুষঃ বৃত্তিং জীবিকাং প্রপদ্যতে সম্পাদয়তি ॥

অস্য বিনির্ভিন্নৌ পাদৌ অংশেন গত্যা গত্যাখ্যেন্দ্রিয়েণ সহ লোকেশঃ বিষ্ণুঃ আবিশৎ যয়া (গত্যাখ্যয়া শক্ত্যা) পুরুষঃ প্রাপ্যং দেশান্তরং প্রপদ্যতে গচ্ছতি ॥

অস্য বিনির্ভিন্নাং বুদ্ধিং ধিষ্ণ্যং চ অংশেন বোধেন নিশ্চয়াত্মকজ্ঞান-জনন-সামর্থ্যেন, সহ বাগীশঃ ব্রহ্মা, আবিশৎ যতঃ (যেন বোধেন) বোদ্ধব্যপ্রতিপত্তিঃ (বোদ্ধব্যস্য নিশ্চেতব্যস্য প্রতিপত্তিঃ নিশ্চয়াত্মকং জ্ঞানং) ভবেৎ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

স্বঃপতিঃ স্বর্গস্য পতিরিন্দ্রঃ। বার্ত্তয়া ক্রয়বিক্রয়াদিশক্ত্যা বৃত্তিং জীবিকাং প্রাপ্যং দেশান্তরং ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বার্ত্তয়া ক্রয়বিক্রয়াদিশক্ত্যেতি। বার্ত্তা বলশিল্পাদিশব্দবাচ্যমধ্যাত্মং বৃত্তিং জীবিকাং ॥

বুদ্ধিং বুদ্ধ্যাস্পদং গোলকং হৃদয়ৈকদেশং। বাগীশো ব্রহ্মা বোধেন বুদ্ধ্যা। শ্লোকোঽয়মসর্ব্বমম্মতঃ ॥ ১৯ ॥

তৎপরে ঐ বিরাট্ দেহে বাহুদ্বয়ের প্রকাশ হইল। স্বর্গরাজ ইন্দ্র আদান-প্রদান-রূপ স্বকীয় শক্তি হস্তেন্দ্রিয় সমভিব্যাহারে সেই বাহুদ্বয়ে আবিষ্ট হইলেন; জীবকুল এই ইন্দ্রিয় সঞ্চারে নিজ জীবিকা অর্জ্জন করিয়া থাকে ॥

অব্যবহিত পরেই সেই বিরাটে পাদদ্বয় সমুৎপন্ন হইল। লোকনাথ বিষ্ণু নিজের গতিশক্তিরূপ ইন্দ্রিয়-যোগে সেই পাদদ্বয়ে প্রবেশ করিলেন; জীব এই গমন-শক্তি-যোগে ইতস্ততঃ বিচরণ করে ॥

অতঃপর সেই বিরাটদেহে বুদ্ধিস্থান প্রকাশ পাইল; তথায় বাণীকান্ত

আভাস।

পুরুষের অস্তিত্বে, যাহারা পুরুষগুণ চেতনাদি লাভে চেতনের ন্যায় কার্য্য করে এবং যাহাদের কার্য্য পরিদর্শনে চৈতন্যস্বরূপ পুরুষের অস্তিত্ব উপলব্ধি হয়, সেই ইন্দ্রনামা

হৃদয়ঞ্চাস্য নির্ভিন্নং চন্দ্রমা ধিষ্ণ্যমাবিশৎ।
মনসাংশেন যেনাসৌ বিক্রিয়াং প্রতিপদ্যতে ॥ ২০ ॥
আত্মানঞ্চাস্য নির্ভিন্নমভিমানো বিশৎ পদং।
কর্ম্মণাংশেন যেনাসৌ কর্ত্তব্যং প্রতিপদ্যতে ॥ ২১ ॥

অন্বয়ঃ।

অস্য নির্ভিন্নং হৃদয়ং ধিষ্ণ্যং স্থানং, চ মনসা অংশেন ইন্দ্রিয়েণ সহ চন্দ্রমা আবিশৎ যেন মনসা, অসৌ জীবঃ, বিক্রিয়াং সঙ্কল্পবিকল্পরূপাং প্রতিপদ্যতে প্রাপ্নোতি ॥ ২০ ॥

অস্য নির্ভিন্নং আত্মানং অহঙ্কারং পদং স্থানং কর্ম্মণা অংশেন অহন্তাবেন ইন্দ্রিয়েণ সহ অভিমানঃ (অভিমন্যতে অনেন ইতি অভিমানঃ) রুদ্রঃ আবিশৎ যেন কর্ম্মণা অসৌ জীবঃ কর্ত্তব্যং (অভিমানবিষয়ং দেহাদিকং) প্রতিপদ্যতে (অহং ইতি মত্বা নানাবিধং কর্ম্ম করোতি) ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

বিক্রিয়াং সংকল্পাদিরূপাং ॥ ২০ ॥

আত্মানমহঙ্কারং। অভিমন্যতে অনেনেতি অভিমানো রুদ্রঃ। কর্ম্মণা অহংবৃত্ত্যা কর্ত্তব্যমিতি ক্রিয়াং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিক্রিয়াং সঙ্কল্পাদিরূপাং ॥ ২০ ॥

আত্মানমহঙ্কারাস্পদং। গোলকং হৃদয়ৈকদেশং। বাগীশো ব্রহ্মা বোধেন বুদ্ধ্যা শ্লোকোঽয়মসর্ব্বসম্মতঃ ॥ ১৯ ॥ বিক্রিয়াং সঙ্কল্পাদিরূপাং ॥ ২০ ॥ অভিমন্যতেঽনেনেতি অভিমানো রুদ্রঃ) কর্ম্মণাহঙ্কারেণ কর্ত্তব্যং অভিমন্তব্যং ॥ ২১ ॥

ব্রহ্মা নিশ্চয়াত্মক জ্ঞান-জননের সামর্থ্য সহ প্রবেশ করিলেন। এই বুদ্ধিরূপ অন্তরিন্দ্রিয়ের প্রভাবে প্রাণিগণ বিচার-নিষ্পন্ন নিশ্চয়-জ্ঞান লাভ করে ॥ ১৯ ॥

অনন্তর তাঁহার হৃদয়াকাশ উদ্ভিন্ন হইল। চন্দ্রমা তথায় স্বীয় মনন-শক্তি-রূপ অন্তরিন্দ্রিয়ে মনের সহিত প্রবেশ করায়, জীবসংকল্প ও বিকল্প করণে সমর্থ হয় ॥ ২০ ॥

ইহার পর ঐ বিরাটে অহঙ্কারের স্থান উদয় হইল; তথায় অহঙ্কাররূপ ইন্দ্রিয় সহযোগে রুদ্রদেব প্রবেশ করিলেন এবং জীবও অভিমানের আস্পদ দেহাদি প্রাপ্ত হইয়া, আমি ও আমার ইত্যাদি নানাবিধ অহঙ্কারের, কার্য্য সমাধা করিয়া থাকে ॥ ২১ ॥

আভাস।

পুরুষ-চৈতন্যের অস্তিত্ব-প্রকাশকগণকে ইন্দ্রিয় নামে শাস্ত্রে কীর্ত্তন করিয়াছেন। যেমন বাহিরে পৃথক্ পৃথক্ স্থানে অবস্থিত চক্ষুরাদিকে ইন্দ্রিয়-নামে বলা যায়, অন্তরের প্রকাশিত কার্য্যকরী শক্তিকেও অন্তরিন্দ্রিয় নামে অভিব্যক্ত করিয়াছেন। বাহ্যেন্দ্রিয় বাহ্যবিষয়ের সহিত মিলিত হইয়া তাহার রূপকে অন্তরিন্দ্রিয় সমীপে আহরণ করে; অন্তরিন্দ্রিয়গণ

সত্ত্বঞ্চাস্য বিনির্ভিন্নং মহান্ বিষ্ণ্যমুপাবিশৎ।
চিত্তেনাংশেন যেনাসৌ বিজ্ঞানং প্রতিপদ্যতে ॥ ২২ ॥
শীর্ষ্ণোঽস্য দ্যৌ র্ধরা পদ্ভ্যাং খং নাভেরুদপদ্যত।
গুণানাং বৃত্তয়ো যেষু প্রতীয়ন্তে সুরাদয়ঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

অস্য বিরাজঃ সত্ত্বং চিত্তং চ বিনির্ভিন্নং বিষ্ণ্যং স্থানং চিত্তেন অংশেন চেতনয়া সহ মহান্ উপাবিশৎ যেন চিত্তেন অসৌ বিজ্ঞানং চেতনাং প্রতিপদ্যতে লভতে ॥ ২২ ॥

অস্য বিরাজঃ শীর্ষ্ণঃ সকাশাৎ দ্যৌঃ উদপদ্যত; পদ্ভ্যাং পাদাভ্যাং ধরা ভূমিঃ উদপদ্যত; নাভেঃ সকাশাৎ খং অন্তরীক্ষলোকঃ উদপদ্যত। যেষু ত্র্যধরাখ্যেষু লোকেষু গুণানাং সত্ত্বরজস্তমসাং বৃত্তয়ঃ বৃত্তিমন্তঃ সুরাদয়ঃ দেবমনুষ্যাদয়ঃ প্রতীয়ন্তে ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

সত্ত্বমিতি বুদ্ধিচিত্তয়োরভেদেন নির্দ্দেশঃ। মহানিতি ব্রহ্মা। চিত্তেন চেতনয়া ॥ ২২ ॥

ত্রিলোকোৎপত্তিমাহ শীর্ষ্ণ ইতি-বৃত্তয়ঃ পরিণামাঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

সত্ত্বং চিত্তাস্পদং। গোলকং হৃদয়ৈকদেশং। মহান্ বিষ্ণুঃ। বিজ্ঞানং চেতনাং ॥ ২২ ॥

ত্রিলোকোৎপত্তিমাহ শীর্ষ্ণ ইতি। বৃত্তয়ঃ পরিণামাঃ ॥ ২৩ ॥

অনন্তর চিত্তস্থান প্রকাশ হইল এবং চিত্তরূপ স্বীয়াংশ চেতনা সহ মহান্ দেবতা তাহাতে প্রবিষ্ট হইলেন। এই চেতনার বলে বিজ্ঞানের অনুভব হইয়া থাকে ॥ ২২ ॥

এই বিরাটের মস্তক হইতে স্বর্গ, পাদদ্বয় হইতে ধরাতল এবং নাভিদেশ হইতে আকাশাদি অন্তরীক্ষলোক উৎপন্ন হইয়াছে; এবং এই স্থানত্রয়ে সত্ত্ব, রজঃ ও তমোগুণের তারতম্যে দেবতাদি মনুষ্যগণ অবস্থিতি করিতেছে ॥ ২৩ ॥

আভাস।

নিজেদের সামর্থ্য ও অধিকার অনুসারে আনীত বাহ্য বিষয়ের রূপকে আলোচনা পূর্ব্বক চৈতন্যরূপী জীব-সমীপে উপঢৌকন-স্বরূপ প্রদান করে। তন্মধ্যে প্রথম মন সংকল্প করে; অর্থাৎ বাহ্যেন্দ্রিয় বস্তু আনয়ন করিবা মাত্র দ্বারদেশস্থিত মন সন্দেহ প্রযুক্ত কল্পনা করে যে, যাহা আনীত হইয়াছে, তাহা তাহার প্রকৃত রূপ, কি অন্য বস্তু? পরক্ষণেই বুদ্ধি-সমীপে বিচার দ্বারা বস্তুর প্রকৃত স্বরূপের নির্ণয় হয়; এই নির্ণয়-কার্য্যকে অধ্যবসায় কহা যায়। তদনন্তর আমি বলিয়া যে বৃত্তির উদয় হয়, তাহাকে অভিমান বলে; অর্থাৎ এই কার্য্যে সংলিপ্ত আমি; অন্য নহে। আমার জন্যই এই সকল বিষয়; ইত্যাকার অভিমানে অহঙ্কার-তত্ত্বের উদ্ভাসন হয়। পরে চিত্তে তদুচিত ক্রিয়ার

আত্যন্তিকেন সত্ত্বেন দিবং দেবাঃ প্রপেদিরে।
ধরাং রজঃস্বভাবেন পণয়ো যেচ তাননু ॥ ২৪ ॥
তার্ভীয়েন স্বভাবেন ভগবন্নাভিমাশ্রিতাঃ।

অন্বয়ঃ।

আত্যন্তিকেন ঊর্জিতেন। উৎপত্তিকেন ইতি পাঠে নৈসর্গিকেন সত্ত্বেন স্বভাবেন হেতুনা দেবাঃ দিবং (সাত্ত্বিককর্ম্মানুষ্ঠাননিষ্পাদিতফলভোগানুরূপং) স্বর্গং প্রপেদিরে প্রাপ্তাঃ। পণয়ঃ (যজ্ঞাদি কর্ম্ম সমর্প্য তৎফলমিচ্ছন্তি ইতি পণয়ঃ মনুষ্যাঃ) তান্ অনু (অনুসৃত্য যে বর্ত্তন্তে তে গবাদয়ঃ তে চ সর্ব্বে) রজঃস্বভাবেন হেতুনা, ধরাং (রাজস-কর্ম্মভোগানুকূলাং ভূমিং প্রপেদিরে ॥ ২৪ ॥

রুদ্রপার্ষদাং (রুদ্রস্য পার্ষদানাং ভূতপ্রেতপিশাচাদীনাং) যে গণাঃ সমূহাঃ তে

শ্রীধরস্বামী।

এতদেব প্রপঞ্চয়তি দ্বাভ্যাং। আত্যন্তিকেন ঊর্জিতেন। পণব্যবহারে পণন্তে যাগাদিনা ব্যবহরন্তীতি পণয়ো মনুষ্যাঃ তাননু যে তদুপকরণভূতাঃ গবাদয় স্তেঽপি ধরাং প্রপেদিরে ॥ ২৪ ॥

তৃতীয়ং তমঃ তদীয়েন তামসেন উভয়োর্দ্যাবাপৃথিব্যোরন্তরং মধ্যং ব্যোম অন্তরীক্ষং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্যন্তিকেন ঊর্জিতেন পণন্তে যাগাদিনা ব্যবহরন্তীতি পণয়ো মনুষ্যাঃ পণব্যবহারে তাননুবর্ত্তন্তে যে তদুপকরণভূতা গবাদয়স্তেঽপি ধরাং প্রপেদিরে ॥ ২৪ ॥

তৃতীয়ং তমস্তদীয়েন তামসেনেত্যর্থঃ। যে রুদ্রপার্ষদাং ভূতাদীনাং গণা স্তে ভগবতো

তন্মধ্যে সত্ত্বগুণের উৎকর্ষাধিক্যে সত্ত্বস্বভাব দেবগণ সাত্ত্বিক কর্ম্মানুষ্ঠানের ফলভোগস্বরূপ স্বর্গলোক বাসার্থ প্রাপ্ত হইয়াছেন; যজ্ঞাদি কাম্য কর্ম্মের অনুষ্ঠানে ফলাকাঙ্ক্ষী মানব ও তদনুকূল গবাদি রজঃস্বভাব নিবন্ধন রাজসিক কর্ম্মফলের ভোগানুকূলা ধরিত্রীকে বাসস্থানরূপে প্রাপ্ত হইল ॥ ২৪ ॥

রুদ্রদেবের পার্ষদ ভূত, প্রেত ও পিশাচাদি সমূহ তৃতীয়-স্থানীয় তমঃস্বভাব

আভাস।

সমাধানার্থ, কার্য্যোদ্যম ঘটে। এই মন, অহঙ্কার, বুদ্ধি ও চিত্ত চারিটীই অন্তরিন্দ্রিয় স্থানীয়; ইহাদের প্রকাশস্থান ও অধিপতি দেবতা একে একে নির্ণয় করা হইয়াছে ॥ ১৮—২২ ॥

বিরাটদেহে ইন্দ্রিয়ের স্থান নির্ণয় করত অবান্তর বিভাগে স্বর্গাদি ভুবন ও উত্তমাধম বিবেচনায় তত্রত্য জীবসমূহের কীর্ত্তন করিয়াছেন। অর্থাৎ উত্তম, মধ্যম ও অধম বিচারে স্বর্গ মর্ত্ত্য ও অন্তরীক্ষের নির্ণয় হইয়াছে। সত্ত্বগুণে তাঁহার মস্তক, স্বর্গের স্থান; রজোগুণে পাদদ্বয়, সেই রজোগুণোৎপন্ন পাদদ্বয় হইতে ধরার উৎপত্তি হইয়াছে এবং তমোগুণে মধ্যভাগ

উভয়োরন্তরং ব্যোম যে রুদ্রপার্ষদাং গণাঃ ॥ ২৫ ॥
মুখতোঽবর্ত্তত ব্রহ্ম পুরুষস্য কুরূদ্বহ।
যস্ত্বমুখত্বাদ্বর্ণানাং মুখ্যো ভূদ্ব্রাহ্মণো গুরুঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

তার্ত্তীয়েন তৃতীয়স্থানীয়েন তামসেন, স্বভাবেন উভয়োঃ দ্যাবাপৃথিব্যোঃ অন্তরং মধ্যস্থং ব্যোম অন্তরীক্ষং (তদেব) ভগবন্নাভিং আশ্রিতাঃ ॥ ২৫ ॥

হে কুরূদ্বহ বিদুর। (অস্য বিরাজঃ) পুরুষস্য মুখতঃ ব্রহ্ম বেদঃ অবর্ত্তত অভূৎ, যঃ তু উমুখত্বাৎ মুখোদ্ভবত্বাৎ বর্ণানাং মধ্যেঃ মুখ্যঃ গুরুঃ সন্মার্গোপদেষ্টা চ ব্রাহ্মণঃ অভূৎ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তদেব ভগবতো নাভিং তামশ্রিতাঃ। রুদ্রপার্ষদাং রুদ্রস্য পার্ষদানাং ভূতাদীনাং গণাঃ ॥ ২৫ ॥

অবর্ত্তত প্রবৃত্তং ব্রহ্ম বেদঃ। যস্তু উমুখত্বাৎ মুখোদ্ভবত্বাৎ বর্ণানাং মুখ্যঃ মুখমিব প্রথমঃ গুরুশ্চাভূৎ সোঽপি মুখতোঽবর্ত্তত ইত্যনুষঙ্গঃ। অধ্যাপনাদিনা ব্রাহ্মণস্য বেদো বৃত্তিঃ তয়া বৃত্ত্যা সহ ব্রাহ্মণো মুখতো জাত ইত্যর্থঃ। এবমুত্তর-বর্ণত্রয়ে জ্ঞাতব্যং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিরাজো নাভিমাশ্রিতা ইত্যন্বয়ঃ। নাভিরেব কা তত্রাহ উভয়ো র্দ্যাবাপৃথিব্যোরন্তরং মধ্যং ব্যোম আকাশং ভূবর্লোকং ॥ ২৫ ॥

চাতুর্ব্বর্ণ্যোৎপত্তিমাহ ব্রহ্ম বেদঃ পুরুষস্য পরমেশ্বরৈক্যাত্তস্য মুখতোঽবর্ত্তত অভূৎ যস্তু উমুখত্বাদেনামুখত্বাদ্ধেতো র্ব্বর্ণানাং মুখ্যো গুরুশ্চাভূদ্ব্রাহ্মণঃ সোঽপি মুখতোবর্ত্ততেত্যনুষঙ্গঃ ॥ ২৬ ॥

বশত স্বর্গ ও পৃথিবীর অন্তর্ব্বর্ত্তী ভগবানের নাভিস্থানীয় অন্তরীক্ষ লোকে **বসতি করিতেছেন ॥ ২৫ ॥**

হে কুরুশ্রেষ্ঠ বিদুর! এই বিরাট পুরুষের **মুখ-কমল হইতে বেদ ও ব্রাহ্মণ** বিনির্গত **হইল।** ব্রাহ্মণ শ্রেষ্ঠ অবয়ব হইতে উৎপন্ন ও ধর্ম্মপথের উপদেষ্টা; সেই হেতু বর্ণচতুষ্টয়ের মধ্যে সর্ব্ব-প্রধান গুরু বলিয়া পরিগণিত ॥ ২৬ ॥

আভাস।

নাভিদেশে অন্তরীক্ষ লোকের উৎপত্তি। সত্ত্বপ্রধান দেবগণ স্বর্গে, রজঃপ্রধান মনুষ্যাদি পৃথিবীতে এবং তমঃপ্রধান পিশাচাদি মধ্যস্থান অন্তরীক্ষে বসতি করিতেছে। পুণ্যকর্ম্মের ফলভোগস্থান **স্বর্গ সুখস্বরূপ**; কর্ম্মস্থান রজোগুণাত্মক ধরা দুঃখ-সঙ্কুল এবং অবশভাবে ভোগ-ভূমি অন্তরীক্ষলোক **মোহাত্মক** ॥ ২৩—২৫ ॥

অনন্তর বর্ণচতুষ্টয়, বর্ণবিভাগের কারণ ও তাহাদের কার্য্য ও বৃত্তি বর্ণিত হইয়াছে। ভগবানের মুখ হইতে বেদ ও **ব্রাহ্মণ**, বাহু হইতে রক্ষাশক্তি ও ক্ষত্রিয়, উরু হইতে জীবিকা-

বাহুভ্যোঽবর্ত্তত ক্ষত্রং ক্ষত্রিয়স্তদনুব্রতঃ।
যো জাত স্ত্রায়তে বর্ণান্ পৌরুষঃ কণ্টকক্ষতাৎ ॥ ২৭ ॥
বিশোঽবর্ত্তন্ত তস্যোর্ব্বো লোকবৃত্তিকরী বিভোঃ।

অন্বয়ঃ।

(তস্য বিরাজঃ) বাহুভ্যঃ ক্ষত্রং ক্ষত্রিয়ধর্ম্মঃ অবর্ত্তত। তদনুব্রতঃ তদনুগঃ পৌরুষঃ (পুরুষস্য ভগবতঃ পালনশক্তিবিশেষঃ) যঃ ক্ষত্রিয়ঃ জাতঃ (সঃ) কণ্টক-ক্ষতাৎ উপদ্রবাৎ বর্ণান্ ত্রায়তে ॥ ২৭ ॥

তস্য বিভোঃ ভগবতঃ ঊর্ব্বোঃ উরুভ্যাং বিশঃ কৃষ্যাদিব্যবসায়াঃ লোকবৃত্তিকরীঃ

শ্রীধরস্বামী।

ক্ষত্রং পালনরূপা বৃত্তিঃ তৎ ক্ষত্রং অনুব্রতঃ অনুসৃতঃ। ক্ষত্রিয়োঽপি বাহুভ্যোঽবর্ত্ততেত্যর্থঃ। তদনুব্রতত্বমেবাহ য ইতি। পৌরুষঃ পুরুষস্য বিষ্ণোরংশঃ। কণ্টকা শৌরাদয়ঃ তেভ্যো যৎ ক্ষতমুপদ্রবঃ তস্মাৎ ত্রায়তে রক্ষতি ॥ ২৭ ॥

বিশঃ কৃষ্যাদিব্যবসায়াঃ লোকস্য বৃত্তিকরীঃ জীবিকাহেতবঃ তস্য বিভো রূর্ব্বোঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষত্রং পালনশক্তিঃ। তদনুব্রতস্তদনুগঃ ক্ষত্রিয়োঽপি বাহুভ্যোঽবর্ত্ততেত্যর্থঃ। কণ্টকা-শৌরাদয়স্তেভ্যো যৎ ক্ষতমুপদ্রবস্তস্মাত্ত্রায়তে রক্ষতি যতঃ পৌরুষঃ পুরুষস্যায়ং তদীয়পালন-শক্তিমত্ত্বাদিত্যর্থঃ ॥ ২৭ ॥

বিশঃ কৃষ্যাদিব্যবসায়াঃ ঊর্ব্বোঃ উরুভ্যাং লোকানাং বৃত্তিকরী জীবিকাহেতবঃ।

ইহাঁর বাহু হইতে ক্ষত্রিয় ধর্ম্ম ও ক্ষত্রিয়ের উৎপত্তি হইল। ক্ষত্রিয়গণ ভগবানের পালন-শক্তির অংশে উৎপন্ন বলিয়া অন্যান্য বর্ণত্রয়কে কণ্টক-স্বরূপ যাবতীয় উপদ্রব হইতে পরিত্রাণ করিয়া থাকেন ॥ ২৭ ॥

এই বিশ্বব্যাপী বিভুর ঊরুদ্বয় হইতে লোকের জীবিকার উপায় কৃষি-

আভাস।

শক্তি ও বৈশ্য এবং পাদদ্বয় হইতে সেবাশক্তি ও শূদ্রের আবির্ভাব হইল। যে বর্ণ যে শক্তি সমভিব্যাহারে উৎপন্ন, সেই বর্ণ সেই শক্তির অনুশীলনে জগতে ক্রিয়া করত, সেই জাতীয় কার্য্যের সমাধা করিয়া ভগবানেরই জগৎপালন কার্য্যের ব্যবস্থা করিতেছে। যেমন বন্দুকধারী, গোলন্দাজ, কৃপাণধারী ও সঙ্কেতকারী সকলেই স্ব স্ব অধিকারানুরূপ কার্য্যে নিযুক্ত থাকিয়া, এক যুদ্ধক্রিয়া নিষ্পাদন করত, রাজারই আজ্ঞা পালন করিতেছে; সকলেই ভিন্ন অথচ মিলিত না হইলে প্রধান কার্য্য যুদ্ধ নির্ব্বাহ হয় না, সেইরূপ ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র স্ব স্ব অধিকার অনুসারে প্রত্যেকে ভিন্ন হইলেও, সৃষ্টির মর্য্যাদা প্রতিপালনরূপ কার্য্য দ্বারা এক ভগবানেরই আজ্ঞা পালন করিতেছে। অতএব স্বার্থের অনুরোধে অন্ধ হইয়া, যাঁহারা নিজ বর্ণাশ্রমোচিত কর্ম্মের ত্রুটি করেন, তাঁহারা ঈশ্বরের

বৈশ্যস্তদুদ্ভবো বার্ত্তাং নৃণাং যঃ সমবর্ত্তয়ৎ ॥ ২৮ ॥
পদ্ভ্যাং ভগবতো জজ্ঞে শুশ্রূষা ধর্ম্মসিদ্ধয়ে।
তস্যাং জাতঃ পুরা শূদ্রো যদ্বৃত্ত্যা তুষ্যতে হরিঃ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

লোকস্য জীবিকাহেতবঃ অবর্ত্তন্ত প্রবৃত্তাঃ। বৈশ্যঃ চ তদুদ্ভবঃ উরুভ্যাং জাতঃ যঃ নৃণাং বার্ত্তাং জীবিকাং সমবর্ত্তয়ৎ সম্পাদিতবান্ ॥ ২৮ ॥

ভগবতঃ বিরাট্‌পুরুষস্য পদ্ভ্যাং ধর্ম্মসিদ্ধয়ে (শূদ্রেণ ক্রিয়মাণয়া সেবয়া এব ইতরেষাং ধর্ম্মনির্ব্বাহো ভবতি) শুশ্রূষা সেবা জজ্ঞে। তস্যাং সেবায়াং সত্যাং পুরা পূর্ব্বমেব, শূদ্রঃ পদ্ভ্যাং (এব) জাতঃ যদ্বৃত্ত্যা (যস্য সেবারূপয়া বৃত্ত্যা স্বয়ং) হরিঃ (অপি) তুষ্যতে তুষ্যতি অন্যসন্তোষে কা বার্ত্তা। অতো ন নিকৃষ্টা ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

প্রবৃত্তাঃ। তদুদ্ভব উরুজঃ। বার্ত্তাং জীবিকাং যঃ স্ববৃত্ত্যা সম্পাদিতবান্ ॥ ২৮ ॥

তস্যাং নিমিত্তভূতায়াং যস্য বৃত্ত্যা দ্বিজশুশ্রূষয়া হরিঃ স্বয়মেব তুষ্যতি ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৈশ্যোঽপি তদুদ্ভবঃ উরুভবঃ। বার্ত্তাং জীবিকাং। যঃ স্ববৃত্ত্যা সমবর্ত্তয়ৎ সম্পাদিতবান্ ॥২৮॥

শুশ্রূষা পরিচর্য্যা কর্ম্মণো বর্ণাশ্রমধর্ম্মস্য সিদ্ধয়ে শুশ্রূষাং বিনা কর্ম্মমাত্রস্যৈব সিদ্ধি র্ন ভবতীতি সা শূদ্রস্য বৃত্তি র্ভবত্যপি বস্তুতঃ সার্ব্ববর্ণিক্যেবেতি ভাব স্তস্যাং বিষয়ে শূদ্রো জাতঃ পদ্ভ্যামিতি শেষঃ যদ্বৃত্ত্যা হরিস্তুষ্যতীতি বেদাদিভ্যোঽপি শুশ্রূষায়া উৎকর্ষঃ সূচিতঃ ॥ ২৯ ॥

কার্য্যাদি ব্যবসায় ও বৈশ্যজাতির উৎপত্তি হইল; এই বৈশ্যগণ মানবের জীবনোপায় সংগ্রহ করিতেছে ॥ ২৮ ॥

বর্ণসমূহের ধর্ম্মাদি যাবতীয় কার্য্য নির্ব্বাহের জন্য ভগবানের পাদদ্বয় হইতে সেবা ও সেবক শূদ্রের জন্ম হইল। সেবার দ্বারা ভগবান্ শ্রীহরি প্রসন্ন হন; অতএব শূদ্রের কার্য্য শুশ্রূষা-বৃত্তিকে সুগম ও উৎকৃষ্ট বলিয়া সর্ব্বত্র কীর্ত্তিত হইয়াছে ॥ ২৯ ॥

আভাস।

আজ্ঞা উল্লঙ্ঘন করেন, সন্দেহ নাই। সৈন্যগণ যে, যে অস্ত্রে শিক্ষিত ও দীক্ষিত, সে যুদ্ধক্ষেত্রে অবতীর্ণ হইয়া কার্য্যকালে সেই অস্ত্রেরই প্রয়োগে যেরূপ কৃতকার্য্য হয়, সেরূপ নিজের অনধিকৃত পরকীয় অস্ত্রগ্রহণে কৃতকার্য্য হইতে পারে না। বলীয়ান্ বোধে অভিমানী হইয়া নিজের দক্ষতা প্রদর্শন করাইতে গিয়া, নিজের জীবন ও মহারাজের জয় যেমন বিপদ্‌সঙ্কুল করিয়া ফেলে, সেইরূপ মানবও নিজ নিজ অধিকারানুরূপ বর্ণোচিত কর্ম্ম সম্পাদনে যেরূপ সক্ষম হন, অভিমান বশত

এতে বর্ণাঃ স্বধর্ম্মেণ যজন্তি স্বগুরুং হরিং।
শ্রদ্ধয়াত্মবিশুদ্ধ্যর্থং যজ্জাতাঃ সহ বৃত্তিভিঃ ॥ ৩০ ॥
এতৎ ক্ষত্ত র্ভগবতো দৈবকর্ম্মাত্মরূপিণঃ।

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ (হরেঃ সকাশাৎ) বৃত্তিভিঃ জীবিকাভিঃ সহ জাতাঃ (অতঃ) এতে (ব্রাহ্মণাদয়শ্চত্বারো) বর্ণাঃ আত্মবিশুদ্ধ্যর্থং (আত্মনঃ অনাদি-পাপ-বাসনা-দূষিতস্য অন্তঃকরণস্য বিশুদ্ধ্যর্থং স্বধর্ম্মেণ (স্ববর্ণোচিতধর্ম্মেণ) শ্রদ্ধয়া চ স্বগুরুং (জনকত্বেন পালকত্বেন উপদেষ্টৃত্বেন চ পরমপূজ্যং) হরিং (স্বাশ্রিতদুঃখহরং ভগবন্তং) যজন্তি আরাধয়ন্তি ॥ ৩০ ॥

হে ক্ষত্তঃ বিদুর! দৈবকর্ম্মাত্মরূপিণঃ দৈবং দেবনিয়ম্যঃ কালঃ, কর্ম্ম অদৃষ্টং, আত্মা স্বভাবঃ। দৈবাদিরূপাণি শক্তিতয়া অস্য সন্তি ইতি) ভগবতঃ যোগমায়াবলোদয়ং (যুজ্যতে কার্য্যার্থং নিযুজ্যতে ইতি যোগশক্তিঃ মায়া তস্যাঃ বলং সৃষ্ট্যাদিসামর্থ্যং তস্য উদয়ঃ প্রাকট্যং যস্মিন্ তৎ)

শ্রীধরস্বামী।

যদ্ যস্মাজ্জাতাঃ গুরুত্বাৎ জনকত্বাৎ বৃত্তিপ্রদত্বাচ্চ হরেরারাধনং তেষাং পরো ধর্ম্ম ইত্যর্থঃ ॥ ৩০ ॥

ভোঃ ক্ষত্তঃ দৈবকর্ম্মাত্মরূপিণঃ কালকর্ম্মস্বভাবশক্তিমতঃ ভগবতো যোগমায়াবলেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সহ বৃত্তিভিরিতি হরি-যজনে জীবিকার্থং চিন্তা ন কার্য্যেতি ভাবঃ ॥ ৩০ ॥

দৈবকর্ম্মাত্মানঃ কালকর্ম্মস্বভাবা স্বীয়শক্তিত্বাদ্রূপাণি তদ্বতঃ। যোগমায়াবলেন উদয়ো

ব্রাহ্মণাদি বর্ণ-চতুষ্টয় যখন ভগবানের নিকট হইতেই স্ব স্ব বৃত্তি লাভে জন্ম পরিগ্রহ করিয়াছেন, তখন অনাদি পাপ-বাসনায় দূষিত অন্তঃকরণের বিশুদ্ধির বাসনায় শ্রদ্ধা সহকারে স্ব স্ব কর্ম্মের অনুষ্ঠান দ্বারাই নিজ জনক, প্রতিপালক ও উপদেষ্টাস্বরূপ সর্ব্বদুঃখহারী শ্রীহরির আরাধনা করিতেছেন ॥ ৩০ ॥

হে বিদুর! দৈব (কাল) কর্ম্ম ও স্বভাবরূপ শক্তির নায়ক ভগবানের

আভাস।

বশত পরকীয় ধর্ম্মানুষ্ঠানে কখনই সেরূপ পারদর্শী হন না। পরকীয় বর্ণোচিত কর্ম্মানুষ্ঠানে যে ব্যক্তি যতই নৈপুণ্য প্রকাশ করুক্ না, নিজ বর্ণোচিত কর্ম্মে তদপেক্ষা অনেক পরিমাণে অধিক যোগ্যতার পরিচয় দিতে পারিত ; সন্দেহ নাই। যাঁহারা নিজ কর্ম্মে ও ধর্ম্মে উপেক্ষা করিয়া এইরূপে পরকর্ম্মে ও পরধর্ম্মে মনোযোগী হয়েন, তাঁহারা ভগবানের অভিপ্রায় উল্লঙ্ঘন করত নিজের ধর্ম্মপথ কণ্টকিত করেন ; সন্দেহ নাই। আর যাঁহারা কেবল স্বধর্ম্মানুষ্ঠান দ্বারা নিজ কর্ত্তব্য কর্ম্মে কখন ত্রুটি করেন না, তাঁহারা নিজ কার্য্য দ্বারা গুরু শ্রীহরিরই অর্চ্চনা করিয়া থাকেন ; সন্দেহ নাই ॥ ২৬ ॥ ৩০ ॥

কঃ শ্রদ্দধ্যাদুপাকর্ত্তুং যোগমায়াবলোদয়ং ॥ ৩১ ॥
অথাপি কীর্ত্তয়াম্যঙ্গ যথামতি যথাশ্রুতং।
কীর্ত্তিং হরেঃ স্বাং সৎকর্ত্তুং গিরমন্যাভিধাসতীং ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

এতৎ (বিরাট্‌রূপং) উপাকর্ত্তুং সাকল্যেন বর্ণয়িতুং, কঃ শ্রদ্দধ্যাৎ ইচ্ছেৎ ॥ ৩১ ॥

হে অঙ্গ বিদুর! অথাপি (সাকল্যেন বর্ণয়িতুং অশক্তোঽপি অন্যাভিধাসতীং (অন্যস্য হরিব্যতিরিক্তস্য অভিধানং তয়া অসতীং দূষিতাং) স্বাং গিরং বাচং, সৎকর্ত্তুং পবিত্রীকর্ত্তুং যথাশ্রুতং (গুরুমুখাৎ যথামতি স্ববুদ্ধিবলানুসারেণ) হরেঃ কীর্ত্তিং কীর্ত্তয়ামি (নাত্র কাচিৎ প্রতারণা ক্রিয়তে) ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

উচ্ছৃঙ্খলমেতদ্বিরাড়্‌রূপং উপাকর্ত্তুং সাকল্যেন নিরূপয়িতুং কঃ শ্রদ্দধ্যাৎ ইচ্ছেৎ। ইচ্ছাপ্যশক্যা নিরূপণং তু দূরত ইত্যর্থঃ ॥ ৩১ ॥

অঙ্গ বিদুর অথাপি হরেঃ কীর্ত্তিং কীর্ত্তয়ামি। যথাশ্রুতং গুরুমুখাৎ তদপি ন সর্ব্বাত্মনা কিন্তু যথামতি স্বমত্যনুসারেণ। অন্যাভিধা হরিব্যতিরিক্তার্থাভিধানং তয়া অসতীং মলিনাং স্বীয়াং বাচং সৎকর্ত্তুং পবিত্রীকর্ত্তুং ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্য তদেতদ্বিশ্বমুপাকর্ত্তুং সামস্ত্যেন নিরূপয়িতুং কঃ শ্রদ্দধ্যাৎ ইচ্ছেৎ ইচ্ছাপ্যশক্যা নিরূপণং তু দূরত এবেতি ভাবঃ ॥ ৩১ ॥

যথাশ্রুতং গুরুমুখাৎ তত্রাপি যথামতি স্ববুদ্ধ্যা যাবদ্‌গৃহীতং তাবদেব নতু যদ্‌যদেব শ্রুতমিত্যর্থঃ। অন্যাভিধা হরিব্যতিরিক্তা কথা তয়া অসতীং মলিনাং স্বীয়াং বাচং সৎকর্ত্তুং পবিত্রীকর্ত্তুং ॥ ৩২ ॥

যোগমায়া নাম্নী মায়াশক্তির সৃষ্টি-সামর্থ্যের প্রকটিত ভাব এই বিরাট্ দেহের ব্যাপার নিরূপণ করিতে কে সমর্থ হইবে! ॥ ৩১ ॥

দেখ বিদুর! সেই বিশ্বপতি ভগবানের বিষয় বর্ণনে আমার সামর্থ্য না থাকিলেও, গুরুমুখ হইতে যেরূপ শ্রবণ করিয়াছি ও যেরূপ বুঝিয়াছি, আমি অবিকল তাহাই বলিতেছি; কারণ এরূপ বর্ণনে বৃথা সাংসারিক কথায় কলুষিত মদীয়া বাণী নিশ্চয়ই পরিশোধিতা হইবে ॥ ৩২ ॥

আভাস।

মৈত্রেয় মুনি এই সৃষ্টির অদ্ভুত কথা এত বিস্তৃত ভাবে বর্ণন করিয়াও অকৃতার্থের ন্যায় বিদুরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, দেখ বিদুর! সেই মহামহিমার্ণব পরমাত্মা যেমন

একান্ত-লাভং বচসো নু পুংসাং সুশ্লোকমৌলে গুণবাদমাহুঃ।
শ্রুতেশ্চ বিদ্বদ্ভিরুপাকৃতায়াং কথাসুধায়ামুপসংপ্রয়োগং ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

সুশ্লোকমৌলেঃ (সুশ্লোকাঃ পুণ্যযশসঃ বলিপ্রভৃতয়ঃ তেষাং মৌলেঃ চূড়ামণেঃ ভগবতঃ) গুণবাদং গুণকীর্ত্তনং এব নু নিশ্চিতং পুংসাং বাগেন্দ্রিয়স্য একান্তলাভং পরম-ফল-লাভং (ইতি পুরাণতত্ত্বজ্ঞাঃ) আহুঃ। তথা বিদ্বদ্ভিঃ উপাকৃতায়াং বর্ণিতায়াং (তৎ) কথাসুধায়াং উপসংপ্রয়োগং সন্নিধৌ সমর্পণেন তচ্ছ্রবণং এব শ্রুতেঃ চ শ্রবণেন্দ্রিয়স্য পরমফললাভং আহুঃ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

অজ্ঞাত্বাপি যথামতি কীর্ত্তনে শ্রবণে বা আবশ্যকং কৈবল্যমিত্যাহ একান্ততো লাভং নু নিশ্চিতমাহুঃ শ্রুতেঃ শ্রোত্রস্য উপাকৃতায়াং নিরূপিতায়াং উপসংপ্রয়োগং সন্নিধাবর্পণং ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরিকথামৃতাব্ধেরপারত্বাৎ সামস্ত্যেন জ্ঞানং ন কস্যাপ্যতো যৎ কিঞ্চিজ্জ্ঞানে এব তৎকীর্ত্তনশ্রবণাভ্যাং লোকাঃ কৃতার্থীভূয় তং প্রাপ্নুবন্তীত্যাহ গুণবাদং গুণকীর্ত্তনমেব একান্ততো লাভমাহুরন্যৎ সর্ব্বং বচসোঽপচয়মেবেত্যর্থঃ। শ্রুতেঃ শ্রোত্রস্যাপি উপাকৃতায়াং কীর্ত্তিতায়াং উপসংপ্রয়োগং সন্নিধাবর্পণং ॥ ৩৩ ॥

পুণ্যাত্মা বলী প্রভৃতি যশস্বিগণের ইতিবৃত্ত শ্রবণেই যখন চিত্ত নির্ম্মল ও পবিত্র হয়, তখন সকলের অগ্রগণীয় যশস্বিগণের শীর্ষস্থানীয় ভগবান্ শ্রীহরির গুণানুবাদে যে, বাগিন্দ্রিয়ের দোষাপগমে নৈর্ম্মল্য লাভ হইবে, সে বিষয় আর সন্দেহ কি! পৌরাণিকেরা বলেন যে, পণ্ডিতগণের মুখে ভগবানের লীলামৃত শ্রবণ করিলে, চিত্ত স্বতঃ প্রযুক্ত হইয়া ভগবচ্চরণে সমর্পিত হয়; তখন কেবল বাগিন্দ্রিয় নহে, শ্রবণেন্দ্রিয়ও বিশেষ ফললাভে চরিতার্থ হয়, সন্দেহ নাই ॥ ৩৩ ॥

আভাস।

বাক্য ও মনের অতীত, তাঁহার বিকাশিত ঐশ্বর্য্যভাগও সেইরূপ অপ্রমেয় ও ধারণার অতীত! দৈবাধীন দৈবীচেষ্টারূপ কাল, পূর্ব্বসঞ্চিত জীবরূপ অদৃষ্ট এবং অদৃষ্টের সহকারী স্বভাব এই তিনের দ্বারাই সেই মহাপুরুষের অস্তিত্ব অনুমান হয় মাত্র; কারণ এই তিন তাঁহারই শক্তি। এদিকে এই বিরাট্ দেহও তাঁহার কার্য্যসম্পাদিনী যোগ-মায়ারই প্রকটন ভাব; তখন তাহা নিরূপণে কে সমর্থ বা উৎসাহী হইতে পারে! ॥ ৩১ ॥

তথাপি আমি যে বর্ণন করিতে যত্নবান্ হইতেছি, ইহা কেবল নিজ বাগিন্দ্রিয়ের চরিতার্থতার জন্য মাত্র জানিবে। গুরুমুখে যেরূপ শ্রবণ করিয়াছি, ঠিক তদনুরূপই বর্ণন করিলাম; ইহাতে কোন প্রতারণা নাই ॥ ৩২ ॥

আত্মনোঽবসিতো বৎস মহিমা কবিনাদিনা।
সংবৎসর-সহস্রান্তে ধিয়া যোগবিপক্বয়া ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

হে বৎস বিদুর! (অন্যেষাং সাকল্যজ্ঞানে কা বার্ত্তা) আদিনা সর্ব্বজনকেন, কবিনা সূক্ষ্মদর্শিনা, (ব্রহ্মণা) সম্বৎসর-সহস্রান্তে যোগবিপক্বয়া ধিয়া কিং আত্মনঃ সর্ব্বাত্মকস্য ভগবতঃ মহিমা অবসিতঃ! (ন জ্ঞাত ইতি) ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

নচাতীব জ্ঞানে নির্ব্বন্ধঃ কর্ত্তব্যো ব্রহ্মণোঽপি দুর্জ্ঞেয়ত্বাদিত্যাহ আত্মনো হরে র্মহিমা যোগবিপক্বয়াপি সংবৎসর-সহস্রান্তেঽপি আদিকবিনা ব্রহ্মণাপি কিং অবসিতঃ ইতি কাকুক্ত্যা এতাবানিতি ন জ্ঞাত এবেত্যুক্তং ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচাতীব জ্ঞানে নির্ব্বন্ধঃ কার্য্যো ব্রহ্মণোঽপি দুর্জ্ঞেয়ত্বাদিত্যাহ আত্মনো হরে র্মহিমা যোগবিপক্বয়াপি সংবৎসরসহস্রান্তেঽপি আদিকবিনা ব্রহ্মণাপি কিমবসিতঃ কিং জ্ঞাত ইতি কাকুক্ত্যা এতাবানিতি ন জ্ঞাত ইত্যর্থঃ। যদ্বা অবেতাস্যাপি অকারলোপে নঞ্জ ন বসিতঃ অবসিত ইতি সিদ্ধং। যদ্বা সংবৎসরসহস্রান্ত এব মহিমা জ্ঞাত ইতি অচিন্ত্যত্বানন্তত্বাভ্যাং দুর্জ্ঞেয়েন নিশ্চীয়তে তদেব ভগন্মহিম্নো জ্ঞানং এতাবদিদমিত্থংকারেণ জ্ঞানং তজ্জ্ঞানমেবেতি ভাবঃ। তথাচ শ্রুতিঃ যস্যামতং তস্য মতং মতং যস্য ন বেদ স ইতি ॥ ৩৪ ॥

দেখ বৎস! ভগবদ্বিষয়ের সমগ্র জ্ঞান থাকা সম্বন্ধে অন্যের কথা দূরে থাকুক্, সর্ব্বপিতা সূক্ষ্মদর্শী আদিদেব কমলাসন দেবপরিমাণে সহস্র বৎসর কঠোর তপস্যা দ্বারা চিত্তকে সম্পূর্ণরূপ পবিত্র ও তদ্গত করিয়াও, কি সেই বিশ্বেশ্বরের সমগ্র মহিমা অবগত হইয়াছিলেন? ॥ ৩৪ ॥

আভাস।

শ্রীহরির কথামৃত অসীম সমুদ্র সদৃশ; কেহই তাহার অন্ত পর্য্যন্ত অন্বেষণে সমর্থ হন নাই। যৎকিঞ্চিৎ অবগত হইলেই, তাহার শ্রবণ ও কীর্ত্তন দ্বারা জীব কৃতার্থ হয়। ঐ সম্বন্ধীয় কথা ব্যতীত সকল কথাই বৃথা ও জল্পনা মাত্র। হরিকথামৃত শ্রবণে ও কীর্ত্তনে চিত্ত ভগবৎপাদপদ্মের নিকটে অগ্রবর্ত্তী হইয়া, তথায় আত্মসমর্পণে কৃতার্থী হইতে পারে; অতএব ইহা অপেক্ষা অন্যত্র অপর কি অধিক লাভের সম্ভাবনা আছে! ॥ ৩৩ ॥

এতদপেক্ষা অধিক জ্ঞানের জন্য যত্ন করাও নিরর্থক। কারণ পরমব্রহ্মের স্বরূপ দুর্জ্ঞেয়। এমন কি! আদি জ্ঞানবান্ ক্রান্তদর্শী ব্রহ্মা প্রথমতঃ সৃষ্ট হইয়া, ভগবানের নাভিপদ্মে আশ্রয় করত সহস্র সম্বৎসর কাল কঠোর তপস্যা দ্বারা চিত্ত-মালিন্য বিদূরিত করিয়াও যখন তাঁহাকে উপলব্ধি করিতে সক্ষম হন নাই, কেবল তাঁহার মহিমা মাত্র ধারণে সক্ষম হইয়াছিলেন, তখন অন্যের পক্ষে সমগ্র জ্ঞানের কথা উত্থাপন করাই বিধেয় নহে ॥ ৩৪ ॥

অতো ভগবতো মায়া মায়িনামপি মোহিনী।
যৎ স্বয়ঞ্চাত্মবর্ত্মাত্মা ন বেদ কিমুতাপরে ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

অতো ভগবতঃ মায়া আশ্চর্য্যশক্তিঃ, মায়িনাং আশ্চর্য্যশক্তিমতাং অপি মোহিনী আশ্চর্য্যকরী দুর্জ্ঞেয়া, যৎ যস্মাৎ আত্মা পরমাত্মা স্বয়ং অপি আত্মবর্ত্ম স্বমায়াবিস্তারং ন বেদ জানাতি অপরে ব্রহ্মাদয়ঃ ন বিদুঃ কিমুত বক্তব্যং ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

যদ্‌যস্মাৎ স্বয়মপি আত্মা হরিঃ আত্মবর্ত্ম স্বমায়াগতিং এতাবদিতি ন বেদ অনন্তত্বাৎ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বাত্মতত্ত্বং জানন্তোঽন্যানপি জ্ঞাপয়ন্তো দার্শনিকা বহব এব দৃশ্যন্তে তত্রাহ অত ইতি। অতঃ কারণাৎ তন্মায়ামায়িনাং বোধয়িতব্যেষু স্বশিষ্যেষু মায়ামেবার্পয়তাং তেষামপি মোহিনী নিশ্চয়েনৈব মোহিনী মুহুরপি সংসারেষু পাতয়িতুমিতি ভাবঃ ॥

যদ্‌যতঃ স্বয়মাত্মা পরমেশ্বরোঽপি আত্মবর্ত্ম স্বস্বরূপং ন বেদ ন জানাতি অপরে বরাকাঃ কিমুত জানীয়ুঃ ॥ ৩৫ ॥

সেই ভগবানের মায়া এতই অনির্ব্বচনীয় যে, অত্যাশ্চর্য্যশক্তি মায়াবীগণেরও মোহপ্রদ এবং দুর্জ্ঞেয়! অধিক কি! যাঁহার শক্তি সেই মায়া, সেই বিশ্বভাবন জনার্দ্দনও নিজ মায়ার বিস্তৃতি সমগ্র অবগত আছেন কি না, তাহাও আমরা ধারণা করিতে পারি না; অন্যান্য ব্রহ্মাদি দেবতাগণ যে জানেন না, তদ্বিষয়ে আর বক্তব্য কি! ॥ ৩৫ ॥

আভাস।

যাঁহারা জ্ঞানী বলিয়া অভিমান করত মায়াবিচারে প্রবৃত্ত হন, বা শিষ্য বোধনে যত্ন করেন, তাঁহারা স্বয়ং অন্ধ হইয়া অপর অন্ধকে পথ দেখাইবার ন্যায়, উভয় গুরু শিষ্যে ভ্রমেই পতিত হন। শ্রুতি বলিয়াছেন, "বিদিতাদধো হবিদিতাদধিঃ" যাঁহারা বলেন আমরা জানি, তাঁহারা জানেন না; যাঁহারা বলেন, জানিতে পারিলাম না, তাঁহারাই প্রকৃত জানিয়াছেন। ভগবান্ অভিমানের অধিকার অতিক্রম করিয়া দণ্ডায়মান থাকেন। তাঁহার সমগ্র মহিমা অপরের পক্ষে পরিজ্ঞাত হওয়া দূরে থাকুক, ভগবান্ নিজে সেই সকল মায়াশক্তি পরিজ্ঞাত আছেন কি না, সন্দেহ! অতএব বিরাট্ রূপের সমষ্টি ইন্দ্রিয় বা ব্যষ্টিজীবের ব্যষ্টি ইন্দ্রিয়গণ মনের সঙ্গে মিলিত হইয়া বিশেষ আগ্রহের সহিত অগ্রসর হইয়াও, যাঁহাকে প্রাপ্ত হয় না, তখন কৃপা প্রার্থনায় দূর হইতে তাঁহাকে প্রণাম করাই বিধেয়। এ স্থলে শ্রুতির প্রমাণানুসারে বিষয়দোষে দূষিত মনের দ্বারাই ভগবৎপ্রাপ্তি দুর্ল্লভ জানিতে হইবে; নতুবা মনের দ্বারা তাঁহাকে একেবারে পাওয়া যায় না, এরূপ বলিলে শ্রুত্যন্তরের বিরোধ উপস্থিত হয়। কারণ শ্রুতিই বলিয়াছেন যে, সমগ্র বেদের বেদ্য বিষয়ই পরমাত্মা; বিষয়-বাসনাশূন্য অতি পবিত্র সূক্ষ্ম মনের দ্বারাই সেই পরম পুরুষের

যতোঽপ্রাপ্য ন্যবর্ত্তন্ত বাচশ্চ মনসা সহ।
অহঞ্চান্য ইমে দেবা স্তস্মৈ ভগবতে নমঃ ॥ ৩৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে পরানুপ্রবেশো নাম ষষ্ঠোঽধ্যায়ঃ ॥ * ॥ ৬ ॥ * ॥

অন্বয়ঃ।

যতঃ (যোগপরিশুদ্ধেন) মনসা সহ বাচঃ বেদ-বচাংসি, অহং (অতীন্দ্রিয়ার্থদর্শিনঃ অস্মৎ প্রভৃতয়ঃ ঋষয়ঃ) তথা অন্যেঽপি ইমে (ব্রহ্মরুদ্রাদয়ঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারঃ) দেবাঃ চ অপ্রাপ্য সাকল্যেন স্বরূপগুণবিভূত্যাদিকং অজ্ঞাত্বৈব যতো নিবর্ত্তন্তে তস্মৈ ভগবতে নমঃ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

অতো দুর্জ্ঞেয়ত্বাৎ কেবলং নমস্করোতি যত ইতি। যস্য জ্ঞানায় প্রবৃত্তা বাচোঽপি মনসা সহ তমপ্রাপ্যৈব ন্যবর্ত্তন্ত দুর্জ্ঞেয়ত্বাৎ। ন কেবলং বাঙ্মনসে অহং অহঙ্কারাধিষ্ঠাতা রুদ্রোঽপি ইমে ইন্দ্রিয়াধিষ্ঠাতারো দেবা অপি অন্যেচ ॥ ৩৬ ॥ ইতি তৃতীয়ে ষষ্ঠঃ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অতো দুর্জ্ঞেয়ত্বমেব স্থাপয়ন্ নমস্করোতি অপ্রাপ্য অন্তমলব্ধ্বা যতঃ সকাশান্নিবর্ত্তন্তে বাচঃ সমষ্টিব্যষ্টীনাং সর্ব্বেষামপি বাগিন্দ্রিয়াণি মনসা সহেতি মনাংসি চ যদ্বা ব্রহ্মণো মুখান্নির্গতাঃ সর্ব্বে বেদাএব বাচঃ তস্যৈব মনসা সহ অহং অহঙ্কারাধিষ্ঠাতা রুদ্রঃ ইমে বৃহস্পত্যাদয়শ্চ যতো নিবর্ত্তন্তে কুতঃ অপ্রাপ্য যন্নামরূপচরিত্রাদীনাং সম্যঙ্মাধুর্য্যগ্রহণাসামর্থ্যাৎ অপারাণাং তেষামন্তপ্রাপ্ত্যসামর্থ্যাচ্চেত্যর্থঃ। শ্রুতিরপ্যাচষ্টে যতো বাচো নিবর্ত্তন্তে অপ্রাপ্য মনসা সহেতি। অত্রাপাদাননির্দ্দেশ এব বাঙ্মনঃসংশ্লেষ প্রত্যায়কো নিবৃত্তি স্বনন্তত্বেন প্রমাতুমশক্যত্বাদিতি জ্ঞেয়ং। সর্ব্বথৈব বাগাদ্যগম্যত্বং ত্বাত্মনো ন ব্যাখেয়ং। বেদৈশ্চ সর্ব্বৈরহমেব বেদ্য ইতি মনসৈবানুদ্রষ্টব্যমেতদমেয়ং ধ্রুবং। তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয় ইত্যাদি শ্রুতিবিরোধাপত্তেঃ ॥৩৬॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ষষ্ঠোঽধ্যায় স্তৃতীয়েঽস্মিন্ সঙ্গতঃ সঙ্গতঃ সতাম্ ॥ * ॥

দেখ বিদুর! সেই পরমাত্মাকে জানিবার জন্য ইন্দ্রিয়গণ ও বেদবাক্য নির্ম্মল চিত্ত-সংযোগে অগ্রসর হওত প্রাপ্ত না হইয়া, প্রতিনিবৃত্ত হইয়াছেন; তিনি যে কেবল বাক্য-মনের অগোচর, এমত নহে; অহঙ্কারাধিষ্ঠাতা রুদ্র এবং ইন্দ্রিয়াধিষ্ঠাতা এই দেবগণও তাঁহার তত্ত্ব অবগত হইতে সমর্থ হন নাই। তিনি দুর্জ্ঞেয়; তাঁহাকে সম্যক্ অবধারণের চেষ্টাও নিষ্ফল; তাঁহাকে কেবল আমাদের প্রণামই বিধেয় ॥৩৬॥ ইতি তৃতীয়ে ষষ্ঠ অধ্যায় ॥

আভাস।

সাক্ষাৎকার ঘটে ॥ ৩৫ ॥ ৩৬ ॥ ইতি তৃতীয়ে ষষ্ঠোঽধ্যায় সমাপ্ত ॥

শ্রীশুক উবাচ ॥

এবং ব্রুবাণং মৈত্রেয়ং দ্বৈপায়নসুতো বুধঃ।
প্রীণয়ন্নিব ভারত্যা বিদুরঃ প্রত্যভাষত ॥ ১ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। দ্বৈপায়নসুতঃ ব্যাসপুত্রঃ, বুধঃ জ্ঞানী, বিদুরঃ এবং ব্রুবাণং মৈত্রেয়ং ভারত্যা (প্রার্থনারূপয়া গিরা) প্রীণয়ন্ প্রীতিং জনয়ন্ ইব প্রত্যভাষত ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

সপ্তমে সংশয়চ্ছেদি প্রতিনন্দ্য মুনের্বচঃ।
পুনঃ ক্ষত্রা কৃতা নানা প্রশ্নাঃ সম্যগুদীরিতাঃ ॥ * ॥

অথ তে ভগল্লীলা যোগমায়োপবৃংহিতা ইত্যাদিনা মায়াগুণৈ র্লীলয়া ভগবান্ সৃষ্ট্যাদি করোতি ইত্যেবং ব্রুবাণং ভারত্যা প্রার্থনরূপয়া প্রীণয়ন্ ইবেতি অভিপ্রায়াজ্ঞানেনাক্ষেপাৎ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সপ্ত মে ভগবজ্জীবগতান্যৎ সংশয়চ্ছিদা।
ভক্তিজিজ্ঞাসয়ান্যেঽপি ক্ষত্তুঃ প্রশ্নাঃ প্রকীর্ত্তিতাঃ ॥ * ॥

এবং সা বা এতস্য সংদ্রষ্টুঃ শক্তিঃ সদসদাত্মিকা। মায়া নাম মহাভাগ যয়েদং নির্ম্মমে বিভুঃ। কালবৃত্ত্যা তু মায়ায়াং গুণময্যামধোক্ষজঃ। পুরুষেণাত্মভূতেন বীর্য্যমাধত্ত বীর্য্যবান্ ইত্যাদি ব্রুবাণং ভারত্যা ব্রহ্মংস্থয়া সংসারকূপাদুদ্ধৃত এবাহমিতি মধুরয়া বাচা প্রীণয়ন্ ইবেতি বিদুরমনোগতাক্ষেপস্য সহসৈব মৈত্রেয়েণাবগতত্বান্মৈত্রেয়ং প্রীণয়িতুমশক্নুবন্নিত্যর্থঃ ॥ ১ ॥

শুকদেব রাজা পরীক্ষিৎকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজেন্দ্র! মৈত্রেয় মুনি সৃষ্টি সম্বন্ধে এইরূপ বলিলে, ব্যাসাত্মজ বিজ্ঞতম বিদুর প্রার্থনা বাক্যে তাঁহার বিশেষ প্রীতি উৎপাদন পূর্ব্বক বলিতে লাগিলেন ॥ ১ ॥

আভাস।

সপ্তম অধ্যায়ে বিদুর মৈত্রেয় ঋষির মুখে ভ্রমাপনোদক বাক্য শ্রবণ করিয়া অন্যান্য বিবিধ প্রশ্ন জিজ্ঞাসা করিয়াছেন ॥

পূর্ব্ব পূর্ব্ব অধ্যায়ে মৈত্রেয় ঋষি বিদুরকে সৃষ্টি-সম্বন্ধিনী কথা উত্থাপন পূর্ব্বক বলিয়াছেন যে, সর্ব্বদ্রষ্টা বিশ্বপতি ভগবানের মায়ানামে যে অনির্ব্বচনীয়া শক্তি আছে, সেই শক্তিই এই ব্রহ্মাণ্ড রচনা করিয়াছেন। আদিভূতা শক্তি স্বয়ং কার্য্যসাধনে অসমর্থা হইলেও, তিনি বিশ্বের যোনি-স্থানীয়া; ভগবান তাঁহাতে যখন জ্ঞানরূপ বীর্য্য নিহিত করেন, তখনই সেই মায়াশক্তি জগৎপ্রসব করিয়া থাকেন। বিদুর মৈত্রেয়-মুখে এই সকল উপদেশ বাক্য শ্রবণ করিয়া সন্দেহ-শূন্য না হইলেও, সহসা মুখে তাহা ব্যক্ত করিতে পারেন নাই। প্রথমত তাঁহার প্রীতি উৎপাদনার্থ মধুর বচনে মৈত্রেয়কে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ভগবন্!

বিদুর উবাচ ॥

ব্রহ্মন্ কথং ভগবতশ্চিন্মাত্রস্যাবিকারিণঃ।

অন্বয়ঃ।

বিদুরঃ উবাচ। হে ব্রহ্মন্! নির্গুণস্য প্রাকৃতগুণরহিতস্য অবিকারিণঃ জন্মাদি-

শ্রীধরস্বামী।

নির্ব্বিকারস্য ক্রিয়া, নির্গুণস্য গুণাঃ কথং লীলয়েত্যুক্তিপ্রয়োজনাভাবং পরিহরতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিন্মাত্রস্য গুণাঃ সত্ত্বাদয়ঃ ক্রিয়াঃ সৃষ্ট্যাদয়শ্চ কথং। অত্র চিদ্রূপস্য চিন্ময়স্যেত্যাদি-ক্রমপ্রযুজ্য চিন্মাত্রস্যেত্যবধারণবাচি মাত্র-শব্দপ্রয়োগাদচিদ্গন্ধস্যাপি তত্র রাহিত্যং বোধিতং ততশ্চ সারা এতস্যেত্যনেন সত্ত্বাদিগুণময্যা মায়ায়া ভগবচ্ছক্তিত্বেনোক্তত্বাচ্ছক্তেশ্চ স্বভিন্নত্বাসম্ভবাৎ বস্তুতো গুণা স্বদীয়া এবেতি তস্য চিন্মাত্রত্বে কথং সত্ত্বাদিজড়গুণবত্ত্বং সত্ত্বাদিজড়গুণবত্ত্বে চ কথং চিন্মাত্রত্বমিত্যাক্ষেপ একঃ। তথা বিকারো হি কালহেতুকো গুণধর্ম্ম এবেতি তস্য তু চিন্মাত্রত্বাদেবাধিকারিত্বে কথং বিকারব্যঞ্জকক্রিয়াবত্ত্বং ক্রিয়াবত্ত্বেচ কথমবিকারিত্বমিতি দ্বিতীয়ঃ। নন্বেবমসম্ভবতোঽপি গুণাঃ ক্রিয়াশ্চ তস্য স্বৈরলীলত্বাৎ সম্ভবেয়ু স্তত্রাহ লীলয়া বেতি নহি লীলয়েত্যুক্ত্যা বিরোধঃ পরিহর্ত্তুং শক্যতে তস্য তাদৃশ-লীলত্বে গুণবত্ত্বস্য দুষ্পরিহরত্বাদিতি ভাবঃ। অত্র ভগবত ইতি বিশেষ্যং ভগবানেক

বিদুর বলিলেন, হে ব্রহ্মন্! ভগবান্ জন্মাদি বিক্রিয়ার অতীত, শুদ্ধ চৈতন্য-স্বরূপ; সত্ত্বাদি প্রাকৃতিক গুণত্রয় তাঁহাকে কিছুতেই স্পর্শ করে না;

আভাস।

আপনার প্রসাদে অদ্য আমি ঘোর সংসারের অন্ধকূপ হইতে উদ্ধৃত হইলাম বটে, কিন্তু আমার কয়েকটী সংশয় জন্মিয়াছে, অনুগ্রহ পূর্ব্বক তাহার ছেদনে আমাকে কৃতার্থ করুন! ১ ॥

প্রথম সন্দেহ, ভগবান্ যখন শুদ্ধ চৈতন্যস্বরূপ, তখন তাঁহাতে সত্ত্বাদি গুণ এবং সৃষ্ট্যাদি ক্রিয়া কিরূপে সঙ্গত হয়? এস্থলে চিদ্রূপ বা চিন্ময় শব্দ প্রয়োগ না করিয়া, চিন্মাত্র শব্দ প্রয়োগ করায়, অচিদের গন্ধমাত্রও পরিহার করা হইয়াছে। অর্থাৎ চিদ্রূপ বলিলে, বাহ্যরূপে চৈতন্য, কিন্তু অন্তরে অন্য কিছু থাকিলেও পারে; চিন্ময় বলিলে ময়ট্ প্রাচুর্য্যার্থে ব্যবহৃত হওয়ায়, ভগবানে অন্যান্য পদার্থ অপেক্ষা চেতনাংশ প্রচুর পরিমাণে আছে এরূপ পাছে বুঝায়, এই সন্দেহে চিন্মাত্র শব্দ প্রয়োগ করা হইয়াছে। অর্থাৎ চৈতন্য মাত্র স্বরূপে আর কোন তর্ক বা বাদ নাই। আবার ত্রিগুণময়ী মায়া যদি তাঁহার শক্তি হয়, তাহা হইলে শক্তি ও শক্তিমান্ এতদুভয়ের ত কোন ভেদ নাই; দুইই এক; একই দুই। তখন ভগবান্ চিন্মাত্র হইয়া আবার ত্রিগুণশক্তি-বিশিষ্ট কিরূপে হন? এদিকে সত্ত্বাদি জড়ের ধর্ম্ম চিন্মাত্রে কিরূপ সম্ভব? দ্বিতীয় সন্দেহ, কালপ্রভাবে গুণগ্রামের ধর্ম্ম সমূহের উত্তরোত্তর প্রকাশের নামই বিকার।

লীলয়া বাপি যুজ্যেরন্ নির্গুণস্য গুণাঃ ক্রিয়াঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

বিক্রিয়ারহিতস্য, চিন্মাত্রস্য চৈতন্যস্বরূপস্য ভগবতঃ লীলয়া অপি গুণাঃ বা ক্রিয়াঃ কথং যুজ্যেরন্ সম্ভবন্তি ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

ন বস্তুতো বিরোধমিতি ভাবঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আসেদমিতি পূর্ব্বোক্তেঃ সেয়ং ভগবতো মায়েত্যুপরিষ্টাদুক্তেশ্চ ভগবতঃ কথম্ভূতস্য চিন্মাত্রস্য নচ ভগবানেব চিন্মাত্রো নতু ভগ ইতি বাচ্যং যতো ভগস্যাপি ভগবত্ত্বং অপ্রাকৃতত্বং বিষ্ণুপুরাণে দৃষ্টং যথা জ্ঞানশক্তিবলৈশ্বর্য্যবীর্য্যতেজাংস্যশেষতঃ। ভগবচ্ছব্দবাচ্যানি বিনা হেয়ৈর্গুণাদিভিরিত্যত এব দেহদেহিবিভাগোঽত্র নেশ্বরে বিদ্যতে ক্বচিদিত্যুক্তমতএব ভগশব্দবাচ্যানাং ষড়ৈশ্বর্য্যাণামপি চিন্মাত্রত্বমেব নতু সত্ত্বাদি গুণপরিণামত্বমিতি ভগবত্ত্বং স্বরূপলক্ষণমেব। ভগবত্ত্বস্য মায়িকত্বাৎ তটস্থলক্ষণত্বমিতি ব্যাচক্ষাণা ভ্রান্তা এব। ইন্দ্রস্য মায়েয়মিতি ইন্দ্রো মায়য়া বৃষভো ভবতীত্যুক্তে ইন্দ্রস্য বৃষরূপত্বমেব স্বমায়াকৃতং প্রতীয়তে নত্বিন্দ্রত্বং যথা তথৈব সেয়ং ভগবতো মায়েতি ভগবানেব মায়য়া বিশ্বং ভবতীত্যুক্ত্যা ভগবতো বিশ্বরূপত্বমেব মায়িকং স্যান্নতু ভগবত্ত্বমিতি যুক্তেশ্চ ॥ ২ ॥

অতএব এক লীলা উপলক্ষে সেই নির্গুণের গুণ নিষ্ক্রিয়ের ক্রিয়া-সম্বন্ধ কিরূপে সম্ভব পর হয়? ॥ ২ ॥

আভাস।

ভগবান্ চিন্মাত্র সুতরাং তাঁহাতে বিকারের উৎপত্তি অসম্ভব; অথচ বিকারের ব্যঞ্জক সৃষ্টিসংহারাদি ক্রিয়া তাঁহাতে পরিলক্ষিত হইয়া থাকে। অতএব যখন তিনি ক্রিয়াবান্, তখন তাঁহার অবিকারিত্ব কোথায়! যদি বলেন যে, তাঁহাতে যে যে গুণ বা ক্রিয়ার বিকাশ হয়, সে কেবল তাহার ইচ্ছায় মাত্র; এ কথাও সঙ্গত নহে। কারণ তাদৃশ ইচ্ছাবান্ বলিলে, তিনি গুণবান্ না হইয়া পারেন না। এখানে ভগবানের (ভগবতঃ) শব্দটী বিশেষ্যপদ; পূর্ব্বে উক্ত হইয়াছে যে, এই দৃশ্যমান জগৎ এক ভগবানে মাত্র ছিল; এবং পরেও কথিত হইবে যে, "সেয়ং ভগবতো মায়া," যে শক্তিতে জগৎ সৃষ্ট্যাদি হইতেছে, উহা ভগবানেরই মায়া। সেই ভগবান্ চিন্মাত্ররূপে পরিজ্ঞাত। অতএব চিন্মাত্র বা ভগবান্ নহেন, এতদুভয় অপেক্ষা অতিরিক্ত আর কিছু আছে, যিনিই ভগবান্। কারণ ভগও যে ভগবানে অপ্রাকৃতরূপে শব্দিত, তাহা বিষ্ণুপুরাণেই প্রকাশ আছে। তথায় উক্ত হইয়াছে যে, নিকৃষ্ট ও পরিত্যজ্য প্রাকৃতিক সত্ত্বাদি গুণ ব্যতীত জ্ঞান, শক্তি, বল, ঐশ্বর্য্য, বীর্য্য ও তেজ বলিয়া কয়েকটী বিশেষ্য পদার্থ আছে, যাহা ভগবৎ শব্দে অভিহিত। এদিকে দেহ ও দেহীর পার্থক্য ঈশ্বরে নাই; অতএব ভগশব্দবাচ্য ষড়ৈশ্বর্য্য ও চিন্মাত্র সত্ত্বাদি গুণত্রয়ের সাধারণ পরিণাম

ক্রীড়ায়ামুদ্যমোঽর্ভস্য কামশ্চিক্রীড়িষান্যতঃ।
স্বতস্তৃপ্তস্য চ কথং নিবৃত্তস্য সদান্যতঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

অর্ভস্য বালস্য ক্রীড়ায়াং উদ্যমঃ প্রবৃত্তিহেতুঃ কামঃ (তথা) অন্যতঃ (বস্ত্বন্তরেণ বালান্তর-প্রবর্ত্তনেন বা তস্য) চিক্রীড়িষা ক্রীড়েচ্ছা, চ ভবতি; স্বতঃ (পরমানন্দস্বরূপলাভাদেব) তৃপ্তস্য (তথা) সদা নিরন্তরং, অন্যতঃ নিবৃত্তস্য অসঙ্গাদ্বিতীয়স্য ভগবতঃ চিক্রীড়িষা কথং সম্ভবেৎ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

অর্ভকবল্লীলাপি ন যুজ্যতে বৈষম্যাদিত্যাহ উদ্যময়তি প্রবর্ত্তয়তীত্যুদ্যমঃ অর্ভকস্য ক্রীড়ায়াং প্রবৃত্তিহেতুঃ কামোঽস্তি। অন্যতস্তু বস্ত্বন্তরেণ বালান্তরপ্রবর্ত্তনেন বা তস্য ক্রীড়েচ্ছা ভবতি। ঈশ্বরস্য তু স্বতস্তৃপ্তস্য কথং কামঃ। অন্যতঃ সদা নিবৃত্তস্য চ অসঙ্গাদ্বিতীয়স্য কথমন্যত-শ্চিক্রীড়িষেত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ লীলয়েত্যুক্ত্যা বিরোধপরিহারো মাস্তু লীলৈব তাবদীশ্বরে হেত্বভাবান্ন ঘটত ইতি সদৃষ্টান্তমাহ ক্রীড়ায়ামিতি। উদ্যময়তি প্রবর্ত্তয়তীত্যুদ্যমঃ কাম এবার্ভকস্য স্বাভাবিকঃ ক্রীড়ায়াং প্রবৃত্তিহেতুরস্তি। তথা অন্যতো বালান্তরপ্রবর্ত্তনেনাপি চিক্রীড়িষাস্তি। পরমেশ্বরস্য ত্বাত্মারামত্বাৎ কথং কামঃ ঈশ্বরান্তরাভাবাৎ। কথমন্যতশ্চিক্রীড়িষেত্যাহ স্বতস্তৃপ্তস্যেত্যাদি। অন্যতো নিবৃত্তস্য অন্যরহিতস্য ॥ ৩ ॥

বালকের ক্রীড়াপ্রবৃত্তির হেতুই তাহার নিজের কামনা; সুতরাং কোন বস্তুর লোভে বা অন্য কোন বালকের প্রেরণাতেও শিশুর ক্রীড়ার ইচ্ছা জন্মে। ভগবান্ কিন্তু পরমানন্দস্বরূপ! আত্মস্বরূপ ব্যতীত অন্য বিষয়ে লোভ নাই; সুতরাং আত্মতৃপ্ত। তিনি কখন কাহারও সহিত মিলিত হন না; তিনি অসঙ্গ ও অদ্বিতীয়; অতএব ক্রীড়া বা লীলার ইচ্ছা কোথা হইতে ভগবদ্হৃদয়ে উদিত হয়? ॥ ৩ ॥

আভাস।

নহে। সুতরাং ভগবত্বই স্বরূপ লক্ষণ। যাঁহারা ভগবত্তত্ত্বকে মায়াময় ঈশ্বরের তটস্থ লক্ষণ বলিয়া প্রকাশ করেন, তাঁহারা নিতান্তই ভ্রান্ত। যেমন কেহ বলিল, ইহা ইন্দ্রের মায়া; ইন্দ্র মায়া দ্বারা এই বৃষভরূপে দেখা দিতেছেন; তখন ইন্দ্রের বৃষভরূপ হওয়াই তাঁহার স্বীয় মায়া; ইন্দ্র কিছু বৃষভ নহেন; বা হন নাই; তাঁহার মায়াই বৃষভরূপ ধারণ করিয়াছে। ইন্দ্র কখন বৃষভরূপে পরিণত হন নাই। সেইরূপ জগৎপ্রসবিনী শক্তিই মায়া। ভগবান্ মায়া দ্বারা বিশ্ব হইয়াছেন বলিলে, তাঁহার বিশ্বরূপত্বটী মায়া ব্যতীত তিনি নিজে বিশ্বরূপে কখনই পরিণত হন নাই; এবং বিশ্বেরও ভগবত্ত্ব কখনই স্বীকার্য্য নহে ॥ ২ ॥

অস্রাক্ষীদ্ভগবান্ বিশ্বং গুণময্যাত্মমায়য়া।

অন্বয়ঃ।

গুণময্যা সত্ত্বাদিত্রিগুণাপ্রচুরয়া, আত্মমায়য়া স্বশক্ত্যা ভগবান্ বিশ্বং অস্রাক্ষীৎ সৃষ্টবান্ তয়া

শ্রীধরস্বামী।

যচ্চোক্তং স্মরন্ বিশ্বসৃজামীশো বিজ্ঞাপিতমধোক্ষজ ইত্যাদিনা অবিদ্যোপাধে জীবস্য ভোগার্থমীশ্বরঃ সৃষ্ট্যাদি করোতীতি তদপ্যাক্ষেপ্তুমনুবদতি। অস্রাক্ষীদিতি। গুণময্যা আত্মনো জীবস্য কর্তৃত্বভোক্তৃত্বাদি মোহোৎপাদিকা যা মায়া তয়া সৃষ্টবান্। তদুক্তং প্রথমে যয়া সম্মোহিতো জীব আত্মানং ত্রিগুণাত্মকং। পরোঽপি মনুতেঽনর্থং তৎকৃতঞ্চাভি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচ তস্য তে গুণা স্তাঃ ক্রিয়াশ্চ ন সন্তীত্যপলপনীয়ং তথৈব প্রসিদ্ধেরিত্যাহ অস্রাক্ষীদিতি।

ভগবান্ স্বীয় শক্তিরূপা ত্রিগুণময়ী মায়া দ্বারা এই বিশ্ব রচনা করিয়া-

আভাস।

ভগবানে সৃষ্টি-সংহারাদি কার্য্যের উদ্যম কেবল লীলা বশতই ঘটিয়া থাকে, একথা বলিলেও বিরোধের মীমাংসা হয় না; কারণ কার্য্যের প্রবৃত্তি বা উদ্যম যে যে কারণে ঘটে, ঈশ্বরে তাহার কিছুই পরিলক্ষিত সম্ভব নহে। যে যে হেতু বশত উদ্যম জন্মে, প্রাকৃতিক ব্যবহারে সেই সকল হেতু দৃষ্টান্তের দ্বারা প্রদর্শন করাইয়াছেন, যথা; বালক যে ক্রীড়ায় প্রবৃত্ত হয়, সেটী তাহার স্বভাবসিদ্ধ ধর্ম্ম নহে। প্রবীণ ব্যক্তি যেমন কোন একটী স্বার্থসিদ্ধির জন্য কার্য্যে প্রবৃত্ত হয়, বালকও সেইরূপ একটী অভিনব কামনার চরিতার্থতার নিমিত্তই ক্রীড়ায় আসক্ত হয়। শাস্ত্রান্তর মনুসংহিতাদিতেও উক্ত হইয়াছে, "অকামতা ক্রিয়া কাচিৎ দৃশ্যতে নহি কর্হিচিৎ" কাম ব্যতীত ক্রিয়ার প্রবৃত্তি জন্মে না। হৃদয়ের অভাব বা আকাঙ্ক্ষার পূরণার্থ যে চিত্তের বৃত্তি, তাহারই নাম কাম। সেই কাম বাহ্য বস্তুর আনয়নার্থ যত্ন, কামনা বা প্রার্থনা করে বলিয়া, ঐ বৃত্তিটী কামশব্দে অভিহিত হইয়াছে। ভগবানে কোন অভাব নাই; সুতরাং তাহা পূরণের প্রবৃত্তিও সম্ভব নহে। তিনি আত্মতৃপ্ত; অর্থাৎ আপনার অন্তরস্থিত আনন্দেই আপনি আনন্দিত। শ্রুতিও বলিয়াছেন, "রসো বৈ সঃ; রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতি"। আনন্দ-রসের আকরই ভগবান্; তাঁহার আনন্দ-রসেই জগৎ পরিপুষ্ট। যে পদার্থে যখন যে ভাবে যে আনন্দই পাওয়া যাউক না, এক তাঁহারই আনন্দ। যেমন গঙ্গাতীরবর্ত্তী বিবিধ ফলতরু এক গঙ্গাজলে পুষ্ট হইয়া যত প্রকার রসের পরিচয় প্রদান করুক না, মূলে গঙ্গারই জল; সেইরূপ জগতে যত প্রকার আনন্দই পরিলক্ষিত হউক না, কোনটীই বিষয়ের স্বভাবনিষ্ঠ নহে; সমস্তই আপেয় ব্রহ্মানন্দ মাত্র। বালক যেমন অপর বালকের উত্তেজনায় ক্রীড়ায় আসক্ত হয়, ভগবানকে উত্তেজনা করিবার জন্য সেরূপ দ্বিতীয় ব্যক্তি বা বস্তু নাই, যাহার অনুরোধে তিনি সৃষ্ট্যাদি ক্রিয়ায় নিয়োজিত হইবেন। তিনি অদ্বিতীয়, অনাদি ও সনাতন পুরুষ ॥ ৩ ॥

তয়া সংস্থাপয়ত্যেতদ্ভূয়ঃ প্রত্যপিধাস্যতি ॥ ৪ ॥
দেশতঃ কালতো যোসাববস্থাতঃ স্বতোঽন্যতঃ।

অন্বয়ঃ।

এব এতৎ বিশ্বং সংস্থাপয়তি পুনঃ প্রত্যপিধাস্যতি প্রাতিলোম্যেন তিরোহিতং করিষ্যতি। প্রত্যভিধাস্যতি ইতি পাঠান্তরং। স্ববোধিন্যাং অয়মেব পাঠোঽস্তি ॥ ৪ ॥

যঃ অসৌ দেশতঃ (দীপপ্রভাবৎ) কালতঃ (বিদ্যুত ইব) অবস্থাতঃ (স্মৃতিবৎ) স্বতঃ

শ্রীধরস্বামী।

পদ্যতে ইত্যাদিনা। অত্র চ অতো ভাগবতী মায়া মায়িনামপি মোহিনীতি। সংস্থাপয়তি পালয়তি প্রত্যপিধাস্যতি প্রাতিলোম্যেন তিরোহিতং করিষ্যতি। প্রত্যভিধাস্যতীতি পাঠান্তরে প্রাতিলোম্যেনাত্মনি অভিতো ধারয়িষ্যতি ॥ ৪ ॥

এতচ্চ জীবস্যাবিদ্যাশ্রয়ত্বে ঘটেত নতু তৎ সম্ভবতীত্যাহ দেশত ইতি। যোঽসৌ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্যপিধাস্যতি প্রাতিলোম্যেন তিরোহিতং করিষ্যতি ॥ ৪ ॥

জীবস্য চ কথং মায়ামোহিতত্বং ঘটেতেত্যাক্ষেপান্তরমাহ দেশত ইতি। যোঽসৌ

ছেন; সেই মায়া দ্বারাই পালন এবং অন্তে আত্মরূপেই সমস্ত উপসংহার করিয়া থাকেন ॥ ৪ ॥

আত্মা দীপপ্রভার ন্যায় দেশত, বিদ্যুতের ন্যায় কালত, স্মৃতির

আভাস।

ভগবানে ঙশক্রিয়ার বিশেষ পরিচয় পাওয়া যায়। কারণ পূর্ব্বেও উক্ত হইয়াছে যে, বিশ্বসৃজনকারী মহদাদি তত্ত্বসমূহের আবেদনে পরমাত্মা অবিদ্যারূপ উপাধিগ্রস্ত জীবসমূহের ভোগার্থ ভোগ্যবস্তু ও ভোগায়তন দেহের রচনারূপ বিশ্ব নির্ম্মাণ করিয়াছেন। ইহার পরিচয় প্রদানার্থ বিদুর বলিলেন, ভগবান্ তত্ত্বসমূহের অনুরোধ স্মরণ করত, নিজের স্বরূপশক্তি জীবসমূহকে কর্ত্তৃত্ব-ভোক্তৃত্বাদি বিবিধ বাসনাজালে জড়ীভূত করিবার অভিপ্রায়ে সর্ব্বজগন্মোহিনী নিজ ক্রিয়াশক্তি মহামায়ার দ্বারা জগৎ রচনা করিলেন। এই মহামায়ার শক্তি অসামান্য। এতদর্থে প্রথমেও বলা হইয়াছে যে, মহামায়ার এমনই মায়া যে, জীব সম্পূর্ণ আত্মবিস্মৃত হইয়া, আপনাকে পর ও পরকে আপন বোধ করে। আপনার চিদানন্দস্বরূপ ভুলিয়া, ত্রিগুণাত্মক-রূপ জ্ঞান করে এবং সম্পূর্ণ অনর্থে নিপতিত হয়। মায়ার হস্ত হইতে মূর্খের কথা দূরে থাকুক, জ্ঞানীও অব্যাহতি পান না। সেই মায়ার সহায়ে ভগবান্ সৃষ্টি, পালন ও অন্তে সংহার করত জগতে লীলা করিতেছেন। প্রত্যপিধাস্যতি পাঠের পরিবর্ত্তে পশ্চিমদেশীয় গ্রন্থে প্রত্যভিধাস্যতি পাঠও দেখা যায়; তাহাতে ভগবান্ কার্য্যের উপসংহার কালে (প্রতি) প্রতিলোম গতি অনুসারে (অভি অভিতঃ) সর্ব্বতোভাবে আত্মস্বরূপে (ধারয়িষ্যতি) সমগ্র ভুবন ধারণ করিবেন ॥ ৪ ॥

অবিলুপ্তাববোধাত্মা স যুজ্যেতাজয়া কথং ॥ ৫ ॥

অন্বয়ঃ।

(স্বপ্নবৎ) অন্ততঃ (ঘটাদিবৎ ন পরিচ্ছিন্নঃ অপিতু সর্ব্বতঃ) অবিলুপ্তাববোধাত্মা অলুপ্তচৈতন্যস্বরূপঃ আত্মা সঃ কথং অজয়া মায়য়া অবিদ্যয়া যুজ্যেত ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

দেশাদিভি রবিলুপ্তাববোধঃ আত্মা জীবঃ ব্রহ্মস্বরূপত্বাৎ স কথমজয়া অবিদ্যয়া যুজ্যেত তত্র দেশতো দীপপ্রভায়া ইব লোপো নাস্তি সর্ব্বগতত্বাৎ ন কালতো বিদ্যুত ইব নিত্যত্বাৎ। নাবস্থাতঃ স্মৃতিবৎ অবিক্রিয়ত্বাৎ ন স্বতঃ স্বপ্নবৎ সত্যত্বাৎ। নান্ততঃ ঘটাদিবৎ অদ্বিতীয়ত্বাৎ। এবমেতৈ র্যস্য বোধো ন লুপ্যতে স কথমজয়া যুজ্যেত। অজা চাত্র অবিদ্যৈব ন মায়া তস্যা অবরোধেন বিরোধাভাবাৎ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিত্যজ্ঞানত্বাৎ দেশাদিভিরবিলুপ্তাববোধ আত্মা জীবঃ স কথমজয়া অবিদ্যয়া যুজ্যেত অজা-যোগোত্থস্যাববোধলোপঃ কথং স্যাদিত্যর্থঃ। তত্র দেশত ঊষরদেশত উপ্তং বীজমিব কালতো বিদ্যুদিব অবস্থাতঃ স্মৃতিরিব স্বতঃ স্বপ্ন ইব অন্ততো ঘটাদিরিব যস্য চিদ্বস্তুত্বাদববোধো ন লুপ্তো ভবিতুমর্হতি স কথমবিদ্যয়া বিলুপ্তবিবোধঃ ক্রিয়ত ইত্যর্থঃ ॥ ৫ ॥

ন্যায় অবস্থা বিশেষে, স্বপ্নের ন্যায় আপনা হইতে এবং ঘটাদির ন্যায় বস্তুন্তর হইতে পরিচ্ছিন্ন নহেন। তিনি সদা সর্ব্বদা জ্ঞানময় ও অলুপ্তচৈতন্যস্বরূপ। অতএব এ অবস্থায় মায়ানাম্নী অবিদ্যার সহিত তাঁহার সংযোগ কিরূপে সঙ্গত হয়? ॥ ৫ ॥

আভাস।

জীব অবিদ্যায় উপহিত; সুতরাং কর্তৃত্বাদি সকল ভাবই জীবে সঙ্গত। ভগবানে সে জাতীয় কর্তৃত্বাদি কিরূপে সম্ভব! অজ্ঞান নিবন্ধন জীবের যে কয়েক প্রকারে জ্ঞানের

জ্ঞানস্য নাশঃ পঞ্চধা ভবতি। ভগবান্ তু পঞ্চপ্রকারেণাপি অবিলুপ্তবোধাত্মা। ন বিলুপ্তো বোধো জ্ঞানং যস্য তাদৃশশ্চাসাবাত্মা চ। বোধ এব আত্মা স কথং অজয়া যুজ্যেত। তত্র কস্যচিদ্বোধো দেশেন নশ্যতি, ঘটজ্ঞানং ঘটেন পরিচ্ছিন্নং পটং ন বিষয়ীকরোতি ইতি দেশতস্তস্যাভাবঃ। কালতোঽপি জ্ঞানস্য নাশঃ। কালান্তরে বিস্মরণাৎ অবস্থাতো বিনাশঃ; স্বপ্নে জাগ্রদবস্থাবস্তূনাং জ্ঞানাভাবাৎ স্বতোঽপি বিনাশঃ। উদাসীনজ্ঞানানাং সংস্কারস্যাধারকাদন্ততোঽপি নাশো ন বিরোধিগুণপ্রাদুর্ভাবাৎ। ভগবতত্ত্বজ্ঞানং পঞ্চবিধৈরপি দোষৈরসম্বদ্ধম্। তত্র সর্ব্ববিষয়কত্বান্ন দেশতঃ পরিচ্ছিন্নং, নিত্যত্বান্নতু কালতঃ। ভগবতোঽবস্থাভাবান্নাবস্থাতঃ নির্বিষয়ত্বান্ন স্বতঃ। ভগবতঃ বিরোধিগুণাভাবান্নান্ততঃ। অতোঽজয়া মায়য়া প্রকৃত্যা বা ন যুজ্যতে। তস্মাৎ স্বতো বা মায়াসম্বন্ধেন ভগবতো জগৎকর্তৃত্বং ন ঔদপদ্যতে ইতি স্ববোধিন্যাং ব্যাখ্যাতং শ্রীমদাচার্য্যচরণৈঃ এতৎ ব্যাখ্যানং ভাবার্থদীপিকানুসারি ॥ ৫ ॥

ভগবানেক এবৈষ সর্ব্বক্ষেত্রেষ্ববস্থিতঃ।

অন্বয়ঃ।

সর্ব্বক্ষেত্রেষু সর্ব্বশরীরেষু অবস্থিতঃ এষঃ (ভোক্তা অপি বস্তুতঃ) ভগবান্ একঃ এব

শ্রীধরস্বামী।

কিঞ্চ ব্রহ্মরূপত্বাদেব জীবস্য সংসারোঽপি ন ঘটত ইত্যাক্ষিপতি সর্ব্বক্ষেত্রেষ্ববস্থিতো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন চায়মন্যায়োঽরাজকবৈরাজ্যয়োরিব সংভাবনীয়ো যদজো নিরপরাধং জীবং পরাভবে-

---

যাবতীয় প্রাণিদেহে ভোক্তারূপে যিনি অবস্থিত, তিনিই ভগবান্! কারণ তিনি ব্যতীত দ্বিতীয় চৈতন্যরূপী ত আর কেহ নাই। অতএব

আভাস।

বিচ্যুতি ঘটে, তাহাই এই শ্লোক দ্বারা বিবৃত করিয়াছেন। জ্ঞাননাশের প্রকার সাধারণ দৃষ্টিতে পঞ্চবিধ। দেশত, কালত, অবস্থাত, স্বরূপত ও অন্যকৃত। তন্মধ্যে দেশত নাশ যথা ঘটজ্ঞান পটজ্ঞানের নিবর্ত্তক; অর্থাৎ ঘটাবলম্বনে বৃত্তির উদয় হইয়া যে ঘটজ্ঞান উদ্ভাসিত হয়, তাহা আবার পটাবলম্বনে বৃত্তির সন্নিকর্ষে উদিত পট (বস্ত্র) জ্ঞান দ্বারা নিবৃত্ত হইয়া যায়। ঘটদেশাবচ্ছিন্ন জ্ঞান, পটদেশাবচ্ছিন্ন জ্ঞানের নিবর্ত্তক। কালত নিবৃত্তি যথা, সময়ান্তরে পূর্ব্বাবগত বিষয়ে বিস্মৃতি ঘটে। অবস্থাবশত নিবৃত্তি যথা জাগ্রদবস্থার জ্ঞান স্বপ্নকালে থাকে না এবং স্বপ্নের জ্ঞানও জাগ্রত অবস্থায় সত্য বলিয়া প্রতীত হয় না। স্বরূপত নিবৃত্তি যথা, নির্ম্মনস্ক অবস্থায় যাবতীয় সংস্কার তিরোহিত থাকায়, কোন জ্ঞানই থাকে না। অন্যতনিবৃত্তি যথা, বিরোধী বলবান্ বৃত্তির উদয়ে দুর্ব্বল বৃত্তির নিরোধ হয়; যথা রাগাবস্থায় দ্বেষজ্ঞান এবং দ্বেষাবস্থায় আসক্তির অনুকূল জ্ঞান। এই প্রকার প্রবোধিনী ব্যাখ্যা করিয়াছেন। এস্থলে জ্ঞাননাশ সম্বন্ধে যত প্রকার হেতু প্রদর্শন করিয়াছেন, সমস্তই বৃত্তিজ্ঞান সম্বন্ধে; প্রকৃত জ্ঞানের কখনই নিবৃত্তি হয় না, তাহা পূর্ব্বে যথেষ্টই প্রকাশ করা হইয়াছে। এক্ষণে বালপ্রবোধিনী দেশাদি সম্বন্ধে যেরূপ অর্থ করিয়াছেন, তাহা বর্ণিত হইতেছে; যথা প্রদীপ প্রজ্জ্বলিত হইয়া কিয়দ্দূর মাত্র আলোকিত করে, আধারের গাঢ় আবরণ ভেদ করত যেমন অপর স্থানকে প্রকাশ করিতে পারে না, সেইরূপ জীবের জ্ঞান মায়ার গাঢ় আবরণে আবৃত থাকিয়া, অদৃষ্ট বা পারলৌকিক বস্তুর অবধারণে সমর্থ হয় না। বিদ্যুৎ যেমন একবার স্ফুরিত হইয়াই অদৃশ্য হয়, জীবের জ্ঞানও একবার উদ্দিক্ত হইয়াই পরক্ষণে নিবৃত্ত হয়; যথা উন্মত্তের জ্ঞান কাল-সহকারে বিভিন্ন ভাবে পরিণত হয়,। অন্যত্র একরূপই অর্থ। এইরূপ জ্ঞানের বিবিধ ভাব অবিদ্যা বশত জীবে সম্ভব বটে, কিন্তু ভগবানে ত অবিদ্যার গন্ধমাত্রও নাই; তবে তাঁহাতে প্রকৃতির সংসর্গ ঘটিয়া, কি হেতু ক্রিয়ার উৎপত্তি হয়? ভগবানের জ্ঞান অচল, অটল, অক্ষুণ্ণ ও অলোপী। তিনি নিষ্ক্রিয়; তাঁহার সক্রিয় ভাব কখনই সঙ্গত নহে॥ ৪॥

অমুষ্য দুর্ভগত্বং বা ক্লেশো বা কর্ম্মভিঃ কুতঃ ॥ ৬ ॥
এতস্মিন্ মে মনো বিদ্বন্ খিদ্যতেঽজ্ঞানসঙ্কটে।
তন্নঃ পরাণুদ বিভো কশ্মলং মানসং মহৎ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

(চিদ্রূপেণ তদ্ব্যতিরেকাভাবাৎ এবং সতি) অমুষ্য জীবস্য দুর্ভগত্বং তথা কর্ম্মভিঃ ক্লেশঃ বা কুতঃ ॥ ৬ ॥

হে বিদ্বন্! এতস্মিন্ অজ্ঞান-সঙ্কটে মম মনঃ খিদ্যতে। হে বিভো! নঃ অস্মাকং তৎ মহৎ মানসং কশ্মলং মোহং (ত্বং) পরাণুদ অপাকুরু ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

ভোক্তাপি বস্তুতো ভগবানেব চিদ্রূপত্বেন তদ্ব্যতিরেকাভাবাৎ। এবঞ্চ সতি অমুষ্য জীবস্য দুর্ভগত্বং আনন্দাদিভ্রংশ-কর্ম্মভি র্হেতুভিঃ তৈঃ ক্লেশো বা কুতঃ কর্ম্ম-সম্বন্ধাভাবাৎ। অন্যথা ঈশ্বরস্যাপি তৎপ্রসঙ্গঃ স্যাদিতি ভাবঃ ॥ ৬ ॥

অজ্ঞানমেব সঙ্কটং দুর্গং তস্মিন্ তন্মানসং কশ্মলং মোহং পরাণুদ অপাকুরু ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দিত্যাহ সর্ব্বেষামপি জীবানাং ক্ষেত্রেষু দেহেষু ভগবানেষ অবস্থিতঃ অন্তর্যামিরূপেণ স্বয়মেব স্থিতঃ নতু রাজেব স্বরাজ্যেষু স্বপ্রতিনিধি-পুরুষদ্বারেত্যর্থঃ। এক এবেতি দৈরাজ্যশঙ্কাপি পরিহৃতা। অতএব তস্মিন্ ভগবতি সর্ব্বপ্রতিপালকে অত্রৈব তিষ্ঠত্যপি অমুষ্য জীবস্য দুর্ভগত্বমানন্দাদিভ্রংশো বা কর্ম্মভিরাবিদ্যকৈঃ ক্লেশো বা কুতঃ ॥ ৬ ॥

অজ্ঞানমেব শঙ্কটং দুর্গং তস্মিন্ কশ্মলং মোহং পরাণুদ অপাকুরু। ন ইত্যস্মদোর্দ্বয়োশ্চেতি বহুবচনং ॥ ৭ ॥

ভগবানই সর্ব্বরূপে বিরাজ করিলে, জীবস্বরূপে আনন্দ-ধ্বংস বা কর্ম্মের অনুরোধে আধ্যাত্মিকাদি দুঃখের উদয় কিরূপে চিন্তনীয়! ॥ ৬ ॥

হে জ্ঞানপ্রবীর! এই অজ্ঞানের বিষম সমস্যায় পতিত হইয়া, আমার চিত্ত নিতান্তই বিষণ্ণ হইতেছে। আপনি অনুগ্রহ পূর্ব্বক আমার এই ভয়ঙ্কর মোহ নিবারণ করুন! ॥ ৭ ॥

আভাস।

বিদুর বলিলেন, হে ব্রহ্মন্! যেমন ভগবান্ নিষ্ক্রিয়, জীবও তদ্রূপ। কিন্তু দুর্ভাগা জীবের অদৃষ্টে যে কত দুঃখ আছে, তাহার পরিসীমা করিতেও পারি না! অথচ দেখুন! জীব যে, কোন অরাজক স্থানে বা ভিন্ন রাজ্যে বসতি করে, এমন নহে; রাজরাজেশ্বর জগৎপতির রাজ্যে, সাক্ষাৎ তাঁহার নিজ তত্ত্বাবধানে থাকে; প্রতিনিধির অধীনেও নহে। অধিক কি! সেই জগন্নাথ অন্তর্য্যামিরূপে প্রত্যেক জীবের হৃদয়-মন্দিরে অনবরত বাস করিয়া থাকেন; তথাপি জীব আনন্দাদি সর্ব্বস্বাপহারিণী মায়ার হস্ত হইতে কেন যে অব্যাহতি

শ্রীশুক উবাচ ॥

স ইত্থঞ্চোদিতঃ ক্ষত্রা তত্ত্বজিজ্ঞাসুনা মুনিঃ।
প্রত্যাহ ভগবচ্চিত্তঃ স্মযন্নিব গতস্মযঃ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। সঃ মৈত্রেয়ঃ মুনিঃ ইত্থং উক্তপ্রকারেণ তত্ত্বজিজ্ঞাসুনা ক্ষত্রা বিদুরেণ চোদিতঃ আক্ষেপ-পূর্ব্বকং আপৃষ্টঃ সন্ স্মযন্ ইব (বস্তুতঃ) গতস্মযঃ আশ্চর্য্যরহিতঃ (যতঃ) ভগবচ্চিত্তঃ (নিরন্তরং ভগবৎস্মরণেন তৎকৃপয়া সমাধান-স্ফুরণাৎ আশ্চর্য্যরহিতঃ এব বিদুরং) প্রতি আহ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

চোদিতঃ আক্ষিপ্তঃ। স্মযন্নিব বিস্ময়মাবিষ্কুর্ব্বন্নিব বস্তুতস্তু গতস্মযঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মুনি ভগবচ্চিত্ত ইতি কথমত্র সমাধাত ইতি মনন-পরো ভগবন্তং সস্মারেত্যর্থঃ। ততশ্চ সহসৈবোপলব্ধার্থঃ স্মযন্নিব অহো দুঃসমাধানা ইমে আক্ষেপা ইতি বহির্বিস্ময়ং প্রাপ্নুবন্নস্য সুসমাধানা এবেমে ইতি বিস্ময় রহিত এবেত্যর্থঃ ॥ ৮ ॥

শুকদেব বলিলেন, তত্ত্বজিজ্ঞাসু বিদুর কর্ত্তৃক এইরূপ অভিহিত হইয়া, ভগবচ্চিন্তা-পরায়ণ মৈত্রেয় মুনি কোন বিষয়ে সন্দিগ্ধ বা বিস্মিত না হইয়া, সহাস্য-বদনে উত্তর প্রদান করিতে আরম্ভ করিলেন ॥ ৮ ॥

আভাস।

পায় না, ইহা অপেক্ষা আশ্চর্য্যের বিষয় অপর কি হইতে পারে! বিশেষত জীব যদি ভগবান্ হইতে পৃথক্ হইত, তাহা হইলেও কতক সম্ভব; কিন্তু বস্তুত ভগবদংশই জীবদেহে জীব হইয়াছেন। অতএব যিনি ভোক্তা বলিয়া জীবদেহে পরিচিত, প্রকৃত তিনিই ভগবান্। কারণ ভগবান্ ব্যতীত দ্বিতীয় জ্ঞাতা বা কর্ত্তার অস্তিত্বও শাস্ত্রে উক্ত হয় নাই। অতএব তাদৃশ জীবের বন্ধন বা সংসার-দুঃখ কিরূপে ঘটিল? ॥ ৬ ॥

হে ব্রহ্মন্! রাজত্বের সকল দেশ অধিকার করিলেও, রাজার জয় সাব্যস্ত হয় না। সৈন্যাবাস দুর্গ অধিকার করা প্রয়োজন; নতুবা পুনঃ পরাজয়ের বিশেষ সম্ভাবনা। সেইরূপ আমি বৈরাগ্য ও বিচার বলে নিত্যানিত্য বস্তু-বিচারাদির দ্বারা সংসার-জয়ে উদ্যোগী হইয়াও, মায়ার দুরতিক্রমণীয় ভীষণ অজ্ঞান দুর্গ অতিক্রম করিতে পারিতেছি না! অপনি এই ঘোর মায়ার বিষম সমস্যার নিরসন পূর্ব্বক আমার মনোমালিন্য অপনোদিত করুন! ॥ ৭ ॥

মৈত্রেয় ঋষি বিদুরের প্রশ্নে যেন বিমোহিতের ন্যায় ভাব দেখাইয়া ঈষৎ হাস্য করত, উত্তর করিতে আরম্ভ করিলেন। বিদুরের প্রশ্নে ঐ ঋষির কোন কঠিন ভাব বলিয়া মনে হয় নাই; তিনি ঈশ্বরপরায়ণ। ভগবানে সর্ব্বদা চিত্ত সমর্পিত থাকায়, কোন বিষয় অবধারণে

মৈত্রেয় উবাচ ॥

সেয়ং ভগবতো মায়া যন্নয়েন বিরুদ্ধ্যতে।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। (অবিকারিণঃ কথং ক্রিয়া নির্গুণস্য কথং গুণাঃ, স্বতস্তৃপ্তস্য একাকিনঃ কথং ক্রীড়া, অববোধরূপস্য কথং অবিদ্যাসম্বন্ধঃ, ভগবদংশত্বাৎ ঐশ্বর্য্যানন্দাদিমতঃ

শ্রীধরস্বামী।

ভগবতোঽচিন্ত্যশক্তেরীশ্বরস্য সেয়ং মায়া নয়েন তর্কেণ বিরুদ্ধ্যত ইতি যৎ। তর্ক-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

সা প্রসিদ্ধেয়ং ভগবতো অচিন্ত্যৈশ্বর্য্যস্য মায়া যৎ যা নয়েন তর্কেণ বিরুদ্ধ্যতে অতর্ক্যেত্যর্থঃ। স্বয়মচিদ্রূপাপি চিন্মাত্রস্য ভগবত এব শক্তিরতস্তদীয়াঃ সত্ত্বাদয়োঽপি ভগবত এব গুণা উচ্যন্তে। তদপি ভগবান্ স্বরূপতো নির্গুণ এব। যথা জ্যোতির্মাত্রস্যাপি সূর্য্যস্য মেঘান্ধকারহিমাদয়ো জ্যোতিঃপ্রতিকূলা অপি তস্যৈব ভবন্তি। যথৈব সূর্য্যাৎ প্রভবন্তীত্যনন্তরং যথা নভসাব্রতমঃপ্রকাশা ইতি চতুর্থে। প্রাণাদিতিঃ স্ববিভবৈরুপগূঢ়মন্যো মন্যেত সূর্য্যমিব মেঘহিমোপরাগৈরিতি শ্রীদশমেচ শ্রীনারদোক্তেদৃষ্টান্তেঽপ্যত্রার্কস্যৈব। এবমেব স্বরূপতো নির্ব্বিকারস্যৈব ভগবতঃ শক্ত্যা মায়য়ৈব বিশ্বসৃষ্ট্যাদিক্রিয়াঃ শক্তিশক্তিমতোরভেদাৎ। যদুক্তং ভগবতা প্রকৃতি র্যস্যোপাদানমাধারঃ পুরুষঃ পরঃ। সতোঽভিব্যঞ্জকঃ কালো ব্রহ্ম তৎ ত্রিতয়ন্ত্বহমিতি। তদেবমীশ্বরগতং সংশয়ং ছিত্ত্বা দেশতঃ কালত ইত্যাদিনোক্তং জীবগতমপি সংশয়ং ছিনত্তি ঈশ্বরস্যেতি সার্দ্ধদ্বয়েন। ঈশ্বরস্য স্বরূপজ্ঞানানন্দাদ্যনুভবসমর্থস্যাপি জীবস্য দুর্ভগত্বাদিকার্পণ্যং তথা বিমুক্তস্যাপি বন্ধনং। যৎ সেয়ং মায়া মায়াবৃত্তিরবিদ্যা অবিদ্যানিবন্ধনমেবৈতদ্ভবতীতি। অয়মর্থঃ অজয়া জীবস্য কথং জ্ঞানলোপ ইতি ত্বয়োচ্যতে সচ জ্ঞানলোপো যদি সত্যঃ স্যাত্তদা সা অজা স্বশক্তিরপি ভগবতা দণ্ড্যা স্যাৎ কিন্তু স নৈব সত্যঃ যথা হৃদি স্থিতমাপ রত্নপদকং বিস্মৃতা জনেন নাস্তি পদকমিতি খিদ্যতে। যথাচান্যেন কৃতমপি চৌর্য্যং বিভ্রান্তিবশান্ময়ৈব হৃতমিতাভিমন্যতে তদনন্তরঞ্চ রাজকীয়পুরুষদত্তং তৎফলং দুঃখমপি ভুঙ্ক্তে এব তথৈবানাদ্যবিদ্যানঙ্গবশাৎ জীবেন স্বজ্ঞানানন্দং বিস্মৃত্য দেহাভিমানপ্রাপ্তং দেহধর্ম্মং দুর্ভগত্বাদিকঞ্চ প্রাপ্য যদি ক্লিশ্যতি তর্হি কস্মৈ দোষো।

মৈত্রেয় বলিলেন, দেখ বিদুর! অবিকারীর বিকার, নির্গুণের গুণ, আত্মতৃপ্ত অদ্বিতীয়ের ক্রীড়া, জ্ঞানস্বরূপের অবিদ্যাসম্বন্ধ এবং ভগবানের অংশ ঐশ্বর্য্যাদি আনন্দবিশিষ্টের আনন্দভ্রংশ ও দৈন্যভাব এবং নিত্যযুক্তের

আভাস।

তাঁহার কথন সন্দেহ জন্মিত না; বরং উত্তম প্রশ্নের উত্থাপন হইয়াছে বলিয়া, সহাস্যবদনে তখন প্রত্যুত্তর প্রদান করিতে আরম্ভ করিতেন। ৮।

মৈত্রেয় মুনি বলিলেন, হে বিদুর! তর্কের দ্বারা বিরুদ্ধ ভাবের উদয়ং মায়ার কর্ম্ম।

ঈশ্বরস্য বিমুক্তস্য কার্পণ্যমুত বন্ধনং ॥ ৯ ॥

অন্বয়ঃ।

কথং আনন্দাদিভ্রংশেন কার্পণ্যং দৈন্যং, উত বিমুক্তস্য চ কথং বন্ধনং ইত্যাদি স্বদুক্তেন) নয়েন তর্কেণ, যৎ বিরুদ্ধ্যতে সা ইয়ম্ ভগবতঃ ঈশ্বরস্য মায়া (অচিন্ত্যশক্তিরূপা ইচ্ছাবিশেষ এব তদিচ্ছাং বিনা ন কিমপি ঘটতে)॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

বিরোধমেবানুবদতি বিমুক্তস্যৈব পুংসোঽবিদ্যয়া বন্ধনং কার্পণ্যকেতি ॥ ৯ ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেয় ইতি। অত্র তৎ সঙ্গভ্রংশিভৈশ্বর্য্যং সংসরন্তং কুভার্য্যাবদিত্যাদিদৃষ্টেঃ কিঞ্চিদৈশ্বর্য্যসংভবাৎ জীবোঽপীশ্বরশব্দেনোক্তঃ। কেচিৎ পুনরেবং ব্যাচক্ষতে। দেশতঃ কালত ইত্যাদ্যভাববিলুপ্তাববোধ আত্মা পরমাত্মা শুদ্ধচৈতন্যরূপঃ স কথমবিদ্যয়া যুজ্যত ইতি পরমতমাশ্রিত্য পূর্ব্বপক্ষিণঃ প্রশ্নস্যোত্তরমাহ সেয়মিতি। ইয়মেব ভগবতো মায়া ভবেৎ।' মায়ামোহিতত্বং বিনা ঈদৃশঃ প্রশ্নো ন ঘটত ইত্যর্থঃ। যদ্যস্মাৎ নয়েন নীত্যা বিরুদ্ধ্যতে। নীতিবিরোধমেবাহ ঈশ্বরস্য পরমাত্মনোঽপি মায়ামোহিতত্বেন জীবত্বে সতি কার্পণ্যং বন্ধনঞ্চ নহ্যেকমেব শুদ্ধচৈতন্যং মায়য়া মোহিতং সদেব জীব ইতি তদৈব অমোহিতং সদেব পরমাত্মেতি বক্তুং যুজ্যতে। নহি স্বমায়য়া স্বয়ং মোহিতশ্চামোহিতশ্চ যুগপদেব কোঽপি ভগবতি পর এবান্বয়ঃ। তস্মাৎ যৈরেবং পৃচ্ছ্যতে কষ্টসৃষ্ট্যা সমাধীয়তেচ তএব মায়ামোহিতা জ্ঞেয়া ইতি। বস্তুতস্তু পরমাত্মজীবাত্মানৌ সূর্য্যতৎকিরণাবিব জাত্যৈব মিথো বিলক্ষণৌ চৈতন্যচৈতন্যকণৌ ভবত ইতি সিদ্ধান্তঃ। ছায়াকিরণৌ যথা সূর্য্যত এব ভবতঃ অথাপি সূর্য্যতুল্যকণৌ সূর্য্যান্ন ভিদ্যেতে ভিদ্যেতে চ তথৈব মায়াশক্তিজীবশক্তী পরমেশ্বরাদ্ভুতে অপ্যনাদী অভিন্নে অপি স্বরূপতো ভিন্নে এব। তথাচ বৈদ্যকে। পুংসোঽস্তি প্রকৃতির্নিত্যা প্রতিচ্ছায়েব ভাস্বত ইতি। তথাচ শ্রুতিঃ যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবাত্মন ইতি জীবস্য শক্তিত্বন্তু। অপরেয়মিতস্ত্বন্যাং প্রকৃতিং বিদ্ধি মে পরাং। জীবভূতাং মহাবাহো যয়েদং ধার্য্যতে জগদিতি শ্রীগীতাসূক্তং ॥ ৯ ॥

বন্ধন কিরূপে সঙ্গত ; ইত্যাদি বিরুদ্ধ তর্ক তোমার মনে যে উদিত হইয়াছে, ইহাই ভগবানের অচিন্ত্যশক্তি ইচ্ছারূপা মায়া। তাঁহার ইচ্ছা ব্যতীত কখনই কিছু ঘটে না ॥ ৯ ॥

আভাস।

এ মায়া অপরের নহে ; অচিন্ত্যৈশ্বর্য্য-সম্পন্ন ভগবানেরই মায়া। মায়া স্বয়ং অচিদ্রূপ জড় হইলেও, যখন চৈতন্যঘনজ্যোতি ভগবানের শক্তিমাত্র, তখন মায়ার সত্ত্বাদিগুণত্রয়ও ভগবানেরই গুণ বলিয়া স্বীকার করিতে হইবে। কিন্তু ভগবান্ আত্মস্বরূপে নির্গুণ। যেমন

যদর্থেন বিনামুষ্য পুংস আত্মবিপর্য্যয়ঃ।

অন্বয়ঃ।

যৎ যথা অর্থেন স্বশিরশ্ছেদনাদিনা বিনা অপি উপদ্রষ্টুঃ স্বপ্নদর্শিনঃ স্বশিরশ্ছেদনাদিকম্

শ্রীধরস্বামী।

অত্রোদাহরণমাহ যদ্‌যথা অর্থেন শিরশ্ছেদাদিনা বিনাপি উপদ্রষ্টুঃ স্বপ্নসাক্ষিণঃ মমেদং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র ভগবতঃ পৃষ্ঠস্থিতয়া অনাদ্যবিদ্যয়া তমঃ স্বরূপয়া অনাদিবৈমুখ্যরূপভগবৎপৃষ্ঠস্থানাং জীবানাং জ্ঞানং খল্লুপ্যতে তত্র ন বস্তুত্বং কারণং নাপি প্রয়োজনং কিমপ্যস্তি। তমসঃ স্বভাব এবায়ং যৎ ক্ষীণতেজস্বিনস্তেজ স্তেন লুপ্যতে ইত্যাহ যদর্থেনেতি। যৎ যতঃ অর্থেন বস্তুনা কারণেন প্রয়োজনেনচ বিনৈবামুষ্য পুংসো জীবস্য আত্মবিপর্য্যয়ো জ্ঞানানন্দভ্রংশঃ প্রতীয়তে। অর্থো বিষয়ার্থয়োর্ধনকারণবস্তুষু। অভিধেয়েচ শব্দানাং নিবৃত্তৌ চ প্রয়োজনে ইতি মেদিনী। অত্র দৃষ্টান্তঃ। দ্রষ্টুঃ স্বপ্নসাক্ষিণ উপ সমীপে মমেদং শিরশ্ছিন্নমিতি শিরসঃ সত্ত্বেঽপি শিরসোঽভাবঃ স্বপ্নদশায়াং প্রতীয়তে তথৈব বস্তুতো জ্ঞানানন্দাদিভ্রংশাভাবেঽপ্যবিদ্যাদশায়াং তদ্‌ভ্রংশঃ প্রতীয়তে। তমসাপি তৈজসস্য স্বর্ণরৌপ্যাদেস্তেজো ন লুপ্যতে কিন্তু আবিরতে

মায়ার ক্রীড়া নিরূপণে কেহই সমর্থ নহেন। যেমন প্রকৃত শিরশ্ছেদনাদি ব্যাপার না ঘটিলেও, স্বপ্নদ্রষ্টা পুরুষ স্বপ্নের প্রভাবে নিজ মস্তক ছিন্ন হইয়াছে এই রূপ সত্যই বিশ্বাস করে, সেইরূপ শুদ্ধস্বভাব জীবও অন্তঃকরণ,

আভাস।

সূর্য্য জ্যোতিঃস্বরূপ হইলেও, তদ্বিপরীত মেঘ, অন্ধকার ও হিমাদি পদার্থ সূর্য্য হইতেই উৎপন্ন সূর্য্যেরই সামগ্রী বলিয়া ঐ সকল পদার্থকে নারদোক্তির দ্বারা ভাগবতের দশমাদিতে স্বীকার করা হইয়াছে, সেইরূপ গুণসমন্বিতা মায়াও ভগবানের শক্তি এবং তদীয় গুণও ভগবানের গুণ; ইহা তর্কে স্বীকার্য্য না হইলেও, বস্তুতঃ স্বীকার্য্য। যখন শক্তি ও শক্তিমানে কোন পার্থক্য নাই, তখন মায়াশক্তির দ্বারা সর্ব্বশক্তিমান্ সৃষ্টি সংহারাদি ক্রিয়া করিতেছেন বলিলে, ভগবান্ অকর্ত্তা হইয়াও, কর্ত্তা এবং নিঃসঙ্গ হইয়াও গুণময় বিবেচনীয়। ভগবান্ নিজেই বলিয়াছেন যে, প্রকৃতি যাহার উপাদান কারণ, পরম পুরুষ যাহার আধারস্বরূপ এবং কাল যাহার অভিব্যঞ্জক সেই তিন ব্রহ্মস্বরূপই আমি। ঈশ্বরসম্বন্ধীয় সংশয় নিরাকরণ করত; দেশত কালত ইত্যাদি উক্তির দ্বারা জীবনিষ্ঠ সংশয়ও নিরাকরণ করিয়াছেন। পরমানন্দস্বরূপ ভগবদ্ভাব উপলব্ধিকরণে জীবের সামর্থ্য আছে; অথচ দুর্ভাগ্যবশতঃ জীব সে সামর্থ্যে বঞ্চিত, স্বয়ং মুক্তস্বভাব হইয়াও যে মায়ার প্রভাবে বন্ধনগ্রস্থ, সেই মায়াই অবিদ্যা। অবিদ্যা প্রভাবেই জীবের এই অবস্থাদ্বয় ঘটিয়া থাকে। বিদুর পূর্ব্বে প্রশ্ন করিয়াছিলেন যে, প্রকৃতির সংসর্গে জীবের জ্ঞানলোপ হওয়া কিরূপে সম্ভব? এবং এই জ্ঞানলোপ যদি বস্তুতই এক মায়াসংসর্গে ঘটে, তবে সেই নিজ শক্তিস্বরূপা মায়ার বিশেষ দণ্ড

প্রতীয়ত উপদ্রষ্টুঃ স্বশিরশ্ছেদনাদিকঃ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

প্রতীয়তে তদ্বৎ অমুষ্য পুংসঃ জীবস্য আত্মবিপর্য্যয়ঃ (অন্তঃকরণদেহেন্দ্রিয়গতাঃ সুখদুঃখাদয়ঃ ধর্ম্মাঃ স্বস্মিন্ তদধ্যাসেন মৃষৈব প্রতীয়ন্তে)। ১০ ॥

শ্রীধরস্বামী।

শিরশ্ছিন্নং ইত্যাত্মবিপর্য্যয়ঃ কেবল মৃষৈব প্রতীয়তে তদ্বৎ ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাত্রং তথা বলবত্তেজসা পত্নরাগাদিনা তমোঽপি লুপ্যতে যথা তথা তত্তজ্জীবেনাবিদ্যাপি ভিদ্যতে ইতি জ্ঞেয়ং। দ্বিতীয়ব্যাখ্যায়ান্তু তস্মাদীশ্বরস্য পূর্ণসচ্চিদানন্দস্য পরমাত্মনঃ সর্ব্বজ্ঞস্য সর্ব্বব্যাপকস্যাবিদ্যাবন্ধাশঙ্কাপি দোষ এব। স এবাবিদ্যয়া জীবাত্মা সএবাবিদ্যাপগমে পরমাত্মেতি সিদ্ধান্তোঽপি বহির্মুখৈরেব। কিন্ত্বীশ্বরচৈতন্যাজ্জাত্যেব বিলক্ষণস্য চিৎকণস্যাসর্ব্বজ্ঞস্য তদীয়তটস্থশক্তের্জীবস্যেবাবিদ্যয়া বন্ধঃ সচাপ্যবস্তুভূত এবেত্যাহ। যদর্থেনেতি পূর্ব্ববদেব ব্যাখ্যা অমুষ্য পুংসো জীবস্যৈব নত্বন্যস্যাস্মদনুভূতচরস্য পরমাত্মনো হরেরিত্যর্থঃ ॥১০

দেহ ও ইন্দ্রিয়াদিনিষ্ঠ সুখ দুঃখাদি ধর্ম্ম আপনাতে আরোপাকরত, সেই সেই ধর্ম্মে আপনাকে বিষয়িতের ন্যায় উপলব্ধি করে ॥ ১০ ॥

আভাস।

করা ভগবানের কর্ত্তব্য। কিন্তু জ্ঞানলোপ ও পরমার্থত সত্য নহে। যেমন গলদেশে সুবর্ণপদক থাকিতেও লোকে মিথ্যা ভ্রমবশতঃ পদক হারাইয়াছে বলিয়া, অনুসন্ধান করে; তথা অন্যকৃত চৌর্য্যাপরাধ ভ্রমবশতঃ আপনাতে আরোপ করত লোকে যেমন রাজদণ্ড সহ্য করে, সেইরূপ অনাদি অবিদ্যার সহবাসে জীব স্বীয় জ্ঞান ও আনন্দভাগ বিস্মৃত হইয়া, দেহাভিমান নিবন্ধন দেহধর্ম্ম লাভে যদি অনর্থক ক্লেশভোগ করে, তবে সে দোষ অন্য কাহাকেও আরোপ করা যায় না। কেহ কেহ উক্ত শ্লোকের ব্যাখ্যা জীবনিষ্ঠ না করিয়া; ঈশ্বরনিষ্ঠ করিয়া থাকেন। অর্থাৎ পরমাত্মা বিশুদ্ধজ্ঞান স্বরূপ; তখন দেশাদি কারণ নিবন্ধন অলুপ্ত চৈতন্যস্বরূপে মায়াসম্বন্ধ কিরূপে সঙ্গত হয়? তদুত্তরে সিদ্ধান্তী বলিয়াছেন যে ইহাই ভগবানের মায়া; নতুবা এ জাতীয় প্রশ্নের কখনই উত্থাপন সম্ভব নহে; ইহা সম্পূর্ণ নীতিবিরুদ্ধ। ঈশ্বর-মায়ায় জীবেরই মোহন ও বন্ধন হওয়া সম্ভব; নতুবা এক আত্মার এক সময়ে মুক্তত্ব ও অপর সময়ে জীবরূপে বদ্ধভাব কোন মতে সঙ্গত নহে। বিশেষত নিজে মায়ায় নিজে পরমাত্মা বদ্ধ ও মুক্ত একত্র দুইভাব কিরূপে অনুমেয় হইতে পারে! অতএব এইরূপ জ্ঞানই প্রমাদের বিষয়, সন্দেহ নাই। প্রকৃত প্রস্তাবে সূর্য্যের সহিত তাহার কিরণের যেমন সম্পর্ক, পরমাত্মার সহিত জীবাত্মারও সেই সম্পর্ক। একটী চৈতন্যঘন ও অপরটী চৈতন্যকণা। সূর্য্য হইতেই যেমন ছায়া ও কিরণের উৎপত্তি; কিরণ সূর্য্য হইতে

যথা জলে চন্দ্রমসঃ কম্পাদিস্তৎকৃতো গুণঃ।

অন্বয়ঃ।

যথা জলে (প্রতিবিম্বিতস্য) চন্দ্রমসঃ তৎকৃতঃ জলোপাধিকৃতঃ কম্পাদিঃ গুণঃ [ধর্ম্মঃ] দৃশ্যতে (নতু আকাশে স্থিতস্য চন্দ্রস্য) তথা অনাত্মনঃ দেহেন্দ্রিয়াদেঃ গুণঃ সুখদুঃখাদিঃ

শ্রীধরস্বামী।

নন্বু তর্হি ঈশ্বরস্যাপি কিং ন প্রতীয়েত তত্রাহ যথা জলে প্রতিবিম্বিতস্যৈব চন্দ্রমসো

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু জ্ঞানানন্দাদ্যাবরণং জীবস্য ভবতু নাম রাগদ্বেষশোকমোহকামাদয়ো ধর্ম্মাস্তেন কুতো লব্ধান্তত্রাহ যথেতি। অনাত্মনোঽন্তঃকরণস্যৈব গুণঃ শোকমোহাদিঃ দ্রষ্টুরাত্মনো জীবস্যাসন্ তত্র ন সম্ভবন্নপি দৃশ্যতে তত্র লিঙ্গদেহাধ্যাসাৎ প্রতীয়তে ইত্যর্থঃ। উপাধি-ধর্ম্মস্যোপহিতবর্ত্তিত্বেন প্রতীতৌ দৃষ্টান্তঃ। যথা জলে ইতি তৎকৃতঃ জলোপাধিকৃতঃ কম্পাদিশ্চন্দ্রস্য প্রতীয়তে বস্তুতস্তু ন স চন্দ্রস্য কিন্তু জলস্যৈবায়মর্থঃ। জলে যশ্চন্দ্রো দৃশ্যতে সহি চন্দ্রমণ্ডলস্য কিরণপুঞ্জএব নতু চন্দ্রঃ। তথাহি চন্দ্রসূর্য্যাদিকিরণঃ জলস্থ-বৃক্ষভিত্তিপাষাণাদিষু প্রসর্পন্নপি তেষু মধ্যে যৎ স্বচ্ছং তত্র লৌকৈঃ স প্রতিবিম্বস্তয়োচ্যতে। চন্দ্রোহি মুখনাসিকাহস্তপাদাদি-ভূষণবাহনাদি-পরিকরবিশিষ্টত্বেনৈব তত্রত্য জনৈরনুভূয়তে।

যেমন জলে প্রতিবিম্বিত চন্দ্রমায় জলনিষ্ঠ কম্পাদি অনুভূত হয়, আকাশস্থ চন্দ্রে তাদৃশ জলোপাধির কোন ক্রিয়াই পরিলক্ষিত হয় না, সেইরূপ অনাত্মা দেহেন্দ্রিয়াদির গুণ, সুখদুঃখাদি ধর্ম্ম, পরমার্থত আত্মাতে না থাকিলেও,

আভাস।

পৃথক্ নহে, অথচ পৃথক্; সেইরূপ মায়াশক্তি ও জীবশক্তি এক জগদীশ্বর হইতে উৎপন্ন এবং অনাদিকাল হইতে অভিন্ন হইলেও, বাস্তবিক ভিন্ন। বৈষ্ণবকেও উক্ত আছে যে, পুরুষের প্রকৃতি নিত্য ও অনুগামী ছায়ার ন্যায় নিত্যপ্রকাশ। শ্রুতিও প্রকাশ করিয়াছেন যে, বহ্নির স্ফুলিঙ্গকণা যেমন বহ্নিস্বরূপ হইলেও, মূলে বহ্নি নহে; সেইরূপ জীব পরমপুরুষের অংশভূত হইলেও, উহা কখন ঈশ্বর হইবে না। ভগবান্ গীতাতেও প্রকাশ করিয়াছেন, ক্ষিত্যাদি অহঙ্কারতত্ত্ব পর্য্যন্ত জগতের কারণীভূত অষ্টপ্রকার প্রকৃতি ব্যতীত অন্য আর একটী প্রকৃতি আছে, যাহাকে পরাপ্রকৃতি বলিয়া সর্ব্বত্র কীর্ত্তন করিয়া থাকে। এই পরাপ্রকৃতিই জীব ভাবে অভিব্যক্ত এবং এতদ্বারাই এই বিশ্ব ব্রহ্মাণ্ড সংরক্ষিত হইতেছে॥ ৯॥

তমঃস্বরূপা অনাদি অবিদ্যা ভগবানের পৃষ্ঠদেশেই নিয়ত অবস্থিতি করে। সুতরাং যাহারা অনাদি কাল হইতেই ঈশ্বরবিমুখ তাহারাই ভগবানের পশ্চাৎভাগে অবস্থান পূর্ব্বক অবিদ্যার ক্রোড়ে শয়ান থাকিয়া বিলুপ্তজ্ঞান হয়। জ্ঞানলোপ করণে অবিদ্যার কোন প্রয়োজন বা হেতু দেখিতে পাওয়া যায় না; তবে অবিদ্যা তমঃস্বভাবা; সুতরাং ক্ষীণ তেজস্বী জীবের তেজ তমঃপ্রভাবে আপনা হইতে বিলুপ্ত হইয়া যায়। এই বিষয়টীই

দৃশ্যতেঽসন্নপি দ্রষ্টুরাত্মনোঽনাত্মনো গুণঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

ধর্ম্মঃ আত্মনি অসন্ অবিদ্যমানঃ অপি দ্রষ্টুঃ আত্মনঃ দেহাদ্যভিমানিনঃ জীবস্য এব (ভবতি নতু ভগবত ইত্যর্থঃ) ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

জলোপাধিকৃতঃ কম্পাদি-ধর্ম্মো দৃশ্যতে নত্বাকাশে স্থিতস্য তথাঽনাত্মনো দেহাদের্ধর্ম্মোঽসন্নপি তদভিমানিনো দ্রষ্টুরাত্মনো জীবস্যৈব নত্বীশ্বরস্যেত্যর্থঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স হি ভগবদ্দৃষ্টান্তঃ। সএব স্বস্বরূপভূতকিরণপুঞ্জস্য প্রস্তু কিঞ্চিদন্তিকস্থৈঃ কিঞ্চিদ্দূরস্থৈশ্চ কিঞ্চিদ্বিশেষত্বেন নির্ব্বিশেষত্বেন চানুভূয়মানঃ ক্রমেণ পরমাত্মদৃষ্টান্তো ব্রহ্মদৃষ্টান্তশ্চ জ্ঞেয়ঃ। তদ্বহির্ভূত কিরণপুঞ্জস্থ মণ্ডলাকারসমষ্টিজীবদৃষ্টান্তঃ তৎপ্রতিবিম্বো জলে দৃশ্যতে স প্রতিবিম্বত্বেন প্রতীয়তে মাত্রং নতু বস্তুতঃ প্রতিবিম্বস্তত্র জলেঽপি কিরণপুঞ্জস্য সত্যস্যৈব দৃশ্যমানত্বাদতঃ সএব জলোপাধিবর্ত্তী জলধর্ম্মৈঃ কম্পাদিভির্যথান্বিতস্তথৈবান্তঃকরণধর্ম্মৈঃ শোকমোহাদিভিরন্বিতো জীবস্তদধ্যাসাৎ তদিতস্ততঃ প্রসৃতাঃ কিরণাস্তু ব্যষ্টিজীবদৃষ্টান্তা জ্ঞেয়া ইতি ॥ ১১ ॥

দেহাদিতে অভিমানকারী সাক্ষীস্বরূপ জীবচৈতন্যেই দেহাদির ধর্ম্ম আরোপিত হয় মাত্র; সর্ব্বান্তর্যামী ভগবানে তাহার কোন সম্পর্কই নাই ॥ ১১ ॥

আভাস।

এই শ্লোকে বর্ণিত হইয়াছে। যথা; চৈতন্যস্বরূপ জীবের আত্মবিপর্য্যয়ে যে জ্ঞান ও আনন্দ ভাগের ভ্রংশ উপস্থিত হয়, সে কোন বস্তুর ধর্ম্মে বা কোন কারণে বা কোন প্রয়োজনের অনুরোধে যে ঘটে, তাহা নহে। যেমন স্বপ্নদ্রষ্টা পুরুষ বস্তুত নিজ মস্তক সত্ত্বেও স্বপ্নে স্বীয় মস্তক ছিন্ন হইয়াছে উপলব্ধি করত নানাবিধ ক্লেশ অনুভব করে, সেইরূপ পরমার্থত জ্ঞান ও আনন্দাংশের লোপ না হইলেও, অবিদ্যাদশাতে যেন লোপ হইয়াছে বলিয়া প্রতীত হয়। যেমন সুবর্ণাদি তৈজস পদার্থের তেজ অন্ধকারে আবৃত হয় মাত্র, কখন লোপ পায় না; আবার বলবৎ তেজরিশিষ্ট পদ্মরাগাদি মণি স্বীয় তেজদ্বারা গাঢ় অন্ধকারকেও নিবারণ করে, সেইরূপ অভক্ত জীবের জ্ঞানানন্দ ভাগ অবিদ্যা প্রভাবে লুক্কায়িতের ন্যায় অনুমিত হইলেও, ভক্ত সাধকের জ্যোতি জ্ঞানানন্দের উদ্ভাসনে অবিদ্যাকেও ধ্বংস করিয়া ফেলে। ঈশ্বর পূর্ণ পরমাত্মা সচ্চিদানন্দবিগ্রহ সর্ব্বব্যাপী ও সর্ব্বজ্ঞ। অবিদ্যা দ্বারায় তাঁহার বন্ধনের আশঙ্কাও দোষাবহ। অবিদ্যাবশে তিনি জীব হন এবং অবিদ্যাপগমে পরমাত্মা থাকেন, এ সিদ্ধান্তও বহির্মুখতার পরিচয়। তবে ঈশ্বরচৈতন্য হইতে জাতিগত ভেদনিবন্ধন সম্পূর্ণ বিলক্ষণ তদীয় তটস্থশক্তি অল্পজ্ঞ চৈতন্যাকণা জীবেরই অবিদ্যাবশে মিথ্যা-বন্ধনই সঙ্গত ॥ ১০ ॥

অবিদ্যাবরণে জীবের জ্ঞানানন্দভাগ আবৃত হয় সত্য; কিন্তু রাগ, দ্বেষ কাম,

স বৈ নিবৃত্তিধর্ম্মেণ বাসুদেবানুকম্পয়া।

অন্বয়ঃ।

সঃ দেহাত্মধ্যাসজনিতঃ আত্মবিপর্য্যয়ঃ বৈ নিশ্চিতং নিবৃত্তিধর্ম্মেণ ভগবদর্পিত-কর্ম্মানুষ্ঠানেন, বাসুদেবানুকম্পয়া (বাসুদেবস্য চিত্তাধিষ্ঠাতুঃ অনুকম্পয়া,) ভগবদ্ভক্তিযোগেন

শ্রীধরস্বামী।

তন্নিবৃত্ত্যুপায়মাহ স বৈ অনাত্মনো গুণঃ নিবৃত্তিধর্ম্মেণ যা বাসুদেবানুকম্পা তয়াচ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি জীবস্য কথং নিস্তারস্তত্রাহ। স অনাত্মনো গুণঃ নিবৃত্তিধর্ম্মেণ নিবৃত্তিধর্ম্মজন্যেন ভক্তিমিশ্রজ্ঞানেনেত্যর্থঃ। তথা স্বভক্তদ্বারয়া বাসুদেবানুকম্পয়া উদ্ভূতেন ভগবদ্ভক্তিযোগেন

হে বিদুর! পরমগুরু বাসুদেবে সমর্পিত নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠান দ্বারা চিত্তাধিষ্ঠাতা বাসুদেব প্রসন্ন হইলে, জীবের ভগবদ্ভক্তি-লাভ হয়; এই আভাস।

মোহ এবং শোকাদি ধর্ম্ম কোথা হইতে উদ্ভূত হইল এই প্রশ্নের উত্তর প্রদানার্থ বলিয়াছেন, এ সমস্ত জড় অন্তঃকরণের ধর্ম্ম বা গুণ। শোক মোহাদি জীবস্বরূপে সম্ভব না হইলেও, লিঙ্গ-দেহের অধ্যাস বশত জীবে আরোপিত হয় মাত্র। উপাধিস্বরূপ লিঙ্গদেহে উপহিত জীবচৈতন্য উপাধির ধর্ম্মে ভূষিত অনুমিত হয়। যেমন চন্দ্র কম্পাদি-শূন্য হইয়া আকাশে সুপ্রতিষ্ঠিত থাকিলেও, জলগত তৎপ্রতিবিম্ব জলের কম্পাদি হেতু কম্পন-বিশিষ্ট অনুমিত হয়, সেইরূপ চৈতন্যস্বরূপ জীবের শোকমোহাদি কোন প্রাকৃতিক ধর্ম্ম না থাকিলেও, উপাধিধর্ম্মের অনুরোধে অনুরুদ্ধ প্রতীত হয়। প্রতিবিম্বরূপে চন্দ্র কখন আকাশ পরিত্যাগ করিয়া, জলে প্রবেশ করেন না; ভগবান্ সেইরূপ স্বরূপ পরিহারে জীব হৃদয়ে প্রবেশ পূর্ব্বক কখন জীব হন না। প্রতিবিম্ব নিশানাথের কিরণমাত্র। নিশানাথ সর্ব্বত্রই কিরণ দান করিতেছেন; কিন্তু সর্ব্বত্র প্রতিবিম্ব হয় না; কাঠিন্যবর্জ্জিত তরলপ্রকৃতি জল পাষাণভূমির ন্যায় চন্দ্রকিরণই লাভ করে বটে, কিন্তু তাহার স্বভাবের ধর্ম্মে কিরণ প্রতিবিম্বে পরিণত হয়। জল যেন অন্তরে মূল চন্দ্রই লাভ করে এবং মূল চন্দ্রের যাবতীয় শোভায় অন্তর সুশোভিত করে। কারণ জল কিরণকে কোন প্রকার প্রতিবন্ধক না দিয়া সম্পূর্ণ কিরণস্বভাবেই গ্রহণ করে; সুতরাং কিরণ স্বমূর্ত্তিতেই জলে প্রবেশ করে। পাষাণাদি অন্যভূমে প্রতিবন্ধকতা বশত অন্তরে প্রবেশ না করিয়া, আংশিকভাবে উপরেই বিস্তৃত হয়। কিরণ চন্দ্রের রশ্মি; চন্দ্রের সহিত কিরণের সাদৃশ্য, সাজাত্য ও স্বাভাবিক সম্বন্ধ আছে। চন্দ্র পূর্ণ, কিরণ তাহার অংশ মাত্র। পরমাত্মা পূর্ণ, জীব তাঁহার অংশ মাত্র। সমগ্র সৃষ্ট ব্রহ্মাণ্ডে পরমাত্মার চিদানন্দাংশ পরিব্যাপ্ত থাকিলেও, উপাধির বিরুদ্ধ স্বভাববশত স্পষ্ট প্রতিবিম্বের ন্যায় প্রতীয়মান হন না; আবার তরল জলের ন্যায়, শুদ্ধসত্ত্ব সরল অন্তঃকরণে চৈতন্যকণার প্রবেশে অচেতন অন্তঃকরণকে চেতনের ন্যায় উদ্ভাসিত করিয়া, জীবনামে

ভগবদ্ভক্তিযোগেন তিরোধত্তে শনৈরিহ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

(ভগবতি শ্রবণকীর্ত্তনাদি ভক্তিযোগেন) ইহ অস্মিন্ জন্মনি এব শনৈঃ কালেন তিরোধত্তে নশ্যতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

তস্মিন্ ভক্তিযোগঃ তেন তিরোধত্তে অদৃশ্যো ভবতি। শনৈরিত্যনেন সাধনানুসারেণেত্যুক্তং। ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তিরোধত্তে। তন্নিবৃত্ত্যুপায়ো হি জ্ঞানং বা ভক্তির্বা ভবেদিতি বাক্যার্থঃ। শনৈরিতি সাধনানুসারেণানর্থনিবৃত্তিতারতম্যেনেত্যর্থঃ ॥ ১২ ॥

নিবৃত্তি-ধর্ম্মও ঐকান্তিক ভক্তির প্রভাবে দেহাদির অধ্যাস-জনিত আত্ম-বিপর্য্যয়ও ক্রমশ নিবৃত্ত হইয়া যায় ॥ ১২ ॥

আভাস।

অভিহিত করেন। নির্ম্মল জলে দূরবীক্ষণের সহায়ে প্রতিবিম্ব নিরীক্ষণ করিলে, তাহাতে চন্দ্রের মুখ নাসিকা ভূষণবাহনাদিও যেমন লক্ষিত হয়, পবিত্র হৃদয়ে মননাদি সমাধিযোগে জীবচৈতন্যের প্রতি সংযম করিলে, পরমাত্মার স্বরূপ, সৌন্দর্য্য, সৌরভ্য ও মাধুর্য্যাদি সমস্তই উপলব্ধ হয়। বিপক্ষে, যেমন জলের ক্রিয়া ও স্বভাব তত্রত্য প্রতিবিম্বে অধ্যারোপিত হইয়া, চন্দ্রের প্রতিবিম্ব জলের স্বাভাবিক ধর্ম্মে দৃষ্ট হয়, সেইরূপ ভগবদংশ জীবচৈতন্য অন্তঃকরণোপাধিতে উপহিত হইয়া, উপাধির ধর্ম্ম কাম, ক্রোধ, রাগ, দ্বেষ ও মোহাদিতে অভিভূতের ন্যায় লক্ষিত হয় ॥ ১১ ॥

এক অজ্ঞানই এই অন্যায় অভিভবের কারণ। কিন্তু অভিভূত দশায় কেবল জ্ঞান দ্বারা সেই অভিভবের নিবারণ হয় না। যেমন বহুকাল হইতে পর-দাসত্বে পরাজিত ব্যক্তি অকস্মাৎ আপনাকে দায়প্রাপ্ত রাজপুত্র বলিয়া জানিলেও, তাহার চিত্তে সেই ভাবের বিশেষ স্ফূর্ত্তি হয় না, অবিশ্বস্তের ন্যায় সে উদাসীন ভাবে প্রতীক্ষা করে; কিন্তু যখন কোন রাজামাত্য তাহাকে হস্ত ধারণপূর্ব্বক রাজসিংহাসনে আরূঢ় করাইয়া রাজকার্য্য সম্পাদনার্থ উপদেশ করেন, তখন তাহার সেই অবিশ্বাস সহ সন্দেহ অপনীত হয়। রাজকার্য্যে সে মনোযোগী হয় এবং আপনার দাসত্ব ও তাৎকালিক ভাব সমুদায় বিস্মৃত হয়। জীব-চৈতন্যও অন্তঃকরণাদির প্রাকৃতিক ধর্ম্মে আত্মসমর্পণ করিয়া, বহুকাল হইতে প্রকৃতির দাসরূপে আত্মপরিচয় দিয়া আসিতেছে; এক্ষণে অকস্মাৎ আত্মস্বরূপ অবগত হইয়াও, প্রত্যক্ষে অনুভব করত তদনুরূপ আচরণে সমর্থ হয় না। ভ্রান্ত না হইয়াও ভ্রান্ত, ও অবিশ্বস্তের ন্যায় প্রতীক্ষা করিতে থাকে। সুতরাং প্রথমে বিরোধী কর্ম্মানুষ্ঠানের প্রয়োজন; অর্থাৎ পূর্ব্বে কর্ম্মের দ্বারা প্রবৃত্তি-মার্গ

যদেন্দ্রিয়োপরামোঽথ দ্রষ্টাত্মনি পরে হরৌ।
বিলীয়ন্তে তদা ক্লেশাঃ সংসুপ্তস্যেব কৃৎস্নশঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

(অথ শ্রবণাদি-সাধনভক্ত্যনন্তরং) যদা হরৌ ভক্তক্লেশহরণস্বভাবে, পরে দৃশ্যাতিরিক্তে দ্রষ্টাত্মনি (দ্রষ্টুঃ আত্মনি সর্ব্বসাক্ষিণি স্বরূপে অনন্যভাবেনাবস্থানাৎ) ইন্দ্রিয়োপরামঃ (ইন্দ্রিয়াণাং চক্ষুঃশ্রোত্রাদিমনসাং, উপরামঃ লয়ঃ, ভবতিঃ তদা সংসুপ্তস্য নিদ্রিতস্য, ইব ক্লেশাঃ (অবিদ্যাস্মিতারাগদ্বেষাভিনিবেশাত্মকাঃ) কৃৎস্নশঃ সর্ব্বে সমূলতঃ, বিলীয়ন্তে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

ননু তর্হি সর্ব্বানর্থনিবৃত্তিঃ কদেত্যপেক্ষায়ামাহ যদেন্দ্রিয়াণামুপরামো নৈশ্চল্যং। ক্ব দ্রষ্টুরাত্মনি অন্তর্যামিরূপে। অথানন্তরমেব। কৃৎস্নক্লেশবিলয়মাত্রে দৃষ্টান্তঃ সংসুপ্তস্যেবেতি নতু পুনরুত্থানে ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তর্হি সর্ব্বানর্থনিবৃত্তিঃ কদেত্যপেক্ষায়ামাহ যদেতি তত্র জ্ঞানমতে ইন্দ্রিয়াণাং মনোবৃত্তীনামুপরামো লয়ঃ। সুষুপ্ত্যব্যাবৃত্ত্যর্থমাহ দ্রষ্টুরাত্মন্যন্তর্যামিণি পরে ব্রহ্মণি হরৌ ভগবতি বা জ্ঞানাঙ্গভূতয়া ভক্ত্যা অনুভূয়মানে সতীতি শেষঃ। কৃৎস্নক্লেশবিলয়মাত্রে দৃষ্টান্তঃ। সংসুপ্তস্য সুষুপ্তিং প্রাপ্তস্য যথা ধনপুত্রাদিনাশদুঃখানি লীয়ন্তে। অথ ভক্তিমতে। হরৌ স্বসৌন্দর্য্যাদি ভির্মনোহারিণি যদা ইন্দ্রিয়াণাং চক্ষুঃ শ্রোত্রাদীনাং উপরামো নৈশ্চল্যং ভগবৎসম্বন্ধি সৌন্দর্য্য সৌস্বর্য্য সৌরভ্য সৌকুমার্য্য মাধুর্য্য বৈদগ্ধ্যেষ্বেব চক্ষুঃ শ্রোত্র ঘ্রাণ ত্বগ্ জিহ্বা মনাংসি সর্ব্বথা নিমজ্জন্তি। ন পুনঃ প্রাকৃতরূপশব্দাদ্যাস্বাদং জিঘৃক্ষন্তি। হরৌ কথম্ভূতে দ্রষ্টাত্মনি দ্রষ্টৃস্বরূপে স্বায়ত্তকং কৃপাকটাক্ষবিষয়ং কুর্ব্বন্তীত্যর্থঃ। পরে পরমেশ্বরে প্রকৃতেঃ পরত্রেতি বা। ক্লেশাভাবমাত্রে দৃষ্টান্তঃ। সংসুপ্তস্য নতু স্বপতঃ সুপ্তোত্থিতস্যেত্যর্থঃ তস্য যথা স্বপ্নদৃষ্টাঃ স্বাশরশ্ছেদনাদি ক্লেশা লীয়ন্ত ইতি ॥ ১৩ ॥

এইরূপে শ্রবণ কীর্ত্তনাদির সাধনে ভক্তির উদয় হইয়া, প্রকৃতির পর সর্ব্বসাক্ষিস্বরূপ ভগবান্ ভক্তক্লেশহারী জনার্দ্দনকে অনন্যভাবে চিন্তনের দ্বারা জীবের যখন চক্ষুরাদি চিত্ত পর্য্যন্ত ইন্দ্রিয়গ্রামের উপরতি উপস্থিত হয়, তখনই নিদ্রিত জনের ধনাকাঙ্ক্ষাদির নিবৃত্তির ন্যায়, সাধকের অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশাদি যাবতীয় ক্লেশ সম্পূর্ণ বিনিবৃত্ত হয়, সন্দেহ নাই ॥ ১৩ ॥

আভাস।

অবলম্বনে ঐহিক ভোগের জন্য সঙ্কল্পার্থই তদ্যোগী ছিল, এক্ষণে ঐহিক বা পারলৌকিক নিজের ভোগ-প্রত্যাশায় বিরত হইয়া, ভোগদাতা ভগবানের তুষ্টির কামনায় মাত্র কর্ম্ম করা জীবের কর্ত্তব্য। ভগবান্ নিজভৃত্যের নিঃস্বার্থ কার্য্য পরিদর্শনে সন্তুষ্ট হইয়া,

অশেষ-সংক্লেশশমং বিধত্তে গুণানুবাদশ্রবণং মুরারেঃ।

অন্বয়ঃ।

মুরারেঃ মুরদৈত্যবিনাশকস্য, (শ্রীকৃষ্ণস্য) গুণানুবাদশ্রবণং (গুণানাং অনুবাদঃ অনুকীর্ত্তনং শ্রবণং) চ অশেষসংক্লেশশমং (অশেষাণাং সংক্লেশানাং শমং নাশং) বিধত্তে (ইতি)

শ্রীধরস্বামী।

ভক্তিযোগেন ক্লেশনিবৃত্তিং শংসতি অশেষেতি। গুণানামনুবাদঃ শ্রবণঞ্চ আত্মনি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্ববিদ্যোপশমার্থমুক্তয়োর্জ্ঞানভক্তিযোগয়োর্মধ্যে কতরস্য শ্রৈষ্ঠ্যং তত্র ভক্তিরেব শ্রেষ্ঠেত্যাহ অশেষেতি। কিং বেতি কিং পুনরিত্যর্থঃ। সেবায়াং রতি রত্যাসক্তিরিত্যর্থঃ। আত্মলব্ধা স্বেনৈব স্বস্মিন্ বা প্রাপ্তেতি রতেঃ স্বপ্রকাশস্বেনাজন্যত্বং ব্যঞ্জিতং। সাধন-

---

মধুসূদন শ্রীহরির লীলামৃত শ্রবণ ও কীর্ত্তন দ্বারাই যখন সমস্ত দুঃখের নিবারণ হয়, তখন সেই ভগবানের চরণারবিন্দের পরমানন্দ স্বরূপ অপূর্ব্ব

আভাস।

যাহা কর্ত্তব্য তিনিই তাহার বিধান করিবেন, এই বিবেচনায় অকপট শ্রদ্ধা সহকারে জীব অগ্রসর হইলে, ভক্তিমিশ্র জ্ঞান জীবের অন্তরে উদ্দীপ্ত হয়। অর্থাৎ ভ্রমজ্ঞান নিবারণে প্রমাজ্ঞানই উদিত হয়; এবং ভগবানই কৃপা প্রকাশে তাহার সাক্ষ্য প্রদান করেন। গীতাতেও উক্ত হইয়াছে, "নাহি জ্ঞানেন সদৃশং পবিত্রমিহ বিদ্যতে। তৎ স্বয়ং যোগসংসিদ্ধঃ কালেনাত্মনি বিন্দতি" ॥ অর্থাৎ জ্ঞানের ন্যায় পবিত্র ইহ সংসারে কিছুই নাই; জীব সেই জ্ঞান ইচ্ছা করিলেই লাভ করিতে পারে না; যোগে সংসিদ্ধ হওয়া প্রয়োজন। ভগবৎতুষ্টি-দায়ক নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠান করিলে, কালসহকারে চিত্ত যখন সম্পূর্ণ বিশুদ্ধ হয়, তখন ভগবান্ আপনি ভক্তহৃদয়ে জ্ঞান প্রদান করেন। এস্থলে সাধনের তারতম্যই কালের তারতম্য মাত্র জানিতে হইবে। অর্থাৎ তীব্র সংবেগে আশু ফল লাভ হয়, মৃদু বা মন্দ সংবেগে বিলম্বে কার্য্য ঘটে। ১২ ॥

এক্ষণে যাবতীয় অনর্থের সমূলে নিবৃত্তি যে কখন ঘটে, তাহারই প্রকাশ বাসনায় বলা হইয়াছে যে, ইন্দ্রিয়, মন ও বুদ্ধি প্রভৃতির বৃত্তিসমূহ যখন সম্পূর্ণ বিলীন হয়, তখনই অনর্থের নিবৃত্তি। এই বিলীন ভাব সুষুপ্তিকালে কতক পরিমাণে ঘটে সত্য, কিন্তু জাগ্রত হইলে, বৃত্তির পুনরুদয় হয়। অতএব অন্তর্যামী ভগবান্ বিষ্ণুতে সংযত হইয়া, তাঁহার সৌন্দর্য্য, সৌষ্ঠব, সৌরভ্য ও সৌকুমার্য্য এবং মাধুর্য্য পরিদর্শনে বিমুগ্ধের ন্যায়, চিত্তাদি যখন বিষয়-প্রেম সম্পূর্ণ বিস্মৃত হইয়া, তদগতচিত্তে ভগবানেই নিরত থাকে, তখনই বৃত্তির যথার্থ বিলয় বুঝিতে হইবে। আনন্দময় শ্রীহরি স্বীয় আনন্দ রসের দ্বারাই ভক্তের ইন্দ্রিয়াদিকে আচ্ছন্ন করিয়া রাখেন; ভক্তের ইন্দ্রিয়াদির চরিতার্থতার জন্য আর বিষয়ান্তরের প্রয়োজন করে না। তিনি প্রকৃতির পর, পূর্ণানন্দস্বরূপ; সুতরাং নিত্র।

কিম্বা পুন স্তচ্চরণারবিন্দপরাগসেবারতিরাত্মলব্ধা ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

বলিয়াছেন "যমেবৈষ বৃণুতে তেন লভ্য স্তস্যৈষ আত্মা বৃণুতে তনুং স্বাম্"। ভগবানের স্বরূপ অচিন্ত্য ও কল্পনার অতীত। তাঁহাকে যে যে ভাবে ও যে রূপে চিন্তা ও প্রার্থনা করে, তিনি তাহাকে সেইরূপেই দর্শন প্রদানে মনোভীষ্ট পূরণ করেন বটে, কিন্তু সেরূপ তাঁহার প্রকৃত নহে। সাধকের মায়াময় চিন্তাতে পরিচিন্তিত হইয়া, তিনি তৎরূপে ও তৎভাবে আত্মপ্রকাশ করেন। কিন্তু যাহারা অকিঞ্চন ভক্ত, আগ্রহ সহকারে মন ও প্রাণের সহিত সেই অচিন্ত্য অব্যক্ত ভগবানকে দর্শনার্থ লালসা করে, ভগবান্ তাহাকেই তাঁহার প্রকৃত স্বরূপ দর্শন করান। ভগবানের এই কৃপাই অনির্ব্বাচ্য ও অনির্দ্দেশ্য। এই জাতীয় নিরপেক্ষ কৃপা যাহারা লাভ করিতে পারে না, তাহাদের জন্মই নিরর্থক। যাবতীয় উপাদেয় অনুপম ইন্দ্রিয় লাভে যদি সেই কৃপার আশ্রয় ভূতভাবন পরমপুরুষ জনার্দ্দনকে পরিজ্ঞাত হওয়া যায়, তবেই সুদুর্ল্লভ শ্রেষ্ঠ জন্মের সার্থকতা সাধিত হয়। ভগবৎস্বরূপের সন্দর্শন ব্যতীত অন্য যে কোন সুখসেব্য বস্তুর প্রতীতি বা লাভ ঘটে, সে সকলই নিরর্থক; কারণ তিনি ব্যতীত সমস্তই মিথ্যা ও অনিত্য। জ্ঞানের জন্য ভগবান্ ব্যতীত অন্য কিছু আশ্রয়ণীয় নহে। পরমাত্মা জনার্দ্দনের নাম ভগবান্। অর্থাৎ ভগশব্দ-বাচ্য নিখিল সৌন্দর্য্য ও কীর্ত্তির শক্তিই তাঁহাতে নিহিত রহিয়াছে। গীতাতে উক্ত হইয়াছে, "যাবানর্থ উদপানে সর্ব্বতঃ সংপ্লুতোদকে। তাবান্ সর্ব্বেষু বেদেষু ব্রাহ্মণস্য বিজানতঃ"॥ অর্থাৎ ক্ষুদ্র ক্ষুদ্র বিবিধ জলাশয়ের কার্য্য যেমন এক অমৃত-পূর্ণ নিকটবর্ত্তী বৃহৎ সমুদ্রে সর্ব্বতোভাবে

রূপং যদেতদববোধরসোদয়েন শশ্বন্নিবৃত্ততমসঃ সদনুগ্রহায়।

অন্বয়ঃ।

অববোধ-রসোদয়েন (অববোধস্য জ্ঞানস্য যঃ রসঃ তস্য উদয়েন আবির্ভাবেন) শশ্বৎ (সদা) নিবৃত্ততমসঃ (নিবৃত্তং তমঃ মায়া যস্মাৎ তস্য) যৎ এতৎ রূপং আদৌ সদনুগ্রহায়

শ্রীধরস্বামী।

নন্বু ত্বমপি সম্যক্ ন জানাসি যত্ত্বয়া দৃষ্টং রূপং তদপি গুণাত্মকমেব নির্গুণং ব্রহ্মৈব তু সত্যং তত্রাহ রূপমিতি দ্বাভ্যাং। অববোধ-রসোদয়েন চিচ্ছক্ত্যাবির্ভাবেন শশ্বৎ সদা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বিদমপি মদীয়ং রূপমদ্যতনমেব। অদ্যতনত্বে চানিত্যমেবাত্র অদ্য জ্ঞাতোঽসীতি ত্বদুক্তিরেব প্রমাণমিতি পরিহাসমাশঙ্ক্যাহ রূপমিতি। অববোধরসঃ স্বরূপভূতা চিচ্ছক্তি-

---

হে ভগবন্! চৈতন্যশক্তির আবির্ভাব বশত তমোগুণ আপনা হইতে একেবারে দূরীভূত হইয়াছে। ভক্তগণের প্রতি অনুগ্রহ প্রকাশ করিয়া, আপনি

আভাস।

সুসমাধা হয়, সেইরূপ সামান্য ফলপ্রদ ভিন্ন ভিন্ন ক্রিয়া কলাপাদির দ্বারা যে সকল বিভিন্ন ফল লাভের সম্ভাবনা থাকে, এক ব্রহ্মজ্ঞান দ্বারা সেই সকল ফলেরই প্রাপ্তি ঘটে। ব্রহ্মা কহিলেন, হে ভগবন্! যে জন আপনাকে পাইয়াছে, তাহার সকল ফলই লব্ধ হইয়াছে-; আর যে আপনাকে পায় নাই, তাঁহার অনুপম সুখময় স্বর্গভোগও নিষ্ফল এবং নিষ্কারণ, জানিতে হইবে। কারণ স্বর্গও বিশুদ্ধ সুখের আকর নহে; স্বর্গেরও নাশ আছে; এবং পরিণামে তাহা বিরস হয়। স্বর্গেও ইন্দ্রের আধিপত্য দর্শনে তত্রত্য অধিবাসী জনের দুঃখ জন্মে। কামী জন যেমন কাম্য বস্তুর দোষ দর্শন করিয়াও, উপর্য্যুপরি একজাতীয় কাম ভোগে বিরত হয় না; কাক যেমন চিরকালই পরিত্যক্ত উচ্ছিষ্ট ভোজনে ক্ষান্ত হয় না, সেইরূপ বিষয়াভিলাষী ব্যক্তি বিষয়ের নানাপ্রকার দোষ দর্শন করিয়াও, অনবরত বিষয় সম্ভোগে বিরত হয় না। নির্বিষয় ভগবানই যে প্রকৃত তৃপ্তির আকর ও শান্তির সাগর, ইহা তাহাদের মনে কোনমতে স্থান প্রাপ্ত হয় না। বিশেষত বিষয়ে যে সামান্য তৃপ্তি ঘটে, সেও যে বিষয়ের নহে, হে ভগবন্! সেও যে আপনার! তাহাও তাহাদের চিত্তকে স্পর্শ করে না। কারণ বিষয় কিছুই নহে; তাহারা কেবল আপনাকে পাইবার দ্বার মাত্র। আপনি সর্ব্বত্র বিষয়ের অন্তরালে দণ্ডায়মান। যেমন কোন অরণ্যমধ্যে লুক্কায়িত প্রিয়জনের অন্বেষণ করিতে হইলে, বৃক্ষের অন্তরালই অন্বেষণীয়; সেইরূপ এই সংসার-অরণ্যে লুক্কায়িত পরমপুরুষকে অন্বেষণ করিতে হইলে, বিষয়ের অন্তরালই অন্বেষণীয়। কিন্তু কেবল বৃক্ষ অন্বেষণে ও বৃক্ষের আশ্রয়ে উপবেশন করিয়া থাকিলে, ইষ্টজনের সন্দর্শন ঘটে না, সেইরূপ বিষয়ের উপভোগে ভক্তাভীষ্টদাতা ভগবানের সাক্ষাৎকার লাভ সম্ভবপর নহে॥ ১॥

আদৌ গৃহীতমবতারশতৈকবীজং যন্নাভিপদ্মভবনাদহমাবিরাসম্ ॥ ২ ॥
নাতঃ পরং পরম যদ্ভবতঃ স্বরূপমানন্দমাত্রমবিকল্পমবিদ্ধবর্চ্চঃ।

অন্বয়ঃ।

গৃহীতং (আবিষ্কৃতং) যৎ চ অবতার-শতৈকবীজং তৎ (তস্য) নাভিপদ্মভবনাৎ অহং আবিরাসং (আবির্বভূব) ॥ ২ ॥

হে পরম! যৎ ভবতঃ স্বরূপং আনন্দমাত্রং অবিকল্পং ভেদশূন্যং অবিদ্ধবর্চ্চঃ (অনাহত-

শ্রীধরস্বামী।

নিবৃত্তং তমো যস্মাৎ তস্য তব যদেতদ্রূপং ত্বয়ৈব স্বাতন্ত্র্যেণ সত্যমুপাসকানাং অনুগ্রহায় গৃহীতং আবিষ্কৃতং অবতার-শতস্য শুদ্ধসত্ত্বাত্মকস্য যদেকং বীজং মূলং তৎ প্রদর্শনার্থং গুণাবতার-বীজত্বং দর্শয়তি যন্নাভীতি ॥ ২ ॥

হে পরম অবিদ্ধবর্চ্চঃ অনাবৃতপ্রকাশং। অতঃ অবিকল্পং নির্ভেদং অতএবানন্দমাত্রং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শুদ্ধসত্ত্বেন হেতুনা। শশ্বৎ সদাতনমেব নিবৃত্তং তমো মায়া যস্মাৎ তস্য তব। অত্র শশ্বদিত্যুক্তে গৃহীতমাবিষ্কৃতমিতি স্বামিচরণাঃ। সত্যমাভিমুখ্যেনানীতমিতি সন্দর্ভঃ। গৃহীতা মায়য়া গুণা ইতি বদভেদেঽপি ভেদবুদ্ধ্যেত্যেকে অববোধরসেন কর্ত্রা গৃহীতমিত্যপরে ॥ ২ ॥

নন্বু নির্বিশেষং ব্রহ্মৈব সর্ব্বাদিমং কেচিদ্ব্যাচক্ষতে নতু সবিশেষমেতদিতি তত্রাহ নাত ইতি। হে পরম! যদ্ভবতঃ স্বরূপং অবিকল্পং নির্বিশেষং আনন্দমাত্রং ব্রহ্ম তৎ অতো-রূপাৎ পরং ন পশ্যামি কিন্ত্বিদমেব তন্ন তু তদেবেদমিত্যর্থঃ। হে অবিদ্ধবর্চ্চঃ অবিদ্ধং

প্রথমত এই যে মূর্ত্তি দেখাইলেন, ইহাই শত শত অবতারের বীজস্বরূপ! ইহারই নাভিপদ্মাধার হইতে আমি সমুৎপন্ন হইয়াছি ॥ ২ ॥

হে পরম! আপনার যে মূর্ত্তির প্রকাশ কখনও আবৃত হয় না এবং

আভাস।

ভগবান্ নিত্য শুদ্ধ বুদ্ধ মুক্ত ও সত্য স্বরূপ! রূপমাত্রই প্রকৃতির ধর্ম্ম ও গুণময়; সুতরাং অনিত্য ও মায়াময়। ব্রহ্মা যখন বলিয়াছেন, হে ভগবন্! আমি আপনার রূপ যখন দর্শন করিয়াছি, তখন সেরূপও মায়াময় এবং ক্ষণধ্বংসী হইবে, সন্দেহ নাই। তদুত্তরে প্রকাশ করিয়াছেন যে, হে দয়াময়! এরূপের প্রকাশ আমার কল্পনায় নহে; ইহাও আপনার কারুণ্যরসের স্ফূর্ত্তি মাত্র। এই রূপ চিদানন্দময়, নিত্য, নিরতিশয় ও মায়াশূন্য। ধর্ম্ম সংরক্ষণের নিমিত্ত ও সাধুজনের আভিমুখ্য প্রতিপাদনের নিমিত্ত যত যুগে যত অবতার আপনি গ্রহণ করিয়াছেন, সেই সকল অবতারের মূল অঙ্কুর স্থানীয়ই এই মূর্ত্তি! আপনি অলুপ্তচৈতন্য একরস থাকিয়াও, এই বিগ্রহ পরিগ্রহ করিয়াছেন। ইহা মায়াগুণের ন্যায়, আমার ইন্দ্রিয়ের গোচরীভূত হইলেও, ইহা মায়ার অতীত ও সচ্চিদানন্দময় ॥ ২ ॥

পশ্যামি বিশ্বসৃজমেকমবিশ্বমাত্মন্ ভূতেন্দ্রিয়াত্মকমদস্ত উপাশ্রিতোঽস্মি ॥৩॥

অন্বয়ঃ ।

প্রকাশঃ) তৎ (তব) অতঃ (রূপাৎ) পরং ন পশ্যামি, হে আত্মন্ ! তে অদঃ ইদং বিশ্ব-সৃজং অবিশ্বং ভূতেন্দ্রিয়াত্মকং একং (মুখ্যং) রূপং উপাশ্রিতঃ অস্মি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী ।

এবম্ভূতং যদ্ভবতঃ স্বরূপং তৎ অতো রূপাৎ পরং ভিন্নং ন পশ্যামি কিন্তু ইদমেব তৎ । অতঃ কারণাৎ তে তব অদঃ ইদং রূপং উপাশ্রিতোঽস্মি যোগ্যত্বাদপীত্যাহ একং উপাস্যেষু মুখ্যং । যতঃ বিশ্বসৃজং বিশ্বং সৃজতীতি অতএব অবিশ্বং বিশ্বস্মাদন্যৎ কিন্তু ভূতেন্দ্রিয়াত্মকং ভূতানামি-ন্দ্রিয়াণাঞ্চ আত্মানং কারণমিত্যর্থঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

কালদেশাদ্যপরিচ্ছিন্নং বর্চ্চস্তেজো যস্তেতি সর্ব্বব্যাপকং তত্তেজ এব তদ্ব্রহ্মেতি ভাবঃ । যদুক্তং হরিবংশে অর্জ্জুনং প্রতি ভগবতা "যৎপরং পরমং ব্রহ্ম সর্ব্বং বিভজতে জগৎ । মমৈব তদ্বপুনং তেজো জ্ঞাতুমর্হসি ভারতেতি" ননূভয়োরৈক্যেঽপি ত্বং কুত্র রজ্যাদীতি তত্রাহ বিশ্বং সৃজতীতি ইগুপধত্বাৎ কঃ বিশ্বসৃজঃ তে তব রূপমেকং উপাশ্রিতোঽস্মি । নন্বু ত্বমপি ব্রহ্মা বিশ্বং সৃজসীতি তত্রাহ অবিশ্বং বিশ্বস্মাদন্যৎ চিন্ময়মিত্যর্থঃ । অহন্তু বিশ্বমেব যতো ভূতেন্দ্রিয়াত্মভি র্দেহেন্দ্রিয়মনোভিঃ কং সুখং যস্তেনৈব মদো গর্ব্বো যস্তেতি স্বস্য প্রাকৃতত্বমুক্তং ॥ ৩ ॥

যাহা ভেদশূন্য সুতরাং আনন্দময়, তাহা এই প্রকটিত মূর্ত্তি হইতে বিভিন্ন দেখিতেছি না; ইহাই আপনার স্বকীয় রূপ। হে আত্মন্ ! আপনার এই মূর্ত্তিই বিশ্বের সৃষ্টিকারী; সুতরাং বিশ্ব হইতে বিভিন্ন। ইহা ভূতগণ ও ইন্দ্রিয় সকলের কারণ; অতএব আমি আপনার এই মূর্ত্তিরই আশ্রয় গ্রহণ করিলাম ! ॥ ৩ ॥

আভাস ।

যাঁহারা গুণাদির সংযোগে সবিশেষ ব্রহ্মাপেক্ষা নির্ব্বিশেষ ব্রহ্মই পরম-স্বরূপ বলিয়া কীর্ত্তন করেন, তাঁহাদের পক্ষে বক্তব্য এই যে, ভগবানের এই নির্ব্বিকল্প আনন্দমাত্র ব্রহ্মস্বরূপই নির্ব্বিশেষ পদ; এতদপেক্ষা অন্য কোন রূপ বা পদার্থ নাই। এই রূপই দেশকালাদিতে অপরিচ্ছিন্ন সর্ব্বব্যাপী তেজঃস্বরূপ মূর্ত্তি। হরিবংশে অর্জ্জুনের প্রতি ভগবানের উক্তিতে প্রকাশ আছে যে, যে অনন্ত তেজঃ এই বিশ্ব ব্রহ্মাণ্ডকে রচনা করিতেছেন, সেই পরম ব্রহ্মই আমার অন্তরঙ্গ তেজোরাশি বলিয়া অবগত হও ! অতএব ব্রহ্মা ও ভগবানের রূপ এক হইলেও, সৃষ্টিকার্য্যে ব্রহ্মা ও তদধিষ্ঠাতৃরূপ ভগবান্ এইরূপ ভেদই কল্পনীয়। বিশ্বনামই জড় জগতে নিক্ষেপণীয়; ভগবানের মূর্ত্তি চৈতন্যময় বিশ্বের অতীত। ব্রহ্মা সৃষ্টিকর্ত্তা

তদ্বা ইদং ভুবনমঙ্গলমঙ্গলায় ধ্যানে স্ম নো দর্শিতং ত উপাসকানাং।
তস্মৈ নমো ভগবতেঽনুবিধেম তুভ্যং যো নাদৃতো নরকভাগ্‌ভিরসৎপ্রসঙ্গৈঃ॥৪

অন্বয়ঃ।

বা (অথবা) হে ভুবনমঙ্গল! তে (ত্বয়া) নঃ (অস্মাকং) উপাসকানাং মঙ্গলায় ধ্যানে ইদং (রূপং) দর্শিতং তৎ (তস্মাৎ) তস্মৈ ভগবতে তুভ্যং নমঃ অনুবিধেম (করবাম) যঃ (ত্বং) অসৎপ্রসঙ্গৈঃ (নিরীশ্বরকুতর্কনিষ্ঠৈঃ) নরকভাগ্‌ভিঃ (নারকিভিঃ) ন আদৃতঃ পূজিতঃ॥ ৫॥

শ্রীধরস্বামী।

নন্বেবমপি সোপাধিকমেতদর্ব্বাচীনমেবেত্যাশঙ্ক্যাহ তদেবেদং হে ভুবন-মঙ্গল! যত্তে ত্বয়া অস্মাকমুপাসকানাং মঙ্গলায় ধ্যানে দর্শিতং। নহি অব্যক্তবর্ত্মাভিনিবেশিত-চিত্তানামস্মাকং ত্বয়া সোপাধিকদর্শনং দাতুং যুক্তমিতি ভাবঃ। অতস্তুভ্যং নমোঽনুবিধেম অনুবৃত্ত্যা করবাম। তর্হি কিমিতি কেচিন্মাং ন আদ্রিয়ন্তে তত্রাহ যো নাদৃত ইতি অসৎপ্রসঙ্গৈঃ নিরীশ্বরকুতর্কনিষ্ঠৈঃ॥ ৪।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু নির্বিশেষং স্বরূপং কিমিতি নাশ্রয়সি তত্রাহ তৎ প্রসিদ্ধমিদং সবিশেষং স্বরূপং বৈ নিশ্চিতং চতুর্দ্দশভুবনস্থজনানাং সর্ব্বেষামপি যানি মঙ্গলানি ধর্ম্মার্থকামমোক্ষাস্তেষামপি মঙ্গলায় কল্যাণার্থং এতদ্রূপোপাসনে সত্যেব ধর্ম্মাদয়ঃ কুশলিনঃ সার্থকা ভবন্তান্যথা ব্যর্থা ভবন্তীত্যর্থঃ। নির্ব্বিশেষস্বরূপত্বেবং ন ভবতীতি ভাবঃ। তথা নোঽস্মাকমপি ধ্যানে ইদমেব দর্শিতং নতু তদিতি। ততঃ কৃপালুত্বাধিকামপি। তস্মাৎ তস্মৈ সবিশেষস্বরূপায় চিন্ময়গুণসমুদ্রায় তুভ্যং নম এব কেবলং বিধেম করবাম। পরিচর্য্যাং পুনঃ কামহং কর্ত্তুং শক্নোমীতি ভাবঃ। নন্বিদং রূপং ন সচ্চিদানন্দময়ং কিন্তু মায়াময়মিতি ব্রুবাণাঃ কেচিন্মাং বস্তুতো নাদ্রিয়ন্তে-তত্রাহ যোঽনাদৃত ইতি নরকভাগ্‌ভিরিতি তে নরক এব নিপতিষ্যন্তীত্যর্থঃ। অস্মিন্মিথ্যেদং সর্ব্বমিতি প্রসঙ্গবদ্ভিরসাধুসঙ্গিভিরিতি বা॥ ৫॥

হে জগন্মঙ্গল! আমরা আপনার উপাসক! আপনি আমাদের মঙ্গলের জন্য ধ্যানে এই যে অপূর্ব্ব মূর্ত্তি সন্দর্শন করাইলেন, ইহাই আপনার সেই মূর্ত্তি। অতএব আমরা আপনাকে পুনঃ পুনঃ নমস্কার করি! হে প্রভো! কেবল মাত্র কুতর্কপরায়ণ অনীশ্বরবাদী নারকীগণই আপনার আদর করে না; নতুবা সকলেই আপনার আদর করিয়া থাকে॥ ৪॥

আভাস।

ইহলোক ব্রহ্মের অন্তর্গত জড়ময়; কারণ দেহ ও ইন্দ্রিয়াদির ভোগে যাঁহারা আসক্ত, তাঁহারা সকলেই ভোগময়ভূ ত॥

ব্রহ্মা বলিলেন, হে ভগবন্! এই দর্শনীয়তম আপনার মনোহর অপূর্ব্ব রূপও যদি সবিশেষ হয়, সেও মঙ্গল! আমার নির্ব্বিশেষ ব্রহ্মস্বরূপের প্রয়োজন নাই। এই প্রসিদ্ধ

যেঽতু ত্বদীয়-চরণাম্বুজকোষগন্ধং জিঘ্রন্তি কর্ণবিবরৈঃ শ্রুতিবাতনীতং।
ভক্ত্যা গৃহীতচরণঃ পরয়া চ তেষাং নাপৈষি নাথ হৃদয়াম্বুরুহাৎ স্বপুংসাং॥ ৫

অন্বয়ঃ।

যেঽতু শ্রুতিবাতনীতং (শ্রুতিঃ বেদঃ স এব বাতঃ তেন নীতং প্রাপিতং) ত্বদীয়চরণাম্বুজ-কোষগন্ধং (তব ইদং ত্বদীয়ং চরণং এব অম্বুজং তস্য কোষগন্ধং) কর্ণবিবরৈঃ জিঘ্রন্তি, হে নাথ পরয়া শ্রেষ্ঠয়া চ ভক্ত্যা গৃহীতচরণঃ (ত্বং অতএব) স্বপুংসাং তেষাং হৃদয়াম্বুরুহাৎ হৃদ্‌পদ্মাৎ ন অপৈষি ন অপগচ্ছসি॥ ৫॥

শ্রীধরস্বামী।

আদরেণ তু ত্বাং ভজন্তঃ কৃতার্থা ইত্যাহ যেঽত্বিতি। শ্রুতির্বেদঃ স এব বাতঃ তেনৈব নীতং প্রাপিতং নাপৈষি নাপযাসি। যে ত্বৎকথাশ্রবণমপ্যাদরেণ কুর্ব্বন্তি তেষাং হৃদি নিত্যং প্রকাশসে ইত্যর্থঃ॥ ৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শাস্ত্রেষু নির্ব্বিশেষ-স্বরূপোপাসকা জ্ঞানিন উচ্যন্তে সবিশেষস্বরূপোপাসকাস্তু ভক্তা স্তেষামুভয়েষাং মধ্যে ভক্তা এব কৃতার্থাঃ প্রিয়াশ্চেত্যাহ দ্বাভ্যাং। যেঽত্বিতি। শ্রুতির্বেদঃ শ্রবণভক্তির্বা বাত স্তেন নীতং প্রাপিতং ততশ্চ তে চরণাম্বুজসৌরভ্যালোভিনো ভৃঙ্গা ইব চরণাম্বুজং এব পরমপুরুষার্থত্বেন গৃহ্লন্তীত্যাহ। ভক্ত্যা পরয়া প্রেমলক্ষণয়া। নাপৈষীতি তে যথা তব চরণাম্বুজ এব লোভিন স্তন্ন ত্যজন্তি তথা ত্বমপি তেষাং প্রেমমাধুর্য্যবতি হৃদয়াম্বুজে এব লোভী তন্ন ত্যজসীতি পরস্পরবশীকারঃ সূচিতঃ॥ ৫॥

হে নাথ! যাঁহারা বেদরূপ সমীরণের সাহায্যে আপনার পাদপদ্মনিঃসৃত মকরন্দ প্রাপ্ত হইয়া, কর্ণবিবর দ্বারা তাহা আঘ্রাণ করেন এবং যথার্থ ভক্তি-যুক্ত হইয়া আপনার চরণযুগলকেই সার সর্ব্বস্ব ভাবিয়া ধ্যান করেন, তাঁহারাই অপনার আপন-জন প্রিয়পাত্র। হে প্রভো! আপনি নিরন্তর তাঁহাদের হৃদয়-পদ্মে অবস্থান করেন॥ ৫॥

আভাস।

সবিশেষ রূপই চতুর্দ্দশভুবনস্থ যাবতীয় জীবের ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষাদি যাবদীয় পুরুষার্থের এক মাত্র কল্যাণকর আলয় ও বীজস্বরূপ। এই রূপের উপাসনাতেই ধর্ম্মাদি চতুর্ব্বর্গের প্রাপ্তি, নিজের উন্নতি ও সার্থকতা সম্পাদিত হইয়া থাকে; নতুবা সমস্তই বৃথা ও নিরর্থক। ইহা আপনার নির্ব্বিশেষ স্বরূপ না হইলেও, যখন ধ্যানযোগে আমাকে এইরূপই প্রদর্শন করাইয়াছেন, তখন অব্যক্তচিন্তকাদি অন্যান্য পথাবলম্বী অপেক্ষা আমার প্রতিই আপনার বিশেষ অনুগ্রহ করা হইয়াছে, সন্দেহ নাই। হে প্রভো! বলুন! আমার দ্বারা আপনার পরিচর্য্যাদি কোন্ কর্ম্ম সাধিত হইতে পারে? আমি অতি নীচ ও নিকৃষ্ট; সতত পরত আপনার চরণে আমার প্রণাম মাত্র বিধেয়। হে বিশ্বমঙ্গল! নাস্তিক কুতার্কিকগণের কুতর্কপ্রসঙ্গে নষ্টদৃষ্টি যে সমস্ত জীব আপনার এই রূপকে মায়াময়

তাবদ্ভয়ং দ্রবিণদেহসুহৃন্নিমিত্তং শোকস্পৃহাপরিভবো বিপুলশ্চ লোভঃ।

অন্বয়ঃ।

লোকঃ যাবৎ তে তব অভয়ং অঙ্ঘ্রিং পাদং ন প্রবৃণীত আশ্রয়েত, তাবৎ দ্রবিণদেহ-সুহৃন্নিমিত্তং (দ্রবিণং ধনং, দেহঃ চ সুহৃদ্ মিত্রঞ্চ তেষাং নিমিত্তং) ভয়ং শোকঃ স্পৃহা

শ্রীধরস্বামী।

ততঃ কিমত আহ তাবদিতি। দ্রবিণাদৌ বিদ্যমানে ভয়ং গতে শোকঃ পুনশ্চ স্পৃহা ততশ্চ পরিভবঃ। তথাপি বিপুললোভ স্তৃষ্ণা পুনঃ কথঞ্চিৎ প্রাপ্তে মমেত্যসদাগ্রহঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু তেঽপি স্ত্রীপুত্রদ্রবিণাদিবন্তশ্চেৎ সংসারিণ এবেতি তত্র নহি নহীতি স্বরসনাদংশ মাহ তাবদিতি। দ্রবিণাদ্যাসক্তিহেতুকং ভয়ং সংসার ইত্যর্থঃ। তস্যৈব প্রপঞ্চশোক ইত্যাদিঃ। তাবদেব যাবত্তবাঙ্ঘ্রিং প্রভুত্বাদিভাবেন ন প্রবৃণীত প্রকর্ষেণ বরণে সতি ত্বয্যাসক্ত্যা দ্রবিণাদ্যাসক্তিনির্বর্ত্তত ইতি ভাবঃ। যদি চ দ্রবিণাদাবসক্তোঽপি কশ্চিদ্ভক্তো ভবেত্তদাপি

হে দীনবন্ধো! মানবগণ যে পর্য্যন্ত আপনার এই অভয় পদ লাভ করিতে সমর্থ না হয়, সেই পর্য্যন্তই তাহাদের মনে স্ত্রী, পুত্র, বন্ধু, ধন, বিষয় ইত্যাদির নিমিত্ত শোক, মোহ, লোভ, অভিলাষ ও পরিভব ইত্যাদি নানা প্রকার অনর্থের আভাস।

ও অনিত্যজ্ঞানে আদর না করে, তাহারাই যথার্থ মূর্খ ও নিরয়গামী হইয়া থাকে; সন্দেহ নাই॥ ৪॥

শাস্ত্রে নির্ব্বিশেষ ব্রহ্মোপাসক জ্ঞানী ও সবিশেষ ব্রহ্মোপাসক ব্যক্তি ভক্ত বলিয়া কীর্ত্তিত হন; কিন্তু এতদুভয়ের মধ্যে ভক্তই কৃতার্থ। কারণ বেদরূপ সমীরণ-প্রবাহে ভবদীয় পাদ-পদ্মের সৌরভ শ্রবণেন্দ্রিয়ের দ্বারা লাভ করত ভক্ত যেমন ভৃঙ্গের ন্যায় আপনার পাদপদ্মকেই পরম পুরুষার্থরূপে আশ্রয় করে, হে ভগবন্! আপনিও সেইরূপ প্রেমমাধুর্য্যে পরিপ্লুত ভক্তহৃদয়কেও বাসের প্রিয় আশ্রয়বোধে কখন পরিত্যাগ করেন না; ভক্ত ও ভগবান্ উভয়ের প্রেমে উভয়ে বদ্ধ থাকেন॥ ৫॥

ভক্তজন গৃহীর ন্যায়, ধনপুত্রাদি বিপুল ঐশ্বর্য্যে বেষ্টিত থাকিয়াও, গৃহী বা সংসারী নহেন। তিনি ভক্তি পূর্ব্বক ভগবানে চিত্ত সমর্পণ করায়, শূন্যচিত্তে বিষয়াদি ভোগ করেন মাত্র। সুতরাং বিষয়ের বিষ তাঁহাকে স্পর্শ করিতে পারে না। আসক্তিই নিগ্রহ বা অনুগ্রহের কারণ। পাত্রানুসারে আসক্তির প্রচয় ঘটিলে, জীব হয় উচ্চতম পরম পদ বিষ্ণুলোকে গমন করে, না হয়, অধম হইতে অধম নিকৃষ্ট ঘোর অন্ধতম রৌরব নরকে গমন করে। পাত্রানুসারে আসক্তিই উন্নতি বা অবনতির একটী প্রধান সোপান। যাহারা আসক্তি সহকারে বিষয় সম্ভোগে প্রবৃত্ত হয়, তাহাদের হৃদয়-মন্দিরে দেবদেব হৃষীকেশ অন্তর্যামিরূপে নিত্য বিরাজমান থাকিলেও, তাহারা যেমন ঘোর সংসারী হইয়া জন্মমৃত্যুরূপ সংসার-প্রবাহে

তাবন্মমেত্যসদবগ্রহ আর্ত্তিমূলং যাবন্নতেঽঙ্ঘ্রিমভয়ং প্রবৃণীত লোকঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ ।

অভিলাষঃ পরিভবঃ বিপুললোভশ্চ তাবৎ আর্ত্তিমূলং ভয়শোকাদেঃ কারণং মম ইতি অসদবগ্রহঃ চ জায়তে ॥ ৬ ॥

শ্রীধরস্বামী ।

আর্ত্তিমূলং ভয়শোকাদেঃ কারণং ন প্রবৃণীত নাশ্রয়েত ত্বৎপাদাশ্রয়ণমাত্রেণ ভয়াদিনিবৃত্তিঃ কিং পুনস্তৎপ্রকাশে সতীতি ভাবঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

নৈব চিন্ত্যমাহ মমেত্যসদাগ্রহস্তাবদেবার্ত্তিমূলং সংসারকারণং যাবদিতি তবাঙ্ঘ্রিঃ সেব্যত্বেন বরণমাত্র এব দ্রবিণাসক্ত্যাদেরুৎখাতদংষ্ট্রোরগদংশস্যেব নার্ত্তিমূলত্বমিত্যগ্রেচ বক্ষ্যতে। তাবদ্রাগাদয়স্তেনা ইত্যত্র যাবৎ কৃষ্ণ ন তে জনা ইতি ভাবচ্ছব্দসা দ্বিপাঠবলাদ্ব্যাখ্যাতং। এবঞ্চ যেতু ত্বদীয়েত্যনেন রতিমন্তঃ তাবদ্ভয়মিত্যর্দ্ধেনানর্থনিবৃত্তিমন্তঃ তাবন্মমেত্যর্দ্ধেনানিবৃত্তানর্থাস্ত্রিবিধা অপি ভক্তা ন সংসারিণ ইত্যুক্তং । ৬ ॥

উৎপত্তি হইয়া থাকে। হে নাথ! আপনার পাদপদ্মে শরণাগত হইলে, ইহার কিছুরই সম্ভাবনা থাকে না; আমি কর্ত্তা ও আমার বিষয়, এই প্রকার বুদ্ধিরও তখন লোপ হইয়া যায় ॥ ৬ ॥

আভাস।

অনন্তকালের জন্য ভাসমান হয়, আবার সেইরূপ যাহারা আসক্তি পূর্ব্বক ভগবানকে ভজনা করে, তাহারা অতলস্পর্শ বিষয়-সমুদ্রের গভীর গহ্বরে নিমগ্ন থাকিলেও, বিষয়-রস তাহাদিগকে স্পর্শ করিতে পারে না; তাহারা পদ্মপত্রস্থ সলিলের ন্যায়, বিষয়-সম্পর্কে অলিপ্ত হইয়া, ভগবানের প্রেমানন্দেই ভাসমান থাকে। যে আশীবিষ ভুজঙ্গের বিষদন্ত উৎখাত হইয়াছে, সে যেমন একত্রাবস্থিত জনেরও কোন অনিষ্ট করে না, সেইরূপ আসক্তি-রূপ বিষদন্ত বিষয়-সন্নিধান হইতে অন্তর্হিত করিলে, বিষয়ের আর বশীভূত করিবার পরাক্রম থাকে না। ভাগবতের দশমে ব্রহ্মার স্তবে প্রকাশ আছে যে, "তাবদ্রাগাদয় স্তেনা স্তাবৎকারাগৃহং গৃহং। তাবন্মোহোঽঙ্ঘ্রিনিগড়ো যাবৎ কৃষ্ণ ন তে জনাঃ"। হে শ্রীকৃষ্ণ! জীব যে পর্য্যন্ত আপনাকে "তোমার" বলিয়া নিজ স্বত্ত্বা বা অভিমানকে দূরে নিক্ষেপ করিতে না পারে, যে পর্য্যন্ত তোমার ভক্ত দাস এবং নিতান্ত চিহ্নিত প্রেমাধীন অনুরক্ত জন বলিয়া আপনাকে চিনিতে না পারে, সে পর্য্যন্ত বিষয়-রাক্ষসীর করাল কালোপম ত্রিবিধ মোহন ব্যাপার হইতে নিষ্কৃতি লাভে সমর্থ হয় না। তাহাদের সুখসেব্য গৃহ কারাগৃহ হইতে কোন অংশে ন্যূন নহে; তাহাদের আসক্তি হৃদয়-মন্দিরের অপূর্ব্ব মহাধনের হরণকারিণী অপেক্ষা কম নহে এবং প্রেম ও আনন্দ প্রদানের পরিবর্ত্তে ঘোর নিরানন্দ শৃঙ্খলে বদ্ধ করে। কিন্তু যাহারা ঐকান্তিক প্রেম সহকারে

দৈবেন তে হতধিয়ো ভবতঃ প্রসঙ্গাৎ সর্ব্বাশুভোপশমনাদ্বিমুখেন্দ্রিয়া যে।
কুর্ব্বন্তি কাম-সুখ-লেশ-লবায় দীনা লোভাভিভূতমনসোঽকুশলানি শশ্বৎ ॥ ৭॥

অন্বয়ঃ।

যে সর্ব্বাশুভোপশমনাৎ (সর্ব্বাণি অশুভানি অনিষ্টানি তেষাং উপশমনাৎ নিবর্ত্তকাৎ) ভবতঃ তব প্রসাদাৎ কীর্ত্তনাৎ বিমুখেন্দ্রিয়াঃ (বিমুখানি ইন্দ্রিয়াণি যেষাং তে) তে দৈবেন হতধিয়ঃ বিনষ্টবুদ্ধয়ঃ। (যে চ) লোভাভিভূতমনসঃ (লোভৈঃ অভিভূতানি মনাংসি যেষাং তে) দীনাঃ কামসুখলেশলবায় শশ্বৎ নিরন্তরং অকুশলানি নিষিদ্ধানি (কর্ম্মাণি) কুর্ব্বন্তি। ৭।

শ্রীধরস্বামী।

যে নিষ্কামা অপি সন্তঃ ত্বাং নাদ্রিয়ন্তে তে নরকভাজ ইত্যুক্তং। যে ত্বৎকথা-শ্রবণাদিবিমুখাঃ সন্তঃ কাম্যকর্ম্মপরা স্তেঽতিমন্দা ইত্যাহ দৈবেন তে হতধিয়ঃ নষ্টমতয়ঃ। প্রসঙ্গাৎ শ্রবণকীর্ত্তনাদিরূপাৎ সর্ব্বদুঃখনিবর্ত্তকাৎ। বিমুখানীন্দ্রিয়াণি যেষাং। অকুশলানি অক্ষেমকরাণি ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবং চেৎ সর্ব্বএব সুধিয়ো ভূত্বা মচ্চরণমাশ্রয়িষ্যন্তে তর্হি কে সংসারিণো ভবিষ্যন্তি তত্রাহ দৈবেন ত্বদপরাধোত্থদুরদৃষ্টেন অকুশলানি কাম্যানি নিষিদ্ধানি চ কর্ম্মাণি ॥ ৭ ॥

হে প্রভো! যাহারা সর্ব্বপাপনাশক এবং সকল অশুভনিবারক তোমার গুণকীর্ত্তনাদি প্রসঙ্গ হইতে বিরত হইয়া, অতি তুচ্ছ কামনাকে পূর্ণ করিবার জন্য লোভ মোহাদির বশবর্ত্তী হইয়া, নিরন্তর অশুভকার্য্য সমূহ সম্পাদন করে, তাহারা নিশ্চয়ই স্বীয় দুরদৃষ্টবশত এইরূপ হতবুদ্ধি ও দুঃখভাগী হয় ॥ ৭ ॥

আভাস।

ভগবানকে ভজনা করে, তাহারা বিষয়ের কুহকে পতিত হওয়া দূরে থাকুক্, তাহারা জীবন্মুক্ত। বরং কুহকে নিপতিত জনও ভক্তি প্রভাবে অব্যাহতি লাভ করেন ॥ ৬ ॥

বিষয়ে কামনাশূন্য হইলেই যে মুক্তিলাভ হয়, এমত নহে; বরং প্রচুর সাবকাশ লাভে ভগবদ্ভজনা না করার পাপে লিপ্ত হইয়া, তাহাদিগকে নরকেই পতিত হইতে হয়। সাবকাশ লাভে বা অলাভে ঈশ্বর-পরায়ণ হইবার প্রতিবন্ধকই পূর্ব্বার্জ্জিত দুষ্কর্ম্ম। ঐ সমস্ত অপরাধ এই জন্মে দুষ্ট গ্রহাদিরূপে পরিবেষ্টিত থাকিয়া, মানবকে সৎপথে প্রবর্ত্তিত হইতে দেয় না। দুরদৃষ্টবান্ মানবের বুদ্ধি প্রভৃতি ইন্দ্রিয়গণ ঈশ্বরার্চ্চনে কখন অগ্রসর হয় না। ৭॥

ব্রহ্মা বলিলেন, হে অচ্যুত! ঐ সমস্ত অপরাধী জীব নিরন্তর ক্ষুধা তৃষ্ণা, শীত উষ্ণ, ও বাত বর্ষাদি প্রবল বাত্যায় প্রপীড়িত হইয়া, কামানলে নিপতিত হইতেছে। অনবরত

ক্ষুত্তৃট্ত্রিধাতুভিরিমা মুহুরর্দ্দ্যমানাঃ শীতোষ্ণ-বাতবর্ষৈ রিতরেতরাচ্চ।
কামাগ্নিনাচ্যুতরুষা চ সুদুর্ভরেণ সংপশ্যতো মম উরুক্রম সীদতে মে ॥৮॥
যাবৎ পৃথক্ত্বমিদমাত্মন ইন্দ্রিয়ার্থ-মায়াবলং ভগবতো জন ঈশ পশ্যেৎ।

অন্বয়ঃ।

হে উরুক্রম! ক্ষুত্তৃট্ত্রিধাতুভিঃ ক্ষুধাতৃষ্ণাবাতপিত্তশ্লেষ্মভিঃ শীতোষ্ণবাতবর্ষৈশ্চ ইতরেতরাৎ অন্যোন্যাশ্রয়াচ্চ সুদুর্ভরেণ অতিদুঃসহেন কামাগ্নিনা বিষয়বাসনয়া অচ্যুতরুষা (অচ্যুতয়া অনবচ্ছিন্নয়া রুষা কোপেন) চ মুহুঃ অর্দ্দ্যমানাঃ পীড্যমানাঃ ইমাঃ (প্রজাঃ) সংপশ্যতঃ মে মনঃ সীদতে খিদ্যতে ॥ ৮ ॥

হে ঈশ! জনঃ যাবৎ আত্মনঃ জীবাত্মনঃ ইদং পৃথক্ত্বং পশ্যেৎ, ভগবতঃ তব ইন্দ্রিয়ার্থমায়াবলং (ইন্দ্রিয়ার্থরূপা যা মায়া তয়া বলং যত্র তৎ আতিশয্যং) তাবৎ অস্তি

শ্রীধরস্বামী।

অকুশলত্বমেব দর্শয়ন্তি ক্ষুচ্চ তৃট্চ ত্রিধাতবশ্চ বাতপিত্তশ্লেষ্মাণঃ তৈরিমাঃ প্রজাঃ সুদুর্ভরেণ সুদুঃসহেন কামাগ্নিনা অচ্যুতয়া রুষা অবিচ্ছিন্নক্রোধেন চ পীড্যমানাঃ সংপশ্যতো মে মনঃ সীদতি ॥ ৮ ॥

নন্বেবং ভূতায়াঃ সংসৃতেরপরমার্থত্বাৎ কিমর্থং বিষাদঃ ক্রিয়তে তত্রাহ যাবদিতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যে চান্যে পশ্বাদিতুল্যাঃ স্বীয়হিতাহিতং কিমপি ন জানন্তি তাংস্তু শোচামেবেত্যাহ ক্ষুচ্চ তৃট্চ ত্রিধাতবঃ বাতপিত্তশ্লেষ্মাণ তৈরিমাঃ প্রজাঃ ইতরেতরাচ্চ সপুত্রকলত্রাদিষ্বপি পরস্পরতোঽর্দ্দ্যমানাঃ কামাগ্নিনা অচ্যুতয়া অনবচ্ছিন্নয়া রুষা সুদুর্ভরেণ্তি দ্বয়োরেব বিশেষণং। অর্দ্দ্যমানাঃ প্রজাঃ পশ্যতো মম মনঃ সীদতি হন্ত হন্ত কথমাসাং নিস্তারো ভবিতেত্যবসীদতি ॥ ৮ ॥

নন্বেবম্ভূতায়াঃ সংসৃতেরবস্তুভূতত্বাদনয়া কথমবসীদসীতি তত্রাহ যাবদীতি। যাবদা-

---

হে চক্রপাণে! সে সকল জীব ক্ষুধা, তৃষ্ণা, বাত, পিত্ত, শ্লেষ্মা, শীত, উষ্ণ, বায়ুবর্ষণ এবং অন্যান্য নানা প্রকার বিষয়-বাসনা ও অতি দুঃসহ কামনা-রূপ অনল এবং ক্রোধানল ইত্যাদি দ্বারা নিরন্তর অসীম ক্লেশ সহ্য করিতেছে। হে প্রভো! তাহাদের এইরূপ দুঃখজনক অবস্থা এবং পরিণাম ফল স্মরণ করিয়া, আমার হৃদয় অতীব ব্যথিত হইতেছে ॥ ৮ ॥

হে পতিত-পাবন! মানব যে পর্য্যন্ত ইন্দ্রিয় ও বিষয়রূপ ভবদীয় মায়াদ্বারা

আভাস।

ক্রোধার্চ্চিতে মন তাহাদের ভস্মাবশিষ্ট হইতেছে। এখন কোন্ উপায়ে নিস্তার লাভ হয়? হে পথ-প্রদর্শক অচিন্ত্যৈশ্বর্য্য দেব নারায়ণ! আপনি তাহার প্রতিবিধান করুন ॥ ৮ ॥

তাবন্ন সংসৃতিরসৌ প্রতিসংক্রমেত ব্যর্থাপি দুঃখনিবহং বহতী ক্রিয়ার্থা ॥৯

অন্বয়ঃ।

সংসৃতিঃ ব্যর্থাপি ন প্রতিসংক্রমেত ন উপরমেত; ক্রিয়ার্থা দুঃখনিবহং কষ্টনিকরং বহতী প্রাপয়ন্তী ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

আত্মন ইদং পৃথক্ত্বং দেহাদিভাবঃ ভগবত স্তব ইন্দ্রিয়ার্থরূপা যা মায়া তয়া বলং আধিক্যং যস্য তৎ ন প্রতিসংক্রমেত নোপরমেত। দুঃখসমূহং প্রাপয়ন্তী। ক্রিয়াণামর্থঃ ফলং যস্যাঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্মনো জীবস্য ইদং পৃথক্ত্বং দেহাদিভাবং পশ্যেৎ অনুভবেৎ। ভগবত ইন্দ্রিয়ার্থরূপায়া মায়ায়া বলং যত্র তৎ তাবৎ সংসৃতির্বার্থাপ্যবস্তুভূতাপি ন প্রতিসংক্রমেত নোপরমেত। দুঃখনিবহং প্রাপয়ন্তি যতঃ ক্রিয়াণাং কর্ম্মণামর্থঃ ফলং যতঃ সা ॥ ৯ ॥

পরিবর্দ্ধিত এই দেহের ভাব সকলকে আপনার স্বরূপ হইতে পৃথক্ বলিয়া মনে করে এবং যথার্থ অসৎ বস্তুতে সৎ বলিয়া কল্পনা করে, সে পর্য্যন্ত এই সংসার অনিত্য দুঃখসমূহের আকর ও নানাপ্রকার কর্ম্মফলদাতা হইলেও তাহা হইতে উপরত হইবে না; সংসার কর্ম্মফলানুসারে সর্ব্বদা তাঁহাদিগকে দুঃখ প্রদান করিবে ॥ ৯ ॥

আভাস।

সংসার মিথ্যা, তত্ত্বশূন্য ও অনিত্য; সুতরাং মিথ্যাভূত বস্তুর আক্রমণও মিথ্যা। অতএব তাহার জন্য আর বিশেষ উদ্বিগ্ন হইবার কারণ নাই বটে, কিন্তু সংসার মিথ্যা হইলেও, তৎপ্রদত্ত দুঃখ কখন মিথ্যা বা স্বপ্নবৎ নহে। তাহার যাতনা প্রস্তরে অঙ্কিত হইবার ন্যায়, হৃদয়ভূমিকে স্পর্শ করিয়াই থাকে। হে সংসার-তারণ! সংসার-ভয় নিবারণের আপনিই এক মাত্র হেতু। যাহারা দেহাদি ইন্দ্রিয়-ভাবাপন্ন পৃথক্ সত্তাবিশিষ্ট বোধে আপনাকে অন্যজ্ঞানে অভিমান করে, তাহারাই আপনার মায়াজালে জড়ীভূত হইয়া, অনর্থক ভ্রমণ করিতে থাকে। আপনার মায়াই ইন্দ্রিয় ও বিষয় এই উভয়রূপে আত্মপ্রকাশ করত সেই অভিমানী জীবকে ভ্রমে নিপাতিত করে। যে পর্য্যন্ত জীব সেই মায়াপ্রকাশক আপনাকে পরিজ্ঞাত হইতে না পারে, সে পর্য্যন্ত সেই দৈবী মায়ার দুরতিক্রমণীয় দুরূহ দুঃখব্যাপার হইতে অব্যাহতি প্রাপ্ত হয় না; বরং উত্তরোত্তর অভিরিক্ত কর্ম্মজালে জড়িত হইয়াই পড়ে ॥ ৯ ॥

অজ্ঞান-কল্পিত সংসার কেবল জ্ঞানের দ্বারাই নিরস্ত হয়, এ কথা সঙ্গত নহে। কারণ জ্ঞানসাধক কর্ম্মও অজ্ঞানমূলক। ভগবানই জ্ঞানস্বরূপ; জ্ঞানলাভ করিতে হইলে, ভগবানকে অবলম্বন করা বিশেষ প্রয়োজন। যাহারা কেবল বিচার ও বৈরাগ্য বলে চিরশান্তি

অহ্যাপৃতার্ত্তকরণা নিশি নিঃশয়ানা নানামনোরথধিয়া ক্ষণভগ্ননিদ্রাঃ।
দৈবাহতার্থরচনা ঋষয়োঽপি দেব যুষ্মৎপ্রসঙ্গবিমুখা ইহ সংসরন্তি ॥ ১০ ॥

অন্বয়ঃ।

হে দেব! ইহ জগতি, যুষ্মৎপ্রসঙ্গবিমুখাঃ ঋষয়ঃ অপি অহ্যাপৃতার্ত্তকরণাঃ (অহ্নি আপৃতানি নানাব্যাপারান্বিতানি আর্ত্তানি পীড়িতানি চ করণানি ইন্দ্রিয়াণি যেষাং তে) নিশি রাত্রৌ নিঃশয়ানাঃ নানামনোরথধিয়া ক্ষণভগ্ননিদ্রাঃ দৈবাহতার্থরচনাঃ (দৈবেন আহতাঃ অর্থ-রচনা চ ইষ্টবস্তুপ্রতিপাদনানি যেষাং তে এব) সংসরন্তি ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

নন্বু ভবত্যেবমবিবেকিনাং বিবেকিনস্তু মুক্তা এবেতি কিং তেষাং ভক্ত্যা কৃত্যমত আহ। অহ্নি আপৃতানি ব্যাপৃতানিচ তান্যার্ত্তানি ক্লিষ্টানি করণানীন্দ্রিয়াণি যেষাং। রাত্রৌ বিষয়সুখ-লবোঽপি নাস্তি যতো নিঃশয়ানাঃ স্বপ্নদর্শনেন চ ক্ষণে ক্ষণে ভগ্ননিদ্রাঃ। দৈবেনাহতাঃ সর্ব্বতঃ প্রতিহতাঃ অর্থানাং রচনা অর্থার্থোদ্যমা যেষাং ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচাজ্ঞানকল্পিতায়াঃ সংসৃতে র্জ্ঞানেনৈবোপরাম ইতি বাচ্যং যতো জ্ঞানিনোঽপি ভক্তি-রহিতাঃ সংসরন্তীত্যাহ অহ্নেতি। যুষ্মৎপ্রসঙ্গবিমুখা ঋষয়ো জ্ঞানিনোঽপি এবম্ভূতাঃ সন্তঃ সংসরন্তীত্যন্বয়ঃ। মুনয় ইতি চ পাঠঃ। কথংভূতাঃ অহ্নি আপৃতানি নানাব্যাপারযুক্তানি আর্ত্তানি চ করণানীন্দ্রিয়াণি যেষাং তথাভূতাঃ দৈবেন আহতা অর্থরচনা ভোগ্যবস্তুপ্রতি-পাদনানি যেষাং তে। এবঞ্চ দৈবেন ত ইত্যনেন কর্ম্মিণঃ ক্ষুত্তৃড়িত্যাদিনা মূঢ়াঃ। অহ্যা-পৃতেত্যনেন জ্ঞানিন ইতি ত্রিবিধাঃ সংসারিণ উক্তাঃ ॥ ১০ ॥

হে অনাথশরণ! যাহারা অবিবেকী তাহাদেরই যে এইরূপ দুর্গতি লাভ হইয়া থাকে, এরূপ নহে; যাঁহারা জ্ঞানী তাঁহাদিগেরও ভক্তির অভাবে ঐরূপ দুর্গতি অবশ্যম্ভাবনীয়। কারণ ঋষিগণও যদি আপনাকে ভক্তি না করেন, তাহা হইলে তাঁহাদিগকেও নানাপ্রকার সংসারক্লেশ ভোগ করিতে হয়। কারণ তাঁহাদের ইন্দ্রিয় সকল দিবাভাগে বিবিধ বিষয়ে ব্যাপৃত থাকায়, তাঁহারাও সুখলাভ করিতে পারেন না; এবং রাত্রিতেও নিদ্রাবশত বিষয়সুখ লাভে সমর্থ হন না; আবার নানাবিধ অভিলাষ নিবন্ধন ক্ষণে ক্ষণে সেই নিদ্রারও ভঙ্গ হইয়া থাকে এবং প্রতিকূল দৈবের বশে তাঁহাদিগের অর্থচেষ্টাও নিষ্ফল হয়। অতএব জ্ঞানী ঋষিদিগেরও আপনার প্রতি বিশেষ ভক্তিযুক্ত হওয়া একান্ত বিধেয় ॥ ১০ ॥

আভাস।

মুক্তির জন্য অগ্রসর হন, সেই সকল ঋষিবৃন্দও যদি ভক্তিপরায়ণ না হন, তাহা হইলে তাঁহাদেরও সংসার-স্রোতে ভাসমান হইবার ত্রুটি থাকে না। অভক্ত ব্যক্তি জ্ঞানী হইলেও,

ত্বং ভক্তিযোগপরিভাবিতহৃৎসরোজ আস্‌সে শ্রুতেক্ষিতপথো ননু নাথ পুংসাং।

অন্বয়ঃ।

হে নাথ! পুংসাং মানবানাং, ভক্তিযোগপরিভাবিত-হৃৎসরোজে ভক্তিযোগপরিশুদ্ধ-হৃৎপদ্মে ত্বং শ্রুতেক্ষিতপথঃ সন্ আস্‌সে তিষ্ঠসি, ননু নিশ্চিতং হে উরুগায়! তে (পূর্ব্বোক্তাঃ

শ্রীধরস্বামী।

তদেবমভক্তানাং সংসারানিবৃত্তিমুক্ত্বা ভক্তানাং তন্নিবৃত্তিমাহ। ভক্তিযোগেন শোধিতে হৃৎসরোজে ত্বং আস্‌সে তিষ্ঠসি। শ্রুতেন শ্রবণেন ঈক্ষিতঃ পন্থা যস্য সঃ। কিঞ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তাস্তু জ্ঞানং বিনাপি সংসারং নিস্তরন্তীতি কিং বক্তব্যং যতো ভক্ত্যা ত্বামপ্যধীনী কুর্ব্বন্তীত্যাহ ভক্তিযোগেন পরি সর্ব্বতোভাবেন ভাবিতে বাসিতে ভাবিতং বাসিতং ত্রিষিত্যমরঃ। যদ্বা হে ভক্তিযোগপরিভাবিত ভক্তিযোগেনৈব পরি সর্ব্বতো ভাবেন ভাবিতঃ প্রকটীকৃতো ভবতে ণ্যন্তান্নিষ্ঠয়া ভক্তিযোগ এব ত্বৎপ্রকটীভবনস্য প্রযোজকঃ স্যাদিত্যর্থঃ। অতএব তেষাং হৃৎসরোজে আস্‌সে উপবিশ্য তিষ্ঠসি ন ততো নিঃসরসি নাপৈষি। নাথেতি পূর্ব্বোক্তঃ আদৌ গুরুমুখাৎ শ্রুতঃ পশ্চাদীক্ষিতঃ সাক্ষাৎকৃতশ্চ পন্থা যস্য সঃ। যেন পথা

হে ভক্তবৎসল! মানবগণ যখন আপনার নাম-শ্রবণাদির দ্বারা পরম পবিত্রতা লাভ করে, তখনই আপনি তাহাদিগের সেই বিশুদ্ধ হৃৎপদ্মে অবস্থান করেন। হে দয়াময়! আপনার অনুগ্রহের কথা আর অধিক কি

আভাস।

ত্রিবিধ দুঃখের হস্ত হইতে কোন ক্রমেই নিস্তার পান না। প্রথমত দিবাভাগে বিষয়-বিচারাদির নানাপ্রকার পরিশ্রমে নিতান্ত ক্লান্ত ও শ্রান্ত হইয়া পড়েন; রাত্রিতে স্বপ্ন নিবন্ধন বিকট ব্যাপার দর্শনে ও অনুভবে তাঁহাদিগকে বিশেষ ক্লেশ ভোগ করিতে হয়। তৃতীয়ত অভিলষিত ও আবশ্যকীয় বিষয়ের অপ্রাপ্তি নিবন্ধন বিষম যাতনাও অনুভব করিয়া থাকেন। অতএব চিরশান্তির অন্বেষণে যদি বিষম যাতনাই উপভোগ করিতে হইল, তবে সেই শান্তির প্রত্যাশা কোথায়! জ্ঞানীরও এক ভক্তির অভাবে ত্রিবিধ কণ্টক-স্বরূপ দুঃখ সংসারে পরিলক্ষিত হইয়া থাকে॥ ১০॥

ভক্তির দ্বারা যখন ভূতভাবন ভগবানকে পর্য্যন্ত বাঁধা যায়, তখন ভক্ত জ্ঞানের আশ্রয় না লইয়াও যে, কেবল ভক্তিবলে ভব-সংসার উত্তীর্ণ হইবে, সে বিষয়ে আর বক্তব্য কি! এতদর্থে ব্রহ্মা বলিলেন, হে ভগবন্! আপনি নিরাকার নির্ম্মল নির্গুণ ও চৈতন্যস্বরূপ হইলেও, ভক্তের ভাবনানুরূপ ভক্তির অনুরোধে আপনি বিগ্রহ পরিগ্রহে অবতীর্ণ হন। যেমন তুচ্ছ শুক্তিকা হৃদয় প্রসারণ পূর্ব্বক নক্ষত্র-জ্যোতিকে আরাধনা করত অন্তরে নক্ষত্ররসে ভাবিত মতি ধারণ করে, হে হৃদয়রঞ্জন! আপনিও সেইরূপ জ্ঞানালোচনে উদাসীন প্রেমরসে প্রসারিত ভক্তহৃদয়ে নিজের ঐশ্বর্য্যরূপ বিগ্রহ লইয়া অবির্ভূত হন। অব্যক্ত

যদ্‌যদ্ধিয়া ত উরুগায় বিভাবয়ন্তি তত্তদ্বপুঃ প্রণয়সে সদনুগ্রহায় ॥ ১১ ॥

অন্বয়ঃ।

পুমাংসঃ) ধিয়া স্বেচ্ছয়া যৎ যৎ বপুঃ রূপং বিভাবয়ন্তি ধ্যায়ন্তি (ত্বং) সদনুগ্রহায় (সতাং সাধূনাং অনুগ্রহায়) তৎ তৎ বপুঃ প্রণয়সে প্রকটয়সি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

শ্রবণং বিনাপি ত্বদ্ভক্তা মনসা যদ্‌যদ্বপুঃ রূপং স্বেচ্ছয়া ধ্যায়ন্তি তত্তৎ প্রণয়সে প্রকটয়সি। সতাং ত্বদ্ভক্তানামনুগ্রহায় ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বং হৃৎসরোজমায়াতোঽসি তং পন্থানং সাধনভক্তিপ্রকারং তএব সুষ্ঠু পরিচিন্বন্তীতি ধ্বনিঃ। অতো যস্য ত্বৎপ্রাপ্তীচ্ছা বর্ত্ততে স ততএব পন্থানং পরিচিনোত্বিত্যনুধ্বনিঃ। কিঞ্চ শ্রবণং বিনাপি ত্বদ্ভক্তা মনসা যদ্‌যদ্বপুঃ রূপং স্বেচ্ছয়া ধ্যায়ন্তি তত্তৎ প্রণয়সে প্রকটয়সীতি স্বামিচরণাঃ। যদ্বা তে সাধকভক্তাঃ স্ব স্ব ভাবানুরূপং যদ্‌যদ্ধিয়া ভাবয়ন্তি তত্তদেব বপু স্তেষাং সিদ্ধদেহং প্রণয়সে প্রকর্ষেণ তান্ প্রাপয়সি। অহো তে স্বভক্তপারবশ্যমিতি ভাবঃ ॥ ১১ ॥

বলিব! ভক্তগণ সংযত চিত্ত হইয়া স্বেচ্ছানুসারে আপনার যে যে মূর্ত্তির ধ্যান করেন, আপনি সেই সেই মূর্ত্তিতে অবতীর্ণ হইয়া, তাঁহাদিগের মনোবাঞ্ছা পূর্ণ করিয়া থাকেন ॥ ১১ ॥

আভাস।

স্বরূপ আপনাকে প্রকটিত করিতে ভক্তিই এক মাত্র প্রয়োজক। হে নাথ! ভক্তগণ প্রথমত গুরুমুখ হইতে আপনার সংবাদ প্রাপ্ত হইয়াই নিরতিশয় আগ্রহ সহকারে আপনার প্রাপ্তিপথে অগ্রসর হইতে থাকেন। কি আশ্চর্য্য! সেই নির্জ্জন পথে তখন আপনিই তাহাদের পথপ্রদর্শক হইয়া, পথেই দর্শন দেন। কেবল দর্শন দেওয়া নহে, তাহাদের হৃদয়-পদ্মে নবীন নটবর মূর্ত্তি ধারণে আরূঢ় হন; এবং সেই প্রিয় ভবনকে কখনও পরিত্যাগ করেন না। হে দয়াময়! ভক্ত আপনার অন্বেষণার্থ আপনারই পথে তাহারা অগ্রসর হয়, কি আপনি তাহাদের পথে অগ্রসর হইয়া নিকট হন, এই সমস্যার নিরূপণ করা নিতান্ত দুরূহ। প্রকৃত প্রস্তাবে যে পথে গমন করত আপনি তাহাদের হৃদয়-সরোজে প্রবিষ্ট হন, সে পথের সন্ধান সেই ভক্তই জানেন। অতএব আপনাকে পাইবার নিমিত্ত যাহাদের কামনা আছে, তাহারা যেন ভক্তের নিকট হইতেই সেই পথের সন্ধান লয়! হে অনন্তদেব! শ্রুতিসমূহ অনন্ত ভাবে ব্যাখ্যা করিয়াও এপর্য্যন্ত আপনার অন্ত পান নাই; সেই নিমিত্ত আপনার নাম উরুগায়। ভক্তগণ গুরুমুখ হইতে শ্রবণ না করিলেও, যে যে ভাবে আপনার চিন্তা করেন, আপনি সেই সেই ভাবেই আবির্ভূত হন এবং তাহাদের ভাবানুরূপ সিদ্ধদেহ তাহাদিগকে প্রদান করেন! অহো! ধন্য আপনার ভক্তাধীনতা! ॥ ১১ ॥

নাতি প্রসীদতি তথোপচিতোপচারৈরারাধিতঃ সুরগণৈর্হৃদিবদ্ধকামৈঃ।

অন্বয়ঃ।

যৎ যথা অসদলভ্যয়া (অসতাং অভক্তানাং অলভ্যয়া) সর্ব্বভূতদয়য়া (সর্ব্বেষাং ভূতানাং প্রাণিনাং যা দয়া ভক্তিঃ তয়া ভবান্) অতিপ্রসীদতি তথা হৃদি বদ্ধকামৈঃ (হৃদি হৃদয়ে

শ্রীধরস্বামী।

ভক্তানাঞ্চ নিষ্কামানাং ত্বমতিসুলভো নেতরেষামিত্যাহ নেতি। উপচিতৈরর্জ্জিতৈরুপ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেষ্বপি নিষ্কামভক্তানামেবাতিশ্রেষ্ঠ্যং নতু সকামানামিত্যাহ নাতিপ্রসীদতি ভবানিতি শেষঃ। সকামানাং স্বার্থপরত্বাদেব সর্ব্বভূতেষু দয়ায়া অভাবমেবাতি-প্রসাদাভাবে হেতুং ব্যঞ্জয়ন্ নিষ্কামানান্তু পরার্থপরত্বাৎ সর্ব্বভূতদয়া সাহজিকীত্যতি-প্রসাদোঽপি সাহজিক ইত্যাহ যদ্‌যথা সর্ব্বভূতদয়য়া অতিপ্রসীদতি। অসতামলভ্যয়া দয়য়া অতিপ্রসাদে হেতুঃ একএব ভবান্ নানাজনেষ্ববহিতঃ কৃতাবধানঃ। যতঃ সুহৃৎ মদ্ভক্তকৃপয়া ভক্তিপ্রাপ্ত্যা এতে নিস্তরন্ত ইতি তেষাং হিতৈষী। নন্বেবঞ্চেদহমেব স্বয়ং কৃপয়া তান্ কথং নোদ্ধরামি তত্রাহ অন্তরাত্মা ত্বং স্বভক্ত এবৈতৎ যশোদাদ্যার্থং জগদুদ্ধারিণীং স্বকৃপাশক্তিং তেষু নিধায়

হে প্রভো! নিষ্কাম ভক্তগণই আপনাকে অনায়াসে লাভ করিতে সমর্থ হয়। ফলাকাঙ্ক্ষী ব্যক্তিগণ কিছুতেই আপনার ঐ পাদপদ্ম লাভ করিতে সমর্থ হয় না। হে ঈশ! অন্য মানবের কথা আর বিশেষ কি বলিব! দেবগণও যদি কামনা-পরায়ণ হইয়া আপনার আরাধনা করেন, তাহা হইলে

আভাস।

তুল্য যত্ন ও আগ্রহ সহকারে ভগবান্ আরাধিত হইলেও, নিষ্কাম হৃদয়ে যেরূপ আত্ম-প্রকাশে তিনি আবির্ভূত হন, সকাম হৃদয়ে সেরূপ প্রকাশ পান না। এ দোষ ভগবানের নহে; ভক্তের সকাম বা নিষ্কাম হৃদয়ের উপলক্ষ মাত্র। যে কেবল তাঁহাকে চায়, তিনিও তথায় আবির্ভূত হন; আর যে কাম্য বস্তুর প্রার্থনায় তাঁহাকে চায়, তাঁহাকে তিনি সকরুণ পিতার ন্যায়, অভিলষিত সামগ্রী প্রদান করত, অন্তর্হিত হন। যাহারা নিষ্কামী ভক্ত, তাহাদের প্রশস্ত হৃদয়ে সকল ভূতের প্রতি দয়া সমান ভাবে উদয় হয়; সেই নিমিত্তই সর্ব্বজীবের হিতকারী ভগবান্ তাহাদের প্রতি প্রসন্ন হন। বহু উপচার দ্বারা দেবতাগণও যদি জগৎপতির আরাধনা করেন, তাহাতেও তাঁহার তাদৃশ প্রীতি জন্মে না; বরং কেবল মন মাত্র তাঁহাকে সম্প্রদানে তাঁহার সম্পূর্ণ প্রসন্নতা হয়। সেই জন্যই উক্ত হইয়াছে যে, "ইয়মেব পরা পূজা সর্ব্বাবস্থাসু সর্ব্বদা। প্রেমভক্ত্যা তু বিশেষং মন এব নিবেদয়েৎ"। ভগবানকে পূজা করিতে হইলে, যে ব্যক্তির যে জাতীয় বস্তুর প্রয়োজন হয়, তাঁহার হৃদয়ে সেই জাতীয় বস্তুর অনন্তগুণ ফলের কামনা নিগূঢ়ভাবে লুক্কায়িত আছে, জানিতে হইবে। উপচারই কামনার পরিচয়। কারণ ভগবানেরই সৃষ্ট সংসার!

যৎ সর্ব্বভূত-দয়য়া সদলভ্যয়ৈকো নানাজনেষ্ববহিতঃ সুহৃদন্তরাত্মা ॥ ১২ ॥

অন্বয়ঃ।

বদ্ধঃ কামো যেষাং তে) তৈঃ উপচিতোপচারৈঃ গৃহীতপুষ্পোপহারাদিভিঃ সুরগণৈঃ দেবৈঃ আরাধিতঃ অপি ন প্রসীদতি একঃ (তবান্) সুহৃদন্তরাত্মা নানাজনেষু অবহিতঃ স্থিতঃ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

চারৈঃ পুষ্পোপহারাদিভিঃ যৎ যদা অসতামভক্তানাং অলভ্যয়া দয়য়া। প্রিয়ত্বে হেতুঃ এক ইত্যাদি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বত্রান্তর্যামিস্বরূপেণ স্বয়মৌদাস্যমেবাবলম্বসে ইত্যর্থঃ। এবঞ্চ সুহৃদন্তরাত্মেতি পদাভ্যাং ক্রমেণ নৈর্ঘৃণ্যবৈষম্যদোষৌ পরমেশ্বরস্য পরাহৃতৌ ভক্তবাৎসল্যঞ্চ দ্যোতিতম্। নচৈবং সর্ব্বমুক্তিপ্রসঙ্গঃ ইতি ব্যাচ্যং। সর্ব্বভূতদয়য়েত্যত্র ছত্রিণো গচ্ছন্তীতিবৎ সর্ব্বশব্দস্য প্রাচুর্য্যমাত্রার্থ-পরত্বেনাভিধানাৎ ভগবদ্ভক্তকৃপায়া অপি প্রায়ঃ খল্বসার্ব্বত্রিকত্ব-দর্শনাৎ। যদ্বা ভক্তেন সর্ব্বভূতেষ্বেব দয়াকার্য্যৈব তদপি ন সর্ব্বমুক্তি দ্রষ্টব্যা। নহি সর্ব্বত্রৈবোপ্তান্যপি বীজান্যুষর-ক্ষারাদিভূমিষ্বপি প্ররোহন্তীতি। নারদাদীনামপি দক্ষাদিষু কৃপায়াঃ ফলবত্ত্বা দৃষ্টেঃ ॥ ১২ ॥

আপনি তাঁহাদিগের প্রতিও প্রসন্ন হন না। হে বিভো! যদিও আপনি সকল প্রাণীর প্রতি দয়া প্রকাশ করিয়া থাকেন, এবং সকলের হৃদয়েই বন্ধু ও অন্তরাত্মারূপে অবস্থান করিয়া থাকেন, তথাপি সকাম ভক্তগণের পক্ষে আপনি অতীব দুর্ল্লভ ॥ ১২ ॥

আভাস।

তাঁহার সামগ্রী তাঁহাকে অর্পণ করিয়া, আর তাঁহার কি প্রীতি-বৃদ্ধির সম্ভাবনা! তবে এক গুণ দানে অনন্ত গুণ ফল হইবে, এই প্রত্যাশায় স্তব্ধ ও অভিমানী না হইয়া, প্রভুর সামগ্রী প্রভুকে বলিয়া, ব্যবহারে ভৃত্যের কৃতজ্ঞতা ও প্রভুর মনস্তুষ্টির ন্যায়, যাহারা ভগবদুদ্দেশে উপচারের সংগ্রহ করেন, তাঁহারাই কৃতজ্ঞ ভক্ত। কিন্তু কোন প্রকার উপচার সংগ্রহ না করিয়া, কেবল প্রেম ও ভক্তি সহকারে মূল মনস্তুষ্টি নিষ্কপট ভাবে প্রভুকে সমর্পণই বিশ্বপতির প্রকৃত পূজা। যেমন রোগগ্রস্ত শিশুর ভোজনার্থ সকল দ্রব্যে অরুচি দেখিলে, জননী তখন বালকের কোন্ পদার্থে রুচি হইবে, তাহাই প্রদানার্থ সর্ব্বদা নিজেই তাহার নিকটে উপস্থিত থাকেন; জনার্দ্দন বিষ্ণুও সেইরূপ নিষ্কাম যোগীর হৃদয়ে সতত স্বয়ংই বিরাজমান থাকেন ॥ ১২ ॥

সকাম কর্ম্মে ভগবানের তাদৃশ প্রীতি হয় না; এবং ক্রিয়ার ফল কাম প্রাপ্তি বলিলেও, সম্পূর্ণ উদ্দেশ্য-সাধন হইল না　যেমন বিষ্ণুপূজার উদ্দেশে পুষ্প-চয়নার্থ উদ্যানে প্রবেশ

পুংসামতো বিবিধকর্ম্মভিরধ্বরাদ্যৈ র্দানেন চোগ্র-তপসা পরিচর্য্যয়া চ।
আরাধনং ভগবত স্তব সৎক্রিয়ার্থো ধর্ম্মোঽর্পিতঃ কর্হিচিন্ম্রিয়তে ন যত্র ॥ ১৩॥

অন্বয়ঃ।

হে ভগবন্! অতঃ অস্মাদ্ধেতোঃ পুংসাং ভক্তানাং দানেন উগ্রতপসা উৎকট-তপশ্চরণেন পরিচর্য্যয়া সেবয়া (তথা) অধ্বরাদ্যৈঃ যাগাদিভিঃ বিবিধ-কর্ম্মভিঃ ভগবতঃ তব আরাধনং প্রীণনং (এব) সৎক্রিয়ার্থঃ শ্রেষ্ঠক্রিয়াফলং; যত্র ত্বয়ি অর্পিতঃ ধর্ম্মঃ কর্হিচিৎ কদাচিৎ ন ম্রিয়তে ন বিনশ্যতি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

যতঃ সকামানাং ভবান্নাতিপ্রসীদতি অতঃ কামপ্রাপ্তিঃ ক্রিয়াণামুত্তমং ফলং ন ভবতি; কিন্তু ত্বৎপ্রীণনমেব। কামসংযোগস্তু অবান্তরফলেন প্ররোচনার্থমিত্যাহ পুংসামিতি। ভগবত স্তবারাধনমেব সংশ্চাসৌ ক্রিয়ার্থশ্চ শ্রেষ্ঠং ক্রিয়াফলং। শ্রেষ্ঠত্বে হেতুঃ যত্র ত্বয্যর্পিতো ধর্ম্মঃ ন কর্হিচিন্ম্রিয়তে ন নশ্যতি কামার্থস্তু ধর্ম্মঃ কামং দত্ত্বা নশ্যতীত্যর্থঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তৌ যতো নিষ্কামাঃ শ্রেষ্ঠাঃ অতঃ কেবলভক্ত্যশক্তাবপি প্রধানীভূতা লৌকিক-বৈদিককর্ম্মার্পণরূপাপি ভক্তি নিষ্কামৈব কার্য্যেত্যাহ পুংসামিতি। বিবিধকর্ম্মভি র্লৌকিকৈঃ অধ্বরাদ্যৈ র্বৈদিকৈশ্চ ত্বদর্পিতৈরারাধনং যৎ করোষি যদাশ্নাসীত্যাদিনা ভগবতা শিক্ষিতমিত্যর্থঃ। অত্র প্রধানীভূতায়াং ভক্তৌ লৌকিকবৈদিক নিখিল কর্ম্মার্পণং গুণীভূতায়াং বৈদিকস্যৈব নতু লৌকিকস্য কেবলায়াং লৌকিকস্য তথা শ্রবণকীর্ত্তনাদেশ্চ অর্পিতস্যৈব কারণমিতি ভেদো দ্রষ্টব্যঃ। সৎক্রিয়ার্থ স্তদেব সৎকর্ম্মণাং ফলং কুতঃ। যত্র ত্বয্যর্পিতো ধর্ম্মঃ কর্হিচিদপি ন ম্রিয়তে ন নশ্যতি কিন্ত্বারাধনরূপেণ পরিণমতি। কামার্থস্তু ধর্ম্মঃ কাম্ দত্ত্বা নশ্যতীত্যর্থঃ ॥ ১৩ ॥

হে নাথ! অতএব মানবগণের যাগ যজ্ঞাদি নানাবিধ কর্ম্ম, দান, কঠোর তপস্যা এবং বিবিধোপচারে পূজাদি দ্বারা আপনার তৃপ্তি-সাধনই সৎকার্য্য সমূহের শ্রেষ্ঠ ফল। যেহেতুক আপনাতে অর্পিত ধর্ম্ম কদাচ বিনষ্ট হয় না; কিন্তু কাম্যকর্ম্মের ধর্ম্ম সকল কামনানুযায়ী ফলপ্রদান করিয়াই নষ্ট হইয়া থাকে ॥ ১৩ ॥

আভাস।

করিলে, আনুষঙ্গিক ফল সুগন্ধ-লাভ আপনিই ঘটে, সেইরূপ ভগবৎপ্রীতির জন্য নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠান করিলে, আনুষঙ্গিক ফল কামপ্রাপ্তি আপনা হইতেই ফলিয়া থাকে। তবে কর্ম্মের নিমিত্ত ফলের উল্লেখ করা কেবল অদূরদর্শী ব্যক্তিকে কর্ম্মে প্রবৃত্ত করিবার উদ্দেশে মাত্র। নিষ্কাম কর্ম্ম দুর্ল্লভ এবং দুরূহ; এই নিমিত্ত বহু ফলোপধায়ক বেদোক্ত কর্ম্ম-কলাপ নিষ্পন্ন করিয়া, তত্তচিত ফল সর্ব্বফলদাতা ভগবানে সমর্পণ করিলে, নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠান

শশ্বৎ স্বরূপমহসৈব নিপীতভেদমোহায় বোধধিষণায় নমঃ পরস্মৈ ।
বিশ্বোদ্ভবস্থিতিলয়েষু নিমিত্তলীলা-রাসায়তে নম ইদং চকৃমেশ্বরায় ॥১৪॥

অন্বয়ঃ ।

(বয়ং) শশ্বৎ নিরন্তরং স্বরূপমহসা স্বরূপশক্ত্যা এব নিপীতভেদমোহায় (নিপীতঃ দূরীকৃতঃ ভেদো মোহঃ যস্য তস্মৈ) বোধধিষণায় (বোধঃ এব ধিষণং আশ্রয়ঃ যস্য তস্মৈ) পরস্মৈ পরমাত্মনে নমঃ বিশ্বোদ্ভবস্থিতিলয়েষু নিমিত্তলীলারাসায় ঈশ্বরায় তে তুভ্যং ইদং নমঃ চকৃম করবাম ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী ।

অতস্ত্বামেব বয়ং নতা ইত্যাহ। শশ্বৎ সর্ব্বদা স্বরূপচৈতন্যেনৈব নিরস্তভেদভ্রমায় পুনশ্চ বোধ এব ধিষণা বিদ্যাশক্তি র্যস্য। যদ্বা ধিষণমাশ্রয়ঃ। অতএব পরস্মৈ অত্র হেতুঃ বিশ্বোদ্ভবাদিনিমিত্তং যা মায়া তস্যা লীলা বিলাস স্তয়া রাসঃ ক্রীড়া যস্য। তে তুভ্যং ইদং নমঃ নমনং চকৃম কৃতবন্তো বয়ং ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

এবমুপাসনাং দ্বিবিধাং ভক্তানাং নিরূপ্য পূর্ব্বোক্তলক্ষণং জ্ঞানিভক্তয়োরুপাস্যং স্বরূপদ্বয়ং প্রণমতি সর্ব্বদা স্বরূপচৈতন্যেনৈব অগত্যেনেব নিপীতো ভেদো মোহসমুদ্রো যতস্তস্মৈ বোধস্য স্বরূপানুভবস্য হেতু ধিষণা বুদ্ধির্যতস্তস্মৈ নির্বিশেষ-রূপায় নমশ্চকৃম করবাম তথা বিশ্বোদ্ভবাদিনিমিত্তং যা মায়া তস্মিন্নপি লীলয়া অবলোকন-রূপয়া রাসঃ সম্ভোগো যস্য তস্মৈ সবিশেষস্বরূপায় যদ্বা হে নিমিত্তকারণরূপ লীলয়া রাসো গোপীজনসঙ্গতো লাস্যবিশেষো যস্য তস্মৈ। পরার্দ্ধান্তে সোঽবুধ্যত গোপবেশো মে পুরস্তাদাবির্ভূবেতি শ্রুতেঃ। কামদুঘাস্বি পদ্মং প্রদর্শয়ন্তমিতি পূর্ব্বোক্তেশ্চ সবিশেষস্বরূপেষ্বপি মধ্যে শ্রীকৃষ্ণস্বরূপস্যৈব পরমপরিপূর্ণত্বাৎ পরমাশ্রয়ত্বং জ্ঞাপিতং ॥ ১৪ ॥

হে প্রভো! আপনার আত্মস্বরূপ চৈতন্যশক্তি দ্বারা নিরন্তর ভেদজ্ঞানের নিবৃত্তি হয়। আপনি পরাৎপর এবং জ্ঞানময়। হে বিভো! এই বিশ্বের উৎপত্তি, স্থিতি ও প্রলয়ের নিমিত্ত মায়ার বিলাসে আপনিই ক্রীড়া করিয়া থাকেন; অতএব আপনাকে আমরা পুনঃ পুনঃ নমস্কার করি ॥ ১৪ ॥

আভাস ।

করা হয়। এইরূপ নিষ্কাম ভাবে কর্ম্মানুষ্ঠানই শ্রেয়ঃ; কারণ সকাম কর্ম্ম ফল প্রসব করিয়াই অঙ্কুরোৎপাদনানন্তর বীজের ন্যায় আপনা হইতেই ধ্বংস হইয়া যায়। কিন্তু নিষ্কাম কর্ম্ম নিত্য নিরতিশয় সর্ব্বমূলীভূত ভগবানকে মূলরূপে প্রাপ্ত হইয়াও, দেবতরুর ন্যায় চিরকাল জাগরূক থাকে ॥ ১৩ ॥

ভক্তের দ্বিবিধ উপাসনার ক্রম নির্দ্ধারণ করিয়া, জ্ঞানী ও ভক্ত এই উভয়ের উপাস্য পরমেশ্বরের দ্বিবিধ রূপকে প্রণাম করিয়াছেন। জ্ঞানীর উপাস্য "বোধধিষণায়" বলিয়া

যস্যাবতারগুণকর্ম্মবিড়ম্বনানি নামানি যেঽনুবিগমে বিবশা গৃণন্তি।

অন্বয়ঃ।

যস্য অবতারগুণকর্ম্মবিড়ম্বনানি দেবকীনন্দন-ভক্তবৎসল গোবর্দ্ধনধারীত্যাদীনি নামানি অনুবিগমে প্রাণবিয়োগে (অপি) বিবশাঃ অবশাঃ (অপি) যে জনাঃ গৃণন্তি উচ্চারয়ন্তি তে অনেক-জন্ম-শমলং (অনেকেষাং জন্মনাং যৎ শমলং পাপং তৎ) সহসা এব হিত্বা পরিত্যজ্য,

শ্রীধরস্বামী।

নাম গ্রহণমাত্রতশ্চ কৈবল্যপ্রদত্বেনৈশ্বর্য্যং ব্যঞ্জয়ন্ নমস্করোতি যস্যেতি। অবতারাদীনাং বিড়ম্বনমনুকরণমস্তি যেষু। তত্রাবতারবিড়ম্বনানি দেবকীনন্দন ইত্যাদীনি গুণবিড়ম্বনানি সর্ব্বজ্ঞো ভক্তবৎসল ইত্যাদীনি। কর্ম্মবিড়ম্বনানি গোবর্দ্ধনোদ্ধরণং কংসারিরিত্যাদীনি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তলক্ষণোপাস্যোপাসনাজ্ঞানগন্ধমপি বিনা নামাভাসমাত্রত এব পশুতুল্যেভ্যোঽপি জনেভ্যঃ স্বপদদায়িত্বেন পরমকৃপৈশ্বর্য্যমাচক্ষাণঃ সবিশেষস্বরূপ এব স্বপ্রপত্তিং বিজ্ঞাপয়তি যস্যেতি। অবতারাদি সদৃশানি তত্তুল্যশক্তীনীতি সন্দর্ভঃ। যদ্বা অবতারাদীনাং বিড়ম্বনং নটাদিষমুকরণমপি যৈস্তানি। যদ্বা অবতারাদি-বিড়ম্বনানি স্বভ্রাতৃপুত্রাদিজীববিশেষ-বাচকত্বাদবতারাণ্যননুরূপাণীত্যর্থঃ। তত্র কৃষ্ণোঽয়ং রামোঽয়ং নারায়ণোঽয়মিত্যাদীন্যবতার-বিড়ম্বনানি দয়ালু দীনবন্ধু দামোদর ইত্যাদীনি গুণবিড়ম্বনানি গোবিন্দো গিরিধরো মধুসূদন ইত্যাদীনি কর্ম্মবিড়ম্বনানি নামানি যে জনা অজামিলাদয় ইব প্রাণবিগমে বিবশা

হে নাথ! যাহারা অন্তিম কালে অবশেন্দ্রিয় হইয়াও, আপনার অবতার-সূচক পবিত্র নাম সমূহ স্মরণ করিয়া কীর্ত্তন করে, তাহারা বহুজন্মকৃত পাপ-রাশি হইতে তৎক্ষণাৎ বিমুক্ত হইয়া, আবরণ-শূন্য সত্য-স্বরূপ পরাৎপর ব্রহ্মকে

আভাস।

ভগবানের স্বরূপ-লক্ষণই বলা হইয়াছে। অর্থাৎ বোধই যাঁহার বিদ্যাশক্তি, অথবা বোধই যাঁহার ধিষণা বা আশ্রয়, যিনি স্বরূপ চৈতন্যের দ্বারা অগস্ত্য ঋষির মহাসমুদ্র পানের ন্যায়, মহা-মোহসমুদ্র উদরস্থ করিয়াছেন; জ্ঞানীর আশ্রয় সেই পরমব্রহ্ম ও পরমেশ্বরের একই মূর্ত্তি। আবার প্রয়োজনানুরূপ লীলার প্রচারে যিনি নিজকৃত সৃষ্ট ব্রহ্মাণ্ডে আবির্ভূত, সর্ব্বাবতারের মধ্যে শ্রেষ্ঠ স্বরূপসিদ্ধ শ্রীকৃষ্ণরূপে বিগ্রহ ধারণ করত গোপীমণ্ডলে রাসলীলার উল্লাস করিয়াছেন, তিনিই ভক্তের উপাস্য হৃদয়-ধন! এই উভয় রূপকেই লক্ষ্য করিয়া ব্রহ্মা প্রণাম করিয়াছেন॥ ১৩॥

রঙ্গস্থ নটের ভিন্ন ভিন্ন বেশ, নাম ও ক্রিয়া উল্লেখ করিয়া দর্শকবৃন্দের আলাপন যেমন সেই এক নটকেই স্পর্শ করে, বিভিন্ন রূপে অবতীর্ণ ভিন্ন ভিন্ন অবতার সম্বন্ধীয় নাম যথা রাম কৃষ্ণ নারায়ণাদি, ক্রিয়া যথা রাবণবধ, গোবর্দ্ধন-ধারণ ও কালীয়-দমনাদি এবং চতুর্ভুজ দ্বিভুজ ও নরঘনশ্যামাদি রূপ এক পতিত-পাবন ভগবানকেই স্পর্শ

তেঽনেকজন্মশমলং সহৈব হিত্বা যংযান্ত্যপাবৃতমৃতং তমজং প্রপদ্যে ॥ ১৫॥
যোবা অহঞ্চ গিরিশশ্চ বিভুঃ স্বয়ঞ্চ স্থিত্যুদ্ভবপ্রলয়হেতব আত্মমূলং।

অন্বয়ঃ।

অপাবৃতং নিবৃত্তাবরণং ঋতং সচ্চিদানন্দং যং ভগবন্তং যান্তি প্রাপ্নুবন্তি অজং জন্মরহিতং তং প্রপদ্যে শরণং যামি ॥ ১৫ ॥

যঃ বা বৈ একঃ ত্রিপাৎ (ত্রয়ঃ ব্রহ্মাদয়ঃ পাদাঃ স্কন্ধাঃ যস্য) উরুপ্ররোহঃ (সন্) স্থিত্যু-

শ্রীধরস্বামী।

অনুবিগমেঽপি বিবশা অপি গৃণন্তি উচ্চারয়ন্তি কেবলং। শমলং পাপং। অপাবৃতং নিরস্তাবরণং ঋতং ব্রহ্ম প্রাপ্নুবন্তি ॥ ১৫ ॥

তত্র গুণাবতারকর্ম্মাণি দর্শয়ন্ প্রণমতি যো বৈ একঃ ত্রিপাৎ ত্রয়ঃ ব্রহ্মাদয়ঃ পাদাঃ স্কন্ধা যস্য প্রত্যেকঞ্চ উরবঃ প্ররোহাঃ শাখোপশাখা মরীচ্যাদিমন্বাদিরূপা যস্য তথাভূতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপি স্মরন্তি কেবলমুচ্চারয়ন্তি। শমলং পাপং অপাবৃতং নিরস্তাবরণং ঋতং সচ্চিদানন্দস্বরূপং ভগবন্তং আত্মতত্ত্ববিশুদ্ধ্যর্থং যদাহ ভগবানৃতং + ব্রহ্মণে দর্শয়ন্ রূপমিত্যত্র তথৈব ব্যাখ্যানাৎ ॥ ১৫ ॥

ন কেবলমহমেক এব প্রপদ্যে অপি তু মহদাদীনাং সর্ব্বেষামেব ত্বত্ত উদ্ভূতত্বাৎ তৎপ্রপত্তিরুচিতৈবেত্যভিব্যঞ্জয়ন্ নমস্তুতি। যো বৈ একঃ ত্রিপাৎ ত্রয়ো ব্রহ্মাদয়ঃ পাদাঃ স্কন্ধা যস্য উরবো মরীচ্যাদিমন্বাদয়ঃ প্ররোহাঃ শাখোপশাখা যস্য তথাভূতঃ সন্ বৃবৃধে

প্রাপ্ত হইয়া থাকে। হে দেব! আপনিই সেই পরম ব্রহ্ম। অতএব আপনারই শরণাপন্ন হইলাম ॥ ১৫ ॥

হে ভুবনেশ! যে এক অদ্বিতীয় পরমাত্মা সর্ব্বকারণ-কারণ নিজশক্তি প্রধানকে বিক্ষোভিত করত সৃষ্টিকারী আমি ব্রহ্মা, পালনকারী বিষ্ণু এবং

আভাস।

করে। যে কোন নাম বা রূপাদি গ্রহণে অগ্রসর হওয়া হউক না, সেই মহাপবিত্র সর্ব্বভুক্ হুতাশনের ন্যায়, নামগ্রহণকারীর পাপরাশি হরণ করত অন্তে ব্রহ্মপদ প্রদান করেন, সন্দেহ নাই। ব্রহ্মা বলিলেন, হে নটবর! এই সকল অবতারের মূলই আপনি! আপনি অজ নিত্য সনাতন ব্রহ্ম; আপনাকে প্রণাম করি! ॥ ১৫ ॥

গুণাবতারের কর্ম্মসমূহ প্রদর্শন করত, ভগবানের বিশ্বরূপত্বের পরিচয় প্রদান করিয়াছেন। জগন্নাথ অদ্বিতীয়; তিনি তিনপাদ দ্বারা সংসার ব্যাপ্ত করিয়াছেন। ব্রহ্মা, বিষ্ণু ও শঙ্কর এই তিন তাঁহারই তিনটী চরণ। যেমন পাদোপরি মানব দণ্ডায়মান থাকে, এই বিশ্ব সংসারস্বরূপ পাদপের ঐ তিন জনই স্কন্ধস্বরূপ। মরীচি প্রভৃতি মনুগণও

ভিত্ত্বা ত্রিপাদ্বরূধ এক উরুপ্ররোহ স্তস্মৈ নমো ভগবতে ভুবনক্রমায় ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

ভবপ্রলয়হেতবঃ রক্ষোৎপত্তিবিনাশহেতুভূতাঃ অহং ব্রহ্মা চ গিরিশশ্চ স্বয়ং বিভুঃ বিষ্ণুশ্চ (অস্মান্ ধৃত্বা) আত্মমূলং প্রধানকারণকং ভিত্ত্বা (গুণত্রয়রূপেণ বিভজ্য) বরূধে বৃদ্ধিং প্রাপ্তবান্ (এবম্ভূতায়) ভুবন-ক্রমায় জগদাকারবৃক্ষায় ভগবতে তুভ্যং নমঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

সন্ বরূধে তস্মৈ ভুবনাকারায় ক্রমায় নমঃ। কিং কৃত্বা বরূধে আত্মা স্বয়মেব মূলং অধিষ্ঠানং যস্য তৎ প্রধানং ভিত্ত্বা গুণত্রয়রূপেণ বিভজ্য ত্রিপাত্ত্বমেবাহ অহং ব্রহ্মা গিরিশশ্চ স্বয়ং বিভুঃ বিষ্ণুশ্চেতি স্থিত্যুদ্ভবপ্রলয়হেতবো যে বয়ং। এবং ত্রিপাৎ ভূত্বা যো বরূধে ইত্যর্থঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিং কৃত্বা আত্মমূলং আত্মকারণকং প্রধানং ভিত্ত্বা গুণত্রয়রূপেণ বিভজ্য ত্রিপাত্ত্বমেবাহ। অহমিত্যাদয়ঃ স্থিত্যাদিহেতব ইতি যথাসম্ভবনির্দ্দেশঃ। অত্র বিভুর্বিষ্ণুঃ স্বয়ঞ্চেতি বিষ্ণৌ স্বয়ং পদপ্রয়োগাৎ ব্রহ্মগিরিশয়োরিব বিষ্ণোর্নাস্তি গুণনিবন্ধনঃ স্বতো ভেদ ইতি জ্ঞাপিতং। যদ্বা য এব অহমাদয় স এব আত্মনঃ স্বস্যাপি মূলং কারণং। তথা য এব ভিত্ত্বা স্বশক্তিকৃতং ভেদং প্রাপ্য ত্রিপাৎ প্রথমং ত্রিলোকরূপং তত উরুপ্ররোহঃ চতুর্দ্দশলোকরূপঃ তস্মৈ ভুবনাকারায় ক্রমায় নম ইতি বিশ্বরূপত্বমুক্তং ॥ ১৬ ॥

সংহারকারী শঙ্করূপ স্কন্ধত্রয়ে সমন্বিত ও মরীচ্যাদি শাখাপল্লবাদিতে সুশোভিত সংসার-পাদপে পরিণত হইয়া, জগৎবিস্তারের দ্বারা স্বীয় স্বরূপেরই পরিচয় দিতেছেন, সেই আপনাকে প্রণাম করি ॥ ১৬ ॥

আভাস।

এই স্কন্ধ-সকলের শাখাস্থানীয়। স্বয়ং পরমাত্মাই এই সংসার-পাদপের মূল আশ্রয়। গুণত্রয়রূপা স্বরূপশক্তি এক মায়ার বিভক্ত ভাবেই এই সংসার পাদত্রয়ের অভিব্যক্তি। শাখাদি পল্লবের বৃদ্ধিতে যেমন মূলীভূত বীজেরই বৃদ্ধি জানিতে হইবে, সেইরূপ এই সংসার-বৃক্ষের সর্ব্বাবয়বে এক পরম পুরুষ ভগবানেরই ব্যাপ্তিভাব বুঝিতে হইবে ॥ ১৬ ॥

গুণবান্ রূপে ভগবানের অবতার-নিষ্ঠ ক্রিয়াকলাপের উল্লেখানন্তর তাঁহাকে কালরূপে কীর্ত্তন করত, ব্রহ্মা প্রণাম করিয়াছেন। মানবগণ বলবতী জীবিতাশার অনুরোধে বিচিত্র কর্ম্মের অনুষ্ঠান করে বটে, কিন্তু প্রকৃত শুভ কর্ম্মের অনুষ্ঠানে উদাসীন হইয়া পড়ে। ভগবানের অর্চ্চনাই প্রকৃত কর্ম্ম; তদ্ব্যতীত সকলই অকর্ম্ম বা নিষিদ্ধ (বিকর্ম্ম)। ভগবদর্চ্চনা ব্যতীত অন্য কর্ম্মে প্রকৃত শান্তি দুর্ল্লভ; এবং তাহাতে আশাও পূর্ণ হয় না। অবশ্য কেহ কেহ বলেন যে, জ্ঞানচর্চ্চা বা যোগানুষ্ঠানেই ভগবানের অর্চ্চনা হইয়া থাকে; কিন্তু তন্মধ্যে কিছু বিশেষ আছে। আনুমানিক ভগবদর্চ্চনা মনে মনে না করিয়া, ভগবদুক্ত শাস্ত্রানুসারে ঈশ্বরা-

লোকো বিকর্ম্মনিরতঃ কুশলে প্রমত্তঃ কর্ম্মণ্যয়ং ত্বদুদিতে ভবদর্চ্চনে স্বে।
যস্তাবদস্য বলবানিহ জীবিতাশাং সদ্যশ্ছিনত্ত্যনিমিষায় নমোঽস্তু তস্মৈ ॥ ১৭

অন্বয়ঃ।

বিকর্ম্মনিরতঃ নিষিদ্ধকার্য্যকুশলঃ লোকঃ জনঃ কুশলে স্বে স্বকীয়ে ত্বদুদিতে ভবদুক্তে ভগবদর্চ্চনে কর্ম্মণি প্রমত্তঃ অনবহিতঃ (যাবৎ ভবতি) ইহ জগতি তাবৎ তদা অস্য লোকস্য জীবিতাশাং যঃ অয়ং বলবান্ কালঃ সদ্যঃ ছিনত্তি তস্মৈ অনিমিষায় কালায় নমঃ অস্তু তং প্রণমামি ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

এবং গুণাবতারকর্ম্মবিড়ম্বনমুক্ত্বা তস্যৈব কালাখ্যং রূপং তৎকর্ম্ম চ দর্শয়ন্ প্রণমতি লোক ইতি দ্বাভ্যাং। বিকর্ম্মনিরতঃ বিরুদ্ধকর্ম্মনিষ্ঠঃ কুশলে হিতে স্বে আত্মীয়ে ত্বদুদিতে ত্বয়ৈব সাক্ষাদুক্তে ভগবদর্চ্চনরূপে কর্ম্মণি। উক্তং গীতাসু। যৎ করোষি যদশ্নাসি যজ্জুহোসি দদাসি যৎ। যত্তপস্যসি কৌন্তেয় তৎ কুরুষ মদর্পণমিতি। তস্মিন্ প্রমত্তঃ অদত্তচিত্তো যাবদ্বর্ত্ততে তাবদস্য লোকস্য। অনিমিষায় কালায় ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিশ্বরূপত্বমুক্তমথ বিশ্বনিয়ন্তৃকালরূপত্বেন প্রণমতি লোকো মনুষ্যাদিঃ কুশলে কর্ম্মণি প্রমত্তঃ অকৃতাবধানঃ। কুশলং কস্মৈর্ব কিং তত্রাহ ভবদর্চ্চনে। নন্থ স্বধর্ম্মেণ তমভ্যর্চ্চ্যেত্যুক্তেঃ জ্ঞানিনো জ্ঞানযজ্ঞেন যজন্তি জ্ঞানবিগ্রহমিত্যুক্তেশ্চ কর্ম্মজ্ঞানযোগাভ্যামপি ভগবদর্চ্চনমেব স্যাদিতি কেচিদ্ব্যাচক্ষতে তত্রাহ ত্বদুদিতে ত্বয়ৈব মদর্চ্চনমিদমেবেতি সাক্ষাদুক্তেঃ যে বৈ ভগবতা প্রোক্তা উপায়া আত্মলব্ধয়ে ইত্যেকাদশাৎ। পঞ্চরাত্রস্য কৃৎস্নস্য বক্তা তু ভগবান্ স্বয়মিতি মোক্ষধর্ম্মাচ্চ স্বে স্বীয়ে স্বকর্ত্তব্য ইত্যর্থঃ। তদেবং ত্বদ্ভক্তলোকেভ্যোঽন্যেষ্বেব কালস্যাধিকার ইতি দ্যোতিতং। অস্য অভক্তলোকস্য জীবিতস্যাপ্যাশাং কিমুতভোগাদিবাঞ্ছামিত্যর্থঃ। অনিমিষায় কালায় ॥ ১৭ ॥

হে দয়াময়! যে সকল মানব সর্ব্বদা বিরুদ্ধকর্ম্মে আসক্ত থাকিয়া সাক্ষাৎ সম্বন্ধে আপনা কর্ত্তৃক অভিহিত স্বীয় অর্চ্চনাদি মঙ্গলময় কার্য্যে অমনোযোগী হয়, প্রবল কাল তাহাদিগের আয়ুঃ হরণ করেন। হে প্রভো! সেই কাল-স্বরূপই আপনি! অতএব আপনাকে নমস্কার করি ॥ ১৭ ॥

আভাস।

র্চ্চনার বিধি উক্ত জ্ঞানযোগের সহিত সংশ্লিষ্ট করা কর্ত্তব্য; নতুবা পরিণাম ফল শ্রম মাত্রই সাধিত হইয়া থাকে। গীতাদিতে উক্ত হইয়াছে যে, প্রভুর সন্তোষ উৎপাদনার্থ ভৃত্যের আচরিত কর্ম্মের ন্যায়, মানব যখন স্বসম্পাদিত জ্ঞানযোগাদি যাবতীয় কর্ম্ম এবং তদুচিত সকল ফলে কামনা-বর্জ্জিত হইয়া, সর্ব্বপ্রভু ভগবানকে অকপট ভাবে তাহা সমর্পণ করিতে অভ্যাস করিবে, তখনই ভগবদর্চ্চনা সুসিদ্ধ জানিতে হইবে। যাহারা তাহা না

যস্মাদ্বিভেম্যহমপি দ্বিপরার্দ্ধধিষ্ণ্যমধ্যাসিতঃ সকললোকনমস্কৃতং যৎ।
তেপে তপো বহুসবোঽবরুরুৎসমান স্তস্মৈ নমো ভগবতেঽধিমখায় তুভ্যং ॥ ১৮

অন্বয়ঃ।

যস্মাৎ কালাৎ অহং ব্রহ্মা সকললোকনমস্কৃতং যৎদ্বিপরার্দ্ধধিষ্ণ্যং (দ্বিপরার্দ্ধং দ্বিপরার্দ্ধকালস্থায়ি ধিষ্ণ্যং স্থানং) সত্যলোকং অধ্যাসিতঃ অবস্থিতঃ অপি বিভেমি (যং) অবরুরুৎসমানঃ বশীকর্ত্তুমিচ্ছন্ বহুসবঃ বহুযজ্ঞবিশিষ্টঃ (সন্) তপঃ তেপে তস্মৈ অধিমখায় যজ্ঞাদিকর্ম্মাধিষ্ঠাত্রে ভগবতে তুভ্যং নমঃ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

আস্তাং তাবৎ লোকস্য কথা। যস্মাৎ কালাখ্যাদ্ভয়ং যদ্দ্বিপরার্দ্ধাবস্থায়ি ধিষ্ণ্যং স্থানং তদারূঢ়োঽপি বিভেমি। ভীতশ্চ সন্ ত্বমেবাবরুরুৎসমানঃ প্রাপ্তুমিচ্ছন্ তপস্তপ্তবান্। কথম্ভূতঃ বহুসবঃ বহবঃ সবা যাগাঃ সংবৎসরা বা যস্য বহূন্ যাগান্ কৃত্বা বহূন্ সম্বৎসরান্ বা তপস্তপ্তবানিত্যর্থঃ। অধিমখায় মখাদিকর্ম্মাধিষ্ঠাত্রে ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তস্য কালবলবত্ত্বস্য সীমামাহ। যস্মাৎ কালাৎ অহং ব্রহ্মা দ্বিপরার্দ্ধাবস্থায়ি ধিষ্ণ্যং স্থানং সত্যলোকং অধ্যাসিতোঽপি বিভেমি তথা অবরুরুৎসমানঃ অবরোদ্ধুং যং কালং বশীকর্ত্তুমিচ্ছন্ বহুসবঃ বহবঃ সবা যজ্ঞা যস্য তথাভূতঃ সন্ তপশ্চ অহন্তেপে তথাপি বিভেমীত্যর্থঃ। ননু কালবশীকারার্থং বহুযজ্ঞপ্রবৃত্তৌ তব কদা কা যুক্তিরাসীত্তত্রাহ অধিমখায় মখানামধিষ্ঠাত্রে তুভ্যং নমঃ। মখানামধিষ্ঠাতু স্তব মৎখেরের যজনেন কালো মে বশীভবিষ্যতীতি বুদ্ধ্যেত্যর্থঃ। প্রত্যুত কালেনৈবাহং বশীকৃতঃ সংপ্রত্যপি বিভেম্যত স্তব শুদ্ধভক্তিং বিনা কালো ন জেয়ো ভবতীত্যস্য জ্ঞাততত্ত্বোঽতঃ পরং শুদ্ধামেব ভক্তিং করবাণীতি ধ্বনিঃ ॥ ১৮ ॥

হে দেব! যে স্থানের অস্তিত্ব দ্বিপরার্দ্ধ বৎসর এবং যে স্থানকে সমস্ত লোক প্রণাম করে, সেই সত্যলোকে অবস্থান করিয়াও আমি যে কালভয়ে ভীত হইতেছি, আপনিই সেই কালস্বরূপ! এবং আপনাকে পাইবার জন্যই যজ্ঞাদি নানাবিধ কর্ম্মের অনুষ্ঠান করিয়া বহুসংখ্যক বৎসর তপস্যা করিতেছি! পরন্তু সেই যজ্ঞাদি কর্ম্মের অধিষ্ঠাতাও আপনি! অতএব আপনাকে নমস্কার করি! ॥ ১৮ ॥

আভাস।

করে, তাহারা অনবরত কালের তীক্ষ্ণ তরবারিতে খণ্ড বিখণ্ড হইয়া জন্ম জন্মান্তর উপভোগ করে। এই কালও সাক্ষাৎ ভগবান্। তিনিই সকলের প্রবর্ত্তক ও পরিণামকারী ॥ ১৭ ॥

কালরূপী ভগবৎস্বরূপের ইয়ত্তা করা নিতান্তই দুঃসাধ্য। ব্রহ্মা দ্বিপরার্দ্ধকাল নিজস্থান সত্যলোকে বাস করিয়াও, করাল কালভয়ে ভীত হইয়াছিলেন। পরে কালকে

তির্য্যঙ্মনুষ্যবিবুধাদিষু জীবযোনিষ্বাত্মেচ্ছয়াত্মকৃতসেতু-পরীপ্সয়া যঃ।

অন্বয়ঃ।

যঃ নিরস্তবিষয়োঽপি অবরুদ্ধদেহঃ প্রকটিতমূর্ত্তিঃ সন্ আত্মেচ্ছয়া স্বেচ্ছয়া আত্মকৃত-

শ্রীধরস্বামী।

ইদানীং তত্তৎকালভাবিলীলাবতারকর্ম্মাণি দর্শয়ন্নাহ। তির্য্যগাদিজীবযোনিষু স্বেচ্ছয়া স্বীকৃতমূর্ত্তিঃ সন্ স্বকৃতধর্ম্মমর্য্যাদাপালনেচ্ছয়া রেমে বস্তুতঃ স্বানন্দানুভবেনৈব নিরস্ত-বিষয়সুখোঽপি যঃ অতএব পুরুষোত্তমঃ তত্তদুপাধিধর্ম্মাঽসংস্পর্শাৎ। তদুক্তং গীতাসু।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং জগদ্রূপত্বেন তন্নিয়ন্তৃকালরূপত্বেন চ প্রণম্যেদানীং পরমোপাস্য সচ্চিদানন্দ-স্বরূপত্বেন প্রণমতি। তির্য্যগাদিষু স্বেচ্ছয়ৈব অবতীর্ণ ইতি শেষঃ। স্বকৃতসেতুপরীপ্সয়া রেমে আত্মারামত্বাৎ; ত্যক্তবিষয়সুখোঽপি পত্রং পুষ্পং ফলং তোয়ং যো মে ভক্ত্যা প্রযচ্ছতি। তদহং ভক্ত্যুপহৃতমশ্নামি প্রযতাত্মন ইতি স্বকৃত মর্য্যাদাপালনায় স্বভক্তোপনীত-স্রক্‌চন্দনশয্যাদ্যুপভোগ্যেষেব রেমে। নাহমাত্মনমাশাসে মদ্ভক্তৈঃ সাধুভি র্বিনেত্যাত্মারাম-ত্বেঽপ্যপূর্ণকাম ইবেতি ভাবঃ। স্রগাদীনাং প্রাকৃতবিষয়ত্বেঽপি ভগবদর্থবিনিযুক্তত্বে সতি তৎক্ষণ এবাপ্রাকৃতত্বং স্যাদিত্যেকাদশে ব্যক্তীভবিষ্যতি। অবরুদ্ধদেহঃ ভাগুরিমতে অবেত্যকারলোপে বিভুত্বাদনাবৃতদেহঃ সচ্চিদানন্দ-শরীর এবেত্যর্থঃ। যদ্বা আত্মকৃতসেতোঃ স্বভক্তবশ্যত্বরূপমর্য্যাদায়াঃ পরি সর্ব্বতো ভাবেনেপ্সয়া প্রাপ্তীচ্ছয়া শ্রীযশোদয়া দাম্নৈবান্যৈরপি

হে নাথ! আপনি নিজ ইচ্ছানুসারে শরীর পরিগ্রহ করিয়া তির্য্যক্ মনুষ্য এবং দেবাদি যোনি-বিশেষে অবস্থান করত বিষয়সুখে সম্পূর্ণ নির্লিপ্ত হইয়াও আনন্দ অনুভব করিয়া থাকেন এবং স্বকৃত ধর্ম্মের মর্য্যাদা পালনের

আভাস।

পরাজয় করিবার অভিপ্রায়ে ভূরি-যজ্ঞবিশিষ্ট বহুকালব্যাপী বিবিধ তপস্যার অনুষ্ঠান করিয়া-ছিলেন। তাঁহার মনে ছিল যে, যজ্ঞের অনুষ্ঠানে যজ্ঞপতি ভগবান্ পরিতুষ্ট হইয়া, কালের হস্ত হইতে তাঁহাকে নিষ্কৃতি দিবেন। ব্রহ্মার আশা পূর্ণ হইল না; কর্ম্মের দ্বারা কাল বশীভূত না হইয়া, তিনিই কালের বশীভূত হইলেন। কালস্রোতে প্রলয় ও সৃষ্টির প্রাক্‌কাল অবলোকন করিয়া, তিনি মনে মনে অতিশয় ভীত হইলেন; এবং বহু আলোচনার পর অবশেষে মীমাংসা করিয়াছিলেন যে, বিশুদ্ধ ভক্তিই এই কালস্রোতের প্রতিবন্ধক। এক ভক্তিসহায়ে জীব কালকে পরাজয় করত চিরকাল অক্ষুণ্ণভাবে ও নির্ব্বিবাদে ভগবানের সেই অনুপম পরমানন্দ অনুভব করিতে পারে॥ ১৮॥

ব্রহ্মা সচ্চিদানন্দ অদ্বয় পরমব্রহ্মকেই এই শ্লোকে ভক্তের ভগবান্ বলিয়া নির্ণয় করিয়াছেন। পরমাত্মাই দৃশ্য ব্রহ্মাণ্ড এবং প্রেরণকারী কাল হইলেও, নিজকৃত ধর্ম্মপ্রণালী সমর্থনার্থ নিজেই তির্য্যগাদি বিবিধ যোনিতে অবতীর্ণ হইয়াছেন। এই রূপ অবতারে

রেমে নিরস্তবিষয়োঽপ্যবরুদ্ধদেহস্তস্মৈ নমো ভগবতে পুরুষোত্তমায় ॥ ১৯ ॥
যোঽবিদ্যয়ানুপহতোঽপি দশার্দ্ধবৃত্ত্যা নিদ্রামুবাহ জঠরীকৃতলোকযাত্রঃ।

অন্বয়ঃ।

সে হুপরীপ্সয়া তির্য্যঙ্‌মনুষ্যবিবুধাদিষু জীবযোনিষু রেমে তস্মৈ ভগবতে পুরুষোত্তমায় নমঃ ॥ ১৯ ॥

জঠরীকৃতলোকযাত্রঃ যঃ (ঈশঃ) দশার্দ্ধবৃত্ত্যা অবিদ্যয়া অনুপহতোঽপি জনস্য সুখং

শ্রীধরস্বামী।

যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ। অতোঽস্মি লোকে বেদেচ প্রথিতঃ পুরুষোত্তম ইতি ॥ ১৯ ॥

ইদানীং দৃশ্যমানমেব মূর্ত্তিং প্রণমতি যোঽবিদ্যয়েতি দ্বাভ্যাং। দশার্দ্ধাঃ পঞ্চবৃত্তয়ো যস্যা স্তয়া অবিদ্যয়া নিদ্রাহেতুভূতয়া অনভিভূতোঽপি যো নিদ্রামুবাহ তস্মৈ তে নমঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তৈঃ প্রণয়-রসনয়া অবরুদ্ধদেহঃ অতঃ সর্ব্বোৎকর্ষাৎ মহৎস্রষ্টাদ্যন্তর্যামিপুরুষেভ্যোপ্যুত্তমায়েতি কৃষ্ণাবতার এব তাৎপর্য্যং। যদুক্তং। যস্মাৎ ক্ষরমতীতোঽহমক্ষরাদপি চোত্তমঃ। অতোঽস্মি লোকে বেদে চ প্রথিতঃ পুরুষোত্তম ইতি ॥ ১৯ ॥

ভগবৎকর্ম্মচোদিতঃ (ভগবতা স্বয়ং করণীয়ে কর্ম্মণি চোদিতঃ প্রবর্ত্তিতঃ ব্রহ্মা) তদা দ্বিসপ্তধা চতুর্দ্দশলোকরূপেণ, উরুধা ততোঽপি বহুপ্রকারেণ ভাব্যং ভাবয়িতুং যোগ্যং

শ্রীধরস্বামী।

পুষ্করং পদ্মং প্রাক্ লীনান্ ত্রীন্ লোকান্ কল্পিতাস্মি স্রক্ষ্যামি ॥ ৭ ॥

ভগবতা স্বয়ং করণীয়ে কর্ম্মণি চোদিতো নিযুক্তঃ সন্ তদা পদ্মকোষং প্রবিশ্য তমেকমেব পদ্মং ত্রিধা লোকত্রয়রূপেণ ব্যভাক্ষীৎ বিবভাজ। একেন কমলকুসুমেন কথং লোকত্রয়-সৃষ্টিরিতিসম্ভাবনাং বারয়িতুং তস্য বিশালতামাহ দ্বিসপ্তধা চতুর্দ্দশলোকরূপেণ উরুধা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ পুষ্করং পদ্মং বিয়দ্ব্যাপি সত্যলোকপর্য্যন্তমুচ্ছ্রিতং। কল্পিতাস্মি স্রক্ষ্যামি ॥ ৭ ॥

ততশ্চ আবিশ্য প্রবিশ্য ভগবতা কর্ম্মণি জগৎসর্গে নিযুক্তঃ। তমেকমেব ত্রিধা লোকত্রয়রূপেণ উরুধা ততোঽপি বহুপ্রকারেণ ভাব্যং ভাবয়িতুং যোগ্যমতো ন তেন

তখন তিনি স্বীয় আধার কমলকে সর্ব্বব্যাপি ও অতি উন্নত অবলোকন করত পূর্ব্বকল্পের অন্তে সেই কমলে প্রলীন যাবতীয় ভুবন পুনরায় প্রকাশ করিবেন এইরূপ মনে মনে চিন্তা করিতে লাগিলেন ॥ ৭ ॥

অনন্তর সাক্ষাৎ অন্তর্যামী ভগবান্ কর্ত্তৃক স্বকর্ম্মে নিয়োজিত হইয়া, সেই বিবিধ ও বিচিত্র বিশ্ব-ভাবের উপাদান চতুর্দ্দশ ভুবনাত্মক কমলের

আভাস।

সেই কারণ-সলিল ও প্রলয়-নিবারক বায়ু আত্মগর্ভে প্রতিগ্রহণ মাত্রেই ব্রহ্মা অবশিষ্ট নিরাধার পদ্মেই প্রলয়ে প্রলীন যাবতীয় বস্তু ও জীবজাত বীজের ন্যায় সংগৃহীত নিরীক্ষণ করিলেন। তখন নিজের হৃদয়ে নিহিত সর্ব্ব-সঞ্চালন-কারী শক্তিরূপ বায়ুও সর্ব্ব উপাদান-কারণ-ভূত কারণ-সলিলের যোগে সমস্ত বীজকে পৃথক্‌ভাবে অঙ্কুরিত করিবার ন্যায়, জগৎ সর্জ্জনের সামর্থ্য নিজ হৃদয়েই উদ্ভাসিত উপলব্ধি করিলেন ॥ ৭ ॥

অনন্তর কমলযোনি ব্রহ্মা কমলরূপী সেই বীজকোষের অভ্যন্তরে প্রবিষ্ট হইয়া, প্রথমত তাহাকে ত্রিধা বিভক্ত করিলেন। একটী পদ্ম এই তিন প্রকারে বিভক্ত হওয়া কিছু বিচিত্র নহে! কারণ ইহা বিবিধ বিচিত্রতার আধার। বিবিধ বিচিত্রতা-বিশিষ্ট বিশ্ব

একং ব্যভাজ্ক্ষীদুরুধা ত্রিধা ভাব্যং দ্বিসপ্তধা ॥ ৮ ॥
এতাবান্ জীবলোকস্য সংস্থাভেদঃ সমাহৃতঃ।

অন্বয়ঃ।

পদ্মকোষং আবিশ্য তৎ একং এব ত্রিধা লোকত্রয়রূপেণ ব্যভাজ্ক্ষীৎ বিভক্তং কৃতবান্ ॥ ৮ ॥

জীবলোকস্য (জীবানাং ভোগস্থানস্য প্রত্যহং সৃজ্যস্য) সংস্থাভেদঃ রচনাবিশেষঃ,

শ্রীধরস্বামী।

ততোঽপি বহুপ্রকারেণ ভাব্যং ভাবয়িতুং যোগ্যং। অতো ন তেন ত্রিলোকীকরণং চিত্রমিত্যর্থঃ ॥ ৮ ॥

ত্রিলোকীরূপেণৈব বিভাগে হেতুমাহ। এতাবান্ ত্রিলোকীরূপঃ জীবলোকস্য জীবানাং ভোগস্থানস্য প্রত্যহং সৃজ্যস্য সংস্থাভেদঃ রচনাবিশেষ উক্তঃ। নন্ু পরমেষ্ঠিনোঽপি জীবত্বাবিশেষাৎ ব্রহ্মলোকস্যাপি কিমিতি প্রত্যহং সৃষ্টি র্ন ভবতি তত্রাহ হি যস্মাৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিলোকীকরণং চিত্রমিতি স্বামিচরণাঃ। প্রথমং স নালেন কমলকোষেণ ত্রিধা ততশ্চতুর্দ্দশধা ততঃ সূর্য্যচন্দ্রাদিলোকভেদেন উরুধা ব্যভাজ্ক্ষীৎ কীদৃশং ভাব্যং ধ্যেয়ং বৈরাজোপাসকৈরিত্যন্তে ॥ ৮ ॥

জীবলোকস্য ব্যষ্টিবিরাট্সমূহস্য সংস্থাভেদঃ প্রতিবিম্বোচিতস্থানরচনাবিশেষ উক্তঃ। নন্ু কথমেতাবতাং জীবানামেকেনৈব ব্রহ্মণা সংস্থানির্ম্মাণমিত্যত আহ। হি যস্মাদসৌ

কোষাভ্যন্তরে প্রবেশপূর্ব্বক প্রথমত তাহাকে ভুবনত্রয়ে বিভক্ত করিলেন ॥ ৮ ॥

হে বিদুর! কামভোগাভিলাষী জীবগণের ভোগস্থান ও নিত্য বিবিধ ভোগ্যসঙ্কুল এই ভুবনত্রয় এইরূপে বারংবারই সৃজিত হইয়া থাকে; কিন্তু

আভাস।

নামধারী ব্রহ্মাণ্ডই বীজরূপে পদ্মেই পরিণত ছিল; ব্রহ্মা কেবল তিনরূপে কেন? তাহার পর তাহাকে চতুর্দ্দশ প্রকারে, তৎপরে চন্দ্রসূর্য্যাদি অগণ্য বিভাগে বিভক্ত করিয়াছিলেন। বিরাট্ উপাসকগণ এইরূপেই ভুবনাধার ভগবানকে সর্ব্বশক্তিসমন্বিতরূপে চিন্তা করিয়া থাকেন ॥ ৮ ॥

সৃষ্টি-প্রকরণে এই ত্রিলোকের উল্লেখ করিবার বিশেষ কারণ এই যে, এই লোকত্রয়ই জীবগণের কর্ম্মানুচিত ভোগের ভূমি ও নিত্য ক্ষয়, উদয় ও নাশের অন্তর্গত। কর্ম্মের বিচিত্রতা অনুসারে ভোগ্য বস্তু, ভোগভূমি ও ভোগকালের বিচিত্রতা সম্পাদিত হইয়াছে। সত্যাদিলোক লোকপদবাচ্য হইলেও, প্রাকৃত সৃষ্টির অন্তর্গত নহে; এবং প্রাকৃতজীবেরও ভোগ্য বলিয়া কখনই পরিকীর্ত্তিত নহে। সত্যাদি মহর্লোক-সমূহ নিরপেক্ষ নিষ্কাম ধর্ম্মের ফলস্বরূপ। নিষ্কাম ধর্ম্মের অনুষ্ঠানকারী প্রাকৃতিক সংসর্গের অতীত জীব সমূহই এই সমস্ত লোকে দুই পরার্দ্ধ কাল নিরুদ্বেগে শান্তি ভোগ করেন। অনন্তর

ধর্ম্মস্য হ্যনিমিত্তস্য বিপাকঃ পরমেষ্ঠ্যসৌ ॥ ৯ ॥

বিদুর উবাচ ॥

যদাত্থ বহুরূপস্য হরেরদ্ভুতকর্ম্মণঃ।

অন্বয়ঃ।

এতাবান্; হি যস্মাৎ, অনিমিত্তস্য নিষ্কামস্য, ধর্ম্মস্য (দশশতাশ্বমেধস্য শতজন্মসাধিতস্য) বিপাকঃ ফলরূপঃ, অসৌ পরমেষ্ঠী ব্রহ্মা (ব্রহ্মলোকঃ) ॥ ৯ ॥

বিদুরঃ উবাচ। হে প্রভো ব্রহ্মন্! অদ্ভুতকর্ম্মণঃ (অদ্ভুতং আশ্চর্য্যকরং জগজ্জন্মাদি কর্ম্ম যস্য তস্য) বহুরূপস্য সর্ব্বরূপস্য হরেঃ (ভক্তানাং সংসারদুঃখহরণশীলস্য ভগবতঃ)

শ্রীধরস্বামী।

অনিমিত্তস্য নিষ্কামস্য ধর্ম্মস্য বিপাকঃ ফলরূপোঽসৌ। উপলক্ষণমেতৎ সত্যলোকস্য মহঃপ্রভৃতিলোকানাং তদ্বাসিনাঞ্চ ত্রৈলোক্যস্য কাম্যকর্ম্মফলত্বাৎ প্রতিকল্পমুৎপত্তিবিনাশৌ ভবতঃ মহঃপ্রভৃতীনান্তূপাসনা সমুচিতনিষ্কামধর্ম্মফলত্বাৎ দ্বিপরার্দ্ধপর্য্যন্তং ন নাশঃ তত্রস্থানাঞ্চ ততঃ পরং প্রায়েণ মুক্তিরিতি ভাবঃ ॥ ৯ ॥

কালভেদেন লোকসৃষ্টিভেদং শ্রুত্বা তমেব কালং জিজ্ঞাসুঃ পৃচ্ছতি যৎ কালাখ্যং লক্ষণং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরমেষ্ঠী অনিমিত্তস্য নিষ্কামস্য ধর্ম্মস্য তপোবিদ্যাদেঃ বিপাকঃ পরিপাকস্তুর্ব্ব এব তপোরূপেন কিমশক্যমিতি ভাবঃ ॥ ৯ ॥

কালাখ্যয়াসাদিতকর্ম্মতন্ত্র ইতি গুণেন কালানুগতেনেতি কালেন সোঽজঃ পুরুষায়ুষেতি তৎকালকৃতবীর্য্যেণেত্যাদিভিঃ প্রলয়সৃষ্ট্যাদিকং পুরুষপ্রযত্নাদিকঞ্চ কালেনৈব সিদ্ধ্যতীতি

শতজন্মসাধিত শতসহস্র অশ্বমেধাদি নিষ্কাম ধর্ম্মের ফলস্বরূপ ব্রহ্মলোকের আর এরূপ নিত্য উদয় ও বিনাশ ঘটে না ॥ ৯ ॥

তখন বিদুর মৈত্রেয়কে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ব্রহ্মন্! আপনি ভক্তগণের সংসার-দুঃখ-হরণকারী বিচিত্র-বিক্রম জনার্দ্দনের যে কাল-নামোপ-

আভাস।

তত্তল্লোকের অবসানে ব্রহ্মার সহিতই ব্রহ্মসাযুজ্য লাভ করেন। কিন্তু প্রকৃতিজাত এই ত্রিলোকের উৎপত্তি, জন্ম ও নাশ কাম্যকর্ম্মানুসারে প্রতিকল্পে নবভাবে প্রতীত হইয়া থাকে ॥ ৯ ॥

ইতিপূর্ব্বে অষ্টম অধ্যায়ে প্রকাশ আছে যে, "কালেন সোঽজঃ পুরুষায়ুষাভিঃপ্রবৃত্ত-যোগেন বিরূঢ়বোধঃ" ইত্যাদি কালরূপ শক্তির সাহায্যে ভগবান্ ব্রহ্মা তপস্যার দ্বারা নিজ হৃদয়-মন্দিরেই সৃষ্টি-সামর্থ্য উপলব্ধি করিলেন। "কালাখ্যয়াসাদিতকর্ম্মতন্ত্রঃ" এবং "গুণেন কালানুগতেন" ইতি ভিন্ন ভিন্ন বচনের দ্বারা স্পষ্টই প্রকাশ আছে যে, কালনামক মহাশক্তিই এই ব্রহ্মাণ্ড-রচনার একটী প্রধান কারণ। অথচ সৃষ্টিকার্য্যে তাহার কোন

কালাখ্যং লক্ষণং ব্রহ্মন্ যথা বর্ণয় নঃ প্রভো ॥ ১০ ॥

মৈত্রেয় উবাচ ॥

গুণব্যতিকরাকারো নির্বিশেষোঽপ্রতিষ্ঠিতঃ।

অন্বয়ঃ।

যৎ কালাখ্যং লক্ষণং স্বরূপং (তত্র তত্র) ত্বং আথ অব্রবীঃ তৎ নঃ অস্মান্ প্রতি যথা যথাবৎ বর্ণয় কথয় ॥ ১০ ॥

মৈত্রেয়ঃ উবাচ। গুণব্যতিকরাকারঃ (গুণানাং সত্ত্বাদীনাং ব্যতিকরাৎ সাম্যাবস্থা-ত্যাগাৎ আকারঃ স্বরূপজ্ঞানং যস্য সঃ গুণবৈষম্যহেতুঃ (কালঃ) নির্ব্বিশেষঃ (মূর্ত্ত্যাদি-প্রত্যক্ষহেতুভি র্বিশেষ-রহিতঃ কার্য্যানুমেয়ঃ) অপ্রতিষ্ঠিতঃ (প্রতিষ্ঠা পর্য্যবসানং তদ্রহিতঃ

শ্রীধরস্বামী।

স্বরূপং আথ অব্রবীঃ। কথং কালঃ কল্প্যতে কিম্বা তস্য সূক্ষ্মং স্থূলং বা রূপং ইতি যথা-বদ্বর্ণয়েত্যর্থঃ ॥ ১০ ॥

তত্র সামান্যতঃ কালস্য স্বরূপমত্রোচ্যতে। উত্তরাধ্যায়ে তু বিশেষতঃ গুণানাং ব্যতি-করো মহদাদি-পরিণামঃ তেনৈবাক্রিয়তে যঃ স কাল ইতি শেষঃ। বক্ষ্যতে চৈকাদশে। গুণব্যতিকরঃ কালঃ স্বভাবঃ সূত্রমেব চেতি। স্বতস্তু নির্ব্বিশেষঃ। অপ্রতিষ্ঠিতঃ কাপ্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিস্মৃতঃ কালং পৃচ্ছতি যৎ কালাখ্যং লক্ষণং স্বরূপং আথ অব্রবীঃ তদ্যথাবদেব বর্ণয় ॥ ১০ ॥

গুণানাং ব্যতিকরাৎ মহদাদিপরিণামাদেব আকারঃ স্বরূপজ্ঞানং যস্য সঃ। স্বতস্তু নির্ব্বিশেষঃ অপ্রতিষ্ঠিতঃ কাপ্যপর্য্যবসিতঃ আদ্যন্ত-শূন্য ইত্যর্থঃ। যেন নিমিত্তভূতেন সৃষ্ট্যাদিকং

লক্ষিত সর্ব্বকার্য্যে অনুস্যূত মহাকালের কথা পূর্ব্বে উল্লেখ করিয়াছেন; এক্ষণে অনুগ্রহ পূর্ব্বক তৎসম্বন্ধীয় কথা আনুপূর্ব্বিক বর্ণন করুন! ॥ ১০ ॥

এতচ্ছ্রবণে মৈত্রেয় বলিলেন, কালের কোন মূর্ত্তি নাই; কেবল কার্য্যের দ্বারাই অনুমেয়। সত্ত্বাদি গুণত্রয় সাম্যাবস্থা পরিহারে যাহার অনুরোধে বিষমগুণাক্রান্ত মহত্তত্ত্বাদিরূপে পরিণত হয়, সেই গুণক্ষোভক আদ্যন্তশূন্য

আভাস।

নাম বা রূপ উল্লেখ না করায়, বিদুর মৈত্রেয় ঋষিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ব্রহ্মন্! অনন্তশক্তি ভগবানের কাল-নামক মহাশক্তির স্বরূপ ও লক্ষণ আপনি কীর্ত্তন করুন! ॥ ১০ ॥

কালের নিরূপণ করিতে প্রবৃত্ত হইয়া, মৈত্রেয় মুনি এই দশম অধ্যায়ে কেবল কালের স্বরূপ সামান্যত প্রকাশ করিয়াছেন মাত্র; পরে একাদশ অধ্যায়ে "গুণব্যতিকরঃ কালঃ স্বভাবঃ সূত্রমেবচ" ইত্যাদি বাক্যের দ্বারা বিশেষরূপে কালের স্বরূপ বর্ণিত হইয়াছে। সত্ত্ব রজঃ ও তমোগুণের সমান ভাগ যদবধি থাকে, তদবধি কোন সৃষ্টি নাই; এই সাম্যাবস্থার নামই প্রকৃতি বা জগৎ-প্রসবিনী বৈষ্ণবীশক্তি। যখনই সৃষ্টির উপক্রম হয়,

পুরুষস্তদুপাদানমাত্মানং লীলয়াঽসৃজৎ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

আদ্যন্তশূন্যঃ) পুরুষঃ স্রষ্ট্যাদি নিমিত্তীভূতঃ কালঃ এব তদুপাদানং (উপাদীয়তে নিমিত্ততয়া স্বীক্রিয়তে ইত্যুপাদানং স কালঃ উপাদানং যস্মিন্ তৎ) আত্মানং (তথাভূতং এব ঈশ্বরে) লীলয়া অনায়াসেন এব অসৃজৎ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

পর্য্যবসিতঃ আদ্যন্তশূন্য ইত্যর্থঃ। এতদেব দর্শয়িতুং ঈশ্বরঃ স্রষ্ট্যাদি তেন নিমিত্তভূতেন করোতীত্যাহ পুরুষ ইতি। উপাদীয়তে নিমিত্ততয়া স্বীক্রিয়তে ইত্যুপাদানং। স কাল উপাদানং নিমিত্তং যস্মিন্ তমাত্মানমেব বিশ্বরূপেণাসৃজৎ। স্বব্যতিরেকেণ সৃজ্যস্যাভাবাৎ। এতচ্চ বস্তুকথনমাত্রং। কালেন নিমিত্তভূতেনাসৃজদিত্যেতাবদেব বিবক্ষিতং ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদতি স কাল ইত্যাহ পুরুষ ইতি। উপাদীয়তে নিমিত্ততয়া স্বীক্রিয়ত ইত্যুপাদানং। স কাল এব উপাদানং নিমিত্তকারণং যস্মিন্ তং আত্মানং আত্মশক্তিকার্য্যত্বাদাত্মশব্দবাচ্যং বিশ্বং অসৃজৎ ॥ ১১ ॥

সৃষ্টিকার্য্যে নিমিত্তীভূত পুরুষই মহাকালনামে অভিহিত হইয়াছেন। এই কালও আবার যে পরাৎপর পরমেশ্বর নারায়ণের জগৎসর্জ্জনের সামর্থ্য, সেই মহামহেশ্বর এই কালকে নিমিত্তরূপে নিয়োজিত করত, উপাদানভূত নিজ শক্তিতে অবলীলাক্রমে এই জগৎ রচনা করিতেছেন ॥ ১১ ॥

আভাস।

তখনই গুণত্রয়ের সাম্যাবস্থার অপগমের উদ্‌যোগ ঘটে। অর্থাৎ সাম্যভাব পরিহার পূর্ব্বক গুণত্রয়ের পরস্পর ন্যূনাতিরিক্ততারূপ বিষমভাবের পরিণামই সৃষ্টি। কিন্তু তখনও কোন কর্ম্ম নাই, যাহার অনুরোধে পরিণাম অপরিহার্য্য; অথচ বিষমভাবে, গুণত্রয়ের পরিণাম যে, অচিন্ত্য কারণ প্রভাবে ঘটে, তাহারই নাম মহাশক্তি কাল। এই কালের কোন বিশেষ আকার নাই এবং কার্য্যের উৎপত্তি বা বিনাশে যে সেই কালের উৎপত্তি বা বিনাশ ঘটে, তাহাও নহে। অনন্ত সৃষ্টি কালস্রোতেই ভাসমান; কিন্তু কালস্রোতের তাহাতে কোন ইয়ত্তা হইবার সম্ভাবনা নাই। কাল নিরবয়ব হইয়াও অখণ্ড দণ্ডায়মান। সৃষ্টিমাত্রেরই হেতুভূত নিদান-কারণ বলিয়াই কাল উপাদান পুরুষ নামে অভিহিত হইয়াছেন। ভগবানের ইচ্ছাশক্তিই কাল; সুতরাং সাক্ষাৎ জগদীশ্বরই সেই কালকে আত্মস্বরূপ হইতেই উৎপাদন করিয়াছেন। পরমাত্মা স্বস্বরূপ স্বীয় বৈষ্ণবী-শক্তি মায়াকে যে বিশ্বরূপে বিরাজিত করেন, তাহারও নিমিত্তীভূত কারণ এই কাল-শক্তি ॥ ১১ ॥

মহত্তত্ত্বাদি পর্য্যায়ে গুণের যে অবান্তর পরিণাম তন্মাত্র, তাহাই জগৎ রচনার

বিশ্বং বৈ ব্রহ্মতন্মাত্রং সংস্থিতং বিষ্ণুমায়য়া।
ঈশ্বরেণ পরিচ্ছিন্নং কালেনাব্যক্তমূর্ত্তিনা ॥ ১২ ॥

অন্বয়ঃ।

বিষ্ণুমায়য়া ভগবৎসঙ্কল্পেন সংস্থিতং সংস্থতং অতো ব্রহ্ম তন্মাত্রং এব সৎ বিশ্বং অব্যক্তমূর্ত্তিনা ঈশ্বরেণ কালেন পরিচ্ছিন্নং পৃথক্ প্রকাশিতং ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

স্বব্যতিরিক্ত-স্রষ্ট্যভাবং দর্শয়ন্ কালস্য সৃষ্টি-নিমিত্ততাং দর্শয়তি বিশ্বমিতি। বিষ্ণুমায়য়া সংস্থিতং সংস্থতং। ব্রহ্ম তন্মাত্রং সৎ বিশ্বং ঈশ্বরেণ কর্ত্রা কালেন নিমিত্তেন পরিচ্ছিন্নং পৃথক্ প্রকাশিতং। অব্যক্তা মূর্ত্তিঃ স্বরূপং যস্যেতি। স্বতো নির্ব্বিশেষতা দর্শিতা ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যো বিশ্বং পরিচ্ছিনত্তি স কাল ইত্যাহ বিশ্বমিতি। বিষ্ণোর্মায়য়া শক্ত্যা সম্যক্ স্থিতমিদং বিশ্বং ব্রহ্মতন্মাত্রং কারণং যস্য তৎ ঈশ্বরেণ ঈশ্বরপ্রভাবরূপেণ কালেন পরিচ্ছিন্নং এতাবদিতি পরিচ্ছেদ-বিষয়ীকৃতং অব্যক্তা মূর্ত্তির্যস্য ইতি স্বতো নির্ব্বিশেষতা দর্শিতা ॥ ১২ ॥

নিমিত্ত-কারণ এবং ব্রহ্মশক্তিস্বরূপ কাল এই জগতের উপাদান কারণ। ভগবদিচ্ছাতেই এই সদ্রূপে প্রতীয়মান বিশ্ব ব্রহ্মাণ্ড ব্রহ্মশক্তিতে উৎপন্ন ও কাল-শক্তিতে পরিচ্ছিন্ন হইয়া, বিচিত্র রূপে বিভাসিত হয় ॥ ১২ ॥

আভাস।

উপাদান কারণ। কিন্তু এই তন্মাত্রোদ্ভূত বিশ্ব বিচিত্ররূপে ও আকারে পরিণত ও সঙ্কুচিত হইয়া যে শক্তি-প্রভাবে নানা প্রকার পরিণাম ভোগ করিতেছে, তিনিই কাল। কাল স্বয়ং অব্যক্ত থাকিয়াও, সকলের ব্যক্তভাব সাধন করিতেছেন। সৃষ্ট বস্তুমাত্রেরই বিশেষত্ব আছে; কাল কিন্তু নির্ব্বিশেষ ॥ ১২ ॥

"আদাবন্তে চ যন্নাস্তি মধ্যমে অপি তত্তথা" আদিতে যাহা ছিল না; এবং অন্তেও যাহা থাকিবে না, মধ্যদশায় তাহার প্রতীয়মানতাও তাদৃশ নশ্বরবোধে উপেক্ষা করাই কর্ত্তব্য। এই বেদান্ত বাক্যের প্রামাণ্য অনুসারে বিশ্ব-সংসারকে মিথ্যাজ্ঞানে পরিত্যাগ করাই কর্ত্তব্য। তাহার সত্ত্বা বা অসত্ত্বা সম্বন্ধে কালকে পরিচ্ছেদক বলিয়া গ্রহণ করা বৃথা বাগ্ জালের বিস্তার মাত্র। এতদুত্তরে প্রকাশ করিলেন যে বিশ্ব ক্ষণভঙ্গুর হইলেও, মিথ্যাভূত নহে। যেমন ঘট বা সরাবাদি ভগ্ন হইলেও, ঘটাদির উপাদান মৃত্তিকা বা নিমিত্ত-কারণ কুম্ভকারের বিনাশ হয় না; ঐ দুই উপাদন ও নিমিত্তকারণ বিদ্যমান থাকিলে, ঘটরূপের বিলয় ব্যতীত ঘটত্বের ধ্বংস কখনই স্বীকার করা যায় না; কুম্ভকার ও মৃত্তিকার যোগে শত শত ঘটের উৎপাদন ঘটিয়া থাকে। সেইরূপ বিশ্বসংসারের বিলয় ব্যতীত বিশ্বত্বের ধ্বংস কখনই সঙ্গত নহে। ছান্দোগ্য শ্রুতিতে উক্ত আছে, "সদেব সোম্যেদমগ্র আসীৎ" হে সৌম্য! এই বিশ্ব

যথেদানীং তথা চাগ্রে পশ্চাদপ্যেতদীদৃশং ॥ ১৩ ॥
সর্গো নববিধস্তস্য প্রাকৃতো বৈকৃতস্তু যঃ।

অন্বয়ঃ।

এতদ্বিশ্বং যথা ইদানীং দৃশ্যতে অগ্রে (প্রলয়াৎ পূর্ব্বং অপি তথৈব আসীৎ) পশ্চাৎ (ভাবিপ্রলয়াদনন্তরং) অপি এতৎ ঈদৃশং (এব ভবিষ্যতি) ॥ ১৩ ॥

প্রাকৃতঃ (ষড়্বিধঃ,) বৈকৃতঃ (ত্রিবিধঃ) তু নববিধঃ যঃ সর্গঃ অস্য সর্গস্য কালদ্রব্যগুণৈঃ

শ্রীধরস্বামী।

অপ্রতিষ্ঠিতত্বং দর্শয়িতুং তৎকার্য্যবিশ্বপ্রবাহস্যাপ্রতিষ্ঠামাহ যথেদানীমস্তি তথাগ্রে পূর্ব্বমপ্যাসীৎ পশ্চাদপি তথা ভবিষ্যতি ॥ ১৩ ॥

এবং সামান্যতঃ কালং নিরূপ্য বিশেষতো নিরূপয়িষ্যন্ তন্নিমিত্তস্য সর্গস্য পূর্ব্বোক্তানেব ভেদান্ অনুবদতি সর্গ ইতি। যস্তু প্রাকৃতো বৈকৃতশ্চ স তু দশমঃ তন্নিমিত্তমেব ত্রিবিধং প্রলয়মাহ কালেনৈব কেবলেন নিত্যঃ প্রলয়ঃ। দ্রব্যেণ সঙ্কর্ষণমুখাদ্যাদিনা নৈমি-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বাদ্যন্তয়োরদর্শনাদেব কিমিত্যতো অসত্যস্য বিশ্বস্য কিং পরিচ্ছিন্নত্বাদযুক্তমেতি চেন্নৈবং বাচ্যমিত্যাহ যথেতি। অগ্রে পূর্ব্ব-মহাপ্রলয়স্যাদাবপি এতদ্বিশ্বমাসীদেব। পশ্চাদুত্তরপ্রলয়ান্তেঽপি ভবিষ্যত্যেবেত্যতোঽস্য ন মিথ্যাভূতত্বং কিন্তু নশ্বরত্বমেবেতি ভাবঃ ॥ ১৩ ॥

এবং সামান্যতঃ কালং নিরূপ্যোত্তরাধ্যায়ে বিশেষতো নিরূপয়িষ্যন্ তন্নিমিত্তং সর্গং বিস্তরেণোক্তং বক্ষ্যমাণঞ্চ সুখবোধার্থং সংক্ষেপতো দশবিধত্বেন সঙ্কলয়তি। সর্গ ইতি যস্তু প্রাকৃতো বৈকৃতশ্চ স দশম ইতি শেষঃ। তন্নিমিত্তমেব ত্রিবিধং প্রলয়মাহ কালেনৈব

এই বিশ্ব সম্প্রতি যেরূপ প্রতীত হইতেছে, প্রলয়ের পূর্ব্বে এইরূপই ছিল; এবং ভাবী প্রলয়-দশাতেও এইরূপই থাকিবে ॥ ১৩ ॥

ছয় প্রকার প্রাকৃতিক ও তিন প্রকার বৈকৃতিক এই নববিধ ভেদ ভিন্ন,

আভাস।

প্রলয়ে ছিল না যে, এমত নহে; তবে ইহার নাম বা রূপ মাত্র ছিল না। কিন্তু তত্তত বিশ্ব নিত্য বিদ্যমান। যেমন ঘটনাম অটরূপের প্রকাশভাবই মৃত্তিকার পরিণাম, সেইরূপ নাম ও রূপের প্রকাশ-ভাবই সৃষ্টি; এবং নাম ও রূপের বিলীন ভাবই প্রলয়। কিন্তু যাহার নাম ও রূপের অভিব্যক্তি হয়, তাহার ত কখনই নিবারণ সম্ভব নহে। অতএব সৃষ্টিকালে নাম-রূপের দ্বারা অভিব্যক্ত বিশ্ব প্রলয়কালে নামবর্জিত হইয়া অপরিচ্ছেদে অবস্থিতি করে। বারংবার এই নামরূপাদির গ্রহণ ও অগ্রহণে "সৃষ্টেরসকৃদাবৃত্তিঃ" অনাদি সৃষ্টি বলিয়া উত্তর মীমাংসায় বিশেষরূপে নির্দ্দিষ্ট হইয়াছে ॥ ১৩ ॥

এস্থলে কালের সাধারণ স্বরূপ বর্ণন করিয়া, কালকৃত সৃষ্টির বিষয় বর্ণন করিয়াছেন।

কালদ্রব্যগুণৈরস্য ত্রিবিধঃ প্রতিসংক্রমঃ ॥ ১৪ ॥
আদ্যস্তু মহতঃ সর্গো গুণবৈষম্যমাত্মনঃ।

অন্বয়ঃ।

ত্রিবিধঃ) প্রতি-সংক্রমঃ প্রলয়ঃ ॥ ১৪ ॥

আত্মনঃ পরমাত্মনঃ (সকাশাৎ) গুণবৈষম্যং (বৈষম্যাপন্ন গুণত্রয়াত্মকপ্রকৃতিবিকার-বিশেষঃ যঃ) মহতঃ মহত্তত্ত্বস্য সর্গঃ সঃ আদ্যঃ প্রথমঃ। দ্রব্যজ্ঞান-ক্রিয়োদয়ঃ (দ্রব্যাণি পৃথিব্যাদীনি, জ্ঞানানি জ্ঞানেন্দ্রিয়াণি, দেবতাঃ মনশ্চ, ক্রিয়াঃ কর্ম্মেন্দ্রিয়াণি চ তেষাং উদয়ঃ

শ্রীধরস্বামী।

ত্তিকঃ। গুণৈঃ স্বকার্য্যং গ্রসদ্ভিঃ প্রাকৃতিকঃ ॥ ১৪ ॥

তানেব সর্গান্ প্রপঞ্চয়তি আদ্য ইত্যাদিনা যাবদধ্যায়-সমাপ্তি। মহতো লক্ষণং। আত্মনো হরেঃ সকাশাৎ গুণানাং বৈষম্যমিতি। অহমঃ অহঙ্কারস্য তস্য লক্ষণং যত্রেতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেবলেন নিত্যঃ প্রলয়ঃ। দ্রব্যেণ সঙ্কর্ষণাদ্যাদিনা নৈমিত্তিকঃ। গুণৈঃ স্বকার্য্যং গ্রসদ্ভিঃ প্রাকৃতিকঃ ॥ ১৪ ॥

তানেব সর্গান্ বিবৃণোতি আদ্য ইত্যাদিনা যাবদধ্যায়সমাপ্তি। মহতো লক্ষণং আত্মনঃ পরমেশ্বরাৎ সকাশাৎ গুণানাং বৈষম্যং প্রথমং অহমোঽহঙ্কারস্য তস্য লক্ষণং যত্রেতি

সৃষ্টি কাল, দ্রব্য ও গুণের প্রভাবে ত্রিবিধ প্রলয়ের অন্তর্গত হইয়া থাকে ॥ ১৪ ॥

ভগবদীক্ষণে প্রকৃতিগুণের বৈষম্য ঘটিয়া যে মহত্তত্ত্বের উৎপত্তি হয়, তাহাই প্রকৃতির প্রথম সৃষ্টি। এই মহত্তত্ত্বের বিকৃত ভাবে যে অহঙ্কার

আভাস।

অব্যক্ত ভাবের ব্যক্তীকরণই সৃষ্টি। এই মূল সৃষ্টি নয় প্রকার। তাহার বর্ণন বিস্তার ভাবে পরে বিবৃত হইবে। এক্ষণে কাল, দ্রব্য ও গুণ এই তিনটী যে প্রলয়ের কারণ, তাহাই স্পষ্টত বিবৃত করা হইয়াছে। অর্থাৎ কাল সাধারণত সমস্ত পদার্থের উপরই আধিপত্য করত, প্রত্যেক বস্তুরই অনবরত পরিবর্ত্তন ঘটাইতেছে। কালক্রমে উৎপত্তি, বৃদ্ধি, হ্রাস ও নাশ হইয়া থাকে; কালই নিত্য প্রলয়কারী। দ্রব্যের দ্বারা যথা সাঙ্কর্ষণের মুখনিঃসৃত সর্ব্বভুক্ বহ্নি যাবতীয় পদার্থকে আত্মসাৎ করায়, প্রলয় দশার উপস্থিত হয়। তৃতীয় প্রলয় গুণপরিণাম; সত্ত্ব, রজ ও তম এই গুণত্রয় পরস্পরে পরস্পরের আশ্রয় পরিবর্দ্ধক ও মথনকারী; অথচ তিনই একত্র অবস্থান করে। অতএব এতাদৃশ স্বভাব-সম্পন্ন গুণত্রয় একত্র থাকিতে হইলে, অনবরত পরিবর্ত্তিত না হইয়া, ক্ষণকালও অবস্থিতি করিতে পারে না। সুতরাং তদুৎপন্ন যাবদীয় পদার্থই পরিণামশীল। অতএব গুণপরিণামই প্রলয়ের একটী হেতু ॥ ১৪ ॥

দ্বিতীয়স্ত্বহমো যত্র দ্রব্যজ্ঞানক্রিয়োদয়ঃ ॥ ১৫ ॥
ভূতসর্গ স্তৃতীয়স্তু তন্মাত্রো দ্রব্যশক্তিমান্।
চতুর্থ ঐন্দ্রিয়ঃ সর্গো যস্তু জ্ঞানক্রিয়াত্মকঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

উৎপত্তিঃ) যত্র যস্মাৎ, তস্য অহমঃ অহঙ্কারস্য, তু সর্গঃ দ্বিতীয়ঃ ॥ ১৫ ॥

দ্রব্যশক্তিমান্ (পৃথিব্যাদি পঞ্চমহাভূতোৎপাদকঃ) তন্মাত্রঃ শব্দাদিপঞ্চতন্মাত্ররূপো, ভূতসর্গঃ ভূতসূক্ষ্মসর্গঃ তৃতীয়ঃ যঃ তু জ্ঞানক্রিয়াত্মকঃ জ্ঞানকর্ম্মহেতুভূতঃ, ঐন্দ্রিয়ঃ ইন্দ্রিয়াণাং সর্গঃ সঃ চতুর্থঃ ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

দ্রব্যাদয়ো বক্ষ্যমাণা স্ত্রয়ঃ সর্গাঃ ॥ ১৫ ॥

তন্মাত্রো ভূতসর্গঃ ভূতসূক্ষ্ম-সর্গ ইত্যর্থঃ। দ্রব্যশক্তিমান্ মহাভূতোৎপাদকঃ জ্ঞান কর্ম্মেন্দ্রিয়াত্মকশ্চতুর্থঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্রব্যাণি ভূতানি, জ্ঞানানি জ্ঞানেন্দ্রিয়াণি, দেবতা মনশ্চ, ক্রিয়া কর্ম্মেন্দ্রিয়াণি তেষামুদয়ো যতঃ সঃ ॥ ১৫ ॥

ভূতসর্গঃ তন্মাত্রঃ তন্মাত্রাত্মকঃ দ্রব্যেষু মহাভূতেষু শক্তিমান্ তৎপ্রকাশন সমর্থশ্চেত্যর্থঃ। জ্ঞানকর্ম্মেন্দ্রিয়াণামাত্মা স্বরূপং যতঃ ॥ ১৬ ॥

জন্মে, তাহাই দ্বিতীয় সৃষ্টি; এই অহঙ্কারতত্ত্বই পঞ্চভূত, একাদশ ইন্দ্রিয় ও তদধিষ্ঠাতা দেবতাগণের উৎপত্তির আলয় ॥ ১৫ ॥

তন্মাত্ররূপ সূক্ষ্মভূতপঞ্চকের উৎপত্তিই তৃতীয় সৃষ্টি; এই পঞ্চতন্মাত্র হইতে পঞ্চ মহাভূতের উৎপত্তি হয়। চতুর্থ সৃষ্টি ইন্দ্রিয়; ইহার দ্বারা জীবের জ্ঞানক্রিয়ার সংসাধন ঘটিয়া থাকে ॥ ১৬ ॥

আভাস।

এক্ষণে নিম্নলিখিত শ্লোক কয়েকটী দ্বারা নববিধ সৃষ্টির ক্রম উল্লেখ করা হইয়াছে। যদিও পাদ্মকল্পাদিতে সমষ্টি সৃষ্টির কথা বিশেষরূপে ব্যক্ত হইয়াছে বটে, কিন্তু এস্থলে সামান্যবুদ্ধি মানবের সুখবোধক সমষ্টির অনুকরণে বোধোপযোগী ব্যষ্টিজীবের সৃষ্টি সুব্যক্ত ব্যাখ্যাত হইয়াছে। জীবস্বরূপের প্রকৃতি গুণসাম্য পরিত্যাগ করত, যখন বিষম দশায় উপনীত হয়, তখনই মহত্তত্ত্ব বা বুদ্ধিস্বরূপের সৃষ্টি জানিতে হইবে। এই বুদ্ধিতত্ত্বই প্রকৃতির আদিম সর্গ। এই মহত্তত্ত্বের পরিণামে অহঙ্কারতত্ত্ব জন্মে। এই অহঙ্কার তত্ত্বের সত্ত্বপ্রধান, রজঃপ্রধান ও তমোপ্রধান অংশ হইতে ক্রমান্বয়ে জ্ঞানেন্দ্রিয়, তদধিষ্ঠাত্রী দেবতা ও মন, কর্ম্মেন্দ্রিয় পঞ্চ এবং ভূতপঞ্চক উৎপন্ন হইয়া থাকে। প্রকৃতি হইতে মহত্তত্ত্ব, অহঙ্কার পঞ্চতন্মাত্র, জ্ঞান ও কর্ম্মাধিকারে দশবিধ ইন্দ্রিয়, ইন্দ্রিয়াধিষ্ঠাতা দেবতা

বৈকারিকো দেবসর্গঃ পঞ্চমো যন্ময়ং মনঃ।
ষষ্ঠস্তু তমসঃ সর্গো যস্তু বুদ্ধিকৃতঃ প্রভোঃ॥ ১৭॥

অন্বয়ঃ।

যন্ময়ং (যস্য সাত্ত্বিকাহঙ্কারস্য কার্য্যং) মনঃ সঃ বৈকারিকঃ (সাত্ত্বিকাহঙ্কারকার্য্যভূতঃ) দেবসর্গঃ (ইন্দ্রিয়াভিমানিদেবানাং দিগ্বাতাদীনাং) সর্গঃ পঞ্চমঃ; প্রভোঃ (আত্মনাং প্রভুত্বেন অভিমানিনঃ) অবুদ্ধিকৃতঃ অবিমৃষ্যকারিণঃ তমসঃ তামিস্রাদিপঞ্চপর্ব্বাবিদ্যায়াঃ যঃ সর্গঃ (সঃ) তু ষষ্ঠঃ॥ ১৭॥

শ্রীধরস্বামী।

পঞ্চমো বৈকারিকঃ ইন্দ্রিয়াধিষ্ঠাতারো দেবা মনশ্চ। ষষ্ঠস্তু তমসঃ পঞ্চপর্ব্বাবিদ্যায়া অবুদ্ধি জীবানামাবরণং বিক্ষেপশ্চ তাং করোতীত্যবুদ্ধিকৃৎ তস্য॥ ১৭॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৈকারিকঃ সাত্ত্বিকাহঙ্কারসম্বন্ধী। দেবানাং ইন্দ্রিয়াধিষ্ঠাতৃণাং সর্গঃ যন্ময়ং মনঃ মনসোঽপি সর্গঃ পঞ্চম ইত্যর্থঃ। এতে পঞ্চমসর্গাঃ প্রাধানিকা উক্তাঃ। আবিদ্যকং সর্গমাহ ষষ্ঠস্ত্বিতি তু ভিন্নোপক্রমে। তমসোঽজ্ঞানস্য সর্গঃ ষষ্ঠঃ। প্রভোঃ পরমেশ্বরস্য শক্তিরবুদ্ধি জীবমোহিনী যা অবিদ্যানাম্নী তয়া কৃতঃ। অয়মর্থঃ। প্রধানং অবিদ্যা বিদ্যেতি মায়ায়া স্তিস্রো বৃত্তয়ঃ। তত্র প্রধানেন মহদাদিপৃথিব্যন্তানি তত্ত্বানি সত্ত্যাদ্যৈরেব সৃষ্টানি বৈরেব সমষ্টিব্যষ্টিরূপাঃ জীবস্য স্থূলা স্তথা সূক্ষ্মাশ্চোপাধয়োঽভবন্। দ্বিতীয়য়া অবিদ্যয়া তু জীবং মোহয়ন্ত্যা জীবসম্বন্ধমবিদ্যাস্মিতা-রাগ-দ্বেষাভিনিবেশাত্মকং তমঃ পঞ্চবিধমজ্ঞানমসত্যামেব সৃষ্টং এবং সত্য-মিথ্যাত্মকং জগদিদং প্রধানাবিদ্যাভ্যাং সৃষ্টং। তৃতীয়য়া বিদ্যয়া তু পঞ্চবিধাজ্ঞাননিবর্ত্তকং জ্ঞানং সৃষ্টং তচ্চাগ্রে বিবৃত্য ব্যাখ্যাস্যতে॥ ১৭॥

মনস্তত্ত্বের সহিত ইন্দ্রিয়াধিষ্ঠাত্রী দেবতাগণের সৃষ্টি পঞ্চম সর্গ বলিয়া পরিকীর্ত্তিত। ঘোর অভিমান-স্বরূপ তমোগুণ হইতে জীবগণের বুদ্ধিলোপকরী আবরণ-বিক্ষেপ-রূপা পঞ্চপর্ব্বা অবিদ্যার সৃষ্টিই ষষ্ঠ সর্গ॥ ১৬॥

আভাস।

ও মন এবং জীবের আবরণ ও বিক্ষেপকারী পঞ্চবিধ অবিদ্যা স্তর; এই সর্ব্বসমেত ছয় প্রকার পদার্থ প্রকৃতি হইতে সমুৎপন্ন হইয়া থাকে। প্রাকৃতিক সৃষ্টিসম্বন্ধে পূর্ব্বে যথেষ্টই প্রকাশ করা হইয়াছে এবং পরেও দেবহূতি-সংবাদে বর্ণিত হইবে; সুতরাং বাহুল্য ভয়ে এখানে তৎসম্বন্ধে আর অধিক বলা হইল না॥ ১৫—১৬—১৭॥

স্থাবর-সৃষ্টিকে গ্রন্থকার যে মুখ্যসৃষ্টি বলিয়া বর্ণন করিয়াছেন, তাহার অভিপ্রায় এই যে, জীব জ্ঞান ও বৈরাগ্যাদি বিচারকার্য্যে উৎকৃষ্ট হইলেও, সৃষ্টিসম্বন্ধে উৎকৃষ্ট নহে। কারণ জীবের সৃষ্টি-মর্য্যাদা সুরক্ষিত হইবার কোন সম্ভাবনা নাই; বরং তাহারা ক্ষুধা ও পিপাসার অধীন হওয়ায়, নিজের জীবন-ধারণ ও পোষণও অন্য-মুখাপেক্ষী; তাহাদেরই

ষড়িমে প্রাকৃতাঃ সর্গা বৈকৃতানপি মে শৃণু।
রজোভাজো ভগবতো লীলেয়ং হরিমেধসঃ ॥ ১৮ ॥
সপ্তমো মুখ্যসর্গস্তু ষড়্বিধ স্তস্থুষাঞ্চ যঃ।

অন্বয়ঃ।

ইমে ষট্ প্রাকৃতাঃ (ভগবদিচ্ছাবশাৎ প্রকৃতিতঃ উৎপন্নাঃ) সর্গাঃ (বর্ণিতাঃ) বৈকৃতান্ অপি সর্গান্ মে মত্তঃ ত্বং শৃণু (যতঃ) রজোভাজঃ (সৃষ্ট্যাদ্যর্থং গৃহীত-রজোগুণস্য) ভগবতঃ (অতঃ) হরিমেধসঃ (হরতি সংসারক্লেশমিতি হরিঃ তথাভূতা মেধা বুদ্ধি র্যস্য তস্য) ইয়ং সর্গরূপা লীলা অবশ্যমেব শ্রোতব্যা ইত্যন্বয়ঃ) ॥ ১৮ ॥

বনস্পত্যোষধি-লতাত্বক্‌সারাঃ বীরুধঃ দ্রুমাঃ ইতি তস্থুষং স্থাবরাণাং বৃক্ষাণাং ষড়্বিধঃ

শ্রীধরস্বামী।

মে মত্তঃ শৃণু। অনুদ্বেগেন শ্রোতব্যতামাহ যদ্বিষয়া মেধা সংসারং হরতি তস্য হরের্লীলা যস্মা ইয়মিতি তস্য আদি সর্গরূপা। রজোভাজ ইতি ব্রহ্মরূপস্যোত্যর্থঃ। অস্মিন্ পক্ষে অবুদ্ধিকৃত ইতি প্রথমান্তঃ অনবধানকৃত ইত্যর্থঃ ॥ ১৮ ॥

মুখমিব প্রথমং কৃতো মুখ্যসর্গঃ তস্থুষাং স্থাবরাণাং ষড়্বিধত্বমেবাহ যে পুষ্পং বিনা

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

প্রকৃতে র্মায়াশক্তেঃ সকাশাজ্জাতা ইতি প্রকৃতা ইমে ষট্। বিকৃতিঃ সমষ্টিবিরাড়্ ব্রহ্মা তস্মাজ্জাতান্ বক্ষ্যমাণানপি মে মত্তঃ বৈকৃতানিত্যেতদ্বিবৃণোতি রজোভাজো ব্রহ্মরূপস্য। হরির্মেধায়াং যস্য তস্য ॥ ১৮ ॥

স্থাবর জঙ্গমাত্মকস্য জগতঃ স্থাবরাণাং প্রাথম্যাৎ মুখে প্রথমে ভবো মুখ্যঃ য স্তস্থুষাং স্থাবরাণাং। পুষ্পং বিনা ফলবন্তো বনস্পতয়ঃ। ওষধয়ঃ ফলপাকান্তাঃ। লতা আরো-

---

এই ছয় প্রকার প্রাকৃত সর্গের কথা বর্ণিত হইল; এক্ষণে বৈকৃত সর্গের বিষয় বর্ণন করিতেছি, শ্রবণ কর! এই সমস্ত সৃষ্টি রজো-গুণাবলম্বী ভগবানের লীলা মাত্র। তোমার ন্যায় ভগবদ্ভক্ত ব্যক্তিগণের ইহা নিতান্তই শ্রোতব্য ॥ ১৮ ॥

সপ্তম সৃষ্টি মুখ্য উদ্ভিদ্‌জাতি; ইহা ছয় প্রকার। বনস্পতি, ওষধি, লতা,

আভাস।

সম্ভোগার্থ এই স্থাবর সৃষ্টি। ভগবান্ কমলাসন জীবসৃষ্টির পূর্ব্বে জীবের ভোগ্য ও উপজীব্য উদ্ভিদ জাতির রচনা করিলেন। জীবমাত্রেই এই স্থাবর যোনি লতা বৃক্ষাদি উদ্ভিদের ফল, ফুল, মূল, পত্র ও মুকুলাদি ভোজনে জীবিত থাকে। তজ্জন্যই বেদব্যাস সৃষ্টিপ্রকরণে সৃষ্টির মর্য্যাদার রক্ষক উদ্ভিজ্জাতিকেই শ্রেষ্ঠ বলিয়া কীর্ত্তন করিয়াছেন। এই ছয় প্রকারের মধ্যে যাহাদের ফুল ব্যতীত ফলের উদ্গম হয়, তাহাদিগকে বনস্পতি বলা যায়। যাহারা জন্মিয়া ফলের পরিপক্কতার সঙ্গে সঙ্গেই শুষ্ক হইয়া যায়, তাহারা ওষধি।

বনস্পত্যোষধি-লতা ত্বক্সারা বীরুধো দ্রুমাঃ ॥ ১৯ ॥
ঊৎস্রোতস স্তমঃপ্রায়াঃ অন্তঃস্পর্শা বিশেষিণঃ ॥ ২০ ॥

অন্বয়ঃ।

ষঃ মুখ্যসর্গঃ (সঃ) তু সপ্তমঃ ॥ ১৯ ॥

ঊৎস্রোতসঃ ঊর্দ্ধসঞ্চারিণঃ, তমঃপ্রায়াঃ অব্যক্তচৈতন্যাঃ অন্তঃস্পর্শাঃ অন্তঃসঞ্জাবিশিষ্টাঃ বিশেষিণঃ অনেক-ভেদশালিনঃ ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

ফলন্তি তে বনস্পত্তয়ঃ ওষধয়ঃ ফলপাকান্তা লতাঃ আরোহণাপেক্ষাঃ ত্বক্সারা বেণ্বাদয়ঃ লতা এব কাঠিন্যেনারোহণানপেক্ষা বীরুধঃ। যে পুষ্পৈঃ ফলন্তি তে দ্রুমাঃ ॥ ১৯ ॥

তেষাং সাধারণ-লক্ষণমাহ ঊর্দ্ধং স্রোত আহার-সঞ্চারো যেষাং তমঃপ্রায়া অব্যক্ত-চৈতন্যাঃ। অন্তঃস্পর্শাঃ স্পর্শমেব জানন্তি নান্যৎ তদপ্যন্তরেব ন বহিঃ। বিশেষিণঃ অব্যবস্থিত-পরিণামাদ্যনেকভেদবন্তঃ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হণাপেক্ষাঃ। ত্বক্সারা বেণ্বাদয়ঃ। লতা এব কাঠিন্যেনারোহণানপেক্ষা বীরুধঃ। পুষ্পৈরেব ফলন্তো দ্রুমাঃ

তেষাং সাধারণং লক্ষণমাহ। ঊর্দ্ধং স্রোত আহার-সঞ্চারো যেষাং তে তমঃপ্রায়া অব্যক্তচৈতন্যাঃ অন্তঃস্পর্শা অন্তশ্ছেদ এব ব্যথানুভবিনঃ। বিশেষিণঃ অব্যবস্থিতপরিণামাদ্যনেকভেদবন্তঃ ॥ ২০ ॥

ত্বক্সার-লতা, বীরুধ ও দ্রুম ॥ ১৯ ॥

ইহারা ঊর্দ্ধভাগেই পরিবর্দ্ধিত হয়; ইহাদের অন্তরে চৈতন্যাংশের সুদীপ্তি সত্তেও তমো অংশের বাহুল্য বশত চেতন-ভাব বাহিরে প্রকাশ পায় না; এবং সাজাত্য-সম্বন্ধেও বিবিধ পরিণাম বশত নানাপ্রকার ভেদ ইহাদের মধ্যে পরিলক্ষিত হইয়া থাকে ॥ ২০ ॥

আভাস।

যাহারা অন্যের উপর আরোহণ করিয়া জীবিত থাকে ও প্রসূত হয়, তাহারা লতাশব্দ বাচ্য; এতদ্ব্যতীত অন্য এক জাতীয় লতা আছে, যাহাদের অন্তরে কোন সার জন্মে না. কেবল ত্বকের উপরই নির্ভর করিয়া জীবিত থাকে; তাহাদিগকে ত্বক্সারা লতা কহে। আর লতার ন্যায় অন্যবৃক্ষে অরোহণ করিলেও, যাহারা অন্তরে কঠিন সারবিশিষ্ট তাহারা বিরুধনামে অভিহিত। যাহারা পুষ্পোদ্গমের পর ফল-ধারণ করে, তাহারা বৃক্ষশব্দে নির্দ্দিষ্ট হয়; যথা আম্রাদি। এই সমস্ত উদ্ভিদ্‌গণের চেতনা আছে। কিন্তু তমোগুণের বাহুল্য বশত, জীবের ন্যায় বাহ্যজ্ঞানবান্ নহে। ইহাদের অন্তরে উপলব্ধির সামর্থ্য যথেষ্ট আছে। ঊর্দ্ধদিকে স্কন্ধ ও শাখাদির বিস্তারে ইহারা পরিবর্দ্ধিত হয়॥

তিরশ্চামষ্টমঃ সর্গঃ সোঽষ্টাবিংশদ্বিধো মতঃ।
অবিদো ভূরি-তমসো ঘ্রাণজ্ঞা হৃদ্যবেদিনঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

অবিদঃ শ্বস্তনাদিজ্ঞানশূন্যাঃ, ভূরিতমসঃ অজ্ঞান-বহুলাঃ, ঘ্রাণজ্ঞাঃ ঘ্রাণেন্দ্রিয়-প্রধানাঃ, হৃদি অবেদিনঃ (সুখ-দুঃখাদিদীর্ঘানুসন্ধানরহিতাঃ) যে তির্য্যক্‌যোনয়ঃ তেষাং তিরশ্চাং (যঃ) অষ্টাবিংশদ্বিধঃ সর্গঃ সঃ অষ্টমঃ মতঃ সম্মতঃ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

তির্য্যক্‌স্রোতসাং সর্গমাহ তিরশ্চামিতি স চাষ্টাবিংশতিভেদঃ। তিরশ্চাং লক্ষণং অবিদঃ শ্বস্তনাদিজ্ঞানশূন্যাঃ। ভূরিতমসঃ আহারাদিমাত্রনিষ্ঠাঃ। ঘ্রাণজ্ঞাঃ ঘ্রাণেনৈবেষ্টমর্থং জানন্তি। হৃদি অবেদিনঃ দীর্ঘানুসন্ধানশূন্যাঃ। তথাচ শ্রুতিঃ। অথেতরেষাং পশূনাং অশনাপিপাসে এবাভিবিজ্ঞানং বদন্তি ন বিজ্ঞাপিতং পশ্যন্তি ন বিদুঃ শ্বস্তনং ন লোকালোকাবিতি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তিরশ্চাং তির্য্যক্‌স্রোতসাং। অবিদঃ শ্বস্তনাদিজ্ঞানশূন্যাঃ। ভূরিতমসঃ আহারাদিমাত্রনিষ্ঠাঃ। ঘ্রাণজ্ঞাঃ ঘ্রাণেনৈবেষ্টমর্থং জানন্তি। হৃদি অবেদিনঃ দীর্ঘানুসন্ধানশূন্যাঃ অল্পপরামর্শাঃ। তথাচ শ্রুতিঃ। অথেতরেষাং পশূনাং অশনাপিপাসে এবাভিবিজ্ঞানং বদন্তি। ন বিজ্ঞাপিতং পশ্যন্তি ন বিদুঃ শ্বস্তনং ন লোকালোকাবিতি। যদ্বা ভূরিতমসো বহুরুষঃ ঘ্রাণেনৈব জানন্তি হৃদ্যং প্রতি স্বপ্রিয়ং বস্ত্বেব বিন্দন্তি ভোজনশয়নাদ্যর্থং গৃহ্ণন্তি ॥ ২১ ॥

অষ্টম সর্গ তির্য্যগ্‌যোনি; ইহারা সর্ব্ব-সমেত অষ্টাবিংশতি প্রকার। ইহারা বিচারহীন; বিশেষ অনুসন্ধানাভাবে অব্যবস্থিতচিত্ত, তমোবহুল এবং ঘ্রাণেন্দ্রিয়প্রধান ॥ ২১ ॥

আভাস।

জীবের জাতিগত আকার-বৃদ্ধির যেমন একটী পরিমাণ আছে, বৃক্ষাদির সেরূপ নহে; অপরিমিত ভাবেই তাহাদের শাখাপল্লবাদির হ্রাসবৃদ্ধি ঘটিয়া থাকে ॥ ১৯ ॥ ২০ ॥

এই প্রকারে ভোগ্য সৃষ্টির বর্ণন করিয়া, ভোক্তৃসৃষ্টির প্রকার ও সংখ্যাবিভাগ বিবৃত করিয়াছেন। তির্য্যক্‌সৃষ্টিই সৃষ্টিপ্রকরণে অষ্টম সর্গ বলিয়া বর্ণিত। তমোগুণের প্রাধান্য বশত তির্য্যক্‌যোনিস্থ জীবগণ প্রায় ক্রোধপরতন্ত্র হিতাহিত-বিবেচনাশূন্য ও অপরিনামদর্শী। আহার, নিদ্রা, ভয় ও মৈথুনকার্য্যেই কেবল অভ্যস্ত। অধিকাংশেই ঘ্রাণেন্দ্রিয়ের দ্বারা নিজ ইষ্টবিষয় অবগত হইতে পারে; এবং পরিণামে সুখদুঃখ বা স্বর্গ-নরকাদির প্রতি কিছুমাত্র অনুসন্ধান করিবার সামর্থ্য তাহাদিগের নাই। এতদর্থে শ্রুতিও প্রকাশ করিয়াছেন যে, মানব ব্যতীত ইতর প্রাণিগণ কেবল আহারাদিতেই তৎপর হয়।

গৌরজো মহিষঃ কৃষ্ণঃ শূকরো গবয়ো রুরুঃ।
দ্বিশফাঃ পশবশ্চেমে অবিরুষ্ট্রশ্চ সত্তম॥
খরোঽশ্বোঽশ্বতরো গৌরঃ শরভ শ্চমরী তথা।
এতে চৈকশফাঃ ক্ষত্তঃ শৃণু পঞ্চনখান্ পশূন্॥ ২২॥
শ্বা শৃগালো বৃকো ব্যাঘ্রো মার্জ্জারঃ শশ-শল্লকৌ।
সিংহঃ কপি র্গজঃ কূর্ম্মো গোধা চ মকরাদয়ঃ॥

অন্বয়ঃ।

হে সত্তম! গৌঃ অজঃ মহিষঃ কৃষ্ণঃ (মৃগবিশেষঃ) শূকরঃ গবয়ঃ (গোসদৃশঃ) রুরুঃ (বহুশৃঙ্গো মৃগঃ) অবিঃ [মেষঃ] উষ্ট্রশ্চ ইমে নব পশবঃ দ্বিশফাঃ দ্বিখুরাঃ।

তথা খরঃ অশ্বঃ অশ্বতরঃ গৌরঃ [মৃগবিশেষঃ] শরভঃ চমরী চ এতে ষট্ একশফাঃ। হে ক্ষত্তঃ! অথ পঞ্চনখান্ পশূন্ শৃণু। ২২॥

শ্বা শৃগালঃ বৃকঃ ব্যাঘ্রঃ মার্জ্জারঃ শশ-শল্লকৌ সিংহঃ কপিঃ গজঃ কূর্ম্মঃ গোধা চ পঞ্চনখা দ্বাদশ। [এতে সর্ব্বে মিলিতা ভূচরাঃ সপ্তবিংশতিঃ]। মকরাদয়ো জলচরাঃ কঙ্কাদয়ঃ

শ্রীধরস্বামী।

অষ্টাবিংশতিভেদানেবাহ গবাদয় উষ্ট্রান্তা দ্বিশফাঃ দ্বিখুরা নব, খরাদয়-শ্চমর্য্যন্তা একশফাঃ ষট্, শ্বাদয়ো গোধান্তাঃ পঞ্চনখা দ্বাদশ। ২২॥

এবমেতে ভূচরাঃ সপ্তবিংশতিঃ। মকরাদয়ো জলচরাঃ কঙ্কাদয়শ্চ খগাঃ অভূচরত্বেনৈকী-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গবাদয় উষ্ট্রান্তা দ্বিশফা দ্বিখুরা নব। অবির্মেষঃ। খরাদয়শ্চমর্য্যন্তা একশফাঃ ষট্॥ ২২॥

শ্বাদয়ো গোধান্তাঃ পঞ্চনখা দ্বাদশ। এবমেতে স্থলচরাঃ সপ্তবিংশতিঃ। মকরাদয়ো

সেই অষ্টাবিংশতি প্রকারের মধ্যে গো, ছাগ, মহিষ, কৃষ্ণসার, শূকর, গবয়, রুরু মৃগ, মেষ, ও উষ্ট্র এই নয়প্রকার দ্বিশফ অর্থাৎ ইহাদের পায়ের খুর দুইভাগে বিভক্ত। আর গর্দ্দভ, অশ্ব, অশ্বতর (খচ্চর), গৌরমৃগ, শরভ (মৃগ) এবং চমরী এই ছয় জাতির পায়ের খুর একটী; দ্বিধা বিভক্ত নহে। হে সাধো! এতদ্ব্যতীত পঞ্চনখী জীবের বিষয় কীর্ত্তন করিতেছি, শ্রবণ কর!॥ ২২॥

কুক্কুর, শৃগাল, ব্যাঘ্র, বিড়াল, শশক, শল্লক (শজারু), সিংহ, বানর, হস্তী,

আভাস।

বিচার পূর্ব্বক কোন কর্ম্মে অগ্রসর হওয়া বা তদ্বিষয়ের অভিনব উপায় উদ্ভাবনের সামর্থ্য তাহাদিগের নাই বা পরকালের চিন্তা তাহাদের চিত্তে স্থান পায় না॥ ২১॥

কঙ্ক-গৃধ্র-বক-শ্যেন-ভাস-ভল্লক-বর্হিণঃ।
হংস-সারস-চক্রাহ্ব-কাকোলূকাদয়ঃ খগাঃ ॥ ২৩ ॥
অর্ব্বাক্ স্রোতস্তু নবমঃ ক্ষত্তরেকবিধো নৃণাং।

অন্বয়ঃ।

খগাঃ একীকৃত্য গৃহীতাঃ। এবং অষ্টাবিংশতি ভেদা ভবন্তি যে চ অন্যে তির্য্যঞ্চো জীবাঃ দৃশ্যন্তে তেষামপ্যেতেষ্বেব যথাযথমন্তর্ভাবো জ্ঞেয়ঃ ॥ ২৩ ॥

হে ক্ষত্তঃ বিদুর! অর্ব্বাক্ স্রোতঃ (অর্ব্বাক্ অধঃ স্রোতঃ আহারসঞ্চারো যস্য সোঽর্ব্বাক্স্রোতাঃ একবিধঃ নৃণাং সর্গঃ নবমঃ। (তে নরাঃ স্বভাবতঃ) রজোধিকাঃ (রজঃ

শ্রীধরস্বামী।

কৃত্য গৃহীতাঃ। তদেবমষ্টাবিংশতিভেদান্ বদন্তি তেষু কৃষ্ণরুরুগৌরাঃ মৃগবিশেষাঃ অন্যেষামপি তির্য্যক্প্রাণিনামেতেষ্বেব যথাযথমন্তর্ভাবঃ ॥ ২৩ ॥

অধঃ আহার-সঞ্চারো যস্য সোঽর্ব্বাক্স্রোতাঃ। হ্রস্বত্বমার্ষং। নৃণাং সর্গঃ নৃণাং লক্ষণং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জলচরাঃ। কঙ্কাদয়ঃ স্থলচরাঃ। হংসাদয়ঃ পুনর্জ্জলচরাঃ। কাকাদয়ঃ পুনঃ স্থলচরা ইতি এতে মকরাদয় একবিধত্বেনৈব ব্যপদিষ্টাঃ। তদেবমষ্টাবিংশতিভেদা গবাদয়-স্তেষু রুরু-কৃষ্ণগৌরা মৃগবিশেষাঃ। অন্যেষামপি তির্য্যক্প্রাণিনাং যথাযথমেতেষ্বন্তর্ভাবঃ ॥ ২৩ ॥

অর্ব্বাগধ আহার-সঞ্চারো যস্য সোঽর্ব্বাক্স্রোতাঃ হ্রস্বত্বমার্ষং। নৃণাং লক্ষণং রজ

কচ্ছপ এবং গোধা, [গোসাপ] এই দ্বাদশ প্রকার জন্তু পঞ্চনখ; অর্থাৎ ইহাদের পাঁচটী করিয়া নখ আছে, এই কারণেই ইহাদিগকে পঞ্চনখ বলে। এতদ্ব্যতীত মকরাদি জলচর এবং কঙ্ক (কাঁকপক্ষী) গৃধ্র, বক, শ্যেন, ভাস, ভল্লুক, ময়ূর, হংস, সারস, চক্রবাক্ ও পেচকাদি আকাশচারী প্রাণিগণ পঞ্চনখ মধ্যে পরিগণিত ॥ ২৩ ॥

ইহার পর মনুষ্য-সৃষ্টি নবম পর্য্যায়ে এক প্রকার। ইহারা বাহ্যবিষয়ে প্রবৃত্ত ও সতত বিষয় সংগ্রহেই যত্ন করে। রাজোগুণের প্রাধান্য বশত

আভাস।

এই তির্য্যগ্ যোনি সাধারণত অষ্টাবিংশতি প্রকার; যথা; গবাদি উষ্ট্রপর্য্যন্ত নয় প্রকার জন্তু যাহাদের খুর দুই ভাগে বিভক্ত এবং খরাদি চমরী পর্য্যন্ত ছয় প্রকার জীব ইহাদের খুর অখণ্ডিত; এতদ্ব্যতীত কুক্কুরাদি গোধা পর্য্যন্ত দ্বাদশ প্রাণীকে পঞ্চনখ বিশিষ্ট বলিয়া পঞ্চনখী বলা যায়। এই সর্ব্বসমেত সপ্তবিংশতি প্রকার। মকরাদি জলচর এবং কঙ্কাদি খেচর লইয়া এক প্রকার। এই অষ্টাবিংশতি প্রকার তির্য্যক্‌যোনি বর্ণিত হইল; এতদ্ব্যতীত অন্য যে কোন জীবই পরিদৃষ্ট হয়, যাহাদের নাম এস্থলে উল্লেখ নাই, তাহারাও ইহার কোন এক পর্য্যায়েরই অন্তর্গত জানিতে হইবে ॥ ২৩ ॥

রজোঽধিকাঃ কর্ম্মপরা দুঃখে চ সুখমানিনঃ ॥ ২৪ ॥
বৈকৃতাস্ত্রয় এবৈতে দেব-সর্গশ্চ সত্তম।
বৈকারিকস্তু যঃ প্রোক্তঃ কৌমারস্তূভয়াত্মকঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

রজোগুণঃ অধিকঃ যেষু তে) কর্ম্মপরাঃ (নিরন্তরং কর্ম্ম কুর্ব্বন্তঃ এব, তিষ্ঠন্তি) দুঃখে চ সুখ-মানিনঃ (দুঃখ-সাধনেষু সুখসাধনত্বাভিমানবন্তঃ) ॥ ২৪ ॥

হে সত্তম! এতে স্থাবরাদি ত্রয়ঃ এব (সর্গঃ) দেবসর্গঃ চ বৈকৃতঃ ; বৈকারিকঃ (সর্গঃ) তু যঃ প্রোক্তঃ সঃ তু উভয়াত্মকঃ (দেবত্বেন চ মনুষ্যত্বেন সৃজ্যঃ) কৌমারঃ (সনৎকুমারাদীনাং সর্গঃ) ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

রজঃ অধিকং যেষু ॥ ২৪ ॥

এতে ত্রয়ো বৈকৃতা এব ন কৌমারবদুভয়াত্মকাঃ। দেব-সর্গশ্চ বৈকৃত ইত্যনুষঙ্গঃ। বৈকারিকস্তু দেবসর্গ প্রাকৃতেষু পূর্ব্বমেব প্রোক্তঃ। অয়ন্তু ততো ন্যূনত্বাৎ বৈকৃতঃ। দেবসর্গ-স্যাত্তদন্তর্ভূতশ্চ সনৎকুমারাদীনাং সর্গস্তু প্রাকৃতো বৈকৃতশ্চ দেবত্বেন মনুষ্যত্বেন চ সৃজ্য ইত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইত্যাদি ॥ ২৪ ॥

এতে ত্রয়ো বৈকৃতা এব ॥ ২৫ ॥

তাহারা সততই কর্ম্ম করে ও দুঃখসঙ্কুল বিষয়েও সুখানুভব করিয়া থাকে ॥২৪॥

হে সাধো! পূর্ব্বে প্রাকৃত সৃষ্টির বর্ণন-কালে যে বৈকৃত সৃষ্টির প্রসঙ্গ বলিয়াছি, তাহা উল্লিখিত তিন প্রকার; জীব ও দেবতাগণ সেই বৈকৃত সৃষ্টিরই অন্তর্গত। কিন্তু বৈকারিক সৃষ্টির কথা যাহা উল্লেখ করা হইয়াছে, তাহা উভয়বিধ। যথা সনৎকুমারগণের উৎপত্তি; অর্থাৎ তাঁহারা দেবতা ও মনুষ্য এই উভয়-রূপেই সৃষ্ট হইয়াছেন ॥ ২৫ ॥

আভাস।

অষ্টবিধ সৃষ্টির বর্ণন করিয়া, মধ্যবর্ত্তী নবম মনুষ্যসৃষ্টির কথা উল্লেখ পূর্ব্বক প্রকাশ করা হইয়াছে যে, সত্ত্ব রজঃ এবং তম এই গুণত্রয়বিশিষ্ট প্রকৃতির পরিণামেই যাবতীয় সৃষ্টি হইলেও, গুণের ন্যূনাধিক্য বশত সৃষ্ট বস্তু বা তত্তৎ অবয়বাদি কার্য্য সমূহেরও বিচিত্রতা সম্পাদিত হইয়াছে। অর্থাৎ তমোগুণের আধিক্যে যাহাদের উৎপত্তি, তাহাদের জাড্যা-ধিক্য, রজঃপ্রধান বস্তুর ক্রিয়াধিক্য এবং সত্ত্বপ্রধান বস্তুর নিবৃত্তি ও সুখের আধিক্য নির্ণীত হইয়াছে। ভূতসৃষ্টি বা তির্য্যক্‌যোনির সৃষ্টি তমোবাহুল্যে ঘটে; সুতরাং এতদুভয়ে তমোধর্ম্মেরই বিশেষ প্রকাশ। রজোগুণে মানব সৃষ্ট হওয়ায়, তাহাদের মধ্যে অনবরত কার্য্য-তৎপরতার পরিচয় আছে; এবং রজোগুণ প্রকৃতপ্রস্তাবে দুঃখের মূলীভূত কারণ

দেবসর্গশ্চাষ্টবিধো বিবুধাঃ পিতরোঽসুরাঃ।
গন্ধর্ব্বাপ্সরসঃ সিদ্ধা যক্ষ-রক্ষাংসি চারণাঃ॥

অন্বয়ঃ।

(সচ) দেবসর্গঃ অষ্টবিধঃ (যথা) বিবুধাঃ পিতরঃ অসুরাঃ (ইতি ত্রয়ঃ) গন্ধর্ব্বাপ্সরসঃ (একঃ) যক্ষরক্ষাংসি, ভূতপ্রেতপিশাচাঃ, সিদ্ধচারণবিদ্যাধরাঃ তথা কিন্নরাদয়ঃ॥

শ্রীধরস্বামী।

বৈকৃতশ্চ দেবসর্গোঽষ্টবিধঃ। তত্র বিবুধাদয়ঃ ত্রয়ো ভেদাঃ গন্ধর্ব্বাপ্সরস একঃ যক্ষ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবসর্গশ্চ বৈকৃতঃ প্রাকৃতশ্চ। ক ইত্যপেক্ষায়ামাহ যস্তু বৈকারিকঃ বৈকারিকা হঙ্কারভাবানাং দেবানাং সর্গঃ। প্রাকৃতেষু প্রোক্তঃ পুনস্তেষামেব ব্রহ্মসৃষ্টত্বাদ্বৈকৃতশ্চ তথা কৌমারঃ সনৎকুমারঃ। সনৎকুমারাদীনাং সর্গস্তু উভয়াত্মক ইতি তেষাং ভগবদ্ধ্যান-পূতেন মনসান্যাং স্তুতোঽসৃজদিত্যগ্রিমোক্তে র্ভগবদ্ধ্যান-জন্যত্বেন ভগবজ্জন্যত্বাৎ ব্রহ্মজন্যত্বাচ্চ প্রাকৃতো বৈকৃতশ্চেত্যর্থঃ॥

হে বৎস বিদুর! বৈকারিক দেবসৃষ্টিও আট প্রকার; যথা প্রথম দেব, দ্বিতীয় পিতৃসৃষ্টি, তৃতীয় অসুর, চতুর্থ গন্ধর্ব্ব ও অপ্সরা, পঞ্চম যক্ষ রাক্ষস, ষষ্ঠ সিদ্ধ, চারণ ও বিদ্যাধর; সপ্তম ভূত, প্রেত ও পিশাচ; অষ্টম কিন্নর ও কিম্পুরুষ ইত্যাদি॥

আভাস।

হইলেও, রজোনির্ম্মিত মানব দুঃখসঙ্কুল ব্যাপারেও সুখানুভাব করিয়া থাকে। রজোগুণ নিবৃত্তিতে ব্যাঘাত জন্মাইয়া নিরন্তর প্রবৃত্তির পথ উদ্ঘাটন করে; সুতরাং মানব স্বভাবত অস্থির-প্রকৃতি নিবন্ধন অন্তর্দৃষ্টি পরিত্যাগ পূর্ব্বক বাহ্য বিষয়াভিমুখেই সতত প্রবৃত্ত হয়। ২৪॥

প্রকৃতিই এই বিশ্ব-সংসারের আধার ও উপাদান-স্বরূপ। প্রকৃতির শক্তিতে যাবতীয় পদার্থ যেমন উৎপন্ন হইয়াছে, আবার তাহার সঙ্গেই এমন শক্তি রহিয়াছে যাহার বলে উৎপত্তির শক্তি হ্রাস হইয়া নিবৃত্তির পথে পতিত হওত, পুনঃ পূর্ব্বাবস্থায় আনীত হইতেছে। এই উভয় শক্তি প্রবৃত্তি ও নিবৃত্তি এক প্রকৃতিতেই আশ্রিত রহিয়াছে। সৃষ্টিকালে প্রবৃত্তিশক্তির উত্তেজনায় পদার্থ সমূহ উত্তরোত্তর স্থূল হইতেও স্থূলতর অবস্থায় উপনীত হয়, আবার নিবৃত্তিকালে নিবৃত্তি-শক্তির উৎকর্ষে সূক্ষ্ম হইতেও সূক্ষ্মতম স্বরূপে আনীত হয়। কিন্তু মূল সৃষ্টির আদি বা অন্ত যখন নাই, সৃষ্টি বা প্রলয় কেবল আংশিক বা কিছু কালের জন্য মাত্র; তখন জাগ্রত ও নিদ্রা এই উভয় অবস্থাবচ্ছিন্ন আয়ুকে জীবের ভোগকালরূপে পরিগণিত করিবার ন্যায়, সৃষ্টি ও প্রলয় এই উভয়কেও প্রকৃতি-পুরুষ সম্বন্ধে পরমাত্মার সন্নিধিতে নিত্যসৃষ্টির অঙ্গ বলিয়াই গণনা করিতে হইবে। এই

ভূতপ্রেতপিশাচাশ্চ বিদ্যাধ্রাঃ কিন্নরাদয়ঃ।
দশৈতে বিদুরাখ্যাতাঃ সর্গাস্তে বিশ্বসৃক্কৃতাঃ॥
অতঃ পরং প্রবক্ষ্যামি বংশান্মন্বন্তরাণি চ।
এবং রজঃপ্লুতঃ স্রষ্টা কল্পাদিষাত্মভূ র্হরিঃ॥

অন্বয়ঃ।

হে বিদুর! বিশ্বসৃক্কৃতাঃ (বিশ্বসৃজা ভগবতা কৃতাঃ) এতে দশবিধাঃ সর্গাঃ তে তুভ্যং (ময়া) আখ্যাতাঃ বর্ণিতাঃ। অতঃপরং কালস্বরূপনিরূপণানন্তরং বংশান্ (বংশান্মন্বাদীন্) মন্বন্তরাণি চ প্রবক্ষ্যামি॥

এবং উক্তপ্রকারেণ, অমোঘ-সঙ্কল্পঃ সত্য-সংকল্পঃ হরিঃ এবং রজঃপ্লুতঃ (স্বেচ্ছয়া স্বীকৃত-
শ্রীধরস্বামী।
রক্ষা স্যেকঃ। ভূতপ্রেতপিশাচা একঃ। সিদ্ধচারণবিদ্যাধরা একঃ। কিন্নরাদয় একঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৈকৃতস্তু দেবসর্গোঽষ্টভেদঃ। তত্র বিবুধাদয়স্ত্রয়ো ভেদাঃ। গন্ধর্বাপ্সরস একঃ। যক্ষ-রক্ষাংস্যেকঃ। ভূতপ্রেতপিশাচা একঃ সিদ্ধচারণবিদ্যাধরা একঃ কিন্নরাদয় এক ইত্যষ্টৌ ভেদাঃ। আদিশব্দাৎ কিংপুরুষাদয়ঃ॥

বিশ্বসৃক্ পরমেশ্বরো ব্রহ্মা চ॥

হে বিদুর! বিশ্বস্রষ্টা ব্রহ্মা প্রথমে যে দশ প্রকার সৃষ্টি করেন, তাহা তোমার নিকট কীর্ত্তন করিলাম; এক্ষণে বংশ বলিয়া পরিকীর্ত্তিত মন্বন্তর সমূহ বর্ণন করিতেছি, শ্রবণ কর!॥

উক্ত প্রকারে সত্যসংকল্প ভগবান্ শ্রীহরি স্বীয় ইচ্ছায় রজোগুণ পরিগ্রহ

আভাস।

নিত্য সৃষ্টিতে কতকগুলি পদার্থ সৃষ্ট্যাভিমুখী, কতকগুলি নিবৃত্ত্যভিমুখী এবং কতকগুলি উভয়-পথাভিমুখী। যাহারা স্বরূপত ও কার্য্যত স্থূল হইতে উত্তরোত্তর সূক্ষ্মতর-রূপে অগ্রসর হয়, তাহারাই সৃষ্টির অনুলোমগামী সৃষ্ট্যাভিমুখী; যথা ভূতপঞ্চক ও তির্য্যগ্ যোনি। যাহারা নিবৃত্ত্যাভিমুখী প্রতিলোম গমনের দ্বারা পুনঃ প্রকৃতিরূপে পরিণত হইতে অগ্রসর হইতেছে, তাহারাই সত্ত্বগুণানুকূল দেবতা। মানব উভয়াত্মক মধ্যস্থানীয়। ভূত ও তির্য্যক্সৃষ্টির ন্যায় যদিও মানব বিকৃত পরিণামেই উৎপন্ন বটে, তথাপি অন্তরে এরূপ সাত্ত্বিক পদার্থ আছে, যাহার প্রভাবে প্রবৃত্তি-মার্গ পরিত্যাগ পূর্ব্বক উত্তরোত্তর নিবৃত্তির পথে অগ্রসর হইতে পারে। দেবতাগণ সাত্ত্বিক অহঙ্কার-তত্ত্ব হইতে উৎপন্ন বলিয়া, শান্তি ও সুখেরই অভিলাষী হইয়া থাকেন। এদিকে তমোবহুল সৃষ্টির অন্তরালে তির্য্যগ্ যোনি চৈতন্যবিশিষ্ট হইলেও বিজ্ঞান-বিহীন; ওদিকে সত্ত্ববহুল সৃষ্টির পর্য্যায়ে সনৎকুমারাদিগণ বৈকৃতিক দেহ-বিশিষ্ট হইলেও, মানবের ন্যায় প্রবৃত্তি-পরতন্ত্র নহেন; সম্পূর্ণ জ্ঞান ও বৈরাগ্যের আশ্রয়ে

সৃজত্যমোঘ-সংকল্প আত্মৈবাত্মানমাত্মনা ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে তত্ত্বাদ্ভ্যুৎপত্তিক্রমো দশমোঽধ্যায়ঃ ॥ * ॥ ১০ ॥ *

শ্রীমৈত্রেয় উবাচ ॥

চরমঃ সদ্বিশেষাণামনেকোঽসংযুতঃ সদা।

অন্বয়ঃ।

রজোগুণঃ কল্পাদিষু আত্মভূঃ (আত্মনঃ সকাশাৎ ভবতীতি) স্রষ্টা (চতুর্ম্মুখরূপঃ সন্) আত্মা স্বয়মেব, আত্মনা স্বরূপভূতেন, আত্মানং (উপাদানভূতমেব) সৃজতি ॥ ২৬ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রি কৃত দশমাধ্যায়স্য অন্বয়ঃ সমাপ্তঃ ॥

শ্রীধরস্বামী।

আদিশব্দাৎ কিংপুরুষাশ্বমুখাদয়ঃ। এতচ্চ বিংশোঽধ্যায়ে স্পষ্টং ভবিষ্যতি ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে দশমঃ ॥ * ॥

তত্ত একাদশে কালঃ পরমাণ্বাদিলক্ষণৈঃ।

যুগমন্বন্তরাদিভ্যঃ কল্পমানাদি বর্ণ্যতে ॥ * ॥

বিশ্বনাথ চক্রবর্ত্তী।

হরিরেবাত্মভূঃ সন্নিত্যন্বয়ঃ ॥ ২৬ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।

তৃতীয়ে দশমোঽধ্যায়ঃ সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

একাদশে পুনঃ কালো বিশেষেণাপি লক্ষ্যতে।

মাসবর্ষযুগাদীনাং প্রমাণং জ্ঞায়তে যতঃ ॥ * ॥

করত, আত্মস্বরূপ হইতেই চতুর্ম্মুখ ব্রহ্মারূপে আবির্ভূত হইয়া, নিজস্বরূপ হইতেই স্বয়ং সমস্ত উৎপাদন করিয়াছেন ॥ ২৬ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দশম অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

দেবতাস্বরূপ ॥ ২৫ ॥

এদিকে ভূতাদি মনুষ্য পর্য্যন্ত সৃষ্ট জীবের উৎকৃষ্ট ও অপকৃষ্টভেদে যেমন তারতম্য দর্শিত হইল, সেইরূপ দেবসৃষ্টিরও তারতম্য প্রদর্শিত হইয়াছে। মূল সাত্ত্বিক অহঙ্কার হইতে ভগবদীক্ষণে সৃষ্ট দেবলোক ব্রহ্মার অবান্তর বিভাগে বিকৃত হইয়া, পূর্ব্বোক্ত আট প্রকার বিভাগে বিভক্ত ও পরস্পরে উৎকৃষ্ট বা অপকৃষ্টের পর্য্যায়ে পরিচিত হইয়াছেন।

এই সর্ব্বসমেত ভগবৎকৃত দশ প্রকার সৃষ্ট বস্তু ব্রহ্মার কর্ত্তৃত্বে অনন্ত নাম ও রূপে পরিণত হইয়াছে ॥ ২৬ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত দশম অধ্যায়ের আভাস সমাপ্ত।

পরমাণুঃ স বিজ্ঞেয়ো নৃণামৈক্যভ্রমো যতঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। সদ্বিশেষাণাং (সতঃ কার্য্যমাত্রস্য বিশেষাণাং অংশানাং চ) চরমঃ অন্তাঃ (যস্য অংশো নাস্তি) অনেকঃ অসংযুতঃ অমিলিতঃ সদা (কার্য্যসমুদায়াবস্থয়োরপগমেঽপি বর্ত্ততে) যতঃ যেভ্যঃ নৃণাং ঐক্যভ্রমঃ অবয়বি বুদ্ধিঃ (ভবতি) সঃ পরমাণুঃ বিজ্ঞেয়ঃ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

তদেবং সামান্যতঃ কালস্যোপলক্ষণভূতং গুণব্যতিকরং দশবিধং নিরূপ্যোদানীং তস্যৈব বিশেষং নিরূপয়িতুং তৎপরিচ্ছেদ্যং বস্তু লক্ষয়তি দ্বাভ্যাং। সতঃ কার্য্যস্য বিশেষাণাং অংশানাং যশ্চরমোঽন্ত্যো যস্যাংশো নাস্তি অনেকঃ কার্য্যাবস্থামপ্রাপ্তঃ অসংযুতঃ সমুদায়াবস্থাঞ্চাপ্রাপ্তাঃ। অতএব সদা কার্য্যসমুদায়াবস্থয়োরপগমেঽপ্যস্তি স পরমাণুর্বিজ্ঞেয়ঃ। কিং তত্র প্রমাণমত আহ যতঃ যেভ্যঃ সমুদিতেভ্যঃ নৃণাং ব্যবহর্ত্তৃণাং ঐক্যভ্রমঃ অবয়বি-বুদ্ধিঃ। তথাচ পঞ্চমে অবয়বি-নিরাকরণে বক্ষ্যতি। যেষাং সমূহেন কৃতো বিশেষ ইতি। কার্য্যানুপপত্ত্যা কল্প্যন্তে ইতি ভাবঃ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রথমমাত্যন্তিকং সূক্ষ্মকালং স্বরূপতো লক্ষয়িতুমশক্নুবংস্তৎ পরিচ্ছেদ্যং বস্তু লক্ষয়তি। সতঃ কার্য্যস্য পৃথিব্যাদের্বিশেষাণামংশানাং যশ্চরমঃ যস্যাংশো ন সম্ভবতি। নন্বু চরম ইত্যেকবচনাৎ স কিমেক এব ন, কিন্ত্বনেকঃ। অত্র সূক্ষ্মকালজ্ঞানার্থং তেষাং বহুত্বেঽপি একস্যৈবোপযোগিত্বেনৈকবচন প্রয়োগঃ। নন্বু তর্হি স স্বৈর্মিলিতোঽমিলিতো বা অত্রোপাদীয়ত ইত্যত আহ অসংযুতঃ পরমাণুর্বিজ্ঞেয় এব নন্বু দৃশ্যত ইত্যর্থঃ। নন্বু তর্হি তস্য সত্ত্বে কিং প্রমাণং তত্রাহ। যতঃ যেভ্যঃ সমুদিতেভ্যঃ নৃণামৈক্যমিতি ভ্রমো ভবতি। সূর্য্যরশ্মিযুক্তে গবাক্ষরন্ধ্রে যে ভ্রমন্তোঽতিসূক্ষ্মাঃ পার্থিবকণা দৃশ্যন্তে তেষ্বয়মেকোঽয়মেকোঽতিসূক্ষ্ম এব কণ ইতি বুদ্ধি র্ভবতীত্যর্থঃ। তস্য ষষ্ঠোঽংশএব পরমাণুঃ সত্ত্বদৃশ্য এবেত্যর্থঃ। নৃণামিত্যুক্ত্যা ত্রসরেণুপ্রমাণদেহানাং কীটবিশেষাণাং কেষাঞ্চিৎ সোঽপি দৃশ্য এবেতি ব্যজ্যতে ॥ ১ ॥

মৈত্রেয় মুনি বলিলেন, হে বিদুর! বিভিন্নরূপে ও অবিশিষ্ট-ভাবে প্রতীয়মান সদ্রূপ কার্য্যমাত্রেরই অবান্তর প্রতিসর্গের অন্তে চিরবিদ্যমান রূপ; অর্থাৎ যাহার আর বিভাগ হয় না; সুতরাং যাহা পরস্পরের অমিলনে বহু

আভাস।

একাদশ অধ্যায়ে পরমাণু প্রভৃতির লক্ষণ দ্বারা কালের নিরূপণ এবং যুগ-মন্বন্তরাদি হইতে কল্পমানাদির ভেদ বর্ণিত হইয়াছে ॥

কার্য্যং হ্যনেকাবয়বানামেকীভবনাদ্ভবাত ॥ ২ ॥

সত এব পদার্থস্য স্বরূপাবস্থিতস্য যৎ।
কৈবল্যং পরম-মহানবিশেষো নিরন্তরঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

স্বরূপাবস্থিতস্য (পরিণামান্তরং অপ্রাপ্য অবস্থিতস্য) সতঃ কার্য্যমাত্রস্য এব পদার্থস্য যৎ কৈবল্যং ঐক্যং সঃ অবিশেষঃ বিবক্ষারহিতঃ, নিরন্তরঃ ভেদবিবক্ষারহিতঃ, (সর্ব্বোঽপি প্রপঞ্চঃ) পরম-মহান্ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

সূক্ষ্মমুক্ত্বা স্থূলমাহ সত এবেতি। যস্য চরমোঽংশঃ পরমাণুঃ তস্যৈব সতঃ কার্য্যমাত্রস্য স্বরূপাবস্থিতস্য পরিণামান্তরমপ্রাপ্তস্য যৎ কৈবল্যং ঐক্যং স পরমমহান্। পুংস্ত্বন্তু পরমাণুপ্রতিযোগিত্বাৎ। নন্বু নানাবিশেষবান্ পরস্পরং ভিন্নশ্চ সর্ব্বপদার্থঃ। কথমৈক্যং তস্য তত্রাহ। অবিশেষ-বিশেষবিবক্ষারহিতঃ নিরন্তরঃ ভেদবিবক্ষারহিতশ্চ। সর্ব্বোঽপি প্রপঞ্চঃ পরম-মহানিত্যর্থঃ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আত্যন্তিকং সূক্ষ্মমুক্ত্বা আত্যন্তিকং স্থূলমপ্যাহ যস্য চরমোঽংশঃ পরমাণুস্তস্যৈব সতঃ কার্য্যমাত্রস্য স্বরূপাবস্থিতস্য প্রলয়পরিণামপ্রাগ্ভূতস্য যৎ কৈবল্যমৈক্যং স পরম-মহান্ পুংস্ত্বন্তু পরমাণুপ্রতিযোগিত্বাৎ। নন্বু নানাবিশেষবান্ পরস্পরং ভিন্নশ্চ সর্ব্বঃ পদার্থঃ কথমৈক্যং তস্য তত্রাহ অবিশেষঃ বিশেষ-বিবক্ষা-রহিতঃ নিরন্তরঃ ভেদবিবক্ষারহিতশ্চ। সর্ব্বোঽপি প্রপঞ্চঃ পরমমহানিত্যর্থঃ ॥ ২ ॥

বলিয়া কীর্ত্তিত, যাহাকে মানব ভ্রম বশত অবয়ব-বিশিষ্ট পদার্থ মাত্রেরই মূল অবয়বী বলিয়া জ্ঞান করে, তাহারই নাম পরমাণু ॥ ১ ॥

বহু অবয়বের মিলনে অর্থাৎ একত্রিত ভাবই কার্য্য নামে অভিহিত। অতএব এই সম্পূর্ণ বিভিন্ন বহু পরমাণুর বিশেষ নাম ও আকৃতির বর্জ্জনে স্বরূপের অভাবে একত্র অবস্থিতিই পরম-মহান্ শব্দে কথিত হয় ॥ ২ ॥

আভাস।

পূর্ব্বাধ্যায়ে সামান্যত কালোপলক্ষিত গুণকার্য্যরূপ দশবিধ সৃষ্টির বর্ণন করিয়া, কালের স্থূল ও সূক্ষ্মাদি বিশেষ ভাব বর্ণনার অভিপ্রায়ে বস্তুর স্থূলতা ও সূক্ষ্মতা নিরূপণ করিয়াছেন। বস্তুমাত্রেই সংযোগ ও বিয়োগ-শক্তির বশবর্ত্তী হইয়া, অনবরত পরিবর্ত্তিত হইতেছে। অদ্য যেটী বৃহৎ কলেবর-বিশিষ্ট বলিয়া পরিচিত, কল্য তাহা স্বরূপে বিভক্ত হইয়া বহু-নামে ও বহুরূপে প্রতীত হয়। আবার বহু পদার্থের মিলনে একটী সুবৃহৎ পদার্থ রচিত হইয়া থাকে। অতএব নাম বা রূপ অবস্থার অধীন; কিন্তু যাহার উপর এই সকল বিভিন্ন অবস্থা ঘটিয়া থাকে, তাহাই নিত্য বস্তু। পদার্থ সকলের বিভক্ত ভাব আলোচনা পূর্ব্বক যখন এরূপ অবস্থায় উপনীত হওয়া হয় যে, তাহার বিভাগ কল্পনা দ্বারাও অনুমান

এবং কালোঽপ্যনুমিতঃ সৌক্ষ্ম্যে স্থৌল্যে চ সত্তম।
সংস্থানভুক্ত্যা ভগবানব্যক্তো ব্যক্তভুগ্বিভুঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

হে সত্তম! এবং (যথা স্থূলসূক্ষ্মশ্চায়ং পদার্থো নিরূপিতঃ তথা) সংস্থানভুক্ত্যা পরমাণ্বাদ্যবস্থাব্যাপ্তিভয়া, সৌক্ষ্ম্যে স্থৌল্যে চ ব্যক্তভুক্ (ব্যক্তং বিশ্বং ভুংক্তে ব্যাপ্নোতি ইতি) অব্যক্তঃ অপ্রত্যক্ষঃ, ভগবান্ বিভুঃ সমর্থঃ কালঃ অনুমিতঃ ভবতি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

যথা সূক্ষ্মঃ স্থূলশ্চায়ং পদার্থ এবং কালোঽপ্যনুমিতঃ। চকারান্মধ্যমাবস্থা গৃহ্যতে। সংস্থানং পরমাণ্বাদ্যবস্থা তস্য ভুক্তির্ব্যাপ্তি স্তয়া ভগবানিতি হরেঃ শক্তিঃ স্বতোঽব্যক্তঃ ব্যক্তং ভুঙ্‌ক্তে ব্যাপ্নোতি পরিচ্ছিনত্তীতি তথা বিভুঃ উৎপত্ত্যাদিষু দক্ষঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথা সূক্ষ্মঃ স্থূলশ্চায়ং পদার্থঃ। এবং কালোঽপ্যনুমিতঃ জ্ঞাতঃ। কেন প্রকারেণ সংস্থানং পরমাণুপরমমহতোঃ স্বরূপং তস্য ভুক্ত্যা ব্যাপ্ত্যা ভগবদ্ভুক্তিত্বাদ্ভগবান্ স্বতোঽব্যক্তঃ ব্যক্তং সর্ব্বপ্রপঞ্চং ভুঙ্‌ক্তে পরিচ্ছিনত্তীতি তথা বিভুরত এব ব্যাপকঃ। উৎপত্ত্যাদিষু দক্ষো বা ॥ ৩ ॥

হে সাধুশ্রেষ্ঠ! পদার্থ যেমন স্থূল ও সূক্ষ্মভাবে নিরূপিত হইল, বিশ্বব্যাপী অপ্রত্যক্ষ সর্ব্বদ্রষ্টা ও সর্ব্বজনন-শক্তিমান্ কালও তদনুরূপ স্থূল ও সূক্ষ্মরূপে পরিকীর্ত্তিত হইয়াছে ॥ ৩ ॥

আভাস।

করা যায় না, যাহা পদার্থমাত্রেরই উপাদানভূত নিত্যবস্তু বলিয়া লোকে পরিগণিত এবং যাহার সংখ্যা অগণ্য এবং অবস্থা অমিলিত, তাহারই নাম পরমাণু। এই পরমাণুই পৃথিব্যাদি পদার্থ-বিশেষে বিভক্ত হইবার চরম সীমা। পরমাণুর আর অংশ হওয়া সম্ভব নহে। ইহা এত সূক্ষ্ম যে দৃষ্টিগোচর হয় না; কেবল অনুমানের দ্বারা ইহার অস্তিত্ব উপলব্ধি করা হয় মাত্র। গবাক্ষের রন্ধ্র দিয়া বক্রভাবে প্রবিষ্ট সূর্য্যরশ্মির মধ্যে যে অতি সূক্ষ্ম পার্থিব কণা ভ্রমণ করিতে দেখা যায় এবং প্রত্যেকটীকে পরস্পরে পৃথক্ বলিয়া বিলক্ষণ প্রতীত হয়, সেই এক একটী ছয়টী পরমাণুর মিলনে গঠিত, এইরূপ নৈয়ায়িকগণ নিরূপণ করেন। অনেকে বলেন যে, ঐ সমস্ত ক্ষুদ্র পদার্থ এক একটী কীট বিশেষ, এবং তাহাদের দেহের পরিমাণ এক একটী ত্রসরেণুর সমতুল্য। এই ত্রসরেণুর ষষ্ঠাংশ পরমাণু; ইহা পঞ্চম স্কন্ধে বিশেষরূপে বর্ণিত হইবে। এই পরমাণুর পরস্পর মিলনেই বিশেষ কার্য্যের উৎপত্তি হয়। কার্য্যসমূহ কেবল সেই পরমাণু সমূহের সংশ্লেষরূপ অবস্থা মাত্র ॥ ১ ॥

স কালঃ পরমাণুর্বৈ যো ভুঙ্‌ক্তে পরমাণুতাং।
সতোঽবিশেষভুগ্ যস্তু স কালঃ পরমো মহান্ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

সতঃ প্রপঞ্চস্য পরমাণুতাং পরমাণ্বাবস্থাং, যঃ তুঙ্‌ক্তে সঃ বৈ পরমাণুঃ কালঃ, যঃ তু অবিশেষভুক্ (অবিশেষং সাকল্যং ভুঙ্‌ক্তে সঃ) পরমঃ মহান্ কালঃ উক্তঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

এতদেব প্রপঞ্চয়তি স ইত্যাদিনা। সতঃ প্রপঞ্চস্য পরমাণুতাং পরমাণ্বাবস্থাং যো ভুঙ্‌ক্তে স কালঃ পরমাণুঃ। তস্যৈবাবিশেষং সাকল্যং যো ভুঙ্‌ক্তে স পরমমহান্। অয়মর্থঃ গ্রহর্ক্ষ-তারাচক্রস্থ ইত্যাদিনা যং সূর্য্যপর্য্যটনং বক্ষ্যতে। তত্র সূর্য্যো যাবতা পরমাণুদেশমতিক্রামতি তাবান্ কালঃ পরমাণুঃ। যাবতাচ দ্বাদশরাশ্যাত্মকং সর্ব্বং ভুবনকোষমতিক্রামতি স পরমমহান্ সংবৎসরাত্মকঃ কালঃ তস্যৈবাবৃত্ত্যা যুগমন্বন্তরাদিক্রমেণ দ্বিপরার্দ্ধান্তত্বমিতি। তথাচ পঞ্চমে সূর্য্যগত্যৈব কালাদিবিভাগং বক্ষ্যতি ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংস্থানভুক্ত্যোস্ত্যস্যার্থং বিবৃণোতি। সতঃ কার্য্যস্য পরমাণুতাং পরমাণুস্বরূপং যঃ কালো ভুঙ্‌ক্তে সূর্য্যরূপেণাতিক্রামতি স পরমাণুঃ। গ্রহর্ক্ষেতি বক্ষ্যমাণবাক্যদৃষ্ট্যা যাবতা কালেন সূর্য্যঃ পরমাণুদেশমতিক্রামতি তাবান্ কালঃ পরমাণুরিত্যর্থঃ। সচ তস্যৈব অবিশেষং সর্ব্বমেব প্রপঞ্চং ভুঙ্‌ক্তে বৎসরযুগাদ্যাবৃত্ত্যা সূর্য্যরূপী যঃ কালঃ স পরমমহান্ সৃষ্টিমারভ্য প্রপঞ্চস্য সংহারপর্য্যন্তং যাবান্ কালঃ তাবান্ সর্ব্বএব পরম-মহানিত্যর্থঃ। তত্র পরমাণ্বণুত্রসরেণূনাং কার্য্যাংশানাঞ্চ কালাংশানাং সংজ্ঞাপ্রমাণে তুল্যে এব তথা পরমমহতঃ কার্য্যস্য কালস্যচ সংজ্ঞৈব তুল্যা তন্মধ্যস্থানাং সংজ্ঞাপ্রমাণয়োর্ভিন্নত্বমিতি জ্ঞেয়ম্ ॥ ৪ ॥

সৎস্বরূপে প্রকাশমান প্রপঞ্চ কার্য্যের প্রত্যেক পরমাণুতে অবচ্ছিন্ন পরমাণু কাল বলিয়া পরিগণিত; আর যাহা কোন বিশেষ পরমাণু অবলম্বন ব্যতীত সমগ্র পরমাণুতে একাকারে নিরবচ্ছেদে বিদ্যমান, তাহারই নাম পরম মহাকাল ॥ ৪ ॥

আভাস।

আত্যন্তিক সূক্ষ্মের নির্ণয় পূর্ব্বক আত্যন্তিক স্থূলের বিবরণার্থ বলিলেন, বিনা সংশ্লেষে সমস্ত পরমাণু সমষ্টিই পরম বৃহৎ। অর্থাৎ পরমাণু অমূর্ত্ত্য নিরবয়ব অতি সূক্ষ্ম ও মহত্ত্ব-বর্জ্জিত পদার্থ; কিন্তু এই ব্যবহারিক জগৎরচনার প্রারম্ভে এই সমস্ত পরমাণু স্বজাতীয় ও বিজাতীয় সম্বন্ধে পরস্পরে মিলিত হইয়া ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ ও ব্যোমের রূপ, অবয়ব এবং মহত্ত্বের পরিচয় দিয়া থাকে। এই জগৎরচনা ব্যতীত অনন্ত পরমাণু ইহার চতুষ্পার্শ্বে ভ্রমণ করিতেছে, যাহার সামান্য অংশের সংশ্লেষেই এই ব্রহ্মাণ্ডাদি উপকল্পিত। সম্পূর্ণ প্রলয়ের পূর্ব্বাবস্থায় অবয়ব-বিশিষ্ট নামধারী বস্তুমাত্রই যখন নাম

দ্বৌ পরমাণূ স্যাৎ ত্রসরেণু স্ত্রয়ঃ স্মৃতঃ।
জালার্করশ্ম্যবগতঃ খমেবানুপতন্নগাৎ।

অন্বয়ঃ।

দ্বৌ পরমাণূ অণুঃ স্যাৎ (দ্বাভ্যাং পরমাণুভ্যাং একঃ অণুঃ স্যাৎ সঃ অণুকালঃ) ত্রয়ঃ অণবঃ একঃ ত্রসরেণুঃ (ত্রসরেণুকালঃ চ স্মৃতঃ) জালার্করশ্ম্যবগতঃ (জালং গবাক্ষগতজালং

শ্রীধরস্বামী।

ইদানীং দ্বাণুকাদিলক্ষণপূর্ব্বকং মধ্যমকালাবস্থাং কথয়তি। দ্বৌ পরমাণূ অণুঃ স্যাৎ ত্রয়োঽণবঃ ত্রসরেণুঃ। সতু প্রত্যক্ষ ইত্যাহ জালার্কেতি। গবাক্ষপ্রবিষ্টেষর্করশ্মিষু অবগতঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দ্বৌ পরমাণূ অণুঃ স্যাৎ। ত্রয়োঽণবস্ত্রসরেণুঃ সতু প্রত্যক্ষ ইত্যাহ। জালার্কেতি গবাক্ষপ্রবিষ্টেষর্করশ্মিষু খমেবাতিলাঘবেন অনুপতন্ অবগতশ্চক্ষুষা জ্ঞাতঃ নতু গাং পৃথ্বীং। অগাদিতি পাঠে তথাভূত শ্চলতীত্যর্থঃ। অত্রাণুপরমাণ্বোঃ সত্ত্বে কিং জ্ঞাপকমিতি চেৎ। ত্রসরেণুরেব। তথা হি অবয়বানাং স্থৌল্যপ্রচুরত্বে বিনা অবয়বী দৃশ্যো ন ভবতীতি সর্ব্বত্র নিয়মঃ। অত্র ত্রসরেণো রবয়বিনঃ ত্রয়ঃ স্থূলা অণবঃ এবাবয়বাঃ কল্প্যা নতু পরমাণব স্তেষাং স্থৌল্যাভাবাৎ স্থৌল্যমনেকবস্তুঘটিতত্বমিত্যণোঃ স্থৌল্যং পরমাণুং বিনা ন সংভবেদিতি পরমাণুসিদ্ধিঃ। ত্রসরেণোর্দৃশ্যত্বমবয়বস্থৌল্যং বিনা ন সম্ভবেদিত্যনুসিদ্ধিঃ তথা অণোঃ স্থৌল্যার্থং পরমাণোর্দ্বিত্বমেব কল্প্যতে নতু ত্রিত্বচতুষ্কাদিকং প্রথমোপস্থিতেস্তন্ত্রত্বাদিতি ন্যায়াৎ। যথা কপিঞ্জলনালভেত প্রাচুর্য্যার্থমনেকোরপি ত্রিত্বমেব কল্প্যতে তথা যুক্তেরিতি॥

দুই পরমাণুর মিলনে যেমন এক অণু হয়, সেই অণুতে অবচ্ছিন্ন কালও অণুকাল নামে অভিহিত। তিন অণুতে ত্রসরেণু, তদবচ্ছিন্ন কালও ত্রসরেণু বলিয়া কথিত। গবাক্ষরন্ধ্র দ্বারা প্রবিষ্ট সূর্য্যকিরণে পরিভ্রমণকারী যে

আভাস।

ও রূপ বিসর্জ্জন দিয়া অনন্ত পরমাণুর বিপুল সমুদ্রে আত্মসমর্পণ করিয়া পরমাণুমাত্র হইয়া থাকে, তখন এই সমগ্র বিশ্ব-সংসারের উপাদান কারণরূপ অমিলিত সৃষ্টি ও প্রলয়ের অব্যবহিত অবস্থায় সৎ স্বরূপ পরমাণুপুঞ্জই আত্যন্তিক স্থূলপদবাচ্য॥ ২॥

পদার্থ যেমন সূক্ষ্ম ও স্থূলরূপে নিণীত হইয়াছে, কালও সেইরূপ স্বয়ং অব্যক্ত হইলেও ব্যক্ত প্রপঞ্চকে ব্যাপ্ত করায়, বিভুপদবাচ্য হইয়াছেন॥ ৩॥

পরমাণু-পরিচ্ছিন্ন কালই পরমাণুনামে অভিহিত। পরমাণু-সমষ্টিতে পরিচ্ছিন্ন কাল পরম মহাকাল নামে কথিত হইয়া থাকে। অর্থাৎগ্রহ-নক্ষত্রাদি রাশিচক্রস্থ সূর্য্যদেব নিজগতি অনুসারে প্রত্যেক পরমাণুকে যে সময়ের মধ্যে অতিক্রম করেন, সেই সময়কে পরমাণু-কাল বলা যায়; এবং যে সময়ের মধ্যে দ্বাদশরাশিবিশিষ্ট সমগ্রভুবনাত্মক পরম

ত্রসরেণু স্ত্রিকং ভুঙ্‌ক্তে যঃ কালঃ সা ত্রুটিঃ স্মৃতা ॥ ৫ ॥
শতভাগস্তু বেধঃ স্যাত্তৈস্ত্রিভিস্তু লবঃ স্মৃতঃ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

রন্ধ্রং প্রবিষ্টেষু অর্করশ্মিষু সূর্য্যকিরণেষু অবগতঃ দৃষ্টঃ সন্) যঃ খং আকাশং এব (লঘুত্বেন উৎপতন্ অগাৎ গতঃ ভবতি (সঃ ত্রসরেণুঃ)। ত্রসরেণুত্রিকং যঃ কালঃ ভুঙ্‌ক্তে সা ত্রুটিঃ স্মৃতা ॥ ৫ ॥

বেধঃ কালঃ শতভাগঃ (শতং ত্রুটিরূপাঃ ভাগাঃ যস্মিন্) স্যাৎ তৈঃ বেধৈঃ ত্রিভিঃ তু লবঃ স্মৃতঃ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

কোঽসৌ যোঽতিলঘুত্বেন খমেবানুপতন্ অগাৎ গতঃ। নগামিতি পাঠে খমেবানুপতন্ অবগতঃ নতু গাং পৃথ্বীং ॥ ৫ ॥

শতং ভাগাঃ ত্রুটিরূপা যস্মিন্ স বেধঃ তৈর্ব্বেধৈঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রসরেণুত্রিকমিতি ত্রিভিস্ত্রসরেণুভিঃ ত্রুটিঃ। সূচ্যা ভিন্নে পদ্মপত্রে ত্রুটিরিত্যভিধীয়তে ইতি সূর্য্যসিদ্ধান্তঃ। যাবতা কালেন পদ্মপুষ্পপত্রং ভিদ্যতে তাবান্ কালঃ ত্রুটিরিত্যর্থঃ ॥ ৫ ॥

শতং ভাগাঃ ত্রুটিরূপা যস্মিন্ স বেধঃ ত্রুটিগতেন বেধ ইত্যর্থঃ। তৈস্ত্রিভি র্লবঃ ॥ ৬ ॥

সমস্ত সূক্ষ্ম অবয়ব গৃহমধ্যে পরিভ্রমণ করে এবং আকাশ পথ অবলম্বনেই চলিয়া যায়, সেই খণ্ডিত সূর্য্যকিরণে অনুমিত ক্ষুদ্রাবয়বই ত্রসরেণুর পরিমাণে কল্পনীয়। তিনটি ত্রসরেণুর সম্মিলনে এক ত্রুটি এবং তৎসংসৃষ্ট কালও ত্রুটিনামে উক্ত ॥ ৫ ॥

শত ত্রুটিতে এক বেধ হয় এবং তিন বেধে এক লব; উক্ত মিলন পর্য্যায়ে কালও তৎ তৎ সংজ্ঞায় কথিত ॥ ৬ ॥

আভাস।

শ্রেষ্ঠ ভুবনকোষকে অতিক্রম করেন, সেই সময়কে মহাকাল সংবৎসর বা তাহারও পুনরাবৃত্তি দ্বারা ক্রমান্বয়ে যুগ, মন্বন্তর ও দ্বিপরার্দ্ধাদি মহাকালের নির্ণয় হইয়া থাকে। যেমন পরমাণু, অণু, ত্রসরেণু ও রেণুকাদিক্রমে পদার্থের নাম ও রূপের কল্পনা করা হয়, তৎ তৎ অবচ্ছিন্ন কালও সেইরূপ তৎ তন্নামে ও পরিমাণে অভিহিত হইয়া থাকে।

এক্ষণে পরমাণু হইতে পরম মহত্ত্ব পর্য্যন্ত মধ্যবর্ত্তী পদার্থের অবস্থার পরিচয়ের সঙ্গে সঙ্গে কালেরও মধ্যাবস্থার নাম, পরিমাণ এবং বিভাগ বর্ণন করিয়াছেন। দুই পরমাণুতে যেমন পদার্থনিষ্ঠ অণু নাম প্রদত্ত হইয়াছে, সেইরূপ দুই পরমাণুতে অবচ্ছিন্ন কালও অণুকাল নামে উক্ত হইয়া থাকে। এইরূপ ত্রসরেণুকাদি পদার্থের নাম অনুসারে তত্তদবচ্ছিন্ন কালও তত্তন্নামে উক্ত হইয়া থাকে। পরমাণু বা অণু চক্ষুগ্রাহ্য নহে; কিন্তু তিনটী অণু

নিমেষ স্ত্রিলবো জ্ঞেয় আম্নাতাস্তে ত্রয়ঃ ক্ষণঃ।
ক্ষণান্ পঞ্চ বিদুঃ কাষ্ঠাং লঘুতা দশ পঞ্চচ ॥ ৭ ॥
লঘূনি বৈ সমাম্নাতা দশ পঞ্চ চ নাড়িকাঃ।
তে দ্বে মুহূর্ত্তঃ প্রহরঃ ষড়্ যামঃ সপ্ত বা নৃণাং ॥ ৮ ॥

অন্বয়ঃ।

ত্রিলবঃ নিমেষঃ জ্ঞেয়ঃ। তে নিমেষাঃ ত্রয়ঃ ক্ষণঃ আম্নাতঃ কথিতঃ, পঞ্চক্ষণান্ কাষ্ঠাং বিদুঃ, দশপঞ্চ চ কাষ্ঠাঃ লঘুতা (ভবতি) ॥ ৭ ॥

দশ পঞ্চ চ লঘূনি নাড়িকাঃ সমাম্নাতাঃ তে দ্বে নাড়িকে মুহূর্ত্তঃ দণ্ডঃ, ষট্ সপ্ত বা নাড়িকাঃ প্রহরঃ নৃণাং যামঃ (দিনস্য রাত্রেশ্চ চতুর্থঃ ভাগঃ) ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

তে নিমেষা স্ত্রয়ঃ ক্ষণ ইত্যাম্নাতঃ, তাঃ কাষ্ঠাঃ পঞ্চদশকঃ লঘু ॥ ৭ ॥

নাড়িকাঃ ষট্ সপ্ত বা প্রহরঃ সএব যামোঽপি দিনস্য রাত্রেশ্চ চতুর্থো ভাগঃ, হ্রাসে ষট্ বৃদ্ধৌ সপ্ত সন্ধ্যাংশ মুহূর্ত্তদ্বয়ং বিনেতি জ্ঞাতব্যং তত্রাপ্যনিয়মার্থো বা শব্দঃ প্রত্যহং তদ্ভেদানাং গণয়িতুং অশক্যত্বাৎ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিলবো নিমেষো জ্ঞেয়ঃ তে নিমেষাস্ত্রয়ঃ ক্ষণ ইত্যাম্নাতঃ, পঞ্চক্ষণান্ কাষ্ঠাং বিদুঃ। তাঃ কাষ্ঠাঃ পঞ্চদশ একং লঘু ভবতি ॥ ৭ ॥

নাড়িকা দণ্ডঃ তে দ্বে নাড়িকে। ষট্ সপ্ত বা নাড়িকাঃ প্রহরঃ সএব যামোঽপি। দিনস্য রাত্রেশ্চ চতুর্থভাগঃ। হ্রাসে ষট্ বৃদ্ধিপ্রবৃত্তৌ সপ্ত। সন্ধ্যাদ্বয়ঘটিকাং বিনেতি জ্ঞেয়ং। তত্রাপ্যনিয়মে বা শব্দঃ। প্রত্যহং তদ্ভেদানাং গণয়িতুমশক্যত্বাৎ ॥ ৮ ॥

তিন লবে এক নিমেষ এবং তিন নিমেষে এক ক্ষণ, পাঁচ ক্ষণে এক কাষ্ঠা এবং পঞ্চদশ কাষ্ঠায় এক লঘু হয়। তত্তৎ আশ্রিত কালও সেই সেই নামে আখ্যাত ॥ ৭ ॥

পঞ্চদশ লঘুতে এক নাড়িকা বা দণ্ড ও দুই দণ্ডে এক মুহূর্ত্ত হয় এবং ছয় বা সপ্ত দণ্ডে এক প্রহর; এই প্রহর মনুষ্য পরিমাণে রাত্রি বা দিবসের এক চতুর্থভাগ ॥ ৮ ॥

আভাস।

বা ছয় পরমাণুর মিলনে যে ত্রসরেণু উৎপন্ন হয়, তাহা চক্ষুগ্রাহ্য বলিয়া শাস্ত্রাদিতে মীমাংসা করিয়াছেন। গবাক্ষরন্ধ্র দ্বারা গৃহাভ্যন্তরে প্রবিষ্ট সূর্য্যরশ্মিতে ইতস্ততঃ সঞ্চরণকারী অতি সূক্ষ্ম অবয়ব সকল যাহা নয়নগোচর করা যায়, তাহাই ত্রসরেণু শব্দবাচ্য। এই সকল অবয়ব এত সূক্ষ্ম যে তাহারা মাধ্যাকর্ষণে আকৃষ্ট বা ভূমিতে পতিত হয় না, অনবরত আকাশপথেই বিচরণ করিতেছে। কিন্তু এইস্থানে আশঙ্কা হইতে পারে যে,

দ্বাদশার্দ্ধপলোন্মানং চতুর্ভিশ্চতুরঙ্গুলৈঃ।
স্বর্ণমাষৈঃ কৃতচ্ছিদ্রং যাবৎ প্রস্থজলপ্লুতং ॥ ৯ ॥

অন্বয়ঃ।

দ্বাদশার্দ্ধপলোন্মানং (দ্বাদশার্দ্ধং ষট্, উন্মীয়তে অনেন ইত্যুন্মানং পাত্রং ষট্ পলতাম্র-বিনির্মিতং প্রস্থপ্রমিতজলপূর্ত্তিযোগ্যং পাত্রং) চতুর্ভিঃ স্বর্ণমাষৈঃ চতুরঙ্গুলায়াম-শলাকারূপেণ রচিতৈঃ কৃতচ্ছিদ্রং (কৃতং মূলচ্ছিদ্রং তেন ছিদ্রেণ) যাবৎ প্রস্থজলপ্লুতং (প্রস্থপরিমিতং জলং প্রবিশতি) তাবান্ কালো নাড়িকা ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

নাড়িকায়া উন্মানমাহ। উন্মীয়তে অনেনেতি উন্মানং পাত্রং ষট্ পলতাম্রবিরচিতং পঞ্চ গুঞ্জা মাষঃ। তৈশ্চতুর্ভি শ্চতুরঙ্গুলায়াম-শলাকারূপেণ রচিতৈঃ কৃতমূলচ্ছিদ্রং। তেন ছিদ্রেণ যাবৎ প্রস্থপরিমিতং জলং প্রবিশতি তেনচ প্লুতং নিমগ্নং ভবতি তাবান্ কালো নাড়িকা। অত্র পলচ্ছিদ্রয়োরাধিক্যে শীঘ্রং নিমজ্জেৎ অল্পত্বে চ বিলম্বেনেতি পলশলাকয়ো র্নিয়মঃ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাড়িকায়া উন্মানমাহ। উন্মীয়তেঽনেনেত্যুন্মানং ষট্ পলতাম্ররচিতং পাত্রং চতুঃষষ্ট্যা মাষৈঃ পলং ভবতি। পঞ্চ গুঞ্জা মাষঃ তৈশ্চতুর্ভিশ্চতুরঙ্গুলায়াম-শলাকারূপেণ রচিতৈঃ কৃতমূলচ্ছিদ্রং তেন ছিদ্রেণ যাবৎ প্রস্থপরিমিতং জলং প্রবিশতি। তেন চ প্লুতং নিমগ্নং ভবতি তাবান্ কালো নাড়িকা। অত্র পলচ্ছিদ্রয়োরাধিক্যে শীঘ্রং নিমজ্জেৎ অল্পত্বে চ বিলম্বেনেতি পলশলাকয়ো র্নিয়মস্তত্রাপি রজতাদিশলাকয়া ছিদ্রপুষ্টিঃ স্যাদিতি স্বর্ণস্যাপি নিয়মঃ ॥ ৯ ॥

ছয় পল তাম্রের দ্বারা নির্ম্মিত প্রস্থ-পরিমিত জল ধরিতে পারে এরূপ এক পাত্রের নিম্নদেশে চারি মাষা স্বর্ণের দ্বারা প্রস্তুত চারি অঙ্গুলি লম্বা একটী শলাকার দ্বারা ছিদ্র করিয়া দিলে সেই ছিদ্রযোগে পাত্রস্থ জল যে সময়ের মধ্যে নিঃশেষে নির্গত হয়, বা পাত্র পূর্ণ হইয়া জল প্রবেশ করে, সেই পরিমিত কালকে নাড়ী নামে উল্লেখ করা হয় ॥ ৯ ॥

আভাস।

স্থূলতা ও অবয়বিভাব ব্যতীত পদার্থ কখনই নয়নগোচর হইতে পারে না; তদুত্তরে মীমাংসা করিয়াছেন যে, অণুরূপ অবয়ব-ত্রয়ের মিলনে ত্রসরেণু অবয়বী হয় এবং দুই পরমাণুর সম্মিলনে স্থূলতা বিশিষ্ট এক অণু প্রস্তুত হয়। অতএব স্থূলতা ও অবয়বিভাব-শূন্য পরমাণুদ্বয়ের মিলনেই যখন স্থূলতা জন্মে, তখন অণুর উৎপাদনে দুই ব্যতীত তিন

ত্রিযবাঃ গুঞ্জা, পঞ্চগুঞ্জাপরিমিতো মাষঃ, ষোড়শমাষপরিমিতঃ একঃ সুবর্ণঃ চত্বারঃ সুবর্ণাঃ একং পলং ॥ ৯ ॥

যামা শ্চত্বার শ্চত্বারো মর্ত্ত্যানামহনী উভে।
পক্ষঃ পঞ্চদশাহানি শুক্লঃ কৃষ্ণশ্চ মানদ ॥ ১০ ॥
তয়োঃ সমুচ্চয়ো মাসঃ পিতৃণাং তদহর্নিশং।
দ্বৌ তাবৃতুঃ ষড়য়নং দক্ষিণঞ্চোত্তরং দিবি ॥ ১১ ॥

অন্বয়ঃ।

হে মানদ! চত্বারঃ চত্বারঃ (অষ্টৌ) যামাঃ মর্ত্ত্যানাং মনুষ্যাণাং উভে অহনী অহোরাত্রৌ (চত্বারো যামা অহঃ। চত্বারঃ যামাঃ রাত্রিঃ উভে মিলিত্বা একং অহঃ তানি) পঞ্চদশাহানি পক্ষঃ (সঃ চ পক্ষঃ দ্বিবিধঃ) শুক্লঃ কৃষ্ণশ্চ ॥ ১০ ॥

তয়োঃ (কৃষ্ণপক্ষশুক্লপক্ষয়োঃ) সমুচ্চয়ঃ সমুদায়ঃ (নৃণামেকো) মাসঃ পিতৃণাং অহর্নিশং অহোরাত্রং (শুক্লপক্ষঃ অহঃ কৃষ্ণপক্ষঃ রাত্রিঃ) তৌ দ্বৌ মাসৌ নৃণাং ঋতুঃ; (ষণ্মাসাঃ) অয়নং (তচ্চ দ্বিবিধং) দক্ষিণং উত্তরং চ দিবি ইতি পরেণান্বয়ঃ ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

অহনী অহোরাত্রৌ ॥ ১০ ॥
ষণ্মাসা অয়নং দিবীত্যস্যোত্তরেণান্বয়ঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহনী অহোরাত্রৌ ॥ ১০ ॥
ষণ্মাসা অয়নং। দিবীত্যস্যোত্তরেণান্বয়ঃ ॥ ১১ ॥

পূর্ব্বে যে যাম বা প্রহরের কথা বলা হইয়াছে, তাহা চারি প্রহরে (যামে) মনুষ্যের এক দিবা এবং চারি যামে এক রাত্রি হয়। এই উভয় দিবা ও রাত্রি একত্র এক দিবস বলিয়া অভিহিত। ইহার পঞ্চদশ দিবসে এক এক পক্ষ হয়। এই পক্ষ দুইটী; শুক্ল ও কৃষ্ণ ॥ ১০ ॥

এই উভয় শুক্ল ও কৃষ্ণপক্ষ একত্রে মনুষ্যের এক মাস হয়; কিন্তু পিতৃলোকের এক অহোরাত্র। শুক্লপক্ষকে পিতৃলোকের দিন এবং কৃষ্ণপক্ষকে রাত্রিনামে সংজ্ঞিত করা হয়। দুই মাসে মনুষ্যের এক ঋতু এবং ছয় মাসে এক অয়ন। অয়নও দ্বিবিধ; উত্তরায়ন ও দক্ষিণায়ন ॥ ১১ ॥

আভাস।

বা চারি পরমাণুর মিলন কল্পনা করা নিষ্প্রয়োজন। তাহাতে তন্ত্রতাদোষ জন্মে ॥

তিন ত্রসরেণুতে এক ত্রুটি হয়। পদ্মপুষ্পের পত্র সূচিকার দ্বারা বিদ্ধ করিতে যে কাল আবশ্যক, তাহার নাম ত্রুটি। সূর্য্যসিদ্ধান্তও এইরূপে সিদ্ধান্ত করিয়াছেন। ঐরূপ একশত পদ্মপত্র উপর্য্যুপরি রাখিয়া সূচিকাদ্বারা একত্র ভেদ করিতে যে সময় প্রয়োজন, সেই কাল অর্থাৎ শত ত্রুটিতে এক বেধ হয়। সেই বেধত্রয় কাল একত্র লবশব্দে

অয়নে অহনী প্রাহু র্বৎসরো দ্বাদশ স্মৃতঃ।
সংবৎসরশতং নৃণাং পরমায়ু র্নিরূপিতং ॥ ১২ ॥

অন্বয়ঃ।

দিবি স্বর্গে, অয়নে (দেবানাং) অহনী অহর্নিশং (উত্তরায়ণং অহঃ দক্ষিণায়নং রাত্রিঃ) দ্বাদশমাসাঃ (নৃণাং) সংবৎসরঃ স্মৃতঃ (তথা) সংবৎসরশতং নৃণাং পরমায়ুঃ নিরূপিতং ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

দেবানামহোরাত্রে প্রাহুঃ দ্বাদশ মাসাঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তে অয়নে দিবি দেবানামহনী অহোরাত্রৌ দ্বাদশমাসা বৎসরঃ ॥ ১২ ॥

স্বর্গলোকে এই দুই অয়নের দ্বারা দেবলোকের এক দিবারাত্রির কল্পনা হইয়া থাকে। উত্তরায়ণ তাঁহাদের দিবা এবং দক্ষিণায়ন তাঁহাদের রাত্রি। দ্বাদশ মাসে মনুষ্যের একবৎসর এবং সেই শত সম্বৎসর মনুষ্যের পরমায়ুঃ কল্পিত হইয়া থাকে ॥ ১২ ॥

আভাস।

অভিহিত হইয়া থাকে। তিন ত্রুবে এক নিমেষ; তিন নিমেষ এক ক্ষণ; পাঁচ ক্ষণে এক কাষ্ঠা; পঞ্চদশ কাষ্ঠায় এক লঘু; পঞ্চদশ লঘুতে এক নাড়ি বা দণ্ড; দুই দণ্ডে এক মুহূর্ত্ত; ছয় বা সাত দণ্ডে মনুষ্যের এক যাম ॥ ৪—৮ ॥

বৎসরের পরিমাণ কথনের প্রসঙ্গে মনুষ্যের পরমায়ুরও উল্লেখ পূর্ব্বক প্রকাশ করা হইয়াছে যে, শত সম্বৎসর মনুষ্যের পরমায়ুঃ। মনুষ্য-পরমায়ুর প্রসঙ্গাধীন পিতৃগণ ও দেবগণের আয়ুও নির্ণয় করা হইল। মনুষ্যের ন্যায় তাঁহারাও স্ব স্ব পরিমাণ মত শত সম্বৎসর পরমায়ুঃ ভোগ করিয়া থাকেন। শ্রুতিও বলিয়াছেন যে, "শতায়ুর্বৈ পুরুষঃ" পুরুষ শত বৎসর জীবিত থাকে। এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, মনুষ্য শ্রুত্যুক্ত পরমায়ু অনুসারে জীবিত না থাকিয়া, তাহার অনেক পূর্ব্বেও মরিয়া যায়; কেহ বা তাহার অনেক পর পর্য্যন্তও জীবিত থাকে; ইহার কারণ কি? এই প্রশ্নের উত্তর প্রদানার্থ গ্রন্থকার "পরং" শব্দের প্রয়োগ করিয়াছেন। যেমন মনুষ্যযোনি দুর্ল্লভ, সেইরূপ প্রারব্ধভোগ-কালে শুভ মঙ্গলসূচক কর্ম্ম করিবার অবসর স্বরূপ আয়ুও অতি দুর্ল্লভ। পিতৃদত্ত ধনের অপরিমিত ব্যয়ের দ্বারা প্রচুর ধনীও যেমন অতি অল্পকালের মধ্যে নিঃস্ব হইয়া পড়ে, সেইরূপ নির্ব্বোধ ব্যক্তির আয়ু অতিরিক্ত দুরাচরণে সত্বর ক্ষয় হয় এবং সদাচারীর অপেক্ষাকৃত আয়ুর্বৃদ্ধি হয়; ইহা স্বতঃসিদ্ধ ঈশ্বরেরই নিয়ম ॥ ৯—১২ ॥

এই সংবৎসরাদি কালের নিরূপণাদির দ্বারা স্পষ্টই প্রকাশ যে, সূর্য্যদেব বিষয়াবিষ্টচিত্ত মানবগণের পরমায়ু বৃথাই ক্ষয় করিতেছেন। ইহা স্পষ্ট প্রতীত করাইবার অভিপ্রায়ে বলা হইল যে, চন্দ্র, তারা, নক্ষত্র ও গ্রহগণ পৃথিব্যাদি সহ স্ব স্ব গতি অনুসারে মণ্ডলাকারে

গ্রহর্ক্ষতারা-চক্রস্থঃ পরমাণ্বাদিনা জগৎ।
সংবৎসরাবসানেন পর্য্যেত্যনিমিষো বিভুঃ ॥ ১৩ ॥
সম্বৎসরঃ পরিবৎসর ইড়াবৎসর এব চ।

অন্বয়ঃ।

গ্রহর্ক্ষতারাচক্রস্থঃ (গ্রহাশ্চ চন্দ্রাদয়ঃ ঋক্ষাণ্যশ্বিন্যাদীনি তারা অন্যানি চ নক্ষত্রাণি তদেব উপলক্ষিতং যৎ কালচক্রং তত্রাস্থিতঃ) অনিমিষঃ (নিমেষমাত্রং অপি অবস্থিতিশূন্যঃ) সাবধানঃ বিভুঃ (ভগবদ্দত্ত-তত্তদধিকারেণ সমর্থঃ কালব্যবস্থাপকঃ সূর্য্যঃ) পরমাণ্বাদিনা জগৎ (দ্বাদশরাশ্যাত্মকং ভুবনকোষং) সংবৎসরাবসানে (সংবৎসরপর্য্যন্তেন কালেন) পর্য্যেতি পরিক্রামতি ॥ ১৩ ॥

হে বিদুর! (আদিত্যগত্যা) সংবৎসরঃ (বৃহস্পতিগত্যা) পরিবৎসরঃ (ত্রিংশৎ দিবস-

শ্রীধরস্বামী।

অনেন ক্রমেণাসৌ সূর্য্যো নিত্যমায়ুঃ ক্ষপয়তীত্যাহ গ্রহাশ্চন্দ্রাদয় ঋক্ষাণ্যশ্বিন্যাদীনি তারা অন্যানি নক্ষত্রাণি। তদুপলক্ষিতং যৎ কালচক্রং তত্র স্থিতঃ অনিমিষঃ কালাত্মা বিভুরীশ্বরঃ সূর্য্যঃ জগৎ দ্বাদশরাশ্যাত্মকং ভুবনকোষং পর্য্যেতি পর্য্যটতি ॥ ১৩ ॥

সংবৎসরাদিভেদশ্চ সৌর-বার্হস্পত্য-সাবন-চান্দ্র-নক্ষত্র-মাস-ভেদেন দ্রষ্টব্যঃ কেচিৎ পুনরেবমাহুঃ। যদা শুক্লপ্রতিপদি সংক্রান্তি র্ভবতি তদা সৌরচান্দ্রমাসয়োঃ যুগপদুপ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তচ্চ নৃণামায়ুরুদয়াস্তময়াভ্যাং সূর্য্যো হরতীত্যাহ। গ্রহাশ্চন্দ্রাদয়ঃ ঋক্ষাণ্যশ্বিন্যাদীনি তারা অন্যানি নক্ষত্রাণি তেষাং চক্রে মণ্ডলে তিষ্ঠতীতি জ্যোতিশ্চক্রস্থ ইত্যর্থঃ। অনিমিষঃ কালস্বরূপঃ বিভুরীশ্বরাংশঃ, পর্য্যেতি পরিক্রামতি ॥ ১৩ ॥

গ্রহর্ক্ষতারাচক্রস্থ ইত্যুক্তমতঃ সূর্য্যগত্যা গ্রহাদীনামপি গত্যা বর্ষস্য নামভেদানাহ সংবৎসর ইতি। সৌরগত্যা পরিবৎসর ইতি। বার্হস্পত্যগত্যা অনুবৎসর ইতি চান্দ্র-

---

কালের ব্যবস্থাপক বিভু সূর্য্যদেব চন্দ্রাদি গ্রহ-চক্রের মূলদেশে অবস্থান পূর্ব্বক প্রত্যেক পরমাণু ধরিয়া দ্বাদশ রাশিবিশিষ্ট ভুবনকোষ জগৎ এক সম্বৎসরের মধ্যে বিনা বিশ্রামে পরিক্রম করিয়া থাকেন ॥ ১৩ ॥

হে বিদুর! এই একই বৎসর নিমিত্তভেদে পঞ্চনামে অভিহিত হইয়া থাকে; যথা আদিত্যের গতি অনুসারে সম্বৎসর; বৃহস্পতির গতি অনুসারে

আভাস।

এক সূর্য্যমণ্ডলকে পরিবেষ্টিত হইতেছে। সূর্য্যও নিজ গতি অনুসারে মেষাদি দ্বাদশ রাশিতে গমন পূর্ব্বক নিরবচ্ছিন্ন গতিতে ভুবনকোষের প্রত্যেক পরমাণু পর্য্যন্ত অতিক্রম করিতেছেন ॥ ১৩ ॥

অনুবৎসরো বৎসরশ্চ বিদুষৈবং প্রভাষ্যতে ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

পরিমিতমাসৈঃ) ইড়াবৎসরঃ (নক্ষত্রগত্যা) বৎসরঃ (তিথ্যাত্মকঃ) অনুবৎসরঃ এবচ এবং (একোঽপি বৎসরঃ নিমিত্তভেদাৎ পঞ্চধা) প্রভাষ্যতে ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

ক্রমো ভবতি স সম্বৎসরঃ, ততঃ সৌরমানেন বর্ষে ষট্‌দিনানি বর্দ্ধন্তে, চান্দ্রমানেন ষট্ দিনানি হ্রসন্তীতি দ্বাদশদিনব্যবধানাদুভয়োরগ্রপশ্চাদ্ভাবো ভবতি। এবং ব্যবধানতারতম্যেন পঞ্চবর্ষাণি গচ্ছন্তি, তন্মধ্যে দ্বৌ মলমাসৌ ভবতঃ, ততঃ পুনঃ ষষ্ঠসম্বৎসরো ভবতীতি ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গত্যা ঋক্ষতারাণাং স্বতো গত্যভাবাৎ চক্রগতিরেব গতিরিতি, তত্রাপি ঋক্ষাণাং সপ্তবিংশতিদিনমানে মাসে দ্বাদশভি র্বৎসর ইতি তারাণাং সংখ্যাভাবাৎ ত্রিংশদ্দিনপ্রমাণৈঃ সাবনে মাসৈ রিড়াবৎসর ইতি জ্ঞেয়ম্ ॥ ১৪ ॥

পরিবৎসর; ত্রিংশৎ দিবসে মাস, সেই মাসের হিসাবে ইড়াবৎসর; নক্ষত্রগতিতে বৎসর এবং তিথি অনুসারে দ্বাদশ চান্দ্র মাসে এক অনুবৎসর পরিকীর্ত্তিত হইয়া থাকে ॥ ১৪ ॥

আভাস।

সূর্য্যাদির গতি বিশেষে এক বৎসরেরই নানা নাম কল্পিত হইয়াছে। অর্থাৎ সৌর, বার্হস্পত্য, সাবন, চান্দ্র ও নাক্ষত্র মাস অনুসারেই বৎসরের ভেদ হইয়া থাকে। দ্বাদশ রাশিতে সূর্য্যের সংক্রমণাবচ্ছিন্ন কালে যে দ্বাদশমাস তাহাতে সংবৎসর হয়। উক্ত দ্বাদশ রাশিতে বৃহস্পতির গতিতে যে কাল, তাহার দ্বাদশ অংশে পরিবৎসর হয়। সপ্তবিংশতি নক্ষত্রভোগে চন্দ্রের একমাস; সেই দ্বাদশমাসে যে বৎসর তাহার নাম ইড়াবৎসর; শুক্লপ্রতিপদাদি পূর্ণিমা পর্য্যন্ত চন্দ্রকলার হ্রাসবৃদ্ধি দ্বারা তিথ্যাত্মক যে দ্বাদশ চান্দ্রমাস হয়, তাহাই অনুবৎসর এবং ত্রিংশৎদিবসে এক মাস, এরূপ দ্বাদশমাসে যে বৎসর, তাহার নাম বৎসর। কেহ কেহ এরূপ বলেন যে, যদি শুক্ল প্রতিপদ তিথিতে সংক্রান্তি হয়, তাহা হইলে সৌরমাস ও চান্দ্রমাস একত্র আরম্ভ হইলে, সৌরমাস পরিমাণ বৎসরে ছয়দিন বৃদ্ধি হইবে; এবং চান্দ্রমাস পরিমাণ বৎসরে ছয়দিন হ্রাস হইবে। সুতরাং উভয় বৎসরে পরস্পরে বার দিবসের ব্যবধান ঘটে, অতএব প্রত্যেক পাঁচবৎসরে দুইটী মলমাস ঘটে; তাহার পর ষষ্ঠ সংবৎসর আরম্ভ হওয়া কর্ত্তব্য ॥ ১৪ ॥

এই প্রকারে কালের স্বরূপ বর্ণন করিয়া, এক্ষণে কালের গ্রাস হইতে আপনাকে রক্ষা করিবার জন্য কালকর্ত্তা ভগবানেরই আরাধনা করা কর্ত্তব্য, তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। এই কাল সেই ভূতভাবন সর্ব্বাধিপতি পরমাত্মার একটী শক্তি মাত্র। তিনি

যঃ সৃজ্যশক্তিমুরুধোচ্ছ্বসয়ন্ স্বশক্ত্যা পুংসো ভ্রমায় দিবি ধাবতি ভূতভেদঃ।
কালাখ্যয়া গুণময়ং ক্রতুভি র্বিতন্বংস্তস্মৈ বলিং হরত বৎসরপঞ্চকায় ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

যঃ ভূতভেদঃ (ভূতানি ভিনত্তি ইতি ভূতবিকারকৃৎ পরমাত্মা), কালাখ্যয়া স্বশক্ত্যা সৃজ্যশক্তিং (সৃজ্যং কার্য্যং অঙ্কুরাদি-তদ্বিষয়াং বীজাদীনাং শক্তিং) উরুধা বহুপ্রকারাং, উচ্ছ্বসয়ন্ উদ্বোধয়ন্, (কার্য্যাভিমুখীকুর্ব্বন্) পুংসঃ অভ্রমায় (আয়ুরাদিক্ষয়-প্রদর্শনেন বিষয়াশক্তিনিবৃত্তিপূর্ব্বক-মোক্ষসাধনপ্রবৃত্ত্যর্থং তথা সকামানাং তত্তৎকালানুষ্ঠিতৈঃ) ক্রতুভিঃ গুণময়ং (স্বর্গাদিগুণপ্রধানং স্বর্গাদিসুখং) বিতন্বন্ বিস্তারয়ন্, দিবি অন্তরীক্ষে ধাবতি সূর্য্যং প্রবর্ত্তয়ন্ পর্য্যটতি তস্মৈ বৎসর-পঞ্চকায় বৎসর-পঞ্চক-প্রবর্ত্তকায় বলিং পূজাং হরত কুরুত ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

এবম্ভূতঃ কালাত্মা নিত্যমপ্রমত্তৈঃ পূজনীয় ইত্যাহ য ইতি। সৃজ্যং কার্য্যমঙ্কুরাদি তদ্বিষয়াং বীজাদীনাং শক্তিং কালরূপয়া স্বশক্ত্যা বহুধা উচ্ছ্বসয়ন্ কার্য্যাভিমুখীকুর্ব্বন্ দিবি অন্তরীক্ষে ধাবতি। কোঽসৌ ভূতভেদঃ মহাভূতবিশেষঃ তেজোমণ্ডলরূপী সূর্য্যঃ। কিমর্থং ধাবতি পুংসঃ পুরুষস্যাভ্রমায় ভ্রমো মোহ স্তন্নিবৃত্তয়ে আয়ুরাদিব্যয়েন বিষয়াসক্তিং নিবর্ত্তয়ন্নিত্যর্থঃ। সকামানাং তু গুণময়ং স্বর্গাদিফলং ক্রতুভির্ব্বিতারয়ন্, তস্মৈ বৎসরপঞ্চক-প্রবর্ত্তকায় পূজাং কুরুত ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিমর্থং বৎসরভেদকল্পনমিতি চেৎ তত্তদ্বর্ষবিহিতধর্ম্মাদিসিদ্ধ্যর্থমিত্যাহ য ইতি। সৃজ্যানামুদ্ভিজ্জাদীনাং শক্তিমঙ্কুরাদৌ সামর্থ্যং স্বশক্ত্যা কালরূপয়া উরুধা উচ্ছ্বসয়ন্ প্রকাশয়ন্ দিবি অন্তরীক্ষে ধাবতি। কোঽসৌ ভূতভেদঃ মহাভূতবিশেষ স্তেজোমণ্ডলরূপী সূর্য্যঃ, কিমর্থং ধাবতি পুংসঃ পুরুষস্য অভ্রমায় দিঙ্মোহাদিনিবৃত্তয়ে সকামানাং গুণময়ং স্বর্গাদিফলং সংবৎসরাদি-বিহিতকর্ম্ম-কালজ্ঞাপনয়া ক্রতুভিরনুষ্ঠেয়ৈঃ। তস্মাত্তস্মৈ বৎসরপঞ্চক-প্রবর্ত্তকায় বলিমর্ঘ্যাদিপূজোপহারং দত্ত! হে ধার্ম্মিকলোকাঃ! ॥ ১৫ ॥

হে বিদুর! যে ভূতভাবন ভগবান্ জনার্দ্দন কালনামক স্বীয় শক্তি দ্বারা স্রষ্টব্য কার্য্যের অঙ্কুরাদি বীজসমূহের উৎপাদিকা শক্তিকে নানাপ্রকারে উদ্বোধন করত নিষ্কামী মোক্ষাভিলাষী জীবগণের ভ্রম অপনোদনার্থ আয়ুঃ

আভাস।

এই শক্তি-প্রভাবে জগৎরূপ কার্য্যের অঙ্কুর-স্থানীয় বীজশক্তিকে বিবিধ প্রকারে কার্য্যার্থ প্রবর্ত্তিত করিতেছেন। তিনিই সূর্য্যমণ্ডলের মধ্যে অবস্থান পূর্ব্বক অন্তরীক্ষে ধাবিত হইতেছেন। এই কালদ্বারা কামী ও নিষ্কামী উভয়ের মনোরথ পূরণ করিতেছেন। পরমায়ুর ব্যয়ের দ্বারা মুমুক্ষুগণের বিষয়াসক্তি নিবারণ পূর্ব্বক ভ্রমাদি অপনয়ন দ্বারা

বিদুর উবাচ ॥

পিতৃদেবমনুষ্যাণামায়ুঃ পরমিদং স্মৃতং।
পরেষাং গতিমাচক্ষ্ব যে স্যুঃ কল্পাদ্বহির্বিদঃ ॥ ১৬ ॥
ভগবন্ বেদ কালস্য গতিং ভগবতো ননু।

অন্বয়ঃ।

বিদুরঃ উবাচ। ইদং পিতৃদেবমনুষ্যাণাং পরং আয়ুঃ স্মৃতং ত্বয়া কথিতং কল্পাৎ (প্রত্যহং কল্প্যতে সৃজ্যতে ইতি কল্পস্ত্রৈলোক্যং তস্মাৎ) বহিঃ (বর্ত্তমানাঃ) যে বিদঃ জ্ঞানিনঃ, স্যুঃ সন্তি, তেষাং পরেষাং গতিং আয়ুর্মানং, আচক্ষ্ব কথয় ॥ ১৬ ॥

হে ভগবন্ ভবান্ এব ভগবতঃ (ভগবদ্রূপস্য কালস্য) গতিং স্বরূপং,ননু নিশ্চিতং,বেদ জানাতি,

শ্রীধরস্বামী।

ইদং স্ব স্ব মানেন বর্ষশতং গণিতং আয়ুর্মানং প্রত্যহং কল্প্যতে সৃজ্যতে ইতি কল্পঃ ত্রৈলোক্যং তস্মাদ্বাহ্যতঃ বিদো জ্ঞানিনঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইদং স্ব স্ব মানেন বর্ষশতং যে বিদো বিদ্বাংসঃ কল্পাদ্দৈনন্দিনাদ্বহিঃ পরত্রাপি তিষ্ঠন্তি তেষাং সনকাদীনাং ভৃগ্বাদীনাঞ্চ গতিরায়ুঃ ॥ ১৬ ॥

প্রভৃতি যাবতীয় বস্তুর ক্ষয়শীলতা প্রতিপাদন দ্বারা মোক্ষমার্গে প্রবৃত্তি এবং সকামী জনগণকে তৎকালে অনুষ্ঠিত স্বর্গাদি সুখ-সাধন যজ্ঞাদি কর্ম্মের প্রচয় প্রদানার্থ নভোভাগে সূর্য্যদেবকে গতি প্রদান দ্বারা স্বয়ং কালরূপে পর্য্যটন করিতেছেন, সেই বৎসর-পঞ্চকের প্রার্ত্তক ভূতনাথকে কায়মনোবাক্যে অর্চ্চনা কর ! ॥ ১৫ ॥

বিদুর বলিলেন, হে ব্রহ্মন্ ! আপনি পিতৃলোক, দেবতা ও মনুষ্যগণের পরমায়ু সম্বন্ধে এইত যথেষ্ট বর্ণন করিলেন, কিন্তু কল্পপরিমিত ত্রিলোকের বহির্দ্দেশে যে সমস্ত জ্ঞানিগণ বিদ্যমান রহিয়াছেন, সেই মহাপুরুষগণের পরমায়ু আপনি এক্ষণে কীর্ত্তন করুন্ ! ॥ ১৬ ॥

আপনি সেই সর্ব্বশক্তিস্বরূপ কালের গতি সম্যক্ অবগত আছেন,

আভাস।

মোক্ষমার্গের পথ প্রশস্ত করিতেছেন; আবার কামিগণের কলেবর পরিত্যাগ করাইয়া, অভিপ্রেত যজ্ঞাদির সুফল স্বর্গাদি সুখভোগ প্রদান করিতেছেন। এখন পরম দয়ালু সর্ব্বজীবের আনন্দপ্রদ ভগবানকে সর্ব্বান্তঃকরণে অর্চ্চনা করা বিধেয় ॥ ১৫ ॥

কালসংখ্যা দ্বারা স্ব স্ব পরিমাণ মত মনুষ্য, পিতৃলোক ও দেবগণের আয়ুর্গণনা নির্ণীত হইয়াছে, এক্ষণে মন্বন্তর-স্থায়ী ইন্দ্রাদিদেবগণ এবং কল্পের বাহিরে ব্রহ্ম-সনকাদি

বিশ্বং বিচক্ষতে ধীরা যোগরাদ্ধেন চক্ষুষা ॥ ১৭ ॥
মৈত্রেয় উবাচ ॥
কৃতং ত্রেতা দ্বাপরঞ্চ কলিশ্চেতি চতুর্যুগং।
দিব্যৈ র্দ্বাদশভি র্বর্ষৈঃ সাবধানং নিরূপিতং ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

(যতঃ) ধীরাঃ যোগরাদ্ধেন যোগসিদ্ধেন, চক্ষুষা অলৌকিক-সামর্থ্যেন, বিশ্বং সর্ব্বং বিচক্ষতে পশ্যন্তি ॥ ১৭ ॥

মৈত্রেয়ঃ উবাচ। কৃতং সত্যং, ত্রেতা, দ্বাপরং, কলিঃ চ ইতি সাবধানং (অবধীয়তে ব্যবধীয়তে অনেন ইতি অবধানং সন্ধ্যা সন্ধ্যাংশশ্চ, তৎসহিতং) চতুর্যুগং দিব্যৈঃ দেবমানমিতৈঃ দ্বাদশভিঃ দ্বাদশসহস্রৈঃ বর্ষৈঃ নিরূপিতং ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

যোগরাদ্ধেন যোগসিদ্ধেন ॥ ১৭ ॥

দ্বাদশভি র্বর্ষসহস্রৈরিত্যুত্তরশ্লোকসামর্থ্যাজ্জ্ঞাতব্যং। অবধীয়ত ইত্যবধানং সন্ধ্যা সন্ধ্যাংশশ্চ তৎসহিতং ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভগবান্ ভবান্ যোগরাদ্ধেন যোগসিদ্ধেন ॥ ১৭ ॥

কল্পবহিরায়ুষো হি ভূয়াদয়ো ব্রহ্মতুল্যায়ুষ এব ভবন্তীতি ব্রহ্মণ আয়ুর্ব্বক্তুং যুগাদীনাং মানমাহ কৃতমিতি। বর্ষৈ র্বর্ষসহস্রৈঃ অবধীয়ত ইত্যবধানং সন্ধ্যা সন্ধ্যাংশশ্চ তৎ সহিতং ॥ ১৮ ॥

যেহেতু সংযতচেতা ধীর ব্যক্তিগণ যোগসিদ্ধ অলৌকিক সামর্থ্যবলে সমগ্র বিশ্ব প্রত্যক্ষ করিয়া থাকেন ॥ ১৭ ॥

মৈত্রেয় বলিলেন সত্য, ত্রেতা, দ্বাপর এবং কলি এই যুগচতুষ্টয় সন্ধ্যা ও সন্ধ্যাংশ সহ দেবপরিমাণে দ্বাদশসহস্র বৎসরে পরিগণিত হইয়াছে ॥ ১৮ ॥

আভাস।

গণ যাঁহারা বাস করিতেছেন, তাঁহাদের আয়ুঃ পরিজ্ঞাত হইবার বাসনায়, বিদুর মৈত্রেয়-ঋষির যোগসিদ্ধির প্রশংসা পূর্ব্বক প্রশ্ন করিয়াছেন ॥ ১৬ ॥ ১৭ ॥

কল্পের বহিস্থিত সনকাদি ঋষিগণ ব্রহ্মার সমতুল্য আয়ুঃ ভোগ করেন; সুতরাং পূর্ব্বোক্ত প্রশ্নের উত্তর প্রদানার্থ মৈত্রেয় মুনি সত্যাদি যুগের পরিমাণ প্রথমত নিরূপণ করিতেছেন। এই শ্লোকে বর্ষশব্দটী বর্ষ-সহস্রের পরিবর্ত্তে ব্যবহৃত হইয়াছে। এবং "সাবধানং" শব্দে সন্ধ্যা ও সন্ধ্যাংশ লক্ষিত হইয়াছে ॥ ১৮ ॥

সত্যযুগের পরিমাণ চারিসহস্র বৎসর এবং তৎসঙ্গে সন্ধ্যা চারিশত ও সন্ধ্যাংশ চারি-

চত্বারি ত্রীণি দ্বে চৈকং কৃতাদিষু যথাক্রমং
সংখ্যাতানি সহস্রাণি দ্বিগুণানি শতানিচ ॥ ১৯ ॥
সন্ধ্যা-সন্ধ্যাংশয়োরন্ত র্যঃ কালঃ শতসংখ্যয়োঃ।
তমেবাহু র্যুগং তজ্জ্ঞা যত্র ধর্ম্মো বিধীয়তে ॥ ২০ ॥

অন্বয়ঃ।

(তত্র) কৃতাদিষু যুগেষু যথাক্রমং চত্বারি ত্রীণি, দ্বে, একং চ সহস্রাণি (তথা ততো) দ্বিগুণানি শতানি চ অখ্যাতানি ॥ ১৯ ॥

শতসংখ্যয়োঃ উক্তানি শতানি সংখ্যা যয়ো স্তয়োঃ সন্ধ্যাসন্ধ্যাংশয়োঃ (যুগস্যাদৌ সন্ধ্যা, অন্তে সন্ধ্যাংশঃ তয়োঃ) অন্তঃ মধ্যে যঃ কালঃ তং এব কালং তজ্জ্ঞাঃ যুগলক্ষণাভিজ্ঞাঃ, যুগং আহুঃ যত্র যুগে (যো) ধর্ম্মঃ বিধীয়তে ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

কৃতযুগে চত্বারি সহস্রাণি সন্ধ্যাসন্ধ্যাংশয়োশ্চত্বারি চত্বারি শতানি ইত্যষ্টৌ শতানি চ। এবং ত্রেতাদিষ্বপি যোজ্যং ॥ ১৯ ॥

যুগস্যাদৌ সন্ধ্যা অন্তে সন্ধ্যাংশঃ উক্তানি শতানি সংখ্যা যয়ো স্তয়োরন্তর্মধ্যে যুগং। তস্য বিশেষমাহ যত্রেতি, গবালম্ভাদিধর্ম্মবিশেষো যত্র বিধীয়ত ইত্যর্থঃ। সাধারণ-ধর্ম্মস্তু সন্ধ্যা-সন্ধ্যাংশয়োরপ্যস্ত্যেব ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথাক্রমমিতি। কৃতযুগে চত্বারি সহস্রাণি। সন্ধ্যাসন্ধ্যাংশয়োশ্চত্বারি চত্বারি শতানীত্যষ্টৌ শতানি এবং ত্রেতাদিষ্বপি যোজ্যং ॥ ১৯ ॥

যুগস্যাদৌ সন্ধ্যা অন্তে সন্ধ্যাংশ স্তয়োঃ কথম্ভূতয়োঃ। উক্তানি শতানি সংখ্যা যয়ো-স্তয়ো রন্তর্মধ্যবর্ত্তী যঃ কাল স্তং যুগমাহুঃ। যত্র ধর্ম্ম ইতি ধ্যান-যজ্ঞপরিচর্য্যাকীর্ত্তনা-ত্মকো ধর্ম্মবিশেষঃ। সাধারণ-ধর্ম্মস্তু গুণভূতঃ। সন্ধ্যাসন্ধ্যাংশয়োরপ্যস্ত্যেব। কিঞ্চ যস্য যুগস্য যো ধর্ম্মঃ স এব তৎ সন্ধ্যাসন্ধ্যাংশয়োরপি প্রধানীভূত ইতি জ্ঞেয়ম্। মনুষ্যাণাং

তন্মধ্যে সত্যাদি যুগ-চতুষ্টয় যথাক্রমে চারি, তিন, দুই ও এক সহস্র মূল বৎসর এবং যথাক্রমে তাহার দ্বিগুণ শত সন্ধ্যা ও সন্ধ্যাংশ বৎসরে মিলিত হইয়া প্রত্যেক যুগ গণনীয় ॥ ১৯ ॥

যে শত-সংখ্যক বর্ষ আদিতে তাহা সন্ধ্যা এবং যাহা পরে তাহা সন্ধ্যাংশ; এই উভয় সন্ধ্যা ও সন্ধ্যাংশ লইয়া যে মধ্যবর্ত্তী সহস্র বৎসর কাল এই সমস্ত একত্র লইয়া প্রত্যেক যুগমান কীর্ত্তিত হয় ॥ ২০ ॥

আভাস।

শত। এই তিন একত্র মিলিত হইয়া চারি সহস্র অষ্টশত বর্ষ সত্যযুগের মোট পরিমাণ। এবং এই ক্রম অনুসারে ত্রেতাযুগ তিন সহস্র ছয়শত বৎসর, দ্বাপর দুই সহস্র চারি-শত বর্ষ

ধর্ম্মশ্চতুষ্পান্মনুজান্ কৃতে সমনুবর্ত্ততে।
স এবান্যেষ্বধর্ম্মেণ ব্যেতি পাদেন বর্দ্ধতা ॥ ২১ ॥

অন্বয়ঃ।

কৃতে কৃতযুগে, চতুষ্পাৎ সম্পূর্ণো ধর্ম্মঃ মনুজান্ অনুবর্ত্ততে। সঃ এব ধর্ম্মঃ অন্যেষু ত্রেতাদিষু বর্দ্ধতা অধর্ম্মেণ পাদেন একৈক-পাদেন, ব্যেতি হ্রসতি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

চতুষ্পাৎ সম্পূর্ণঃ ত্রেতাদিষু পাদেন পাদেন ব্যেতি হ্রসতি পাদেন পাদেন বর্দ্ধমানেনাধর্ম্মেণ হেতুনা এতচ্চ স্বরূপকথনমাত্রং বৈরাগ্যার্থং ন তু ধর্ম্মসঙ্কোচার্থং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ষষ্ট্যধিকসপ্তদশ-লক্ষৈ-র্বর্ষৈঃ সত্যং। ষণ্ণবতি সহস্রাধিক দ্বাদশলক্ষৈ স্ত্রেতা। চতুঃষষ্টিসহস্রা ধিকাষ্টলক্ষৈ র্দ্বাপরঃ। দ্বাত্রিংশৎসহস্রাধিকচতুর্লক্ষৈঃ কলিঃ ॥ ২০ ॥

চতুষ্পাৎ পূর্ণঃ মনুজাননুলক্ষীকৃত্য অন্যেষু ত্রেতাদিষু অধর্ম্মেণ পাদেন পাদেন বর্দ্ধতা বর্দ্ধমানে হেতুনা ব্যেতি পাদেন পাদেন হ্রসতি ॥ ২১ ॥

সত্যযুগে ধর্ম্ম পূর্ণ চতুষ্পাদ্রূপে মানবের উপর বিরাজ করে এবং অন্য তিন যুগেই অধর্ম্মের প্রাদুর্ভাবে ক্রমশঃ যুগানুসারে। এক এক পাদ করিয়া ধর্ম্ম হ্রাস হইয়া যায় ॥ ২১ ॥

আভাস।

এবং কলি একসহস্র দুইশত বর্ষ ক্রমিক পরিমাণে পরিগণিত হইয়াছে। এই পরিমাণ দেবমানে গণিত; কারণ মনুষ্যের ষষ্টিত্রিশতপরিমিত (৩৬০) বৎসরে যখন দেবতার এক বৎসর, তখন দেববর্ষের দ্বাদশ সহস্র বর্ষে মনুষ্যের চারিযুগ হইলে, দেবপরিমাণে প্রত্যেক যুগসংখ্যাকে ৩৬০ তিনশত ষাট্ দিয়া গুণিত করিলেই প্রত্যেক গুণফলই যথাক্রমে মনুষ্যের সত্যাদি যুগের বর্ষজ্ঞান নিরূপিত হয়। অর্থাৎ মনুষ্যের সত্যযুগ ১৭২৮০০০ বৎসর, ত্রেতা ১২৯৬০০০ বর্ষ, দ্বাপর ৮৬৪০০০ এবং কলি ৪৩২০০০ বৎসর। দেবতার দুই সহস্র যুগে ব্রহ্মার এক অহোরাত্র; সুতরাং তাহা মনুষ্যপরিমাণে চতুঃষষ্টিকোট্যধিক পদ্মাষ্টক (৮০০০৬৪০০০০০০) বর্ষ জানিতে হইবে ॥ ১৯ ॥

যুগের আদিতে শত সংখ্যক বর্ষ সন্ধ্যা ও অন্তে শতসংখ্যক বর্ষ সন্ধ্যাংশ বলিয়া যে সন্ধ্যা ও সন্ধ্যাংশের কাল উল্লেখ করা হইয়াছে, সে কাল যুগশব্দে উক্ত না হইলেও যে যুগের যে ধর্ম্ম কর্ত্তব্য বলিয়া উপদিষ্ট হইয়াছে, সেই যুগের সন্ধ্যা ও সন্ধ্যাংশ কালেও সেই ধর্ম্মই প্রধানত আচরণ করা বিধেয়। যুগধর্ম্মও তাহার সন্ধ্যাংশাদির ধর্ম্ম ও সাধারণত একরূপই অনুষ্ঠেয় ॥ ২০ ॥

সত্যাদি যুগচতুষ্টয়ে এক এক পাদ করিয়া ক্রমান্বয়ে ধর্ম্মের হ্রাস ও পর্য্যায়ক্রমে অধর্ম্মের বৃদ্ধি হয় বলায় লোককে সতর্ক করা হইয়াছে যে, যুগানুরূপ আচরণে নিশ্চিন্ত

ত্রিলোক্যা যুগসাহস্রং বহিরাব্রহ্মণো দিনং।
তাবত্যেব নিশা তাত যন্নিমীলতি বিশ্বসৃক্ ॥ ২২ ॥
নিশাবসান আরব্ধো লোককল্পোঽনুবর্ত্ততে।
যাবদ্দিনং ভগবতো মনূন্ ভুঞ্জংশ্চতুর্দ্দশ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

হে তাত! ত্রিলোক্যাঃ বহিঃ (স্থিতানাং মহর্লোকপ্রভৃতীনাং) আব্রহ্মণঃ ব্রহ্মলোকপর্য্যন্তানাং, যুগসাহস্রং (যুগানাং সাহস্রং) দিনং ভবতি তাবতী এব নিশা যৎ যস্যাং বিশ্বসৃক্ ব্রহ্মা নিমীলতি স্বপিতি ॥ ২২ ॥

(পুনঃ) নিশাবসানে (নিশায়াঃ অবসানে অন্তে সতি) আরব্ধঃ লোককল্পঃ (লোকস্য কল্পঃ লোকসর্গঃ) চতুর্দ্দশ মনূন্ ভুঞ্জন্ ব্যাপ্নুবন্ যাবৎ ভগবতঃ ব্রহ্মণঃ দিনং অনুবর্ত্ততে ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

ত্রিলোক্যা বহির্মহর্লোকপ্রভৃতি ব্রহ্মলোকমভিব্যাপ্য চতুর্যুগসহস্রমেকং দিনং যৎ যস্যাং বিশ্বসৃক্ ব্রহ্মা নিমীলতি স্বপিতি ॥ ২২ ॥

তত্র দিনস্থিতিমাহ নিশাবসান ইত্যাদি সার্দ্ধৈশ্চতুর্ভিঃ। চতুর্দ্দশ মনূন্ ভুঞ্জন্ পালয়ন্ ব্যাপ্নুবন্নিত্যর্থঃ ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রিলোক্যা বহির্মহর্লোকপ্রভৃতি ব্রহ্মলোকমভিব্যাপ্য চতুর্যুগসহস্রমেকং দিনং। যদ্যস্যাং বিশ্বসৃগ্ ব্রহ্মা নিমীলতি। তদৈব স্বপন্তং গর্ভোদ-শায়িনমনুস্বপিতি। এবং যুগসহস্রদ্বয়ং ব্রহ্মণোঽহোরাত্রঃ তত্র মনুষ্যাণাং চতুঃষষ্টিকোট্যধিকাষ্টপদ্ম বর্ষাণি ভবন্তি ॥ ২২ ॥

তত্র দিনস্থিতিমাহ নিশাবসান ইতি। চতুর্দ্দশ মনূন্ মন্বন্তরাণি ভুঞ্জন্ ব্যাপ্নুবন্ লোকানাং কল্পঃ ॥ ২৩ ॥

হে তাত! ত্রিভুবনের বহির্ভাগে অবস্থিত মহর্লোক হইতে ব্রহ্মলোক পর্য্যন্ত লোকসমূহের সম্বন্ধে এই যুগসহস্র এক দিন এবং যুগসহস্র এক রাত্রি। সেই রাত্রিযোগে বিশ্ববিধাতা ব্রহ্মা নেত্র নিমীলনে নিদ্রিত হন ॥ ২২ ॥

পুনর্ব্বার এই নিশার অবসানে ভগবান্ ব্রহ্মার যে দিন আরম্ভ হয়, তৎদিনাবচ্ছিন্ন ভুবনসৃষ্টির মধ্যে ক্রমান্বয়ে চতুর্দ্দশ মনুরাজত্ব ভোগ করেন ॥ ২৩ ॥

আভাস।

থাকিয়া যেন তাহারা অধিকতর অধর্ম্মপথে অগ্রসর না হয়; কলিযুগে পাদমাত্র ধর্ম্ম, অথচ অধর্ম্ম তিন পাদ। অতএব ধর্ম্মানুষ্ঠানের আর প্রয়োজন নাই, যুগানুরূপ আচরণই বিধেয় বিবেচনায় আপনাকে কলুষিত না করে; বরং সত্যযুগের অপেক্ষা কলিযুগে ধর্ম্মানুষ্ঠান

স্বং স্বং কালং মনু র্ভুঙ্‌ক্তে সাধিকাং হ্যেকসপ্ততিং ॥ ২৪ ॥
মন্বন্তরেষু মনব স্তদ্বংশা ঋষয়ঃ সুরাঃ।
ভবন্তি চৈতে যুগপৎ সুরেশা শ্চানু যে চ তান্ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

মনুঃ হি সাধিকাং কিঞ্চিদধিকাং (চতুর্যুগানাং) একসপ্ততিং স্বং স্বং কালং ভুঙ্‌ক্তে অনুভবতি (তাবৎকালং রাজ্যং করোতি) ॥ ২৪ ॥

মন্বন্তরেষু (মনূনাং অন্তরাণি যতঃ, তানি মন্বন্তরাণি পূর্ব্বপূর্ব্বমনুদ্বারত্বা উত্তরোত্তরমনু-পর্য্যন্তং কাল স্তেষু) মনবঃ স্বায়ম্ভুবাদয়ঃ তদ্বংশ্যাঃ পৃথিবীপালকা রাজানঃ ঋষয়ঃ (সপ্ত), সুরাঃ, দেবাঃ সুরেশাঃ ইন্দ্রাঃ, তান্ ইন্দ্রান্, যে অনুবর্ত্তন্তে (তে গন্ধর্ব্বাদয়ঃ, চকারাৎ অংশাবতারাশ্চ এতে যুগপৎ সমকালং এব ভবন্তি ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চিদধিকাং যুগানামেকসপ্ততিং ॥ ২৪ ॥

মনুবংশাঃ পৃথ্বীপালকাঃ ক্রমেণ ভবন্তি। সপ্তর্ষি প্রভৃতয়স্তু যুগপৎ সমকালমেব ভবন্তি। সুরেশা ইন্দ্রাঃ তাননুবর্ত্তন্তে যে গন্ধর্ব্বাদয় স্তেঽপি ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনুঃ স্বায়ম্ভুবাদিঃ, কিঞ্চিদধিকাং চতুর্যুগানামেকসপ্ততিং কালং ব্যাপ্য তত্র দেবমানেন দ্বিপঞ্চাশৎসহস্রাধিকান্যষ্টলক্ষাণি বর্ষাণি ভবন্তি, মনুষ্যমানেন তু ত্রিংশৎকোট্যঃ সপ্তষষ্টিলক্ষাণি বিংশতিঃ সহস্রাণীতি। তথোক্তং বিষ্ণুপুরাণে। ত্রিংশৎ কোট্যস্তু সংপূর্ণাঃ সংখ্যাতাঃ সংখ্যয়া দ্বিজ। সপ্তষষ্টি স্তথান্যানি নিযুতানি মহামুনে। বিংশতিশ্চ সহস্রাণি কালোঽয়মধিকং বিনা। মন্বন্তরস্য সংখ্যেয়ং মানুষৈ র্বৎসরৈ র্দ্বিজেতি ॥ ২৪ ॥

মনুবংশঃ পৃথ্বীপালকঃ ক্রমেণ ভবতি। সপ্তর্ষি প্রভৃতয়স্তু যুগপৎ সমকালমেব ভবন্তি। সুরেশাঃ ইন্দ্রা স্তাননুবর্ত্তন্তে যে গন্ধর্ব্বাদয় স্তেঽপি ॥ ২৫ ॥

এবং সেই এক এক মনু স্ব স্ব অধিকার অনুসারে একসপ্ততি (৭১) চতুর্যুগের কিঞ্চিৎ অধিক কাল করিয়া রাজ্যভোগ করেন ॥ ২৪ ॥

সেই সমস্ত মন্বন্তর মধ্যে স্বায়ম্ভুবাদি মনুগণ, তাঁহাদের বংশসম্ভূত নরপতিগণ, সাতজন ঋষি, দেবতা, ইন্দ্রাদি সুরনাথ এবং তাঁহাদের অনুচর

আভাস।

অতীব দুরূহ বিবেচনায় বিশেষ সাবধানের সহিত ও যত্ন-সহকারে ধর্ম্ম অনুষ্ঠেয়; ইহাই শ্লোকের তাৎপর্য্য ॥ ২১ ॥

যুগসংখ্যা নিরূপণ করিয়া, সেই যুগচতুষ্টয়ের সহস্র গুণ সময় যে কাহার নিকট এক দিন এবং তৎপরিমিত কাল এক রাত্রি, ইহারই পরিচয় প্রদানার্থ মহর্লোকাদি ব্রহ্ম-লোকের উল্লেখ করিয়াছেন ॥ ২২ ॥

এষ দৈনন্দিনঃ সর্গো ব্রাহ্ম স্ত্রৈলোক্যবর্ত্তনঃ।
তির্য্যঙ্ নৃ-পিতৃদেবানাং সম্ভবো যত্র কর্ম্মভিঃ ॥ ২৬ ॥
মন্বন্তরেষু ভগবান্ বিভ্রৎ সত্ত্বং স্বমূর্ত্তিভিঃ।
মন্বাদিভিরিদং বিশ্বমবত্যুদিতপৌরুষঃ ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

যত্র (যস্মিন্) দৈনন্দিন-সর্গে তির্য্যঙ্-নৃপিতৃদেবানাং (তিরশ্চাং নৃণাং পিতৃণাং দেবানাঞ্চ) কর্ম্মভিঃ (স্বোপার্জ্জিত-পুণ্যপাপরূপৈঃ) সম্ভবঃ (উৎপত্তি র্ভবতি) ব্রাহ্মঃ চতুর্ম্মুখ-কর্ত্তৃকঃ, দৈনন্দিনঃ (দিনে দিনে ক্রিয়মাণঃ) (যঃ) সর্গঃ (সঃ) এষঃ ত্রৈলোক্যবর্ত্তনঃ (ত্রৈলোক্যস্য বর্ত্তনং উৎপত্তিঃ যস্মিন্ সঃ এব) ॥ ২৬ ॥

মন্বন্তরেষু প্রতিমন্বন্তরং মন্বাদিভিঃ স্বমূর্ত্তিভিঃ সত্ত্বং শুদ্ধসত্ত্বময়মূর্ত্তিং বিভ্রৎ বিভ্রাণঃ, উদিতপৌরুষঃ (উদিতঃ প্রকাশিতঃ পুরুষকারো যেন সঃ) ভগবান্ (মন্বাদিভিঃ) ইদং বিশ্বং অবতি রক্ষতি ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

ত্রৈলোক্যং বর্ত্তয়তীতি তথা ॥ ২৬ ॥

স্বমূর্ত্তিভি র্মন্বন্তরাবতারৈঃ মন্বাদিভি র্দ্বারভূতৈঃ আবিষ্কৃত-পুরুষকারঃ সন্ ইদং বিশ্বং রক্ষতি ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্রৈলোক্যে বর্ত্তত ইতি সঃ ত্রৈলোক্যসৃষ্টিরিত্যর্থঃ ॥ ২৬ ॥

স্বমূর্ত্তিভি রবতারৈঃ। উদিতপৌরুষঃ আবিষ্কৃতপুরুষকারঃ ॥ ২৭ ॥

গন্ধর্ব্ব, এবং তৎ তৎ কালোপযোগী অংশাবতার সকল ক্রমে এই কালমধ্যেই জন্মগ্রহণ করিয়া থাকেন ॥ ২৫ ॥

সেই দৈনন্দিন সর্গে তির্য্যক্‌যোনি, মনুষ্য, পিতৃলোক ও দেবতাগণ স্ব স্ব কর্ম্মানুসারে জন্ম পরিগ্রহ করিয়া থাকেন; ইহাই সেই কমলযোনির ত্রৈলোক্যোৎপাদক প্রাত্যহিক সৃষ্টি ॥ ২৬ ॥

ভগবান্ বিষ্ণু এই প্রকারে প্রতি মন্বন্তরে পুরুষকারের প্রকটন পূর্ব্বক মন্বাদিরূপে বিশুদ্ধ সত্ত্বময় স্বকীয় বিগ্রহ ধারণ করত, এই বিশ্ব সংসারকে প্রতিপালন করিয়া আসিতেছেন ॥ ২৭ ॥

আভাস।

ব্রহ্মার দিবাই সৃষ্টিকাল এবং নিশাই প্রলয় কাল। এই দিবাস্বরূপ সৃষ্টিকালে স্বায়ম্ভুব, স্বারোচিষ, উত্তম, তামস, রৈবত, চাক্ষুষ, বৈবস্বত, সাবর্ণি, দক্ষসাবর্ণি, ব্রহ্মসাবর্ণি, রুদ্রসাবর্ণি, ইন্দ্রসাবর্ণি, রৌচ্য ও ভৌত্য নামক চতুর্দ্দশ মনু প্রত্যেকে এই প্রতি

তমোমাত্রামুপাদায় প্রতিসংরুদ্ধবিক্রমঃ।
কালেনানুগতাশেষ আস্তে তূষ্ণীং দিনাত্যয়ে ॥ ২৮ ॥
তমেবাপ্যপিধীয়ন্তে লোকা ভূরাদয় স্ত্রয়ঃ।

অন্বয়ঃ।

(ততঃ পুনঃ) তমোমাত্রাং (তমসঃ মাত্রাং লেশং) উপাদায় স্বীকৃত্য, (অতএব) প্রতিসংরুদ্ধবিক্রমঃ (প্রতিসংরুদ্ধঃ নিবৃত্তঃ বিক্রমঃ ব্যাপারঃ যস্য সঃ) কালেন অনুগতাশেষঃ (অনুগতং অনুপ্রবিষ্টং অশেষং ত্রৈলোক্যং যস্মিন্ সঃ ব্রহ্মা) দিনাত্যয়ে দিবাবসানে, তূষ্ণীং আস্তে শেতে ॥ ২৮ ॥

(তথা) নিশায়াং অনুবৃত্তায়াং নির্মুক্তশশিভাস্করং (নির্মুক্তঃ নিবৃত্তঃ শশী চন্দ্রঃ ভাস্করঃ।

শ্রীধরস্বামী।

রাত্রিগতাং স্থিতিমাহ পঞ্চভিঃ তমসো মাত্রাং লেশং। প্রতিসংরুদ্ধঃ প্রত্যাহৃতঃ বিক্রমো যেন। অনুগতমনু প্রবিষ্টমশেষং যস্মিন্ ॥ ২৮ ॥

তদেব স্পষ্টয়তি তমেবেতি অপিধীয়ন্তে ইতি কর্ম্মকর্ত্তরি প্রয়োগঃ। তিরোহিতা ভবন্তী-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রাত্রিগতাং স্থিতিমাহ তমসো মাত্রাং ত্রৈলোক্যমাত্রসংহারার্থং লেশং কালাগ্নিরুদ্ররূপেণ স্বীকৃত্য সংহারং প্রতিসংরুদ্ধো বহ্ন্যাদিভিরাবৃতো বিক্রমো ভূরাদিলোকত্রয়ং যেন সঃ। বিক্রমো ভূর্ভুবঃ স্বরিতি পূর্ব্বোক্তেঃ। ততশ্চানুগতমনুপ্রবিষ্টমশেষং ত্রৈলোক্যস্থ-জীববৃন্দং যত্র সঃ তূষ্ণীং ত্যক্তমায়িক-লীলাবিনোদ ইত্যর্থঃ ॥ ২৮ ॥

ততশ্চ তমনুলক্ষীকৃত্য অপিধীয়ন্তে কর্ম্মকর্ত্তরি স্বয়মেব তিরোহিতা ভবন্তীত্যর্থঃ।

অনন্তর দিবার অবসানে ভগবান্ বিষ্ণু লেশমাত্র তমোগুণকে আশ্রয় করত, যাবতীয় উদ্যম হইতে বিনিবৃত্ত হন এবং চরাচর ত্রিভুবনকে স্বীয় স্বরূপে উপশমিত করত, নিশ্চেষ্টের ন্যায় তূষ্ণীম্ভাবে শয়ন করেন ॥ ২৮ ॥

নিশার প্রারম্ভে চন্দ্রসূর্য্যাদি দিব্য জ্যোতিষ্কগণও যে বিভুকে আশ্রয়

আভাস।

কল্পে একসপ্ততি (৭১) চতুর্যুগের কিঞ্চিৎ অধিক কাল করিয়া রাজ্যভোগ করিয়া থাকেন; এবং প্রতি মনুর রাজত্ব-কালে জগতে যে যে ইন্দ্রাদি স্বর্গপাল ও অন্যান্য ক্ষিতিপাল এবং ঋষিগণ জন্ম পরিগ্রহ পূর্ব্বক কর্ম্মানুরূপ দেহ লাভে ভোগ করিয়া থাকেন, তাহাও কীর্ত্তিত হইয়াছে ॥ ২৩—২৬ ॥

এই শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, বিশ্ব সংসারে বিশ্বরূপে যতই অনির্ব্বচনীয় চেতন বা জড় পদার্থের প্রতীতি হউক্ না, এক ভগবান্ বিষ্ণু, স্বীয় মায়ার কৌশলে নিজের ক্রিয়া শক্তি ও জ্ঞানশক্তির প্রকটনে স্বয়ংই বহু হইয়াছেন ॥ ২৭ ॥

নিশয়ামনুবর্ত্তায়াং নির্ম্মুক্তশশিভাস্করং ॥ ২৯ ॥
ত্রিলোক্যাং দহ্যমানায়াং শক্ত্যা সঙ্কর্ষণাগ্নিনা।
যান্ত্যার্ত্তাস্তপ মহর্লোকাজ্জনং ভৃগ্বাদয়োঽর্দ্দিতাঃ ॥ ৩০ ॥
তাবত্ত্রিভুবনং সদ্যঃ কল্পান্তেধিতসিন্ধবঃ

অন্বয়ঃ।

সূর্য্যঃ চ যস্মিন্ তৎ) তং এবং অনুলক্ষীকৃত্য ভূরাদয়ঃ ত্রয়ঃ (ভূর্ভুবস্বরাত্মকাঃ) লোকাঃ অপিধীয়ন্তে নিবিশমানাঃ ভবন্তি ॥ ২৯ ॥

শক্ত্যা ভগবচ্ছক্তিরূপেণ সঙ্কর্ষণাগ্নিনা (সঙ্কর্ষণ-মুখোদ্ভূত-রুদ্রগণাগ্নিনা) ত্রিলোক্যাং দহ্যমানায়াং সত্যাং (তস্যাগ্নে উষ্ণ্যা উত্তাপেন অর্দ্দিতাঃ পীড়িতাঃ ভৃগ্বাদয়ঃ (মহর্লোকবাসিনঃ) মহর্লোকাৎ জনং জনলোকং, যান্তি ॥ ৩০॥

(ততঃ) উৎকটাটোপচণ্ডবাতেরিতোর্ম্ময়ঃ (উৎকটঃ আটোপঃ ক্ষোভঃ তথা চণ্ডবাতেন প্রচণ্ডবায়ুনা ঈরিতাঃ প্রেরিতাঃ উর্ম্ময়ঃ যেষাং তে) কল্পান্তেধিতসিন্ধবঃ (কল্পান্তেন এধিতাঃ

শ্রীধরস্বামী।

তার্থঃ। কথং নির্ম্মুক্তঃ রহিতঃ শশী ভাস্করশ্চ যথা ভবতি তথা ॥ ২৯ ॥

ভগবচ্ছক্তিরূপো যঃ সঙ্কর্ষণমুখাগ্নিঃ তেন উষ্ণ্যা অর্দ্দিতাঃ সন্তঃ জনলোকং যান্তি ॥ ৩০ ॥

কল্পান্তেন এধিতাঃ সিন্ধবঃ সমুদ্রাঃ উৎকটঃ আটোপঃ ক্ষোভো যেষাং তেচ তে চণ্ডবাতৈ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্ম্মুক্তঃ রহিতঃ শশী ভাস্করশ্চ যথাস্যাত্তথা ॥ ২৯ ॥

কেন প্রকারেণ ইত্যপেক্ষায়ামাহ ত্রিলোক্যামিতি ॥ ৩০ ॥

সদ্য ইতি। ত্রিলোক্যাং দহ্যায়াং সত্যামবিলম্বেনৈবেত্যর্থঃ। দাহস্তু শতবর্ষপর্য্যন্তো

করত স্বরূপের অপ্রকাশে নিবিশমান থাকেন, ভূরাদি ভুবন-সমূহও তাঁহাতে প্রবিষ্ট হইয়া, আত্মসংগোপন করে ॥ ২৯ ॥

এই প্রকারে যখন ভগবচ্ছক্তিস্বরূপ সঙ্কর্ষণ-মুখ-নিঃসৃত হুতাশনে ত্রিভুবন পরিদগ্ধ হইতে থাকে, তখন সেই প্রচণ্ড উত্তাপে পরিতপ্ত হইয়া, ভৃগু প্রভৃতি মহর্লোকবাসিগণ নিজ বাসস্থান পরিত্যাগ পূর্ব্বক জনলোকে গমন করেন ॥ ৩০ ॥

তাদৃশ প্রলয়-কালে প্রচণ্ড সমীরণের প্রবল প্রবাহে পয়োনিধি সকল

আভাস।

রাত্রি-পদবাচ্য কালে জীবদৃষ্টিতে প্রলয় ঘটিলেও, মূল সৃষ্টিকার্য্যের ব্যাঘাত ঘটে না। নিদ্রিত ব্যক্তির ইন্দ্রিয়-সংরোধের ন্যায়, ব্রহ্মা সৃষ্টিকার্য্যে নিশ্চেষ্ট হইলে, তৎকৃত সৃষ্টির নিরাশ হয় বটে, কিন্তু জন, তপ, মহ, ও সত্যলোকের নিবৃত্তি ঘটে না। প্রলয়ের দ্বারা

প্লাবয়ন্ত্যুৎকটাটোপ-চণ্ড-বাতেরিতোর্ম্ময়ঃ ॥ ৩১ ॥
অন্তঃ স তস্মিন্ সলিলে আস্তেঽনন্তাসনো হরিঃ।
যোগনিদ্রানিমীলাক্ষঃ স্তূয়মানো জনালয়ৈঃ ॥ ৩২ ॥
এবং বিধৈরহোরাত্রৈঃ কালগত্যোপলক্ষিতৈঃ।

অন্বয়ঃ।

বর্দ্ধিতাঃ যে সিন্ধবঃ তে) তাবৎ সদ্যঃ এব ত্রিভুবনং প্লাবয়ন্তি ॥ ৩১ ॥

তস্মিন্ সলিলে অন্তঃ মধ্যে অনন্তাসনঃ (অনন্তঃ শেষঃ এব আসনং শয্যা যস্য সঃ) যোগনিদ্রানিমীলাক্ষঃ (যোগঃ স্বানুভবঃ স এব নিদ্রা তয়া নিমীলে মীলিতে অক্ষিণী যস্য সঃ) সঃ হরিঃ নারায়ণঃ জনালয়ৈঃ (জনঃ জনলোকঃ আলয়ঃ স্থানং যেষাং তৈঃ) সনকাদিভিঃ স্তূয়মানঃ আস্তে ॥ ৩২ ॥

এবং কালগত্যা (কালস্য গত্যা পরমাণ্বাদিরূপয়া) উপলক্ষিতৈঃ এবম্বিধৈঃ (চতুর্যুগ-

শ্রীধরস্বামী।

রীরিতোর্ম্ময়শ্চ ॥ ৩১ ॥

জনলোক আলয়ো যেষাং মহর্লোকাগতানাং অন্যেষাঞ্চ তৈঃ ॥ ৩২ ॥

বৈরাগ্যার্থমাহ, এবংবিধৈরহোরাত্রৈ র্বর্ষশতং সর্ব্বেষাং প্রাণিনাং আয়ুষঃ পরমধিকং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞেয়ঃ। উৎকট আটোপঃ ক্ষোভো যেষাং তেচ তে চণ্ডবাতেরিত-তরঙ্গাশ্চেতি তে ॥ ৩১ ॥

যোগাখ্যা বিমলাদীনাং চিচ্ছক্তিবৃত্তীনাং পঞ্চমী সৈব তদানীং নিদ্রারূপা তয়া মুদিতনেত্রঃ। জনালয়ৈ র্জনলোকনিবাসিভি র্মুনিভিঃ ॥ ৩২ ॥

অস্য ব্রহ্মণোঽপ্যায়ুরপক্ষিতমপক্ষীণং গতপ্রায়মেবেতি যস্মাদ্বিভেম্যহমিত্যুক্ত্বা কালাদ্বিভ্যতী ব্রহ্মণাপি বিষয়ভোগেভ্যো বিরজ্য নিরন্তরমেব ভগবানুপাস্যতে। মনুষ্যাঃ কিয়দায়ুষঃ

বিক্ষুব্ধ হইয়া উত্তাল তরঙ্গরাশি উত্তোলন পূর্ব্বক ত্রিভুবন প্লাবিত করিয়া ফেলিল ॥ ৩১ ॥

তৎকালে অনন্তদেব সেই প্রলয়-সলিলের অন্তরে অনন্ত-শয্যায় শয়ন করত নেত্র নিমীলনে যোগনিদ্রায় নিদ্রিত হন এবং জনলোকবাসী সনকাদি পার্ষদ ভক্তবৃন্দ তৎকালে তাঁহার স্তব করিতে থাকেন ॥ ৩২ ॥

হে বিদুর! এইরূপ পরমাণ্বাদি উপলক্ষিত দুই সহস্র চতুর্যুগ কালে

আভাস।

যে কেবল ভূঃ ভুবঃ ও স্বর্গলোকেরও ধ্বংস হইয়া যায়, এস্থলে এই কয়এক শ্লোক দ্বারা তাহাই বর্ণিত হইয়াছে ॥ ২৮—৩২ ॥

এই সৃষ্টির ক্রম প্রদর্শন পূর্ব্বক গ্রন্থকার প্রকাশ করিয়াছেন যে, সৃষ্ট বস্তুমাত্রই মৃত্যু

অপক্ষিতমিবাস্যাপি পরমায়ুর্ব্বয়ঃ শতং ॥ ৩৩ ॥
যদর্দ্ধমায়ুষ স্তস্য পরার্দ্ধমভিধীয়তে।
পূর্ব্বঃ পরার্দ্ধোঽপক্রান্তো হ্যপরোঽদ্য প্রবর্ত্ততে ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

দ্বিসহস্রপরিমিতৈঃ অহোরাত্রৈঃ অস্য ব্রহ্মণঃ অপি) বয়ঃশতং সম্বৎসর-শতং পরং আয়ুঃ অপক্ষিতং অপক্ষীণং ইব ॥ ৩৩ ॥

তস্য ব্রহ্মণঃ আয়ুষঃ যৎ অর্দ্ধং তৎ পরার্দ্ধং ইতি অভিধীয়তে। (তত্র দ্বিপরার্দ্ধাত্মকস্যায়ুষঃ) পূর্ব্বঃ পরার্দ্ধার্দ্ধঃ অপক্রান্তঃ অপগতঃ অপরঃ উত্তরপরার্দ্ধঃ হি অদ্য প্রবর্ত্ততে ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

অস্য ব্রহ্মণো যদায়ু স্তদপ্যপক্ষিতং অপক্ষীণমিবেতি লোকোক্তিঃ গতপ্রায় ইত্যর্থঃ ॥ ৩৩ ॥

তদেবাহ যদেতি ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কেন সাহসেন বিষয়মুপভুঞ্জানা স্তং ন ভজন্তীতি ভক্তিবৈরাগ্যয়োঃ প্রযত্ন আবশ্যক ইতি কালনিরূপণপ্রয়োজনমুক্তং ॥ ৩৩ ॥

তদায়ুর্দ্বিধা বিভক্তমাহ যদিতি ॥ ৩৪ ॥

যাঁহার এক অহোরাত্রি হয়, সেই ব্রহ্মারও শতবর্ষ পরমায়ুঃ অতীত হইয়া যায় ॥ ৩৩ ॥

ব্রহ্মার আয়ুঃপরিমিত শত সম্বৎসর কালও পূর্ব্বার্দ্ধ এবং পরার্দ্ধ বলিয়া দুই ভাগে বিভক্ত; তন্মধ্যে পূর্ব্বার্দ্ধ অতীত হইয়াছে এবং পরার্দ্ধ কেবল অদ্যই প্রবৃত্ত হইল ॥ ৩৪ ॥

আভাস।

ও ক্ষয়াদির অধীন এবং সেই মৃত্যুভয়ে ভীত হন না, এমন কেহই নাই। এমন কি! ব্রহ্মা পর্য্যন্ত কাল-ভয়ে ভীত হইয়া, বিষয় সম্ভোগে বীতরাগ হইয়াছিলেন এবং একান্ত শরণাগত হইয়া, অভয়দাতা ভগবানের উপাসনা করিয়াছিলেন। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, ব্রহ্মার তুলনায় মনুষ্য এই সামান্য পরমায়ুঃ প্রাপ্তে কোন্ সাহসে যে নিদ্রিতের ন্যায় বিষয়ের উপভোগ করিয়া দুর্ল্লভ পরমায়ুঃ বৃথায় ক্ষেপণ করিতেছে এবং কালকর্ত্তা জনার্দ্দনের শরণাগত হইতেছে না, তাহাই বলিতে পারি না! অতএব সময় ও সামর্থ্য থাকিতে থাকিতে সর্ব্ব-প্রযত্নে সেই অনাথনাথ দয়ালু দীনবন্ধুকে ভজনা করা নিতান্তই প্রয়োজন ॥ ৩৩ ॥

পূর্ব্বোক্ত প্রভাস-খণ্ডের উক্তি অনুসারে শ্বেতবারাহাদি যে এক এক কল্পে পিতৃলোকের এক এক কল্প নিরূপিত হইয়াছে, তাদৃশ ত্রিংশৎ কল্পে অর্থাৎ শুক্ল প্রতিপদাদি অমাবস্যা

পূর্ব্বস্যাদৌ পরার্দ্ধস্য ব্রাহ্মো নাম মহানভূৎ।
কল্পো যত্রাভবদ্ব্রহ্মা শব্দব্রহ্মেতি যং বিদুঃ ॥ ৩৫ ॥
তস্যৈবান্তে চ কল্পোঽভূদ্ যং পাদ্মমভিচক্ষতে।
যদ্ধরের্নাভিসরস আসীল্লোক-সরোরুহং ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

পূর্ব্বস্য পরার্দ্ধস্য আদৌ ব্রাহ্মঃ নাম মহান্ (কল্পঃ অভূৎ) যত্র (কল্পে সঃ) ব্রহ্মা অভবৎ যং ব্রহ্মাণং শব্দব্রহ্ম বেদময়ং ইতি বিদুঃ ॥ ৩৫ ॥

তস্য পূর্ব্বার্দ্ধস্য এব অন্তে চ যং কল্পং পাদ্মং অভিচক্ষতে (মনীষিণঃ কথয়ন্তি সঃ) কল্পঃ অভূৎ। যৎ যত্র কল্পে হরেঃ ভগবতঃ নারায়ণস্য নাভিসরসঃ (নাভিরেব সর স্তস্মাৎ) লোক-সরোরুহং ত্রিভুবনাত্মকং কমলং আসীৎ উৎপন্নতে ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বস্য পরার্দ্ধস্যাদাবিতি ত্রিভির্ব্বস্তুকথনমাত্রং ॥ ৩৫ ॥

পাদ্মত্বে হেতুঃ যদিতি ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পূর্ব্বস্যেতি প্রভাসখণ্ডোক্তেঃ শ্বেতবারাহাদিভিঃ পিতৃকল্পান্তৈ স্ত্রিংশৎকল্পৈরেব শুক্ল-প্রতিপদাদ্যমাবস্যান্তানি ত্রিংশদ্দিনানি তেষামেব কল্পানাং পুনঃ পুনরাবৃত্ত্যা মাসাঃ মাসৈর্দ্বাদশভি র্বর্ষং পঞ্চাশতা বর্ষৈরেকং পরার্দ্ধং। তত্র পূর্ব্বস্য প্রথমস্য আদৌ ব্রাহ্ম ইতি শ্বেতবারাহ এব ব্রহ্মজন্মতিথিত্বাৎ ব্রাহ্মশব্দেনোচ্যতে। সা তিথিশ্চ চৈত্র শুক্লপ্রতিপদেব জ্যোতিঃশাস্ত্রোক্ত্যা জ্ঞেয়া ॥ ৩৫ ॥

কল্পঃ পিতৃকল্পঃ তৎকল্পস্যৈবান্তিমঃ পিতৃকল্পমেব পাদ্মং বদন্তি পাদ্মত্বে হেতুঃ যদিতি। তেন সর্ব্বেষেব কল্পেষু লোকাত্মকং পদ্মং ন ভবতি কিন্তু ক্বাপি ক্বাপ্যেবেত্যর্থঃ ॥ ৩৬ ॥

পূর্ব্ব পরার্দ্ধের প্রথমে ব্রাহ্মনামে মহাকল্প হইয়াছিল; ঐ কল্পে শব্দব্রহ্ম বেদময় ব্রহ্মার উৎপত্তি হইয়াছে ॥ ৩৫ ॥

এবং উক্ত পরার্দ্ধের অন্তে যে কল্প হয়, তাহাকে মহর্ষিগণ পাদ্মনামে অভিহিত করিয়াছেন। ঐ পাদ্মকল্পে ভগবান্ নারায়ণের নাভিপদ্ম হইতে ত্রিভুবনের আধার-স্বরূপ লোক-পদ্মের সৃষ্টি হইয়াছে ॥ ৩৬ ॥

আভাস।

পর্য্যন্ত ত্রিংশৎ তিথ্যনুমিত ত্রিংশদ্দিনের ন্যায়, ত্রিংশৎ কল্পে ব্রহ্মার এক মাস হয়। এইরূপ কল্পের পুনরাবৃত্তিতে যে মাস, তাহার দ্বাদশ মাসে ব্রহ্মার এক বৎসর; ইহার পঞ্চাশৎ বর্ষে এক পরার্দ্ধ কাল। এই প্রথম পরার্দ্ধের প্রথম কল্পে ব্রহ্মার জন্ম বলিয়া তাহার নাম ব্রাহ্ম-কল্প। তন্মধ্যে শ্বেতবারাহ কল্পই ব্রহ্মার জন্ম তিথি। ইহা চৈত্র শুক্ল প্রতিপদ বলিয়া জ্যোতিঃ-শাস্ত্রে অভিহিত হইয়াছে ॥ ৩৫ ॥

অয়ন্তু কথিতঃ কল্পো দ্বিতীয়স্যাপি ভারত।
বারাহ ইতি বিখ্যাতো যত্রাসীৎ শূকরো হরিঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

হে ভারত! দ্বিতীয়স্যাপি পরার্দ্ধস্য (আদৌ) অয়ং তু বারাহঃ ইতি বিখ্যাতঃ কল্পঃ কথিতঃ, যত্র যস্মিন্ কল্পে হরিঃ (স্বয়ং) শূকরঃ আসীৎ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

অয়ং তু দ্বিতীয়স্যাদৌ কথিতঃ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অয়ন্তু সংপ্রতি বর্ত্তমান দ্বিতীয়স্য পরার্দ্ধস্য একপঞ্চাশত্তম বর্ষস্য প্রথম-দিবস ইত্যর্থঃ। অত্র পাদ্মং কল্পমথ শৃণ্বিত্যুপক্রান্তায়াং উদাপ্লুতং বিশ্বমিত্যাদি পাদ্মকল্পকথায়ামেকার্ণবোদকে একস্য পদ্মস্যৈব শ্রবণাৎ তত্রৈকস্য ব্রহ্মণ এবোদ্ভবাদিলোক্য তত্রান্যদপশ্যমান ইত্যাদ্যুক্তে র্মহাকল্পান্তরাং সনকাদীনাঞ্চ তত্রানুপলম্ভাৎ কেচিৎ প্রথম পরার্দ্ধান্তে মহর্জনস্তপঃসত্যানাং দ্বিপরার্দ্ধান্তপর্য্যন্তস্থায়িনামনষ্টানামপি জলপ্লাবনং তথা তত্রত্যানাং সর্ব্বেষামেব কল্পান্তরাং ব্রহ্মসাহিত্যেনৈব শ্রীনারায়ণে প্রবেশমাখ্যায় প্রথম-পরার্দ্ধসমাপ্তৌ দ্বিতীয়-পরার্দ্ধস্যাদিমং শ্বেতবারাহমেব পাদ্মমাহুঃ। দ্বাদশাধ্যায়ে চ সনকাদিমরীচ্যাদীনাং ব্রাহ্মকল্প ইব ব্রহ্মত এবাবির্ভাবশ্চ বক্ষ্যতে নচ তত্র ব্রাহ্মকল্পকথৈবেতি বাচ্যং পাদ্মকল্পকথায়াঃ প্রক্রান্তত্বাৎ তস্মাত্তস্যৈব চান্ত ইত্যত্র অন্তে অবসানে সমাপ্তাবিত্যর্থ ইতি। অয়ন্বিতি তুরেবার্থে অয়মেব পাদ্ম এব বারাহ ইতি খ্যাতঃ। তত্র হেতু র্যত্রাসীদিতি দ্বিতীয়স্যাপীত্যপিকারেণ প্রথম-পরার্দ্ধস্যাদিমো ব্রাহ্মঃ কল্পোঽপি পাদ্ম উচ্যতে ইতি ব্যাচক্ষতে ॥ ৩৭ ॥

হে বিদুর! এই দ্বিতীয় পরার্দ্ধের প্রারম্ভে বারাহ কল্প হয়; সেই প্রসিদ্ধ কল্পে ভগবান্ জনার্দ্দন শূকর-মূর্ত্তিতে জন্মগ্রহণ করেন ॥ ৩৭ ॥

আভাস।

এই কল্পের পর কল্পেই ভুবনকোষ পদ্মের সমুৎপত্তি হইয়াছিল বলিয়া এই পরবর্ত্তী পিতৃকল্পকে পাদ্মনামে অভিহিত করা হইয়াছে। যদিও সকল পাদ্মকল্পে লোকপদ্মের উৎপত্তি হয় নাই বটে, তথাপি কোন কোন কল্পে ঘটিয়া থাকে, এই নিমিত্তই পাদ্মনাম চিরকালই প্রচলিত রহিয়াছে ॥ ৩৬ ॥

সম্প্রতি প্রবর্ত্তমান একপঞ্চাশৎ বর্ষব্যাপী দ্বিতীয় পরার্দ্ধের প্রথম দিনও ব্রহ্ম-কল্পনামে অভিহিত হইয়াছে। কিন্তু প্রকৃত প্রস্তাবে ব্রহ্মপরমায়ুর মধ্যে, যে কল্পে ব্রহ্মার জন্ম হয়, সেই ব্রহ্মকল্প একটী মাত্র; এবং যে কল্পে লোকপদ্মের উৎপত্তি হয়, সে পাদ্মকল্পও একটী মাত্র; তথাপি দ্বিতীয় পরার্দ্ধের প্রারম্ভে যে ব্রাহ্ম ও তৎপরে পাদ্মকল্প বলিয়া উল্লেখ করা হইয়াছে, সে কেবল সনকাদি ও মরীচ্যাদি ঋষিগণের ব্রাহ্মকল্পের ন্যায়, ব্রহ্মা

কালোঽয়ং দ্বিপরার্দ্ধাখ্যো নিমেষ উপচর্য্যতে।
অব্যাকৃতস্যানন্তস্য অনাদের্জগদাত্মনঃ ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

দ্বিপরার্দ্ধাখ্যঃ অয়ং কালঃ জগদাত্মনঃ জগৎকারণস্য অনাদেঃ আদিশূন্যস্য অনন্তস্য বিনাশ-শূন্যস্য অব্যাকৃতস্য অক্ষর-ব্রহ্মণঃ নিমেষঃ উপচর্য্যতে ইত্যনেন ন তস্য আয়ুর্গণনং ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

তদেবং কালেন নিমিত্তেন সৃজ্যানামায়ুঃপরিমাণমুক্ত্বা কালপরিচ্ছেদ-রহিতং তত্ত্বমাহ কালোঽয়মিতি পঞ্চভিঃ। উপচর্য্যতে কেবলং নত্বনেনাপি ক্রমেণায়ুর্গণনং তস্যেত্যাহ অব্যাকৃতস্য কার্য্যোপাধিশূন্যস্য। অতএবানন্তস্য অনাদেশ্চ জগদাত্মনো জগৎকারণস্য ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং সূক্ষ্মং স্থূলং কালমুক্ত্বেদানীমাত্যন্তিকং স্থূলং পরম-মহান্তং কালমাহ দ্বিপরার্দ্ধসংজ্ঞং কালস্য পর্য্যবসানাসম্ভবেঽপ্যাত্যন্তিকস্থূলত্বেন স এব শাস্ত্রে ব্যবস্থিয়তে সোঽপি জগদাত্মনঃ পরমেশ্বরস্য নিমেষঃ। নন্বেবং নিমেষাদিক্রমেণ তস্যাপি কিমায়ুর্গণ্যতে? তত্র নহি নহীতি স্মরসনাদংশমাহ উপচর্য্যতে ক্বচিন্নিমেষ ইতি। তস্যৈব নিঃশ্বসিত-কালমথাবলম্ব্য জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথা ইতি ব্রহ্মসংহিতাদৌ ক্বচিন্নিঃশ্বাস ইত্যুপচার মাত্রং নতু বস্তুতো নিমেষোঽপীত্যর্থঃ। যতোঽব্যাকৃতস্য কালকৃত-বিকার-রহিতস্য তত্র হেতুরনন্তস্যানাদেঃ কালপরিচ্ছেদাতীতস্যেত্যর্থঃ যতো জগদাত্মনঃ কালাদি-সর্ব্বজগৎকারণস্য ॥ ৩৮ ॥

এই বিশ্ব সংসারের কারণভূত অপক্ষয়াদিশূন্য আত্যন্ত-রহিত অক্ষর ব্রহ্মস্বরূপ দেব বিশ্বম্ভরের সম্বন্ধে এই দুই পরার্দ্ধকাল এক নিমেষ মাত্র বলিয়া অনুমিত; সুতরাং এতদ্দ্বারা তাঁহার আয়ুঃ গণনা নিতান্ত অসম্ভব ॥ ৩৮ ॥

আভাস।

হইতে আবির্ভাব বশত ব্রাহ্ম নামে কথিত; এবং এই ব্রাহ্মকল্পের অবসানে যাহাকে পাদ্মকল্প কহে, এই দ্বিতীয় পরার্দ্ধের দ্বিতীয় কল্পই সেই পাদ্ম বা বারাহ নামে উক্ত হইয়াছে ॥ ৩৭ ॥

অতএব সূক্ষ্ম ও স্থূল কালের কথা বর্ণন করিয়া, পরম মহান্ পর্য্যন্ত পরম স্থূল কালের উল্লেখ পূর্ব্বক প্রকাশ করিলেন যে, এই দুই পরার্দ্ধ কালাবচ্ছিন্ন যে মহাকাল শাস্ত্রে অভিহিত হইয়াছে, তাহাও ভুবনাধিপতি পরমেশ্বরের সম্বন্ধে এক নিমেষ মাত্র কাল বলিয়া পরিগণিত। অর্থাৎ সেই জগদীশ্বরের অবস্থিতির কাল কিছুতেই গণনীয় হইতে পারে না। এই দ্বিপরার্দ্ধ কাল এক নিমেষ; এইরূপ নিমেষ অবলম্বনে যদি কেহ তাঁহার শতবর্ষ পরমায়ুর সংখ্যা গণনা করিতে চাহেন, তাহাও অসঙ্গত। ব্রহ্মসংহিতাদিতে উক্ত হইয়াছে যে, নারায়ণের প্রত্যেক লোমবিবরে এইরূপ এক এক ব্রহ্মাণ্ড প্রবিষ্ট বা সৃষ্ট হইয়া

কালোঽয়ং পরমাণ্বাদি দ্বিপরার্দ্ধান্ত ঈশ্বরঃ।
নৈবেশিতুং প্রভুর্ভূম্ন ঈশ্বরো ধাম-মানিনাং ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

পরমাণ্বাদি দ্বিপরার্দ্ধান্তঃ অয়ং কালঃ ঈশ্বরঃ অতিসমর্থঃ, অপি ভূম্নঃ পরিপূর্ণস্য, পরব্রহ্মণঃ ঈশিতুং নিয়ন্তুং নৈব প্রভুঃ ; যতঃ ধামমানিনাং দেহগেহাদ্যভিমানবতাং এব সঃ কালঃ ভগবান্ ঈশ্বরঃ বিনাশে সমর্থঃ, (ব্রহ্মণস্তথাভিমানাভাবাৎ) ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

তৎ পরিচ্ছেদে কালস্য সামর্থ্যাদিত্যাহ। কালোঽয়মীশ্বরঃ সমর্থোঽপি ভূম্নঃ পরিপূর্ণস্য ঈশিতুং নৈব প্রভুঃ ন সমর্থঃ যতো ধামমানিনাং দেহগেহাদ্যভিমানিনামেবেশ্বরঃ ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যঞ্জিতমেবার্থং পুনঃ স্পষ্টয়তি কালোঽয়মিতি। ভূম্নঃ পরমেশ্বরস্য। ধাম-মানিনাং সত্যলোকাদ্যধিকারিণাং ॥ ৩৯ ॥

পরমাণু পরিমিত কাল হইতে আরম্ভ করিয়া, দ্বিপরার্দ্ধ নির্ণীত পর্য্যন্ত কাল এই সৃষ্ট যাবতীয় পদার্থের উপর আধিপত্য বিস্তারে সমর্থ হইলেও, পরিপূর্ণ সর্ব্বব্যাপী অনন্ত পরমব্রহ্মের নিকট প্রতিপত্তি বিস্তারে সমর্থ হয় না ; কারণ ভগবান্ স্বয়ং নিরভিমানী হইয়া, দেহগেহাদি বিষয়ে অভিমানী যাবতীয় জীবেরই নিয়ন্তা ও প্রভু। কাল তাঁহার অধীন। তিনিই কালকর্ত্তা ॥ ৩৯ ॥

আভাস।

অবস্থিতি করিতেছে এবং তত্রত্য এক এক ব্রহ্মাণ্ডনাথ ব্রহ্মা উক্ত নারায়ণের এক এক নিঃশ্বাস-কালকে স্বীয় পরমায়ুঃ লাভে জীবিত থাকেন। তাদৃশ অনন্ত ব্রহ্মাণ্ড যে ভূতপতি ভগবানের অনন্ত রোমবিবরে অনন্তকাল উৎপত্তি, স্থিতি ও বিনাশের অন্তর্গত হইয়া সৃষ্টি ক্রিয়ার পরিচয় দিতেছেন, তাদৃশ ভগবানের পরমায়ুঃ কাল কিরূপে নির্ণয় করা সম্ভব হইতে পারে! ॥ ৩৮ ॥

পূর্ব্বোক্ত তাৎপর্য্যই এই শ্লোকে বিশেষরূপে সমর্থন করিয়াছেন। এতদর্থে একটী হেতু প্রদর্শন করিয়াছেন যে, কাল অভিমানীর উপরই অধিকার বিস্তারে সমর্থ; নিরভিমানীর নিকট কাল নিতান্তই পরতন্ত্র। কারণ চৈতন্যস্বরূপের হ্রাস, বৃদ্ধি, ক্ষয় বা উদয়াদি কোন বিকারই নাই ; কিন্তু তাদাত্ম্যাভিমানে আত্মাতিরিক্ত অন্য পদার্থে আত্মভাব ভাবনার দ্বারাই আসক্ত পুরুষে ক্ষয়-ব্যয়াদি বিবিধ ভাবান্তর প্রকটিত হইয়া থাকে। ব্রহ্মাদি পুরুষ-মাত্রই তৎ তৎ অধিকার প্রাপ্তে কর্ত্তৃত্বাভিমানে বিমুগ্ধ ; সুতরাং তাঁহারা সকলে কালের অধীন। কিন্তু ভগবান্ সর্ব্বেশ্বর হইয়াও, কর্ত্তৃত্বাদি অভিমানশূন্য ; অতএব কাল তাঁহার অধীন ॥ ৩৯ ॥

বিকারৈঃ সহিতো যুক্তৈ র্বিশেষাদিভিরাবৃতঃ।
অণ্ডকোষো বহিরয়ং পঞ্চাশৎ কোটিবিস্তৃতঃ ॥ ৪০ ॥
দশোত্তরাধিকৈ র্যত্র প্রবিষ্টঃ পরমাণুবৎ।
লক্ষ্যতেঽন্তর্গতাশ্চান্যে কোটিশো হ্যণ্ডরাশয়ঃ ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

বিকারৈঃ পঞ্চমহাভূতৈকাদশেন্দ্রিয়রূপৈঃ ষোড়শভিঃ যুক্তৈঃ (প্রকৃতি-মহদহঙ্কার-শব্দাদি পঞ্চতন্মাত্ররূপাষ্টপ্রকৃতিশব্দবাচ্যৈঃ মিলিতৈঃ সহিতঃ আরব্ধঃ (অন্তঃ) পঞ্চাশৎ কোটি-যোজন-বিস্তৃতঃ বহিঃ চ বিশেষাদিভিঃ(পৃথিব্যাদিভিঃ দশোত্তরাধিকৈঃ দশগুণোত্তরাধিকৈঃ সপ্তভিঃ) আবৃতঃ অয়ং অণ্ডকোষঃ যত্র ইতি পরেণান্বয়ঃ ॥ ৪০ ॥

যত্র প্রবিষ্টঃ পরমাণুবৎ লক্ষ্যতে (এবম্বিধাঃ) অন্যেচ কোটিশঃ অণ্ডরাশয়ঃ হি অন্তর্গতাঃ (প্রবিষ্টাঃ পরমাণুবৎ দৃশ্যন্তে) ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

ভূম্ন ইত্যুক্তং তৎ প্রপঞ্চয়ন্নাহ বিকারৈঃ ষোড়শভিঃ যুক্তৈঃ [অষ্টপ্রকৃতি-সংযুক্তৈঃ। সহিতঃ তদারব্ধ ইত্যর্থঃ। অয়মণ্ডকোষঃ যত্র প্রবিষ্টঃ পরমণুবল্লক্ষ্যতে ইত্যুত্তরেণান্বয়ঃ। কীদৃশঃ অন্তঃ পঞ্চাশৎ কোটি-যোজন-বিস্তৃতঃ বহিশ্চ বিশেষাদিভিঃ পৃথিব্যাদিভিঃ সপ্তভি-রাবৃতঃ ॥ ৪০ ॥

কীদৃশৈরণ্ডকোষ-প্রমাণাদ্দশগুণোত্তরো হধিকো যেষু তৈঃ ন কেবলময়মেক এব অপিতু অন্যেঽপি লক্ষ্যন্তে ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জগদাত্মন ইত্যনেন ব্যঞ্জিতং সর্ব্বজগৎপরিচ্ছেদকত্বং তস্যাহ বিকারৈঃ ষোড়শভি-র্যুক্তৈঃ অষ্টপ্রকৃতিযুক্তৈঃ সহিতস্তদারব্ধ ইত্যর্থঃ। অয়মণ্ডকোষো যত্র প্রবিষ্টঃ পরমাণু-বল্লক্ষ্যতে ইত্যুত্তরেণান্বয়ঃ। কীদৃশঃ বহির্বিশেষাদিভিঃ পৃথিব্যাদিভিঃ সপ্তভিরাবৃতঃ কীদৃশৈঃ অণ্ডকোষপ্রমাণাদ্দশগুণ উত্তরোত্তরোঽধিকো যেষু তৈঃ। ন কেবলময়মেক এব অপি ত্বন্যেঽপি লক্ষ্যন্তে ॥ ৪০ ॥ ৪১ ॥

পঞ্চ মহাভূত ও একাদশ ইন্দ্রিয় এই ষোড়শ বিকারে গঠিত এবং প্রকৃতি, মহত্তত্ত্ব, অহঙ্কার ও পঞ্চতন্মাত্র এই অষ্টবিধ প্রকৃতিতে সমন্বিত পঞ্চাশৎ কোটি যোজন বিস্তৃত এবং পৃথ্বাদি মহৎপর্য্যন্ত উত্তরোত্তর দশগুণ অধিক আবরণ বিশিষ্ট এই বিপুল ব্রহ্মাণ্ডকোষ ॥ ৪০ ॥

যথায় একটী ক্ষুদ্র পরমাণুরূপে প্রবিষ্ট রহিয়াছে, এবং এতদ্ব্যতীত এইরূপ অনন্ত কোটি কোটি ব্রহ্মাণ্ড যথায় এইরূপ পরমাণুর ন্যায় নিবিষ্ট রহিয়াছে ॥ ৪১ ॥

সেই সর্ব্বকারণকারণ অক্ষর পরম ব্রহ্মই সাক্ষাৎ পরমপুরুষ পরমাত্মা বিষ্ণুর

তদাহুরক্ষরং ব্রহ্ম সর্ব্বকারণকারণং।
বিষ্ণোর্ধাম পরং সাক্ষাৎ পুরুষস্য মহাত্মনঃ ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়-স্কন্ধে বিদুর-মৈত্রেয়-সম্বাদে কালস্বরূপকথনমেকাদশোঽধ্যায়ঃ ॥

মৈত্রেয় উবাচ।

ইতি তে বর্ণিতঃ ক্ষত্তঃ কালাখ্যঃ পরমাত্মনঃ।
মহিমা বেদগর্ভোঽথ যথাস্রাক্ষীন্নিবোধ মে ॥ ১ ॥

অন্বয়ঃ।

তৎ সর্ব্বকারণকারণং অক্ষরং ব্রহ্ম সাক্ষাৎ পুরুষস্য মহাত্মনঃ বিষ্ণোঃ পরং ধাম আহুঃ ॥ ৪২ ॥

ইতি তৃতীয়ে একাদশঃ ॥

মৈত্রেয়ঃ উবাচ। হে ক্ষত্তঃ! পরমাত্মনঃ কালাখ্যঃ মহিমা প্রভাব-বিশেষঃ তে তুভ্যং ইতি উক্তপ্রকারেণ, বর্ণিতঃ। অথ অনন্তরং, বেদগর্ভঃ ব্রহ্মা যথা (প্রজাঃ) অস্রাক্ষীৎ মে মত্তঃ ত্বং নিবোধ শৃণু ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

সর্ব্বেষাং কারণানাং কারণং ধাম স্বরূপং ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে একাদশঃ ॥ * ॥

দ্বাদশে তু কুমারাদি মনঃসর্গাসমেধনাৎ। কায়বৈধেন যোনস্তু মনুসর্গোঽনুবর্ণ্যতে ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিষ্ণোঃ কারণার্ণবশায়িনো ধাম দেহঃ গৃহদেহস্থিতপ্রভাবা ধামনীত্যমরঃ ॥ ৪২ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
একাদশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
সনকাদি মরীচ্যাদি ধর্ম্মাধর্ম্মাদিসৃষ্টিধিঃ।
দ্বাদশে সর্গবৃদ্ধ্যর্থং মিথুনং দেহতোঽসৃজৎ ॥ * ॥

মহিমা প্রভাবঃ ॥ ১ ॥

পরম ধাম বলিয়া পরিকীর্ত্তিত ॥ ৪২ ॥

ইতি তৃতীয়ে একাদশ ॥

অনন্তর মৈত্রেয় মুনি বিদুরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ক্ষত্ত! পূর্ব্বোক্ত প্রকারে পরমপুরুষ পরমেশ্বরের কাল নামক মহিমাবিশেষের বিশেষ প্রভাব সম্বন্ধে তোমার নিকট বর্ণন করিলাম, এক্ষণে সেই বেদগর্ভ

সসর্জ্জাগ্রেঽন্ধতামিস্রমথতামিস্রমাদিকৃৎ।

অন্বয়ঃ।

আদিকৃৎ প্রজাস্রষ্টা ব্রহ্মা অগ্রে সৃষ্টৌ তমঃ স্বরূপাপ্রকাশং মোহং দেহেন্দ্রিয়ান্তঃকরণ-প্রাণাদ্যহংবুদ্ধিং, মহামোহং বিষয়ভোগেচ্ছাং, তামিস্রং তৎপ্রতিঘাতোত্থং ক্রোধং, অন্ধ-

শ্রীধরস্বামী।

অগ্র ইতি ব্রহ্মা স্বসৃষ্টৌ প্রথমমবিদ্যাবৃত্তীঃ সসর্জ। তত্র তমোনাম স্বরূপাপ্রকাশঃ মোহো দেহাদ্যহংবুদ্ধিঃ মহামোহো ভোগেচ্ছা। তামিস্রঃ তৎপ্রতিঘাতে ক্রোধঃ। অন্ধতামিস্রঃ তন্নাশেঽহমেব মৃতোঽস্মীতি বুদ্ধিঃ। তদেবোক্তং বৈষ্ণবে। তমোঽবিবেকো মোহঃ স্যাদন্তঃকরণবিভ্রমঃ। মহামোহস্তু বিজ্ঞেয়ো গ্রাম্যভোগসুখৈষণা। মরণং হ্যন্ধতামিস্রং তামিস্রঃ ক্রোধ উচ্যতে। অবিদ্যা পঞ্চপর্ব্বৈষা প্রাদুর্ভূতা মহাত্মন ইতি। পাতঞ্জ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবিদ্যাবৃত্তয়ঃ পূর্ব্বসিদ্ধা এব সৃষ্ট্যারম্ভে ব্রহ্মতঃ সকাশাৎ তমআদিরূপেণাবির্ভবুরিত্যাহ সসর্জেতি। তত্র তমো নাম জীবস্য স্বরূপাপ্রকাশঃ। মোহো দেহাদাবহন্তারোপঃ। মহামোহো ভোক্তব্যবিষয়েষু মমত্বারোপঃ। তামিস্রঃ ভোগপ্রতিঘাতে সত্যন্তঃকরণধর্ম্মস্য ক্রোধস্য স্বীকারঃ। ততশ্চান্ধতামিস্রঃ ক্রোধতন্ময়ীভাবরূপা মূর্চ্ছৈব মরণং। এতে জীবস্যাসন্তোঽপ্যবিদ্যয়া সৃষ্টাঃ। যথোক্তং বৈষ্ণবে; তমো বিবেকো মোহঃ স্যাদন্তঃকরণবিভ্রমঃ। মহামোহস্তু বিজ্ঞেয়ো গ্রাম্যভোগসুখৈষণা। মরণং হ্যন্ধতামিস্রং তামিস্রং ক্রোধ উচ্যতে। অবিদ্যা পঞ্চপর্ব্বৈষা প্রাদুর্ভূতা মহাত্মন ইতি পাতঞ্জলেঽপ্যেত এবোক্তাঃ

ব্রহ্মা যেরূপে প্রজাবর্গকে সৃষ্টি করিয়াছেন, সেই সমস্ত বিষয় আনুপূর্ব্বিক বর্ণন করিতেছি শ্রবণ কর! ॥ ১ ॥

আদিকর্ত্তা, প্রজাপতি হিরণ্যগর্ভ সৃষ্টির প্রারম্ভেই তমো, মোহ, মহামোহ, তামিস্র ও অন্ধতামিস্র অর্থাৎ অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ ও অভিনিবেশ-রূপ

আভাস।

জগদুপাদানের প্রথম উপকরণই অবিদ্যা। অবিদ্যা উপাদানে ব্রহ্মাণ্ড উৎপন্ন এবং অবিদ্যার আবরণ ও বিক্ষেপ নামক শক্তিদ্বয়ের দ্বারা জীব মোহিত ও বিক্ষিপ্ত হইয়া অনিত্য, অশুচি, দুঃখাত্মক ও অনাত্ম জগতে নিত্য, শুচি, সুখস্বরূপ ও আত্মভাব চিন্তনে আসক্ত হইয়া থাকে। অতএব তাদৃশ অবিদ্যার উৎপত্তি হইলেই স্থাবর জঙ্গমাত্মক বিশ্ব সংসারের উৎপত্তিতে আর কোন বিড়ম্বনা ঘটে না। সেই অবিদ্যা-স্বরূপের পরিণাম-ভাবে পাঁচটী ক্রম বা স্তর আছে; অবিদ্যাই সেই স্তর সমূহের ক্ষেত্র বা উৎপাদনের আশ্রয়; এবং এই পাঁচ প্রকার ব্যাপার সেই এক অবিদ্যা হইতেই প্রসূত হইয়া থাকে। ভগবান্ পতঞ্জলি বলিয়াছেন, "অবিদ্যাস্মিতারাগদ্বেষাভিনিবেশাঃ পঞ্চক্লেশাঃ।" সংসার

মহামোহঞ্চ মোহঞ্চ তমশ্চাজ্ঞানবৃত্তয়ঃ ॥ ২ ॥

অন্বয়ঃ।

তামিস্রং বিষয়নাশে আত্মনাশ-বিবেচনং, ইতি অজ্ঞানবৃত্তয়ঃ অবিদ্যাবৃত্তীঃ সসর্জ্জ ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

লেশপ্যেত এবোক্তাঃ। অবিদ্যাঽস্মিতারাগদ্বেষাভিনিবেশাঃ পঞ্চক্লেশা ইতি। শ্রীবিষ্ণুস্বামিপ্রোক্তা বা। অজ্ঞান-বিপর্য্যাস-ভেদভয়শোকাঃ। তদুক্তং স্বাদৃগুথবিপর্য্যাসেত্যাদি ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

অবিদ্যাঽস্মিতারাগদ্বেষাভিনিবেশাঃ। শ্রীবিষ্ণুস্বামিপ্রোক্তা অজ্ঞানবিপর্য্যাসভেদভয়শোকা বস্তুতস্ত্ববিদ্যায়া আবরণবিক্ষেপাবেব গৌ ধর্ম্মৌ তাবেব অবিদ্যাঽস্মিতাশব্দাভ্যাং অজ্ঞানবিপর্য্যাসশব্দাভ্যাঞ্চোচ্যেতে। রাগদ্বেষাভিনিবেশাস্তদুঃকরণধর্ম্মা অপি বিক্ষেপাংশ্চ প্রাধান্যাদ্বিক্ষেপপ্রপঞ্চ-তয়ৈবোচ্যন্তে ইতি জ্ঞেয়ং ॥ ২ ॥

পর্য্যায়ক্রমে এই পঞ্চ পর্ব্ববিশিষ্ট সংসার হেতু অবিদ্যার সৃষ্টি করিলেন ॥ ২ ॥

আভাস।

শ্রোতে দুঃখ প্রদানার্থ ভগবান্ জীবকে পাঁচ প্রকার ক্লেশ প্রদান করিয়াছেন। বিবেকের প্রতি কিছু মাত্র দৃষ্টি নিক্ষেপ না করিয়া, যে সমস্ত সংসারের জীব বিষয় সম্ভোগে প্রবৃত্ত হয়, ভগবান্ তাহাদিগকে বন্ধন-রজ্জু স্বরূপ এই পঞ্চবিধ ক্লেশ-বন্ধনে বদ্ধ করিয়া বিবিধ যন্ত্রণাভোগ করাইয়া থাকেন। কালক্রমে বিবেকের উদয়ে যখন সেই আকাঙ্ক্ষিত আশাপ্রদ সংসারের জীবন ও মূল ভিত্তি-স্বরূপ এই পঞ্চবিধ বন্ধনকে ক্লেশ বলিয়া প্রতীত হইবে, তখনই সংসার-মোচনের সম্ভাবনা। "অবিদ্যা ক্ষেত্রমুত্তরেষাং প্রসুপ্ততনুবিচ্ছিন্নোদারাণাং" এক অবিদ্যাই উক্ত পঞ্চপ্রকার ক্লেশের ক্ষেত্র, যাহা নিদ্রিত, প্রত্যাখ্যাত, পরিত্যক্ত ও প্রকাশমানের ন্যায় জীবমাত্রেরই অন্তঃকরণে নিবিষ্ট রহিয়াছে। এই পঞ্চ ক্লেশকে এই শ্লোকে তমো, মোহো, মহামোহ, তামিস্র ও অন্ধতামিস্র নামে অভিহিত করিয়াছেন। ভগবান্ পতঞ্জলি এই পঞ্চ ক্লেশের যেরূপ তাৎপর্য্যার্থ নিরূপণ করিয়াছেন, তাহা যথাক্রমে প্রদর্শিত হইতেছে যথা; "অনিত্যাশুচিদুঃখানাত্মসু নিত্যশুচিসুখাত্মখ্যাতিরবিদ্যা" বা তমঃ। অর্থাৎ অনিত্য, অশুচি, দুঃখসঙ্কুল এবং অনাত্ম পদার্থে যে নিত্য, শুচি, সুখময় ও আত্মভাবের প্রতীতি অর্থাৎ আত্মস্ব স্বরূপের অনুভূতি, তাহাই অবিদ্যা বা তমো নামে উক্ত হইয়াছে। 'দৃক্‌দর্শনশক্ত্যোরেকাত্মতৈবাস্মিতা'। বা মোহঃ। দৃক্-শক্তি চৈতন্যস্বরূপ এবং দর্শন-শক্তি প্রকৃতি; এতদুভয়ের ঐক্যাবধারণে প্রকৃতিস্বরূপ অন্তঃকরণাদিতে যে আমি বলিয়া বোধ, তাহারই নাম অস্মিতা বা মোহ। "সুখানুশয়ী রাগঃ" বা মহামোহঃ; অর্থাৎ সুখসেব্য ভোগ্য পদার্থে যে আনন্দানুভব বা আসক্তি, আমার বলিয়া মমত্বের আরোপ, তাহার নাম রাগ বা মহামোহ। "দুঃখানুশয়ী দ্বেষঃ" সুখপ্রতিকূল দুঃখপ্রদ বস্তুর প্রতি অন্তঃকরণের যে বিরক্তি বা ক্রোধভাব তাহার নাম দ্বেষ;

দৃষ্ট্বা পাপীয়সীং সৃষ্টিং নাত্মানং বহ্বমন্যত।
ভগবদ্ধ্যানপূতেন মনসান্যাংস্ততোঽসৃজৎ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

তাং পাপীয়সীং নিরয়-সাধিনীং সৃষ্টিং দৃষ্ট্বা (স্রষ্টারং) আত্মানং বহু সমীচীনং ন অমন্যত। ততঃ (ব্রহ্মা) ভগবদ্ধ্যানপূতেন মনসা অন্যান্ অসৃজৎ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

ন বহ্বমন্যত নাভ্যনন্দৎ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবিদ্যায়া নিবর্ত্তিকা বিদ্যৈবেতি জ্ঞাপয়িতুং বিদ্যাবৃত্তয়োঽপি তস্মাদেব সনকাদি-রূপেণাবির্ভূবুরিত্যাহ দৃষ্ট্বেত্যাদিনা। মহাকল্পায়ুষাং ব্রহ্মাদীনাং জীবতামেব প্রথম-পরার্দ্ধান্তে পরমেশ্বরে প্রবেশাৎ পাদ্ম-কল্পে যথা ব্রহ্মা পদ্মাদুদপদ্যত তথা ব্রহ্মাপি সনকাদীন্ পুনরুৎপাদয়ামাসেত্যাহ ॥ ৩ ॥

অনন্তর এই নিরয়-সাধিনী নিজকৃত সৃষ্টি অবলোকনে ব্রহ্মা আপনাকে কৃতার্থ জ্ঞান না করিয়া অন্যান্য সৃষ্টির জন্য অভিলাষ করিলেন ॥ ৩ ॥

আভাস।

বা মহামোহ; এবং "স্বরসবাহী বিদুষোঽপি তথারূঢ়োঽভিনিবেশঃ" বা অন্ধতামিস্রঃ। অর্থাৎ বিবেক-বিশিষ্ট জ্ঞানবান্ ব্যক্তিরও মৃত্যুত্রাস উপস্থিত হয়। এই সংস্কার তাঁহার পূর্ব্বার্জ্জিত স্বভাবের সহিত সহজাতের ন্যায় সংবদ্ধ। এই মৃত্যুভয়ই অভিনিবেশ বা অন্ধতামিস্র। বিষ্ণুস্বামী এই অবিদ্যা-পর্ব্বের অজ্ঞান, বিপর্য্যাস, ভেদ, ভয় ও শোক বলিয়া অন্য নামপঞ্চক তৎকৃত শাস্ত্রে উল্লেখ করিয়াছেন। প্রকৃত কথনে অবিদ্যার যে আবরণ ও বিক্ষেপ নামে দ্বিবিধ ধর্ম্ম আছে, তাহাই অবিদ্যা ও অস্মিতা বা অজ্ঞান ও বিপর্য্যাস নামে অভিহিত; তদ্ব্যতীত রাগ বা দ্বেষ ও অভিনিবেশ মূলত অন্তঃকরণেরই ধর্ম্ম হইলেও বিক্ষেপ-বাহুল্য বশত বিক্ষেপ নামেই অভিহিত হইয়াছে ॥ ২ ॥

ব্রহ্মা তাদৃশ নিরয়-সাধক সৃষ্টি নিরীক্ষণ করিয়া, মনে মনে কিছু ক্ষুণ্ণ হইলেন; এবং তৎপ্রতিবিধানার্থ সনকাদি ঋষি-চতুষ্টয়কে সৃজন করিলেন। অর্থাৎ "বিদ্যাবিদ্যাং নিহন্ত্যেব জলং কতকরেণুবৎ॥" অর্থাৎ নির্ম্মলি যেমন জলের মালিন্য অপনোদিত করে, সেইরূপ বিদ্যাই অবিদ্যাকে ধ্বংস করিয়া থাকে। এস্থলে চতুর ভূমিকা-বিশিষ্ট অবিদ্যার সৃষ্টি করিয়া, তন্নিধনোপায়ে সনকাদি ঋষি-চতুষ্টয়কে ব্রহ্মা নির্ম্মাণ করিলেন। প্রথম পরার্দ্ধের অন্তে ব্রহ্মা জীবিত থাকিয়াও পরমেশ্বরে একীভূত ছিলেন; এক্ষণে পাদ্মকল্পে যেমন ব্রহ্মা পদ্ম হইতে নির্গত হইলেন, সেইরূপ সনকাদি ঋষিগণও ব্রহ্মা হইতে সমুৎপন্ন হইলেন ॥ ৩ ॥

সনকঞ্চ সনন্দঞ্চ সনাতনমথাত্মভূঃ।
সনৎকুমারঞ্চ মুনীন্ নিষ্ক্রিয়ানূর্দ্ধরেতসঃ ॥ ৪ ॥
তান্ বভাষে স্বভূঃ পুত্রান্ প্রজাঃ সৃজত পুত্রকাঃ।
তন্নৈচ্ছন্মোক্ষধর্ম্মাণো বাসুদেব-পরায়ণাঃ ॥ ৫ ॥

অন্বয়ঃ।

বৈষ্ণবের চরিত্রাদি শ্রবণ না করিলে, বিদ্বান্ ব্যক্তির বিদ্যাই নিষ্ফল। সুতরাং বিদ্যা উপার্জ্জনার্থ গুরুমুখ হইতে শ্রবণ ও শাস্ত্রাদির অধ্যয়ন জন্য যাবতীয় পরিশ্রমই নিষ্প্রয়োজন। অতএব যাঁহাদের হৃদয়ে কৃষ্ণপাদপদ্ম চির উদ্ভাসিত, সেই সমস্ত ভক্তজনের চরিত্র শ্রবণ ও কীর্ত্তনে বিশেষ ফললাভ হইয়া থাকে ॥ ৪ ॥

বিদুর অতি বিনয় ও ভক্তি-সহকারে মৈত্রেয়-সন্নিধানে পূর্ব্বোক্ত প্রশ্ন-সমূহ জিজ্ঞাসা করিলে, মৈত্রেয় ঋষি তাঁহার প্রতি বিশেষ সন্তুষ্ট হইলেন; এবং উত্তর-দানার্থ ভগবানে এতই নিবিষ্টচিত্ত হইয়াছিলেন যে, আনন্দে পুলকিত হইলেন। বিদুর পরম ভক্ত ও বিনয়ী। মহাভারতে প্রকাশ আছে যে, এক সময়ে বিদুর শ্রীকৃষ্ণকে ভোজনার্থ গৃহে নিমন্ত্রণ করেন। ভক্তবৎসল ভগবান্ অতি প্রীতি সহকারে বিদুরের প্রদত্ত কণান্ন ভোজন করিয়াছিলেন এবং পরিণামে

মৈত্রেয় উবাচ ॥

যদা স্বভার্য্যয়া সার্দ্ধং জাতঃ স্বায়ম্ভুবো মনুঃ।
প্রাঞ্জলিঃ প্রণতশ্চেদং বেদগর্ভমভাষত ॥ ৫ ॥
ত্বমেকঃ সর্ব্বভূতানাং জন্মকৃদ্বৃত্তিদঃ পিতা।
তথাপি নঃ প্রজানাং তে শুশ্রূষা কেন বা ভবেৎ ॥ ৬ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। যদা স্বভার্য্যয়া শতরূপয়া সার্দ্ধং সহ স্বায়ম্ভুবঃ মনুঃ জাতঃ তদা প্রণতঃ প্রাঞ্জলিঃ চ সন্ বেদগর্ভং ব্রহ্মাণং ইদং বক্ষ্যমাণং অভাষত ॥ ৫ ॥

(যতঃ) ত্বং একঃ এব সর্ব্বভূতানাং জন্মকৃৎ উৎপাদকঃ, বৃত্তিদঃ পোষকঃ, পিতা (অতস্তব অন্যাপেক্ষা (যদ্যপি নাস্তি) তথাপি নঃ অস্মাকং প্রজানাং তে তব শুশ্রূষা পরিচর্য্যা কেন বা কর্ম্মণা ভবেৎ ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

চরণৌ প্রসারয়তীত্যর্থঃ। শুশ্রূষাচষ্টে অভ্যভাষত। প্রণীয়মানঃ তেন প্রবর্ত্ত্যমানঃ ॥ ৫ ॥

ত্বমেবৈকঃ পিতা সর্ব্বেষাং। যতো জন্মকৃৎ। বৃত্তিপ্রদঃ পোষকশ্চ ত্বমেব অতস্তব যদ্যপি অন্যাপেক্ষা নাস্তি তথাপ্যস্মাকং তে শুশ্রূষা কেন কর্ম্মণা ভবেত্তদ্বিধেহীত্যুক্তরেণান্বয়ঃ ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রূপধানমুপবর্হরূপং মহাভারতে বিদুরগৃহে ভোজনে ভগবাংস্তদুৎসঙ্গে চরণৌ নিধায় সুষ্বাপেতি প্রসিদ্ধেঃ। প্রণীয়মানঃ তেন প্রবর্ত্ত্যমানঃ ॥ ৫ ॥ ৬ ॥

মৈত্রেয় বলিলেন, অহে বিদুর! স্বায়ম্ভুব মনু স্বীয় পত্নী শতরূপার সহিত একত্র জন্ম পরিগ্রহ করিয়া অতি বিনয়-সহকারে কৃতাঞ্জলিপুটে বেদগর্ভ ব্রহ্মাকে নিম্নোক্ত প্রকারে কহিতে লাগিলেন ॥ ৫ ॥

হে ব্রহ্মন্! আপনি যখন এই যাবতীয় প্রাণি-সমূহের উৎপাদক ও পরিপোষক পিতা; সুতরাং অন্যের নিকট হইতে আপনার কোন অপেক্ষা না থাকিলেও, আমরা যখন আপনার উৎপাদিত পুত্র, তখন আমাদের প্রতি এরূপ কোন কর্ম্মের অনুমতি করুন, যাহার দ্বারা আপনার শুশ্রূষা হইতে পারে ॥ ৬ ॥

আভাস।

কৃষ্ণপাদপদ্ম বিদুরের লাভ হইবে কি না, ইহার পরিচয় প্রদানার্থ তৎকালে বিদুরের উৎসঙ্গে স্বীয় চরণদ্বয় প্রদান পূর্ব্বক শ্রীকৃষ্ণ সুখে নিদ্রা যান। তদবধি বিদুর কৃষ্ণপদারবিন্দকে জীবন-শয্যার প্রধান উপাধান বোধে অবলম্বন করিয়া আছেন। তাদৃশ ভক্ত বিদুরকে উত্তর প্রদানে আনন্দিত করা অবশ্য-কর্ত্তব্য বোধে মৈত্রেয় ঋষি লীলা-কথা বলিতে আরম্ভ করিলেন ॥ ৫ ॥

তদ্বিধেহি নমস্তুভ্যং কর্ম্মস্বীড্যাত্মশক্তিষু।
যৎকৃত্বেহ যশো বিশ্বগমুত্র চ ভবেদ্গতিঃ ॥ ৭ ॥
ব্রহ্মোবাচ ॥
প্রীতস্তুভ্যমহং তাত স্বস্তি স্তাদ্বাং ক্ষিতীশ্বর।
যন্নির্ব্যলীকেন হৃদা শাধি মেত্যাত্মনার্পিতং ॥ ৮ ॥

অন্বয়ঃ।

হে ঈড্য স্তুত্য! আত্মশক্তিষু (আত্মনঃ শক্তির্যেষু তেষু) অস্মচ্ছ্রেয়ঃসু, কর্ম্মসু (মধ্যে কেন কর্ম্মণা তে শুশ্রূষা ভবেৎ) যৎ কর্ম্ম কৃত্বা যস্মিন্ কর্ম্মণি কৃতে সতি ইহ অস্মিন্ লোকে বিষ্বক্ সর্ব্বতঃ যশঃ ভবেৎ তথা অমুত্র পরলোকে, গতিঃ ভবেৎ তৎবিধেহি (তে তুভ্যং নমঃ ॥ ৭ ॥

ব্রহ্মা উবাচ। হে তাত! তুভ্যং অহং প্রীতঃ অতঃ বাং যুবাভ্যাং স্ত্রীপুরুষাভ্যাং স্বস্তি কল্যাণং স্তাৎ ভূয়াৎ, হে ক্ষিতীশ্বর! যৎ যস্মাৎ নির্ব্যলীকেন নিষ্কপটেন, হৃদা মা মাং শাধি শিক্ষয় ইতি আত্মনা স্বয়মেব ত্বয়া অর্পিতং নিবেদিতং ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

হে ঈড্য আত্মশক্তিষু অস্মচ্ছ্রেয়ঃসু কর্ম্মসু মধ্যে কেন কর্ম্মণা ভবেত্তদ্বিধেহি ইদং কর্ত্তব্যমিতি কথয়। যৎ কৃত্বা যস্মিন্ কৃতে সতি বিষ্বক্ সর্ব্বতঃ ॥ ৭ ॥

বাং যুবাভ্যাং স্বস্তি ভদ্রং স্তাৎ ভূয়াৎ যৎ যতঃ মা মাং শাধি অনুশিক্ষয়েতি আত্মনা স্বয়মেবার্পিতং নিবেদিতং অতঃ প্রীতোঽস্মি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে ঈড্য আত্মশক্তিষু অস্মচ্ছ্রেয়ঃসু কর্ম্মসু মধ্যে কেন কর্ম্মণা তে শুশ্রূষা ভবেত্তদ্বিধেহি আজ্ঞাপয়েত্যর্থঃ। যৎ কৃত্বা স্থিতস্য মমেত্যধ্যাহার্য্যং ॥ ৭ ॥

তুভ্যং প্রীত ইতি পত্যে শেতে ইতিবৎ সংপ্রদানং। অতো বাং যুবাভ্যাং স্ত্রীপুংসাভ্যামেব স্বস্তি স্তাৎ। যদ্যতঃ মা মাং শাধি অনুশিক্ষয় ইতি আত্মনা স্বয়মেবার্পিতং বিশেষ্যপদানুক্ত্যা অহন্তাস্পদমমতাস্পদাদিকং সর্ব্বমেব নিবেদিতমিত্যর্থঃ ॥ ৮ ॥

হে সর্ব্ববন্দ্য দেব কমলাসন! আমাদের নিজশক্তির দ্বারা নির্ব্বাহ হইতে পারে এমন যে কোন কর্ম্ম আছে, যাহার অনুষ্ঠানে ভবদীয় শুশ্রূষা হইয়া ইহলোকে বিশ্বব্যাপী বিপুল কীর্ত্তি ও পরলোকে সদ্গতি লাভে কৃতার্থ হওয়া যায়, তদ্বিষয়ে আপনি উপদেশ প্রদান করুন! আপনাকে প্রণাম করি ॥ ৭ ॥

ব্রহ্মা বলিলেন, হে বৎস! আমি তোমাদের প্রতি নিতান্তই প্রসন্ন হইয়াছি; তোমাদের মঙ্গল হউক। হে ক্ষিতিপাল! তুমি যে নিষ্কপট চিত্তে শিক্ষালাভার্থ আমার নিকট আত্ম-সমর্পণ করিয়াছ, তাহাতে আমি বিশেষ

এতাবত্যাত্মজৈর্বীর কার্য্যা হ্যপচিতি গুরৌ।
শক্ত্যাঽপ্রমত্তৈর্গৃহ্যেত সাদরং গতমৎসরৈঃ ॥ ৯ ॥
স ত্বমস্যামপত্যানি সদৃশান্যাত্মনো গুণৈঃ।
উৎপাদ্য শাস ধর্ম্মেণ গাং যজ্ঞৈঃ পুরুষং যজ ॥ ১০ ॥
পরং শুশ্রূষণং মহ্যং স্যাৎ প্রজা রক্ষণান্নৃপ।

অন্বয়ঃ।

হে বীর! গুরৌ (জনকাদৌ পূজ্যে পুত্রাদিভিঃ) এতাবত্যা এব অপচিতিঃ পূজা সেবা, হি কার্য্যা। অপ্রমত্তৈঃ সাবধানৈঃ, গতমৎসরৈঃ দোষদর্শনরহিতৈঃ, শক্ত্যা স্বশক্ত্যনুসারেণ, (গুরোঃ আজ্ঞা) সাদরং (যথা স্যাৎ তথা গৃহ্যেত) ॥ ৯ ॥

সঃ মদাজ্ঞাপেক্ষকঃ ত্বং অস্যাং ভার্য্যায়াং, আত্মনঃ তব গুণৈঃ সদৃশানি অপত্যানি উৎপাদ্য ধর্ম্মেণ ধর্ম্মশাস্ত্রানুসারেণ গাং ভূমিং শাস (ভূমিস্থাং প্রজাঃ শিক্ষয়) তথা যজ্ঞৈঃ স্বধর্ম্মানুষ্ঠানৈঃ পুরুষং পরমপুরুষং ভগবন্তং যজ আরাধয়। ১০ ॥

হে নৃপ! এবং প্রজারক্ষণাৎ মহ্যং মম পরং শুশ্রূষণং স্যাৎ; প্রজাভর্ত্তুঃ প্রজারক্ষকস্য

শ্রীধরস্বামী।

অপচিতিঃ পূজা গৃহ্যেত ইতি আজ্ঞেতি শেষঃ। সনকাদয়ো ন কুর্ব্বন্তি বয়ং কিমিতি করিষ্যাম ইত্যেবম্ভূতো গতো মৎসরো যেভ্যঃ ॥ ৯ ॥

গাং শাস শাধি পালয়েত্যর্থঃ। পুরুষং হরিং। ১০ ॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

অপিচিতিঃ সেবা গৃহ্যেত আজ্ঞেতি শেষঃ। সনকাদয়ো ন কুর্ব্বন্তি বয়ং কিমিত্যাজ্ঞাং কুর্ম্ম ইত্যেবম্ভূতো গতো মৎসরো যেভ্য ইতি তৈঃ ॥ ৯ ॥

গাং পৃথ্বীং শাস শাধি পালয়েত্যর্থঃ ॥ ১০ ॥

প্রীত হইলাম ॥ ৮ ॥

হে বীর! জনকাদি পূজ্য গুরুগণের প্রতি পুত্র প্রভৃতির এইরূপ পূজাদি সম্মান প্রদর্শনই অবশ্য কর্ত্তব্য। গুরুগণের চরিত্রে দোষদর্শনের অভ্যাস পরিত্যাগ পূর্ব্বক অতি সাবধানে যথাশক্তি তাঁহাদের আজ্ঞা আদর পূর্ব্বক প্রতিপালন করাই নিতান্ত বিধেয় ॥ ৯ ॥

তুমি আমার আজ্ঞাবাহী! এক্ষণে শাস্ত্রানুসারে ধর্ম্মের মর্য্যাদা প্রতিপালন করত স্বীয় পত্নীতে আত্মতুল্য গুণবান্ সন্তান সমূহ উৎপাদন কর! পৃথিবীস্থ প্রজাবর্গকে প্রতিপালন কর এবং স্বধর্ম্মবিহিত যজ্ঞসমূহের অনুষ্ঠান দ্বারা ভূতভাবন যজ্ঞপুরুষ ভগবানের আরাধনা কর! ॥ ১০ ॥

হে নরনাথ! প্রজাগণকে ধর্ম্মত প্রতিপালন করিলে, আমারই পরম

ভগবাংস্তে প্রজাভর্ত্তু র্হৃষীকেশোঽনুতুষ্যতি ॥ ১১ ॥
যেষাং ন তুষ্টো ভগবান্ যজ্ঞলিঙ্গো জনার্দ্দনঃ।
তেষাং শ্রমো হ্যপার্থায় যদাত্মানাদৃতঃ স্বয়ং ॥ ১২ ॥
মনুরুবাচ ॥
আদেশেঽহং ভগবতো বর্ত্তেয়ামীবসূদন।
স্থান ত্বিহানুজানীহি প্রজানাং মম চ প্রভো ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

তে তব হৃষীকেশ (হৃষীকাণাং ইন্দ্রিয়াণাং ঈশঃ নিয়ন্তা ভগবান্) অপি অনুতুষ্যতি ॥ ১১ ॥

যেষাং ভগবান্ যজ্ঞলিঙ্গঃ যজ্ঞঃমূর্ত্তিঃ জনার্দ্দনঃ (জনানাং অবিদ্যাং অর্দ্দয়তি নিবর্ত্তয়তি ইতি) ন তুষ্টঃ তেষাং শ্রমঃ (সাধনানুষ্ঠানং) হি নিশ্চিতং অপার্থায় নিষ্ফলায়, (ভবতি) যৎ যস্মাৎ (সর্ব্বাত্মক-ভগবদনাদরেণ) স্বয়ং আত্মা এব অনাদৃতঃ ॥ ১২ ॥

মনুঃ উবাচ। ভগবতঃ তব আদেশে অহং বর্ত্তেয় বর্ত্তিষ্যে, পরন্তু হে প্রভো অমীবসূদন পাপনাশন! ইহ অস্মিন্ কার্য্যে প্রজানাং মম চ স্থানং নিবাসস্থানং অনুজানীহি প্রদর্শয় ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী

প্রজাপালকস্য তে তুষ্টো ভবিষ্যতি ॥ ১১ ॥

যজ্ঞলিঙ্গঃ যজ্ঞমূর্ত্তিঃ অপগতঃ অর্থো যস্মাৎ কেবল শ্রমায়ৈবেত্যর্থঃ। যদ্‌যস্মাৎ আত্মৈক স্বয়ং নাদৃতঃ। তস্মিন্নতুষ্টে স্বার্থস্যৈবাসিদ্ধেঃ সর্ব্বাত্মত্বাচ্চ তস্য ॥ ১২ ॥

বর্ত্তেয় বর্ত্তিষ্যে। হে অমীবসূদন পাপনাশন অনুজানীহি অত্র স্থাতব্যমিতি অনুজ্ঞাং দেহি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহ্যং মম বাং প্রীণয়িতুমিতি বা ॥ ১১ ॥

যজ্ঞে র্যজনৈঃ অর্চ্চনশ্রবণকীর্ত্তনাদৌরেব লিঙ্গ্যতে জ্ঞায়তে ইতি সঃ। যদ্‌যস্মাদাত্মৈব নাদৃতঃ পরমাত্মানাদরেণ স্বত এবাত্মানাদরাৎ তস্মিন্নতুষ্টে স্বার্থস্যৈবাসিদ্ধেঃ ॥ ১২ ॥

বর্ত্তেয় বর্ত্তিষ্যে। স্থানং বসতিস্থলং। অনুজানীহি পরামৃশ। অমীবসূদন হে পাপনাশন ॥ ১৩ ॥

শুশ্রূষা সাধিত হইয়া থাকে। অধিক কি! সর্ব্বান্তর্যামী হৃষীকেশ বিষ্ণু প্রজাপালকের প্রতি বিশেষ প্রীত হইয়া থাকেন ॥ ১১ ॥

দেখ! ভগবান্ যজ্ঞমূর্ত্তি জনার্দ্দন যাহাদের প্রতি প্রসন্ন হন না, তাহাদের যাবতীয় কর্ম্মই নিষ্ফল। যে সর্ব্বাত্মা জনার্দ্দনের তুষ্টিসাধনে পরাঙ্মুখ, সে ব্যক্তিকে আত্মঘাতী বলিলেও অত্যুক্তি হয় না ॥ ১২ ॥

যদোকঃ সর্ব্বভূতানাং মহী মগ্না মহাম্ভসি।
অস্যা উদ্ধরণে যত্নো দেব দেব্যা বিধীয়তাং ॥ ১৪ ॥
মৈত্রেয় উবাচ ॥
পরমেষ্ঠী ত্বপাং মধ্যে তথাসন্নামবেক্ষ্য গাং।
কথমেনাং সমুন্নেষ্যে ইতি দধ্যৌ ধিয়া চিরং ॥১৫ ॥

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ সর্ব্বভূতানাং (সর্ব্বসত্ত্বানামিত্যপি পাঠঃ) সর্ব্বপ্রাণিনাং যৎ ওকঃ নিবাসস্থানং মহী সা তু মহাম্ভসি মহতি ; জলে, মগ্না অন্তর্গতা অস্তি অতঃ হে দেব ! অস্যাঃ দেব্যাঃ ভূমেঃ উদ্ধরণে যত্নো বিধীয়তাং ॥ ১৪ ॥

মৈত্রেয়ঃ উবাচ। পরমেষ্ঠী ব্রহ্মা তু (যথা মনুনা উক্তঃ) তথা অপাং মধ্যে আসন্নাং নিমগ্নাং, গাং অবেক্ষ্য এনাং ভূমিং অহং কথং সমুন্নেষ্যে উদ্ধরিষ্যামি ইতি ধিয়া চিরং দধ্যৌ চিন্তয়ামাস ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

মহীতি চেৎ অত আহ যদোকঃ স্থানং সা মহী। হে দেব অস্যা দেব্যাঃ ॥ ১৪ ॥

পূর্ব্বং পানে কৃতেঽপি পুনরকাণ্ড এব উদ্ভূতানামপাং মধ্যে আসন্নাং অবসন্নাং নিমগ্নাং কথমুন্নেষ্যে উদ্ধরিষ্যামি ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ পূর্ব্বপূর্ব্বকল্পে মনবঃ কুত্র স প্রজা আসন্নিতি শাস্ত্রজ্ঞত্বাৎ ত্বং জানাসি নবেতি চেৎ সত্যং জানাম্যেবেত্যাহ যদোক ইতি। ১৪—১৫ ॥

মনু বলিলেন, হে পাপনাশন প্রভো পরমেশ ! আমি আপনার আজ্ঞা শিরোধার্য্য করিলাম; কিন্তু আপনি আমার প্রজাবর্গের বাসস্থান নির্ণয় করুন ! ॥ ১৩ ॥

দেখুন ! প্রাণিসমূহের নিবাস-ভূমি যে পৃথিবী, তাহা ত কারণ-বারির অতল গর্ভে নিহিত রহিয়াছে ; অতএব হে দেব ! সেই ধরিত্রীর উদ্ধার-সাধনে প্রথম যত্ন করুন ! ॥ ১৪ ॥

মৈত্রেয় বলিলেন, পরমেষ্ঠী ব্রহ্মা মনুর বাক্যানুসারে পৃথিবীকে সমুদ্র-জলে নিমগ্ন নিরীক্ষণ করিয়া, তাহার উদ্ধার বাসনায় মনে মনে নানাপ্রকার আলোচনা করিতে লাগিলেন ॥ ১৫ ॥

এবং ভাবিলেন, সৃষ্টির নিমিত্ত আমরা ভগবান্ কর্ত্তৃক নিয়োজিত হইয়াছি; এবং দেবতা ও অসুরাদি বিবিধ প্রজাও আমাকে সৃজন করিতে হইবে; কিন্তু

সৃজতো মে ক্ষিতির্বার্ভিঃ প্লাব্যমানা রসাঙ্গতা।
অথাত্র কিমনুষ্ঠেয়মস্মাভিঃ সর্গযোজিতৈঃ ॥ ১৬ ॥
যস্যাহং হৃদয়াদাসং স ঈশো বিদধাতু মে।
কর্ত্তব্যং করুণাসিন্ধু স্তীর্থকীর্ত্তি রধোক্ষজঃ ॥ ১৭ ॥
ইত্যভিধ্যায়তো নাসাবিবরাৎ সহসানঘ।
বরাহ-তোকো নিরগাদঙ্গুষ্ঠপরিমাণকঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

মে মম (দেবাসুরাদীন্ প্রজাঃ) সৃজতঃ অপি সতঃ বার্ভিঃ জলৈঃ প্লাব্যমানা নিমজ্জমানা ক্ষিতিঃ রসাং রসাতলং গতা অথ অনন্তরং সর্গযোজিতৈঃ (সর্গকরণে ভগবতা নিযুক্তৈঃ) অস্মাভিঃ অত্র বিষয়ে কিং অনুষ্ঠেয়ং কর্ত্তব্যং। ১৬ ॥

যস্য হৃদয়াৎ অহং পুত্রতয়া আসং জাতোঽস্মি সঃ এব করুণাসিন্ধুঃ তীর্থকীর্ত্তিঃ অধোক্ষজঃ ঈশঃ মে ময়া কর্ত্তব্যং বিদধাতু সম্পাদয়তু ॥ ১৭ ॥

ইতি এবং, অভিধায়তঃ ব্রহ্মণঃ নাসাবিবরাৎ হে অনঘ! অঙ্গুষ্ঠপরিমাণকঃ বরাহতোকঃ সহসা নিরগাৎ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

চিন্তামেবাহ সৃজতঃ সতঃ বার্ভিঃ অদ্ভিঃ রসাং রসাতলং। ঈশ্বরেণ সর্গনিযুক্তৈরস্মাভিঃ। ১৬ ॥

মেঽনুষ্ঠেয়ং। সএব বিদধাতু সম্পাদয়তু ॥ ১৭ ॥

বরাহতোকঃ সূক্ষ্মো বরাহঃ ॥ ১৮ ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রসাং রসাতলোপলক্ষিতং গর্ত্তোদমিত্যর্থঃ। রসাতলস্য ভূবিবরত্বাত্তত্র ভুবো মজ্জনাসুপপত্তেঃ ॥ ১৬ ॥

বিদধাদিতি অনুষ্ঠেয়মিত্যস্য পূর্ব্বস্যানুষঙ্গঃ ॥ ১৭ ॥

বরাহতোকঃ সূক্ষ্মো বরাহঃ। ১৮ ॥

পৃথিবী জলপ্লাবিত হইয়া রসাতলে নিমগ্না রহিয়াছে; এক্ষণে সৃষ্টি সম্বন্ধে আমার কর্ত্তব্য কি! ॥ ১৬ ॥

তবে যাঁহার হৃদয়-দেশ হইতে আমি পুত্ররূপে জন্মগ্রহণ করিয়াছি, সেই পবিত্র-কীর্ত্তি ইন্দ্রিয়াতীত সর্ব্বান্তর্যামী করুণাসিন্ধু ভূত-ভাবন পরমেশ্বরই আমার কর্ত্তব্যের বিধান করুন! ॥ ১৭ ॥

কমলাসন এইরূপ চিন্তা করিতেছেন, ইত্যবসরে তাঁহার নাসাবিবর হইতে অঙ্গুষ্ঠের শিরোপর্ব্ব পরিমিত একটী অতি ক্ষুদ্র বরাহমূর্ত্তি অকস্মাৎ নির্গত হইল ॥ ১৮ ॥

তস্যাভিপশ্যতঃ খস্থঃ ক্ষণেন কিল ভারত।
গজমাত্রঃ প্রববৃধে তদদ্ভুতমভূন্মহৎ ॥ ১৯ ॥
মরীচিপ্রমুখৈর্বিপ্রৈঃ কুমারৈর্মনুনা সহ।
দৃষ্ট্বা তচ্ছৌকরং রূপং তর্কয়ামাস চিত্রধা ॥
কিমেতচ্ছূকরব্যাজং সত্ত্বং দিব্যমবস্থিতং।
অহো বতাশ্চর্য্যমিদং নাসায়া মে বিনিঃসৃতং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

হে ভারত! তস্য ব্রহ্মণঃ অভিপশ্যতঃ এব খস্থঃ আকাশে স্থিতঃ এব সূক্ষ্মঃ বরাহঃ ক্ষণেন কিল গজমাত্রঃ গজপরিমাণঃ প্রববৃধে জাতঃ তৎ মহৎ অদ্ভুতং অভূৎ ॥ ১৯ ॥

অতঃ মরীচিপ্রমুখৈঃ বিপ্রৈঃ কুমারৈঃ সনকাদিভিঃ মনুনা সহ ব্রহ্মা তৎ শৌকরং রূপং দৃষ্ট্বা চিত্রধা বহুধা তর্কয়ামাস ॥

দিব্যং অলৌকিকং শূকরব্যাজং (শূকরস্য ব্যাজঃ ছদ্মবেশো যস্য তৎ) এতৎ সত্ত্বং প্রাণি কিং মম অগ্রে অবস্থিতং অহো বত আশ্চর্য্যে ইদং কিং মে মম নাসায়াঃ সকাশাৎ বিনিঃসৃতং ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

খস্থঃ আকাশে স্থিতঃ সন্ ॥ ১৯ ॥

চিত্রধা অনেকধা ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গজমাত্রঃ হস্তিশরীরপরিমিতঃ ॥ ১৯ ॥ ২০ ॥

হে ভরত-বংশাবতংস নিষ্পাপ বিদুর! দেখিতে দেখিতে ব্রহ্মার সমক্ষেই শূন্যে অবস্থিত সেই সূক্ষ্ম বরাহ-মূর্ত্তি একটী প্রকাণ্ড হস্তীর আকারে পরিণত হইল ॥ ১৯ ॥

এই অত্যাশ্চর্য্য অদ্ভুত ব্যাপার অবলোকন করিয়া, মরীচি প্রভৃতি বিপ্রগণ সনকাদি কুমার সমূহ ও মনুর সহিত একত্র অবস্থিত ব্রহ্মা সেই শূকর-রূপ সম্বন্ধে নানাপ্রকার বিতর্ক করিতে লাগিলেন ॥

এবং বলিলেন, এই শূকরের মূর্ত্তি পরিগ্রহে যে অলৌকিক এই মহাসত্ত্ব আমার সম্মুখে প্রতীত হইতেছেন, কি আশ্চর্য্য! ইনি কি বস্তুত আমার নাসিকার রন্ধ্রদেশ হইতেই নিঃসৃত হইয়াছেন? ॥ ২০ ॥

কি অপরূপ ব্যাপার! প্রথমত অঙ্গুষ্ঠের উর্দ্ধ পর্ব্ব মাত্র পরিমাণে উৎপন্ন হইয়া ক্ষণকাল মধ্যে বজ্রসার শৈলশৃঙ্গ সদৃশ উপলক্ষিত হইতেছেন। আমার নিশ্চয়ই অনুমান হইতেছে যে, যজ্ঞেশ্বর ভগবান্ বিষ্ণুই স্বীয় রূপ তিরোহিত

দৃষ্টোঽঙ্গুষ্ঠশিরোমাত্রঃ ক্ষণাদ্গণ্ডশিলাসমঃ।
অপি স্বিদ্ভগবানেষ যজ্ঞো মে খেদয়ন্মনঃ ॥ ২১ ॥
ইতি মীমাংসতস্তস্য ব্রহ্মণঃ সহ সূনুভিঃ।
ভগবান্ যজ্ঞপুরুষো জগর্জাগেন্দ্রসন্নিভঃ ॥ ২২ ॥
ব্রহ্মাণং হর্ষয়ামাস হরিস্তাংশ্চ দ্বিজোত্তমান্।
স্বগর্জিতেন ককুভঃ প্রতিস্বনয়তা বিভুঃ ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

অঙ্গুষ্ঠশিরোমাত্রঃ (অঙ্গুষ্ঠস্য শিরঃ ঊর্দ্ধং পর্ব্বঃ তদেব মাত্রা প্রমাণং যস্য তথাভূতঃ প্রথমং) দৃষ্টঃ পশ্চাৎ ক্ষণাৎ ক্ষণেন, গণ্ডশিলাসমঃ স্থূলপাষাণ-সদৃশঃ জাতঃ অপি স্বিৎ (এবং সম্ভবতি) ভগবান্ যজ্ঞঃ বিষ্ণুঃ, এব মে মনঃ খেদয়ন্ (নিজরূপ-তিরোধানেন মোহয়ন্ বর্ত্ততে ইতি) ॥ ২১ ॥

ইতি এবং সূনুভিঃ স্বপুত্রৈঃ সহ মীমাংসতঃ তর্কয়তঃ তস্য ব্রহ্মণঃ অগ্রে যজ্ঞপুরুষঃ ভগবান্ বিষ্ণুঃ অগেন্দ্রসন্নিভঃ গিরীন্দ্রসদৃশঃ, জগর্জ অগর্জৎ ॥ ২২ ॥

বিভুঃ হরিঃ, ককুভঃ দিশঃ, প্রতিস্বনয়তা প্রতিধ্বনয়তা স্বগর্জিতেন ব্রহ্মাণং (মরীচ্যাদীন) দ্বিজোত্তমান্ চ হর্ষয়ামাস ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বমঙ্গুষ্ঠাগ্রপ্রমাণো দৃষ্টঃ। গণ্ডশিলা স্থূলপাষাণঃ তৎসমঃ যজ্ঞো বিষ্ণুঃ নিজরূপ-তিরোধানেন মে মনঃ খেদয়ন্ ॥ ২১ ॥

ইতি মীমাংসমানস্য সতঃ জগর্জ অগর্জৎ গিরীন্দ্রতুল্যঃ ॥ ২২ ॥

গর্জনপ্রয়োজনমাহ ব্রহ্মাণমিতি ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যজ্ঞঃ প্রথম-মন্বন্তরাবতারঃ। খেদয়ন্ অদৃষ্টরূপাবির্ভাবেন সংশয়ৈর্মনঃ ক্ষোভয়ন্ ॥ ২১।২২॥

ককুভো দিশঃ প্রতিস্বনয়তা প্রতিধ্বনিমতীঃ কুর্ব্বতা ॥ ২৩ ॥

করিয়া, এই মূর্ত্তিতে আমাকে মোহিত করিতেছেন ॥ ২১ ॥

পুত্রগণে পরিবেষ্টিত ব্রহ্মা এইরূপ চিন্তা করিতেছেন, এমন সময় সেই শূকরবেশধারী ধরাধরেন্দ্র সদৃশ শ্রীধর নারায়ণ অতি ঘোরতর রবে গর্জ্জন করিলেন ॥ ২২ ॥

দিক্‌সমূহ প্রতিধ্বনিত করিয়া গর্জ্জনের দ্বারা ভগবান্ বিষ্ণু সেই ব্রাহ্মণগণ ও ব্রহ্মার বিশেষ আনন্দেরই উৎপাদন করিয়াছিলেন ॥ ২৩ ॥

নিজ ইচ্ছায় শূকর-বিগ্রহ-ধারী ভগবান্ বিষ্ণুর শূকর-জাতীয় অনুরূপ গর্জ্জন-ধ্বনি শ্রবণ করিয়া, ব্রহ্মাদি কুমারগণ ও জন, তপঃ এবং সত্যলোকবাসী

নিশম্য তে ঘর্ঘরিতং স্বখেদক্ষয়িষ্ণু মায়াময়শূকরস্য।
জনস্তপঃসত্যনিবাসিন স্তে ত্রিভিঃ পবিত্রৈ র্মুনয়ো গৃণন্ স্ম ॥২৪॥
তেষাং সতাং বেদবিতানমূর্ত্তি র্ব্রহ্মাবধার্য্যাত্মগুণানুবাদং।

অন্বয়ঃ।

মায়াময়শূকরস্য স্বেচ্ছয়া স্বীকৃত-শূকর-রূপস্য ভগবতঃ স্বখেদক্ষয়িষ্ণু স্বদুঃখনাশকং ঘর্ঘরিতং শূকরজাতীয়ানুকরণধ্বনিং, নিশম্য শ্রুত্বা, তে ব্রহ্মাদয়ঃ যে চ তে জনস্তপঃসত্যনিবাসিনঃ মুনয়ঃ পবিত্রৈঃ ত্রিভিঃ ঋক্‌যজুঃসামসূক্তৈঃ ভগবন্তং অগৃণন্ স্ম অস্তবন্ ॥ ২৪ ॥

বেদবিতানমূর্ত্তিঃ (বেদৈঃ বিতন্যতে ইতি বেদবিতানো যজ্ঞঃ স এব মূর্ত্তিঃ যস্য সঃ) গজেন্দ্রলীলঃ ভগবান্ তেষাং ব্রহ্মাদীনাং সতাং স্বভক্তানাং আত্মগুণানুবাদং (আত্মনো যে গুণাঃ ভক্তবাৎসল্যসার্ব্বজ্ঞত্বাদয়ঃ তান্ অনুবদতি ইতি তৎ ব্রহ্ম বেদং অবধার্য্য শ্রুত্বা

শ্রীধরস্বামী।

ঘর্ঘরিতং তজ্জাত্যানুকরণধ্বনিং। অনিশ্চয়েন যঃ স্বখেদঃ তস্য ক্ষয়িষ্ণু ক্ষপয়িষ্ণু নাশকং তে ইতি পুনরুক্তিঃ প্রসিদ্ধিখ্যাপনার্থা। ত্রিভিঃ পবিত্রৈঃ ঋগ্‌-যজুঃসামমন্ত্রৈঃ অস্তবন্ ॥ ২৪ ॥

বেদৈর্বিতন্যতে স্তূয়তে মূর্ত্তি র্যস্য সঃ অতএব আত্মনা গুণাননুবদতীতি তথা তৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মায়াময়স্য কৃপাময়স্য জ্ঞানময়স্যেতি বা মায়ায়া অবিদ্যায়া অপি আময়ো রোগো যস্মাৎ তস্যেতি বা ঘর্ঘরিতং তজ্জাত্যানুকরণধ্বনিং। স্বেষাং তদনিশ্চয়েন পৃথিব্যা অনুপালনস্তেন বা যঃ খেদস্তস্য ক্ষয়িষ্ণু ক্ষপয়িষ্ণু নাশকং তে ব্রহ্মাদয়োঽগৃণন্ অস্তবন্ তথা তে প্রসিদ্ধা জনাদিবাসিনো ভৃগ্বাদয়ো মুনয় স্ত্রিভিঃ পবিত্রৈঃ ঋগ্‌যজুঃসামমন্ত্রৈরস্তবন্নিতি তে ইত্যস্য দ্বিঃপাঠাদ্ব্যাখ্যেয়ং ॥ ২৪ ॥

বেদবিতানরূপা সর্ব্ববেদময়ী নতু প্রাকৃতী মূর্ত্তির্যস্য সঃ। বেদানাং ভগবন্নিঃশ্বাসরূপ-

---

মুনিগণ, ঋক্, যজুঃ ও সামবেদোক্ত পুরুষ-সূক্তের দ্বারা হৃষীকেশের স্তব করিলেন ॥ ২৪ ॥

গজেন্দ্র-বিগ্রহধারী যজ্ঞপুরুষ নারায়ণ স্বীয় ভক্ত ব্রহ্মাদি-কর্ত্তৃক স্বীয় ভক্তবাৎসল্য ও সর্ব্বজ্ঞত্বাদি গুণের প্রকাশক বেদবিহিত স্তুতিবাক্য শ্রবণে নিতান্ত সন্তুষ্ট হইলেন এবং পৃথিবীর উদ্ধার ও দৈত্যগণের বিনাশ-সাধনের সামর্থ্য

আভাস।

ভগবানের মূর্ত্তি প্রকৃতি দ্বারা গঠিত নহে; ইহা মায়াময়। ভগবানের ইচ্ছারূপ মায়া দ্বারাই সে রূপের কল্পনা। বেদে বিহিত যজ্ঞই তাঁহার দেহ। ভগবানের নিঃশ্বাসরূপই বেদ। সেই বেদ যেমন ভগবানের নাসারন্ধ্র হইতে নির্গত হইয়া ব্রহ্মার হৃদয়ে বিস্তৃতি লাভ করে, এক্ষণে সৃষ্টির নিমিত্ত ব্রহ্মার বিশেষ চেষ্টা হইলে, ব্রহ্মার নাসাবিবর হইতে

বিনদ্য ভূয়ো বিবুধোদয়ায় গজেন্দ্রলীলো জলমাবিবেশ ॥ ২৫ ॥
উৎক্ষিপ্তবালঃ খচরঃ কঠোরঃ সটাবিধুন্বন্ খররোমশত্বক্।
খুরাহতাব্ভ্রঃ সিতদংষ্ট্র ঈক্ষাজ্যোতির্বভাসে ভগবান্ মহীধ্রঃ ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

বিবুধোদয়ায় বিবুধানাং তেষাং ব্রহ্মাদীনাং উদয়ায় (পৃথিব্যুদ্ধারেণ দৈত্যবধেন চ শ্রেয়োলাভায়) ভূয়ঃ পুনঃ বিনদ্য নাদং কৃত্বা, জলং আবিবেশ ॥ ২৫ ॥

উৎক্ষিপ্তবালঃ (উচ্চৈঃ ক্ষিপ্তঃ বালঃ পুচ্ছং যেন সঃ) খচরঃ আকাশচারী, কঠোরঃ কঠিনাঙ্গঃ, সটাঃ কন্ধরস্থাঃ কেশাঃ, বিধুন্বন্ কম্পয়ন্ খররোমশত্বক্ (খরাণি কর্কশানি রোমাণি যস্যাং সা ত্বক্ যস্য সঃ) খুরাহতাব্ভ্রঃ (খুরৈঃ আহতানি ইতস্তত শ্চালিতানি অব্ভ্রাণি যেন সঃ) সিতদংষ্ট্রঃ (সিতে অতিশুক্লে দংষ্ট্রে যস্য সঃ) ঈক্ষাজ্যোতিঃ (ঈক্ষা নিরীক্ষণং এব জ্যোতিঃ আলোকো যস্য সঃ) ভগবান্ মহীধ্রঃ পৃথিব্যাঃ উদ্ধর্ত্তা, বভাসে অশোভত ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তেষাং ব্রহ্ম উচ্চরিতং বেদমবধার্য্য জ্ঞাত্বা ॥ ২৫ ॥

কথম্ভূতঃ সন্নাবিবেশ ইত্যপেক্ষায়ামাহ দ্বাভ্যাং উচ্চৈঃ ক্ষিপ্তঃ বালঃ পুচ্ছং যেন। খচরঃ আকাশচারী। কঠোরঃ কঠিনঃ। সটাঃ স্কন্ধবালান্, খরাণি তীব্রাণি রোমাণি যস্যাং সা ত্বক্ যস্য। খুরৈরাহতানি অব্ভ্রাণি যেন। সিতদংষ্ট্রঃ অতিশুক্লদংষ্ট্রঃ। ঈক্ষা নিরীক্ষণমেব জ্যোতিঃ আলোকো যস্য তদা প্রকাশান্তরাভাবাৎ। বভাসে অশোভত। মহীধ্রঃ পৃথিব্যা উদ্ধর্ত্তা ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বাং ভগবন্নিধাস্যৈব লীলয়া ব্রহ্মনাসাপ্রবিষ্টস্য শূকররূপত্বং জ্ঞেয়ং। অতস্তেষাং মুনীনাং আত্মগুণানুবাদং তন্মুনি-কর্ত্তৃকমাত্মগুণানুকথনমেব ব্রহ্ম বেদং অবধার্য্য জ্ঞাত্বা ॥ ২৫ ॥

জলং প্রবিশত স্তস্য ধ্যানমাহ উচ্চৈঃ ক্ষিপ্তো বালঃ পুচ্ছং যেন সঃ। খচর ইতি ব্রহ্মলোকাদাকাশমার্গেণৈব ত্রিলোক্যামবততারেত্যর্থঃ। খররোমযুক্তা ত্বগ্ যস্য সঃ। ঈক্ষৈব জ্যোতিষী চন্দ্রসূর্য্যাবিব যস্য সঃ। মহীধ্রঃ পৃথিব্যা উদ্ধর্ত্তা পর্ব্বততুল্যো বা ॥ ২৬ ॥

ব্রহ্মাদিকে প্রদানার্থ পুনরায় গর্জ্জন করত অন্তর্জলে প্রবেশ করিলেন ॥ ২৫ ॥

তৎকালে সেই বজ্রসার কঠিন কমঠ-মূর্ত্তি শূন্যভাগে অবস্থিতি পূর্ব্বক পুচ্ছ ঊর্দ্ধদেশে উৎক্ষেপণ করত কন্ধরস্থ কেশজাল কম্পনে ও খুরাঘাতে জলদরাশি ইতস্ততঃ বিকীরণ করায়, কি অপূর্ব্ব শোভাই ধারণ করিয়াছিলেন। তাঁহার গাত্রের চর্ম্ম ও রোমরাজি অতীব কর্কশ ও কঠিন; প্রলম্বিত দন্তযুগল আভাস।

সেই বেদরূপী ভগবান্ সৃষ্টি করিবার শূকর অর্থাৎ সহজসাধ্য উপায়রূপে শূকরমূর্ত্তিতে স্বয়ং আবির্ভূত হইলেন ॥ ২৫ ॥

ঘ্রাণেন পৃথ্ব্যাঃ পদবীং বিজিঘ্রন্ ক্রোড়াপদেশঃ স্বয়মধ্বরাঙ্গঃ।
করাল-দংষ্ট্রোপ্যকরালদৃগ্ভ্যামুদ্বীক্ষ্য বিপ্রান্ গৃণতো বিশৎ কং ॥২৭॥
সবজ্রকূটাঙ্গ-নিপাতবেগ-বিশীর্ণকুক্ষিঃ স্তনয়ন্নুদন্বান্।

অন্বয়ঃ।

ক্রোড়াপদেশঃ বরাহরূপধারী অপি অধ্বরাঙ্গঃ (অধ্বরাঃ যজ্ঞাঃ অঙ্গানি যস্য সঃ) স্বয়ং ভগবান্ করালদংষ্ট্রোঽপি (করালে ভয়ঙ্করে দংষ্ট্রে যস্য সঃ) অকরালদৃগ্ভ্যাং কৃপাযুক্ত-নেত্রাভ্যাং, গৃণতঃ স্তোতৃন্ বিপ্রান্ উদ্বিক্ষ্য সম্যক্ দৃষ্ট্বা, ঘ্রাণেন গন্ধবত্যাঃ পৃথ্ব্যাঃ পদবীং রিজিঘ্রন্ অন্বেষয়ন্, কং জলং, অবিশৎ ॥ ২৭ ॥

বজ্রকূটাঙ্গনিপাতবেগবিশীর্ণকুক্ষিঃ (বজ্রকূটঃ বজ্রপর্ব্বতঃ তদ্বদ্ অঙ্গং যস্য তস্য ভগবতো নিপাতবেগেন বিশীর্ণা বিদীর্ণা কুক্ষির্যস্য সঃ) উদন্বান্ সমুদ্রঃ উৎসৃষ্টদীর্ঘোর্মিভুজৈঃ (উৎসৃষ্টাঃ প্রসারিতাঃ দীর্ঘাঃ ঊর্ম্ময় এব ভুজাঃ তৈঃ বিশিষ্টঃ) আর্ত্তঃ ইব স্তনয়ন্ শব্দং

শ্রীধরস্বামী।

ক্রোড়াপদেশঃ বরাহচ্ছদ্মা স্বয়মধ্বরাঙ্গোঽপি। পশুরিব ঘ্রাণেন বিজিঘ্রন্ গৃণতঃ স্তোতৃন্ বিপ্রানুদ্বীক্ষ্য ঊর্দ্ধং বীক্ষ্য কং জলমবিশৎ ॥ ২৭ ॥

তদানীন্তনং সমুদ্রধ্বনিমুৎপ্রেক্ষতে। উদন্বান্ সমুদ্র আর্ত্ত ইব স্তনয়ন্ শব্দং কুর্ব্বন্ ভো যজ্ঞেশ্বর মা মাং পাহি মা ভিন্দীত্যেবং চুক্রোশ ইব। আর্ত্তসাদৃশ্যমাহ। উৎসৃষ্টাঃ প্রসারিতাঃ দীর্ঘা ঊর্ম্ময় এব ভুজা তৈর্বিশিষ্টঃ আর্ত্তত্বে হেতুঃ বজ্রকূটো বজ্রময়ঃ পর্ব্বতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য লীলামাহ ঘ্রাণেনেতি। অধ্বরাঙ্গঃ স্বয়ং বেদএব ক্রোড়াপদেশো বরাহচ্ছদ্মেতি। স্তনাপদেশং ফলযুগ্মমেব ধত্তে মূঢ়ঃ কাঞ্চনবল্লিরিবেতি বদপহ্নুত্যলঙ্কারেণ ক্রোড়ত্বস্যৈব বাস্তবত্বং প্রত্যায্যতে। প্রকৃতং যন্নিষিধ্যান্যৎ স্থাপ্যতে সাত্বপহ্নুতিরিতি লক্ষণাৎ। কং জলং ॥ ২৭ ॥

তদানীন্তনং সমুদ্রধ্বনিমুৎপ্রেক্ষতে। বজ্রকূটো বজ্রময়ঃ পর্ব্বতঃ তদ্বদঙ্গং যস্তগবতস্তস্য নিপাতবেগেন বিশীর্ণা কুক্ষি র্যস্য সঃ উদন্বান্ স্বপ্রাণত্যাগশঙ্কয়েবার্ত্তশ্চুক্রোশ। উৎসৃষ্টাঃ

অতীব শুভ্র ও সুতীক্ষ্ণ। নিজ নেত্র প্রকাশেই যেন দিক্‌সকল আলোকিত করিয়া সেই ধরণীধর বিরাজ করিতে লাগিলেন ॥ ২৬ ॥

লোকদৃষ্টিতে বরাহরূপধারী হইলেও যিনি যজ্ঞেশ্বর; সুতরাং আপাতত করালবদন হইলেও কৃপাকটাক্ষ বিস্তারে স্তবকারী বিপ্রগণকে নিরীক্ষণ করিয়া ঘ্রাণেন্দ্রিয়ের দ্বারা গন্ধগুণা পৃথিবীর অন্বেষণার্থ জলে প্রবেশ করিলেন ॥ ২৭ ॥

সেই বজ্রের ন্যায় কঠিন পর্ব্বতোপম ভগবানের বিপুল দেহ জলমধ্যে পতিত হওয়ায়, সমুদ্রের কুক্ষিদেশ যেন বিদীর্ণ হইয়া গেল এবং রত্নাকর

উৎসৃষ্টদীর্ঘোর্ম্মিভুজৈরিবার্ত্ত শ্চুক্রোশ যজ্ঞেশ্বর পাহি মেতি ॥ ২৮ ॥
খুরৈঃ ক্ষুরপ্রৈর্দরয়ংস্তদাপ উৎপারপারং ত্রিপরূরসায়াং।
দদর্শ গাং তত্র সুষুপ্সু রগ্রে যাং জীবধানীং স্বয়মভ্যধত্ত ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

কুর্ব্বন্ ভো যজ্ঞেশ্বর! মা মাং পাহি রক্ষ ইতি চুক্রোশ ॥ ২৮ ॥

ত্রিপরূঃ ত্রীণি পরূংষি সবনাত্মকানি পর্ব্বাণি যস্য সঃ যজ্ঞমূর্ত্তিঃ ভগবান্ ক্ষুরপ্রৈঃ (ক্ষুরপ্রাঃ আয়তাগ্রাঃ শরাঃ তাদৃশৈঃ খুরৈঃ) অপো উৎপারপারং (উৎপারাণাং পারং যথা ভবতি তথা) দরয়ন্ বিদারয়ন্, তত্র রসায়াং রসাতলে, (অগ্রে প্রলয়কালে তাস্ব অপ্সু) সুষুপ্সুঃ শিশয়িষুঃ, সন্ গাং ভূমিং স্বয়ং অভ্যধত্ত (জঠরে ধৃতবান্) তাং জীবধানীং (জীবাঃ ধীয়ন্তে যস্যাং তাং সর্ব্বজীবাধারভূতাং) গাং পৃথ্বীং দদর্শ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

তদ্বদঙ্গং যৎ ভগবতস্তস্য নিপাতবেগেন বিশীর্ণা কুক্ষির্যস্য ॥ ২৮ ॥

তদা রসায়াং রসাতলে গাং পৃথ্বীং দদর্শ। কঃ ত্রিপরূঃ ত্রীণি পরূংষি সবনাত্মকানি পর্ব্বাণি যস্য যজ্ঞমূর্ত্তিরিত্যর্থঃ। কিং কুর্ব্বন্ ক্ষুরপ্রাঃ আয়তাগ্রাঃ শরাস্তাদৃশৈঃ খুরৈঃ অপো দরয়ন্। কথং উৎপারপারং উৎপারাণাং পারশূন্যানাং অপ্যপাং পারমবসানং যথা ভবতি তথা বিদারয়ন্। কথংভূতাং অগ্রে প্রলয়সময়ে তত্র তাস্বপ্সু সুষুপ্সুঃ শিশয়িষুঃ সন্ জীবা ধীয়ন্তে যস্যাং সর্ব্বজীবাধারভূতাং যাং স্বয়মভ্যধত্ত আভিমুখ্যেন দধার জঠরে ধৃতবানিত্যর্থঃ। অনেন তদুদ্ধরণে নায়াসং দ্যোতয়তি ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

প্রসারিতা দীর্ঘা উর্ম্ময়এব ভুজাস্তৈঃ হে যজ্ঞেশ্বর মা মাং পাহীতি চুক্রোশ ॥ ২৮ ॥

ক্ষুরপ্রৈরস্ত্রবিশেষৈরিব খুরৈ স্তদা অপো জলানি দরয়ন্ উৎপারাণাং পারশূন্যানাম-প্যপাং পারমবসানং যথাস্যাত্তথা দরয়ন্ ত্রীণি পরূংষি সবনাত্মকানি পর্ব্বাণি যস্য যজ্ঞমূর্ত্তি-

---

সুদীর্ঘ ঊর্ম্মিরূপ ভুজ-সমূহের প্রসারণে কাতর ভাবে নির্ঘোষচ্ছলে বলিতে লাগিল, হে যজ্ঞেশ্বর! আপনি আমাকে রক্ষা করুন! ॥ ২৮ ॥

ত্রিকাণ্ড বেদই যাঁহার কলেবর, সেই যজ্ঞেশ্বর হরি শাণিত শরসদৃশ অতি তীক্ষ্ণ খুরাগ্রের দ্বারা সেই অপার জলরাশি বিদারণ পূর্ব্বক রসাতলে প্রবিষ্ট হইলেন এবং পূর্ব্বে প্রলয়কালে যোগনিদ্রা অবলম্বনে শয়ন করত যে ভূমিকে স্বীয় উদর মধ্যে ধারণ করিয়াছিলেন, সেই সর্ব্বজীবের আধারভূতা ধরিত্রীকে পুনরায় অবলোকন করিলেন ॥ ২৯ ॥

আভাস।

শূকর মূর্ত্তিতে ভগবান রসাতলে প্রবিষ্ট হইয়া পৃথ্বীকে তথা হইতে উদ্ধার করিয়াছিলেন। এই ভূমির উদ্ধারে তাঁহার কোন বিশেষ প্রয়াস পাইতে হয় নাই; কারণ পূর্ব্বে

স্বদংষ্ট্রয়োদ্ধৃত্য মহীং বিলগ্নাং স উত্থিতঃ সংরুরুচে রসায়াঃ ॥ ৩০ ॥
তত্রাদি দৈত্যং গদয়াপতন্তং সুনাভ-সন্দীপিত-তীব্র-মন্যুঃ।
জঘান রুন্ধানমসহ্যবিক্রমং সলীলয়েভং মৃগরাড়িবাম্ভসি ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

জলে বিলগ্নাং মহীং স্বদংষ্ট্রয়া উদ্ধৃত্য রসায়াঃ রসাতলাৎ উত্থিতঃ সঃ ভগবান্ সংরুরুচে অত্যশোভত ॥ ৩০ ॥

তত্র অম্ভসি গদয়া আপতন্তং (গদাং উদ্যম্য আগচ্ছন্তং) অতএব রুন্ধানং (চতুর্দ্দিক্ষু প্রতিভ্রমণেন প্রতিবধ্নন্তং) আদিদৈত্যং হিরণ্যাক্ষং দৃষ্ট্বা) সুনাভ-সন্দীপিত-তীব্র-মন্যুঃ (সুনাভেন সুদর্শনেন সন্দীপিতঃ প্রকটিতঃ তীব্রঃ মন্যুঃ ক্রোধো যস্য সঃ ভগবান) নৃপরাট্ সিংহঃ ইভং হস্তীং যথা হন্তি তথৈব) অসহ্যবিক্রমং (তং অসুরং) জঘান হতবান্ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

রসায়াঃ সকাশাদুত্থিতঃ সন্ সংরুরুচে সম্যক্ অশোভত ॥ ৩০ ॥

তত্রাপি অম্ভসি। গদামুদ্যম্যাগচ্ছন্তং। রুন্ধানং প্রতিবধ্নন্তং। ন সহ্যঃ সহনানর্হো বিক্রমো যস্য তং দৈত্যং সুনাভং চক্রং তদ্বৎ সন্দীপিতঃ তীব্রো মন্যুর্যস্য যদ্বা ময়ি বিদ্যমানে কিমিতি পরিভবং সহস ইতি সুনাভেন সন্দীপিত তীব্রমন্যুঃ স ভগবান্ সিংহো গজমিব লীলয়া জঘান ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রিত্যর্থঃ। রসায়াং রসাতলোপলক্ষিতে পাতালতলে গর্ত্তোদে ইত্যর্থঃ। অতলাদীনাং সপ্তানামেব ভূ-বিবরত্বেন পৃথিবীত্বাৎ রসাতলে তস্যাঃ স্থিত্যসংভবাৎ। যদুক্তং বিষ্ণুধর্ম্মে। পাতালমূলেশ্বরভোগসংহতৌ বিন্যস্য পাদৌ পৃথিবীঞ্চ বিভ্রতঃ। যস্যোপমানং ন বভূব সোঽচ্যুতো মমাস্তু মাঙ্গল্যবিবৃদ্ধয়ে হরিরিতি। অত্রাপি সলিলে স্বখুরাক্রান্ত ইতি বক্ষ্যতি গাং পৃথ্বীং দদর্শ। তত্র গর্ত্তোদে স্বয়ুপ্সুঃ শিশয়িষুরগ্রে দৈনংদিনপ্রলয়ে ভবতীত্যন্বয়ঃ। যাং পৃথ্বীং জীবধানীং জীবা ধীয়ন্তেঽস্যামিতি জীবধানীং অভ্যধত্ত। স্বয়মেব বেদরূপেণোদ্ধৃতবানিত্যর্থঃ ॥ ২৯ ॥ ৩০ ॥

তত্রাপি তাদৃশ সংপ্লবাম্ভসীত্যপি বিস্ময়ে দৈত্যং হিরণ্যাক্ষং জঘান। আদিদৈত্যমিতিচ

বরাহরূপী সেই ভগবান্ জলমগ্না ধরণীকে স্বীয় দংষ্ট্রাগ্রে ধারণ করত রসাতল হইতে উত্থিত হইয়া অপূর্ব্ব শোভা ধারণ করিলেন ॥ ৩০ ॥

কিন্তু তৎকালে সেই জলমধ্যে আদিদৈত্য হিরণ্যাক্ষ তাদৃশ ভগবদ্রূপ আভাস।

প্রলয়-কালে সেই ভূমি তাঁহারই জঠরে নিহিত ছিল; এক্ষণে সেই কারণ-বারিও তাঁহার জঠরে এবং ধরণীও তাঁহার গর্ভস্থ বস্তু। সুতরাং ধরণীর উদ্ধারে আর তাঁহার কি আয়াস হইতে পারে? ॥ ২৯ ॥ ৩০ ॥

তদ্রক্তপঙ্কাঙ্কিতগণ্ডতুণ্ডো যথা গজেন্দ্রো জগতীং বিভিন্দন্ ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

গজেন্দ্রঃ জগতীং পর্ব্বতপ্রান্তভূমিং, যথা বিভিন্দন্ (ক্রীড়য়া বিদারয়ন্ অরুণগণ্ডতুণ্ডঃ ভবতি তথা) তদ্রক্তপঙ্কাঙ্কিতগণ্ডতুণ্ডঃ (তস্য হিরণ্যাক্ষস্য রক্তং এব পঙ্ক স্তেন অঙ্কিতে গণ্ডৌ তুণ্ডং মুখং চ যস্য তথাভূতো ভগবান্ ররাজ) ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

গজেন্দ্রো জগতীং ক্রীড়য়া বিদারয়ন্ গৈরিকয়া যথাঽরুণবর্ণগণ্ডতুণ্ডো ভবতি তথা তস্য রক্তমেব পঙ্ক স্তেনাঙ্কিতৌ গণ্ডৌ তুণ্ডঞ্চ যস্য স জঘানেতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পাঠঃ। কীদৃশং গদয়া সহ আপতন্তং স কীদৃশঃ। সুনাভেন চক্রেণ সন্দীপিতঃ। ময়ি বর্ত্তমানেঽপি ত্বাং প্রত্যয়ং গদাযুদ্যচ্ছতীত্যুদ্দীপীকৃতো মন্যুর্যস্য সঃ। রুন্ধানং রোদ্ধুং চতুর্দ্দিক্ষু ভ্রমন্তং তং ঘ্নন্তং শ্রীবরাহমুপমিমীতে। গজেন্দ্র ত্রিকূট পর্ব্বতস্থঃ। সিংহশরভাদীনামপি হন্তা। জগতীং তত্রত্যাং পৃথিবীং ক্রীড়য়া বিদারয়ন্ গৈরিকেণ অরুণগণ্ডতুণ্ডো ভবতি তথা। জগতীং জগতীঃ চ্ছন্দো বিশেষেঽপি ক্ষিতাবপীত্যমরঃ ॥ ৩১ ॥ ৩২ ॥

অবলোকনে ক্রোধকম্পিত-কলেবর হইয়া গদা উত্তোলন পূর্ব্বক মণ্ডলাকারে পরিভ্রমণ দ্বারা যেন দিক্ দিগন্ত অবরোধ করত ভগবানকে নিহত করিবার চেষ্টা করিল; কিন্তু কমঠরূপী হরি ক্রোধ-স্বরূপ সুদর্শন চক্রের আঘাতে সেই অতুল-বিক্রম গজেন্দ্র-সদৃশ মহাসুরকে সিংহ-প্রতাপে বধ করিলেন ॥ ৩১ ॥

বলদর্পী গজেন্দ্র ক্রীড়াচ্ছলে পর্ব্বতের প্রান্তভূমি দন্তাঘাতে খনন করত যেরূপ সেই পঙ্কাদিতে পঙ্কিল বলিয়া উপশোভিত হয়, অদ্য ভগবান্ হিরণ্যাক্ষকে নিধন করিয়া তাহার রক্তধারায় নিজ গণ্ডদ্বয় রঞ্জিত হওয়ায় তাদৃশ শোভা ধারণ করিলেন ॥ ৩২ ॥

আভাস।

এই শ্বেতবরাহ কল্পে স্বায়ম্ভুব মন্বন্তরে ব্রহ্মার নাসারন্ধ্র হইতে শ্বেতবরাহ আবির্ভূত হন এবং জলমগ্না পৃথিবীকে উদ্ধার করিয়াই অন্তর্হিত হন; অনন্তর ষষ্ঠ চাক্ষুষ মন্বন্তরে পুনরায় নীলবরাহরূপে অকস্মাৎ আবির্ভূত হইয়া পৃথিবীকে ঊর্দ্ধে উত্তোলন ও হিরণ্যাক্ষকে নিধন করেন; এই দ্বিবিধ বরাহের লীলা একত্র করিয়াই সৈত্রেয় এস্থলে বর্ণন করিয়াছেন। শ্রীভাগবতামৃত-কারিকাতে প্রকাশ আছে যে, ভগবান বরাহমূর্ত্তিতে দুইবার আবির্ভূত হইয়াছিলেন; প্রথম স্বায়ম্ভুব মন্বন্তরে ব্রহ্মার নাসিকা হইতে, পরে চাক্ষুষ মন্বন্তরে জল হইতে। প্রথমবার আবির্ভূত হইয়া কেবল ধরা ধারণ করেন; দ্বিতীয়বারে হিরণ্যাক্ষের বধসাধন করিয়া ধরণীকে ঊর্দ্ধজলে সংস্থাপিত করেন। ঐ বরাহকে কেহ চতুষ্পাদ, কেহ ত্রিবরাহ মূর্ত্তি বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন। বরাহদেবও

তমালনীলং সিতদন্তকোট্যা ক্ষ্মামুৎক্ষিপন্তং গজলীলয়াঙ্গ।
প্রজ্ঞায় বদ্ধাঞ্জলয়োঽনুবাকৈ র্বিরিঞ্চিমুখ্যা উপতস্থুরীশং ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

হে অঙ্গ! তমালনীলং গজলীলয়া অনায়াসেনৈব সিতদন্তকোট্যা (সিতয়া শুভ্রয়া দন্ত-কোট্যা) দংষ্ট্রাগ্রেণ ক্ষ্মাং মহীং উৎক্ষিপন্তং উদ্ধরন্তং ঈশং প্রজ্ঞায় আলক্ষ্য বিরিঞ্চিমুখ্যাঃ ব্রহ্মাদয়ঃ বদ্ধাঞ্জলয়ঃ সন্তঃ অনুবাকৈঃ বৈদিকৈঃ সূক্তসদৃশবাক্যৈঃ উপতস্থুঃ তুষ্টুবুঃ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

প্রজ্ঞায় আলক্ষ্য অনুবাকো বৈদিকং সূক্তং তৎসাদৃশৈর্বাক্যৈ স্তুষ্টুবুঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র শ্বেতবরাহকল্পে স্বায়ম্ভুবমন্বন্তরারম্ভে ব্রহ্মনাসাত এব শ্বেতবরাহ আবির্ভূয় কেবলং পৃথ্বীমুদ্ধৃত্যৈবান্তরধাত্ততঃ ষষ্ঠে চাক্ষুষমন্বন্তরে পুনরাকস্মিকে প্রলয়ে জলাদেরাবির্ভূয় নীলো বরাহঃ পৃথ্বীমুদ্ধরন্ হিরণ্যাক্ষং জঘানেতি বরাহদ্বয়লীলামেকীকৃত্যৈবাত্র মৈত্রেয়ঃ প্রাহ স্মেতি শ্রীভাগবতামৃতকারিকাভ্যোঽবগন্তব্যং তাশ্চ যথা। দ্বিধাবিরাসীৎ কল্পেস্মিন্নাদ্যে স্বায়ম্ভুবান্তরে। ঘ্রাণাদ্বিধে ধরোদ্ধৃত্যৈ চাক্ষুষীয়ে তু নীরতঃ। হিরণ্যাক্ষং ধরোদ্ধারে নিহন্তুং দংষ্ট্রিপুঙ্গবঃ। চতুষ্পাৎ শ্রীবরাহোঽসৌ নৃবরাহঃ ক্বচিন্মতঃ। কদাচিজ্জলদশ্যামঃ কদাচিচ্চন্দ্রপাণ্ডুরঃ। যজ্ঞমূর্ত্তিঃ স্থবিষ্ঠোঽয়ং বর্ণদ্বয়যুতঃ স্মৃতঃ। দক্ষাৎ প্রাচেতসাৎ সৃষ্টিঃ শ্রূয়তে চাক্ষুষান্তরে। স্বতস্তত্রৈব জন্মাস্য হিরণ্যাক্ষস্য যুজ্যতে। উত্তানপাদবংশ্যানাং তনয়স্য প্রচেতসাং। দক্ষস্যৈব দিতিঃ পুত্রী হিরণ্যাক্ষো দিতেঃ সুতঃ। কল্পারম্ভে তদা নাস্তি সুতোৎপত্তি র্মনোরপি। কাসৌ প্রাচেতসো দক্ষঃ ক্ব দিতিঃ ক্ব দিতেঃ সুতঃ। অতঃ কালদ্বয়োদ্ভূতং শ্রীবরাহস্য চেষ্টিতং। একত্রৈবাহ মৈত্রেয়ঃ ক্ষত্তুঃ প্রশ্নানুসারতঃ। মধ্যে মন্বন্তরস্যৈব মুনেঃ শাপাদ্ধরুং প্রতি। প্রলয়োঽসৌ বভূবেতি পুরাণে ক্বচিদীর্য্যতে। অয়-মাকস্মিকো জাতশ্চাক্ষুষেঽপ্যন্তরে মনোঃ। প্রলয়ঃ পদ্মনাভস্য লীলয়েতি তু কুত্রচিদিতি। অনুবাকো বৈদিকং সূক্তং তৎসদৃশৈ র্বাক্যৈ স্তুষ্টুবুঃ ॥ ৩৩ ॥

এদিকে তমালসদৃশ নীলাভ বরাহরূপধারী জনার্দ্দন শ্রীহরি অতি শুভ্র দন্তের অগ্রভাগ দ্বারা ধরণীকে রসাতল হইতে উত্তোলন পূর্ব্বক বিরাজ করিতেছেন নিরীক্ষণ করিয়া, ব্রহ্মাদি দেবতাগণ কৃতাঞ্জলিপুটে বেদোক্ত পুরুষসূক্তাদির দ্বারা স্তব করিতে লাগিলেন ॥ ৩৩ ॥

আভাস।

কখন জলদশ্যাম, কখনও বা চন্দ্রসদৃশ শুভ্র পাণ্ডুরবর্ণ ধারণ করিয়াছিলেন। এই বর্ণদ্বয়বিশিষ্ট এই বরাহমূর্ত্তি সাক্ষাৎ যজ্ঞেরই প্রতিকৃতি। চাক্ষুষ মন্বন্তরে প্রাচেতস দক্ষ হইতেই ইহার জন্ম উক্ত হইয়াছে; এবং ঐ দক্ষবংশেই হিরণ্যাক্ষের জন্ম হয়। উত্তানপাদের বংশ-সম্ভূত প্রচেতসের পুত্র দক্ষ; দক্ষের কন্যা দিতি এবং এই দিতির গর্ভে

ঋষয় ঊচুঃ ॥

জিতং জিতস্ত্বেঽজিত যজ্ঞভাবন ত্রয়ীং তনুং স্বাং পরিধুন্বতে নমঃ।
যদ্রোম-গর্ত্তেষু নিলিল্যু রধ্বরা স্তস্মৈ নমঃ কারণশূকরায় তে ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

ঋষয়ঃ ঊচুঃ। হে যজ্ঞভাবন (যজ্ঞৈ র্ভাব্যতে ইতি যজ্ঞারাধ্য বা যজ্ঞান্ ভাবয়তি ইতি) অজিত (ইদানীমপি) তে ত্বয়া, জিতং জিতং। ত্রয়ীং ঋগাদি-বেদত্রয়ং স্বাং স্বকীয়াং তনুং পরিধুন্বতে সর্ব্বতঃ কম্পয়তে, তুভ্যং নমঃ; যদ্রোমগর্ত্তেষু যস্য রোম-বিবরেষু অধ্বরাঃ যজ্ঞাঃ নিলিল্যুঃ লীনাঃ বভূবুঃ তস্মৈ কারণশূকরায় তে তুভ্যং নমঃ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

ভো অজিত! তে ত্বয়া জিতং জিতমিতি সম্ভ্রমে বীপ্সা। যজ্ঞৈর্ভাব্যতে আক্রিয়তে ইতি তথা। ত্রয়ীং বেদময়ীং। নিলিল্যুঃ লীনপ্রায়াঃ কারণং পৃথিব্যুদ্ধরণং তেন শূকরায় ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তে ত্বয়া জিতং জিতং। হে অজিত জয় জয়েত্যর্থঃ যজ্ঞান্ ভাবয়সি উৎপাদয়সি হে সর্ব্বযজ্ঞকারণেত্যর্থঃ। ত্রয়ীং বেদময়ীং হে সর্ব্বজগৎ কারণ ॥ ৩৪ ॥

ঋষিগণ বলিলেন, হে সর্ব্বজয়ি যজ্ঞভাবন দেব জনার্দ্দন! সর্ব্বত্র আপনার জয়ই প্রথিত হইতেছে। আপনি স্বীয় কার্য্যের দ্বারা নিজদেহ-স্বরূপ ঋগাদি বেদত্রয়কে সর্ব্বত্র জাজ্বল্যমান প্রদর্শিত করাইতেছেন; আপনাকে প্রণাম করি। অহো! যাঁহার প্রত্যেক রোম বিবরে যজ্ঞসমূহ বিলীন হইয়া রহিয়াছে, তাদৃশ আপনার জগৎকারণকারণ শূকরমূর্ত্তিকে আমরা প্রণাম করি ॥ ৩৪ ॥

হে দেব! আপনার এই যজ্ঞস্বরূপ বরাহমূর্ত্তি সামান্য নহে; ইহা দুষ্কৃতিবান্ পাপাত্মাগণের নিতান্তই অদৃশ্য। হে প্রভো! আপনার

আভাস।

হিরণ্যাক্ষ জন্ম গ্রহণ করে। কিন্তু মূল তত্ত্ব অনুসন্ধানে অগ্রসর হইলে দেখা যায় যে, কল্পের আরম্ভে মনুরও পুত্রোৎপত্তি হয় নাই; সুতরাং তখন প্রচেতাতনয় দক্ষ বা দিতির পুত্র বলিয়া কোন কথারই উল্লেখ হওয়া সম্ভব নহে। অতএব এস্থলে উভয়বিধ কাল-নিষ্ঠ শ্রীবরাহ-বিগ্রহের ইচ্ছা ও ক্রিয়ার উদ্বেলন বলিয়াই নিশ্চিন্ত হইতে হইবে; এবং মৈত্রেয় মুনিও বিদুরের প্রশ্নানুসারে উভয় কালকে এক করিয়া বর্ণন করিয়াছেন, জানিতে হইবে। মন্বন্তর মধ্যে মনুর প্রতি মুনির অভিসম্পাত বশত প্রলয় ঘটে, ইহাও পুরাণান্তরে কীর্ত্তিত আছে; এবং এই বরাহমূর্ত্তি চাক্ষুষ মন্বন্তরে ঘটিয়াছিল। আর ব্রহ্মার প্রলয়ও ভগবল্লীলায় মাত্র সম্ভাবিত হয়; সুতরাং তাহাতে কিছুরই অসম্ভব নহে ॥ ৩৩ ॥

রূপং তবৈতন্ননু দুষ্কৃতাত্মনাং দুর্দ্দর্শনং দেব যদধ্বরাত্মকং।
ছন্দাংসি যস্য ত্বচি বর্হি রোম্ন্য আজ্যং দৃশি ত্বঙ্ঘ্রিষু চাতুর্হোত্রং ॥৩৫॥
স্রুক্ তুণ্ড আসীৎস্রুব ঈশ নাসয়োরিড়োদরে চমসাঃ কর্ণরন্ধ্রে।
প্রাশিত্রমাস্যে গ্রসনে গ্রহাস্তু তে যচ্চর্ব্বণং তে ভগবন্নগ্নিহোত্রং ॥৩৬॥

অন্বয়ঃ।

হে দেব! অধ্বরাত্মকং যৎ এতৎ তব রূপং তৎ ননু দুষ্কৃতাত্মনাং পাপাত্মনাং দুর্দ্দর্শনং দর্শনাযোগ্যং; যস্য (তব) ত্বচি (গায়ত্র্যাদীনি) ছন্দাংসি (আসন্) রোমসু বর্হি বর্হিষঃ কুশাঃ, দৃশি নেত্রে, আজ্যং ঘৃতং, অঙ্ঘ্রিষু চরণেষু চাতুর্হোত্রং হোত্রাদিকর্ম্ম চতুষ্টয়ং আসীৎ ॥ ৩৫ ॥

স্রুক্ জুহূঃ তুণ্ডে মুখাগ্রে, স্রুবঃ নাসয়োঃ হে ঈশ! ইড়া হবির্ভক্ষণপাত্রং উদরে, কর্ণরন্ধ্রে চ চমসাঃ সোমপাত্রানি প্রাশিত্রং ব্রহ্মভাগপাত্রং আস্যে গ্রহাঃ ঐন্দ্রবাদিপাত্রাণি তে তব গ্রসনে (গ্রস্যতে অনেনেতি গ্রসনং মুখান্তর্বর্ত্তিছিদ্রং) হে ভগবন্! যৎ অগ্নিহোত্রং অগ্নিহোত্রনামকং কর্ম্ম তে তব চর্ব্বণং ভক্ষণং ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

যজ্ঞাত্মতাং প্রপঞ্চয়ন্তঃ স্তবন্তি রূপমিত্যাদি চতুর্ভিঃ। ছন্দাংসি গায়ত্র্যাদীনি। যজ্ঞাঙ্গভূতচ্ছন্দ আদ্যনুরোধেন ভগবদবয়বাস্তত্র বিন্যস্যন্তে। বর্হিঃ শব্দে দীর্ঘাভাব আর্ষঃ। দৃশি চক্ষুষি চাতুর্হোত্রং হোত্রাদি কর্ম্ম-চতুষ্টয়ং ॥ ৩৫ ॥

স্রুক্ জুহূঃ তুণ্ডে মুখাগ্রে স্রুবো নাসিকয়োঃ। ইড়া ভক্ষণপাত্রং। চমসা গ্রহাঃ সোমপাত্রাণিঃ। প্রাশিত্রং ব্রহ্মভাগপাত্রং। গ্রস্যতেঽনেনেতি গ্রসনং মুখান্তর্ব্বর্ত্তি ছিদ্রং। চর্ব্বণং ভক্ষণং ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যজ্ঞাত্মতাং প্রপঞ্চয়ন্তঃ স্তবন্তি। রূপমিত্যাদি চতুর্ভিঃ। ত্বচি ছন্দাংসীত্যাদৌ ছন্দ আদীনাং তব ত্বগাদয় এব কারণমিত্যর্থো জ্ঞেয়ঃ। বর্হিঃশব্দে দীর্ঘাভাব আর্ষঃ। চাতুর্হোত্রং হোত্রাদি কর্ম্মচতুষ্টয়ং ॥ ৩৫ ॥

স্রুক্ জুহূঃ তুণ্ডে মুখাগ্রে স্রুবো নাসিকয়োঃ। ইড়া ভক্ষণপাত্রং চমসা গ্রহাশ্চ সোমপাত্রাণি। প্রাশিত্রং ব্রহ্মভাগপাত্রং গ্রস্যতেঽনেনেতি গ্রসনং মুখান্তর্বর্ত্তিছিদ্রং চর্ব্বণং ভক্ষণং ॥ ৩৬ ॥

এই বিগ্রহের ত্বক্ হইতে গায়ত্র্যাদি ছন্দসমূহ আবির্ভূত হইয়াছে; রোমবিবর হইতে বর্হিস্বরূপ কুশা, লোচন হইতে ঘৃত ও চরণ হইতে হোত্রাদি কর্ম্মচতুষ্টয় প্রকাশ হইয়াছে ॥ ৩৫ ॥

মুখ হইতে স্রুক্ জুহু, নাসাদ্বয় হইতে স্রুব, উদর হইতে ঘৃত-ভোজনপাত্র (ইড়া); কর্ণরন্ধ্র হইতে চমস (সোমপাত্র) ও প্রাশিত্র ব্রহ্মভাগ পাত্র, মুখে

দীক্ষানুজন্মোপসদঃ শিরোধরং ত্বং প্রায়ণীয়োদয়নীয়দংষ্ট্রঃ।
জিহ্বা প্রবর্গ্য স্তব শীর্ষকং ক্রতোঃ সত্যাবসথ্যং চিতয়োঽসবো হি তে ॥৩৭॥

অন্বয়ঃ।

দীক্ষা দীক্ষণীয়া ইষ্টিঃ অনুজন্ম বারম্বারং অভিব্যক্তিঃ, উপসদঃ তিস্রঃ ইষ্টয়ঃ, শিরোধরং গ্রীবা, প্রায়ণীয়া দীক্ষানন্তরা ইষ্টিঃ, উদয়নীয়া সমাপ্তীষ্টিঃ, দংষ্ট্রে যস্য সঃ) ত্বং প্রবর্গ্যঃ মহাবীরঃ তব জিহ্বা, সত্যাবসথ্যং (সত্যঃ হোমরহিতঃ অগ্নিঃ, আবসথ্যঃ ঔপাসনাগ্নিঃ) ক্রতোঃ ক্রতুরূপস্য তব শীর্ষকং শিরঃ, চিতয়ঃ ইষ্টকাচয়নানি তে অসবঃ পঞ্চ প্রাণাঃ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

দীক্ষা দীক্ষণীয়েষ্টিঃ। অনুজন্ম বারংবারমভিব্যক্তিঃ; উপসদস্তিস্র ইষ্টয়ঃ। শিরোধরং গ্রীবা প্রায়ণীয়া দীক্ষানন্তরেষ্টিঃ। উদয়নীয়া সমাপ্তীষ্টিঃ তে এব দংষ্ট্রে যস্য। প্রবর্গ্যো মহাবীরঃ প্রত্যুপসদঃ পূর্ব্বং ক্রিয়তে। সত্যো হোমরহিতোঽগ্নিঃ। আবসথ্যঃ ঔপাসনাগ্নিঃ তয়োর্দ্বন্দ্বৈক্যং। তত্তব ক্রতুরূপস্য শীর্ষং শিরঃ। চিতয় ইষ্টকাচয়নানি পঞ্চ অসবঃ প্রাণাঃ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দীক্ষা দীক্ষণীয়েষ্টিঃ। অনুজন্ম বারম্বারমভিব্যক্তিঃ। উপসদ স্তিস্র ইষ্টয়ঃ শিরোধরং গ্রীবা প্রায়ণীয়া দীক্ষানন্তরেষ্টিঃ। উদয়নীয়া সমাপ্তীষ্টিঃ তে এব দংষ্ট্রে যস্য। প্রবর্গ্যো মহাবীরঃ প্রত্যুপসদঃ পূর্ব্বং ক্রিয়তে। সত্যো হোমরহিতোঽগ্নিঃ, আবসথ্যঃ ঔপাসনাগ্নিঃ। তয়োর্দ্বন্দ্বৈক্যং তত্তব ক্রতুরূপস্য শীর্ষং শিরঃ। চিতয় ইষ্টকাচয়নানি পঞ্চ অসবঃ প্রাণাঃ ॥ ৩৭ ॥

গ্রহনামক ঐন্দ্রব পাত্রসমূহ গ্রাসস্থান হইতে এবং হে ভগবন্! অগ্নিহোত্র নামক কর্ম্ম আপনার চর্ব্বণ হইতে উৎপন্ন হইয়াছে ॥ ৩৬ ॥

হে প্রভো! আপনার বারংবার অভিব্যক্তিই দীক্ষণীয়া ইষ্টি, গ্রীবাদেশ উপসদ অর্থাৎ ত্রিবিধ ইষ্টি, দংষ্ট্রাই প্রাপণীয়া দীক্ষানন্তর ইষ্টি এবং উদয়নীয়া সমাপ্তি ইষ্টি; আপনার জিহ্বাই প্রবর্গ অর্থাৎ উপসদের পূর্ব্ববর্ত্তী মহাবীর যজ্ঞ; আপনার শিরোদেশ হোমরহিতাগ্নি সত্য এবং ঔপাসনাগ্নি আবসথ্য এবং যজ্ঞার্থ ইষ্টকাচয়নই আপনার পঞ্চ প্রাণ ॥ ৩৭ ॥

আভাস।

ধরণী উদ্ধার করত ভগবানকে আবির্ভূত দেখিয়া, মরীচ্যাদি ঋষিগণ তাঁহাকে স্তব করত বলিলেন; হে অজিত! অদ্য আপনার সর্ব্বজয়ী নামের যথার্থ অর্থ প্রতিপাদিত হইয়াছে। আপনি যজ্ঞেশ্বর, যজ্ঞের ফলদাতা এবং যজ্ঞানুষ্ঠানেই আপনার সাক্ষাৎ সন্দর্শন হইয়া থাকে। যজ্ঞরূপেই আপনি বিরাজ করিতেছেন। যজ্ঞসম্পাদনের শোভন ও সুসাধ্য উপায় সমূহ প্রদর্শনার্থই এই অপূর্ব্ব শূকরবেশ ধারণ করিয়াছেন। মুনিগণ এইরূপে

সোমস্ত রেতঃ সবনান্যবস্থিতিঃ সংস্থা বিভেদাস্তব দেব ধাতবঃ।
সত্রাণি সর্ব্বাণি শরীরসন্ধয়স্ত্বং সর্ব্বযজ্ঞঃ ক্রতুরিষ্টিবন্ধনঃ ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

হে দেব! সোমঃ ওষধিবিশেষঃ তু তব রেতঃ; সবনানি প্রাতঃসবনাদীনি তব অবস্থিতিঃ (বাল্যাদি বা জাগ্রদাদি অবস্থানং) সংস্থাবিভেদাঃ (অগ্নিষ্টোমোঽত্যগ্নিষ্টোম উক্থঃ ষোড়শী বাজপেয়োঽতিরাত্র আপ্তোর্যাম ইতি সপ্ত) তব ধাতবঃ (ত্বঙ্মাংসাস্থ্যস্থিমজ্জামেদোরুধিররূপাঃ সপ্ত) সর্ব্বাণি (একাহাদিসহস্রসমাপ্তানি অবান্তরভেদযুক্তানি) সত্রাণি তব শরীরসন্ধয়ঃ (শরীরস্য সন্ধয়ঃ) ত্বং সর্ব্বযজ্ঞঃ ক্রতুঃ (অসোমঃ যজ্ঞঃ সসোমঃ ক্রতুঃ) ইষ্টিবন্ধনঃ (ইষ্টিঃ যজনং অনুষ্ঠানং বন্ধনং যস্য তথাভূতঃ ত্বং) ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

প্রাতঃসবনাদীনি অবস্থিতিঃ আসনং বাল্যাদ্যবস্থা বা। অগ্নিষ্টোমোঽত্যগ্নিষ্টোমঃ উক্থঃ ষোড়শী বাজপেয়োঽতিরাত্রঃ আপ্তোর্যাম ইতি সপ্ত সংস্থাবিভেদাঃ ত্বঙ্ মাংসাদি সপ্তধাতবঃ। সত্রাণি দ্বাদশাহাদীনি বহুযাগ-সংঘাতরূপাণি। অসোমাঃ যজ্ঞাঃ সসোমাঃ ক্রতবঃ তদ্রূপস্ত্বং ইষ্টির্যজনং অনুষ্ঠানং তদেব বন্ধনং যস্য সঃ। ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সবনানি প্রাতরাদিকর্ম্মকালাঃ। অবস্থিতি রাসনং। সংস্থাবিভেদা অগ্নিষ্টোমোঽত্যগ্নিষ্টোমঃ উক্থঃ ষোড়শী বাজপেয়োঽতিরাত্রং আপ্তোর্যাম ইতি সপ্তধাতব স্তন্মাংসাদয়ঃ। সত্রাণি দ্বাদশাহাদীনি বহুযাগসংঘাতরূপাণি। যজ্ঞা অসোমাঃ ক্রতবঃ সসোমা স্তদ্রূপস্ত্বং ইষ্টির্যজন, যজ্ঞাঙ্গভূতা স্বদ্ভক্তিঃ সৈব বন্ধনং যস্য সঃ ॥ ৩৮ ॥

হে দেব! সোম-যজ্ঞই আপনার রেতঃ-স্বরূপ এবং বাল্যাদি অবস্থাভেদে অবস্থিতিই আপনার প্রাতঃসবনাদি কর্ম্ম; ত্বঙ্মাংসাদি দেহের সপ্তবিধ ধাতুই অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম, উক্থ, ষোড়শী বাজপেয়, অতিরাত্র ও আপ্তোর্যাম যজ্ঞনামে অভিহিত হইয়াছে। আপনার শরীরের সন্ধি সমূহই দ্বাদশাহাদি বিচিত্র যজ্ঞনামে কীর্ত্তিত। সোমবিশিষ্ট যজ্ঞ এবং সোমহীন ক্রতু এই উভয়-স্বরূপের অনুষ্ঠানই আপনার দেহ-বন্ধন বলিয়া পরিকীর্ত্তিত হইয়াছে ॥ ৩৮ ॥

আভাস।

নিম্নলিখিত শ্লোক চতুষ্টয়ের দ্বারা যজ্ঞের যাবতীয় উপাদান ও উপকরণ সামগ্রী এক বরাহ দেবের যজ্ঞবিগ্রহেই নিরূপণ করিয়াছেন ॥ ৩৪—৩৮ ॥

মুনিগণ পূর্ব্বোক্ত যজ্ঞাঙ্গরূপে বরাহমূর্ত্তির স্তব করিয়া যজ্ঞের প্রবৃত্তি, পরমার্থ জ্ঞান ও জ্ঞানদাতা যে এক তিনি, তাহাই এই শ্লোকে বর্ণিত হইয়াছে। ভগবান্ যেমন

নমো-নমস্তেঽখিলমন্ত্রদেবতাদ্রব্যায় সর্ব্বক্রতবে ক্রিয়াত্মনে।
বৈরাগ্যভক্ত্যাত্মজয়ানুভাবিতজ্ঞানায় বিদ্যাগুরবে নমো নমঃ ॥৩৯॥
দংষ্ট্রাগ্রকোট্যা ভগবংস্ত্বয়া ধৃতা বিরাজতে ভূধর ভূঃ সভূধরা।

অন্বয়ঃ।

অখিল-মন্ত্রদেবতাদ্রব্যায় (অখিলানি মন্ত্রদেবতাদ্রব্যাণি যস্মিন্ তস্মৈ) ক্রিয়াত্মনে সর্ব্বক্রতবে তুভ্যং নমো নমঃ। বৈরাগ্যভক্ত্যাত্মজয়ানুভাবিত-জ্ঞানায় (বৈরাগ্যং বিষয়বৈতৃষ্ণ্যং তদ্যুক্তয়া ভক্ত্যা আত্মজয়োঽন্তঃকরণস্থৈর্য্যং তেন অনুভাবিতং সাক্ষাৎকৃতং যৎ জ্ঞানং তৎ-স্বরূপায় তথা বিদ্যাগুরবে জ্ঞানপ্রদায়িনে তে তুভ্যং নমো নমঃ ॥ ৩৯ ॥

হে ভূধর! দংষ্ট্রাগ্রকোট্যা (সাধনেন ত্বয়া) সভূধরা (ভূধরৈঃ পর্ব্বতৈঃ সহিতা ভূঃ) ধৃতা-

শ্রীধরস্বামী।

পূর্ব্বোক্তমেব সপরিকরং কীর্ত্তয়ন্তঃ প্রণমন্তি। নমো নমঃ ইতি। অখিলমন্ত্রাদিরূপায় ক্রিয়াত্মনে সামান্য-ব্যাপার-রূপায়। কিঞ্চ বৈরাগ্যং উক্তকর্ম্মসাধ্যা সত্ত্বশুদ্ধিঃ ততো ভক্তি-স্তত আত্মজয়ঃ চিত্তস্থৈর্য্যং তেনানুভাবিতং সাক্ষাৎকৃতং যজ্জ্ঞানং তস্মৈ। এবংভূতজ্ঞান-প্রদায় গুরবে চ ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উক্তার্থং সমাসেন স্তবানাঃ প্রণমন্তি নমো নম ইতি। ক্রিয়াত্মনে যজ্ঞাদিব্যাপার-রূপায়। যদ্যপ্যেবং ত্বং লীলয়া কর্ম্মমার্গপ্রবর্ত্তকত্বেন সর্ব্বকর্ম্মকারণমূর্ত্তিরসি তদপি কর্ম্মফলস্পৃহারহিতয়া ভক্ত্যৈব তবানুভবো ভবেদিত্যাহুঃ। বৈরাগ্যং দৃষ্টাদৃষ্টকর্ম্মফলস্পৃহারাহিত্যং তদ্যুক্তা বা ভক্তিস্তয়ৈবাত্মনো মনসো জয়স্তেনানুভাবিতং জ্ঞানং স্ববিষয়কং যেন তস্মৈ। অতএব বিদ্যাগুরবে। দদামি বুদ্ধিযোগন্তং যেন মামুপযান্তি তে ইতি ত্বদুক্তে ত্বৎপ্রাপকং জ্ঞানং ত্বমেব দাতুমর্হসীতি ভাবঃ। ৩৯ ॥

অহো পৃথিব্যা ভাগ্যং যাং ত্বং ধ্যৎসে ইতি তাং বর্ণয়তি দংষ্ট্রেতি। হে ভূধর! সভূধরা

হে ভগবন্! নিখিল মন্ত্র, দেবতা এবং যজ্ঞোপকরণ যাবতীয় পদার্থই আপনার স্বরূপ! আপনাকে প্রণাম করি! হে দেব! ঐহিক ও আমুষ্মিক ফলের প্রতি নিস্পৃহচিত্তে ভক্তি দ্বারা যে জ্ঞানের উদয় হয়, সেই জ্ঞান ও জ্ঞান-প্রদাতার স্বরূপই এক আপনি; আপনাকে প্রণাম করি! ॥ ৩৯ ॥

আভাস।

জীবের মোক্ষদাতা সেইরূপ কর্ম্মমার্গেরও প্রবর্ত্তক। জীব ঐহিক এবং আমুষ্মিক ফলের প্রতি আসক্তিশূন্য হইয়া কেবল চিত্তের মালিন্য পরিহার বাসনায় নিত্য নৈমিত্তিকাদি ও যজ্ঞাদি কর্ম্মে নিরত থাকিলে, অহৈতুকী ভক্তিলাভে সমর্থ হয়। সেই ভক্তিই চিত্তনিরোধের প্রধান উপায়। নিরুদ্ধচিত্তে যে জ্ঞানের উদয় হয়, সে জ্ঞানও ভগবানের স্বরূপ এবং জ্ঞানদাতাও ভগবান্ ॥ ৩৯ ॥

যথা বনান্নিঃসরতো দতা ধৃতা মতঙ্গজেন্দ্রস্য সপত্রপদ্মিনী ॥ ৪০ ॥
ত্রয়ীময়ং রূপমিদঞ্চ শৌকরং ভূমণ্ডলেনাথ দতা ধৃতেন তে।
চকাস্তি শৃঙ্গোঢ়ঘনেন ভূয়সা কুলাচলেন্দ্রস্য যথৈব বিভ্রমঃ ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

সতী বিরাজতে। হে ভগবন! বনাৎ জলাৎ, নিঃসরতঃ নির্গচ্ছতঃ মতঙ্গজেন্দ্রস্য মত্তগজশ্রেষ্ঠস্য, দতা দন্তেন, ধৃতা সপত্রপদ্মিনী যথা বিরাজতে তথা ॥ ৪০ ॥

ভূয়সা মহতা, শৃঙ্গোঢ়ঘনেন (শৃঙ্গেণ ঊঢ়ঃ ধৃতঃ যো ঘনঃ মেঘ স্তেন) কুলাচলেন্দ্রস্য সর্ব্বতশ্রেষ্ঠস্য যথৈব বিভ্রমঃ শোভাতিশয়ঃ ভবতি তথা দতা দন্তেন, ধৃতেন ভূমণ্ডলেন অথ তে ত্রয়ীময়ং বেদময়ং ইদং শৌকরং রূপং চ চকাস্তি শোভতে। ৪১ ॥

শ্রীধরস্বামী।

হে ভূধর! সভূধরা সপর্ব্বতা বনাদুদকান্নির্গচ্ছতো গজেন্দ্রস্য দতা দন্তেন ॥ ৪০ ॥

ত্বয়া ধৃতা ভূ র্বিরাজত ইত্যুক্তং ইদানীং ভূমণ্ডলেন স্বরূপং বিরাজত ইত্যাহঃ। ত্রয়ীতি স্মর্থেত্যর্থান্তরে। তে ইদং রূপং দন্তেন ধৃতং যদ্ভূমণ্ডলং তেন চকাস্তি শোভতে শৃঙ্গেণ ঊঢ়ো ধৃতো যো ঘন স্তেন ভূয়সা অতি মহতা বিভ্রমো বিলাসঃ ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সপর্ব্বতা। বনাৎ জলাৎ সপত্রপদ্মিনীতি তস্যাঃ কোরক কুট্মলাদিভিরুচ্চনীচ-পর্ব্বতা উপমিতা ॥ ৪০ ॥

যথা ত্বয়া স্বামিনা ধৃতা ভূঃ শোভতে তথা ভূরপি স্বভক্তয়া ধৃত ত্বং শোভস ইত্যাহঃ। ত্রয়ীতি কুলাচলেন্দ্রস্য মহাপর্ব্বতস্য শৃঙ্গেণ ঊঢ়ো ধৃতো যো ঘনো মেঘ স্তেন বিভ্রমঃ শোভা যথা ॥ ৪১ ॥

হে ধরণীধর! মত্ত গজেন্দ্র জলক্রীড়ার অবসানে পদ্মলতাদিসহ পদ্মিনীকে স্বীয় দন্তাগ্রে ধারণ করত জল হইতে উপরে উত্থিত হইলে, পদ্মিনীর যেরূপ শোভা হয়, অদ্য আপনার দন্তাগ্রে সংলগ্না ধরাধর সহিতা ধরণীও তাদৃশ শোভায় প্রতীত হইতেছে ॥ ৪০ ॥

হে ভগবন্! নিবিড় জলদাবলি শিখরদেশে ধারণ করত ধরাধরেন্দ্র যেরূপ শোভা ধারণ করে অদ্য আপনার দন্তাগ্রে ভূমণ্ডল ধারণ করায়, আপনার এই বেদময় বরাহ-বিগ্রহেরও তাদৃশ অপূর্ব্ব শোভা পরিলক্ষিত হইতেছে ॥ ৪১ ॥

আভাস।

অহো! আপনার দ্বারায় উদ্ধৃত হওয়ায় ধরণীরও যে সৌভাগ্যাতিশয়, সে বিষয়ে আর সন্দেহ নাই। পর্ব্বত সহ ধরণীর এস্থলে কোরকাদি সহ পদ্মিনীর তুলনায় সৌন্দর্য্যের প্রকাশ করা হইয়াছে ॥ ৪০ ॥

সংস্থাপয়ৈনাং জগতাং সতস্থুষাং লোকায় পত্নীমসি মাতরং পিতা।
বিধেম চাস্যৈ নমসা সহ ত্বয়া যস্যাং স্বতেজোঽগ্নিমিবারণাবধাঃ ॥৪২॥
কঃ শ্রদ্দধীতান্যতমস্তব প্রভো রসাঙ্গতায়া ভুব উদ্বিবর্হণং।

অন্বয়ঃ।

সতস্থুষাং স্থাবরসহিতানাং জগতাং জঙ্গমানাং লোকায় নিবাসস্থানার্থং ত্বং পত্নীং জগতাং মাতরং এনাং (ভূমিং) সংস্থাপয় (যতঃ ত্বং জগতাং) পিতা অসি (তথা সতি তত্র স্থিতাঃ বয়ং) ত্বয়া সহ অস্যৈ মাত্রে চ নমসা বিধেম (নমনং করিষ্যামঃ) যস্যাং ভূমৌ অরণৌ কাষ্ঠে অগ্নিং ইব (যাজ্ঞিকাঃ যথা মন্ত্রতো ধারয়ন্তি তথা) ত্বং স্বতেজঃ ধারণশক্তিং অধাঃ নিহিতবান্॥ ৪২।

হে প্রভো স্বামিন্! তব ত্বয়া (কৃতং) রসাং রসাতলং, গতায়াঃ ভুবঃ উদ্বিবর্হণং উদ্ধরণং অন্যতমঃ ত্বত্তো ব্যতিরিক্তঃ কঃ শ্রদ্দধীত কর্ত্তুং শ্রদ্ধাং কুর্য্যাৎ; যঃ ভবান্ মায়য়া অচিন্ত্যশক্ত্যা

শ্রীধরস্বামী।

জগতাং জঙ্গমানাং তস্থুষাং স্থাবরৈঃ সহ বর্ত্তমানানাং লোকায় বাসস্থানার্থং তে পত্নীং জগতাং মাতরং যতস্ত্বং পিতাসি এবং সতি তত্র স্থিতাঃ বয়ং ত্বয়া পিত্রা সহ অস্যৈ মাত্রে নমসা বিধেম নমনং করিষ্যামঃ নমস্কারেণ পরিচরেমেতি বা। স্বতেজঃ ধারণশক্তিং যাজ্ঞিকাঃ মন্ত্রেণাগ্নিমরণাবিব অধাঃ নিহিতবানসি। ৪২॥

ইদঞ্চ ত্বয়াতিদুষ্করং কৃতং ইত্যাহুঃ ক ইতি। হে প্রভো তব ত্বয়া কৃতং ভুব উদ্বিবর্হণং উদ্ধরণং ত্বদন্যঃ কঃ শ্রদ্দধীত স্পৃহয়েৎ অধ্যবস্যেদিত্যর্থঃ। ত্বয়ি পুনরসৌ বিস্ময়ো ন ভবতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিং যুষ্মাকমভীপ্সিতং তদ্ব্রূতেতি চেদত্ত আহুঃ সংস্থাপয়েতি। লোকায় বাসস্থানার্থং তে পত্নীং জগতাং মাতরং যতস্ত্বং পিতাসি। অতস্ত্বয়া পিত্রা সহ অস্যৈ মাত্রে নমসা বিধেম নমস্কারং করবাম। স্বতেজঃ ধারণশক্তিং ত্বং অধাঃ ধৃতবানসি। অরণৌ অগ্নিং যাজ্ঞিকা যথা ধারয়ন্তি তথা॥ ৪২॥

তবেমাং লীলামনুষ্যুত্তরাং বয়ং গায়াম ইত্যাহুঃ। ক ইতি হে বিভো! ভুব উদ্বিবর্হণং

হে বিভো! স্থাবর-জঙ্গমাত্মক যাবদীয় বস্তুনিচয়ের পিতা আপনি এবং মাতা ধরিত্রী; যাজ্ঞিকগণ যেমন মন্ত্রোচ্চারণ পূর্ব্বক কাষ্ঠমধ্যে অগ্নি নিহিত করেন, আপনিও এই ধরণীতে সকলের বীজভূত স্বীয় তেজ প্রদান করিয়াছেন। অতএব এই স্থাবর-জঙ্গমাত্মক জীবনিচয়ের বাস-ভবন ধরণীকে যথাস্থানে সন্নিবেশিতা করুন! আমরা তদুপরি অবস্থান পূর্ব্বক পিতা আপনাকে ও মাতা ধরণীকে প্রণাম করি॥ ৪২॥

হে প্রভো! রসাতলগতা ধরণীর উদ্ধার সম্পাদন এক আপনাতেই

ন বিস্ময়োঽসৌ ত্বয়ি বিশ্ববিস্ময়ে যো মায়য়েদং সসৃজেঽতিবিস্ময়ং ॥৪৩॥
বিধুন্বতা বেদময়ং নিজং বপুর্জনস্তপঃসত্যনিবাসিনো বয়ং।
সটাশিখোদ্ধূতশিবাম্বুবিন্দুভি র্বিমৃজ্যমানাভৃশমীশ পাবিতাঃ ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

অতিবিস্ময়ং অত্যাশ্চর্য্যং ইদং বিশ্বং সসৃজে, বিশ্ববিস্ময়ে (বিশ্বে সর্ব্বে বিস্ময়াঃ যস্মিন্ তস্মিন্) ত্বয়ি অসৌ ভূম্যুদ্ধারঃ বিস্ময়ঃ আশ্চর্য্যজনকঃ ন (ভবতি) ॥ ৪৩ ॥

হে ঈশ! বেদময়ং নিজং বপুঃ শরীরং বিধুন্বতা কম্পয়তা ত্বয়া সটাশিখোদ্ধূতশিবাম্বুবিন্দুভিঃ (সটানাং স্কন্ধবালানাং শিখাভিঃ অগ্রৈঃ উদ্ধূতাঃ উচ্ছলিতাঃ যে শিবাঃ সর্ব্বদোষনিবর্ত্তিকাঃ অম্বুবিন্দবঃ তৈঃ) বিমৃজ্যমানাঃ অভিষিচ্যমানাঃ শোধ্যমানাঃ জনস্তপঃসত্যনিবাসিনঃ বয়ং ভৃশং অত্যন্তং পাবিতাঃ পবিত্রীকৃতাঃ ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

যতো বিশ্বে সর্ব্বে বিস্ময়া যস্মিন্ কৃতঃ যো ভবান্ অতি বিস্ময়ং অত্যদ্ভুতং ইদং বিশ্বং ক্রিয়াবিশেষণং বা সসৃজে সৃষ্টবান্ ॥ ৪৩ ॥

বিস্ময়ং দর্শয়ন্তঃ প্রার্থয়ন্তে বিধুন্বতেতি দ্বাভ্যাং। সটানাং শিখাভিরগ্রৈঃ উদ্ধূতাঃ উচ্ছলিতাঃ যে শিবা অম্বুবিন্দবঃ তৈঃ সিচ্যমানা বয়ং পবিত্রীকৃতাঃ ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তব ত্বৎকর্ত্তৃকং ত্বত্তোঽন্যতমঃ কঃ শ্রদ্দধীত কর্ত্তুং স্পৃহয়েৎ অধ্যবস্যেদিত্যর্থঃ ॥ ৪৩ ॥

পৃথিব্যুদ্ধরণং ত্বয়ি ন বিস্ময়ঃ পুনরয়মেব যত্তন্নিমেষেণ মহার্ণবে নিপতন্তা বস্তুতস্ত্বয়ৈবাস্মাকং কৃপাপরবশেন ত্বয়া স্বাঙ্গক্ষালনামৃতৈরুদ্ধোদ্ধৃঃ প্রাপিতৈর্বয়মৃষয়ঃ কৃতার্থীকৃতা ইত্যাহঃ বিধুন্বতেতি ॥ ৪৪ ॥

সঙ্গত। আপনি ব্যতীত এ কার্য্য অন্য কাহারও পক্ষে সম্ভব নহে। কিন্তু আপনি যখন স্বীয় অচিন্ত্য মায়া শক্তিপ্রভাবে এই অপূর্ব্ব বিস্ময়োৎপাদক বিশ্বসংসার উৎপাদন করিয়াছেন, তখন ধরণীর উদ্ধার কার্য্য আপনার পক্ষে তত বিস্ময়-জনক নহে ॥ ৪৩ ॥

হে ঈশ্বর! আপনি যে আপনার বেদময় বরাহ-মূর্ত্তি কম্পিত করিতেছেন, তাহাতে আপনার স্কন্ধস্থিত কেশর-সংলগ্ন অম্বুকণা আমাদের ন্যায় জন, তপঃ ও সত্যলোকবাসী ঋষিগণের উপর নিপতিত হওয়ায়, আমরা সকলেই সম্পূর্ণ পবিত্র হইলাম ॥ ৪৪ ॥

আভাস।

হে প্রভো! ধরণী ধারণে আপনার যেমন অপূর্ব্ব শোভা হইয়াছে, আপনার কর্ত্তৃক উদ্ধৃত ধরণীরও তাদৃশ শোভা পরিদৃষ্ট হইতেছে। হে ধরাধরেন্দ্র! এক্ষণে আমাদের

স বৈ বত ভ্রষ্টমতিস্তবৈষতে যঃ কর্ম্মণাং পারমপারকর্ম্মণঃ।
যদ্‌যোগমায়াগুণযোগমোহিতং বিশ্বং সমস্তং ভগবন্ বিধেহি শং ॥৪৫॥

অন্বয়ঃ।

হে ভগবন্! যদ্‌যোগমায়াগুণযোগঃ (যস্য তব যোগমায়ায়াঃ অচিন্ত্যশক্তেঃ গুণৈঃ সহযোগেন সম্বন্ধেন) সমস্তং এব বিশ্বং মোহিতং অপারকর্ম্মণঃ তব কর্ম্মণাং পারং অবধিং যঃ এষতে (জ্ঞাতুং বর্ণয়িতুং বা ইচ্ছতি সঃ) বৈ বত ভ্রষ্টমতিঃ এব। অতোঽস্মাকং শং সুখং বিধেহি কুরু ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

তব কর্ম্মণাং পারং য এষতে অবলোকয়তি জ্ঞাতুমিচ্ছতীত্যর্থঃ। যস্য তব যোগমায়ায়া গুণৈঃ সহ যো যোগ স্তেন মোহিতং। অতো বিশ্বস্য মঙ্গলং বিধেহি যথা ত্বামচিন্ত্যানন্তশক্তিং জ্ঞাত্বা ভজেৎ তথানুগৃহাণেত্যর্থঃ ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং ত্বল্লীলাং কতি বর্ণয়ামো বয়ং সর্ব্ববেদবিদোঽপি তল্লীলাসিন্ধোঃ কণমপি সামস্ত্যেন ন বিদ্মঃ কে পুনরন্যে বরাকা ইত্যাহুঃ স বৈ ইতি যস্তব কর্ম্মণাং পারং এষতে জানাতি জানামীত্যভিমন্যত ইত্যর্থঃ। এষ্ গতৌ ভৌবাদিকঃ। নন্থ মায়ামোহিতো জীবো ন জানাতু নাম মায়াতীতো মদ্ভক্তো নারদাদি র্জানাত্যেবেতি তত্রাহ যস্য তব যোগমায়া চিচ্ছক্তিবৃত্তিভেদঃ গুণযোগো গুণমেলনরূপোঽবিদ্যা চ তাভ্যাং মোহিতস্তে কর্ম্মণাং পারং জ্ঞাস্যতীত্যর্থঃ। অতঃ সম্বিধেহি যথা জানীম ইতি মিথ্যাভিমানো ন ভবেদিতি ভাবঃ। সমস্তমপ্রাকৃতং প্রাকৃতঞ্চ বিশ্বং তত্র যেঃ প্রাকৃতা স্বদ্ভক্তাস্তে যোগমায়য়া তন্মাধুর্য্যেষু নিমজ্য মোহন্তে। যে চ ত্বদন্যে প্রাকৃতা জীবাস্তে মায়য়া বৈষয়িক সুখদুঃখেষু নিমজ্য মোহন্তে ইতি কস্তে কর্ম্মণাং পারং জ্ঞাস্যতীত্যর্থঃ। অতঃ পরিধেহি যথা জানীম ইতি মিথ্যাভিমানো ন ভবেদিতি ভাবঃ ॥ ৪৫ ॥

হে ভগবন্! আপনার কর্ম্ম অনন্ত ও অসীম! যে ব্যক্তি আপনার ক্রিয়ার সীমা পরিজ্ঞাত হইতে বাসনা করে, সে নিশ্চয়ই নিতান্ত ভ্রান্ত। হে প্রভো! যাঁহার অচিন্ত্য যোগমায়ার গুণসংসর্গে বিশ্ব সংসার মুগ্ধ হইয়াছে, সেই আপনাকে সম্পূর্ণ অবগত হওয়া কি কখন সম্ভব! অতএব হে ভগবন্! আপনাকে অনন্ত ও অসীম-শক্তি জ্ঞানে লোক-সমূহ যাহাতে আপনাকে ভজনা করে, তাদৃশ মঙ্গল আপনি বিধান করুন! ॥ ৪৫ ॥

আভাস।

এই প্রার্থনা যে, আপনি জীবগণের বাসস্থানার্থ ধরণীকে যথাস্থানে সন্নিবেশিত করুন। আমরা তথায় অবস্থিতি পূর্ব্বক পিতা মাতাকে একত্র দর্শন ও প্রণাম করিয়া কৃতার্থ হই! ॥ ৪৪ ॥

মৈত্রেয় উবাচ ।।

ইত্যুপস্থীয়মানোঽসৌ মুনিভি র্ব্রহ্মবাদিভিঃ ।
সলিলে স্বখুরাক্রান্তে উপাধত্তাবিতাবনিং ।।

অন্বয়ঃ ।

মৈত্রেয়ঃ উবাচ । ইতি ব্রহ্মবাদিভিঃ বেদতুল্যবাক্যনিভাষমাণৈঃ মুনিভিঃ মরীচ্যাদিভিঃ ইতি উক্তপ্রকারেণ উপস্থীয়মানঃ স্তূয়মানঃ অসৌ অবিতা রক্ষিতা ভগবান্ স্বখুরাক্রান্তে (স্বখুরৈঃ বিলোড়িতে) সলিলে অবনিং ভূমিং উপাধত্ত স্থাপয়ামাস ।

শ্রীধরস্বামী ।

উপস্থীয়মানঃ স্তূয়মানঃ স্বখুরাক্রান্ত ইতি জলেঽপি ধারণশক্ত্যাধানং দর্শয়তি অবিতা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

উপস্থীয়মানঃ স্তুত্যা পরিচর্য্যমাণঃ সলিলে সলিলোপরি স্বখুরাক্রান্ত ইতি জলেঽপি ধারণশক্ত্যাধানং দর্শয়তি । অবিতা রক্ষকঃ ॥

তখন মৈত্রেয় মুনি বিদুরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে বৎস! ব্রহ্মবাদী মুনিগণ কর্ত্তৃক স্তব সহকারে সংস্তুত হইয়া, সেই বরাহরূপ-ধারী ভগবান্ হৃষীকেশ স্বীয় খুরসংলগ্ন জলে ধরণীকে সংস্থাপিত করিলেন ॥

আভাস ।

হে করুণার্ণব! আমরা অতি তুচ্ছ হীনচেষ্টা ও সামর্থ্যহীন ব্যক্তি; আপনার অনন্ত করুণা-রাশির সীমা করা আমাদের দ্বারা কিরূপে সম্ভব! সমস্ত লীলা অবগত হইবার কথা দূরে থাকুক, কণামাত্র লীলারও সার্ব্বাঙ্গীন সংবাদ অবধারণেও যখন আমরা সমর্থ নহি, তখন অন্যের পক্ষে পরিজ্ঞাত হইবার কথা উল্লেখ করিবারও প্রয়োজন নাই। আপনার লীলাসমুদ্রের পরপ্রান্তে উপনীত হইবার প্রয়াস যাহাদের হৃদয়ে কখনও উদিত হয়, তাহারা নিতান্তই মূর্খ ও অনভিজ্ঞ। মায়ামোহিত জীব আপনার পরম-তত্ত্ব সাকল্যে অবগত হইতে না পারে ক্ষতি নাই, মায়াতীত ভবদীয় ভক্ত নারদাদি ঋষিবৃন্দ অবশ্য অবগত আছেন, একথাও বলা সঙ্গত নহে; কারণ আপনার চৈতন্যশক্তির ব্যাপার-বিশেষে যে গুণত্রয়ের মিলন ও অবিদ্যা এই উভয়ের প্রভাবে সকলেই অভিভূত; তখন কিরূপে কে অবগত হইতে পারে! অবগত হইয়াছি বলা, কেবল মিথ্যা অভিমান মাত্র। এই প্রকৃত ও অপ্রকৃত বিশ্ব ব্রহ্মাণ্ডের মধ্যে যাহারা ভক্ত, তাহারা আপনার যোগমায়া বলে মাধুর্য্য-সিন্ধুতেই মোহিতের ন্যায় নিমগ্ন আছে; আর যাহারা প্রাকৃত জীব, তাহারা মায়ায় মোহিত হইয়া, বৈষয়িক সুখদুঃখে নিমগ্ন রহিয়াছে। অতএব আপনার লীলা অবগত হইবার লোক কাহাকেও নয়নগোচর করি না। হে দয়াময়! আপনার নিকট আমাদের সাষ্টাঙ্গে এই প্রার্থনা যে, ঈদৃশ মিথ্যাভিমান আমাদের হৃদয়ে যেন কখন স্থান না পায় ॥ ৪৫ ॥

স ইত্থং ভগবানুর্ব্বীং বিষ্বক্‌সেনঃ প্রজাপতিঃ ।
রসায়া লীলয়োন্নীতামপ্সু ন্যস্য যযৌ হরিঃ ॥ ৪৬ ॥
য এবমেতাং হরিমেধসো হরেঃ কথাং সুভদ্রাং কথনীয়-মায়িনঃ ।
শৃণ্বীত ভক্ত্যা শ্রবয়েত বোশতীং জনার্দ্দনোঽস্যাশু হৃদি প্রসীদতি ॥ ৪৭ ॥

অন্বয়ঃ ।

বিষ্বক্‌সেনঃ (বিষ্বক্ সর্ব্বতঃ সেনা আজ্ঞা প্রভাবো যস্য) প্রজাপতিঃ ভগবান্ ঐশ্বর্য্যাদি-গুণযুক্তঃ, হরিঃ দুঃখ-হরণলীলঃ, সঃ বরাহঃ ইত্থং উক্তপ্রকারেণ রসায়াঃ রসাতলাৎ লীলয়া অনায়াসেন, উন্নীতাং উদ্ধৃতাং, উর্ব্বীং অপ্সু ন্যস্য প্রতিষ্ঠাপ্য, যযৌ অন্তর্দধে ॥ ৪৬ ॥

যঃ এবং উক্তপ্রকারাং এতাং হরিমেধসঃ (যদ্বিষয়া মেধা দুঃখং হরতি সঃ হরিমেধা তস্য) কথনীয়-মায়িনঃ (কথনীয়া মায়া-লীলা অস্য সন্তি ইতি তস্য); হরেঃ সুভদ্রাং মঙ্গলরূপাং উশতীং কমনীয়াং, কথাং ভক্ত্যা শৃণ্বীত শৃণুয়াৎ শ্রবয়েত শ্রাবয়েৎ বা তস্য অস্য হৃদি জনার্দ্দনঃ আশু প্রসীদতি ॥ ৪৭ ॥

শ্রীধরস্বামী ।

রক্ষকঃ ॥ ৪৬ ॥

কথনীয়ানি মায়ীনি মায়াবন্তি চরিত্রাণি যস্য । শ্রবয়েৎ শ্রাবয়েৎ হ্রস্বত্বমার্ষং । উশতীং কমনীয়াং হৃদি প্রসীদতি স্বমনসি সন্তুষ্যতীত্যর্থঃ ॥ ৪৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

যযৌ স্বলোকমিতিশেষঃ । অন্তর্দধে ইতি বা ॥ ৪৬ ॥

হরন্তী ভক্তসংসারং নাশয়ন্তী মেধা বুদ্ধির্যস্মিন্ তস্য কথনীয়া বর্ণনীয়া মায়া মায়াশক্তিঃ কৃপা বা স্বরূপশক্তি র্বা তদ্রূপঃ শ্রবয়েত শ্রাবয়েৎ উশতীং কমনীয়াং ॥ ৪৭ ॥

এবং সর্ব্বপ্রভাব-সম্পন্ন প্রজাপালক সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ দুঃখ-নাশন হরি এই প্রকারে অবলীলাক্রমে ধরণীকে উদ্ধার করত, তাহা জলে সংস্থাপিত করিয়া অন্তর্হিত হইলেন ॥ ৪৬ ॥

জনগণের দুঃখ-হরণে কৃতসংকল্প কৃপাময় শ্রীহরির এতাদৃশ পবিত্র শ্রুতি-সুখকর মধুর কথামৃত যে ব্যক্তি এই প্রকারে ভক্তিপূর্ব্বক স্বয়ং শ্রবণ করেন বা অন্যকে শ্রবণ করান, তাঁহার হৃদয়-মন্দিরে অন্তর্যামিরূপে নিয়ত দেদীপ্যমান ভগবান্ জনার্দ্দন অতি সত্বর প্রসন্ন হন ॥ ৪৭ ॥

আভাস ।

হে কৃপাসিন্ধো ! আমরা আপনার নিকট কোন সুখৈশ্বর্য্যের প্রত্যাশা করি না, কেবল আপনার কৃপা-কটাক্ষের অণুমাত্র ঈক্ষণের প্রার্থনায় দণ্ডায়মান রহিয়াছি। আপনি প্রসন্ন

তস্মিন্ প্রসন্নে সকলাশিষাং প্রভৌ কিং দুর্ল্লভং তাভিরলং লবাত্মভিঃ।
অনন্যদৃষ্ট্যা ভজতাং গুহাশয়ঃ স্বয়ং বিধত্তে স্বগতিং পরঃ পরাং ॥ ৪৮ ॥
কো নাম লোকে পুরুষার্থ-সারবিৎ পুরাকথানাং ভগবৎকৃপাসুধাং।

অন্বয়ঃ।

সকলাশিষাং প্রভৌ সর্ব্বপুরুষার্থানাং দাতরি তস্মিন্ ভগবতি প্রসন্নে সতি (ধর্ম্মার্থকাম-মোক্ষাখ্যফলেষু) কিং দুর্ল্লভং যতঃ লবাত্মভিঃ তুচ্ছাভিঃ তাভিঃ আশীর্ভিঃ অলং। অনন্যদৃষ্ট্যা ফলদৃষ্টিরাহিত্যেন ভজতাং জনানাং প্রার্থনাং বিনা গুহাশয়ঃ হৃদয়কুহরে এব স্থিতঃ পরঃ পরমেশ্বরঃ, স্বয়ং পরাং উৎকৃষ্টাং, স্বগতিং বিধত্তে ॥ ৪৮ ॥

অহো পুরাকথানাং পূর্ব্ববৃত্তানাং মধ্যে ভবাপহাং (ভবঃ সংসারঃ তং অপহন্তি ইতি তাং) ভগবৎকথাসুধাং কর্ণাঞ্জলিভিঃ (কর্ণৌ এব অঞ্জলয়ঃ তৈঃ) আপীয় (আ সর্ব্বত শুন্মা-

শ্রীধরস্বামী।

যদ্যপি সুলভা স্তথাপি তা ন প্রার্থনীয়া ইত্যাহ তাভিরাশীর্ভিরলং লবাত্মভিঃ তুচ্ছাভিঃ নচ তদা ভজনস্য বৈফল্যং শঙ্কনীয়মিত্যাহ। ভগবদ্ভজনন ব্যতিরেকেণ ফলান্তরদৃষ্টিং বিনা ভজতাং স্বপদ প্রাপ্তিং স্বয়মেব বিধত্তে। গুহাশয়ত্বাদহৈতুকীং ভক্তিং জানন্ ॥ ৪৮ ॥

অতঃ কো নাম পুরাকথানাং পূর্ব্ববৃত্তানাং মধ্যে কথঞ্চিদাপীয় বিরজ্যেত বিরমেৎ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিং বস্তু দুর্লভং অপিতু সর্ব্বমেব সুলভং তদপি তাভিরাশীর্ভিরলং লবাত্মভিঃ ক্ষুদ্রাভি-স্তুচ্ছাভিরিত্যর্থঃ। নচ তদা ভজনস্য বৈফল্যং শঙ্কনীয়মিত্যাহ অনন্যদৃষ্ট্যা ভগবদ্ভজন ব্যতিরেকেণ ফলান্তরদৃষ্টিং বিনা ভজতাং স্বপদপ্রাপ্তিং স্বয়মেব বিধত্তে। গুহাশয়ত্বাদহৈতুকীং ভক্তিং জানন্নিতি স্বামীচরণানাং ব্যাখ্যা ॥ ৪৮ ॥

ভক্তিরেব সর্ব্বপুরুষার্থমহাফলমিতি জানন্নেব সারজ্ঞ উচ্যতে। ভক্তিঃ পুরুষার্থসাধন-

---

সেই সর্ব্বমঙ্গলময় সর্ব্বেশ্বর প্রভু জনার্দ্দন প্রসন্ন হইলে, সামান্য কাম্য-ফলের কথা দূরে থাকুক! ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্বিধ ফলের মধ্যে কোনটীই দুর্ল্লভ থাকে না। অনন্য-দৃষ্টিতে কেবল ভজনায় নিরত থাকিলে, হৃদয়-চারী পরাৎপর হৃষীকেশ ভক্তকে স্বয়ং বৈষ্ণব-পদবী প্রদান করিয়া থাকেন ॥ ৪৮ ॥

অহো! এই নিমিত্ত স্পষ্টাক্ষরে বলা যাইতে পারে যে, সামান্য পশু ব্যতীত

আভাস।

হইলে আর কিছুরই অপেক্ষা থাকে না। যাহারা অনন্যা ভক্তি সহকারে আপনার ভজনা করে, হে হৃষীকেশ! তাহাদিগকে আপনি ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ অধিক কি! আত্মস্বরূপ

আপীয় কর্ণাঞ্জলিভি র্ভবাপহামহো বিরজ্যেত বিনা নরেতরম্ ॥ ৪৯ ॥
॥*॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরমৈত্রেয়-সম্বাদে পৃথিব্যুদ্ধরণং নাম ত্রয়োদশোঽধ্যায়ঃ ॥*॥

অন্বয়ঃ।

ধুর্য্যাদিগুণান্ অনুভূয়) লোকে নরেতরং পশুং বিনা পুরুষার্থ-সারবিৎ নাম কঃ অস্তি যঃ বিরজ্যেত ॥ ৪৯ ॥

ইতি তৃতীয়ে ত্রয়োদশঃ।

শ্রীধরস্বামী।

নরেতরং পশুং বিনা ॥ ৪৯ ॥

ইতি তৃতীয়ে ত্রয়োদশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মেব নতু স্বতঃ ফলরূপেতি ব্যাচক্ষাণস্তু পশুরেবেত্যাহ কো নামেতি। পুরাকথানাং পূর্ব্ববৃত্তানাং মধ্যে ভবাপহাং সংসারধ্বংসিনীং। অহো আশ্চর্য্যং। নরেতরং পশুং বিনা কো বিরজ্যেত যো বিরজ্যেত স পশুরেবেতি তেন ঔৎকণ্ঠ্যবাষ্পকলয়া মুহুরর্দ্দ্যমান শুচ্চাপি চিত্তবড়িশং শনকৈর্বি-যুঙ্‌ক্তে ইতি বক্ষ্যমাণলক্ষণস্তু যোগিনঃ পশুত্বং ব্যঞ্জিতং ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ত্রয়োদশস্তৃতীয়েঽস্ত সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পুরুষার্থসারবেত্তা এমন কোন্ ব্যক্তি জগতে আছে যে, পুরাবৃত্তের মধ্যে সংসার-নাশি অমৃতোপম ভগবানের কথামৃত পানে প্রবৃত্ত হইয়া আবার বিরত হয় ॥ ৪৯ ॥

ইতি তৃতীয়ে ত্রয়োদশ ॥

আভাস।

পর্য্যন্ত প্রদান করিয়া থাকেন। অতএব সর্ব্বপ্রকার ঐশ্বর্য্যপ্রাপ্তির জন্য কামনা করা অপেক্ষা এক ভক্তিপ্রার্থনাই প্রার্থনীয়। ভক্তিই সর্ব্বপ্রকার পুরুষার্থ সংঘটন করিয়া ভক্তকে অর্পণ করে; ভক্তিই পরমার্থ তত্ত্বের হ্লাদিনী শক্তি। তাদৃশী ভক্তির নিমিত্ত ভগবল্লীলা শ্রবণে পরাঙ্মুখ থাকা পশু ব্যতীত মানব নাম-ধারী জীবের কখনই কর্ত্তব্য নহে ॥ ৪৬—৪৯ ॥

ইতি তৃতীয়ে ত্রয়োদশ ॥

শ্রীশুক উবাচ ॥

নিশম্য কৌশারবিণোপবর্ণিতাং হরেঃ কথাং কারণশূকরাত্মনঃ।
পুনঃ স পপ্রচ্ছ তমুদ্যতাঞ্জলি র্ন চাতিতৃপ্তো বিদুরো ধৃতব্রতঃ ॥ ১ ॥

বিদুর উবাচ ॥

তেনৈব তু মুনিশ্রেষ্ঠ হরিণা যজ্ঞমূর্ত্তিনা।
আদিদৈত্যো হিরণ্যাক্ষো হত ইত্যনুশুশ্রুম ॥ ২ ॥

অন্বয়ঃ।

শ্রীশুকঃ উবাচ। কৌশারবিণা মৈত্রেয়েণ, উপবর্ণিতাং কারণ-শূকরাত্মনঃ জগৎকারণ-ভূত-বরাহাবতারস্য হরেঃ কথাং নিশম্য শ্রুত্বা, ন অতিতৃপ্তঃ ধৃতব্রতঃ (ধৃতং নিশ্চয়েন সংকল্পিতং ভগবৎকথাশ্রবণাদিরূপং ব্রতং যেন সঃ) বিদুরঃ উদ্যতাঞ্জলিঃ কৃতাঞ্জলিঃ সন্ তং মৈত্রেয়ং পুনঃ পপ্রচ্ছ ॥ ১ ॥

বিদুরঃ উবাচ। হে মুনিশ্রেষ্ঠ! (যেন ভূমিরুদ্ধৃতা) তেনৈব তু যজ্ঞমূর্ত্তিনা বরাহরূপেণ হরিণা আদিদৈত্যঃ হিরণ্যাক্ষঃ হতঃ ইতি অনুশুশ্রুম (তত্তঃ এব শ্রুতবন্তঃ বয়ং) ॥ ২ ॥

শ্রীধরস্বামী।

চতুর্দ্দশে নিদানন্তু তদ্বধে বক্তুমুচ্যতে। সন্ধ্যায়াং কশ্যপাদ্গর্ভসম্ভবঃ কামতো দিতেঃ ॥ ১ ॥
তেনৈব যেন ভূমিরুদ্ধৃতা অনুশুশ্রুম ত্বন্মুখাৎ ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চতুর্দ্দশে দিতিঃ সায়মকামং চকমে মুনিং।
অমুতেপে চ তদ্দুষ্টপুত্রাভূৎ শিষ্টনপ্তৃকা ॥ * ॥

চকার এবার্থঃ ॥ ১ ॥
তেনৈব যেন হরিণা স্বায়ম্ভুবে পৃথ্বী উদ্দধ্রে তেনচ চাক্ষুষীয়ে হিরণ্যাক্ষো হত ইতি ব্যাখ্যেয়ং ॥ ২ ॥

শুকদেব বলিলেন, ভগবৎকথা আনুপূর্ব্বিক শ্রবণার্থ কৃতসংকল্প মহামতি বিদুর কুশারু-নন্দন মৈত্রেয়-মুখে জগৎকারণ-ভূত বরাহ-মূর্ত্তি ভগবান্ শ্রীহরির কথা শ্রবণ করিয়া সম্পূর্ণ তৃপ্তিলাভ করেন নাই, তিনি বিস্তৃত ভাবে শ্রবণ করিবার মানসে কৃতাঞ্জলি হইয়া মৈত্রেয় মুনিকে বলিলেন ॥ ১ ॥

হে মুনিশ্রেষ্ঠ! যে বরাহরূপী হরি পৃথিবীর উদ্ধার করেন, তিনিই আদি-

আভাস।

বিষ্ণুরন্তে আদিদৈত্য হিরণ্যাক্ষের নিধন বলিবার প্রসঙ্গে কামাতুরা কশ্যপবনিতা দিতির সন্ধ্যাসময়ে গর্ভসঞ্চারের বর্ণন চতুর্দ্দশ অধ্যায়ে বর্ণিত হইয়াছে ॥

স্বায়ম্ভুব মন্বন্তরে যে ভগবান্ পৃথিবীর উদ্ধার করেন, চাক্ষুষীয় মন্বন্তরে তিনিই হিরণ্যা-

তস্য চোদ্ধরতঃ ক্ষৌণীং স্বদংষ্ট্রাগ্রেণ লীলয়া।
দৈত্যরাজস্য চ ব্রহ্মন্ কস্মাদ্ধেতোরভূন্মৃধঃ ॥
শ্রদ্দধানায় ভক্তায় ব্রূহি তজ্জন্মবিস্তরং।
ঋষে ন তৃপ্যতি মনঃ পরং কৌতূহলং হি মে ॥ ৩ ॥

অন্বয়ঃ।

হে ব্রহ্মন্! স্বদংষ্ট্রাগ্রেণ ক্ষৌণীং ভূমিং লীলয়া উদ্ধরতঃ তস্য বরাহস্য সহ দৈত্যরাজস্য হিরণ্যাক্ষস্য চ মৃধঃ যুদ্ধং কস্মাৎ হেতোঃ অভূৎ ॥

হে ঋষে! শ্রদ্দধানায় ভক্তায় (মহ্যং) তজ্জন্মবিস্তরং ব্রূহি হি (যতঃ) মে মম মনঃ ন তৃপ্যতি (অপি তু শ্রবণে মে) পরং কৌতূহলং (জাতং) ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

মৃধো যুদ্ধং ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মৃধ্যো যুদ্ধং ॥ ৩ ॥

দৈত্য হিরণ্যাক্ষের নিধনসাধন করিয়াছিলেন; একথা আপনার মুখেই শ্রবণ করিয়াছি ॥ ২ ॥

কিন্তু হে ব্রহ্মন্! ভগবান্ শূকররূপ পরিগ্রহ করত স্বীয় দংষ্ট্রাগ্রে ধরণীকে যখন অবলীলাক্রমে উদ্ধার করেন, তখন আদিদৈত্য হিরণ্যাক্ষের সহিত তাঁহার কেন যুদ্ধ হইল?

হে ঋষে! ভগবৎকথা শ্রবণে এখনও আমার মন যথেষ্ট জ্ঞানে তৃপ্তিলাভ করে নাই; শ্রবণের নিমিত্ত নিতান্ত কৌতূহল জন্মিতেছে; আপনি উক্ত দৈত্য হিরণ্যাক্ষের জন্মবৃত্তান্ত সবিশেষ বর্ণন করুন! ॥ ৩ ॥

আভাস।

ক্ষের নিধন করিয়াছিলেন, একথা পূর্ব্বেই বর্ণন করা হইয়াছে। এক্ষণে বিদুরপ্রশ্নে ভগবানের উভয় অবতার বরাহ ও নৃসিংহ এই দুয়েরই তত্ত্ব জিজ্ঞাসা করা হইয়াছে এবং এতৎপ্রসঙ্গে নির্ভরপ্রাণে ভগবদ্ভক্তির যে অসামান্য সামর্থ্য, লোকশিক্ষার্থ তাহাও প্রহ্লাদাদির উপাখ্যানে বিশেষরূপে বর্ণিত হইয়াছে। ভগবল্লীলা শ্রবণে মরণ-ধর্ম্মশীল মানবের যে জন্মমরণরূপ সংসার-প্রবাহ সম্পূর্ণ নিবারিত হয়, তাহাই পরে জ্বলন্ত দৃষ্টান্তের দ্বারা প্রদর্শিত হইবে ॥ ১।২।৩ ॥

মৈত্রেয় মুনি বিদুরের প্রশ্নে পুলকিত হইয়া তাঁহাকে "বীর" বলিয়া সম্বোধন করিলেন।

মৈত্রেয় উবাচ ॥
সাধু বীর ত্বয়া পৃষ্টমবতারকথাং হরেঃ।
যত্ত্বং পৃচ্ছসি মর্ত্ত্যানাং মৃত্যুপাশ-বিশাতনীং ॥ ৪ ॥
যয়োত্তানপদঃ পুত্রো মুনিনা গীতয়ার্ত্তকঃ।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। হে বীর! ত্বয়া সাধু (সর্ব্বেষাং কার্য্যসাধকং এব পৃষ্টং যৎ যস্মাৎ মর্ত্ত্যানাং মরণশীলানাং মৃত্যুপাশবিশাতনীং (মৃত্যুপাশং ভবষন্ধং বিশাতয়তি বিমোচয়তি যা তাং (হরেঃ অবতারকথাং) ত্বং পৃচ্ছসি ॥ ৪ ॥

মুনিনা নারদেন, গীতয়া যয়া (হরিকথয়া) (উত্তানপদঃ) অর্ত্তকঃ পুত্রঃ ধ্রুবঃ মৃত্যোঃ

শ্রীধরস্বামী।

সাধুত্বে হেতুঃ যস্মাত্ত্বং হরেরবতারকথাং পৃচ্ছসীতি মৃত্যোঃ পাশং বিশাতয়তি মোচয়তীতি তথা ॥ ৪ ॥

তদেব দর্শয়তি যয়া কথয়া উত্তানপদঃ পুত্রঃ ধ্রুবঃ। মুনিনা নারদেন। অর্ত্তক এব।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে বীর! হরের্যুদ্ধলীলাশুশ্রূষোঃ পৃষ্টমিদং সাধু যতঃ এতৎপ্রশ্নমিষেণ অবতারয়োর্বরাহনৃসিংহয়োঃ কথাং পৃচ্ছসি তদ্বৈরকারণোক্তৌ তয়োরুপস্থিতেঃ অন্যানপি কৃতার্থয়িতুমিত্যাহ মর্ত্ত্যানামিতি ॥ ৪ ॥

হরিকথৈব জগদুদ্ধারিণীত্যত্র প্রমাণমাহ যয়া কথয়া মৃত্যোর্মূর্দ্ধ্নীতি ধ্রুবস্যান্তকালং

মৈত্রেয় বলিলেন, হে বীর! তুমি সকলের হিতকর অতি পবিত্র প্রশ্ন উত্থাপন করিয়াছ। শ্রীহরির অবতারকথা শ্রবণ করিলে, জীবের ভব-বন্ধন আর থাকে না ॥ ৪ ॥

আভাস।

তাঁহার বীরশব্দ প্রয়োগের তাৎপর্য্য এই যে, সংসারে ভোগোপযোগী নানাবিধ বিষয়-সম্বন্ধীয় কোন প্রকার প্রশ্ন না করিয়া, বিদুর যখন কামক্রোধাদির যাবতীয় বেগ সম্বরণে ভগবৎপরতন্ত্র হইয়া অবস্থানে সমর্থ, তখন তিনিই যথার্থ বীর। কারণ "ইন্দ্রিয়াণাং জয়ে বীর" সামান্য বাহিরের শত্রু সংহার করিলেই যে বীর-পদবাচ্য হয়, এমত নহে; কারণ অন্যান্য বাহিরের অরি কালক্রমে আপনারাই বিনষ্ট হইয়া থাকে, অন্তরের শত্রু বিনাশের আর কোন উপায় নাই; বরং কালক্রমে তাহারা উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়া, বিশেষ প্রতিষ্ঠাই লাভ করিয়া থাকে। অতএব অপর শত্রু বিনাশের অপেক্ষা অন্তরের শত্রু রিপুকুলকে যিনি সমূলে উন্মূলনে সমর্থ, তিনিই প্রকৃত বীরপদ বাচ্য ॥ ৪ ॥

মৃত্যোঃ কৃত্বৈব মূর্দ্ধ্নাঙ্ঘ্রিমারুরোহ হরেঃ পদং ॥ ৫ ॥

অন্বয়ঃ।

মূর্দ্ধ্নি অঙ্ঘ্রিং কৃত্বৈব হরেঃ পদং স্থানং আরুরোহ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

যদা ধ্রুবায় সুনন্দাদিভি র্বিমানমানীতং তদাস্য দেহত্যাগোঽপেক্ষিতঃ স্যাৎ ইতি মত্বা মৃত্যাবাসন্নেঽপি দেহং ন তত্যাজ। কিন্তু সোপান ইব তস্য মৃত্যো র্মূর্দ্ধ্নি পদং দত্ত্বা বিমানমারুহ্য বিষ্ণুপদমারূঢ়ঃ। বক্ষ্যতি হি পরীত্যাভ্যর্চ্চ্যাধিষ্ঠ্যাগ্র্যং কৃতস্বস্ত্যয়নো দ্বিজৈঃ। ইয়েষ তদধিষ্ঠাতুং বিভ্রদ্রূপং হিরণ্ময়মিতি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞাত্বা যদৈব মৃত্যুরাগত স্তদৈব সুনন্দাদিভি র্বিমানমানীতমারোঢ়ুং ধ্রুবঃ সোপানান্বেষণে মৃত্যুমবস্থিতং দৃষ্ট্বা ভদ্রমিদং জাতমিতি তস্যৈব মূর্দ্ধ্নি পদং দত্ত্বা শরীরমবনময্য বিমানমারুহ্য বিষ্ণুপদং জগামেতি ॥ ৫ ॥

মহামুনি নারদের মুখে এই হরিকথা শ্রবণ করিয়া, উত্তানপাদ রাজার পুত্র বালক ধ্রুব মৃত্যুর মস্তকে পদার্পণ পূর্ব্বক ভগবান্ বিষ্ণুর পদবীতে আরোহণ করিয়াছেন ॥ ৫ ॥

আভাস।

ভগবানের লীলাকথা অতীব উপাদেয় ও অনুপম; ইহা জাতি, আয়ুঃ, কুল ও বিদ্যাদি কিছুরই অপেক্ষা না করিয়া, পাত্র পাইলেই তাহাকে কৃতার্থ করেন। উত্তানপাদ রাজার পুত্র পঞ্চম বর্ষীয় বালক ধ্রুব উপযুক্ত গুরু নারদের মুখে ভগবদ্বার্ত্তা শ্রবণ করিয়া যেরূপ কৃতার্থ হইয়াছিলেন, তাহা বর্ণনার অতীত। বিষ্ণুপদে গমনের উপযুক্ত কাল উপস্থিত হইলে, সুনন্দাদি বিষ্ণুপার্ষদগণ ধ্রুবের সমীপে বিমান আনয়ন করিলেন। কিন্তু তখনও ধ্রুবের এই মর্ত্তদেহ পরিত্যাগ করা হয় নাই দেখিয়া, যমরাজ তৎক্ষণাৎ তাঁহার সমীপে আগমন করিলেন; এদিকে ভগবানে ধ্রুবচিত্ত ধ্রুব যখন প্রদক্ষিণ পূর্ব্বক একাগ্রচিত্তে সেই হৃদয়বল্লভ বিষ্ণুকে সর্ব্বস্ব সমর্পণে পূজা করিলেন এবং ব্রাহ্মণগণ তাঁহার সদ্গতি লাভের জন্য স্বস্তিবাচন পূর্ব্বক আশীর্ব্বাদ করিলেন, তখন ধ্রুবের দেহ পরিত্যাগ করা দূরে থাকুক, সেই দেহের অপূর্ব্ব কাঞ্চন-সদৃশ আভায় দিক্ সকল আলোকিত হইয়া উঠিল; তখন যমরাজ তাদৃশ ভক্তের সেবাসাধন মানসে অবনত-মস্তক হইয়া বিমানারোহণার্থ স্বয়ং সোপান হইয়াছিলেন; ধ্রুব তাঁহার মস্তকে চরণ রাখিয়া বিমানে আরোহণ করিলেন। অর্থাৎ যমের সংযমার্থ ধ্রুবের কিছুই বাকী ছিল না; তিনি স্বয়ং যমনিয়মাদির দ্বারা সকলই সংযত করিয়াছিলেন। বাহ্যদৃষ্টিতে যে দেহাদি পরিলক্ষিত হইতেছিল, তাহা হুতাশনযোগে হবির ন্যায়, ভগবৎ-সংযোগে ভগবদ্রূপেই পরিণত জানিতে হইবে ॥ ৫ ॥

অথাত্রাপীতিহাসোঽয়ং শ্রুতো মে বর্ণিতঃ পুরা।
ব্রহ্মণা দেবদেবেন দেবানামনুপৃচ্ছতাং ॥ ৬ ॥
দিতি র্দাক্ষায়ণী ক্ষত্তর্মারীচং কশ্যপং পতিং।
অপত্যকামা চকমে সন্ধ্যায়াং হৃচ্ছয়ার্দ্দিতা ॥ ৭ ॥

অন্বয়ঃ।

অথ প্রশ্নোত্তরারম্ভে অত্রাপি (ত্বয়া পৃষ্টে অর্থেঽপি) দেবানাং অনুপৃচ্ছতাং দেবদেবেন ব্রহ্মণা পুরা পূর্ব্বকালে বর্ণিতঃ অয়ং ইতিহাসঃ মে ময়া শ্রুতঃ (অস্তি) ॥ ৬ ॥

হে ক্ষত্ত! দাক্ষায়ণীঃ (প্রাচেতসস্য দক্ষস্য কন্যা) দিতিঃ হৃচ্ছয়ার্দ্দিতা (হৃচ্ছয়ঃ কামঃ তেন অর্দ্দিতা পীড়িতা অতএব অপত্যকামা সতী (স্বয়ং) পতিং মারীচং মরীচেঃ পুত্রং কশ্যপং সন্ধ্যায়াং (নিষিদ্ধকালেঽপি) চকমে প্রার্থিতবতী ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তয়োঃ সংগ্রামে হেতুং বক্তুমিতিহাসং প্রস্তৌতি অথেতি। অনুপৃচ্ছতাং দেবানাং ব্রহ্মণা বর্ণিত ইতিহাসো ময়া শ্রুতঃ ॥ ৬ ॥

দেবপ্রশ্নপ্রস্তাবায় প্রথমং হিরণ্যাক্ষহিরণ্যকশিপূৎপত্তিপ্রসঙ্গমাহ দিতিরিত্যাদিনা যাবদধ্যায়সমাপ্তি। মরীচেঃ পুত্রং কশ্যপং। হৃচ্ছয়ঃ কাম স্তেনার্দ্দিতা অতঃ সন্ধ্যায়ামেব কামিতবতী ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মে ময়া অনুপৃচ্ছতাং দেবানাং সম্বন্ধেন ॥ ৬ ॥

দেবপ্রশ্নপ্রস্তাবায় প্রথমং হিরণ্যাক্ষহিরণ্যকশিপূৎপত্তি-প্রসঙ্গমাহ দিতিরিত্যাদিনা

এক্ষণে তুমি যে প্রশ্ন আমার নিকট উত্থাপন করিলে, দেবদেব কমলাসন অমরগণের প্রার্থনায় ঐই প্রশ্নের [illegible] করিয়াছিলেন, আমি তাহা পরিজ্ঞাত আছি; এবং আমি তাহা [illegible] করিতেছি, শ্রবণ কর ॥ ৬ ॥

এক দিন দক্ষ-নন্দিনী দিতি অতীব কাম-পরতন্ত্রা হইয়া পুত্রকামনায় স্বীয় পতি মরীচিপুত্র কশ্যপের নিকট সন্ধ্যা [illegible] উপস্থিত হন ॥ ৭ ॥

আভাষ।

বিদুর-কৃত প্রশ্নের প্রশংসা করিয়া প্রষ্টব্য বিষয় হিরণ্যাক্ষের যুদ্ধ বর্ণনের হেতু বলিবার প্রসঙ্গে প্রশস্ত ইতিহাসের উল্লেখ করা হইয়াছে। এই ইতিহাসের প্রষ্টা দেবগণ এবং বক্তা স্বয়ং ব্রহ্মা; সুতরাং সত্যাসত্য সম্বন্ধে কোন বিচারের প্রয়োজন নাই; সর্ব্বতোভাবে গ্রাহ্য; ইহাই বর্ণিত হইয়াছে ॥ ৬ ॥

সেই প্রশ্নের উত্তরে প্রথমত হিরণ্যাক্ষ ও হিরণ্যকশিপুর উৎপত্তি প্রসঙ্গে কশ্যপ-বনিতা দিতির গর্ভোৎপত্তির ব্যাপার এই অধ্যায়ের সমাপ্তি পর্য্যন্ত বর্ণিত হইয়াছে ॥ ৭ ॥

ইষ্ট্বাগ্নিজিহ্বং পয়সা পুরুষং যজুষাং পতিং।
নিম্লোচত্যর্ক আসীনমগ্ন্যাগারে সমাহিতং ॥ ৮ ॥
দিতিরুবাচ ॥
এষ মাং ত্বৎকৃতে বিদ্বন্ কাম আত্তশরাসনঃ।

অন্বয়ঃ।

যজুষাং যজ্ঞানাং, পতিং ফলদাতারং, অগ্নিজিহ্বং (অগ্নির্জিহ্বা মুখং যস্য তং) পুরুষং ভগবন্তং, পয়সা হোমেন, ইষ্ট্বা পূজয়িত্বা, অর্কে সবিতরি, নিম্লোচতি অস্তং গচ্ছতি [সতি, অগ্ন্যাগারে যজ্ঞশালায়াং, চিত্তৈকাগ্র্যেণ, সমাহিতং আসীনং ভগবন্তং কশ্যপঃ চকমে ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৮ ॥

দিতিঃ উবাচ। হে বিদ্বন্! মত্তজঃ রন্তাং ইব (যথা দুনোতি) তথা আত্তশরাসনঃ

শ্রীধরস্বামী।

তদপ্যগ্নিহোত্রশালায়াং তত্রাপি সমাহিতং অগ্নি জিহ্বা যস্য যজুষাং যজ্ঞানাং পতিং পুরুষং শ্রীবিষ্ণুং ॥ ৮ ॥

কৃপণাং বহুভাষিণীমিতি বক্ষ্যতি। তত্র এষ মামিতি দ্বাভ্যাং কার্পণ্যং ভর্ত্তরীতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাবদধ্যায়সমাপ্তি মরীচেঃ পুত্রং কশ্যপং। হৃচ্ছয়ার্দিতা কামপীড়িতা অতঃ সন্ধ্যায়ামেব তত্রাপ্যগ্নিহোত্রশালায়াং তত্রাপি সমাহিতং কৃতসমাধিং সন্ধ্যায়ামপি নিম্লোচত্যর্কাস্তময়কাল এবেত্যর্থঃ। অগ্নির্জিহ্বা যস্য তং যজুষাং যজ্ঞানাং পতিং বিষ্ণুং ॥ ৭ ॥ ৮ ॥

এষ মামিতি মুদ্রিতনেত্রে পদ্ভ্যো কায়িকাশ্চাক্ষুষাশ্চ অভিযোগা অকিঞ্চিৎকরা এব বাচিকেষ্বপ মধ্যে শব্দোত্থা অর্থোত্থাশ্চ বাচ্যাঃ। পরমেশ্বরাভিনিবেশিতবুদ্ধৌ কশ্যপে-

---

কশ্যপ তখন যজ্ঞেশ্বর ভগবান্ বিষ্ণুর উদ্দেশে হোমীয় হবি প্রদানে যজ্ঞ সমাপন পূর্ব্বক সূর্য্যদেব অস্তাচলে গমন করিয়াছেন নিরীক্ষণ করিয়া, সমাহিতচিত্তে ভগবচ্চিন্তায় চিত্তসমর্পণ পূর্ব্বক উপবিষ্ট ছিলেন ॥ ৮ ॥

এমন সময়ে দিতি তাঁহার সমীপে উপস্থিত হইয়া বলিলেন, হে বিজ্ঞতম!

আভাস।

দেহ দি বলবীর্য্যের উৎকর্ষেই যে উৎকৃষ্ট সন্তান জন্মে, এমত নহে; ভাবের প্রয়োজন। ভাব অনুসারেই ভালমন্দের বিচার ও সমন্বয় সর্ব্বত্র পরিলক্ষিত হইয়া থাকে। ভাবের উৎকর্ষে উৎপন্ন বস্তুর উৎকর্ষ এবং ভাবের অপকর্ষে উৎপন্ন বস্তুর অপকৃষ্টতা সাধিত হইয়া থাকে। কশ্যপ মুনি অতুলতেজস্বী এবং ব্রহ্মজ্ঞ হইলেও নিষিদ্ধকালের দোষে বিকৃতভাবাপন্ন একটী অসুরের জন্ম দিয়াছিলেন। ৮ ॥

অথবা দেশ, কাল ও পাত্রের সংযোগে ব্রহ্মতেজ হইতেও অসুরের জন্ম হইয়াছিল।

দুনোতি দীনাং বিক্রম্য রম্ভামিব মতঙ্গজঃ ॥ ৯ ॥
তদ্ভবান্ দহ্যমানায়াং সপত্নীনাং সমৃদ্ধিভিঃ।
প্রজাবতীনাং ভদ্রন্তে ময্যযুঙ্ক্তামনুগ্রহং ॥ ১০ ॥

অন্বয়ঃ।

(আত্তং গৃহীতং শরাসনং ধনুর্যেন সঃ) এষঃ কামঃ ত্বৎকৃতে তদর্থং (ত্বয়া সহ সংগত্যর্থং) দীনাং কৃপণাং মাং বিক্রম্য স্বশৌর্য্যমাবির্ভাব্য দুনোতি পীড়য়তি ॥ ৯ ॥

তৎ তস্মাৎ প্রজাবতীনাং সপত্নীনাং সমৃদ্ধিভিঃ বিভবৈঃ দহ্যমানায়াং ময়ি ভবান্ অনুগ্রহং আযুঙ্ক্তাং সম্যক্ করোতু (এবং চেৎ) তে তবাপি ভদ্রং (এব ভবিষ্যতি) ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

দুর্ম্মতিঃ বহুভাষণং বর্ণয়তে দুনোতি পীড়য়তি। বিক্রম্য শৌর্য্যমাবির্ভাব্য রম্ভাং কদলীং ॥ ৯ ॥
আযুঙ্ক্তাং সর্ব্বতো যুনক্তু সম্যক্ করোতু ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাবকাশং লভন্ত এবেত্যুত্তমাঙ্গনানামভিধরৈব পুরুষে সম্ভোগপ্রার্থনা যদ্যপি নৈব স্বভাব, স্তদপি কন্দর্পপীড়য়োন্মাদিতাদিভির্লজ্জাশঙ্কে নিগিলন্তীব সমাধিভঙ্গার্থমুচ্চৈরাহ এষ সাক্ষাদিব দৃশ্যমান ইত্যর্থঃ। ত্বৎকৃতে ইতি যত্তহমেকাকিন্যস্থাস্যং তদৈব মম কিমকরষ্যদিতি পত্যৌ তস্মিন্নেব দোষো ন্যস্তঃ। দীনাং দুনোতীতি ত্বং পতিঃ কথং মাং ন রক্ষসীতি ভাবঃ। নন্থ লজ্জাং কথং সহসৈবাহাসীত্তত্রাহ রম্ভামিবেতি যদি প্রাণা এব নশ্যন্তি তদা কিং লজ্জয়েতি ভাবঃ ॥ ৯ ॥

নচ কেবলমহং কামাতুরৈব রতিং যাচে কিন্তু পুত্রার্থিন্যপীত্যাহ তদিতি। আযুঙ্ক্তাং সর্ব্বতোভাবেন করোতু ॥ ১০ ॥

করী যেমন কদলীবৃক্ষকে দন্তাঘাতে বিদীর্ণ করে, সেইরূপ কামদেব শরাসন-হস্তে উপস্থিত হইয়া আপনার সহিত মিলিত হইবার জন্য, নিজ শৌর্য্য-প্রকাশে আমাকে পীড়িত করিতেছে ॥ ৯ ॥

এদিকে আমি অনপত্যা; সন্তানবতী সপত্নীগণের পুত্রসমৃদ্ধিতে অতিশয় দগ্ধ হইতেছি। আমার প্রতিও আপনার পুত্রোৎপাদনরূপ অনুগ্রহ প্রকাশ করা নিতান্তই কর্ত্তব্য; ইহাতে আপনারও মঙ্গল হইবে ॥ ১০ ॥

অন্বয়ঃ।

ক্রমাগত ছয়টী শ্লোক দ্বারা দিতির কামপরতন্ত্রতার পরিচয় দেওয়া হইয়াছে। দিতি কামভাবে অন্ধা ও হিতাহিত বিবেচনাশূন্যার ন্যায় যজ্ঞশালায় স্বামীর নিকট উপস্থিত হইয়া নিতান্ত নির্লজ্জার ন্যায় আত্মপরিচয় দিতে লাগিলেন। তিনি ভাবিলেন যে, পতি স্বয়ং ব্রহ্মচিন্তনে একান্ত অভিনিবিষ্ট যে কামিনীর সুরতার্থ কায়িক বা চাক্ষুষিক ইঙ্গিতে

ভর্ত্তর্য্যাপ্তোরুমানানাং লোকানাবিশতে যশঃ।
পতি র্ভবদ্বিধো যাসাং প্রজয়া ননু জায়তে ॥ ১১ ॥

অন্বয়ঃ।

ভর্ত্তরি (ভর্ত্তুঃ সকাশাৎ) আপ্তোরুমানানাং (আপ্তঃ উরুমানো যাভিঃ তাসাং স্ত্রীণাং) যশঃ লোকান্ (প্রতি) আবিশতে প্রসৃতং ভবতি। তর্হি ভবদ্বিধঃ গুণবান্ পতিঃ যাসাং মদ্বিধানাং স্ত্রীণাং প্রজয়া প্রজারূপেণ জায়তে তাসাং যশো লোকান্ আবিশতে ইতি কিং বক্তব্যং ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

ভর্ত্তরি প্রাপ্তবহুমানানাং স্ত্রীণাং যশঃ লোকান্ আবিশতে ব্যাপ্নোতি প্রজয়া পুত্ররূপেণ তজ্জায়া জায়া ভবতি যদস্যাং জায়তে পুনরিতি শ্রুতেঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্বৎপ্রসাদাদ্যশস্বিনী পুত্রবতীচ ভূয়াসমিত্যাহ ভর্ত্তরি ভর্ত্তুঃ সকাশাদিত্যর্থঃ। প্রাপ্ত-বহুসম্মানানাং স্ত্রীণাং যশঃ লোকান্ ব্যাপ্নোতি প্রজয়া পুত্ররূপেণ। তজ্জায়া জায়া ভবতি যদস্যাং জায়তে পুনরিতি শ্রুতেঃ যদ্বা ভবদ্বিধঃ পতিঃ প্রজয়া হেতুনৈব জায়তে ভবতি অতোঽহং প্রজাবতী কথং ন ভবেয়মিতি ভাবঃ ॥ ১১ ॥

স্বামীর সন্নিধানে লব্ধমানা যোষিৎ জগতে বিশেষ যশস্বিনী হইয়া থাকে। আর পতিই যখন পুত্ররূপে ভার্য্যার গর্ভে জন্ম গ্রহণ করেন, তখন আপনার ন্যায় পতি যাঁহারা লাভ করিয়াছেন, তাঁহারা জগতে বিশেষ খ্যাতি কেন প্রাপ্ত হইবেন না? ॥ ১১ ॥

আভাস।

কিছুমাত্র দৃষ্টিপাত করিবেন না; সুতরাং মুখে সকল কথাই প্রকাশের বিশেষ প্রয়োজন। তখন উত্তমাজনার স্বভাববিরুদ্ধ হইলেও তিনি লজ্জা ও ভয়ে জলাঞ্জলি দিয়া কশ্যপের ধ্যানভঙ্গ করিবার জন্য উচ্চকণ্ঠে বলিয়া উঠিলেন, হে স্বামিন্! আপনার অমনোযোগিতার জন্য কামদেব ধনুর্বাণ হস্তে আমাকে যেরূপ পীড়ন করিতেছে, তাহাতে আর জীবন রক্ষা হয় না; যদি জীবনই যায়, তাহা হইলে লজ্জাকে আর কি লজ্জা? আপনি পতি বর্ত্তমান থাকিতেও যদি আমাকে পরের নিগ্রহে এত ক্লেশ পাইতে হয়, তবে সে দোষ অবশ্য আপনার উপরিই ন্যস্ত হইবে ॥ ৯ ॥

কেবল কামাতুরতাই যে তাঁহার এত প্রগল্‌ভতার পরিচয়, তাহা নহে। অন্যান্য সপত্নীর পুত্র জন্মিয়াছিল; কেবল ইনিই অনপত্যা। সুতরাং নিজের অনপত্যতা ও সপত্নী-গণের পুত্ররূপ ঐশ্বর্য্যদর্শনে দিতি শোকে ও দুঃখে নিতান্তই মর্ম্মাহতা হইয়াছিলেন। এক্ষণে পুত্রবতী হইবার প্রার্থনায় স্বামীকে উত্তেজিত করত বলিলেন যে, আমার পুত্র জন্মিলে আপনিও যশস্বী হইবেন, সন্দেহ নাই। এবং স্ত্রীতে যে স্বামী পুত্ররূপে

পুরা পিতা নো ভগবান্ দক্ষো দুহিতৃবৎসলঃ।
কং বৃণীত বরং বৎসা ইত্যপৃচ্ছত নঃ পৃথক্ ॥
স বিদিত্বাত্মজানাং নো ভাবং সন্তানভাবনঃ।
ত্রয়োদশাদদাত্তাসাং যা স্তে শীলমনুব্রতাঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

পুরা বিবাহাৎ পূর্ব্বকালে, নঃ অস্মাকং, পিতা দুহিতৃবৎসলঃ ভগবান্ দক্ষঃ "হে বৎসাঃ! কং বরং পতিং বৃণীত ইতি" নঃ অস্মান্ পৃথক্ অপৃচ্ছত।

সন্তানভাবনঃ (সন্তানং ভাবয়তি ইতি সন্তানাভিবৃদ্ধিকামঃ) সঃ দক্ষঃ আত্মজানাং নঃ অস্মাকং ভাবং অভিপ্রায়ং বিদিত্বা তাসাং আত্মজানাং মধ্যে যাঃ তে তব শীলং অনুব্রতাঃ অনুসৃতাঃ তাঃ অস্মান্ ত্রয়োদশ তুভ্যং অদদাৎ (অত্র ত্রয়োদশানামপ্যস্মাকং ত্বয়ি স্নেহসাম্যেঽপি ত্বঞ্চ অন্যাভ্যো অপত্যানি সংপাদিতবান্ মহ্যং ন ইতি বৈষম্যং ভবানুচিতমেব) ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

নোঽস্মাকং পিতা নোঽস্মান্ পৃথক্ পৃথক্ অপৃচ্ছৎ। অয়ং ভাবঃ ত্রয়োদশানামপ্যস্মাকং ত্বয়ি ভাবসাম্যে বৈষম্যাচরণং ভবানুচিতমিতি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ বিবাহাৎ পূর্ব্বমেবাহং তস্যানুরাগিণীতি প্রত্যাখ্যেয়বাক্যো ন ভবিতুমর্হসীত্যাহ পুরেতি নোঽস্মাকং পিতা নোঽস্মান্ অপৃচ্ছৎ ॥

নো ভাবমিতি লজ্জয়া ত্বন্নামাগৃহ্নতীনামপ্যস্মাকমিঙ্গিতেনৈব জনান্তরদ্বারা সহসা জ্ঞাত্বেত্যর্থঃ তাসাং দুহিতৃণাং মধ্যে তেন ত্রয়োদশানাং মধ্যে কথমহমেবাপুত্রিণীতি তদ্বৈষম্যমিদমনুচিতমিতি ভাবঃ ॥ ১২ ॥

হে মুনে! আমাদিগের পিতা প্রজাপতি দক্ষ স্বীয় কন্যাগণকে বিশেষ স্নেহ করেন। তিনি কন্যাগণকে পাত্রসাৎ করিবার পূর্ব্বে আমাদের প্রত্যেককে পৃথক্ পৃথক্ ভাবে জিজ্ঞাসা করিয়া বলেন যে, তোমরা কাহাকে পতিরূপে মনোনীত কর বল! পরে আপনার প্রতিই আমাদের প্রীতি ও মনোগত অনুরাগ অবগত হইয়া প্রজাবৃদ্ধির বাসনায় আমাদের ত্রয়োদশ ভগ্নীকে আপনার হস্তেই সম্প্রদান করেন ॥ ১২ ॥

আভাস।

জন্ম গ্রহণ করেন, বলিয়াই পত্নী জায়া নামে উক্ত হন এবং কশ্যপ পতি যাহার গর্ভে স্বীয় বীর্য্য প্রদানে পুত্র উৎপাদন করিবেন, জগতে সেই পুত্রবতী নারীর যশের আর সীমা থাকিবে না, ইহাও তাঁহার মনোগত অভিপ্রায় ॥ ১০ ॥ ১০ ॥

অথ মে কুরু কল্যাণ কামং কমললোচন (কঞ্জবিলোচন)।
আর্ত্তোপসর্পণং ভূমন্মমোঘং হি মহীয়সি ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

হে কল্যাণ হে কঞ্জবিলোচন! অথ হে ভূমন্! হি যস্মাৎ মহীয়সি ত্বাদৃশে মহত্তমে পুরুষে, আর্ত্তোপসর্পণং (আর্ত্তানাং মাদৃশানাং উপসর্পণং (সমীপমাগত্য যাচনং) যথা মোঘং (বৃথা ন ভবতি) অথ তস্মাৎ মে কামং অভিলষিতং কুরু সম্পাদয় ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

মহীয়সি ত্বাদৃশে মহত্তমে মোঘং ন ভবতি হি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ স্বরমনার্থং সায়ং মৎসমাধিভঙ্গে যতমানা ত্বং কথং মৎসমশীলেত্যত আহ আর্ত্তো-পসর্পনমিতি। সংপ্রত্যহমার্ত্তা কিং করোমি নার্ত্তঃ কালমপেক্ষত ইতি শাস্ত্রং ত্বং পরমদয়ালু র্জানাস্যেবেতি ভাবঃ ॥ ১৩ ॥

অতএব আমরা সকল ভগ্নী যখন সমানভাবে আপনার প্রেম ও অনুরাগের প্রার্থিনী তখন সকলের প্রতি সমান ব্যবহার করাই আপনার অবশ্য কর্ত্তব্য। কিন্তু দেখুন, হে কল্যাণপ্রদ অরবিন্দলোচন! আমি অপরাপর ভগ্নীর সমৃদ্ধি দর্শনে মর্ম্মাহত হইয়া আপনার নিকট পুত্রপ্রার্থনায় উপস্থিত হইয়াছি। আপনার ন্যায় শ্রেষ্ঠতম পুরুষের সমীপে আমার যাচ্ঞা যেন বৃথা না হয়, এরূপ ভাবে আমার কামনা পূরণ করুন ॥ ১৩ ॥

আভাস।

এই শ্লোকে সাম ও দণ্ডের কথাও উল্লেখ পূর্ব্বক বলিলেন যে, অন্যান্য কন্যার ন্যায় তিনিও পিতার প্রিয় কন্যা; তাঁহার অবমাননায় অতুলতেজস্বী পিতা দক্ষ যখন কশ্যপের প্রতি বিরক্ত না হইয়া সন্তুষ্ট হইবেন না। দ্বিতীয়ত আর্য্যা যেমন সকলেই তাঁহার প্রিয় পাত্র, দিতিও সেইরূপ; অথচ অন্যান্য সকল বনিতারই পুত্র জন্মিয়াছে, কেবল দিতির পুত্র নাই; অতএব ইহাতে স্বামীর পক্ষপাতিত্বের দোষে অধর্ম্মেরও সম্ভাবনা। তৃতীয়ত শরণাগতজনের দুঃখ দূর করত শান্তি প্রদান না করিলে, যথেষ্ট অধর্ম্মও আছে। বিশেষত কশ্যপ মুনি অতুল বীর্য্যসম্পন্ন ও ব্রহ্মতেজে বলীয়ান্ ॥ ১২ । ১৩ ॥

শুকদেব রাজা পরীক্ষিৎকে বীর বলিয়া সম্বোধন পূর্ব্বক জানাইলেন যে, হে নরেন্দ্র! আপনারা যেমন ধর্ম্মবীরত্বের পরিচয় দিতেছেন, কশ্যপ সেরূপ পরিচয় দিতে পারেন নাই। তিনি তাদৃশ কামপরতন্ত্রা অযথা-সুরত প্রার্থিনী রমণীকে তিরস্কারাদির দ্বারা তর্জ্জন না করিয়া অনুনয়বাক্যে নিরস্ত করিবার চেষ্টা করিলেন। যদি কথঞ্চিৎ কৃত্রিম কোপও

ইতি তাং বীর মারীচঃ কৃপণাং বহুভাষিণীং।
প্রত্যাহানুনয়ন্ বাচা প্রবৃদ্ধানঙ্গকশ্মলাং ॥ ১৪ ॥
এষ তেঽহং বিধাস্যামি প্রিয়ং ভীরু যদিচ্ছসি।
তস্যাঃ কামং ন কঃ কুর্য্যাৎ সিদ্ধিস্ত্রৈবর্গিকী যতঃ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

ইতি উক্তপ্রকারেণ বহুভাষিণীং প্রবৃদ্ধানঙ্গকশ্মলাং (প্রবৃদ্ধঃ যঃ অনঙ্গঃ কামঃ তেন কশ্মলং মোহো যস্যাং তাং) তাং দিতিং বাচা অনুনয়ন্ সান্ত্বয়ন্ বীরঃ জীতেন্দ্রিয়ঃ মারীচঃ কশ্যপঃ, প্রত্যাহ উক্তবান্ ॥ ১৪ ॥

হে ভীরু! ত্বং যৎ ইচ্ছসি তৎ তে প্রিয়ং এষঃ (ত্বয়া প্রার্থিতঃ অহং) বিধাস্যামি করিষ্যামি। তস্যাঃ ভার্য্যায়াঃ কামং অভিলষিতং কঃ ন কুর্য্যাৎ যতঃ যস্যাঃ ভার্য্যায়াঃ সকাশাৎ ত্রৈবর্গিকী ধর্ম্মার্থকামরূপা সিদ্ধিঃ (ফলং ভবতি) ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

প্রবৃদ্ধানঙ্গেন কশ্মলং মোহো যস্যাঃ তাং ॥ ১৪ ॥

সন্ধ্যাকালবঞ্চনায় ভার্য্যাপ্রশংসা এব ইতি পঞ্চভিঃ। যতঃ যস্যাঃ সকাশাৎ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে বীরেতি যথা ভবদ্বিধা ধর্ম্মবীরা স্তথা ন কশ্যপ ইতি যতোঽনুনয়ন্নেব প্রত্যাহ নতু সকোপকটাক্ষং তর্জ্জয়ন্নিতি। যদি কৃত্রিমমপি কোপমদর্শয়িষ্যস্তদা তস্যাঃ কামপীড়াপি ভীত্যা অন্তরধাস্যতৈবেতি ভাবঃ। প্রবৃদ্ধেতি নহ্যনঙ্গঘূর্ণিতা অনুনয়ং সহত ইতি ভাবঃ ॥ ১৪ ॥

এষ তেঽহমিতি কশ্যপস্য বহুবাগ্বিলাসরচনা সায়ং কালযাপনার্থমেবেতি জ্ঞেয়ং ॥ ১৫ ॥

অনঙ্গশরে প্রপীড়িতা দিতি এই প্রকারে বহুবাক্যপ্রয়োগে নিজের দীনভাবের পরিচয় প্রদান করিলে, মহামতি কশ্যপ তাঁহাকে সান্ত্বনা পূর্ব্বক বলিতে লাগিলেন ॥ ১৪ ॥

হে ভীরু! ইহার জন্য তোমার চিন্তা কি! তুমি যাহা প্রার্থনা করিয়াছ, এখনি তাহার প্রতিবিধানে যত্ন করিতেছি। দেখ! যে পত্নীর দ্বারা ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গ সাধিত হয়, তাদৃশ ভার্য্যার অভিলাষ সম্পাদনে কোন্ ব্যক্তি যত্নবান্ না হয়? ॥ ১৫ ॥

আভাস।

প্রকাশ করিতেন, তাহা হইলেও ভয়ে বনিতার কামভাবের উপশম ঘটিত। কশ্যপ তাহা না করিয়া, কেবল সন্ধ্যাকাল অতিক্রম করিবার জন্য যত্নবান হইলেন মাত্র ॥ ১৪ ॥

সর্ব্বাশ্রমানুপাদায় স্বাশ্রমেণ কলত্রবান্ ।
ব্যসনার্ণবমত্যেতি জলযানৈরিবার্ণবং ॥ ১৬ ॥
যামাহুরাত্মনোঽর্দ্ধং শ্রেয়স্কামস্য মানিনি ।
যস্যাং স্বধুরমধ্যস্য পুমাংশ্চরতি বিজ্বরঃ ॥ ১৭ ॥
যামাশ্রিত্যেন্দ্রিয়ারাতীন্ দুর্জ্জয়ানিতরাশ্রমৈঃ ।

অন্বয়ঃ ।

নাবিকঃ জলযানৈঃ নৌভিঃ, (অন্যানপি আদায় স্বয়ং) অর্ণবং সমুদ্রং ইব যথা তরতি তথা) কলত্রবান্ পুরুষঃ স্বাশ্রমেণ গৃহস্থাশ্রমেণ, সর্ব্বাশ্রমান্ ইতরান্ অপি ত্রীন্ আশ্রমান্ উপাদায় (অন্নাদিপ্রদানেন তেষামপি নির্ব্বাহং কৃত্বা স্বয়ং) ব্যসনার্ণবং ক্ষুৎপিপাসাদি-দুঃখসমুদ্রং অত্যেতি উত্তরতি ॥ ১৬ ॥

হে মানিনি ! শ্রেয়স্কামস্য (পুরুষস্য) আত্মনঃ দেহস্য অর্দ্ধং যাং পত্নীং (শ্রুতয়ঃ) আহুঃ ; যস্যাং পত্ন্যাং স্বধুরং (স্বস্য ধুরং দৃষ্টাদৃষ্টকর্ম্মভারং) অধ্যস্য নিক্ষিপ্য বিজ্বরঃ নিশ্চিন্তঃ, পুমান্ চরতি ॥ ১৭ ॥

যাং পত্নীং আশ্রিত্য ইতরাশ্রমৈঃ ব্রহ্মচর্য্যাদ্যাশ্রমৈঃ দুর্জ্জয়ান্ জেতুমশক্যান্, ইন্দ্রিয়া-

শ্রীধরস্বামী ।

সর্ব্বাশ্রমানুপাদায়েতি তানপ্যন্নাদিদানেন কৃচ্ছ্রতস্তারয়ন্ স্বয়ং তরতীত্যর্থঃ ॥ ১৬ ॥

আত্মনো দেহস্যার্দ্ধং কর্ম্মসু দ্বয়োঃ সমাধিকারাৎ । যস্যাধানাং তাং স্বামিতি তৃতীয়-শ্লোকেন সম্বন্ধঃ । স্বধুরং দৃষ্টাদৃষ্টকর্ম্মভারং বিজ্বরঃ নিশ্চিন্তঃ ॥ ১৭ ॥

হেলাভি লীলাভি র্জয়েমেতি । সভার্য্যস্য ইন্দ্রিয়াণি প্রায়েণ ততস্ততো ন সর্পন্তীতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

সর্ব্বাশ্রমানিতি চতুরোপ্যাশ্রমানন্নাদিদানেন কৃচ্ছ্রতস্তারয়ন্ স্বয়ং তরতীত্যর্থঃ ॥ ১৬ ॥

যাং স্ত্রিয়ং আত্মনো দেহস্য অর্দ্ধো বা এষ যৎ পত্নীতি শ্রুতেঃ । স্বধুরং দৃষ্টাদৃষ্ট-কর্ম্মভারং ॥ ১৭ ॥

দুর্গপতিরিতি দস্যবঃ খলু দুর্গমাশ্রিত্যৈব জনান্ লুণ্ঠন্তি যস্তু দুর্গপতিস্তত্র কথং প্রভব-

---

নাবিক যেমন নৌকাসহায়ে যাত্রীগণকে লইয়া বিস্তীর্ণ জলধি উত্তীর্ণ হইতে পারে, গৃহস্থব্যক্তিও এক পত্নী সহায়ে সেইরূপ অন্যান্য আশ্রমীত্রয়ের জীবনযাত্রা নির্ব্বাহ পূর্ব্বক ক্ষুধা পিপাসারূপ দুঃখসাগর উত্তীর্ণ হইয়া থাকেন ॥ ১৬ ॥

হে মানিনি ! স্বর্গ এবং অপবর্গাদি শ্রেয়স্কামী জনের দেহার্দ্ধ বলিয়া যে পত্নী পরিকীর্ত্তিতা হন এবং যে ভার্য্যাতে পুরুষ স্বীয় দৃষ্টাদৃষ্ট যাবতীয় কর্ম্ম নিহিত রাখিয়া নিশ্চিন্তভাবে বিচরণ করেন ॥ ১৭ ॥

যেমন দুর্গপতি রাজার সহায়ে দস্যুদল অনায়াসে বিদলিত হইয়া থাকে

বয়ং জয়েম হেলাভির্দস্যূন্ দুর্গপতির্যথা ॥ ১৮ ॥
ন বয়ং প্রভবস্তাংস্ত্বামনুকর্ত্তুং গৃহেশ্বরি।
অপ্যায়ুষা বা কার্ৎস্ন্যেন যে চান্যে গুণগৃধ্নবঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

রাতীন্ (ইন্দ্রিয়াণি এব অরাতয়ঃ তান্) দুর্গপতিঃ যথা দস্যূন্ চৌরাদীন্ (জয়তি) তথা বয়ং হেলাভিঃ (তান্) জয়েম ॥ ১৮ ॥

হে গৃহেশ্বরি! তাং (পূর্ব্বোক্তোপকারকর্ত্রীং) ত্বাং অনুকর্ত্তুং (স্বকৃতোপকারৈ ত্বৎসদৃশীভবিতুং) কার্ৎস্ন্যেন অপি আয়ুষা বা বয়ং ন প্রভবঃ ন সমর্থাঃ এব অন্যে চ যে গুণগৃধ্নবঃ গুণগ্রাহকাঃ (তেঽপি ন সমর্থাঃ) ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

ভাবঃ ॥ ১৮ ॥

তাং অনেকোপকারকর্ত্রীং ত্বাং কার্ৎস্ন্যেন অনুকর্ত্তুং প্রত্যুপকারৈস্তৎসদৃশীভবিতুং ন প্রভবো ন সমর্থাঃ। যে চান্যে গুণগৃধ্নবঃ গুণপ্রিয়া স্তেঽপি ন সমর্থাঃ। সংপূর্ণেনাপ্যায়ুষা বাশব্দাৎ জন্মান্তরৈরপি ন প্রভব ইত্যুক্তং ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্তৌত্যর্থঃ। দুর্গোঽত্র বিষয়ভোগ এব তত্র দৈবাৎ পতিতান্ ব্রহ্মচর্য্যাদীনেব ভ্রংশয়ন্তি নতু গৃহস্থান্ তেষাং ভোগবিশেষস্য শাস্ত্রবিহিতত্বেন দুরদৃষ্টানুৎপাদনাৎ ॥ ১৮ ॥

তদেবং স্ত্রিয়মাশ্রিত্যৈব গৃহস্থ এব সুখেন বিষয়মপি ভুঙ্‌ক্তে নরকেঽপি ন পততি নতু বিরক্ত ইত্যুক্তত্বাৎ প্রসিদ্ধাং ত্বাং স্ত্রীজাতিং অনুকর্ত্তুং প্রত্যুপকারৈস্তু দৃশীভবিতুং বয়ং পুরুষজাতয়ো ন প্রভবঃ। কার্ৎস্ন্যেন যদায়ুষ্টেনাপি সংপূর্ণেনাপ্যায়ুষেত্যর্থঃ। বা শব্দাজ্জন্মান্তরৈরপি যে চান্যেঽতিথয়ঃ গুণগৃধ্নবস্তদ্গুণগ্রাহিণঃ পক্ষে ত্বামিত্যেকবচনেন বয়মিতি বহুবচনেন অপ্যায়ুষেত্যাদিনাচ পরিহাসঃ সূচিতঃ ॥ ১৯ ॥

সেইরূপ যে স্ত্রীর সহায়ে ব্রহ্মচর্য্যাদি আশ্রমত্রয়ের দুর্দ্দম্য ইন্দ্রিয়গ্রামকে আমরা অনায়াসে জয় করিয়া থাকি ॥ ১৮ ॥

হে গৃহেশ্বরি! যাহারা তোমাদের গুণ প্রকৃত প্রস্তাবে অবধারণে সক্ষম সেই আমরা কি শত পরিশ্রমে বা শত জন্মেও তোমাদের কৃত উপকারের প্রত্যুপকার করিতে কখন সক্ষম হইব! ॥ ১৯ ॥

আভাস।

গৃহস্থ ব্যক্তি পত্নীর সাহায্যে সর্ব্বপ্রকার ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠান করিতে পারেন; সর্ব্বপ্রকার ভোগ্যবিষয় সম্ভোগ করিয়াও পাপে লিপ্ত বা ধর্ম্মভ্রষ্ট হন না। বরং স্ত্রীতে নিরত থাকায় বহুবিধ অপকর্ম্ম হইতে গৃহস্থ আপনাকে রক্ষা করিতে পারে। গৃহস্থ আতিথ্যসৎকার দ্বারা অন্যান্য ব্রহ্মচারী প্রভৃতি আশ্রমত্রয়কে পালন করায় তাঁহাদের আচরিত ধর্ম্মেরও আংশিক ফলভোগী হইয়া থাকে। অতএব গৃহস্থ ধর্ম্মই সর্ব্বতোভাবে শ্রেষ্ঠ ও অভিপ্রেত

অথাপি কামমেতস্তে প্রজাত্যৈ করবাণ্যলং।
যথা মাং নাভিরোচন্তি মুহূর্ত্তং প্রতিপালয় ॥ ২০ ॥
এষা ঘোরতমা বেলা ঘোরাণাং ঘোরদর্শনা।
চরন্তি যস্যাং ভূতানি ভূতেশানুচরাণি হ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

অথাপি (ত্বদুপকারানুরূপেণোপকর্ত্তুমশক্তাবেঽপি) তে তব প্রজাত্যৈ পুত্রোৎপত্ত্যৈ এতং কামং মনোরথং অলং পূর্ণং করবাণি (করন্তু) যথা (লোকাঃ) মাং নাভিরোচন্তি ন নিন্দেয়ুঃ (তথা) মুহূর্ত্তং সন্ধ্যাকালং প্রতিপালয় প্রতীক্ষস্ব ॥ ২০ ॥

এষা সন্ধ্যা ঘোরতমা অতিভয়ঙ্করী (ন রতিযোগ্যা) ঘোরাণাং অপি ঘোরদর্শনা (ঘোরং দর্শনং যস্যাঃ সা) বেলা, যস্যাং সন্ধ্যায়াং ভূতেশানুচরাণি (ভূতেশঃ রুদ্রঃ তস্যানুচরাণি) ভূতানি ভূতপ্রেতপিশাচাদীনি চরন্তি সর্ব্বত্র পর্য্যটন্তি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

যদ্যপি তদনুকরণমশক্যং। প্রজাত্যৈ পুত্রোৎপত্ত্যৈ। নাভিরোচন্তি ন নিন্দন্তি। প্রতিপালয় প্রতীক্ষস্ব ॥ ২০ ॥

নিন্দামগণয়ন্তীং ভীষয়মাণঃ শ্রীরুদ্রমনুবর্ণয়তি। এষেতি সপ্তভিঃ ঘোরাণামেষা বেলা। স্বয়ঞ্চ ঘোরদর্শনা ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং যদ্যপি ত্বদনুকরণ মশক্যং তথাপি এতং কামং প্রজাত্যৈ পুত্রোৎপত্ত্যৈ করবাণি অন্বগং বাঞ্ছিতাসেন কালবিলম্বস্য দুঃখসহত্বাত্তূর্ণং তল্লগৃহং প্রবিশেতি তত্রাহ। নাভিরোচন্তি ন নিন্দন্তি। প্রতিপালয় প্রতীক্ষস্ব ॥ ২০ ॥

নিন্দামগণয়ন্তীং ভীষয়মানঃ শ্রীরুদ্রমনুবর্ণয়তি এষেতি সপ্তভিঃ। ঘোরাণাং ভূতপ্রেতাদীনাং দর্শনং যস্যাং অতএব ঘোরতমা ঘোরাণামিতি ঘোরস্বামিকেত্যর্থঃ। ঘোরাণ্যেবাহ চরন্তীত্যাদি ॥ ২১ ॥

সে যাহাই হউক, যদিও উপযুক্তরূপ প্রত্যুপকার করিতে সক্ষম না হই, তথাপি সন্তানের জন্য তুমি যে প্রার্থনা করিয়াছ, আমি তোমার সে অভিলাষ সত্বরই পূর্ণ করিব। কিন্তু লোকে পাছে আমাকে নিন্দা করে, তজ্জন্য এই মুহূর্ত্ত কাল মাত্র অপেক্ষা কর ॥ ২০ ॥

এই সময়টী অতি ভয়ঙ্কর! কোন মতে রমণোপযোগী নহে। বিশেষত

আভাস।

এবং সেই গৃহস্থাশ্রমের স্ত্রীই প্রধান ও প্রকৃত গৃহ ॥ ১৯ ॥

সন্ধ্যাকালে কোন কর্ম্মই করিতে নাই; কেবল সন্ধ্যোপাসনাদিই বিধেয়। "রাক্ষসী

এতস্যাং সাধ্বি সন্ধ্যায়াং ভগবান্ ভূতভাবনঃ।
পরিতো ভূতপর্ষদ্ভির্বৃষেণাটতি ভূতরাট্॥ ২২॥
শ্মশানচক্রানিল-ধূলি-ধূম্র-বিকীর্ণ-বিদ্যোত জটাকলাপঃ।

অন্বয়ঃ।

হে সাধ্বি! এতস্যাং সন্ধ্যায়াং ভূতভাবনঃ ভগবান্ ভূতরাট্ (ভূতানাং রাজা রুদ্রঃ ভূত-পর্ষদ্ভিঃ (ভূতানাং প্রমথাদীনাং পরিষদঃ সভা বা সমূহঃ তৈঃ) পরিতঃ পরিবেষ্টিতঃ বৃষেণ স্ববাহনেন নন্দীশ্বরেণ চ অটতি পর্য্যটতি॥ ২২॥

শ্মশানচক্রানিলধূলিধূম্রবিকীর্ণবিদ্যোতজটাকলাপঃ (শ্মশানেষু যশ্চক্রানিলঃ বাতমণ্ডলী তস্মিন্ যো ধূলিঃ তেন ধূম্রা বিকীর্ণাঃ বিক্ষিপ্তাঃ বিদ্যোতিতাঃ চ যাঃ জটাঃ তাসাং কলাপঃ যস্য সঃ) ভস্মাবগুণ্ঠামলরুক্মদেহঃ (ভস্মনা অবগুণ্ঠঃ প্রাবৃতঃ অমলরুক্মবৎ দেহঃ

শ্রীধরস্বামী।

ভূতপর্ষদ্ভিঃ ভূতগণৈঃ॥ ২২॥

তর্হি তৎসম্মুখমাত্রং বর্জনীয়মিতি চেৎ তত্রাহ। শ্মশানে যশ্চক্রানিলঃ বাতমণ্ডলী তস্মিন্ যা ধূলিঃ তয়া ধূম্রো বিকীর্ণো বিক্ষিপ্তঃ বিদ্যোতো দ্যুতিমান্ জটাকলাপো যস্য ভস্মনাবগুণ্ঠঃ প্রাবৃতঃ অমলঃ রুক্মবদ্দেহো যস্য স দেবঃ ত্রিভিঃ সোমার্কাগ্নিনেত্রৈঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভূতান্যপ্যগণয়ন্তীং পুনরাহ এতস্যামিতি॥ ২২॥

তর্হি তৎসম্মুখত্বমাত্রং বর্জনীয়মিতিচেত্তত্রাহ শ্মশানে যশ্চক্রানিলঃ বাতমণ্ডলী তত্র ধূলিধূম্রঃ বিকীর্ণো বিক্ষিপ্তো বিদ্যোতো দ্যুতিমান্ জটাসমূহো যস্য সঃ। ভস্মনা অবগুণ্ঠঃ আবরণং যস্য তথাভূতোঽমলঃ স্বর্ণবদ্দেহো যস্য স দেব স্ত্রিভিঃ সোমার্কাগ্নিনেত্রৈঃ পশ্যতা-

---

বিকটদর্শনগণের বিহারই বিকট সময়। এই সন্ধ্যাকালে রুদ্রানুচর ভয়ঙ্কর-রূপ ভূত, প্রেত ও পিশাচগণ সর্ব্বত্র বিচরণ করিয়া থাকে॥ ২১॥

হে সাধ্বি! ভূতভাবন ভগবান্ ত্রিলোচন নিজ সভাসদ্ নন্দীশ্বরাদি ভূতগণে পরিবৃত হইয়া, বৃষভারোহণে এই সন্ধ্যা সময়ে সর্ব্বত্র পরিভ্রমণ করেন॥ ২২॥

হে পতিসোহাগিনি! তুমি সেই পশুপতির প্রসাদেই অভিমত পতি প্রাপ্তাহইয়াছ। সেই ত্রিলোচন চন্দ্র, সূর্য্য ও বহ্নিস্বরূপ লোচনত্রয়ে সর্ব্বত্র প্রত্যক্ষের ন্যায় প্রতীতি করিতেছেন; এক্ষণে শ্মশানস্থ ঘূর্ণাবায়ুতে উত্থিত

আভাস।

নাম সা বেলা গর্হিতা সর্ব্বকর্ম্মসু" ইত্যাদি ধর্ম্মশাস্ত্রোক্ত নিষেধ বাক্যের অর্থ যুক্তি দ্বারা প্রতিপন্ন করা হইয়াছে। এই সময়ে ভূত, প্রেত ও পিশাচাদি তমোবহুল ভূত সমূহ সর্ব্বত্র

ভস্মাবগুণ্ঠামলরুক্মদেহো দেবস্ত্রিভিঃ পশ্যতি দেবরস্তে ॥ ২৩ ॥

অন্বয়ঃ।

যস্য সঃ) তে তব দেবরঃ (দেবং ক্রীড়াসাধনং পতিং রাতি দদাতি যঃ সঃ) দেবঃ মহাদেবঃ ত্রিভিঃ (সোমসূর্য্যাগ্নিনেত্রৈঃ) পশ্যতি ॥ ২৩ ॥

শ্রীধরস্বামী

পশ্যতীত্যস্যোত্তরশ্লোকত্রয়েপ্যনুষঙ্গঃ। একস্য জামাতরঃ পরস্পরং ভ্রাতরো ব্যবহ্রিয়ন্তে অতো মম ভ্রাতাসৌ তব দেবর ইতি লজ্জার্থমুক্তং ॥ ২৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তোতদপরাধফলং সদ্য এব স নো দাস্যতীতি ভাবঃ। স চ তেন নিঃসম্বন্ধো নাপ্যপরিচিত-শ্চেত্যাহ দেবর ইতি একস্য জামাতরঃ পরস্পরং ভ্রাতরো ব্যবহ্রিয়ন্তে অতো মম ভ্রাতাসৌ তব দেবর ইতি ত্বং বা কথং ন লজ্জসে ইতি ভাবঃ ॥ ২৩ ॥

ধূলি দ্বারা ধূসরিত ও ইতস্ততঃ বিকীর্ণ উজ্জ্বল জটাকলাপ এবং ভস্মাচ্ছাদিত রৌপ্যবৎ শ্বেতাঙ্গ বিশিষ্ট দেবদেব মহাদেবকে সমক্ষে অবলোকন করিলে কি তোমার বিষম লজ্জা বোধ হইবে না? ॥ ২৩ ॥

আভাস।

বিচরণ ও বিহারাদি করিয়া থাকেন। যদি তাঁহারা ঐ সময় অন্যকে আপনাদের ন্যায় বিহারাদি করিতে অবলোকন করেন, ঈর্ষা বশত ক্রোধের উদ্দীপনে তাঁহারা অনিষ্ট সাধনে বিশেষ উদ্যোগী হন; আর যদি সেই সময়ে সংসার-বৈরাগ্য অবলম্বনে ভগবদুপাসনায় রত থাকা হয়, তাহা হইলে আর তাঁহাদের ক্রোধের কোন সম্ভাবনা থাকে না। এই সমস্ত পিশাচবর্গ নিতান্ত সামান্য ও উপেক্ষণীয় নহেন। ইহাঁরা পরাৎপর পরমেশ্বরের ক্রোধমূর্ত্তি। বেদাদি বিধিবাক্যের বৈধ আচরণে যাঁহারা সতত তৎপর থাকেন, তাঁহাদের উপর ভগবানের ক্রোধ জন্মে না; আর যাঁহারা বেদবোধিত বিহিতানুষ্ঠানে উদাসীন হন, সুতরাং যে সময়ের যে কর্ম্ম তাহা না করিয়া তাৎকালিক নিষিদ্ধ কর্ম্মে ব্রতী হন, ভগবানের ক্রোধ তাঁহাদের উপর সম্পূর্ণ নিপতিত হইবে, সে বিষয়ে আর সন্দেহ নাই। সেই ক্রোধমূর্ত্তিই ভগবান্ ত্রিলোচন। এবং সেই ক্রোধস্বরূপের ইন্দ্রিয় ও বৃত্তিস্থানীয়ই ভূত, প্রেত ও পিশাচাদিগণ। ভগবান্ মহাদেব পরমেশ্বরেরই স্বরূপ; সুতরাং তাঁহার আভ্যন্তরিক বর্ণ নির্ম্মল রৌপ্যবৎ শুভ্র সত্ত্বগুণময়, কিন্তু সংহারাদি দণ্ড বিধানের জন্য বাহ্য বেশভূষা অতি ভয়ঙ্কর এবং বিহারভূমিও অতি ভীষণ বলিয়া বর্ণিত হইয়াছে। তিনি নিত্য নৈমিত্তিকাদি বিহিত কর্ম্মানুষ্ঠানকারী সাধু পুরুষগণকে স্বীয় সত্ত্বমূর্ত্তি দ্বারা পরিতৃপ্ত করেন এবং নিষিদ্ধাচারীর প্রতি ক্রোধস্বরূপের প্রকাশে দণ্ডাদি বিধান করিয়া থাকেন। চন্দ্র, সূর্য্য ও বহ্নিরূপ লোচনত্রয়ে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানাদি কালত্রয়ে সর্ব্বত্র সমভাবে দৃষ্টি করিয়া থাকেন বলিয়াই তাঁহার নাম ত্র্যম্বক হইয়াছে।

ন যস্য লোকে স্বজনঃ পরো বা নাত্যাদৃতো নোত কশ্চিদ্বিগর্হ্যঃ।
বয়ং ব্রতৈ র্যচ্চরণাপবিদ্ধামাশাস্মহেঽজাং বত ভুক্তভোগাং ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

লোকে সংসারে যস্য মহাদেবস্য স্বজনঃ স্বকীয়ো জনঃ ন (অস্তি) তথা পরঃ অস্বজনঃ বা ন, অত্যাদৃতঃ (আদরঃ স্নেহঃ তদ্বিষয়ঃ অপি) ন তথা বিগর্হ্যঃ দ্বেষবিষয়ত্বেন নিন্দ্যঃ বা উতঃ কশ্চিৎ ন অস্তি। বয়ং সংসারিণো জীবাঃ যস্য ঈশ্বরস্য মহাদেবস্য চরণাপবিদ্ধাং (চরণাভ্যাং অপবিদ্ধাং নির্ম্মাল্যবদ্দূরতঃ পরিত্যক্তাং) ভুক্তভোগাং (ভুক্তঃ ভোগঃ যস্যাঃ তাং) দৃষ্টদোষাং অজাং (মায়াময়ীং বিভূতিং) ব্রতৈঃ নানাবিধ-সাধনৈঃ (তং আরাধ্য তত্তঃ) আশাস্মহে প্রার্থয়ামহে ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

নন্বু তথাপি মহত্ত্বেনাদরণীয়স্য স্বজনস্য তব স সর্ব্বং ক্ষমেতৈব তত্রাহ। যস্য স্বজনাদি র্নাস্তি সমত্বাদীশ্বরস্য। ঐশ্বর্য্যমেবাহ যেন চরণেনাপবিদ্ধাং নির্ম্মাল্যবৎ দূরতস্ত্যক্তাং। তেন ভুক্তভোগামজাং মায়াং তন্ময়ীং বিভূতিং। মহাপ্রসাদ ইত্যাশাস্মহে ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বার্ত্তিয়া ময়া লজ্জাভয়াভ্যাং জলাঞ্জলির্দত্ত এব ত্বয়াপাত্রে ন ভেত্তব্যমেব মহত্ত্বেনাদরণীয়স্য স্বজনস্য তব সর্ব্বমেবাসৌ দেবঃ ক্ষমেতৈবেতি তত্রাহ ন যস্যেতি। যস্য স্বজনাদির্নাস্তি ঈশ্বরত্বেন সর্ব্বত্র সমাদিতি ভাবঃ। ঐশ্বর্য্যমেবাহ যেন চরণেনাপবিদ্ধাং নির্ম্মাল্যবদ্দূরে ত্যক্তাং ভুক্তভোগামজাং তন্ময়ীং বিভূতিং মহাপ্রসাদং বয়মাশাস্মহে তত্রাপি ব্রতৈঃ সকামা বয়ং তদুচ্ছিষ্টবিষয়ভোজিন এব ভবাম ইত্যর্থঃ ॥ ২৪ ॥

এ জগতে তিনি কাহাকেও আত্মীয় বা পর বলিয়া মনে করেন না; তাঁহার অতি আদর বা অতি নিগ্রহের পাত্র কেহই নহে। আমরা এত ব্রত-নিয়মাদির অনুষ্ঠানে আগ্রহের সহিত যাহা প্রাপ্ত হইবার প্রত্যাশা করিতেছি, সে কেবল তাঁহার চরণস্পৃষ্ট নির্ম্মাল্যবৎ পরিত্যক্ত মায়াময়ী বিভূতি মাত্র ॥২৪॥

আভাস।

তাঁহার আত্মীয় বা পর কেহই নাই এবং স্বভাবত পুরস্কার বা তিরস্কারের পাত্রও কেহ নাই; তিনি কর্ম্মানুরূপ ফল প্রত্যেককেই যথাকালে প্রদান করিয়া থাকেন। যে সমস্ত ঐশ্বর্য্যলাভে জীব আপনাকে কৃতার্থজ্ঞান করে, সে সকল ভূতভাবন উমাপতির বিভূতি মাত্র। অঘটন-ঘটনাপটীয়সী সর্ব্বৈশ্বর্য্যস্বরূপা মায়া দাসীবৎ নিয়ত তাঁহার চরণসেবা করিতেছেন ॥ ২১—২৪ ॥

ভগবান্ পশুপতি স্বয়ং সর্ব্বৈশ্বর্য্যে পরিপূর্ণ হইয়াও যে, নিন্দিতের ন্যায় শ্মশানে মশানে পরিভ্রমণ করেন এবং সর্ব্বপ্রকার ভোগবিলাসে সম্পূর্ণ বাসনাশূন্য হইয়া প্রেত পিশাচাদির

যস্যানবদ্যাচরিতং মনীষিণো গৃণন্ত্যবিদ্যাপটলং বিভিৎসবঃ।
নিরস্তসাম্যাতিশয়োঽপি যৎ স্বয়ং পিশাচচর্য্যামচরদ্গতিঃ সতাং ॥২৫॥

অন্বয়ঃ।

যস্য শ্রীমহাদেবস্য অনবদ্যং (সর্ব্বদোষনিবর্ত্তকং আচরিতং পরদুঃখনিরাসার্থং ত্রিপুরবধাদিরূপং সর্ব্ববিষয়ত্যাগেন পরমাত্মচিন্তনরূপং) অবিদ্যাপটলং (অবিদ্যয়া কৃতং যৎ পটলং আত্মাবরণং) তৎ বিভিৎসবঃ ভেত্তুং ইচ্ছবঃ মনীষিণঃ বুদ্ধিমন্তঃ গৃণন্তি কীর্ত্তয়ন্তি সঃ নিরস্তসাম্যাতিশয়ঃ (নিরস্তং সাম্যং অতিশয়শ্চ যস্মাৎ তথাভূতোঽপি স্বয়ং যৎ পিশাচচর্য্যাং (সর্ব্বভোগবিভবত্যাগেন পিশাচবৎ নগ্নাদিরূপেণ আচরণং কৃতবান্) তৎ সতাং গতিঃ গুরুঃ (সন্ মুমুক্ষবোঽপি এবং কুর্য্যুরিতি শিক্ষার্থং কৃতবান্ ইত্যর্থঃ)॥ ২৫॥

শ্রীধরস্বামী।

অনিষিদ্ধসুখত্যাগাৎ অসৌ পিশাচ ইতি উপহাসো ন কার্য্য ইত্যাহ দ্বাভ্যাং। যস্য অনবদ্যং বিষয়াসক্তিশূন্যং আচরিতং। বিভিৎসবঃ ভেত্তুমিচ্ছবঃ॥ ২৫॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু তস্যাপি দিগম্বরতয়া সদৈব স্ত্রিয়া সহ মিথুনীভূয় তিষ্ঠতশ্চিতাভস্মাস্থিভূষণস্য সর্ব্বং সচ্চরিতমহং জানামীতি তত্র হে কুমনীষিণি দিতে! মত্তঃ সকাশাৎ তচ্চরিতস্য তত্ত্বং শৃণ্ত্যাহ যস্য অনবদ্যমনিন্দ্যমেব চরিতং তৎসর্ব্বং মনীষিণ এবাদরেণ গৃণন্তি তে সংসারান্মুক্তা ভবন্তীত্যর্থঃ। নিরস্তেতি ভগবতা সহৈক্যাৎ যদ্বা নিরস্তঃ সাম্যেন সাম্যগুণবত্ত্বেন অতিশয়ো যস্মাৎ সঃ॥ ২৫॥

মহাদেবের আচরণ অতি নির্ম্মল; তাহাতে কোন দোষ নাই। তিনি পরদুঃখ নিবারণার্থ ত্রিপুরাসুরাদি অসুরগণের নিধন-সাধনে ও যাবতীয় ভোগ্য বিষয় পরিত্যাগে জগতে অক্ষয় যশঃ লাভ করিয়াছেন। মায়াযবনিকা ভেদ করিতে যত্নশীল বুদ্ধিমান্ ব্যক্তিগণ সতত তাঁহার যশোরাশি কীর্ত্তন করিয়া থাকেন। তাঁহার সমকক্ষ বা উৎকৃষ্ট জগতে কেহই নাই। তিনি সমস্ত ভোগ্য-সম্পত্তি পরিত্যাগে উলঙ্গ হইয়া শ্মশানাদিতে যে পিশাচের ন্যায় পরিভ্রমণ করেন, ইহা কেবল সেই জগদ্গুরুর মুমুক্ষুগণকে ত্যাগের শিক্ষা প্রদান করা মাত্র॥ ২৫॥

আভাস।

ন্যায় সকলের ত্যাজ্য ব্যাঘ্রচর্ম্ম ও ভস্মাদিতে আচ্ছাদিত ও অনুলিপ্ত থাকেন, ইহা কেবল জনগণকে শিক্ষা দিবার উদ্দেশে মাত্র। তিনি পরম জ্ঞানী; যোগের পরাকাষ্ঠা প্রদর্শনে তিনি যোগিগণের অগ্রগণনীয়। দক্ষদুহিতা সতীকে পত্নীরূপে গ্রহণ করত গৃহস্থ হইলেও, আত্মিক ভোগ্য পদার্থে যে, কিরূপ উপেক্ষা করিলে ভগবানকে প্রাপ্ত হওয়া যায়, এক

হসন্তি যস্যাচরিতং হি দুর্ভগাঃ স্বাত্মন্‌রতস্যাবিদুষঃ সমীহিতং।
যৈর্বস্ত্রমাল্যাভরণানুলেপনৈঃ শ্বভোজনং স্বাত্মতয়োপলালিতং॥২৬॥

অন্বয়ঃ।

বস্ত্রমাল্যাভরণানুলেপনৈঃ (বস্ত্রাণি উষ্ণীষাদীনি, মাল্যানি পুষ্পাণি, আভরণানি কঙ্কণাদীনি, অনুলেপনানি চন্দনাদীনি তৈঃ সাধনৈঃ) শ্বভোজনং (শুনাং ভোজ্যং শরীরং) স্বাত্মতয়া স্বরূপত্বেন যৈঃ উপলালিতং (তে) অবিদুষঃ অবিদ্বাংসঃ দুর্ভাগাঃ মহাপাপিনঃ এব হি নিশ্চিতং স্বাত্মন্‌রতস্য (স্বস্য আত্মনি রতস্য) যস্য দেবস্য সমীহিতং আচরিতং হসন্তি॥২৬॥

শ্রীধরস্বামী।

সমীহিতং অভিপ্রেতং লোকশিক্ষারূপং। অবিদুষঃ অবিদ্বাংসঃ যদ্বা ন বিদ্বান্ যস্মাৎ ইতি তস্য সর্ব্বজ্ঞস্যেত্যর্থঃ। দুর্ভগানেবাহ যৈরিতি। শ্বভোজনং শুনাং ভোজ্যং শরীরং স্বাত্মতয়া অয়মেবাত্মেতি বুদ্ধ্যা॥২৬॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

যেতু নিন্দন্তি তে সংসারে বদ্ধা ভবন্তীত্যাহ হসন্তীতি। দুর্ভগাঃ ন কস্যাপ্যনুকম্প্যা ইত্যর্থঃ। স্বাত্মন্ স্বস্যাত্মনি শ্রীকৃষ্ণে রতস্য সমীহিতমভিপ্রায়ং অবিদুষোঽবিদ্বাংসঃ। সমীহিতঞ্চেদং। সমীচীনগন্ধপুষ্পবস্ত্রাভরণাদীনি মৎপ্রভো র্ভগবত এবার্হাণীতি তস্মৈ দত্তান্যতো নাহমুপভুঞ্জ ইত্যেবং রূপং। যৈ দুর্ভগৈঃ শ্বভোজনং শুনাং ভোজ্যং শরীরং স্বাত্মতয়া অয়মেবাত্মেতি বুদ্ধ্যা বস্ত্রাদিভিরুপলালিতং॥২৬॥

যে সমস্ত অজ্ঞানী জন পরিণামে কুক্কুরাদির উপভোগ্য এই ক্ষণধ্বংসী শরীরকে উৎকৃষ্ট বস্ত্র, মাল্য, আভরণ ও চন্দনাদির দ্বারা সুশোভিত করত আত্মস্বরূপজ্ঞানে পালন করে, সেই দুর্ভাগ্যবান্ পুরুষগণই কেবল তাদৃশ আত্মজ্ঞানবান্ মহাদেবের আচরণে উপহাস করিয়া থাকে॥২৬॥

আভাস।

মহাদেবের আচরণই তাহার সুস্পষ্ট উদাহরণ স্থল। সংসারের ভোগ্য যাবতীয় বৈভব এবং হেমবরণা পতিপরায়ণা সতীর ন্যায় কামিনী প্রাপ্ত হইলেও, নশ্বর ও অকিঞ্চিৎকর বোধে তাহাতে আসক্তি বর্জ্জন পূর্ব্বক উপেক্ষা করুক্, ইহাই মহাদেবের বুঝাইবার তাৎপর্য্য। এবং সেই উপেক্ষা শক্তি কালক্রমে হইবে, এই প্রত্যাশায় অন্ধ হইয়া বিষয় ভোগ করা কর্ত্তব্য নহে। বিষয়ে দোষদৃষ্টি পূর্ব্বক ভোগ্য পরিহারে সকলের পরিত্যক্ত ও অনাদরণীয় সামগ্রী দ্বারা জীবন যাপন না করিলে, প্রকৃত বৈরাগ্যের শিক্ষা হয় না, ইহাই মহাদেবের আচরণে প্রতিপন্ন হইয়াছে। বিষয়-সংগ্রহে যে দেহের লালন পালন করা হয়, যে দেহ অস্থির এবং অকিঞ্চিৎকর। জীবদ্দশাতে দেহকে যে কোন উৎকৃষ্ট ও অপূর্ব্ব ভোগ্য পদার্থের দ্বারা পরিপুষ্ট ও তৃপ্ত করা হউক না, জীবনান্তে বহ্নি

ব্রহ্মাদয়ো যৎ কৃতসেতুপালা যৎকারণং বিশ্বমিদঞ্চ মায়া।
আজ্ঞাকরী যস্য পিশাচচর্য্যা অহো বিভূম্নশ্চরিতং বিড়ম্বনং ॥ ২৭ ॥
মৈত্রেয় উবাচ ॥
সৈবং সংবিদিতে ভর্ত্রা মন্মথোন্মথিতেন্দ্রিয়া।

অন্বয়ঃ।

অহো! ব্রহ্মাদয়ঃ যৎকৃতসেতুপালাঃ (যেন রুদ্রেণ কৃতাঃ সেতবঃ মর্য্যাদাঃ তৎপালকাঃ আজ্ঞানুসারিণঃ) ইদং বিশ্বং যৎকারণং (যেন কৃতং;) মায়া (ব্রহ্মাদিসর্ব্বজনমোহিনী চ যস্য আজ্ঞাকরী অহো আশ্চর্য্যং তস্য বিভূম্নঃ মহত্ত্বস্য চরিতং পিশাচবৎ পরদৃশ্যমানং) বিড়ম্বনং (ভক্তাভিপ্রায়কং অনুকরণমাত্রমেব) ॥ ২৭ ॥

মৈত্রেয়ঃ উবাচ। ভর্ত্রা কশ্যপেন এবং বিষয়ে কলত্রে বা সংবিদিতে জ্ঞাপিতে সতি

শ্রীধরস্বামী।

অহো অতর্ক্যং তস্যাচরণমিত্যাহ। ব্রহ্মাদয়ো যেন কৃতান্ সেতূন্ স্বস্বাধিকারান্ পালয়ন্তি। যঃ কারণং যস্য যেন কৃতমিদং বিশ্বং; মায়াচ যস্যাজ্ঞাকরী বিভূম্নঃ পরমেশ্বরস্য বিড়ম্বনং অতর্ক্যমিত্যর্থঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্র বিশ্বেশ্বরে কে বয়ং বরাকা ইত্যাহ ব্রহ্মাদয়োঽপি যৎকৃতান্ সেতূন্ সায়ং স্ত্রীসঙ্গং ভোজনস্বাপত্যাগাদিরূপমর্য্যাদাঃ পালয়ন্তি। সএব কারণং যস্য তৎ। মায়াচ যস্যাধীনা তস্যাপ্যহো চিত্রং পিশাচচর্য্যা তস্মাদ্বিভূম্নঃ পরমেশ্বরস্য চরিতং সর্ব্বং বিড়ম্বনমনুকরণমাত্রমেব। ২৭।

ভর্ত্রা এবং সংবিদিতে জ্ঞাপিতেঽপি সতি যদ্বা ভর্ত্রা হেতুনা এবং জ্ঞাপিতে সতি

অহো! ব্রহ্মাদি দেবতাগণ যাঁহার আজ্ঞা পালন করিতেছেন; এই বিশ্ব-সংসার যিনি সৃজন করিয়াছেন, ব্রহ্মাদিরও মোহপ্রদায়িনী মায়াও যাঁহার আজ্ঞাকারিণী, তিনি যে পিশাচবৎ আচরণ করেন, ইহা কেবল বিড়ম্বনা মাত্র। অর্থাৎ লোকশিক্ষা ব্যতীত ইহার অন্য কোন কারণ নাই ॥ ২৭ ॥

মৈত্রেয় বলিলেন, দক্ষ-নন্দিনী দিতি কশ্যপ কর্ত্তৃক এই প্রকারে প্রবোধিতা

আভাস।

যোগে ভস্মে, কুক্কুরাদি কর্ত্তৃক ভুক্ত হইলে বিষ্ঠায় এবং শবিত থাকিলে কৃমিতে পরিণত হইবে; সন্দেহ নাই। অতএব চিত্তবেগে উৎকণ্ঠিত হইয়া পূর্ব্বসঞ্চিত কর্ম্মফলে লব্ধ দেহের প্রতিপালনে বিশেষ উদ্বিগ্ন হইবার প্রয়োজন নাই। জাতি, আয়ুঃ ও ভোগ পূর্ব্ব হইতেই স্থিরীকৃত আছে, এই জন্মে তাদৃশ উপকরণ প্রাপ্ত হইয়া পরিণামে উন্নতির জন্য যত্নবান্ হওয়া নিতান্ত প্রয়োজন। ভগবান্ ত্রিলোচনের প্রতি জীবের বিশেষ শ্রদ্ধা করা যে অবশ্য

জগ্রাহ বাসো ব্রহ্মর্ষে র্বৃষলীব গতত্রপা ॥ ২৮ ॥
স বিদিত্বাথ ভার্য্যায়াস্তং নির্ব্বন্ধং বিকর্ম্মণি।
নত্বা দিষ্টায় রহসি তয়াথোপবিবেশ হ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

মন্মথোন্মথিতেন্দ্রিয়া (মন্মথেন কামেন উন্মথিতং ব্যাকুলীকৃতং ইন্দ্রিয়ং মনো যস্যাঃ) সা দিতিঃ গতত্রপা নির্লজ্জা সতি বৃষলীব বেশ্যেব, ব্রহ্মর্ষেঃ কশ্যপস্য, বাসঃ বস্ত্রং, জগ্রাহ বিচকর্ষ ॥ ২৮ ॥

সঃ কশ্যপঃ ভার্য্যায়াঃ দিতেঃ বিকর্ম্মণি তং নিবন্ধং হঠং, বিদিত্বা জ্ঞাত্বা, অথ অনন্তরং দিষ্টায় সর্ব্বপ্রবর্ত্তক-পরমেশ্বরায়, নত্বা নমস্কৃত্য, রহসি (অগ্নিশালাং পরিত্যজ্য অন্যত্র একান্তস্থলে) অথ তয়া ভার্য্যয়া সহ উপবিবেশ হ (ইতি আশ্চর্য্যে) ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

ভর্ত্রা নিরূপকেন এবং সম্বিদিতে জ্ঞাপিতেঽপি সতি। বৃষলীব বেশ্যেব ॥ ২৮ ॥
বিকর্ম্মণি নিষিদ্ধে। দিষ্টায় দৈবরূপায় ঈশ্বরায়। উপবিবেশেতি মৈথুনং লক্ষ্যতে ॥২৯॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বৃষলীব বেশ্যেব। কামো বিবেকং গ্রসতি স্বীয়মন্যৈশ্চ দর্শিতং। অত্র প্রমাণং ব্রহ্মৈব পুংসঃ স্ত্রীষূচ্যতে দিতিঃ ॥ ২৮ ॥
দিষ্টায় স্বাদৃষ্টায়। উপবিবেশ রেমে ॥ ২৯ ॥

হইয়াও মদন-শরে নিতান্তই প্রপীড়িতা হইলেন। তিনি সামান্য বার-বনিতার ন্যায়, নিতান্ত নির্লজ্জভাবে মহামুনি কশ্যপের বস্ত্রাঞ্চল আকর্ষণ করিলেন ॥ ২৮ ॥

তখন কশ্যপ মুনি ভার্য্যার তাদৃশ নিষিদ্ধ কর্ম্মে একান্ত অভিপ্রায় অবগত হইয়া, সর্ব্বেশ্বর ভগবানকে মনে মনে প্রণাম করিলেন এবং যজ্ঞগৃহ হইতে নির্গত হইয়া, অপর একটী নির্জ্জন স্থানে গমন করত পত্নীতে অনুরক্ত হইলেন ॥ ২৯ ॥

আভাস।

কর্ত্তব্য তাহা পরে দক্ষযজ্ঞ-প্রসঙ্গে বিশেষ বর্ণিত হইবে। সন্ধ্যাকালে স্ত্রীসংসর্গ, ভোজন ও নিদ্রাদি ত্যাগ করিবার যে সমস্ত বিধি মহাদেব বর্ণন করিয়াছেন, তাহা ব্রহ্মাদি দেবতাগণও যখন পালন করিয়া থাকেন, তখন মানবকে যে উক্ত বিধি রক্ষা করিতে হইবে, সে বিষয়ে আর জিজ্ঞাস্য কি! ॥ ২৫।২৬।২৭ ॥

অথোপস্পৃশ্য সলিলং প্রাণানায়ম্য বাগ্‌যতঃ।
ধ্যায়ন্ জজাপ বিরজং ব্রহ্মজ্যোতিঃ সনাতনং ॥ ৩০ ॥
দিতিস্তু ব্রীড়িতা তেন কর্ম্মাবদ্যেন ভারত।
উপসঙ্গম্য বিপ্রর্ষিমধোমুখ্যভ্যভাষত ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

অথ উপবেশানন্তরং সলিলং উপস্পৃশ্য (সলিলে স্নাত্বা) প্রাণান্ আয়ম্য প্রাণায়ামান্ কৃত্বা বাগ্‌যতঃ ধৃতমৌনঃ, সনাতনং নিত্যং বিরজং নির্বিকারং ব্রহ্মজ্যোতিঃ ধ্যায়ন্ (তদ্বাচকং প্রণবং) জজাপ ॥ ৩০ ॥

হে ভারত! তেন কর্ম্মাবদ্যেন নিন্দিতকর্ম্মণা ব্রীড়িতা লজ্জিতা অতএব অধোমুখী সতী দিতিঃ বিপ্রর্ষিং উপসঙ্গম্য সমীপং গত্বা অভ্যভাষত ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

উপস্পৃশ্য স্নাত্বা। ভর্গ শব্দবাচ্যং বিরজং জ্যোতি র্ধ্যায়ন্ সনাতনং ব্রহ্ম গায়ত্রীং প্রণবং বা জজাপ ॥ ৩০ ॥

কর্ম্মাবদ্যেন কর্ম্মদোষেণ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপস্পৃশ্য স্নাত্বা। আচম্য জজাপ; প্রণবং গায়ত্রীঞ্চা ॥ ৩০ ॥

কর্ম্মাবদ্যেন কর্ম্মদোষেণ ॥ ৩১ ॥

অনন্তর তিনি পত্নীর বাসনা পূরণ করিয়া জলে স্নান করিলেন এবং প্রাণায়াম করত মৌনাবলম্বনে উপবিষ্ট হইয়া নির্ব্বিকার সনাতন ব্রহ্মজ্যোতি চিন্তনে তন্মন্ত্র প্রণব জপ করিতে লাগিলেন ॥ ৩০ ॥

এদিকে হে নরেন্দ্র! দিতি তাদৃশ গর্হিত কর্ম্মের অনুষ্ঠানে নিতান্ত লজ্জিতা ও অধোবদনা হইয়া স্বামীর সন্নিধানে গমন পূর্ব্বক তাঁহাকে সম্বোধন করিয়া বলিলেন ॥ ৩১ ॥

আভাস।

কামপীড়িতা কামিনী দিতি তাদৃশ অযথা কালে স্বামীর সন্নিধানে সম্মান প্রাপ্ত হইলেন বটে, কিন্তু কামোদ্বেগ শান্ত হইবার পরই তাঁহার অপকর্ম্ম-জনিত ভয় ও আত্মগ্লানির উদয় হইল। তিনি কাতর হইয়া ঐশ্বর্য্য ও বীর্য্যাদি সম্পন্ন পতির নিকট নানাপ্রকার অনুনয় করিয়া অপরাধ ক্ষমাপণার্থ মহাদেবের শরণাগত হইলেন। তিনি প্রথম রুদ্রশব্দের প্রয়োগে প্রকাশ করিয়াছেন যে, হে মহাদেব! আমি পুত্র-রক্ষার্থ রোদন করিতেছি; আপনি আমার (রুৎ) রোদন বিদ্রাবিত করিয়া নিশ্চিন্ত করুন। কারণ আপনি মহাদেব! সকলের অপরাধ ক্ষমা করাই আপনার বিশেষ গুণ। হে দেব! আপনি উগ্রমূর্ত্তিতে

দিতিরুবাচ ॥
ন মে গর্ভমিমং ব্রহ্মন্ ভূতানামৃষভোঽবধীৎ।
রুদ্রঃ পতি র্হি ভূতানাং যস্যাকরবমংহসং ॥ ৩২ ॥
নমো রুদ্রায় মহতে দেবায়োগ্রায় মীঢুষে।
শিবায় ন্যস্তদণ্ডায় ধৃতদণ্ডায় মন্যবে ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

দিতিঃ উবাচ। হে ব্রহ্মন্! যস্য রুদ্রস্য অংহসং অবজ্ঞারূপং অপরাধং (অহং) অকরবং কৃতবতী অস্মি সঃ ভূতানাং ঋষভঃ শ্রেষ্ঠঃ হি যতঃ ভূতানাং পতিঃ রুদ্রঃ মে মম গর্ভং (যথা) ন অবধীৎ হন্যাৎ (তথা কুরু) ॥ ৩২ ॥

(অপরাধিষু) উগ্রায় ভয়ঙ্করায়, (যতঃ ধৃতদণ্ডায় (যতঃ) মন্যবে (ব্রহ্মণঃ ক্রোধরূপায়) (সকামেষু) মীঢুষে সর্ব্বকামবর্ষিণে, (সাধুষু) ন্যস্তদণ্ডায় দণ্ডরহিতায়, (নিষ্কামাণাং) শিবায় (পরমানন্দমোক্ষরূপায় মহতে দেবায় রুদ্রায় রুৎ দুঃখং দ্রাবয়তীতি তস্মৈ) নমঃ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

নাবধীৎ মা হন্ত্বিত্যর্থঃ বধশঙ্কাবীজমাহ রুদ্র ইতি অংহসং অংহঃ অপরাধং অকরবং কৃতবত্যস্মি ॥ ৩৩ ॥

রুৎ দুঃখং তৎ দ্রাবয়তীতি রুদ্রঃ তস্মৈ উগ্রায় অনতিলঙ্ঘ্যায় মীঢুষে সকামেষু ফলসেচনকর্ত্রে। নিষ্কামেষু শিবায়। বস্তুতো ন্যস্তদণ্ডায়, দুষ্টেষু ধৃতদণ্ডায়, সংহারে মন্যবে ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন অবধীৎ মাহন্ত্বিত্যর্থঃ ॥ ৩২ ॥

পশ্চাত্তাপবতী প্রণমতি। রুদ্রায় মাং রোদয়িষ্যতে কিম্বা মম রুৎ রোদনং কৃপয়া দ্রাবয়িষ্যতে দূরীকরিষ্যতে। যতো মহতে দেবায় মদপরাধং ক্ষমিষ্যমাণায়। কিম্বা উগ্রায় মদ্গর্ভমিমং হনিষ্যতে কিম্বা মীঢুষে মন্মনোরথশাখিনং কৃপামৃতেনাভিষেক্ষ্যতে যতঃ শিবায় নিরস্তদণ্ডায় কিং বা ধৃতদণ্ডায় মাং দণ্ডয়িষ্যতে যতো মন্যবে মন্যুস্বরূপায় ॥ ৩৩ ॥

হে ব্রহ্মন্। এই গর্হিতাচরণে আমি ভূতপতি ভগবান্ ত্রিলোচনের যথেষ্ট অবজ্ঞা করিয়াছি! এক্ষণে সেই পশুপতি বিরক্ত হইয়া যাহাতে আমার এই গর্ভ বিনাশ না করেন, আপনি তাহার প্রতিবিধান করুন! ॥ ৩২ ॥

হে দুষ্টদমনকারি ক্রোধরূপি ত্রিলোচন! আপনাকে প্রণাম করি! আপনি লোকানিষ্টকারীকে যেমন সংহারমূর্ত্তিতে ভয় প্রদান করেন, আবার সাধুগণের

আভাস।

আমার গর্ভ ধ্বংসই করুন বা বাঞ্ছাপূর্ণকারিরূপে করুণামৃতের মধুর সিঞ্চনে আমার আশালতা পুনর্জ্জীবিত করুন, তাহা বলিতে পারি না! আপনি কিন্তু সর্ব্বমঙ্গলময় শান্ত শিবস্বরূপ!

স নঃ প্রসীদতাং ভামো ভগবানুর্ব্বনুগ্রহঃ।
ব্যাধস্যাপ্যনুকম্প্যানাং স্ত্রীণাং দেবঃ সতীপতিঃ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

উর্ব্বনুগ্রহঃ (উরু র্মহান্ অনুগ্রহো যস্য সঃ) ভগবান্ বৈরাগ্যাদিপূর্ণঃ সতীপতিঃ (দক্ষকন্যা সতী তস্যাঃ পতিঃ অতএব) ভামঃ ভগিনীপতিঃ সঃ দেবঃ ক্রীড়াপরঃ শিবঃ ব্যাধস্যাপি অনুকম্প্যানাং অনুকম্পিতুং যোগ্যানাং নঃ অস্মাকং স্ত্রীণাং প্রসীদতাং প্রসন্নো ভূয়াৎ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

ভামো ভগিনীপতিঃ উরুরনুগ্রহো যস্য সঃ ব্যাধস্য নির্দ্দয়স্যাপি। সতীপতিরিত্যনেন স্ত্রীণাং স্বভাবং স্বয়মপি বেত্তীতি সূচয়তি ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং সংশয়ানৈব স্ত্রবানা স্বদৈন্যং দর্শয়ন্তী তস্মাদভয়ং প্রার্থয়তে; ভামো ভগিনীপতিঃ উরুরনুগ্রহো যস্যঃ সঃ। ব্যাধস্য নির্দ্দয়স্যাপি। সতীপতিরিতি স্ত্রীণাং স্বভাবং স স্বয়মেব বেত্তীতি সূচয়তি। যদ্বা সত্যা অপ্যনুরোধেন তদ্ভগিনীং মাং মা দণ্ডয়ত্বিতি সা সতী মদপরাধং মার্জ্জয়ত্বিতি বা ভাবঃ ॥ ৩৪ ॥

যাবতীয় অভিলাষ পূরণ দ্বারা পরিতৃপ্ত করেন; আপনি নিষ্কাম জনগণের সমীপে পরমানন্দ স্বরূপ মোক্ষমূর্ত্তি প্রকাশে সমস্ত দুরিত ক্ষয় করিয়া থাকেন। হে মহাদেব! আপনাকে প্রণাম করি ॥ ৩৩ ॥

আপনার অনুগ্রহের সীমা নাই; এবং বৈরাগ্যাদি ঐশ্বর্য্যেরও অভাব নাই; আপনি দক্ষকন্যা সতীর যখন পাণিগ্রহণ করিয়াছেন, তখন আমারও আপনি সম্পর্কে ভগিনীপতি। নারীর মর্য্যাদা বিশেষ অবগত আছেন। দেখুন! নির্দ্দয় ব্যাধও নারীর প্রতি অনুগ্রহ প্রকাশে অনিষ্ট করে না; অতএব আপনি আমার প্রতি অনুগ্রহ প্রকাশ করেন, ইহাই আমার একান্ত প্রার্থনা ॥ ৩৪ ॥

তখন মৈত্রেয় মুনি বিদুরকে সম্বোধন করিয়া বলিলেন যে, প্রজাপতি কশ্যপ নিত্যকর্ম্মের প্রতিবন্ধকে ক্ষুণ্ণমনে উপবিষ্ট ছিলেন, এক্ষণে স্বীয়

আভাস।

মঙ্গলময় স্বরূপ হইতে কখন অমঙ্গলের সম্ভাবনা নাই। আপনি ক্রোধমূর্ত্তিতে দণ্ডধারণ পূর্ব্বক যদি আমার কৃত অপরাধের উপযুক্ত দণ্ডবিধান করেন, সেও মঙ্গল ॥ ৩৩ ॥

এই শ্লোকে দিতি কাতর হইয়া মহাদেবের নিকট অভয় প্রার্থনা করিয়াছেন। তিনি ভাবিলেন যে, ত্রিলোচন যখন দক্ষকন্যা সতীর পাণিগ্রহণ করিয়াছেন, তখন তিনি দিতির সম্বন্ধে ভগিনীপতি। অতএব ভগ্নী সতী অবশ্যই যেমন তাঁহার ভগ্নীর অপরাধ ক্ষমা করিবেন, ভগ্নীপতিও ভগ্নীর অনুরোধে তাঁহার অপরাধ ক্ষমা করিবেন ॥ ৩৪ ॥

মৈত্রেয় উবাচ ॥

স্বসর্গস্যাশিষং লোক্যামাশাসানাং প্রবেপতীং।
নিবৃত্তসন্ধ্যানিয়মো ভার্য্যামাহ প্রজাপতিঃ ॥ ৩৫ ॥

কশ্যপ উবাচ ॥

অপ্রায়ত্যাদাত্মনস্তে দোষান্মৌহূর্ত্তিকাদুত।
মন্নির্দ্দেশাতিচারেণ দেবানাঞ্চাতিহেলনাৎ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। এবং নিবৃত্তসন্ধ্যানিয়মঃ (নিবৃত্তঃ সন্ধ্যানিয়মঃ জপাদিরূপঃ যস্য সঃ) প্রজাপতিঃ কশ্যপঃ, স্বসর্গস্য স্বর্গস্থস্য, লোক্যাং লোকদ্বয়ার্হাং, আশিষং শুভং, আশাসানাং প্রার্থয়ন্তীং, (রুদ্রভয়েন) প্রবেপতীং কম্পমানাং, ভার্য্যাং আহ ॥ ৩৫ ॥

কশ্যপঃ উবাচ। তে তব আত্মনঃ চিত্তস্য, অপ্রায়ত্যাৎ অশুচিত্বাৎ, মৌহূর্ত্তিকাৎ সন্ধ্যামুহূর্ত্তসম্বন্ধিনঃ দোষাৎ, উত অপি মন্নির্দ্দেশাতিচারেণ মমাজ্ঞোল্লঙ্ঘনেন, দেবানাং মহাদেবাদীনাং অতিহেলনাৎ অবজ্ঞানাৎ চ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

স্বসর্গস্য স্বসন্তানস্য আশিষং শুভং। লোক্যাং লোকদ্বয়ার্হাং। সন্ধ্যায়াং যো নিয়মঃ স নিবৃত্তো যস্য সঃ ॥ ৩৫ ॥

তে আত্মনশ্চিত্তস্য অপ্রায়ত্যাদশুচিত্বাৎ। মৌহূর্ত্তিকাৎ দোষাৎ সন্ধ্যারূপাৎ উত অপি মম নির্দ্দেশস্যাজ্ঞায়া অতিচারেণ অতিক্রমেণ দেবানাং রুদ্রানুচরাণাং ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বর্গস্য স্বসন্তানস্য। লোক্যাং লোকদ্বয়ার্হাং ॥ ৩৫ ॥

তে তব আত্মনো মনসোঽপ্রায়ত্যাদপাবিত্র্যাৎ ক্রূরমনসৌ। মুহূর্ত্তঃ সন্ধ্যারূপো ঘোরস্তদ্বাদ্দোষাদ্দ্বয়োরপি সন্ধ্যায়া দ্বিঘটিকত্বাচ্চ দ্বৌ। মম নির্দ্দেশস্য আজ্ঞাবাক্যস্য অতিচারেণাতিক্রমেণ চ ধর্ম্মমর্য্যাদাভঙ্গনৌ দেবানাং শ্রীরুদ্রাণাং হেলনাচ্চ ভগবদ্দ্বেষিণৌ হে অভদ্রে ইতি তবৈবাভদ্রাণি ত্বৎপুত্রয়োঃ সঞ্চরিষ্যন্তীতি ভাবঃ ॥ ৩৬ ॥

সন্তানের উভয়লোকে কল্যাণ কামনায় উৎকণ্ঠিতা অথচ রুদ্রভয়ে কম্পিত-কলেবরা ভার্য্যাকে অবলোকন করিয়া, তিনি বলিলেন ॥ ৩৫ ॥

দেখ! এই কার্য্যে তোমার চিত্তের অপবিত্রতা, সন্ধ্যাকালীন দোষ, আমার আজ্ঞা উল্লঙ্ঘন এবং রুদ্রানুচরগণের অবহেলন এই চতুর্ব্বিধ দোষের একত্র সন্নিবেশ হওয়ায় ॥ ৩৬ ॥

আভাস।

পিতা মাতার আচরণ ও মানসিক বৃত্তির দোষে যে সন্তানগণে দোষ স্পর্শ করে, এস্থলে কশ্যপ-বাক্যে তাহাই প্রতিপন্ন হইয়াছে। এখানে দিতির ক্রূরমতি, নিষিদ্ধকাল, দেব-

ভবিষ্যতস্তবাভদ্রাবভদ্রে জাঠরাধমৌ।
লোকান্ সপালাংস্ত্রীংশ্চণ্ডি মুহুরাক্রন্দয়িষ্যতঃ ॥ ৩৭ ॥
প্রাণিনাং হন্যমানানাং দীনানামকৃতাগসাং।
স্ত্রীণাং নিগৃহ্যমানানাং কোপিতেষু মহাত্মসু ॥ ৩৮ ॥

অন্বয়ঃ।

হে অভদ্রে অশুভরূপে! তব অভদ্রৌ লোকামঙ্গলকরৌ, জাঠরাধমৌ পুত্রাধমৌ ভবিষ্যতঃ। হে চণ্ডি কোপনে! (তৌ পুত্রৌ) সপালান্ লোকপালৈঃ সহিতান্ ত্রীন্ লোকান্ মুহুঃ পুনঃ পুনঃ, আক্রন্দয়িষ্যতঃ রোদয়িষ্যতঃ ॥ ৩৭ ॥

তাভ্যাং দীনানাং কৃপণানাং, অকৃতাগসাং নিরপরাধানাং, প্রাণিনাং হন্যমানানাং সতাং (তথা) স্ত্রীণাং চ নিগৃহ্যমাণানাং পাতিব্রত্যধর্ম্মাচ্চাল্যমানানাং সতীনাং মহাত্মসু সাধুষু কোপিতেষু সৎসু ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

এতৈ শ্চতুর্ভি র্হেতুভিঃ জাঠরাধমৌ পুত্রাপসদৌ। হে চণ্ডি হে কোপনে! ॥ ৩৭ ॥
হন্যমানানাং সতাং ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জাঠরৌ ত্বজ্জঠরভবৌ অধমৌ পুত্রৌ এবং ব্যস্তাৎ সমস্তাচ্চ দোষাৎ লোকানামিত্যাদি। হে চণ্ডীতি মদ্ধর্ম্মবাক্যেঽপি যত্ত্বয়া প্রাচণ্ড্যং কৃতং তস্যেদং ফলং ভুঙ্ক্ষ্ব ইতি কামক্রোধয়োস্ত্বং খনিরেবাসীতি কশ্যপস্যাপি তস্যাং কোপো ব্যক্তঃ ॥ ৩৭ ॥

কিয়ত্তয়োরায়ুরিতি চেৎ শৃণ্বিত্যাহ। প্রাণিনামিত্যাদি প্রাণিন্বিত্যর্থঃ। শতপর্ব্বধৃক্ বজ্রধর ইন্দ্র ইব ॥ ৩৮ ॥

হে অভদ্রে! তোমার গর্ভে জনগণের অনিষ্টকারী অতি ভয়ঙ্কর দুইটী অধম পুত্রের উৎপাদন হইবে। এই পুত্রদ্বয় লোকপাল সহ ত্রিভুবনকে বারংবার রোদন করাইবে ॥ ৩৭ ॥

ইহারা দীনহীন নিরপরাধী প্রাণিগণেরও নিধন-সাধন করিবে; নারীগণের ধর্ম্ম নষ্ট করিয়া নানাপ্রকারে নিগ্রহ করিবে এবং বিবিধ অন্যায়াচরণে মহাত্মা সাধুগণেরও কোপের উদ্দীপনা করিবে ॥ ৩৮ ॥

আভাস।

হেলন ও পতির ধর্ম্মসংগত বাক্যে মর্য্যাদাপ্রদর্শন না করা, এই চারি প্রকার অপরাধে পুত্রদ্বয়ের চরিত্র অতি ভয়ঙ্কর হইল; কিন্তু পিতৃবীর্য্যে অতুল তেজস্বিতার ভাব তাহারা লাভ করিয়াছিল ॥ ৩৭ ॥

দিতি কশ্যপ-মুখে যখন শ্রবণ করিলেন যে, ভগবান্ বিষ্ণু তাঁহার পুত্রদ্বয়ের বিনাশ

তদা বিশ্বেশ্বরঃ ক্রুদ্ধো ভগবান্ লোকভাবনঃ।
হনিষ্যত্যবতীর্য্যাসৌ যথাদ্রীন্ শতপর্ব্বধৃক্ ॥ ৩৯ ॥
দিতিরুবাচ ॥
বধং ভগবতা সাক্ষাৎ সুনাভোদারবাহুনা।
আশাসে পুত্রয়োর্মহ্যং মাক্রুদ্ধাদ্ব্রাহ্মণাৎ প্রভো ॥ ৪০ ॥

অন্বয়ঃ।

তদা অসৌ সর্ব্বান্তর্যামী লোকভাবনঃ লোকপালকঃ, ভগবান্ বিশ্বেশ্বরঃ ক্রুদ্ধঃ সন্ অবতীর্য্য শতপর্ব্বধৃক্ (বজ্রধরঃ ইন্দ্রঃ যথা পক্ষচ্ছেদেন) অদ্রীন্ বিনাশিতবান্ তথা (তৌ পুত্রৌ) হনিষ্যতি ॥ ৩৯ ॥

দিতিঃ উবাচ। হে প্রভো! সুনাভোদারবাহুনা (সুনাভেন সুদর্শনচক্রেণ উদারো মোক্ষপ্রদো বাহুর্যস্য তেন) সাক্ষাৎ ভগবতা মহ্যং মম পুত্রয়োঃ বধং আশাসে অনুমন্যে (মোক্ষহেতুত্বাৎ) ক্রুদ্ধাৎ ব্রাহ্মণাৎ বধঃ মা (অভূৎ) ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

শতপর্ব্বধৃক্ বজ্রধর ইন্দ্রঃ ॥ ৩৯ ॥

সুনাভেনোদারো বাহুর্যস্য। মহ্যং মম। কোপিতেষ্বিত্যুক্তত্বাৎ শঙ্কিতচিত্তা সতী প্রার্থয়তে ব্রাহ্মণান্মা ভূদিতি ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুনাভেন চক্রেণ উদারো বাহুর্যস্য তেনেতি তস্য তমতিসুন্দরং বাহুমুন্নমন্তং পুত্রৌ মে দ্রক্ষ্যত ইতি ভাগ্যবত্তাবেব পুত্রৌ মে ভবিষ্যতঃ তথা মরণস্যাবশ্যকত্বেঽপি তদ্ধস্ততো মরণাৎ সর্ব্বপাপেভ্যো নিস্তারশ্চ তয়ো র্ভাবী। আশাসে বাঞ্ছামি মহ্যং মামপি নিস্তারয়িতুমিতি তাদৃশপুত্রেয়োর্মাতা অহমপি জন্মমধ্যেঽপ্যদৃষ্টভগবদ্রূপাপি পুত্র-সম্বন্ধেন ভগবদ্দর্শিনীবাভিমংস্যে। ক্রুদ্ধাদ্বিপ্রাদ্বধং মা আশাসে ইতি। কোপিতেষু মহাঋষিষিতি ত্বদুক্ত্যা ব্রহ্মশাপাদেব পুত্রৌ মে মরিষ্যত ইতি শঙ্কিতচিত্তা ব্যাকুলৈবাহমখিন্নং সংপ্রতি ভগবদ্ধস্ততো বধং শ্রুত্বা স্থিরচিত্তৈবাভূবমিতি ভাবঃ ॥ ৩৯। ৪০ ॥

এই বিবিধ অপরাধ একত্রিত হইলে, লোকভয়প্রদ ভগবান্ বিশ্বেশ্বর ক্রুদ্ধ হইয়া অবতীর্ণ হইবেন; এবং বজ্রধর ইন্দ্র যেমন বজ্রপাতনে পর্ব্বতের পক্ষচ্ছেদন পূর্ব্বক নিপাতিত করিয়াছিলেন, সেইরূপ ভগবান্ তোমার ঐ পুত্রদ্বয়ের নিধন সাধন করিবেন, সন্দেহ নাই ॥ ৪০ ॥

এতৎ শ্রবণে দিতি বলিলেন, হে প্রভো! চক্রপাণী বিষ্ণু সংসার-চক্রহারী আভাস।

সাধন করিবেন, তখন তিনি আনন্দে পুলকিত হইয়া উঠিলেন। দিতি ভাবিলেন যে, জন্ম গ্রহণ করিলেই তাহার মৃত্যু অবশ্যম্ভাবনীয়। পুত্রদ্বয় যখন জন্ম গ্রহণ করিবে,

ন ব্রহ্মদণ্ডদগ্ধস্য ন ভূতভয়দস্য চ।
নারকাশ্চানুগৃহ্ণন্তি যাং যাং যোনিমসৌ গতঃ ॥ ৪১ ॥
কশ্যপ উবাচ।
কৃতশোকানুতাপেন সদ্যঃ প্রত্যবমর্ষণাৎ।
ভগবত্যুরুমানাচ্চ ভবে ময্যপি চাদরাৎ ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

(যতঃ) ব্রহ্মদণ্ডদগ্ধস্য (ব্রহ্মদণ্ডঃ ব্রাহ্মণশাপঃ তেন দগ্ধস্য মৃতস্য ভূতভয়দস্য ভূতানাং প্রাণিনাং ভয়ং দদাতীতি তস্য) ন নারকাঃ নরকবাসিনঃ তথা যাং যাং যোনিং অসৌ গতো ভবতি তত্রস্থাঃ লোকাঃ ন অনুগৃহ্ণন্তি অনুগ্রহং ন কুর্ব্বন্তি ॥ ৪১ ॥

কশ্যপঃ উবাচ। কৃতশোকানুতাপেন (কৃতস্য দুষ্কর্ম্মণঃ শোকঃ তস্মাৎ অনুতাপঃ তেন) সদ্যঃ প্রত্যবমর্ষণাৎ যুক্তাযুক্তবিচারেণ অপরাধ-ক্ষমাপণাৎ ভগবতি উরুমানাৎ চ ভবে ময়ি চ আদরাৎ চ ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

নারকা অপি তথা যাং যাং যোনিমসৌ গতো ভবতি তত্রস্থাশ্চ নানুগৃহ্ণন্তি কৃপাং ন কুর্ব্বন্তি ॥ ৪১ ॥

কৃতো যোঽপরাধ স্তেন শোকঃ ততোঽনুতাপ স্তেন। প্রত্যবমর্ষণাৎ যুক্তাযুক্তবিচারাৎ ভগবতি হরৌ ভবে শ্রীরুদ্রে এতৈঃ পঞ্চভিঃ কারণৈঃ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যতঃ ন ব্রহ্মেত্যাদি দ্বিতীয়ার্থে ষষ্ঠী। নারকা অপি তথা যাং যাং যোনিমসৌ গতো ভবতি তত্রস্থাশ্চ নানুগৃহ্ণন্তি ॥ ৪১ ॥

কৃতো যোঽপরাধস্তেন শোক স্ততোঽনুতাপস্তেন। প্রত্যবমর্ষণাৎ যুক্তাযুক্তবিচারাৎ এতৈঃ পঞ্চভিঃ কারণৈঃ পুত্রস্য হিরণ্যকশিপোঃ পুত্রাণাং মধ্যে একঃ সতাং মতো ভবিষ্যতি ॥ ৪২ ॥

অভয়-করে আমার পুত্রদ্বয়কে বিনাশ করেন, ক্ষতি নাই! কিন্তু দেখিবেন! যেন, তাহারা কোপান্বিত ব্রাহ্মণের অভিসম্পাতে পতিত না হয় ॥ ৪০ ॥

কারণ যাহারা ব্রাহ্মণের অভিশাপে হত হয়, কিম্বা যাহারা প্রাণিগণের সতত ভয়প্রদ হয়, তাহারা যে কোন যোনিতে গমন করুক না, তত্রস্থ লোক সমুদয় কেহই তাহাদের প্রতি অনুগ্রহ করে না। অধিক কি! নরকবাসিগণও তাহাদের দুঃখে কাতরতার পরিচয়ে অনুকম্পা করিতে চাহে না ॥ ৪১ ॥

আভাস।

তখন অন্য বিপ্রশাপে মৃত্যুমুখে পতিত না হইয়া, যদি বিষ্ণুর অভয় হস্তে জীবন পরিত্যাগ করে, তাহা হইলে উহা মৃত্যু নহে, তাহারা যে চিরকালের জন্য মৃত্যুর করাল কবল

পুত্রস্যৈব চ পুত্রাণাং ভবিতৈকঃ সতাং মতঃ।
গাস্যন্তি যদ্‌যশঃ শুদ্ধং ভগবদ্‌যশসা সমং ॥ ৪৩ ॥

অন্বয়ঃ।

পুত্রস্য হিরণ্যকশিপোঃ, পুত্রাণাং (চতুর্ণাং মধ্যে) একঃ এব প্রহ্লাদঃ সতাং মতঃ ভবিতা ভবিষ্যতি। যদ্‌যশঃ (যস্য তব পৌত্রস্য যশঃ) ভগবদ্‌যশসা সমং সহ শুদ্ধং শুদ্ধিকরং, ইতি গাস্যন্তি (জনা ইতি) ॥ ৪৩ ॥

শ্রীধরস্বামী।

পুত্রস্য হিরণ্যকশিপোঃ পুত্রাণাং মধ্যে একঃ সতাং মতো ভবিষ্যতি তমেব বর্ণয়তি গাস্যন্তীতি সার্দ্ধৈঃ পঞ্চভিঃ সমং সহ সদৃশং বা ॥ ৪৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সন্তএব গাস্যন্তি সমং সহ সদৃশং বা ॥ ৪৩ ॥

কশ্যপ বলিলেন, তুমি নিজকৃত দুষ্কর্ম্মের দোষে অনুতপ্ত হইয়া সদ্বুদ্ধি বলে যে এখনই ভগবানের নিকট স্বকৃত অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা করিয়াছ ও মহাদেবের গৌরব করিয়াছ এবং আমারও সম্মান করিয়াছ ॥ ৪২ ॥

এই ফলে তোমার হিরণ্যকশিপু নামক পুত্রের যে চারিটী সন্তান জন্মিবে, তন্মধ্যে একটী অতি উৎকৃষ্ট সাধু বলিয়া কীর্ত্তিত হইবেন। তোমার এই পৌত্রের অমল যশঃ ভগবানের পবিত্র কীর্ত্তির সহিত একত্র কীর্ত্তিত হইবে, সন্দেহ নাই ॥ ৪৩ ॥

আভাস।

পরিহার পূর্ব্বক মোক্ষপদবীতে আরোহণ করিবে; সে বিষয় আর সন্দেহ নাই। এবং দিতিও তাদৃশ পুত্রের জননী হইয়া, বিনা আরাধনায় ভগবৎসন্দর্শন লাভে নিস্তার পাইতে পারিবেন। কেবল ব্রহ্মশাপকে তিনি ভয় করিয়া, তন্নিবারণার্থ কশ্যপ মুনিকে বারংবার অনুনয় করিয়াছিলেন। দিতি জানিতেন, ব্রহ্মশাপে বিনষ্ট জীবকে কেহই অনুগ্রহ করে না; অধিক কি! তদনুরূপ নরক যন্ত্রণা ভোগকারী নারকী ব্যক্তিও ব্রহ্মশাপগ্রস্থ ব্যক্তির দুঃখে দুঃখিত বা তৎ প্রতিকারে যত্নবান্ হয় না ॥ ৭৯।৪০।৪১ ॥

পরিশেষে দিতির পরিতাপ-ফলে পৌত্রের পুণ্যের প্রকাশ হইবে, কশ্যপ তাহা প্রহ্লাদেরই জন্ম লক্ষ্য করিয়া বলিয়াছিলেন। অর্থাৎ মাতৃদোষে যে বীর্য্যকে আবরণ করিয়া প্রথম দৈত্যরূপে প্রতীয়মান করিয়াছিলেন, পরে সে দোষের অপসারণে পূর্ণশক্তি মহাবীর্য্যবান্ ভগবানের পরম ভক্ত পৌত্র প্রহ্লাদরূপে সেই বীর্য্যের প্রবাহ ঘটিল; ইহাই তাৎপর্য্য ॥ ৪২ ॥

যোগৈর্হেমেব দুর্ব্বর্ণং ভাবয়িষ্যন্তি সাধবঃ।
নির্ব্বৈরাদিভিরাত্মানং যচ্ছীলমনুবর্ত্তিতুং ॥ ৪৪ ॥
যৎপ্রসাদাদিদং বিশ্বং প্রসীদতি যদাত্মকং।
স স্বদৃক্ ভগবান্ যস্য তোষ্যতেঽনন্যয়া দৃশা ॥ ৪৫ ॥

অন্বয়ঃ।

যচ্ছীলং (যস্য পৌত্রস্য শীলং) অনুবর্ত্তিতুং যোগৈঃ দাহাদিভিঃ (উপায়ৈঃ) দুর্ব্বর্ণং ধাত্বন্তরমেলনেন হীনবর্ণং হেম সুবর্ণং ইব যথা (শোধয়ন্তি তথা) সাধবঃ নির্ব্বৈরাদিভিঃ আত্মানং অন্তঃকরণং ভাবয়িষ্যন্তি শোধয়িষ্যন্তি ॥

যৎপ্রসাদাৎ (যস্য ভগবতঃ প্রহ্লাদস্য অনুগ্রহাৎ) ইদং পরিদৃশ্যমানং যদাত্মকং ভগবদাত্মকং বিশ্বং প্রসীদতি অনুগ্রহং করোতি সঃ স্বদৃক্ (সাক্ষিতয়া সর্ব্বান্তঃকরণে স্থিতঃ) ভগবান্ যস্য তব পৌত্রস্য অনন্যয়া একান্তয়া দৃশা ভক্ত্যা তোষ্যতে সন্তোষং প্রাপ্স্যতে ॥ ৪৫ ॥

শ্রীধরস্বামী।

হীনবর্ণং হেম যথা যোগৈর্দাহাদিভি রূপায়ৈঃ শোধ্যতে তথা যস্য শীলং স্বভাবং অনুবর্ত্তিতুং অনুগন্তুং প্রাপ্তুং নির্ব্বৈরাদিভি র্যোগৈ রাত্মানং ভাবয়িষ্যন্তি শোধয়িষ্যন্তি ॥ ৪৪ ॥

বিশ্বপ্রসাদে হেতুঃ যদাত্মকং। স্বদৃক্ আত্মসাক্ষী। যস্যানন্যয়া ভগবানেব সত্য ইত্যেবংভূতয়া দৃশা তোষ্যতে তোষং প্রাপ্স্যতে ॥ ৪৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হীনবর্ণং হেম যোগৈর্দাহাদিভির্যথা শোধ্যতে তথা যস্য শীলং স্বভাবমনুবর্ত্তিতুং অনুগন্তুং প্রাপ্তুং নির্বৈরাদিভির্যোগৈরাত্মনং ভাবয়িষ্যন্তি শোধয়িষ্যন্তি ॥ ৪৪ ॥

যস্য ভগবতঃ প্রসাদাদ্ধেতো র্যস্মৈ প্রহ্লাদায় ইদং বিশ্বমেব প্রসীদতি কীদৃশং সৎ সএবাত্মা অন্তর্যামী যস্য তৎ—অন্তর্যামিরূপেণ তথা লোকান্ প্রেরয়তি যথা তৎ পিতৃবৈরিণ ইন্দ্রাত্মা অপি প্রহ্লাদায় প্রসীদতীত্যর্থঃ। স্বীয়ান্ ভক্তানেব প্রীত্যা পশ্যতীতি স্বদৃক্। ন বিদ্যতেঽন্যো যস্যাং তাদৃশ্যা দৃশা বুদ্ধ্যা যদ্বুদ্ধৌ অন্যঃ প্রবেষ্টুং ন শক্নোতীত্যর্থঃ ॥ ৪৫ ॥

যেমন অগ্নিযোগে দাহাদির দ্বারা সমল সুবর্ণ বিমল হয়, হে প্রিয়ে! তোমার পৌত্রের চরিত্র অনুকরণ করিবার জন্য সাধু ব্যক্তিগণ সম দমাদি যোগসাধনের দ্বারা অন্তঃকরণকে পরিশোধিত করিবেন ॥ ৪৪ ॥

যে ভূত-ভাবন ভগবানের প্রসাদে এই বিশ্ব ব্রহ্মাণ্ড প্রতীত হইতেছে এবং এই বিশ্বের যিনি বিদ্যমান থাকাতেই সংসার এত প্রীতিপ্রদ বোধ হইতেছে, সেই সর্ব্বান্তর্যামী ভগবান্ জনার্দ্দন তোমার সেই পৌত্রের অনন্যা ভক্তিতে সন্তুষ্ট হইবেন ॥ ৪৫ ॥

স বৈ মহাভাগবতো মহাত্মা মহানুভাবো মহতাং মহিষ্ঠঃ।
প্রবৃদ্ধভক্ত্যা হ্যনুভাবিতাশয়ে নিবেশ্য বৈকুণ্ঠমিমং বিহাস্যতি ॥ ৪৬॥
অলম্পটঃ শীলধরো গুণাকরো হৃষ্টঃ পরার্দ্ধ্যা ব্যথিতো দুঃখিতেষু।

অন্বয়ঃ।

বৈ নিশ্চয়েন মহতাং মাহাত্ম্যবতাং মধ্যে মহিষ্ঠঃ নিরতিশয়মাহাত্ম্যবান্, মহানুভাবঃ মহাপ্রভাবঃ, মহাভাগবতঃ নিরতিশয়ভগবদ্ভক্তঃ, মহাত্মা নির্ম্মলান্তঃকরণঃ সঃ ত্বৎপৌত্রঃ প্রবৃদ্ধভক্ত্যা অনুভাবিতাশয়ে (অনুভাবিতে সংশোধিতে আশয়ে চিত্তে) বৈকুণ্ঠং ভগবন্তং নিবেশ্য অবস্থাপ্য, ইমং লোকং দেহং বা বিহাস্যতি ত্যক্ষ্যতি॥ ৪৬ ॥

অলম্পটঃ বিষয়েষু অনাসক্তঃ, শীলধরঃ সুস্বভাবঃ, গুণাকরঃ (গুণানাং ধৈর্য্যাদীনাং আকরঃ জন্মভূমিঃ) পরার্দ্ধ্যা (পরেষাং ঋদ্ধ্যা) হৃষ্টঃ, দুঃখিতেষু ব্যথিতঃ, অভূতশত্রুঃ (ন ভূতঃ জাতঃ শত্রুঃ যস্য সঃ) নৈদাঘিকং গ্রীষ্মকালকৃতং তাপং উড়ুরাজঃ চন্দ্রঃ যথা হরতি তথা

শ্রীধরস্বামী।

তত্র হেতুঃ স বা ইতি মহাত্মা অপরিচ্ছিন্ন দৃষ্টিঃ। মহানুভাবঃ মহাপ্রভাবঃ। মহতামপি মধ্যে মহিষ্ঠঃ অতিশয়েন মহান্। প্রবৃদ্ধয়া ভক্ত্যানুভাবিতে সংশোধিতে চিত্তে বৈকুণ্ঠং হরিং নিবেশ্য দেহাদ্যভিমানং ত্যক্ষ্যতি ॥ ৪৬ ॥

মহাভাগবত্বমেবাহ অলম্পট ইতি। শীলধরঃ সুস্বভাবঃ। গুণানাং ধৈর্য্যাদীনাং আকরো জন্মভূমিঃ; পরেষাং সমৃদ্ধ্যা হৃষ্টঃ। পরেষু দুঃখিতেষু সৎসু দুঃখিতঃ। ন ভূতো ন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মহাত্মা মহাধৃতি র্মহাবুদ্ধি র্ব্বা মহান্তএব স্তম্ভ স্বেদাদ্যাঃ প্রেমানুভাবা যস্য সঃ। তত্র হেতুঃ। প্রবৃদ্ধয়া ভক্ত্যা অনুভাবিতে অনুভাবং প্রাপিতে আশয়ে মনসি বৈকুণ্ঠং কৃষ্ণং বৈকুণ্ঠস্থং বস্তুমাত্রং বা নিবেশ্য ইদং মায়িকং লোকং ত্যক্ষ্যতি ॥ ৪৬ ॥

তস্য ভক্তিং ভক্ত্যুত্থানমহাগুণাংশ্চাবোচং অন্যানপি ভক্ত্যনুকূলান্ স্বাভাবিকান্ গুণান্ স্মৃত্যাহ অলম্পট ইতি। বক্তুমশক্যা এব গুণা ইত্যাহ গুণানামাকরঃ। পরেষাং ঋদ্ধ্যা

মহাত্মাগণের অগ্রগণনীয় মহাপ্রভাবশালী নিরতিশয় ভক্তিমান্ নির্ম্মলচেতা তোমার সেই পৌত্র কেবল ভক্তির বিপুল স্রোতে বিধৌতচিত্ত হইয়া বৈকুণ্ঠনাথ ভগবানকে হৃদয়-কন্দরে অচ্যুত-ভাবে প্রতিষ্ঠিত করত, এই মায়াময় কলেবর পরিত্যাগ করিবেন ॥ ৪৬ ॥

অহো! সেই পৌত্রের গুণের কথা আর কি বলিব! তিনি বিষয়ভোগে সম্পূর্ণ অনাসক্ত সচ্চরিত্র ও ধৈর্য্যাদি গুণগ্রামের আকরস্বরূপ! তিনি পরের উন্নতিতে সুখী ও পরদুঃখে কাতর হইবেন। জগতে তাঁহার কেহ শত্রু থাকিবে না এবং নিশানাথ যেমন, গ্রীষ্মকালীন প্রচণ্ড উত্তাপ নিবারণ করেন,

অভূতশক্র র্জগতঃ শোকহর্ত্তা নৈদাঘিকং তাপমিবোড়ুরাজঃ ॥ ৪৭ ॥
অন্তর্ব্বহিশ্চামলমঞ্জনেত্রং স্বপূরুষেচ্ছানুগৃহীতরূপং।
পৌত্রস্তব শ্রীললনাললামং দ্রষ্টা স্ফুরৎকুণ্ডলমণ্ডিতাননং ॥ ৪৮ ॥

অন্বয়ঃ।

জগতঃ শোকহর্ত্তা ॥ ৪৭ ॥

কিঞ্চ তব পৌত্রঃ অন্তঃ স্বহৃদয়কমলমধ্যে, বহিঃ চ সর্ব্বত্র অমলং অজ্ঞত্ববৈষম্যাদি-দোষরহিতং, অঞ্জনেত্রং দৃষ্ট্যৈব সংসার-তাপনাশনং, স্বপুরুষেচ্ছানুগৃহীতরূপং (স্বপুরুষাণাং স্বভক্তানাং ইচ্ছানুরূপং গৃহীতং রূপং যেন তং) স্ফুরৎকুণ্ডলমণ্ডিতাননং (স্ফুরন্তৌ যে কুণ্ডলে তাভ্যাং মণ্ডিতং ভূষিতং আননং যস্য তং) শ্রীললনাললামং (শ্রীঃ লক্ষ্মীরেব ললনা সুন্দরী তস্যাঃ ললামং ভর্ত্তানাং পরং নার্য্যা ভূষণাদপি ভূষণমিতি বাক্যাদ্ভূষণরূপং পতিং বিষ্ণুং) দ্রষ্টা দ্রক্ষ্যতি ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী।

জাতঃ শক্রর্যস্য। নিদাঘভবং তাপং চন্দ্রো যথা হরতি এবং জগতঃ শোকহর্ত্তা ভবিষ্যতি ॥ ৪৭ ॥

অপরিচ্ছিন্নদৃষ্টিত্বমাহ অন্তরিতি। স্বপুরুষাণামিচ্ছয়া পুনঃ পুন র্গৃহীতানি রূপাণি যেন। শ্রীরেব ললনা সুন্দরী তস্যা ললামং মণ্ডনং দ্রষ্টা দ্রক্ষ্যতি ॥ ৪৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সম্পত্ত্যা পরেষু দুঃখিতেষু সৎসু নিদাঘভবং তাপং চন্দ্রো যথা তথা জগতঃ শোকহর্ত্তা ভবিষ্যতি ॥ ৪৭ ॥

অন্তরন্তঃকরণে ধ্যানেন বহিঃ সাক্ষাল্লেত্রাভ্যাঞ্চ পৌত্রঃ প্রহ্লাদো দ্রষ্টা দ্রক্ষ্যতি। শ্রীরেব ললনা কান্তা তস্যা ললামং মণ্ডনরূপং ॥ ৪৮ ॥

তোমার পৌত্রও সেইরূপ জীবসমূহের ক্লেশ নিবারণ করিবেন ॥ ৪৭ ॥

যে পদ্ম-পলাশ-লোচন বাসুদেব কেবল করুণাপূর্ণ দৃষ্টির সংযোগেই সংসারের তাপ নিবারণ করেন এবং ভক্তের বাসনা অনুসারে বিগ্রহ ধারণে অবনীতলে অবতীর্ণ হন, স্বয়ং লক্ষ্মী যাঁহাকে পতিরূপে প্রাপ্ত হইয়া আভরণবতী হইয়াছেন, সেই জনার্দ্দন নারায়ণকে তোমার পৌত্র অন্তরে ও বাহিরে সর্ব্বত্র বিরাজমান নিরীক্ষণ করিবেন ॥ ৪৮ ॥

আভাস।

অধ্যায়ের সমাপ্তি পর্য্যন্ত গ্রন্থকার প্রহ্লাদের গুণগ্রাম ও তাঁহার প্রতি ভগবানের অনুগ্রহেরই পরিচয় প্রদান করিয়াছেন। প্রহ্লাদের চরিত্র এতই প্রশংসনীয় যে, সাধুগণ অনেক যোগাদি নিয়ম অবলম্বনেও তাঁহার অনুকরণে সমর্থ হইতে পারেন নাই। তিনি ভগবানের অতি প্রিয় ভক্ত; সুতরাং তাঁহার প্রতি ভগবানের যেমন দয়া, ভগবৎসৃষ্ট সমগ্র ব্রহ্মাণ্ডও প্রহ্লাদের অনুকূলে সেইরূপ প্রীতি প্রদর্শন করিবে, ইহাও কশ্যপের বক্তব্য। প্রহ্লাদ

মৈত্রেয় উবাচ ॥

শ্রুত্বা ভাগবতং পৌত্রমমোদত দিতি র্ভৃশং।
পুত্রয়োশ্চ বধং কৃষ্ণাদ্বিদিত্বাসীন্মহামনাঃ ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে বিদুরমৈত্রেয়সম্বাদে দিতিগর্ভাধানং চতুর্দ্দশোঽধ্যায়ঃ ॥ * ॥ ১৪ ॥ * ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। ভাগবতং পৌত্রং (জনিষ্যমানং) শ্রুত্বা দিতিঃ ভৃশং অত্যন্ত আমোদত জহর্ষ তথা কৃষ্ণাৎ (স্বস্য) পুত্রয়োঃ বধং চ বিদিত্বা (তেন সহ যুদ্ধেন মরণে কীর্ত্তিসদ্গত্যোঃ অবশ্যম্ভাবাৎ) মহামনাঃ মহোৎসবচিত্তা আসীৎ ॥ ৪৯ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে চতুর্দ্দশোঽধ্যায়ঃ সমাপ্তঃ ॥

শ্রীধরস্বামী।

মহামনা মহোৎসাহচিত্তা; হরিণা সহ যুদ্ধেন মরণে, পুত্রয়োঃ কীর্ত্তিঃ সদ্গতিশ্চ ভবেদিতি ॥ ৪৯ ॥

॥ * ॥ * ইতি তৃতীয়ে চতুর্দ্দশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভৃশং অমোদত। হন্ত হন্ত মদ্বিকর্ম্মাপি সৎকর্ম্মশিরোমণি দুর্ল্লভং ফলং ধ্যাস্যতীত্যহো মে ভাগ্যমিত্যাননন্দ। মহামনাঃ পুত্রয়োর্মে সৎকীর্ত্তি সদ্গতী ভবিষ্যত ইতি সোৎসাহচিত্তাঃ ॥ ৪৯ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হরিণ্যাং ভক্তচেতসাং।
চতুর্দ্দশস্তৃতীয়স্য সঙ্গতঃ সদ্ভিঃ সতাং ॥ * ॥

মৈত্রেয় বলিলেন, দেখ বিদুর! দিতি কশ্যপ-মুখে আপনার এক জন পরম ভাগবত পৌত্র জন্মিবে, শুনিয়া যেমন আনন্দিত হইয়াছিলেন, আবার নিজ পুত্রদ্বয়ের বিষ্ণুহস্তে নিধন হইবে শুনিয়াও সেইরূপই হৃষ্টচিত্ত হইয়াছিলেন। তিনি ভাবিলেন, বিষ্ণুর সহিত যুদ্ধে যদিও পুত্রদ্বয় নিহত হইবে, তথাপি তাহাদিগের যে সদ্গতি হইবে, তাহাতে আর সন্দেহ নাই ॥ ৪৯ ॥

ইতি তৃতীয়ে চতুর্দ্দশ অধ্যায়ের অনুবাদ সমাপ্ত ॥

আভাস।

জগৎপতি জনার্দ্দন বিষ্ণুকে কেবল ভক্তির আকর্ষণে হৃদয়-মন্দিরে সমাসীন করত এই অসার মায়াময় দেহ পরিত্যাগ করিবেন, ইহাও কশ্যপের বর্ণনীয় ॥ ৪৮—৪৯ ॥

ইতি তৃতীয় স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত চতুর্দ্দশ অধ্যায়ের আভাস সমাপ্ত ॥

মৈত্রেয় উবাচ ॥

প্রাজাপত্যং হি তত্তেজঃ পরতেজোহনং দিতিঃ।
দধার বর্ষাণি শতং শঙ্কমানা সুরার্দ্দনাৎ ॥ ১ ॥
লোকে তেনাহতালোকে লোকপালা হতৌজসঃ।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। সুরার্দ্দনাৎ (সুরাণাং অর্দ্দনং পীড়নং তস্মাৎ) শঙ্কমানা দিতিঃ পরতেজোহনং (পরেষাং দেবাদীনাং তেজো হন্তীতি) তৎ প্রাজাপত্যং (প্রজাপতিনা কশ্যপেন ধৃতং) হি তেজঃ শতং বর্ষাণি মনুষ্যমানেন বর্ষশতং (উদরে) দধার ॥ ১ ॥

তেন গর্ভস্থতেজসা, লোকে আহতালোকে (আহতঃ নিরস্তঃ আলোকঃ সূর্য্যাদি-

শ্রীধরস্বামী।

হতপ্রভৈঃ সুরৈঃ স্পৃষ্টঃ প্রাহ পঞ্চদশে বিধিঃ।
তদ্বীজং বিপ্রশাপাদি বৈকুণ্ঠে বিষ্ণুভৃত্যয়োঃ ॥ * ॥

তদেবং দেবানাং ব্রহ্মণশ্চ সম্বাদপ্রস্তাবমুক্ত্বা ইদানীং তং সম্বাদং বক্তুমাহ প্রাজাপত্যং কাশ্যপং তেজো বীর্য্যং পরেষাং তেজো হন্তীতি তথা আর্ষং স্বপুত্রাভ্যাং করিষ্যতে যৎ সুরাণামর্দ্দনং পীড়নং তস্মাচ্ছঙ্কমানা ॥ ১ ॥

তেন গর্ভতেজসা আহতা লোকে নিরস্তসূর্য্যাদিপ্রকাশে। হতৌজসঃ হতপ্রভাবাঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সুরৈঃ পৃষ্টো বিধিস্তত্ত্বং বক্তুং দিতিতনূজয়োঃ।
শাপাৎ পঞ্চদশে বিষ্ণুপার্ষদোর্ব্বিপ্রতোহভ্যধাৎ ॥ * ॥

ততো দিতের্গর্ভস্য কা বার্ত্তেত্যপেক্ষায়ামাহ। প্রাজাপত্যং প্রজাপতেঃ কশ্যপস্য সম্বন্ধি। পরেষাং তেজো হন্তীতি তথা তৎ পচাদ্যচ্। সুরাণামর্দ্দনং পীড়নং তস্মাৎ শঙ্কমানা অসুরার্দ্দনাদ্বিষ্ণোরিতি বা তদ্ধস্ততো মৃত্যুশ্রবণাৎ ॥ ১ ॥

মৈত্রেয় ঋষি বলিলেন, কশ্যপ-বনিতা দিতি ভর্তৃমুখে স্বকীয় গর্ভের অতুল দেবদ্রোহিতা ও সামর্থ্যের পরিচয় শ্রবণ করিয়া মনে মনে নিতান্তই চিন্তিতা হইলেন এবং কশ্যপ-প্রদত্ত স্বগর্ভকে মনুষ্যপরিমাণে শত বৎসর উদরে ধারণ করিলেন ॥ ১ ॥

এদিকে সেই গর্ভের তেজঃ ক্রমশঃ এতই পরিবর্দ্ধিত হইতে লাগিল যে,

আভাস।

পঞ্চদশ অধ্যায়ে লোকপালাদি অমরগণ কশ্যপ-কামিনী দিতির গর্ভতেজে দশদিক্ সমাচ্ছন্ন নিরীক্ষণ করিয়া অতিমাত্র ভীত হইলেন এবং আপাতত রক্ষার বাসনায় কমলযোনি ব্রহ্মাকে স্তব করিয়া, তাঁহার শরণাপন্ন হন, ইহাই বর্ণিত হইয়াছে ॥

ন্যবেদয়ন্ বিশ্বসৃজে ধ্বান্তব্যতিকরং দিশাং ॥ ২ ॥

দেবা ঊচুঃ ॥

তব এতদ্বিভো বেত্থ সম্বিগ্না যদ্বয়ং ভৃশং।

ন হ্যব্যক্তং ভগবতঃ কালেনাস্পৃষ্টবর্ত্মনঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

প্রকাশঃ যস্মিন্ তথাভূতে সতি) লোকপালাঃ ইন্দ্রাদয়ঃ হতৌজসঃ হতপৌরুষাঃ সন্তঃ দিশাং ধ্বান্তব্যতিকরং (ধ্বান্তেন তমসা ব্যতিকরং সঙ্করং ইয়ং পশ্চিমা ইয়ং পূর্ব্বা ইতি বিবেকাভাবং) বিশ্বসৃজে ব্রহ্মণে ন্যবেদয়ন্ বিজ্ঞাপয়ামাসুঃ ॥ ২ ॥

দেবাঃ ঊচুঃ। হে বিভো! হে সর্ব্বজ্ঞ! (যতঃ) কালেনাস্পৃষ্টবর্ত্মনঃ (কালেন অস্পৃষ্টং অনভিভূতং বর্ত্ম জ্ঞানমার্গভূতং অন্তঃকরণং যস্য তস্য) ভগবতঃ তব নহি (কিঞ্চিৎ) অব্যক্তং (অতঃ) এতৎ তমঃ ত্বং বেত্থ অনুসন্ধৎসে কিং? যৎ যস্মাৎ বয়ং ভৃশং অত্যন্তং সম্বিগ্নাঃ ভীতাঃ স্মঃ ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

ধ্বান্তেন ব্যতিকরং সঙ্করং ॥ ২ ॥

বেত্থ জানাসি? যৎ যতো বয়ং সম্বিগ্না ভীতা. অব্যক্তং অজ্ঞাতং ন স্পৃষ্টং বর্ত্ম জ্ঞান প্রচারো যস্য ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেন গর্ভতেজসা হতালোকে আহতালোক ইতিচ পাঠঃ। ব্যতিকরং ব্যাপ্তিং ॥ ২ ॥

বেত্থ জানাস্যেব যতো ভগবতঃ সর্ব্বজ্ঞস্য তব কালেনালুপ্তজ্ঞানমার্গস্য ॥ ৩ ॥

তদ্দ্বারা চন্দ্র সূর্য্যাদি জ্যোতিষ্কগণও ম্লান হইয়া পড়িল এবং লোক ও লোকপালগণ ঐশ্বর্য্যশূন্যের ন্যায় পরিলক্ষিত হইতে লাগিল। তখন লোকপালগণ অন্ধকারাচ্ছন্ন ভুবনের দিক্ নিরূপণেও অসমর্থ হইয়া কিংকর্ত্তব্যবিমূঢ়ের ন্যায় ব্রহ্মার সমীপে উপস্থিত হইলেন এবং আত্মবেদন নিবেদন করিলেন ॥ ২ ॥

দেবতাগণ বলিলেন, হে সর্ব্বশক্তিমান্ দেব কমলাসন! অনন্তকালের অনন্ত গতিতেও আপনার জ্ঞানশক্তির হ্রাস বা অপলোপ হয় না; কিন্তু এই যে ভয়ঙ্কর তমোপ্রভাবে আমরা নিতান্ত উৎকণ্ঠিত হইতেছি, আপনি কি ইহার কিছু তত্ত্ব অনুসন্ধান করিয়াছেন? ॥ ৩ ॥

আভাস।

উপর্য্যুপরি সাতটী শ্লোকে তাঁহাদের স্তব আলোচিত হইয়াছে। তাঁহারা ব্রহ্মাকে লোকনাথ-শিখামণে ও ভাববিদ্ বলিয়া সম্বোধন করত আপনাদের বিপদের কারণ ও

দেবদেব জগদ্ধাতর্লোকনাথশিখামণে।
পরেষামপরেষাং ত্বং ভূতানামসি ভাববিৎ ॥ ৪ ॥
নমো বিজ্ঞানবীর্য্যায় মায়য়েদমুপেয়ুষে।
গৃহীতগুণভেদায় নমস্তেঽব্যক্তযোনয়ে ॥ ৫ ॥

অন্বয়ঃ।

হে লোকনাথশিখামণে জগদ্ধাতর্ দেবদেব! পরেষাং উৎকৃষ্টানাং বা অপরেষাং অর্ব্বাচীনানাং নিকৃষ্টানাং সর্ব্বেষাং ভূতানাং ত্বং ভাববিৎ অভিপ্রায়জ্ঞঃ অসি ॥ ৪ ॥

নমঃ বিজ্ঞানবীর্য্যায় (বিজ্ঞানং চিচ্ছক্তিরের বীর্য্যং বলং যস্য তস্মৈ) অব্যক্তযোনয়ে (অব্যক্তা যোনিঃ কারণং যস্য তস্মৈ বা অব্যক্তস্য প্রপঞ্চস্য যোনিঃ কারণং তস্মৈ) গৃহীত-গুণভেদায় (গৃহীতঃ গুণভেদো রজোগুণঃ যেন তস্মৈ) মায়য়া স্বেচ্ছয়া এব ইদং স্বরূপং উপেয়ুষে গৃহীতবতে তে তুভ্যং নমঃ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

ব্রহ্মাণং পরমেশ্বরত্বেন স্তবন্তঃ প্রার্থয়ন্তে দেবদেবেতি সপ্তভিঃ। লোকনাথানাং শিখামণে। ভাববিৎ অভিপ্রায়জ্ঞোঽসি। কেনাভিপ্রায়েণ দিতের্গর্ভো বর্দ্ধতে ইতি জানাসীত্যর্থঃ ॥ ৪ ॥

বিজ্ঞানং বীর্য্যং বলং যস্য ইদং ব্রহ্মদেহমুপেয়ুষে প্রাপ্তবতে গৃহীতো গুণভেদো রজো গুণো যেন ব্যক্তস্য প্রপঞ্চস্য যোনয়ে কারণায়। ন ব্যক্তা কেনাপি প্রমাণেন বিজ্ঞাতা যোনি র্যস্যেতি বা ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোকনাথানামিন্দ্রাদীনাং শিখামণে ॥ ৪ ॥

ইদং ব্রহ্মদেহং উপেয়ুষে প্রাপ্তবতে। গুণভেদো রজঃ। অব্যক্তঃ পরমেশ্বর এব যোনিঃ কারণং যস্য তস্মৈ ॥ ৫ ॥

হে দেবদেব! বিধাত! লোকপালগণের শ্রেষ্ঠ এবং উৎকৃষ্ট বা অপকৃষ্ট যে কোন ভূত এই সৃষ্ট সংসারে বিদ্যমান আছে সকলেরই আভ্যন্তরিক ভাব আপনি অবগত আছেন ॥ ৪ ॥

আপনাতে বিজ্ঞানরূপ চৈতন্যশক্তির ইয়ত্তা নাই; আপনি অব্যক্তস্বরূপ হইতে আবির্ভূত হইয়া, এই পরিদৃশ্যমান প্রপঞ্চ ব্রহ্মাণ্ড প্রকাশ করিয়াছেন। স্বসৃষ্ট রজোগুণ পরিগ্রহে যে বিগ্রহ ধারণ করিয়াছেন, তাহাও আপনার ইচ্ছার পরিচয় মাত্র; আপনাকে প্রণাম করি ॥ ৫ ॥

আভাস।

তাহা হইতে অব্যাহতির প্রত্যাশা জিজ্ঞাসা করিয়াছেন। অর্থাৎ ভুবনপালক যে যতই থাকুন, ব্রহ্মা সকলের শ্রেষ্ঠ ও সৃষ্টিকর্ত্তা; সুতরাং সম্পদ্ ও বিপদ্ উভয়ই যখন তাঁহার পর্য্যবেক্ষণে

যে ত্বানন্যেন ভাবেন ভাবয়ন্ত্যাত্মভাবনং।
আত্মনি প্রোতভুবনং পরং সদসদাত্মকং ॥ ৬ ॥

অন্বয়ঃ।

যে জনাঃ আত্মনি এব প্রোতভুবনং (প্রোতানি রচনয়া সন্দর্ভিতানি ভুবনানি যেন তং) পরং প্রপঞ্চাতীতং সদসদাত্মকং কার্য্যকারণাত্মকং আত্মভাবনং (আত্মনঃ জীবান্ ভাবয়তীতি তথা) ত্বা ত্বাং অনন্যেন নিষ্কামেণ ভাবেন ভক্ত্যা, ভাবয়ন্তি ধ্যায়ন্তি ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

সকামতয়া প্রতিক্ষণং দুঃখমনুভবন্তো নিষ্কামভক্তান্ স্তুবন্ত আহ দ্বাভ্যাং যে ত্বা ত্বাং অনন্যেন নিষ্কামেণ ভাবেন ভক্ত্যা ধ্যায়ন্তি। আত্মনো জীবান্ ভাবয়তীতি তথা। স্বস্মিন্ প্রোতানি গ্রথিতানি ভুবনানি যেন চেতনাচেতনপ্রপঞ্চকারণমিত্যর্থঃ। তত্র হেতুঃ সদসদাত্মকং কার্য্যকারণরূপং বস্তুতস্তাভ্যাং পরং ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদপি অনন্যেন পরমেশ্বরাদভিন্নেন ভাবেন যে হিরণ্যগর্ভোপাসকাঃ। যদ্বা। অনন্যেন নিষ্কামেণ ভাবেন ভক্ত্যা ভাবয়ন্তি ধ্যায়ন্তি আত্মনো জীবান্ ভাবয়তি সৃজতীতি

হে বিভো! এই সমগ্র ভুবন আপনাতে রচিত; আপনিই ইহার কারণ ও কার্য্যস্বরূপ; অথচ আপনি প্রপঞ্চের অতীত। জীব সমূহকে আপনিই পরিবর্দ্ধিত করিতেছেন। যে সকল বুদ্ধিমান্ ব্যক্তি সর্ব্বপোষণকারী আপনাকে নিষ্কাম ভক্তিসহকারে ধ্যান করিয়া থাকেন ॥ ৬ ॥

আভাস।

সমুৎপন্ন এবং উৎপন্ন হইবার হেতুও তাঁহার হৃদয়েই অব্যক্ত ভাবে নিহিত রহিয়াছে, তিনি সর্ব্ব কার্য্যের যথার্থ অভিপ্রায়জ্ঞ ভাববিদ্, তখন এই প্রচণ্ড তেজের হেতু ও তন্নিবারণোপায় সমস্তই তিনি অবগত আছেন; সে বিষয়ে আর সন্দেহ নাই ॥ ৩ ॥ ৪ ॥

ব্রহ্মার স্বরূপ কীর্ত্তনার্থ "বিজ্ঞানবীর্য্যায়" শব্দ প্রয়োগ করা হইয়াছে। অর্থাৎ বিজ্ঞানস্বরূপ চিচ্ছক্তির বিলাসই তাঁহার বীর্য্য ও বল; এবং বিশিষ্ট রজোগুণের বিকাশই তাঁহার কলেবর। এতদ্দ্বারা প্রকাশ করা হইল যে, চিদানন্দময় নিষ্ক্রিয় পরম ব্রহ্মভাবের অব্যবহিত স্তরই ব্রহ্মার স্বরূপ। যেমন মহাকাশের অব্যবহিত পরবর্ত্তীই আকাশাকার বা আকাশপ্রতিবিম্বিত কুজ্ঝটিকা প্রথমত আকাশেই অবস্থিত থাকিয়া ক্রমশ পরস্পরের সমবায়ে তুষার, মেঘ, স্থূল জলকণা ও শিলাতে পরিণত হইয়া পৃথিবীতে পতিত হয়, সেইরূপ অবিক্ষোভিত চিদানন্দস্বরূপে "বহুস্যাম্ প্রজায়েয়" আমি বহু হইব, এই চিদ্বৃত্তির বিকাসে তদনুরূপ স্তরত্রয়ে বৈষম্যপ্রাপ্তি ঘটে। এই চিদ্বিলাসই ব্রহ্মার স্বরূপ। তাদৃশ নিষ্ক্রিয় ব্রহ্মস্বরূপে "অহম" বৃত্তিবিলাসের সমকালে বা পরে নিষ্ক্রিয়ভাব

তেষাং সুপক্বযোগানাং জিতশ্বাসেন্দ্রিয়াত্মনাং।
লব্ধযুষ্মৎপ্রসাদানাং ন কুতশ্চিৎ পরাভবঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

জিতশ্বাসেন্দ্রিয়াত্মনাং (জিতঃ শ্বাসঃ প্রাণঃ ইন্দ্রিয়াণি আত্মা অন্তঃকরণং চ যৈঃ তেষাং) সুপক্বযোগানাং সুনিষ্পন্নভক্তিযোগানাং অতএব লব্ধযুষ্মৎপ্রসাদানাং (লব্ধঃ যুষ্মাকং প্রসাদঃ যৈঃ তেষাং) তেষাং ভক্তানাং ন কুতশ্চিৎ পরাভবঃ (ভবতি) ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

জিতঃ শ্বাস ইন্দ্রিয়াণি আত্মা মনশ্চ যৈঃ অতঃ সুপক্বযোগানাং অতএব প্রাপ্তা যুষ্মৎপ্রসাদা যৈ স্তেষাং ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তথা। সমষ্টিত্বাদাত্মনি স্বস্মিন্ প্রোতানি গ্রথিতানি ভুবনানি যেন তং। অতঃ সন্তোঽসন্তশ্চ আত্মনো দেবাসুরাদ্যা জীবা যস্মিং স্তং ॥ ৬। ৭ ॥

প্রাণায়ামাদির দ্বারা জিতেন্দ্রিয় শান্তচিত্ত তাদৃশ যোগিগণ আপনার প্রসন্নতা প্রাপ্তে কৃতার্থ হন; এবং সেই সমস্ত ভক্তের কখন কোথায়ও পরাভব হয় না ॥ ৭ ॥

আভাস।

বলিয়া স্বীকার করা যায় না; সুতরাং পরম ব্রহ্মের পরিণাম স্বীকার করিতে হয়; কিন্তু ইহা অপসিদ্ধান্ত। তবে যেমন মহাকাশের কোথায়ও বা মেঘের উদয়ে তত্রত্য আকাশের পরিণামের ন্যায় প্রতীত হইলেও, মেঘাপগমে আর সে পরিণাম-ভাব থাকে না, সেইরূপ সর্ব্বব্যাপী পরমানন্দ চৈতন্যস্বরূপের যে অংশে, সমুদ্র-স্রোতের ন্যায়, বায়ুর বেগের ন্যায় এবং হুতাশনের অর্চ্চির ন্যায়, চিদ্বৃত্তির বিলাস ঘটিয়া সংসার উৎপাদন করে, সেই বৃত্তিবিলাসই ব্রহ্মার স্বরূপ; এবং চিদ্বিলাসে জগদ্বিলসনকারী যে রজোভাব, তাহাই ব্রহ্মার দেহ। রজোগুণের প্রেরণায় সত্ত্ব ও তমোগুণ হইতে যখন এই প্রপঞ্চ উৎপন্ন হইয়াছে, তখন ব্রহ্মাই প্রপঞ্চের সৃষ্টিকর্ত্তা; কিন্তু কোন্ সূত্র অবলম্বনে পরমব্রহ্মে "বহু স্যাম্" এই বৃত্তির যে উদ্রেক হইল, তাহা নিরূপণ করা যায় না; তখন ব্রহ্মার উৎপত্তির নিমিত্ত-কারণ কিছুতেই নির্ণীত হয় না; এখানে ভগবদিচ্ছা বলিয়াই নিরস্ত থাকা কর্ত্তব্য। যাহারা সুখপ্রাপ্তির বাসনায় এক একটী বিভূতির প্রতি লক্ষ্য করিয়া তাদৃশ ঐশ্বর্য্যবান্ ভগবানকে ভজনা করে, তাহারা ভেদজ্ঞান বশত পরিণামে দুঃখই প্রাপ্ত হয়, সন্দেহ নাই। কিন্তু যাহারা অহৈতুকী ভক্তি সহকারে ও নিরাকাঙ্ক্ষ ভাবে নিরঞ্জন নিরুপাধি পরম পুরুষকে ভজনা করে, তাহাদের নিরুপাধি আনন্দ লাভ হয়, সন্দেহ নাই ॥ ৫।৬।৭ ॥

ভগবদ্ভক্ত ব্যতীত সকলেই কর্ম্মের অধীন। উষ্ট্র বা বৃষভাদি ভারবাহী জন্তুগণ যেমন পৃষ্ঠদেশে প্রভুর পণ্যভার গ্রহণ করত রজ্জুদ্বারা নাসিকায় আবদ্ধ হইয়া, অবশ ভাবে

যস্য বাচা প্রজাঃ সর্ব্বা গাব স্তন্ত্যেব যন্ত্রিতাঃ।
হরন্তি বলিমায়ত্তা স্তস্মৈ মুখ্যায় তে নমঃ ॥ ৮ ॥
স ত্বং বিধৎস্ব শং ভূমন্ লোকানাং লুপ্তকর্ম্মণাং।
অদভ্রদয়য়া দৃষ্ট্যা আপন্নানর্হসীক্ষিতুং ॥ ৯ ॥

অন্বয়ঃ।

তস্য তব বাচা (বেদলক্ষণয়া) তন্ত্যা দামন্যা, যন্ত্রিতাঃ (নাসিকায়াং নিবদ্ধাঃ) গাবঃ বৃষভাঃ ইব আয়ত্তাঃ সাবধানাঃ, সর্ব্বাঃ বর্ণাশ্রমাধিকারযুক্তাঃ প্রজাঃ বলিং হরন্তি (স্বাধিকারানুরূপাণি কর্ম্মাণি কুর্ব্বন্তি) তস্মৈ মুখ্যায় শ্রেষ্ঠায়, তে তুভ্যং নমঃ ॥ ৮ ॥

হে ভূমন্! সঃ ভগবান্ ত্বং লুপ্তকর্ম্মণাং (লুপ্তানি কর্ম্মাণি যেষাং তেষাং) লোকানাং শং কল্যাণং, বিধৎস্ব কুরু; অদভ্রদয়য়া (অদভ্রা অনল্পা দয়া যস্যাং তয়া দৃষ্ট্যা আপন্নান্ শরণমাগতান্ বা আপদ্গতান্ অস্মান্ ঈক্ষিতুং অর্হসি ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

অন্যেতু নিত্যং কর্ম্মক্লেশিন ইত্যাহুঃ যস্যেতি। তন্ত্যা দামন্যা আয়ত্তা অধীনাঃ। মুখ্যায় নিয়ন্ত্রে। প্রাণরূপায় ইতি বা তথাচ শ্রুতিঃ। যস্য বাক্‌তন্তি র্নামানি দামানীত্যাদি ॥ ৮ ॥

তমসা অহোরাত্র-বিভাগাভাবেন লুপ্তানি কর্ম্মাণি যেষাং আপন্নান্ আপদ্গতানস্মান্ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাচা বেদলক্ষণয়া। তথাচ শ্রুতিঃ। তস্য বাক্ তন্তির্নামানি দামানীত্যাদি ॥ ৮ ॥

তমসা অহোরাত্রবিভাগাভাবেন। আপন্নান্ অস্মান্। অদভ্রদয়য়া অনল্পকৃপয়া ॥ ৯ ॥

হে প্রভো! আপনার বাণীই জগতে বেদনামে বিখ্যাত। বৃষভগণ যেমন রজ্জুবদ্ধ হইয়া প্রভুর ভার বহন করিয়া থাকে, সেইরূপ বর্ণাশ্রমবিশিষ্ট যাবতীয় প্রজা উক্ত বেদবাক্যে আবদ্ধ হইয়া, অতি সাবধানে স্ব স্ব অধিকারানুরূপ কর্ম্মের অনুষ্ঠান করত যাঁহার উদ্দেশে উপহার প্রদান করিতেছে, সেই সর্ব্বশ্রেষ্ঠ আপনাকে প্রণাম করি! ॥ ৮ ॥

হে সর্ব্বশ্রেষ্ঠ ভগবন্! এই আলোকহীন কর্ম্মশূন্য ভুবন সমূহের মঙ্গল বিধান করুন! আমরা সাতিশয় বিপন্ন হইয়াছি! আপনার অপার কৃপাদৃষ্টির প্রয়োগে আমাদের প্রতি নিরীক্ষণ করুন! ॥ ৯ ॥

আভাস।

গমন করে, সেইরূপ ভোগাসক্ত জ্ঞানহীন অভক্ত কর্ম্মী মানব বেদ-বাক্যরূপ দামে নিবদ্ধ হইয়া, পূর্ব্বসংস্কারানুরূপ কর্ম্মপাশে বদ্ধ থাকিয়া এই ঘোর সংসার-প্রান্তরে জন্মজন্মান্তর বিচরণ করে ॥ ৮ ॥

এষ দেব দিতে গর্ভ ওজঃ কাশ্যপমর্পিতং।
দিশস্তিমিরয়ন্ সর্ব্বা এধতেঽগ্নিরিবৈধসি ॥ ১০ ॥
মৈত্রেয় উবাচ ॥
স প্রহস্য মহাবাহো ভগবাঞ্ছব্দগোচরঃ।
প্রত্যাচষ্টাত্মভূ র্দেবান্ প্রীণন্ রুচিরয়া গিরা ॥ ১১ ॥
ব্রহ্মোবাচ ॥
মানসা মে সুতা যুয়ং পূর্ব্বজাঃ সনকাদয়ঃ।

অন্বয়ঃ।

হে দেব! কাশ্যপং কশ্যপ-সম্বন্ধীয়ং, (তেনৈব) অর্পিতং ওজঃ বীর্য্যং, এষঃ দিতেঃ গর্ভঃ সর্ব্বাঃ দিশঃ তিমিরয়ন্ (তমোব্যাপ্তাঃ কুর্ব্বন্) এধসি শুষ্কে কাষ্ঠে, অগ্নিঃ ইব এধতে বর্দ্ধতে ॥ ১০ ॥

মৈত্রেয়ঃ উবাচ। হে মহাবাহো! শব্দগোচরঃ দেবাদিপ্রশ্নগোচরঃ সঃ ভগবান্ আত্মভূঃ ব্রহ্মা, প্রহস্য রুচিরয়া গিরা দেবান্ প্রীণন্ সন্তোষয়ন্, প্রত্যাচষ্ট প্রত্যভাষত ॥ ১১ ॥

ব্রহ্মা উবাচ। যুয়ং (সকাশাৎ) পূর্ব্বজাঃ পূর্ব্বং জাতাঃ মানসাঃ সংকল্প-মাত্রেণ উৎপন্নাঃ

শ্রীধরস্বামী।

আপৎকারণমাহঃ এবং গর্ভস্তস্য বিশেষণং অর্পিতং নিক্ষিপ্তং কাশ্যপমোজো বীর্য্যং দিশস্তিমিরয়ন্ তমোব্যাপ্তাঃ কুর্ব্বন্ ॥ ১০ ॥

দিতেঃ কুচেষ্টিতং জ্ঞাত্বা প্রহস্য দেবানাং যে শব্দা বিজ্ঞপ্তিবাক্যানি তেষাং গোচরো বিষয়ভূতঃ প্রত্যভাষত ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু বিশেষবার্ত্তাং ব্রূতেতি তত্রাহঃ। কাশ্যপমোজো বীর্য্যং অর্পিতং সৎ দিতের্গর্ভঃ ॥ ১০ ॥

অহো অজ্ঞা মামেবং স্তবন্তি এতদ্বিপত্তিত্রাণে কোঽহং বরাক ইতি বুদ্ধ্যা বালান্ প্রতীব প্রহস্য। শব্দা দেবানাং বিজ্ঞপ্তিবাক্যানি তেষাং গোচরঃ বিষয়ঃ ॥ ১১ ॥

হে দেব! দিতির এই গর্ভ কোন অংশে সামান্য নহে; ইহা কশ্যপ প্রদত্ত বীর্য্য দিতিগর্ভে ন্যস্ত হইয়া শুষ্ককাষ্ঠে সন্নিহিত হুতাশনের ন্যায় দিগ্‌দিগন্ত অন্ধকারে আচ্ছন্ন করত সম্যক্ পরিবর্দ্ধিত হইতেছে ॥ ১০ ॥

মৈত্রেয় মুনি বিদুরকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে মহাবাহো! দেবতাগণ ভগবানকে এইরূপ জিজ্ঞাসা করিলে, কমলাসন হাস্য করত মধুর বচনে তাঁহাদিগকে সান্ত্বনা করিয়া বলিলেন ॥ ১১ ॥

হে দেবগণ! তোমাদের জন্মাইবার পূর্ব্বে আমার সংকল্পমাত্রে সনকাদি

চেরু র্বিহায়সা লোকান্ লোকেষু বিগতস্পৃহাঃ ॥ ১২ ॥
ত একদা ভগবতো বৈকুণ্ঠস্যামলাত্মনঃ।
যযু র্বৈকুণ্ঠনিলয়ং সর্ব্বলোক-নমস্কৃতং ॥ ১৩ ॥
বসন্তি যত্র পুরুষাঃ সর্ব্বে বৈকুণ্ঠমূর্ত্তয়ঃ।
যেঽনিমিত্ত-নিমিত্তেন ধর্ম্মেণারাধয়ন্ হরিং ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

সনকাদয়ঃ যে সুতাঃ লোকেষু জনেষু বিগতস্পৃহাঃ প্রয়োজন-রহিতাঃ এব লোকান্ সর্ব্বান্ বিহায়সা আকাশপথেন চেরুঃ ॥ ১২ ॥

একদা তে অমলাত্মনঃ কামক্রোধাদিদোষরহিতস্য, ভগবতঃ বৈকুণ্ঠস্য বিষ্ণোঃ সর্ব্বলোকনমস্কৃতং বৈকুণ্ঠনিলয়ং বৈকুণ্ঠাখ্যং নিলয়ং স্থানং যযুঃ ॥ ১৩ ॥

বৈকুণ্ঠমূর্ত্তয়ঃ (বৈকুণ্ঠস্য ভগবতঃ ইব মূর্ত্তি র্যেষাং তে) সর্ব্বে যে পুরুষাঃ অনিমিত্ত-নিমিত্তেন (ন নিমিত্তং ফলং নিমিত্তং প্রবর্ত্তকং যস্মিন্ তেন নিষ্কামেণ) ধর্ম্মেণ হরিং আরাধয়ন্ যত্র বৈকুণ্ঠে বসন্তি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

যুষ্মৎ সকাশাৎ পূর্ব্বং জাতাঃ ॥ ১২ ॥

বৈকুণ্ঠাখ্যং লোকং যযুঃ ॥ ১৩ ॥

তং বর্ণয়তি বসন্তীত্যাদি দ্বাদশভিঃ। বৈকুণ্ঠস্য হরেরিব মূর্ত্তির্যেষাং তে। নিমিত্তং ফলং ন নিমিত্তং প্রবর্ত্তকং যস্মিন্ নিষ্কামেণ ধর্ম্মেণেত্যর্থঃ। আরাধয়ন্ আরাধিতবন্তঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতদ্বিপৎকারণবতীং প্রাচীনামদ্ভুতাং কথাং তাবৎ শৃণুতেত্যাহ মানসা ইতি ॥ ১২ ॥

অমলাঃ শুদ্ধা ভবন্ত্যাত্মনোঽন্তঃকরণানি যতস্তস্য ॥ ১৩ ॥

বৈকুণ্ঠমূর্ত্তয়ঃ ভগবৎসারূপ্যবন্তঃ। অনিমিত্তং স্বপ্রয়োজনাভাব এব নিমিত্তং প্রবর্ত্তকং যস্মিং স্তেন নিষ্কামেণ পরমধর্ম্মেণ ইত্যর্থঃ। আরাধয়ন্ পূর্ব্বমারাধিতবন্তঃ ॥ ১৪ ॥

সাত জন মানস পুত্র জন্ম ধারণ করিয়াছেন। তাঁহারা সম্পূর্ণ বৈরাগ্য অবলম্বনে নিস্পৃহের ন্যায় আকাশ-পথে গমন পূর্ব্বক লোকসমূহে বিচরণ করিতেন ॥ ১২ ॥

একদিন তাঁহারা ভ্রমণ করিতে করিতে অমলাত্মা বৈকুণ্ঠনাথ বিষ্ণুর সর্ব্বলোকৈকপূজ্য বৈকুণ্ঠধামে উপস্থিত হইলেন ॥ ১৩ ॥

সেই বৈকুণ্ঠধামে যে সকল লোক বসতি করেন, তাঁহাদের মূর্ত্তিও বৈকুণ্ঠনাথের সমতুল্য; তাঁহারা তথায় ফলাভিসন্ধি পরিত্যাগ পূর্ব্বক নিষ্কাম ধর্ম্মের অনুষ্ঠানে ভগবান্ হরির আরাধনা করিয়া থাকেন ॥ ১৪ ॥

যত্র চাদ্যঃ পুমানাস্তে ভগবান্ শব্দগোচরঃ।
সত্ত্বং বিষ্টভ্য বিরজং স্বানাং নো মৃড়য়ন্ বৃষঃ ॥ ১৫ ॥
যত্র নৈশ্রেয়সং নাম বনং কামদুঘৈর্দ্রুমৈঃ।
সর্ব্বর্ত্তু শ্রীভির্বিভ্রাজৎ কৈবল্যমিবমূর্ত্তিমৎ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

যত্র বৈকুণ্ঠে শব্দগোচরঃ শাস্ত্রৈকপ্রমাণকঃ ভগবান্ ষড়ৈশ্বর্য্যপূর্ণঃ আদ্যঃ পরমকারণভূতঃ বৃষঃ ভক্তমনোরথপূরকঃ পুমান্ পরমপুরুষঃ বিরজং (রজোগুণেন অননুবিদ্ধং) সত্ত্বং শুদ্ধসত্ত্বময়ীং মূর্ত্তিং বিষ্টভ্য স্বানাং (স্বান্) নঃ অস্মান্ মৃড়য়ন্ সুখয়ন্ আস্তে ॥ ১৫ ॥

যত্র চ সর্ব্বর্ত্তুশ্রীভিঃ (সর্ব্বেষু ঋতুষু শ্রীঃ পুষ্পফলাদিসম্পদ্ যেষাং তৈঃ) কামদুঘৈঃ অভীষ্টবর্ষিভিঃ দ্রুমৈঃ মূর্ত্তিমৎ মূর্ত্তিমন্তং কৈবল্যং মোক্ষং ইব বিভ্রাজং বিশেষেণ ভ্রাজমানং নৈশ্রেয়সং নাম বনং (অস্তি) ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

শব্দগোচরঃ বেদান্তৈকবেদ্যঃ। বিরজং সত্ত্বং মূর্ত্তিং বিষ্টভ্য ধৃত্বা। বৃষো ধর্ম্মমূর্ত্তিঃ স্বানাং স্বান্ ॥ ১৫ ॥

তত্রত্যং বনং বিশিনষ্টি যত্রেতি চতুর্ভিঃ। সর্ব্বেষ্বপি ঋতুষু শ্রীঃ পুষ্পাদিসম্পদ্ যেষাং তৈঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিরজং সত্ত্বং শুদ্ধসত্ত্বং বিষ্টভ্য ধৃত্বা যস্য নামরূপলীলাদিকং সর্ব্বমেব শুদ্ধসত্ত্বমিত্যর্থঃ। স্বানাং স্বান্। বৃষঃ সাক্ষাৎ পরমধর্ম্মরূপঃ ॥ ১৫ ॥

কৈবল্যমূর্ত্তিমদিবেতি বনস্পতিসমূহস্য নিত্যসিদ্ধত্বং একরসং নিরুদ্বেগপরমানন্দময়ত্বং আত্মারাম-বিহঙ্গম-স্পৃহণীয়ত্বঞ্চোক্তং ॥ ১৬ ॥

তথায় শাস্ত্রযোনি ষড়ৈশ্বর্য্যপূর্ণ সর্ব্বকারণকারণ ভক্তবাঞ্ছা-পূরণকারী পরমপুরুষ ভগবান্ নারায়ণ বিশুদ্ধ সত্ত্বময় দেহ-ধারণে স্বীয় ভক্তগণের আনন্দ বর্দ্ধন করিয়া থাকেন ॥ ১৫ ॥

সেই বৈকুণ্ঠধামে সর্ব্বপ্রকার ঋতুশোভায় সুশোভিত কামবর্ষী পাদপশ্রেণীতে বিরাজিত মূর্ত্তিমান্ কৈবল্যস্বরূপ নিঃশ্রেয়স নামক বন পরিলক্ষিত হইয়া থাকে ॥ ১৬ ॥

আভাস।

কমলযোনি ব্রহ্মা দেববৃন্দের স্তবে পরিতুষ্ট হইয়া তাঁহাদিগকে সান্ত্বনা করিবার অভিপ্রায়ে তাদৃশ দিতিগর্ভের কারণ এবং তদুপলক্ষে হিরণ্যাক্ষ ও হিরণ্যকশিপুর অসুরযোনি লাভের বৃত্তান্ত বর্ণন করিয়াছেন। তিনি অমোঘ জ্ঞানবলে প্রথমত বৈকুণ্ঠধামের

বৈমানিকাঃ সললনাশ্চরিতানি (শশ্বৎ) যত্র গায়ন্তি লোক শমলক্ষপণানি ভর্ত্তুঃ

অন্বয়ঃ।

অন্তর্জলে জলমধ্যে অনু বিকসন্মধুমাধবীনাং (বিকসন্মধবঃ প্রসরন্মকরন্দাঃ মাধব্যঃ মধুকালীনাঃ সুমনসঃ তাসাং) গন্ধেন খণ্ডিতধিয়ঃ খণ্ডিতা বিস্মিতা ধীঃ যেষাং (তথাভূতাঃ অপি) অনিলং ক্ষিপন্তঃ অগণয়ন্তঃ সললনাঃ সস্ত্রীকাঃ বৈমানিকাঃ বিমানচারিণঃ জনাঃ ভর্ত্তুঃ

শ্রীধরস্বামী।

চরিতানি চরিত্রাণি ভর্ত্তুঃ প্রভোঃ। অনু বিকসন্তঃ মধু মকরন্দঃ তদ্‌যুক্তাঃ মাধব্যো বাসন্ত্যো লতাঃ। যদ্বা অনুবিকসন্মধবঃ প্রসরন্মকরন্দাঃ মাধব্যঃ মধুকালিনাঃ সুমনসঃ তাসাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শমলেতি ব্রহ্মাণ্ডবর্ত্তিজীবানাং সর্ব্বমালিন্যক্ষপণানি স্বেষান্তু তদ্বিরহদুঃখোপশমকানি। বৈমানিকাঃ স্মরবিশেষোদ্ভাবনার্থং বিমানাদবতীর্য্য সরোবরস্যান্তর্জলে কণ্ঠমগ্নজলে ইত্যর্থঃ। যদ্বা তটবর্ত্তিনীনামেব জলসংলগ্নবৃক্ষশাখা মারুহ্য তাঃ স্বপত্রাদিভিরাচ্ছাদয়ন্তীনামন্তর্জল এব বিকসন্তীনাং মধুযুক্তমাধবীনাং গন্ধেন খণ্ডিতাঃ ভগবচ্চরিতাস্বাদনৈকতানত্বে সবিস্মীকৃতা ধীর্যেষাং তথাভূতা অপি গায়ন্ত্যেব নতু গানাবিরমন্তীত্যর্থঃ কিন্ত্বনিলং ক্ষিপন্তঃ। অরে

তথাকার ভুবন-বাসিগণ পত্নীসমভিব্যাহারে বিমানে আরোহণ পূর্ব্বক ভ্রমণ করত জগৎস্বামীর পাপ-নাশন পবিত্র গুণাবলি নিরন্তর গান করিয়া থাকেন। অহো কি আশ্চর্য্য! সরোবরে বিকসিত প্রফুল্ল কমলও বসন্তকালীন প্রস্ফুটিত

আভাস।

অনুপম শোভা, অতুলনীয় শান্তি তত্রত্য বৈকুণ্ঠবাসিগণের চরিত্র ভগবৎপ্রেম, অহৈতুকী ভক্তি এবং প্রেমানন্দের অপূর্ব্ব মাহাত্ম্য কীর্ত্তন করিয়াছেন। বনশোভা বর্ণন কালে প্রকাশ করিয়াছেন যে, স্বর্গাদি দেবলোকে ঋতুপর্য্যায়ে যাদৃশ শোভা ক্রমান্বয়ে পরিলক্ষিত হয়, বৈকুণ্ঠলোকে সেই সকল ঋতুর যাবতীয় সৌন্দর্য্য যুগপৎ উদিত হইয়া, বন্-সমূহকে নিরন্তর সুশোভিত ও সুখসেব্য রাখিয়াছে। ব্রহ্মাণ্ডান্তর্ব্বর্ত্তী জীবনিচয়; অনন্তলোকে অনন্তযোনি লাভে নিতান্ত ক্লিষ্ট ও পরিসন্তপ্ত হইয়া, দেশদেশান্তরে পরিভ্রমণকারী পথিকের শান্তি ও সুখপ্রদ স্বীয় গৃহে প্রত্যাগত হইবার ন্যায়, বৈকুণ্ঠভুবনে প্রত্যাগমন করত সর্ব্বমালিন্য পরিশোধনকারী ভগবৎ-যশোগানের প্রত্যক্ষ ফল অনুভব করিয়া, বিরহ-দুঃখের সম্পূর্ণ উপশম উপলব্ধি করিতেছেন। তাঁহারা রস-বিশেষের উদ্ভাবনার্থ স্ব স্ব বিমান হইতে অবতরণ পূর্ব্বক অমৃত-জলময় সরোবরে আকণ্ঠ নিমগ্ন হইয়া, তটবর্ত্তিনী জলসংলগ্ন বৃক্ষশাখাস্থ পুষ্পস্তবকের প্রতি দৃষ্টিনিক্ষেপ করিয়া তাহাদিগকে সম্বোধন পূর্ব্বক মনে মনে বলিয়া থাকেন, অহো সুমন! মধুকালীন মাধবী-লতাদির মধুপ্রযুক্ত মকরন্দ বিকীরণে তোমরা যে, আমাদের চিত্ত পর্য্যন্ত আকৃষ্ট করিতে বাঞ্ছা করিতেছ, তাহা

অন্তর্জলেঽনুবিকসন্মধুমাধবীনাং গন্ধেন খণ্ডিতধিয়োঽপ্যনিলং ক্ষিপন্তঃ ॥ ১৭
পারাবতান্যভৃত-সারস-চক্রবাক-দাত্যূহ-হংস-শুক-তিত্তিরি-বর্হিণাং যঃ।

অন্বয়ঃ।

স্বামিনঃ ভগবতঃ লোকশমল-ক্ষপণানি (লোকানাং সর্ব্বজনানাং শমলানি কামক্রোধাদিদোষ-মূলভূতানি পাপানি ক্ষপয়ন্তি নিরাকুর্ব্বন্তি তথাভূতানি) চরিতানি যত্র (শশ্বৎ নিরন্তরং ইত্যপি পাঠঃ) গায়ন্তি ॥ ১৭ ॥

যত্র ভৃঙ্গাধিপে হরিকথাং ইব উচ্চৈঃ গায়মানে সতি পারাবতান্যভৃত-সারস-চক্রবাক-

শ্রীধরস্বামী।

গন্ধেন খণ্ডিতা বিস্মিতা ধীর্যেষাং তেঽপি তদ্গন্ধপ্রাপকমনিলং ক্ষিপন্ত স্তং তিরস্কুর্ব্বন্তো গায়ন্তি। অনেন ভগবৎপার্ষদানাং নিরতিশয়বিষয় সুখেঽপি ভজনানন্দাসক্তি র্দর্শিতা ॥ ১৭ ॥

অন্যভৃতঃ কোকিলাঃ। দাত্যূহা শ্চাতকাঃ। অচিরমাত্রং ক্ষণমাত্রং বিরমতি; অনেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাধবী-পুষ্পামোদতুন্দিলসুমন্দশীতানিল! ভগবল্লীলামৃত-মাধুর্য্যেষু নিমজ্জিতা অস্মাকং বিয়ো বৃত্তীঃ কথমাকৃষ্টুং যতসে? কিং ত্বং তেভ্যোঽপ্যাত্মানং মধুরং মন্যসে! ধিক্ ত্বাং মূঢ়েতি নিন্দন্তঃ তেন কৈবল্যমিবমূর্ত্তিমদিতি পূর্ব্বোক্তেস্তদনস্থপুষ্পামোদাদীনাং ব্রহ্মানন্দরূপত্বেঽপ্যাক্ষেপাৎ ব্রহ্মানন্দাদপি ভজনানন্দোঽত্যধিক ইতি দ্যোতিতং ॥ ১৭ ॥

বৈমানিকা ইব তত্রত্যাঃ পক্ষিণোঽপি পরমভক্তা নির্মৎসরাশ্চেত্যাহ পারাবতাঃ কপোতাঃ অন্যভৃতাঃ কোকিলাঃ দাত্যূহাঃ ডাহুক ইতি খ্যাতাঃ। অচিরমাত্রং শীঘ্রমেব হংসো সংপ্রতি হরিকথা প্রবর্ত্ততে তদ্বয়ং সর্ব্বে তাবত্তূষ্ণীমেব শৃণুম ইত্যেবং কোলাহলো

পুষ্পের মনোহর গন্ধ বহন করত, গন্ধবহের মৃদুমন্দ প্রবাহে চিত্তের আকুলতাতে তাহারা কিছুমাত্র উন্মত্ত না হইয়া কেবল গুণগানেই রত থাকেন ॥ ১৭ ॥

অলিকুলের মধুর ঝঙ্কার শ্রবণে, হরিগুণানুগান হইতেছে মনে করিয়া

আভাস।

কি তোমাদের কর্ত্তব্য? আমরা বহুকাল বিরহ-বেদনা অনুভব করিয়া, ভগবল্লীলার অমৃতময় মধুর মাধুর্য্যে এক্ষণে অবগাহন করিয়াছি! তদপেক্ষা কি তোমাদের মাধুর্য্য কখন শ্রেষ্ঠ হইতে পারে যে, তাহা হইতে আমাদিগকে বিচ্যুত করিবার বাসনা করিতেছ! দেখ গ্রীষ্ম-তাপে সন্তপ্ত ব্যক্তি জলে অবগাহন করিয়াই তাপশান্তি হইয়াছে বলিয়া, বোধ করে না; বারংবার জলে হেলন উন্মজ্জন নিমজ্জনাদি করিয়া নিঃশেষে তাপ নিবারণ পূর্ব্বক শান্তি লাভ করে। আমরা সেইরূপ ব্রহ্মানন্দের অতল হ্রদে নিমগ্ন হইয়াও, ভজনানন্দের আনন্দ-কল্লোলে চির ভাসমান রহিয়াছি; আমাদিগকে পুনরায় বিষয়ানন্দের কূলে আকৃষ্ট করা তোমাদের বৃথা প্রয়াস মাত্র জানিবে ॥ ১৬ ১৭ ॥

কোলাহলো বিরমতেঽচিরমাত্রমুচ্চৈ র্ভৃঙ্গাধিপে হরিকথামিব গায়মানে ॥ ১৮
মন্দার-কুন্দ-কুরবোৎপল-চম্পকার্ণ-পুন্নাগ-নাম-বকুলাম্বুজ-পারিজাতাঃ।

অন্বয়ঃ।

দাত্যূহ-হংস-শুক-তিত্তিরি-বর্হিণাং যঃ কোলাহলঃ সঃ অচিরমাত্রং বিরমতে সমাপ্তো ভবতি ॥ ১৮ ॥

যস্মিন্ বৈকুণ্ঠে মন্দার-কুন্দ-কুরবোৎপল-চম্পকার্ণ-পুন্নাগ-বকুলাম্বুজ-পারিজাতাঃ সুমনসঃ

শ্রীধরস্বামী।

তত্রত্যপক্ষিণামপি কথাশ্রবণাদি পরমানন্দো দর্শিতঃ ॥ ১৮ ॥

মন্দারপারিজাতৌ সুরতরুবিশেষৌ। কুরবঃ তিলকবৃক্ষঃ। উৎপলং রাত্রিবিকাশি। অম্বুজং দিনবিকাশি। নাগো নাগকেশরঃ। এতাঃ সুমনসঃ পুষ্পজাতয়ঃ সুগন্ধয়োঽপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বিরমতি। কদা ভৃঙ্গাধিপে ভগবদ্বনমালাধিকারিণি হরিকথামিব হরিকথাতুল্যমেব কিমপি ঘুনাক্ষরন্যায়েন গায়তি সতি হরিহরীত্যাকারক-স্বপক্ষশব্দং কুর্ব্বতীত্যর্থঃ। ন জানে তস্মিন্ সাক্ষাদ্ধরিকথাং গায়তি সতি পক্ষিণাং তেষাং তস্মিন্ কীদৃশ আদরো ভবেদিতি ভাবঃ ॥ ১৮ ॥

পক্ষিণ ইব তত্রত্যা বৃক্ষা অপি স্পর্দ্ধাঽসূয়াদিরহিতাঃ পরমভক্তা এবেত্যাহ। মন্দার-পারিজাতৌ সুরতরুবিশেষৌ। কুরবস্তিলকবৃক্ষঃ। অর্ণং পুষ্পবিশেষঃ। নাগো নাগকেশরঃ। এতে বৃক্ষাঃ পরমসুগন্ধকুসুমা অপি তুলসিকাভরণেন শ্রীহরিণা বন-বিহরণ-সময়ে তস্যাস্তুলস্যা গন্ধে অর্চ্চিতে আদৃতে সতি যস্মিন্ বনে অহো ধন্যাসি ত্বং তুলসীতি তস্যা এব তপো

পারাবত, পিককুল, সারস চক্রবাক, চাতক, হংস, শুক, তিত্তিরি ও শিখিকুল স্ব স্ব কাকলির কোলাহল হইতে মধ্যে মধ্যে বিরত হইতেছে ॥ ১৮ ॥

সেই বৈকুণ্ঠধামে ভগবান্ নারায়ণ তুলসি-দামে সুশোভিত হইয়া-তদীয় সুগন্ধকে সম্মান করিতেছেন দেখিয়া, তত্রত্য মন্দার, কুন্দ, কুরবক, উৎপল

আভাস।

বিমানচারিগণের ন্যায় তথাকার পক্ষিকুলও যে ঈর্ষাশূন্য পরম ভক্ত, তাহা তাহাদের আচরণেই স্পষ্টত প্রতীত হইয়াছে। মধুপ বনমালীর বনমালায় সম্পূর্ণ অধিকারী! সে গুণ গুণ্ ধ্বনি সহকারে অব্যক্ত অস্ফুট রবে সর্ব্বত্র হরিনামামৃত বিকীরণ করিতেছে; সেই অলিকুলের মধুর ঝঙ্কার শ্রবণে বিহঙ্গম-দল হরিনামামৃতের উচ্চ তরঙ্গজ্ঞানে নিস্তব্ধ হইয়া নিভৃতে শ্রবণসুখ অনুভব করিতে থাকে। অহো! আরোপিত হরিনাম-গায়ক অলির প্রতি পক্ষিকুলের যখন এত আদর, না জানি! প্রকৃত হরিনাম গান করিলে, মধুপের প্রতি বিহঙ্গম-গণের কতই সম্ভাষণা হইত ॥ ১৮ ॥

অন্যভৃতাঃ কোকিলাঃ, দাত্যূহাশ্চাতকাঃ, বর্হিণো ময়ূরাঃ ॥ ১৮ ॥

গন্ধেৰ্চ্চিতে তুলসিকাভরণেন তস্যা যস্মিংস্তপঃ সুমনসো বহু মানয়ন্তি ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

তুলসিকাভরণেন (তুলসিকাভিঃ রচিতানি আভরণানি যস্য তেন ভগবতা) তস্যাঃ তুলস্যাঃ গন্ধে অর্চ্চিতে সম্মানিতে সতি (তুলস্যাঃ) তপঃ বহু মানয়ন্তি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

তুলসিকাভরণেন শ্রীহরিণা তুলস্যা গন্ধেঽর্চ্চিতে সতি। যস্মিন্ বনে তুলস্যা স্তপো বহু মানয়ন্তি। অনেন তত্রত্যা গুণগ্রাহিণ এব ন মৎসরিণ ইত্যুক্তং। এবংভূতং বনং যত্র তৈঃ কুণ্ঠং যযুরিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বহুমানয়ন্তি নতু স্বেষামিতি তেন যস্যাস্তপো জানীমঃ তর্হি তদেব তপো বয়মিতো ভারতভূমিং গত্বা আচরাম ইতি তেষাং মনোঽনুলাপো ধ্বন্যতে। ততশ্চ বৈকুণ্ঠবাসিনোঽপি ভারতভূমৌ জন্ম বাঞ্ছন্তীতি বৈকুণ্ঠাদপি ভারতভূমেরুৎকর্ষোঽনুধ্বন্যতে বহুমানয়ন্ত্যেব নত্বনুষ্ঠাস্যন্তীত্যর্থঃ। যতঃ সুমনসঃ শুদ্ধচিত্তাঃ পক্ষে পুষ্পতরবঃ তেন বৈমানিকা ইতি। পারাবতেতি মন্দারেত্যাদিতি জরায়ুজাণ্ডজোদ্ভিদস্ত্রয় এব তত্র হরিং ভজন্তো বর্ত্তন্তে নতু চতুর্থঃ স্বেদজোঽবর্ণনাদিতি জ্ঞেয়ং ॥ ১৯ ॥

চম্পক, অর্ণ, পুন্নাগ, নাগ, বকুল, পদ্ম ও পারিজাতাদি মনোহর পুষ্পনিচয় স্ব স্ব সৌভাগ্যের অপেক্ষা তুলসীরই বিশেষ সম্মান করিতেছে ॥ ১৯ ॥

আভাস।

অহো! ভগবানের কি অপূর্ব্ব মাহাত্ম্য! তথাকার পক্ষিকুল কেন! পাদপশ্রেণীও স্পর্দ্ধা ও অসূয়াদিশূন্য হইয়া, যথার্থ ভক্তেরই পরিচয় দিয়া থাকে। তাহারা বিবিধ ফলপুষ্পোপশোভিত হইয়াও, আপনাদিগকে যথেষ্ট মনে করে না! ভগবান্ বিষ্ণু বনবিহার কালে তুলসীকে আভরণরূপে অঙ্গে ধারণ করিতে নিরীক্ষণ করিয়া, আপনাদিগকে হেয় বিবেচনা করিতেছে; এবং বায়ুর হিল্লোলে শীর্ষদেশ সঞ্চালন করত নিজেদের তপস্যা কিছুই করা হয় নাই বলিয়া, বারংবার তাহারই অভিনয় করিতেছে। তাহারা মনে মনে বিচার করিতেছে যে, তুলসীকৃত তপস্যার কথা যদি তাহারা পূর্ব্বে অবগত থাকিত, তাহা হইলে অপূর্ব্ব ভারতভূমে জন্ম পরিগ্রহ করিয়া, মনের সাধে সেই তপস্যারই অনুষ্ঠান করত; জগজ্জীবনের প্রেমময় মূর্ত্তির সংস্পর্শ লাভে কৃতার্থ হইত। বৈকুণ্ঠ-বাসীর হৃদয়ে ভারতভূমে জন্ম পরিগ্রহের বাঞ্ছা দর্শনে সংসার-প্রবাহে ভারত-ভূমিরই সর্ব্বাপেক্ষা উৎকর্ষ প্রতিপাদিত হইয়াছে। কারণ ভগবদ্ভজনের যাবতীয় উপায় ও উপকরণ-বিশিষ্ট স্থান এরূপ আর কোথাও নাই; কিন্তু দুঃখের বিষয় এই যে, তাদৃশ ভূমে জন্ম পরিগ্রহ করিয়াও মানব হেলায় দুর্ল্লভ জীবন অতিবাহিত করিয়া ফেলে। ওদিকে বৈকুণ্ঠবাসী, পক্ষী ও পাদপ এই তিনের উল্লেখ করিয়া জরায়ুজ, অণ্ডজ ও উদ্ভিজ্জ এই তিন প্রকার জীবেরই হরি

তৎ সঙ্কুলং হরিপদাদতিমাত্রদৃষ্টৈ র্বৈদূর্য্য মারকত-হেমময়ৈ র্বিমানৈঃ।
যেষাং বৃহৎকটিতটাঃ স্মিতশোভিমুখ্যঃ কৃষ্ণাত্মনাং ন রজ আদধুরুৎস্ময়াদ্যৈঃ ২০

অন্বয়ঃ।

তৎ বৈকুণ্ঠ-নিলয়ং হরিপদানতিমাত্রদৃষ্টৈঃ (হরেঃ ভগবতঃ পদয়োঃ যা আনতিঃ নমস্কারঃ তন্মাত্রদৃষ্টৈঃ ভগবদ্ভক্তিমাত্রেণৈব লব্ধৈঃ) বৈদূর্য্য-মারকত-হেমময়ৈঃ তত্তন্নির্ম্মিতৈঃ বিমানৈঃ সঙ্কুলং ব্যাপ্তং (অস্তি)। বৃহৎকটিতটাঃ (বৃহন্তি কটিতটানি যাসাং তাঃ) স্মিতশোভিমুখ্যঃ (স্মিতেন শোভীনি মুখানি যাসাং তাঃ) স্ত্রিয়ঃ উৎস্ময়াদ্যৈঃ পরিহাসাদিভিঃ কৃষ্ণাত্মনাং যেষাং বৈকুণ্ঠবাসিনাং (মনসি) রজঃ কামং ন আদধুঃ জনয়ামাসুঃ॥ ২০॥

শ্রীধরস্বামী।

পুনর্বৈকুণ্ঠমেব বিশিনষ্টি। তৎ সঙ্কুলং ব্যাপ্তং ভবতি। কৈঃ হরিপদয়ো রানতিঃ প্রণামঃ তাবন্মাত্রেণ দৃষ্টৈ র্ভক্তানাং বিমানৈঃ ন কর্ম্মাদিপ্রাপ্যৈঃ। বৈদূর্য্য-মারকতৈঃ হেমময়ৈশ্চ বিমানৈঃ। বৃহন্তি কটিতটানি যাসাং স্মিতশোভীনি মুখানি যাসাং তা অপি কৃষ্ণে আত্মা যেষাং রজঃ কামং উৎস্ময়াদ্যৈঃ পরিহাসাদিভিঃ ন জনয়ামাসুঃ॥ ২০॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অভিতো বর্ত্তিনীমুদ্যানশোভাং বর্ণয়িত্বা মধ্যবর্ত্তিনীং বৈকুণ্ঠশোভাং বর্ণয়তি তদিতি। হরিপাদয়োরানতিঃ প্রণতি স্তাবন্মাত্রেণাপি ভজনেন দৃষ্টৈঃ নতু সংপূর্ণাঙ্গৈরপি জ্ঞানকর্ম্মাদিভিরিত্যর্থঃ। কিঞ্চ তত্র ভজনানন্দনির্বৃতেষু পূর্ব্বোক্তযুক্ত্যা ব্রহ্মানন্দোঽপি ন প্রভবতি। কিং পুনর্বিষয়ানন্দ ইত্যাহ বৃহৎকটিতটাঃ পরমসুন্দর্য্যোঽপি যেষাং কৃষ্ণাত্মনাং কৃষ্ণনিমগ্নমনসাং উৎস্ময়াদ্যৈঃ উৎকৃষ্টস্মিতাবলোক-গত্যালাপাদিব্যাপারৈঃ স্বাভাবিকৈ রজঃ কামং ন আদধু র্ন জনয়ামাস স্তৈশ্চ সংকুলং॥ ২০॥

সতৃষ্ণনয়নে হরিপাদ-পদ্মে কেবল ভক্তিদ্বারা লব্ধব্য বৈদূর্য্য মারকত ও হেমময় বিমানে আরোহণ করিয়া বৈকুণ্ঠবাসী লোকসমূহ এতই পরমানন্দে নির্বৃত থাকেন যে, নিবিড়-নিতম্বিনী প্রেমময়ী সুহাস-বদনা কামিনীগণ বিশেষ পরিহাস প্রসঙ্গেও তাঁহাদের চিত্তে কামভাবের প্ররোহ করিতে পারেন না॥ ২০॥

আভাস।

ভজনে প্রবৃত্তি প্রদর্শিত হইল। বৈকুণ্ঠে কেবল লোকোদ্বেজক স্বেদজ প্রণীর অভাব বশতই তাহাদের বিষয় বর্ণিত হয় নাই॥ ১৯॥

বৈকুণ্ঠ-ধামের উদ্যান-শোভা কীর্ত্তন করিয়া, মধ্যস্থলের শোভা বর্ণন করিতেছেন। বৈকুণ্ঠবাসী ব্যক্তিমাত্রেই বৈদূর্য্য, মারকত ও হেমময় বিমানে আরোহণ পূর্ব্বক পরম সুখে বিচরণ করেন। তাঁহাদের এতাদৃশ ঐশ্বর্য্য লাভের বিশেষ প্রয়াস করিতে হয় নাই;

শ্রীরূপিণী ক্বণয়তী চরণারবিন্দং লীলাম্বুজেন হরিসদ্মনি মুক্তদোষা।

অন্বয়ঃ।

যদনুগ্রহণে (যস্যাঃ শ্রিয়ঃ অনুগ্রহণে অনুগ্রহ-লাভায়) অন্যযত্নঃ (অন্যেষাং ব্রহ্মাদীনাং যত্নঃ সাধনপ্রয়াসো ভবতি সা) রূপিণী মূর্ত্তিধারিণী শ্রীঃ চরণারবিন্দং ক্বণয়তী (নূপুরেণ শব্দয়ন্তী সতী উপেতহেম্নি (উপেতং সংযুক্তং হেম যস্মিন্ তস্মিন্) স্ফটিককুড্যে (স্ফটিক-ময়ানি কুড্যানি যস্মিন্ তস্মিন্) হরিসদ্মনি সম্মার্জতীব সম্মার্জনং কুর্ব্বতীব লীলাম্বুজেন

শ্রীধরস্বামী।

শ্রীর্লক্ষ্মীঃ রূপিণী মনোহরমূর্ত্তিধারিণী সতী শ্রীহরেঃ সদ্মনি সম্মার্জনং কুর্ব্বতীব যস্মিন্ লোকে সংলক্ষ্যতে। চরণারবিন্দং ক্বণয়ন্তী নূপুরেণ শব্দয়ন্তী মুক্তো দোষ শ্চাপল্যং যয়া। যদ্বা মুক্তেন দোষা প্রসারিতেন বাহুনা। কীদৃশে সদ্মনি স্ফটিকময়ানি কুড্যানি যস্মিন্। মধ্যে মধ্যে চ শোভার্থং উপেতং সংযুক্তং হেম যস্মিন্। যস্যা অনুগ্রহণে শ্রীরনুগ্রহং করোত্বি-ত্যেতদর্থং অন্যেষাং ব্রহ্মাদীনাং যত্নঃ সা। অয়ং ভাবঃ যদ্যপি তত্র রজো নাস্ত্যেব তথাপি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সর্ব্বে হরিভজনানন্দবন্ত ইতি কিং বক্তব্যং। সাক্ষাল্লক্ষ্মীরপি যত্র সদা ভজন্তী বর্ত্তত ইত্যাহ দ্বাভ্যাং। রূপিণী পরমসৌরূপ্যবতী চরণারবিন্দং ক্বণয়ন্তী মন্দগত্যা নূপুরেণ শব্দয়ন্তী হরেঃ সদ্মনি স্ফটিককুড্যে স্ফটিকময়ভিত্তৌ উপেতহেম্নি মধ্যে মধ্যে শোভার্থং সংযুক্ত-স্ববর্ণে। মুক্তদোষা প্রসারিতেন ভুজেন লীলাম্বুজেন পাণিধৃতেন সম্মার্জতীব স্বচ্ছ-ভূমিভিত্তৌ প্রতিবিম্বিতা শোধন্যা সংমার্জনং কুর্ব্বতীব সংলক্ষ্যতে লীলাম্বুজমত্র শোধনী-স্থানীয়ং। যদ্বা সম্মার্জতীব সম্মার্জনকারিণ্যস্যা দাসীব। যদুক্তং কুরুক্ষেত্রযাত্রায়াং

যে লক্ষ্মীর অনুগ্রহ প্রার্থনায় ব্রহ্মাদি দেবতাগণ সতত যত্ন করিয়া থাকেন, সেই সাক্ষাৎ লক্ষ্মী মনোহর মূর্ত্তি-ধারণে ও চরণ-সংলগ্ন নূপুরের মধুরধ্বনির প্রকাশে ইতস্ততঃ বিচরণ করত, লীলা-কমলের দ্বারা সুবর্ণখচিত স্ফটিক-ভিত্তি-

আভাস।

ভগবানের পাদপদ্মে প্রণতিমাত্রে তাবৎ ঐশ্বর্য্যের সংগ্রহ হইয়া থাকে। জানি না! জ্ঞান-কর্ম্মাদির দ্বারা সার্ব্বাঙ্গীন ভক্তি করিলে, কিরূপ ফল হইয়া থাকে! ভগবদ্ভজনে যাদৃশী নির্বৃতি লাভ হয়, ব্রহ্মানন্দ যে তদপেক্ষা কিছু অধিক, তাহা কোন মতে অনুভূত হয় না। এরূপ অবস্থায় ললনা-জনের লাবণ্য যে বৈকুণ্ঠবাসীর মোহপ্রদ নহে, তাহা আর বলিবার আবশ্যক নাই॥ ২০॥

বৈকুণ্ঠবাসী ব্যক্তিমাত্রেই যে, হরি-ভজনে বিশেষ আনন্দ লাভ করিতেন, তাহার প্রমাণার্থ ব্রহ্মাদি লোকপালগণের আরাধনীয়া সাক্ষাৎ কমলার দাসীবৎ আচরণে স্পষ্টীকৃত করা হইয়াছে। অর্থাৎ যে হস্তে কমলা সৃষ্ট ব্রহ্মাণ্ডে ঐশ্বর্য্য বিতরণ করিয়া থাকেন, তিনি

সংলক্ষ্যতে স্ফটিককুড্য উপেতহেম্নি সম্মার্জতীব যদনুগ্রহণেঽন্যযত্নঃ ॥ ২১ ॥
বাপীষু বিক্রমতটাস্বমলামৃতাপ্সু প্রেষ্যান্বিতা নিজবনে তুলসীভিরীশং।

অন্বয়ঃ।

মুক্তদোষা চাঞ্চল্যাদিদোষরহিতা সংলক্ষ্যতে ॥ ২১ ॥

হে অঙ্গ দেবাঃ! যৎ যস্মিন্ লোকে প্রেষ্যান্বিতা (প্রেষ্যাভিঃ স্বপরিচারিকাভিঃ অন্বিতা পরিবৃতা) শ্রীঃ লক্ষ্মীঃ নিজবনে স্ববিহার-বাটিকায়াং, তুলসীভিঃ ঈশং ভগবন্তং অভ্যর্চ্চতী

শ্রীধরস্বামী।

স্বর্ণপট্টিকাবিচ্ছিন্নভিত্তিভাগেষু বহুধা প্রতিবিম্বিতা সতী লীলাম্বুজং ভ্রাময়ন্তী বিনয়ভক্তিভ্যাং তথা লক্ষ্যত ইতি ॥ ২১ ॥

অঙ্গ হে দেবাঃ! যদ্‌যস্মিন্ লোকে শ্রীরেবমমত অমংস্ত মেনে। কিং কুর্ব্বতী বিক্রমময়ানি তটানি যাসাং। অমলা অমৃততুল্যা আপো যাসাং তাসু বাপীষু নিজবনে লক্ষ্মীবনে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সাহং তদ্‌গৃহমার্জনীতি। তদা মুক্তদোষা নির্দোষা। লীলাম্বুজেনেত্যুপলক্ষণে তৃতীয়া। ন চানেন সাল্পমাহাত্ম্যা মন্তব্যেত্যাহ। যস্যা অনুগ্রহণে শ্রীরনুগ্রহং কারোত্যেতদর্থমন্যেষাং ব্রহ্মাদীনং যত্নঃ সা ॥ ২১ ॥

পরিচরণভক্তিযুক্তা সাধকভক্তানামিব তস্যা অর্চনভক্তিমাহ বাপীষু দীর্ঘিকাসু অমৃততুল্যজলাসু নিজবনে নিঃশ্রেয়স-বনৈকদেশস্থে লক্ষ্মীবনে তুলসীভিরীশং শ্রীনারায়ণং অভ্য-

---

ময় বিষ্ণুগৃহ মার্জ্জিত করিতেছেন; অহো। চঞ্চলা লক্ষ্মীও এখানে অচলা হইয়াছেন ॥ ২১ ॥

হে সুরবাসিগণ! তথায় স্বয়ং লক্ষ্মীও স্বকীয় সৌন্দর্য্যের পরাকাষ্ঠা-লাভে আপনাকে কৃতার্থজ্ঞান করিয়া থাকেন; কারণ তিনি যখন পরিচারিকাগণে পরিবৃতা হইয়া নিজ বিহার-বাটিকায় নবীন তুলসীদাম চরণে সমর্পণ পূর্ব্বক ভগবানের পূজা করিতে বাসনা করেন, তখন অবগাহনের

আভাস।

বৈকুণ্ঠনাথের বাস-মন্দিরে দাসীর ন্যায় সর্ব্বত্র বিশেষ পরিদর্শন করত সেই হস্তে লীলাকমলের দ্বারা গৃহ সংস্কার করিতেছেন ॥ ২১ ॥

সাধক ভক্তের ন্যায়, লক্ষ্মীরও অর্চ্চনা-জন্য ভক্তির কথা বলা হইয়াছে। তিনি এক দিবস সেই নিঃশ্রেয়স বনের মধ্যে লক্ষ্মীকানন নামক স্থানে তুলসীপত্রের দ্বারা শ্রীহরিকে অর্চ্চনা করিবার মানসে পরিচারিকাগণের সহিত একত্র উপস্থিত হন; তথায় সুশীতল স্বাদু জলবিশিষ্ট দীর্ঘিকার উপকূলে উপবেশন পূর্ব্বক অবগাহনের পূর্ব্বে মুখপ্রক্ষালন করিতে গিয়া, জলমধ্যে নিজ মুখের প্রতিবিম্ব নিরীক্ষণ করিলেন। তখন তাঁহার মনে

অভ্যর্চতী স্বলকমুন্নসমীক্ষ্য বক্ত্রমুচ্ছেষিতং ভগবতেত্যমতাঙ্গ যচ্ছ্রীঃ ॥২২॥

অন্বয়ঃ।

পূজয়ন্তী বিক্রম-তটাম্ব (বিক্রমানি মণিময়ানি তটানি যাসাং তাম্ব) অমলামৃতাপ্সু (অমলাঃ স্বচ্ছাঃ অমৃতাঃ স্বাদবিশিষ্টাঃ অপো যাসাং তাসু। বাপীষু (তদা উদকে) স্বলকং (শোভনাঃ অলকাঃ কেশাঃ যস্মিন্ তৎ) উন্নসং (উৎ উৎকৃষ্টা নাসা যস্মিন্ তৎ) বক্ত্রং মুখং ঈক্ষ্য দৃষ্ট্বা ভগবতা উচ্ছেষিতং চুম্বিতং, ইতি অমত অমন্যত ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

পরিচারিকাভিরন্বিতা তুলসীভিঃ শ্রীবিষ্ণুং পূজয়ন্তী তদা উদকে প্রতিবিম্বিতং শোভনালকযুক্তং উৎকৃষ্টনাসিকঞ্চ স্ববক্ত্রং বীক্ষ্য ভগবতা উচ্ছেষিতং চুম্বিতমিত্যমন্যত। অনেন লক্ষ্ম্যা অপি সৌভাগ্যসুখং ভগবদনুগ্রহেণৈবেতি দ্যোতিতং ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

র্চ্চতী অভ্যর্চয়িতুং প্রাতঃস্নানং করিষ্যন্তী প্রথমং মুখক্ষালনার্থং সোপান-তটমধ্যাসীনা জলে প্রতিবিম্বিতং শোভনালকং উৎকৃষ্টনাসিকাযুক্তঞ্চ স্বমুখমীক্ষ্য ঈক্ষিত্বা ভগবতা উচ্ছেষিত-মুচ্ছিষ্টীকৃতং চুম্বনাধরপানাভ্যামিত্যমত অমন্যত যথা তত্র জলে নীলোৎপলপ্রতিবিম্বে মিলিতং স্ববক্ত্র-প্রতিবিম্বং বীক্ষ্য ভগবতা তন্মুখং চুম্বিতং জাতমিতি ভাবোদয়ো জাতঃ ॥ ২২ ॥

পূর্ব্বে মণিময় তটবিশিষ্টা বাপীর অমৃতোপম স্বাদু ও স্বচ্ছ সলিলের সন্নিধানে মুখ প্রক্ষালনার্থ উপবিষ্ট হইয়া, জলে অলকাজাল-মণ্ডিত তিল-কুসুমোপম নাসিকাবিশিষ্ট আপনার বদন-কমল প্রতিবিম্বিত নিরীক্ষণ করিয়া মনে মনে ভাবেন, ভগবান্ বুঝি আদরাতিশয়ে উহা এইবার চুম্বন করিতেছেন ॥ ২২ ॥

আভাস।

হইল যে, জগজ্জীবন শ্রীহরি নীলাভ জীবনরূপে বাপীতে অবস্থান পূর্ব্বক তাঁহার বদন-কমল বক্ষে লইয়া চুম্বন করিতেছেন। জলেতে যে নীলোৎপলের প্রতিবিম্ব লক্ষিত হইতে-ছিল, সেই প্রতিবিম্বের সহিত লক্ষ্মীমুখের প্রতিবিম্ব একত্রিত হওয়াই লক্ষ্মীহৃদয়ে ওরূপ ভাব উদ্দীপিত হইবার কারণ। তিনি নীলোৎপল প্রতিবিম্বকেই বিষ্ণুমুখারবিন্দ জ্ঞান করিয়াছিলেন ॥ ২২ ॥

তাদৃশ বৈকুণ্ঠ-গমনে কে অধিকারী! ইহার উত্তর প্রদানার্থ প্রথমত অনধিকারী নির্ণয় করিতেছেন। শ্রীকৃষ্ণলীলার মধ্যে ভগবান্ কৃষ্ণ অঘাসুরের নিধন-সাধন করিয়া ভক্তকে এই বলিয়া প্রবোধ দিয়াছেন যে, আত্মরক্ষায় সম্পূর্ণ অপটু গোপবালকগণ বালক-বেশ-ধারী আমাতে সর্ব্বান্তঃকরণে নির্ভর দেওয়ায়, তাহাদিগের দলনকারী অঘাসুরকে যেমন অবলীলাক্রমে নিহত করিয়াছি, সেইরূপ অশেষ পাপের পাপী হইয়াও, যদি নির্ভর প্রাণে ভগবানে জীব আত্ম-সমর্পণ পূর্ব্বক তদীয় লীলাশ্রবণে আত্মবিনোদন করিতে পারে, তবে

যন্ন ব্রজন্ত্যঘভিদো রচনানুবাদাচ্ছৃণ্বন্তি যেঽন্যবিষয়াঃ কুকথা মতিঘ্নীঃ।
যাস্তু শ্রুতা হতভগৈর্নৃভিরাত্তসারাস্তাংস্তান্ ক্ষিপন্ত্যশরণেষু তমঃসু হন্ত॥২৩॥

অন্বয়ঃ।

যে জনাঃ অঘভিদঃ (অঘং পাপং অঘাসুরং বা ভিনত্তীতি তস্য) ভগবতঃ রচনানুবাদাৎ (রচনা সৃষ্ট্যাদিলীলা তস্যাঃ অনুবাদাৎ) অন্যবিষয়াঃ অর্থকামাদিবার্ত্তাঃ মতিঘ্নীঃ (মতিং ঘ্নন্তি বিনাশয়ন্তি ইতি) কুকথাঃ শৃণ্বন্তি (তে) যৎ বৈকুণ্ঠং ন ব্রজন্তি; হন্ত খেদে, হতভগৈঃ হতভাগ্যৈঃ নৃভিঃ শ্রুতাস্তু যাঃ আত্তসারাঃ (আত্তঃ স্বীকৃতঃ দূরীকৃতঃ সারঃ শ্রোতৃণাং বিবেকাদি গুণঃ যাভিঃ তাঃ কথাঃ) তান্ শ্রোতৃন অশরণেষু নিরাশ্রয়েষু তমঃসু নরকেষু ক্ষিপন্তি॥ ২৩॥

শ্রীধরস্বামী।

পুনঃ কথম্ভূতং তৎ যৎ বৈকুণ্ঠং ন ব্রজন্তি কে যে কুকথাঃ শৃণ্বন্তি কাস্তাঃ অঘং ভিনত্তীত্যঘভিৎ তস্য হরেঃ রচনা সৃষ্ট্যাদিলীলা তস্যা অনুবাদাদন্যবিষয়া অর্থকামাদিবার্ত্তাঃ মতিভ্রংশিকাঃ তেষামব্রজনে হেতুঃ যাস্তু হতভাগ্যৈ র্নরৈঃ শ্রুতাঃ সত্যঃ তাঃ স্তান্ শ্রোতৃন্ অশরণেষু নিরাশ্রয়েষু তমঃসু নরকেষু ক্ষিপন্তি হন্তেতি খেদে। কথংভূতাঃ আত্তসারা আত্তঃ সারঃ শ্রোতৃণাং পুণ্যং যাভি স্তাঃ॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র গন্তুং কেঽধিকারিণ ইত্যপেক্ষায়াং প্রথমমনধিকারিণ আহ অঘভিদঃ। শ্রীকৃষ্ণস্য রচনা লীলাকথা তস্যা অনুবাদাৎ অনুকীর্ত্তনাৎ অন্যবিষয়া এব কথাঃ ন্যায়াদিশাস্ত্রবিষয়া অপি কথাঃ কুকথা স্তা যে শৃণ্বন্তি তে যদ্বৈকুণ্ঠং ন ব্রজন্তি তর্হি কিং ব্রজন্তি তত্রাহ যাঃ কুকথা হতভগৈঃ শ্রুতা ইতি হতভগা এব ন তত্রাধিকারিণঃ। অতো হতভগৈ র্নৃভিরেবাত্তো গৃহীতঃ সারঃ শ্রোতব্যত্বেনানুসংহিতং মহত্ত্বং যাসাং অতএব তাং স্তান্ হতভগান্ তমঃসু নরকেষু তাঃ কথা এব বলাৎকারেণ ক্ষিপন্তি॥ ২৩॥

অঘাসুর হননের ন্যায়, পাপরাশির হনন-কারি শ্রীহরির জগৎরচনাদি বিবিধ লীলাকীর্ত্তনে চিত্ত সংযত না রাখিয়া, যাহারা কেবল অর্থকামাদি বিষয়-চিন্তায় চিত্ত কলুষিত করে, তাহারা কখনই বৈকুণ্ঠ গমনে অধিকারী হয় না। কি দুর্ভাগ্যের বিষয়! বিষয় চিন্তা যে কেবল চিত্তকে অন্য ব্যাপারে লিপ্ত করে, তাহা নহে; চিত্তের সার ধন বিবেকাদি গুণরাশিকে সমূলে বিনষ্ট করিয়া, চিন্তন-কারীকে ঘোর অন্ধকারময় আশ্রয়শূন্য নরকার্ণবে নিপাতিত করে, সন্দেহ নাই॥ ২৩॥

আভাস।

কি আর তাহাদিগকে পাপভয়ে ভীত হইতে হয়! তাহারা অশঙ্কিত-চিত্তে পরমপুরুষের পাদ সমীপে যে অগ্রসর হইবে, সে বিষয়ে আর সন্দেহ কি! কিন্তু দুর্ভাগ্যবশত যে সমস্ত

যেংভ্যর্থিতামপি চ নো নৃগতিং প্রপন্না জ্ঞানঞ্চ তত্ত্ববিষয়ং সহ ধর্ম্ম যত্র।

অন্বয়ঃ।

নঃ অস্মাভিঃ ব্রহ্মাদিভিঃ অপিচ অভ্যর্থিতাং নৃগতিং মনুষ্যজাতিং প্রপন্নাঃ প্রাপ্তাঃ সন্তঃ যত্র যস্যাং গতৌ মনুষ্যযোনৌ সহধর্ম্ম তত্ত্ববিষয়ং জ্ঞানং ভবতি অপি ভগবতঃ

শ্রীধরস্বামী।

প্রসঙ্গাৎ তানেবশোচতি নোঽস্মাভি র্ব্রহ্মাদিভি রভ্যর্থিতাং নৃগতিং মনুষ্যজাতিং প্রপন্নাঃ প্রাপ্তাঃ সন্তোঽপি হরেরারাধনং ন কুর্ব্বন্তি। কীদৃশীং নৃগতিং যত্র যস্যাং ধর্ম্ম-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

হন্ত হন্ত যদ্যপি তত্র গন্তুং নৃজাতয় এবাধিকারিণো নতু দেবাদিজাতয়স্তদপি ভক্তি-রহিত-পাশ্চাত্যপর্য্যবংশিতাত্মানো নৃজাতয় এব কেচিদঞ্চিতা ভবন্তীতি তান্ শোচতি যে ইতি। হা হন্ত ভারতভূমৌ কদা নৃজাতয়ো ভূত্বা বয়ং কৃষ্ণং ভজন্তঃ ক্ষণমাত্রেণৈব বৈকুণ্ঠং প্রাপ্নুয়ামেতি নোঽস্মাভি র্ব্রহ্মাদিভি রপ্যভ্যর্থিতাং নৃগতিং যে প্রপন্নাঃ প্রাপ্তাঃ যত্র যস্যাং

অহো! মনুষ্য-জন্ম ব্রহ্মাদি অমরেন্দ্রগণেরও প্রার্থনীয়! কারণ এই যোনিতে যাবতীয় পুরুষার্থ সহ তত্ত্ববিষয়ক জ্ঞান অতি সহজে অর্জ্জিত হইতে

আভাস।

ব্যক্তি ভগবানের বিচিত্র রচনাক্রিয়ার প্রতি দৃষ্টি না করিয়া, ও তৎকথালাপে পরাঙ্মুখ হইয়া, বিষয়-কথার আলাপেই ব্যাপৃত থাকে, তাহারাই কেবল বৈকুণ্ঠ গমনে বঞ্চিত হয়। ষট্‌পদ যেমন মানিনী পদ্মিনীর হৃদয়-মধু হরণ পূর্ব্বক তাহাকে ম্লান, শ্রীহীন ও নিরস করিয়া জলমধ্যে নিপাতিত করে, বিষয়-কথাও জীবের অন্তঃসার বিবেক ও বৈরাগ্যাদি অপহরণ করত, গভীর নরক-গহ্বরে নিপাতিত করে। অতএব হৃদয়পদ্মের সার ধন বিবেক বৈরাগ্যাদিকে বিষয়-কথারূপ অসৎপাত্রে সমর্পণ করিয়া নিঃসম্বল হইবার পূর্ব্বে, মূলধনের দ্বারা দুরন্ত সংসার পথ অতিক্রমের জন্য যত্ন করা কর্ত্তব্য। তস্কর যেমন প্রলোভন প্রদর্শন পূর্ব্বক পথিককে নিভৃতে লইয়া তাহার পথের সম্বল সর্ব্বস্ব হরণ করে ও ভ্রমাত্মক পথে পরিত্যাগ করে, বিষয়কথা সেইরূপ সংসারী জীবকে বিবেক-বর্জ্জিত করিয়া, ঘোর মায়ায় নিক্ষিপ্ত করে ॥ ২৩ ॥

নদীর স্রোতে ভাসমান কীট যেমন ক্রমান্বয়ে ভিন্ন ভিন্ন আবর্ত্ত-মধ্যে পতিত হইয়া, ঘূর্ণিত হইতে থাকে, কোন মতে স্রোতের অধিকার হইতে অব্যাহতি লাভে সমর্থ হয় না, জীব সেইরূপ অনন্ত সংসারের অনন্তস্রোতে পতিত হইয়া, অশীতি লক্ষ যোনি পরিভ্রমণেও সংসারের হস্ত হইতে নিষ্কৃতি পায় না। এক মনুষ্যযোনিই জীবের পক্ষে সংসার উত্তরণে ভেলা স্বরূপ। কারণ ভগবান্ এরূপ উপকরণে ঐ দেহ বিরচিত করিয়াছেন যে, তাহার আনুকূল্যে জীব ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ এই চতুর্ব্বর্গ ফল অর্জনে কৃতার্থ হইতে পারে এবং এই এক জন্মে জন্মান্তরের ক্রিয়ারাশি দাবদগ্ধ বিপুল অরণ্যের ন্যায়, ভস্মীভূত

নারাধনং ভগবতো বিতরন্ত্যমুষ্য সম্মোহিতা বিততয়া বত মায়য়া তে ॥২৪॥

অন্বয়ঃ।

আরাধনং ন বিতরন্তি কুর্ব্বন্তি, বত খেদে তে অমুষ্য ভগবতঃ বিততয়া বিস্তৃতয়া, মায়য়া সম্মোহিতাঃ এব। ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

সহিতং তত্ত্বজ্ঞানং ভবতি তদুভয়-সাধকত্বাত্তস্যাঃ। তেঽমুষ্য ভগবতো বিস্তৃতয়া মায়য়া নন্থ সম্মোহিতাঃ। বতেতি খেদে যদি বা এবং সম্বন্ধঃ ন কেবলং ত এব ন ব্রজন্তি। কিন্তু যে ভগবদারাধনং ন কুর্ব্বন্তি তেঽপি তেষাং মায়াবিমোহিতত্বাদিতি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্ত্ববিষয়ং ব্রহ্মবিষয়কং ধর্ম্মসহিতং জ্ঞানঞ্চ ভবতি তদপি ভগবত আরাধনং ন বিতরন্তি ন কুর্ব্বন্তি চেত্তে অমুষ্য মায়য়া মোহিতাঃ ধর্ম্মজ্ঞানয়োরপি ভক্তিং বিনা ফলাসিদ্ধেরিতি ভাবঃ। যদ্বা যত্র ধর্ম্মসহিতং জ্ঞানং কুর্ব্বন্তি নত্বারাধানং তে মোহিতাঃ। যদ্বা ভগবতঃ এবারাধনং ভগবতে ন দদাতি তৎসুখতাৎপর্য্যতয়া ন কল্পয়ন্তি তে সকাম-ভক্তা অপীতি ॥ ২৪ ॥

পারে। কিন্তু, কি খেদের বিষয় যে, তাদৃশ ভজনোপযোগী ইন্দ্রিয়াদি-বিশিষ্ট নরজন্ম লাভ করিয়াও, লোকে ভগবন্মায়ায় বিমোহিত হইয়া, সেই পতিত-পাবনের আরাধনায় বিমুখ হয় ॥ ২৪ ॥

আভাস।

করত গোবিন্দ-চন্দ্রের অভয়-চরণে সংমিলিত হইতে পারে; কিন্তু কি দুঃখের বিষয়! মানব পথ-দর্শকরূপা স্নেহময়ী জননী-স্থানীয়া ভগবদ্ভক্তিকে উপেক্ষা করত, বিশেষ যত্ন সহকারে অগ্রসর হইয়াও, উদ্দেশ্য-সাধনে পরাঙ্মুখ হইতেছে। শাস্ত্রের গভীর ভাবে তাহাদিগের প্রবেশের সামর্থ্য হয় না; কেবল আপাতত মনোরম বহুফল-প্রাপক বেদোক্ত কর্ম্ম-কলাপের প্রতি তাহাদের দৃষ্টি অগ্রসর হইতে থাকে। কারণ ভক্তির অভাবে জ্ঞান এবং বৈরাগ্যও মায়ায় জড়ীভূত হয়! ইহাই ঈশ্বরের জগৎপ্রসবিনী মায়াশক্তি। যাহারা ভগবদারাধনে তৎপর নহে, মায়া তাহাদের তীক্ষ্ণ বিবেককেও ভোগ্য বিষয়ের বিচারেই নিযুক্ত রাখেন; মুক্তির পথে অগ্রসর হইতে দেন না। সুতরাং ব্রহ্মাদি দেববৃন্দের প্রার্থনীয় দুর্ল্লভ মনুষ্যযোনি লব্ধ হইলেও, ভারবাহী বৃষের ন্যায়, বৃথায় দেহভার বহন করা হইল মাত্র। বহু পরিশ্রমে সশস্য বীজ বপন করা হইল বটে, কিন্তু কালে সিঞ্চন না করায় শুষ্ক হইয়া গেল; বীজানুরূপ ফল আর প্রসূত হইল না। আরাধনা ব্যতীত ধর্ম্মসংহিত জ্ঞানও ফলপ্রদ নহে; তাদৃশ জ্ঞানীও মোহিতের মধ্যে গণনীয়। সকাম ভক্তও প্রকৃত ফল পান না; কারণ ফলপ্রাপ্তিতেই তাহাদের ভক্তির সমাপ্তি ঘটে। যাহারা কেবল ভক্তির জন্য ভক্তি করে, তাহারাই প্রকৃত ভক্ত ও ভগবানের প্রিয়পাত্র। কারণ প্রেমপূর্ণ ভক্তিই ভগবানের প্রিয় সামগ্রী ॥ ২৪ ॥

যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা দূরে যমাহ্যুপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।

অন্বয়ঃ।

যৎ চ বৈকুণ্ঠনিলয়ং নঃ অস্মত্তঃ অপি উপরি অধিকাঃ স্পৃহণীয়শীলাঃ (স্পৃহণীয়ং করুণাদি শীলং যেষাং তে) অনিমিষাং দেবানাং ঋষভানুবৃত্ত্যা (ঋষভস্য শ্রেষ্ঠস্য ভগবতঃ অনুবৃত্ত্যা শ্রবণকীর্ত্তনাদিভক্ত্যা) দূরে যমাঃ (দূরীকৃত-যমনিয়মাঃ বা দূরীকৃতঃ যমঃ বা দূরীকৃতঃ অহমঃ অহঙ্কারঃ যেষাং তে) অতএব ভর্ত্তুঃ স্বপালকস্য, ভগবতঃ সুযশসঃ মিথঃ

শ্রীধরস্বামী।

পুনঃ কথম্ভূতং। যচ্চ ন উপরিস্থিতং ব্রজন্তি। কে! অনিমিষাং দেবানাং ঋষভঃ শ্রেষ্ঠো হরিঃ তস্যানুবৃত্ত্যা দূরে যমো যেষাং। যদ্বা দূরীকৃত-যমনিয়মাঃ। দূরেহহম ইতি পাঠে দূরীকৃতাহঙ্কারা ইত্যর্থঃ। স্পৃহণীয়ং করুণাদি শীলং যেষাং। কিঞ্চ ভর্ত্তুর্হরের্যৎ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অথাধিকারিণ আহ যচ্চেতি। অনিমিষামৃষভো হরিস্তস্যানুবৃত্ত্যা দূরে যমো যেষাং। যদ্বা দূরীকৃতা যমনিয়মাঃ। দূরেহহম ইতি পাঠে দূরীকৃতাহঙ্কারাঃ নোঽস্মাকমপ্যুপরিভূতাঃ অধিকাঃ যতোঽস্মাভিঃ স্পৃহণীয়মেব নতু প্রাপ্যং শীলং যেষাং তে কিং তৎশীলং তত্র তেষাং প্রমাণমাহ ভর্ত্তুঃ প্রভো র্মিথ ইতি পরস্পর-প্রণয়বত্ত্বেন কথনেনাস্বাদবিশেষোপলব্ধেঃ ক্বচিৎ পুরাণাদাবসুরাণামপি কদাচিৎ কেষাঞ্চিৎ তত্র যৎক্ষণিকাগমনং শ্রূয়তে তত্তু তত্রত্য চিদ্বিভূতিসুখানুভবাভাবাৎ গমনমপ্যগমনায়মানমেব যথা বিবিধসৌরভ্যাদিগুণযুক্তেষু

বৈকুণ্ঠলোক ব্রহ্মলোকেরও ঊর্দ্ধে বিদ্যমান; সুতরাং বৈকুণ্ঠবাসী ব্যক্তিগণ আমাদের অপেক্ষা শ্রেষ্ঠ। তাঁহাদের চরিত্র আমাদেরও বাঞ্ছনীয়। তাঁহারা দেবাদিদেব নারায়ণের লীলাশ্রবণ ও কীর্ত্তনাদি ভক্তির প্রভাবে কাম-রাজকে দূরে বিতাড়িত করেন; তাঁহারা যম নিয়মাদি যোগাঙ্গের অনুশীলন না করিয়াও

আভাস।

এই শ্লোকে ভক্তের অধিকার, ঐশ্বর্য্য ও আচরণ বর্ণিত হইয়াছে। যে ব্যক্তি প্রকৃত ভক্ত, তিনি ঐহিক বা পারলৌকিক সুখের জন্য বেদোক্ত অন্য কোন দেবতার মুখাপেক্ষী হন না; তিনি "ত্বং ঈশ্বরাণাং পরমং মহেশ্বরং, ত্বং দেবতানাং পরমঞ্চ দৈবতং। পতিং পতীনাং পরমং পরস্তাদ্বিদাম দেবং ভুবনেশমীড্যং॥ হে দেব! আপনি ঈশ্বর-পদবাচ্য ইন্দ্রাদি শ্রেষ্ঠগণের শ্রেষ্ঠ ঈশ্বর, কর্ম্মফলদাতা দেবগণেরও পদ-দাতা মহাদেব। পতিনামে অভিহিত যাবতীয় লোকপালগণের আপনিই একমাত্র প্রতিপালক! হে দীনবন্ধো! জগৎব্রহ্মাণ্ডের পূজ্য এক মাত্র দেবতা আপনি; আমি আপনার শরণ লইলাম;" বলিয়া ভক্ত কায়মনোবাক্যে জগৎশরণ্য হৃষীকেশের শরণাপন্ন হন। তাঁহাদিগকে চিত্তনিরোধ করিবার জন্য যমনিয়মাদি যোগাঙ্গের আশ্রয় গ্রহণ করিতে হয় না। সংযমনী পুরীর ভীষণ

ভর্ত্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

পরস্পরং, কথনানুরাগবৈক্লব্যবাষ্পকলয়া (কথনে যঃ অনুরাগঃ তেন বৈক্লব্যং বৈবশ্যং তেন বাষ্পকলা অশ্রুবিন্দুঃ তয়া সহ) পুলকীকৃতাঙ্গাঃ (পুলকীকৃতং রোমাঞ্চিতং অঙ্গং যেষাং তে) ব্রজন্তি ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

সুযশসস্তস্য মিথঃ কথনে যোঽনুরাগ স্তেন বৈক্লব্যং বৈবশ্যং তেন বাষ্পকলা তয়া সহ পুলকীকৃতমঙ্গং যেষাং। যদ্বা ন উপরীতি ব্রজতাং বিশেষণং নিরহঙ্কারত্বাৎ অস্মত্তোঽপি যেঽধিকা স্তে যদ্ব্রজন্তীত্যর্থঃ ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মণিময়-রাজসদনেষু ব্যাঘ্রভল্লুকাদীনাং প্রবেশঃ স্বপুরস্থ-পরিজন-বৃন্দান্তেব কৌতুকবিশেষ-বশাৎ দর্শয়িতুমিচ্ছো রাজ্ঞ এবাজ্ঞয়া ভবতি তথৈব স্বীয়াপ্রাকৃতনিত্যধামনিবাসিনঃ স্বজনান্ কৌতুক-বশাদ্দর্শয়িতুং প্রাকৃতপদার্থান্ কদাচিৎ ঘোরসত্ত্বান্ অসুরান্ কদাচিৎ সাত্ত্বিকান্ ভৃগ্বাদীন্ কদাচিদ্বিগুণাতিক্রমিণঃ সনকাদীংশ্চ স্বেচ্ছয়ৈব ভগবানেবানয়তি পুনঃ শীঘ্রমেব তদযোগ্যত্বাত্ততো নিঃসারয়তি চ। স্বৈকান্তিক-ভক্তিসিদ্ধাংস্তু স্বপার্ষদদ্বারা বিমানৈ বৈকুণ্ঠমানয়তি তত্র সদা নিবাসয়তি স্বধামমাধুর্য্যং স্বসেবামাধুর্য্যং স্বলীলাদিমাধুর্য্যং তানেবাস্বাদয়ন্তীতি বিবেচনীয়ং ॥ ২৫ ॥

অভিমান নামক অহংবৃত্তিকে অনায়াসে নিরস্ত করিয়া থাকেন। তাঁহারা যখন জীবন-সর্ব্বস্ব সর্ব্বপালক প্রভু পরমেশ্বরের বিমল যশোরাশি পরস্পরে আলোচনা করেন, তখন অনুরাগের ভরে তাঁহাদের চিত্ত আর্দ্র হয় ও প্রেমাশ্রু বিসর্জনে কলেবর রোমাঞ্চিত হইয়া উঠে। হে দেবগণ! এইরূপ প্রেমিক ভক্তই বৈকুণ্ঠলোকে গমনের প্রকৃত অধিকারী ॥ ২৫ ॥

আভাস।

সংযমন-দায় হইতে অব্যাহতি লাভের জন্য বৈরাগ্যের তীক্ষ্ণ ছুরিকা অবলম্বন করিতে হয় না এবং আত্মাভিমান পরিহারের জন্য বেদান্ত-বিজ্ঞান আত্মানাত্মবিচারের বিষম বিভ্রাটে অভিভূত হইতেও হয় না। তীব্র আকিঞ্চনের অব্যর্থ সন্ধানে ভগবৎপাদপদ্মে মনরূপ শাণিত শর একবার প্রবেশ করাইতে পারিলে, ভক্তের আর কোন ভাবনাই থাকে না। ভক্ত ভগবৎস্বরূপ ব্যতীত আপনার পৃথক্ অস্তিত্বই উপলব্ধি করিবার কোন প্রয়োজন দেখেন না; ভগবৎ-কথালাপেই চিরনির্বৃত, অনুরাগ-বিশিষ্ট এবং সময়ে সময়ে রোমাঞ্চিত-কলেবর হন। তাঁহারা ভগবল্লীলায় ভক্তোদ্বিজক অসুর-সংস্রবে পুণ্যাত্মাগণের কোন ক্লেশ হয় বলিয়া, মনে করেন না; মণিময় রাজপ্রাসাদের মধ্যে ব্যাঘ্র ভল্লুকাদির আনয়ন যেমন রাজপরিবারবর্গের কৌতুকার্থ রাজাজ্ঞায় মাত্র ঘটে, সেইরূপ স্বীয়

তদ্বিশ্বগুর্ব্বধিকৃতং ভুবনৈকবন্দ্যং দিব্যং বিচিত্রবিবুধাগ্র্যবিমানশোচিঃ।
আপুঃ পরাং মুদমপূর্ব্বমুপেত্য যোগমায়াবলেন মুনয়স্তদথো বিকুণ্ঠং ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

তৎ ভুবনৈকবন্দ্যং (ভুবনেষু একতয়া প্রাধান্যেন বন্দ্যং বহুমতং) বিচিত্রবিবুধাগ্র্যবিমানশোচিঃ (বিচিত্রাণি বিবুধাগ্র্যাণাং বিমানানি তেষাং শোচিঃ দীপ্তিঃ যস্মিন্ তৎ) দিব্যং অপ্রাকৃতং যোগমায়াবলেন অচিন্ত্যপ্রভাবেণ, বিশ্বগুর্ব্বধিকৃতং (বিশ্বগুরুণা শাস্ত্রপ্রবর্ত্তকতয়া সর্ব্বপূজ্যেন ভগবতা অধিকৃতং উৎকৃষ্টতয়া নির্ম্মিতং তদপূর্ব্বং অদৃষ্টপূর্ব্বং তৎ বিকুণ্ঠং উপেত্য প্রাপ্য মুনয়ঃ অথ পরাং উৎকৃষ্টাং মুদং হর্ষং আপুঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

তত্তদা তদপূর্ব্বং বিকুণ্ঠং, অথোঽনন্তরমুপেত্য মুনয়ঃ পরামুৎকৃষ্টাং মুদমাপুঃ। অপূর্ব্বত্বে হেতবঃ। বিশ্বগুরুণা হরিণা অধিকৃতং অধিষ্ঠিতং ভুবনানামেকমেব বন্দ্যং দিব্যমলৌকিকং। বিচিত্রাণি বিবুধাগ্র্যাণাং বিমানানি তেষাং শোচির্দীপ্তি র্যস্মিন্। যোগমায়াবলেনেতি অষ্টাঙ্গযোগপ্রভাবেণোপেত্য। পরমেশ্বরে তু যোগমায়েতি চিচ্ছক্তিবিলাস ইতি দ্রষ্টব্যং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র তত্র সনকাদীনাং গমনং বর্ণয়ন্তি। অথো তদ্বিকুণ্ঠং যোগমায়ায়া ভগবদিচ্ছানুবর্ত্তিন্যা ভগবচ্ছক্তে র্বলেন নতু স্ববলেন উপেত্য ভগবৎকৃপয়া পরাং মুদং অপূর্ব্বং যথা স্যাত্তথা আপুঃ। অত্র পরামপূর্ব্বমিতি পদাভ্যাং তদীয় ব্রহ্মানুভবমুদোঽপি সকাশাৎ বৈকুণ্ঠীয়মুদ আধিক্যং দর্শিতং। বৈকুণ্ঠঃ কীদৃশঃ তেনৈব বিশ্বগুরুণা হরিণা স্বয়মধিকৃতমিতি নাত্র তন্মায়াশক্তেরধিকার ইত্যর্থঃ। কৃপয়া স্বীয়ভক্তিমুপদেষ্টুমেব মুনীনপ্যানিনায়েতি বিশ্বগুরুপদব্যঙ্গ্যং বস্তু বিচিত্রাণি বিবুধাগ্র্যাণি বিমানানি তেষাং শোচি র্যত্র তৎ ॥ ২৬ ॥

শাস্ত্রযোনি সর্ব্বগুরু ভগবান্ বিষ্ণু স্বীয় অচিন্ত্য যোগমায়ার প্রভাবে বিবুধাগ্র্যগণের বিচিত্র বিমানজ্যোতিতে সুশোভিত সর্ব্বভুবনের সর্ব্বতোভাবে বন্দনীয় অলৌকিক গুণসম্পন্ন এই বৈকুণ্ঠলোক স্বয়ং নির্ম্মাণ করিয়াছেন। আমার মানস-পুত্র সনকাদি ঋষিগণ তাদৃশ অপূর্ব্ব রচনাবিশিষ্ট বৈকুণ্ঠে উপনীত হইয়া অতীব আনন্দ অনুভব করিলেন ॥ ২৬ ॥

আভাস।

অপ্রাকৃত নিত্যধামবাসী পার্ষদগণকে কৌতুক প্রদর্শনার্থ মাত্র ভগবান্ নিজ লীলার অভ্যন্তরে অসুরাদির আনয়ন করিয়া, ভক্তিরসেরই পুষ্টিসাধন করিয়া থাকেন। যাঁহারা একান্ত ভক্ত, ভগবান্ স্বীয় পার্ষদ দ্বারা তাঁহাদিগকে বিমানে আরোহণ করাইয়া স্বধাম বৈকুণ্ঠে আনয়ন করেন; সদা সর্ব্বদা সেই স্থানে রাখেন এবং নিজের ধাম-মাধুর্য্য, স্বীয় সেবা-মাধুর্য্য ও স্বীয় লীলা-মাধুর্য্য অনবরত আস্বাদন করান, ইহাই বিবেচনীয় ॥ ২৫ ॥

তস্মিন্নতীত্য মুনয়ঃ ষড়সজ্জমানাঃ কক্ষাঃ সমানবয়সাবথ সপ্তমায়াং।
দেবাবচক্ষত গৃহীতগদৌ পরার্দ্ধ্যকেয়ূর-কুণ্ডলকিরীটবিটঙ্কবেশৌ ॥২৭॥

অন্বয়ঃ।

তস্মিন্ বৈকুণ্ঠে ষট্‌কক্ষাঃ প্রাকারদ্বারাণি, অতীত্য অতিক্রম্য, অসজ্জমানাঃ (ভগবদ্দর্শনৌৎকণ্ঠ্যা তত্তদদ্ভুতদর্শনে ক্বাপ্যাসক্তিমকুর্ব্বাণাঃ) মুনয়ঃ সনকাদয়ঃ অথ সপ্তমায়াং কক্ষায়াং পরার্দ্ধ্যকেয়ূরকুণ্ডলকিরীটবিটঙ্কবেশৌ (পরার্দ্ধ্যৈঃ শ্রেষ্ঠৈঃ কেয়ূরাদিভিঃ বিটঙ্কো রুচিরো বেশঃ যয়ো স্তৌ) সমানবয়সৌ (সমানং বয়ঃ যয়োস্তৌ) গৃহীতগদৌ (গৃহীতে গদে যাভ্যাং তৌ) দেবৌ দ্বারপালৌ, অচক্ষত অপশ্যন্ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

তস্মিন্ বিকুণ্ঠে ষট্‌কক্ষাঃ প্রাকারদ্বারাণি। অসজ্জমানা ভগবদ্দর্শনোৎকণ্ঠয়া তত্তদদ্ভুতদর্শনে আসক্তিমকুর্ব্বাণাঃ। দ্বারপালৌ দেবাবপশ্যন্। সমানং বয়োযয়োঃ। গৃহীতে গদে যাভ্যাং। পরার্দ্ধ্যৈঃ কেয়ূরাদিভিঃ বিটঙ্কঃ সুন্দরো বেশো যয়োঃ ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ তস্মিন্ বিকুণ্ঠে ষট্ কক্ষাঃ প্রাকার-দ্বারাণি অতিক্রম্য। অসজ্জমানাঃ জন্মত এব ব্রহ্মানুভবিত্বাৎ। তত্র তত্র দ্বারপ্রাকারাদৌ সৌরূপ্য সৌরভ্য সৌন্দর্য্যাদিষু বিষয়বুদ্ধ্যা আসক্তিমকুর্ব্বাণাঃ। অথ সপ্তম্যাং কক্ষায়াং দেবৌ দ্বারপালৌ জয়বিজয়াবপশ্যন্ গৃহীত-

---

কিন্তু ভগবদ্দর্শনের উৎকণ্ঠা তাঁহাদের হৃদয়ে নিতান্ত বলবতী থাকায়, তাঁহারা বাহ্যশোভায় কিছুমাত্র আকৃষ্ট হইলেন না। একে একে ছয়টী প্রাকার-দ্বার অতিক্রম করিয়া, ক্রমে যখন তাঁহারা সপ্তম কক্ষের দ্বার সমীপে উপস্থিত হইলেন, তথায় কেয়ূরাদি মহামূল্য বেশভূষায় সুসজ্জিত তুল্য-বয়স দুই জন দ্বারপাল গদাহস্তে দণ্ডায়মান রহিয়াছে, নিরীক্ষণ করিলেন ॥ ২৭ ॥

আভাস।

তাদৃশ বৈকুণ্ঠধামে সনৎকুমারাদির গমন বৃত্তান্ত বর্ণিত হইতেছে। সনকাদি ঋষি-চতুষ্টয় যে আপন বলেই তথায় গমন করিয়াছিলেন, এমত নহে; ভগবদারাধনার ফলে ভগবদিচ্ছানুবর্ত্তিনী যোগমায়াই তাঁহাদিগকে তাদৃশ সামর্থ্য প্রদানে কৃতার্থ করিয়াছিলেন। ঋষিগণও ভগবৎকৃপায় পরমানন্দই অনুভব করিয়াছিলেন। এখানে "পরাং মুদং" বলায়, ব্রহ্মানন্দের অপেক্ষা বৈকুণ্ঠের আনন্দ তাঁহাদের নিকট অধিক বলিয়া প্রতীত হইয়াছিল। কারণ, ভগবান্ স্বয়ং স্বীয় ভক্তগণের আনন্দোদ্দীপনার্থই তাদৃশ বৈকুণ্ঠভুবন নির্ম্মাণ করিয়াছেন; সেখানে তাঁহার মায়ার কোনরূপ অধিকার নাই। স্বীয় ভক্তিশিক্ষার্থই ভগবান্ মুনিগণকে তথায় আনয়ন করেন। ২৬ ॥

ঋষিগণ তথায় উপস্থিত হইয়া বৈকুণ্ঠশোভাদর্শনে যদিও প্রীত এবং প্রসন্ন হইলেন

মত্তদ্বিরেফ-বনমালিকয়া নিবীতৌ বিন্যস্তয়াসিতচতুষ্টয়বাহুমধ্যে।
বক্ত্রং ভ্রুবা কুটিলয়া স্ফুটনির্গমাভ্যাং রক্তেক্ষণেনচ মনাগ্রভসং দধানৌ॥২৮॥

অন্বয়ঃ।

অসিত-চতুষ্টয়-বাহুমধ্যে (অসিতং নীলং যৎ বাহুচতুষ্টয়ং তস্য মধ্যে) বিন্যস্তয়া মত্তদ্বিরেফ-বনমালিকয়া (মত্তাঃ দ্বিরেফাঃ ভ্রমরাঃ যস্যাং তয়া বনমালিকয়া) নিবীতৌ কণ্ঠলম্বিন্যা অলঙ্কৃতৌ, কুটিলয়া ভ্রুবা (স্ফুটনির্গমাভ্যাং স্ফুটৌ বিকসিতৌ নির্গমৌ শ্বাসমার্গৌ নাসাপুটে তাভ্যাং) রক্তেক্ষণেন রক্তলোচনেন চ মনাক্ ঈষৎ, রভসং উগ্রং, বদনং দধানৌ (অচক্ষত ইতি পূর্ব্বেণান্বয়ঃ)॥ ২৮॥

শ্রীধরস্বামী

তাবেব বর্ণয়তি মত্তা দ্বিরেফাঃ ভ্রমরাঃ যস্যাং তয়া বনমালয়া নিবীতৌ কণ্ঠলম্বিন্যা অলঙ্কৃতৌ। অসিতা নীলাঃ। চতুষ্টয়ে চতুঃ সংখ্যকা বাহব স্তেষাং মধ্যে বিন্যস্তয়া। বক্ত্রঞ্চ মনাগ্রভসং কিঞ্চিৎ ক্ষুব্ধং দধানৌ। স্ফুটৌ উৎফুল্লৌ নির্গমৌ শ্বাসমার্গৌ নাসাপুটে তাভ্যাং॥ ২৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গদৌ তত্রাপি বক্ত্রং মনাগ্রভসং কিঞ্চিৎ কোপক্ষুব্ধং চ দধানৌ। কেন লক্ষণেনেত্যপেক্ষায়ামাহ। ভ্রুবেত্যাদি স্ফুটনির্গমাভ্যামিত্যস্য নাসাশ্বাসাভ্যামিতি বিশেষ্যপদমধ্যাহার্য্যং॥ ২৭॥ ২৮॥

দ্বারপাল-দ্বয়ের সুনীল বাহু-চতুষ্টয়ের মধ্যদেশে মত্ত-ভ্রমর-গুঞ্জিত বনমালা আকণ্ঠ-লম্বিত থাকায়, অতি অপূর্ব্ব শোভায় তাহারা সুলক্ষিত হইলেও তাহাদের ভ্রূযুগল কুঞ্চিত, নাসাপুট উন্নত ও বদন-মণ্ডল ঈষৎ রক্তিমাভ বলিয়া প্রতীত হইতেছিল॥ ২৮॥

আভাস।

বটে, তথাপি তাহাতে তাঁহাদের চিত্তে সম্পূর্ণ নির্বৃতি লাভ হইল না। তাঁহারা ব্রহ্মবিদ্! সুতরাং বৈকুণ্ঠশোভাকেও বিষয়সুখের ন্যায় দূরে পরিত্যাগ করিয়া ভগবদ্দর্শনের উৎকণ্ঠায় তদীয় মন্দিরাভিমুখেই অগ্রসর হইতে লাগিলেন; এবং ক্রমান্বয়ে ছয়টী প্রাকার-দ্বার অতিক্রম করিয়া, সপ্তম কক্ষের দ্বারদেশে উপনীত হইলেন। তথায় জয় ও বিজয় নামক দুইজন দ্বারপাল গদাহস্তে দণ্ডায়মান ছিল। তাহারা এই পদ প্রাপ্তে ক্রমশ এতই অহঙ্কৃত হইয়াছিল যে, স্ব স্ব পদাভিমানে সতত উদ্ধত হইয়া উগ্র মূর্ত্তিতেই অবস্থান করিত। তাদৃশ লোকের বৈকুণ্ঠে বসতি করা কখন সঙ্গত নহে; এই নিমিত্ত ভগবান্ তাহাদিগের দর্প খর্ব্ব করত, ভক্তিশিক্ষার্থই মুনিগণকে তথায় আনয়ন করেন॥ ২৭॥ ২৮।

ঋষি-চতুষ্টয় ভগবানের অনুগ্রহে অক্ষুণ্ণবীর্য্য ও অতুল তেজঃসম্পন্ন। তাঁহাদের স্ত্রী

দ্বার্য্যেতয়ো র্নিবিবিশু র্মৃষতোরপৃষ্ট্বা পূর্ব্বা যথা পুরট-বজ্র-কবাটিকায়াঃ।
সর্ব্বত্র তেঽবিষময়া মুনয়ঃ স্বদৃষ্ট্যা যে সঞ্চরন্ত্যবিহতা বিগতাভিশঙ্কাঃ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

অবিষময়া বৈষম্যরহিতয়া, স্বদৃষ্ট্যা যে সর্ব্বত্র সঞ্চরন্তি বিগতাভিশঙ্কাঃ অতঃ অবিহতাঃ অনিবারিতাঃ তে মুনয়ঃ এতয়োঃ পার্ষদয়োঃ মিষতোঃ পশ্যতোঃ সতোঃ (তৌ অনাদরেণ) অপৃষ্ট্বা পূর্ব্বাঃ ষট্‌দ্বারঃ পুরট-বজ্র-কবাটিকায়াঃ (পুরটালংকৃতবজ্রময্যঃ কপাটিকাঃ যাসু তাসু যথা বিবিশুঃ তথা অন্যাং সপ্তমায়াং অপি) দ্বারি নির্বিবিশুঃ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

এতয়োর্মিষতোঃ পশ্যতো স্তাবনাদৃত্য অপৃষ্ট্বৈব যাঃ পূর্ব্বাঃ ষট্ দ্বারঃ পুরটালঙ্কৃত-বজ্রময়-কবাটিকা যাসু তা যথা বিবিশুঃ তথা সপ্তমায়ামপি দ্বারি বিবিশুঃ। অপ্রশ্নে হেতুঃ সর্ব্বত্র যেঽবিহতা অনিবারিতাঃ সঞ্চরন্তি। নিঃশঙ্কত্বে হেতুঃ অবিষময়া স্বদৃষ্ট্যেতি ॥২৯॥

শ্রীবিশ্বনাথচক্রবর্ত্তী।

তয়োঃ কোপকারণমাহ। এতয়োর্মিষতোঃ পশ্যন্তৌ এতাবপ্রশ্নাদনাদৃত্য যাঃ পূর্ব্বাঃ ষট্‌দ্বারঃ পুরটপট্টিকা হীরক কীলময়-কবাটিকাবত্যস্তা যথা বিবিশুঃ তথা সপ্তম্যামপি দ্বারি তে বিবিশুঃ। প্রশ্নাকরণে হেতুঃ তেষাং স্বভাবমেবাহ। সর্ব্ব এতে সঞ্চরন্তি যে অবিহতাঃ কেনাপ্যশক্যাভিঘাতাঃ ॥ ২৯ ॥

এদিকে ঋষিগণ সর্ব্বত্র সমদর্শী হওয়াতে, বিনা বাধায় নিঃশঙ্কচিত্তে সর্ব্বত্র বিচরণ করিতে পারিতেন। তাঁহারা অন্যান্য ছয় প্রকোষ্ঠ অতিক্রম করিবার ন্যায়, এখানে উপস্থিত হইয়া সেই দ্বারপালদ্বয়কে অবলোকন করিয়াও কিছু জিজ্ঞাসা বা অনুমতি গ্রহণ না করিয়া, তাহাদের সমক্ষেই সেই সপ্তম দ্বারে প্রবেশের উপক্রম করিলেন ॥ ২৯ ॥

আভাস।

পুরুষাদি শুভাশুভ বিষয়ের ভেদ-দৃষ্টির অভাব বশতঃ কোথায়ও প্রবেশের নিষেধ ছিল না! নিঃশঙ্কচিত্তে তাঁহারা সর্ব্বত্রই বিচরণ করিতে পারিতেন। অবয়ব দর্শনে পঞ্চমবর্ষীয় বালকের ন্যায় প্রতীত হইলেও, তাঁহারা বয়সে ও জ্ঞানে অতীব প্রাচীন। কারণ ব্রাহ্মকল্পে জন্ম পরিগ্রহ করায় এবং আত্মতত্ত্বানুসন্ধান, বৈরাগ্য ও ভগবদ্ভক্তির বিশেষ অনুশীলনে তাঁহারা ধর্ম্মের চরম সীমায় আরোহণ করিয়াছিলেন। ভগবদ্ভাব অনবরত হৃদয়ে জাগরূক থাকায়, তাঁহাদের চিত্তাবরণ উন্মোচিত ছিল; সুতরাং দেহাবরণার্থ বস্ত্রের প্রয়োজন হইত না। তাঁহারা দিগম্বরবেশে নির্ব্বিবাদে সর্ব্বত্র বিচরণ করিতেন। এখানে হীরক-কীলক ময় কবাটযুক্ত প্রবেশদ্বারা দিয়া একে একে ছয়টী কক্ষা পূর্ব্বে যেমন বিনা নিষেধে অতিক্রম করত তাঁহারা প্রবেশ করিয়াছিলেন; এখানে সপ্তম কক্ষায় প্রবেশার্থ দ্বারপালদ্বয়ের

তান্ বীক্ষ্য বাতবসনাংশ্চতুরঃ কুমারান্ বৃদ্ধান্ দশার্দ্ধবয়সো বিদিতাত্মতত্ত্বান্।
বেত্রেণ চাস্খলয়তামতদর্হণাং স্তৌ তেজোবিহস্য ভগবৎপ্রতিকূলশীলৌ ॥৩০

অন্বয়ঃ।

ভগবৎপ্রতিকূলশীলৌ (ভগবতো ভক্তবৎসলস্য প্রতিকূলঃ শীলং যয়োঃ তৌ) তৌ দ্বারপালৌ, বিদিতাত্মতত্ত্বান্ (বিদিতং আত্মতত্ত্বং পরমাত্মযাথাত্ম্যং যৈঃ তান্) অতদর্হান্ নিষেধাযোগ্যান্, (ব্রাহ্মকল্পে জাতত্বেন) বৃদ্ধান্ অপি দশার্দ্ধবয়সঃ পঞ্চবর্ষবালকবৎপ্রতীয়মানান্ বাত-বসনান্ দিক্‌বস্ত্রান্ তান্ চতুরঃ কুমারান্ সনৎকুমারাদীন্ বীক্ষ্য তেষাং তেজঃ প্রভাবং, বিহস্য তুচ্ছীকৃত্য, বেত্রেণ (বচনেন) চ অস্খলয়তাং নিবারিতবন্তৌ ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

বাত-বসনান্ নগ্নান্, বৃদ্ধানপি পঞ্চবর্ষবালকবৎপ্রতীয়মানান্। চকারাদাজ্ঞয়া চ অস্খলয়তাং নিবারিতবন্তৌ। ন তৎ স্খলনমর্হতীতি তথা তান্। অহো অত্রাপি ধার্ষ্ট্যমিত্যেবং তেষাং তেজো বিহস্য ভগবতো ব্রহ্মণ্যদেবস্য প্রতিকূলং শীলং যয়োঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাতসো রসনা ক্ষুদ্রঘণ্টিকা তদুপলক্ষিতানি সর্ব্বাণি বস্ত্রালঙ্কারাদীনি যেষাং তে। বৃদ্ধান্ ব্রহ্ম-সমবয়স্কানপি পঞ্চবর্ষবালকবৎপ্রতীয়মানান্ ব্রহ্মজ্ঞান্ বীক্ষ্য বেত্রেণ তির্য্যগ্বেত্র-ধারণেন চকারাৎ সহসা ভগবদন্তঃপুরমিতো মাবিশতেতি বাচা চ অস্খলয়তাং নিবারয়া-মাসতুঃ। ন তৎ স্খলনমর্হতীতি তথা তান্ তৌ জয়বিজয়ৌ অহো অত্রাপি ব্রহ্মজ্ঞত্বাদ-হঙ্কারেণ ধার্ষ্ট্যমিত্যেবং তেষাং তেজো বিহস্য ভগবতো ব্রহ্মণ্যদেবস্য প্রতিকূলশীলাবিতি দাসদ্বারাপি স্বব্রহ্মণ্যতাদিঘাতো নৈব সর্ষ্যতো যতঃ প্রভোর্মনোনুসারিণ্য এব ভৃত্যাঃ অদণ্ড্যাঃ কুশলিনো ভবন্তীতি ভাবঃ ॥ ৩০ ॥

কিন্তু পার্ষদ-দ্বয় ভক্তবৎসল ভগবানের ভাব সম্পূর্ণ অবগত নহে; সুতরাং তাদৃশ জ্ঞান-বিজ্ঞান-সম্পন্ন প্রাচীন অথচ দেখিতে পঞ্চবর্ষীয় বালক-সদৃশ-প্রতীয়মান দিগম্বর-বেশধারী সনৎকুমারাদি ঋষি-চতুষ্টয়কে অবলোকন করত তাঁহাদের তেজোপ্রভাবকে উপহাস পূর্ব্বক নিষেধ করা অবিধেয় হইলেও, বেত্রাদি প্রদর্শনে ও পরুষবচনে ভিতরে প্রবেশ করিতে নিষেধ করিল ॥ ৩০ ॥

আভাস।

অনুমতি না লইয়াই প্রবেশে অভিমুখী হইলেন। কিন্তু দ্বারপালদ্বয় স্বকীয় প্রভু হৃষীকেশের ভক্তবাৎসল্যভাব পরিজ্ঞাত ছিল না; তাহারা ঔদ্ধত্য সহকারে হস্তে বেত্র লইয়া, "অহো! ব্রহ্মজ্ঞানীর অভিমানে এখানেও ধার্ষ্টতা প্রকাশ করিতেছ! এই প্রকার কর্কশ বাক্যে ঋষিগণকে ভৎর্সনা পূর্ব্বক প্রবেশে নিরস্ত করিল। ঋষিগণের প্রভাবানভিজ্ঞ দ্বারপাল-দ্বয়ের এই কার্য্যে ভক্তের অপমান ও ভগবানের অভিপ্রায়-বিরুদ্ধ কার্য্য করা হইল।

তাভ্যাং মিষৎস্বনিমিষেষু নিষিধ্যমানাঃ স্বর্হত্তমাস্বপি হরেঃ প্রতিহারপাভ্যাং।
উচুঃ সুহৃত্তমদিদৃক্ষিতভঙ্গ ঈষৎকামানুজেন সহসা ত উপপ্লুতাক্ষাঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

এবং তাভ্যাং হরেঃ প্রতিহারপাভ্যাং দ্বারপালপতিভ্যাং, অনিমিষেষু (অন্যেষু) দেবেষু, মিষৎসু পশ্যৎসু সৎসু স্বর্হত্তমাঃ অন্যান্যং পূজ্যতমাঃ, নিষিদ্ধমানাঃ (অতঃ) সুহৃত্তমদিদৃক্ষিতভঙ্গে (সুহৃত্তমঃ ভগবান্ তস্য দিদৃক্ষিতং দর্শনেচ্ছা তস্য ভঙ্গে প্রতি-রোধে সতি) ঈষৎকামানুজেন (ঈষৎ স্বল্পঃ কামস্য অনুজঃ ক্রোধঃ তেন) সহসা ঝটিতি উপপ্লুতাক্ষাঃ (উপপ্লুতানি ব্যাপ্তানি অক্ষীণি যেষাং, তথাভূতাঃ সন্তঃ) তে উচুঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

হরে র্দ্বারপালপতিভ্যাং দেবেষু পশ্যৎসু বার্য্যমানা তে মুনয়ঃ কোবা ইত্যাদি শ্লোক-ত্রয়মূচুঃ। সুহৃত্তমঃ শ্রীহরিঃ তস্য দিদৃক্ষিতং দর্শনেচ্ছা তস্য ভঙ্গে সতি কামস্যানুজঃ ক্রোধঃ তেন সহসা অকস্মাদেবোপপ্লুতানি ক্ষুভিতানি অক্ষীণি যেষাং তে সুষ্ঠু পূজ্যতমা অপীতি নিষেধানর্হত্বে ক্রোধানর্হত্বে বা হেতুঃ ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অনিমিষেষু বৈকুণ্ঠীয়দেবেষু পশ্যৎসু অর্হত্তমা অপি ভগবৎসদৃশমভিশয়েন গন্তুমর্হা অপি হরে র্দ্বারপাভ্যাং নিষিধ্যমানা উচুঃ। সুহৃত্তমস্য হরের্দর্শনেচ্ছায়া ভঙ্গে উপঘাতে সতি কামানুজেন ক্রোধেন সহসা উপলক্ষিতমেব উপপ্লুতানি ব্যাপ্তানি অক্ষীণি যেষাং তে ॥ ৩১ ॥

এইরূপে দ্বারপাল-দ্বয় অন্যান্য দেবতার সমক্ষে সেই সকল পূজ্যতম ঋষিগণকে সপ্তম কক্ষায় প্রবেশ করিতে বারণ করিলে, তাঁহারা সাতিশয় ক্ষুণ্ণ হইলেন। বিশেষত ভগবদ্দর্শন-বাসনায় তথায় উপস্থিত হইয়াও তাহার ব্যাঘাত জন্মিল দেখিয়া, তাঁহাদের হৃদয়ে সহসা ঈষৎ ক্রোধের উদয় হইল; এবং নয়ন-যুগল ঈষৎ আরক্ত হইয়া উঠিল ॥ ৩১ ॥

আভাস।

এখানে ঋষিগণের ছয়টী কক্ষা অতিক্রমের কথা বলিয়া যোগীর ষট্‌চক্র নিরূপণেরই ভাব প্রকাশ করা হইল। অর্থাৎ চক্র ছয়টীকে নিরূপণ করিলেই পরমার্থ লাভ হয়, এমত নহে; ভগবান্ তাহার অতীত সপ্তম সহস্রারে বিরাজ করিতেছেন; তথায় গমন করা যোগবলে হয় না; ভক্তির প্রয়োজন। ভক্তি না থাকিলে, দ্বারপালের দ্বারা প্রতিষিদ্ধ হইতে হয়। ভক্তি থাকিলে কর্ম্মদোষে দূষিত হইয়া যদি দ্বারপালের দ্বারা নিবারিত হন, তথাপি সে নিবারণ নহে; ভগবান্ স্বয়ং ভক্তের অন্তরায় দূর করিয়া সারূপ্যপদ প্রদান করেন ॥ ২৯ ॥ ৩০ ॥

সনকাদি ঋষিগণ জয় বিজয় কর্ত্তৃক নিবারিত হইয়া ক্রুদ্ধ হইলেন বলায়, ক্রোধপরতন্ত্রতা

মুনয়ঃ উচুঃ ॥

কোবা ইহেত্য ভগবৎপরিচর্য্যয়োচ্চৈস্তদ্ধর্ম্মিণাং নিবসতাং বিষমঃ স্বভাবঃ।
তস্মিন্ প্রশান্তপুরুষে গতবিগ্রহে বাং কোবাত্মবৎকুহকয়োঃ পরিশঙ্কনীয়ঃ ॥৩২॥

অন্বয়ঃ।

মুনয়ঃ উচুঃ। উচ্চৈঃ মহত্যা ভগবৎপরিচর্য্যয়া ইহ বৈকুণ্ঠে এত্য নিবসতাং তদ্ধর্ম্মিণাং বৈকুণ্ঠধর্ম্মবতাং, মধ্যে বাং যুবয়োঃ এব বা কঃ অয়ং বিষমঃ বিপরীতঃ স্বভাবঃ; গতবিগ্রহে ত্যক্তকলহে, তস্মিন্ প্রশান্তপুরুষে আত্মবৎস্বদৃষ্টান্তেন কুহকয়োঃ কুটিলয়োঃ, বাং যুবয়োঃ কোবা পরিশঙ্কনীয়ঃ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

উচ্চৈর্মহত্যা ভগবৎপরিচর্য্যয়া এত্য প্রাপ্য ইহ বৈকুণ্ঠে নিবসতাং তদ্ধর্ম্মিণাং ভগবদ্ধর্ম্মিণাং সমদর্শিনাং মধ্যে বাং যুবয়োরেব কোঽয়ং বিষমঃ স্বভাবঃ কৈশ্চিৎ প্রবেষ্টব্যং কৈশ্চিন্নেত্যেবংভূতঃ। নন্বু স্বামিরক্ষার্থং দ্বারপালয়োরেষ স্বভাবঃ গুণএব ইতি চেদত আহুঃ তস্মিন্নিতি। কুহকয়োঃ কপটয়োঃ আত্মবৎ স্বদৃষ্টান্তেন যথা আবাং কপটৌ তথান্যোঽপি কশ্চিৎ কপটঃ প্রবেক্ষ্যতীতি অয়ং ভাবঃ নহুত্র ভগবদ্ভক্তং বিনা কশ্চিদাগচ্ছতি নচেশ্বরে প্রশান্তত্বাদবিদ্যমানবিরোধে ভয়শঙ্কা। অতো যুবাং কেবলং ধূর্ত্তাবেবেতি ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্রোধোপরক্তত্বাৎ প্রথমং নিন্দতি কো বা ইতি। তদ্ধর্ম্মিণাং ভগবত্তুল্যধর্ম্মিণাং তত্রাপি ইহ তৎসমীপ এব বসতাং বিষমঃ ব্রাহ্মণৈর্ন প্রবেষ্টব্যমিতি ভগবৎস্বভাবপরিপন্থীকঃ স্বভাবঃ। নন্বু ব্রাহ্মণবেশেন ভগবদ্দ্বেষিণোঽপি কপটেন প্রবিশন্ত্যতঃ প্রথমং ব্রাহ্মণা অপি জিজ্ঞাস্যা এব ততঃ প্রবেশনীয়া ইতি চেত্তর্হি যুবামেব তদ্ভক্তবেশেন কপটিনৌ তদীয়-ব্রহ্মণ্যত্ব-প্রশান্তত্বগতবিগ্রহত্বাদিমহাগুণলোপে প্রবৃত্তৌ তদ্দ্বেষিণাবত্রস্থঃ নত্বন্যঃ কোঽপি তস্য শঙ্কনীয় ইত্যাহুঃ। তস্মিন্নিত্যাদি আত্মবদিতি আত্মবন্মন্যতে জগদিতি ন্যায়েন বাং যুবয়োঃ কপটিনোরপি কোবা শঙ্কনীয় ইতি কাকা যুবামেব শঙ্কনীয়াবিতি ভাবঃ ॥ ৩২ ॥

তাঁহারা দ্বারপালদ্বয়কে সম্বোধন পূর্ব্বক বলিলেন, অনেক জন্ম ভগবানের পরিচর্য্যা করিলে, জীব এই বৈকুণ্ঠধামে আগমন করিতে পারে। কিন্তু তোমরা সেই পুণ্যধাম বৈকুণ্ঠলোকে বাস করিয়াও এরূপ বিপরীত স্বভাব আভাস।

নিবন্ধন তাঁহাদের চরিত্রে দোষের কল্পনা করা বিধেয় নহে। কারণ এ ক্রোধ কোন প্রাকৃতিক বিষয়ের অপ্রাপ্তি জনিত নহে এবং সে ক্রোধের প্রশ্রয়ে অন্যেরও কোন অনিষ্ট ঘটে নাই। বিষয়-কামনায় ক্রোধই নিরয়-গমনের হেতু। ঋষিগণ ভগবৎপ্রাপ্তির অন্তরায়ভূত দ্বারপালদ্বয়ের অপসারণ করা বিধেয় বিবেচনায়, ক্রোধ-প্রকাশচ্ছলে তাঁহাদের উপকারই করিয়াছেন ॥ ৩১ ॥

নহ্যন্তরং ভগবতীহ সমস্তকুক্ষাবাত্মানমাত্মনি নভো নভসীব ধীরাঃ।

অন্বয়ঃ।

যত্র আত্মনি পরমাত্মনি সমস্তকুক্ষৌ (সমস্তং বিশ্বং এব কুক্ষৌ যস্য তস্মিন্) ইহ ভগবতি নভসি মহাকাশে, নভঃ ঘটাকাশঃ ইব ধীরাঃ বিদ্বাংসঃ আত্মানং সর্ব্বমেব

শ্রীধরস্বামী।

ভয়শঙ্কাবীজঞ্চ ভেদঃ সচ কস্যাপ্যস্মিন্নাস্তীত্যাহুঃ নহীতি। সমস্তং বিশ্বং কুক্ষৌ যস্য যত্র যদা ইহ ভগবতি ধীরা বিদ্বাংসঃ আত্মনোঽন্তরং ভেদং ন পশ্যন্তি। কিন্ত্বস্মিন্ পরমা-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শৃণুত রে মূর্খাঃ শৃণুত ইত্যাহুঃ নহীতি। সমস্তমেব বিশ্বং কুক্ষৌ যস্য তস্মিন্নিতি যুবয়োর্যে শঙ্কনীয়াস্তেঽপ্যস্য কুক্ষাবেব বসন্তীত্যর্থঃ। ইহ বৈকুণ্ঠে যত্র ভগবতি আত্মনি পরমাত্মনি আত্মানং সর্ব্বমেব জীবাত্মানং ধীরা জ্ঞানিনোঽন্তরং ভিন্নং ন পশ্যন্তি নভসি মহাকাশে নভো ঘটাকাশমিব তস্যাস্য পরমেশ্বরস্য যুবাভ্যাং সুরলিঙ্গিভ্যাং উদরভেদিভয়ং শক্রঃ কশ্চিৎ কপটেনাত্রাগত্য প্রভোরস্য উদরন্তেৎস্যতীতি ভয়ং যতঃ কারণাৎ বিশেষেণোৎপাদিতং তৎ কিং নাম অস্মাকমগ্রে ব্রূতং তাবৎ প্রথমমিত্যর্থঃ। অত্র যদ্যপি সার্ব্ব-

---

বিশিষ্ট কেন পরিলক্ষিত হইতেছে। ভগবানে কোন বিরুদ্ধভাব নাই; তিনি সমগ্র জগতের হিতকারী বন্ধু ও সমদর্শী; তোমরা আপনাদের কুটিলতার অনুকরণে অন্যের প্রতি কি সেইরূপ আশঙ্কা করিতেছ? ॥ ৩২ ॥

যে পরমাত্মা নারায়ণের উদরমধ্যে এই বিশ্ব ব্রহ্মাণ্ড বিরাজ করিতেছে; ঘট সন্নিহিত আকাশ যেমন মহাকাশেরই মধ্যে চিরবিদ্যমান, সেইরূপ

আভাস।

দ্বারপালদ্বয়ের বৈকুণ্ঠধামে অনুপযোগিতার পরিচয়ার্থ ঋষিগণ তিনটী শ্লোকে স্ব স্ব অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। বৈকুণ্ঠধামে বাস করা সাধারণ জীবের অদৃষ্টে ঘটে না; বহু জন্মার্জ্জিত আরাধনার ফলে বিশেষ সৌভাগ্যের উদয় হইলে, জীব তাদৃশ ধামে গমন করিতে পারে। জয়-বিজয় অদ্ভুত সৌভাগ্য ও ভগবদর্চ্চনার ফলেই বৈকুণ্ঠধামের দ্বারপালত্ব লাভ করিয়াছিলেন। তাঁহারা যখন ক্রূরতাশূন্য বিকুণ্ঠলোকে বসতি করিতেছেন, তখন তাঁহাদের হৃদয়েও ক্রূরতা থাকা কোন মতে সঙ্গত নহে। অতএব তাঁহারা কোন্ কপটতার অনুরোধে যে, নিষ্কপট ঋষিগণকে ভগবৎসন্নিধানে প্রবেশের নিষেধ করিলেন, ইহাই এখানে প্রধান জিজ্ঞাস্য। পাছে অনিষ্টকারী লোকের সংসর্গে প্রভুর অনিষ্ট ঘটে, এই আশঙ্কাই যদি নিষেধের কারণ হয়, তবে সে আশঙ্কা কাহার হৃদয়ে উদিত? ভগবানে নয়; কারণ তিনি সমদর্শী সকলের বন্ধু। সৃষ্ট জগতে তাঁহার কেহ শত্রু নাই। এক, সর্ব্বপালকের শত্রু থাকাও সঙ্গত নহে। এদিকে মুনিগণ নির্ম্মলচেতা; ভক্তিসহকারে

পশ্যন্তি যত্র যুবয়োঃ সুরলিঙ্গিনোঃ কিং
ব্যুৎপাদিতং হ্যুদরভেদি ভয়ং যতোঽস্য ॥ ৩৩ ॥

অন্বয়ঃ।

জীবাত্মানং অন্তরং ভিন্নং ন পশ্যন্তি অস্য পরমেশ্বরস্য সুরলিঙ্গিনোঃ যুবয়োঃ (যুবাভ্যাং) উদরভেদি (উদরং ভেৎস্যতীতি) ভয়ং যতঃ কারণাৎ ব্যুৎপাদিতং পরিশঙ্কিতং তৎ কিং নাম অস্মাকং ব্রূতং ইতি পরেণান্বয়ঃ ॥ ৩৩ ॥

শ্রীধরস্বামী।

অন্যাত্মানমন্তর্ভূতং পশ্যন্তি মহাকাশে ঘটাকাশমিব। তদা যথান্যস্য রাজাদেরুদরভেদি উদরভেদেষুক্তং ভয়ং ভবতি তথাস্য শ্রীহরেঃ তাদৃগ্ ভয়ং যতঃ যেন কারণেন সুরবেশ ধারিণো যুবয়ো বিশেষেণোৎপাদিতং তৎ কিং ন কিঞ্চিদিত্যর্থঃ ॥ ৩৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জ্ঞ্যাদি-স্বরূপ-ভূতানন্ত-কল্যাণ-গুণাদীশ্বর-চৈতন্যাদল্পজ্ঞত্বাধীনত্বাদিস্বভাবং জীবচৈতন্যমীশিতব্যং সূর্য্যাত্তদা তপ ইব জাত্যৈব ভিন্নতে তদাপাত্র বক্তৃণাং সনকাদীনাং জ্ঞানিত্বাজ্ জ্ঞানিনাঞ্চ পদ্ধতৌ অদ্বৈতজ্ঞানলভ্য নির্ব্বাণসিদ্ধ্যর্থং চিৎসামান্যগ্রহণস্যৈব বিধীয়মানত্বাৎ চিদ্বিশেষভূতানামীশ্বরজীবয়োর্গুণানাং মায়ায়াশ্চ গ্রহণস্য নিষিদ্ধত্বাদীশ্বরজীবয়োর্মহাকাশদৃষ্টান্তো নানুপপন্নো জ্ঞেয়ঃ ॥ ৩৩ ॥

ব্রহ্মাণ্ডস্থ জীবনিচয় পরমাত্মা হইতে কোন অংশে ভিন্ন নহে। বিদ্বান্ ব্যক্তি শত্রু, মিত্র, উদাসীন সমস্তই তাঁহার অন্তরে চিরবিদ্যমান অবলোকন করিয়া থাকেন। কিন্তু তোমরা দেবরূপধারী হইয়াও তাদৃশ ভগবানের অনিষ্টাশঙ্কা অন্য হইতে যে কেন করিতেছ, তাহার কারণ আমাদের নিকট বর্ণন কর! ॥ ৩৩ ॥

আভাস।

বিষয়বাসনা পরিত্যাগ পূর্ব্বক অকপটচিত্তে ভগবৎসমীপে অগ্রসর হইতেছেন, সুতরাং তাঁহাদের হৃদয়েও ওরূপ আশঙ্কার অবধারণ অমূলক। তবে জয়-বিজয়ের হৃদয়েই তাদৃশ আশঙ্কার প্ররোহ হইয়াছে, সন্দেহ নাই। অতএব নির্ম্মল স্থানে বাস করিয়া নির্ম্মল চিত্ত লাভ করিয়া যখন ঈদৃশ মালিন্যের উৎপত্তি হইয়াছে, তখন সে মালিন্য অপনোদনার্থ বিশেষ কর্ম্মের প্রয়োজন। সেই কর্ম্ম প্রদর্শন করাই ঋষিগণের ক্রোধের কারণ ॥ ৩২ ॥

মুনিগণ বলিলেন, রে দ্বারপালদ্বয়! যে ভগবানের কুক্ষিদেশে এই সমস্ত বিশ্বসংসার অবস্থিতি করিতেছে; এমন কি! যাহাদিগকে দেখিয়া তোমরা বিপদের আশঙ্কা করিতেছ, সেই আমরা পর্য্যন্ত যাঁহার উদর মধ্যে বাস করিতেছি, সেই তাহাদিগের নিকট হইতে ভয়ের আশঙ্কা করা কেবল তোমাদের মূর্খতার পরিচয় ব্যতীত অন্য কিছুই উপলব্ধি

তদ্বামমুষ্য পরমস্য বিকুণ্ঠভর্ত্তুঃ কর্ত্তুং প্রকৃষ্টমিহ ধীমহি মন্দধীভ্যাং।

অন্বয়ঃ।

তৎ তস্মাৎ অমুষ্য পরমস্য বিকুণ্ঠভর্ত্তুঃ বৈকুণ্ঠনাথস্য, বাং যুবাভ্যাং ভৃত্যাভ্যাং মন্দধীভ্যাং অপি প্রকৃষ্টং ভদ্রং এব কর্ত্তুং ইহ অস্মিন্ অপরাধে যদ্যুক্তং তৎ ধীমহি চিন্তয়েম।

শ্রীধরস্বামী।

তত্তস্মাদমুষ্য বৈকুণ্ঠনাথস্য ভৃত্যাভ্যাং বাং যুবাভ্যাং প্রকৃষ্টং ভদ্রমেব কর্ত্তুং ইহাস্মিন্নপরাধে যদ্যুক্তং তদ্ধীমহি চিন্তয়েম তদেবাহ রন্তরস্য ভেদস্য ভাবঃ সত্তা তদ্দর্শনেন ইতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং নিন্দিত্বাপ্যশান্তত্বাৎ পুনরতিক্রোধাৎ শপন্তি তত্তস্মাদ্বাং যুবাভ্যাং মন্দধীভ্যাং ভৃত্যাভ্যাং অমুষ্য বিকুণ্ঠভর্ত্তুঃ প্রকৃষ্টং প্রকর্ষং কর্ত্তুং ধীমহি অত্র ভেদদর্শনং বিশেষতো ব্রাহ্মণবারণঞ্চ ব্রহ্মণ্যদেবস্যাপকর্ষস্তদভাবমেব প্রকর্ষস্তং কর্ত্তুং তদনন্তরঙ্গত্বেন বয়মেব

অতএব তোমরা যখন সেই বৈকুণ্ঠনাথ পরমেশ্বরের ভৃত্য হইয়াও এরূপ কুবুদ্ধিবিশিষ্ট হইয়াছ, তখন তোমাদের বিশেষ মঙ্গল বিধান করা আমাদের কর্ত্তব্য বলিয়া বিবেচনা করিতেছি। তোমরা ভগবানে ভেদবুদ্ধির অপরাধে

আভাস।

হইতেছে না। যাঁহারা প্রকৃত জ্ঞানী, তাঁহারা মহাকাশে যাবতীয় ঘটাকাশাদি পরিচ্ছিন্ন আকাশের অবস্থিতির ন্যায়, এক পরমাত্মস্বরূপে যাবতীয় জীবাত্মার সন্নিবেশ প্রতীতি করিয়া থাকেন। তাঁহারা পরমাত্মা হইতে জীবাত্মার পৃথক্ অস্তিত্ব কোন প্রকারে অবধারণ করেন না। কিন্তু তোমাদের দুই জনকেই আকৃতিতে দেবতার ন্যায় দেখিতেছি; অথচ প্রকৃতিতে তাহার সম্পূর্ণ বৈপরীত্য প্রতিভাসিত হইতেছে। আমাদের ন্যায় জীবের দ্বারা সেই ব্রহ্মাণ্ড-ভাণ্ডোদর ভগবানের বিপদ্ হইবার আশঙ্কা তোমাদের কি কারণে যে উপস্থিত হইল, আমরা তাহা কোন মতে নিরূপণ করিতে পারিতেছি না। পরমাত্মাতে নিরতিশয় সর্ব্বজ্ঞতার বীজ নিত্য নির্ব্বাধে প্রতিষ্ঠিত; জীবে জ্ঞানভাব দেশত, কালত ও পাত্রত পরিচ্ছিন্ন। পরমাত্মা জীবের নিয়ন্তা; জীব ঈশ্বরের নিয়ম্য। তিনি কল্যাণগুণময়; জীব ঋণত্রয়ের অধীনতা-নিবন্ধন শোক, দুঃখ ও সুখসাগরে নিরন্তর ভাসমান। সূর্য্য ও তাঁহার কিরণে ব্যবহারগত ভেদ থাকিলেও যেমন জাতিনিষ্ঠ ভেদ বাস্তবিক নাই, সেইরূপ ব্যবহারত জীবাত্মা ও পরমাত্মার ভেদ প্রতীত হইলেও পরমার্থসম্বন্ধে উভয়ের অভেদ বলাই যে মুনিগণের অভিপ্রায়, তাহা অসঙ্গত নহে। অজ্ঞানই জীবচৈতন্যকে পরিচ্ছিন্ন করত বিশেষরূপে প্রতীত করে। যেমন ঘটাদি পরিচ্ছেদক পদার্থ সাধারণত মহাকাশ হইতে পরিচ্ছিন্ন করিয়া ঘটাকাশ মঠাকাশাদি বিশেষ আকাশে অভিহিত করে, সেইরূপ এক গুণময়ী মায়ার উপাধিতে উপহিত হইয়া চিৎসামান্য ঈশ্বর চিৎবিশেষ জীবরূপে পরিচিত হইতেছেন। সনকাদি ঋষিগণ জ্ঞানী;

লোকানিতো ব্রজতমন্তরভাবদৃষ্ট্যা পাপীয়স স্ত্রয় ইমে রিপবোঽস্য যত্র ॥৩৪॥

অন্বয়ঃ।

অন্তরভাবদৃষ্ট্যা (অন্তরস্য ভেদস্য ভাবঃ সত্তা তদ্দৃষ্ট্যা দোষেণ) ইতঃ বৈকুণ্ঠলোকাৎ পাপীয়সঃ লোকান্ ব্রজতং যত্র যেষু লোকেষু (কামঃ ক্রোধঃ তথা লোভঃ) ইমে ত্রয়ঃ অস্য ভেদদ্রষ্টুঃ রিপবঃ সন্তি ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

বৈকুণ্ঠলোকাৎ লোকান্ দেহান্ ব্রজতং। যত্র যেষু লোকেষু অস্য পাপীয়সোঽন্তরভাবদ্রষ্টুঃ ইমে কামঃ ক্রোধস্তথা লোভ ইতি গীতোক্তা স্ত্রয়ো রিপবঃ ভবন্তি পাপীয়সো লোকানিতি বা ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চিন্তয়েমেতি ক্ষণং তূষ্ণীং স্থিত্বা তদেবাহুঃ। ইতো বৈকুণ্ঠাদ্ব্রজতং। যত্র লোকেষু পাপীয়সো যুষ্মদ্বিধাপরাধিজনস্য ভেদভাবদৃষ্ট্যা ইমে কামঃ ক্রোধ স্তথা লোভ ইতি গীতোক্তা স্ত্রয়ো রিপবো ভবন্তি। অত্রাপরোক্ষার্থবাচিনা ইদম্শব্দ প্রয়োগেনেমে সংপ্রত্যক্ষাদ্দেহোদ্ভূতাঃ ক্রোধাদয় ইতি সরস্বত্যভিমতোঽর্থঃ ॥ ৩৪ ॥

যখন দূষিত হইয়াছে, তখন সেই অপরাধের মোচনার্থ এই বৈকুণ্ঠধাম হইতে অন্য পাপলোকে গমনপূর্ব্বক তাদৃশ যোনি ভোগ কর, যাহাতে এই ভেদদৃষ্টির কারণ কাম, ক্রোধ ও লোভ নামে রিপুত্রয় ভয়ঙ্করবেশে বাস করিতেছে ॥৩৪ ॥

আভাস।

তাঁহাদের সম্বন্ধে মায়ার প্রকোপ শিথিল হইয়া, তদীয় উপাধিসমূহ বিলীনপ্রায় হইয়াছে; কেবল প্রারব্ধ ভোগের অবসান-কালাবধি ভর্জিত চনকাদির সদৃশ উপাধি লইয়া বিদেহ-কৈবল্য পর্য্যন্ত জীবনধারণ করিতেছেন। সুতরাং সূর্য্যোদয়ের পূর্ব্বে তমোনিবারণ পূর্ব্বক অরুণোদয়ের ন্যায়, অজ্ঞানবৃত্তির নিরোধে কৈবল্যের পূর্ব্বাবস্থা পরমাত্মা জীবাত্মার অভেদজ্ঞান পূর্ব্বক চৈতন্যসামান্যের জ্ঞানই বিধেয় হইয়াছে। এস্থলে জীবেশ্বরের পার্থক্য প্রতিপাদক গুণ ও মায়া গ্রহণ না করিয়া ঘটাকাশ ও মহাকাশের দৃষ্টান্ত যুক্তিযুক্তই হইয়াছে ॥ ৩৩ ॥

মুনিগণ এবম্বিধ সার্থক, অক্ষর এবং যুক্তিযুক্ত বাক্যে দ্বারপালদ্বয়কে ভর্ৎসনা করিলেও তাঁহাদের বাহ্যাকৃতি শান্ত হয় নাই দেখিয়া, পুনরায় ক্রোধে অভিসম্পাত করিবার মানসে বলিলেন, দেখ, তোমরা নিতান্ত খল ও দুরাচার! তোমাদের ন্যায় ভৃত্যের অবস্থিতিতে বৈকুণ্ঠনাথের গোলকভুবনে কলঙ্কেরই উৎপত্তি হইতেছে। যিনি ব্রহ্মণ্য-দেব, তাঁহার দ্বারে অদ্য ব্রাহ্মণের অবমাননা! এ কলঙ্ক যে কোন্ উপায়ে নিবারিত হয়, আমরা সর্ব্বতোভাবে তাহারই চিন্তা করিতেছি। এই বলিয়া ব্রাহ্মণগণ ক্ষণকাল নিস্তব্ধ হইলেন; পরে বলিয়া উঠিলেন যে যখন এক ভেদজ্ঞান বশত প্রকৃত অরি কাম,

তেষামিতীরিতমুভাববধার্য্য ঘোরং তং ব্রহ্মদণ্ডমনিবারণমস্ত্রপূগৈঃ।
সদ্যো হরেরনুচরাবুরুবিভ্যতস্তৎপাদগ্রহাবপততামতিকাতরেণ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

ইতি উক্তপ্রকারেণ তেষাং মুনীনাং ঈরিতং ভাষিতং অবধার্য্য শ্রুত্বা তথা তং ঘোরং ব্রহ্মদণ্ডং ব্রাহ্মণশাপং অস্ত্রপূগৈঃ (অস্ত্রাণাং পূগৈঃ সমূহৈঃ অপি) অনিবারণং নিবারয়িতুং অশক্যং (জ্ঞাত্বা) উরু অত্যর্থং, বিভ্যতঃ তৌ হরেঃ অনুচরৌ অতিকাতরেণ সদ্যঃ তৎপাদগ্রহৌ (তেষাং পাদগ্রহৌ পদগ্রহণং কুর্ব্বন্তৌ সন্তৌ) অপততাং ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

ইতি তেষামীরিতং ভাষণং ঘোরমবধার্য্য তঞ্চ ব্রহ্মদণ্ডং ব্রহ্মশাপমবধার্য্য তঞ্চাস্ত্রসমূহৈরনিবারণমবধার্য্য হরেরনুচরৌ অতিকাতরেণ অতিকাতর্য্যেণ ভয়েন তৎপাদগ্রহং কুর্ব্বন্তৌ সন্তৌ দণ্ডবদপততাং। কথম্ভূতস্য হরেঃ এবম্ভূতেভ্যো মুনিভ্য স্তাভ্যামপি উরু অধিকং বিভ্যতঃ ভয়ং ভাবয়তঃ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহো অপরাদ্ধমাবাভ্যাং যদ্ব্রাহ্মণাঃ কোপিতা ইতি তয়োর্বৈক্লব্যমাহ তেষামিতি। হরেঃ সকাশাৎ প্রথমং বিভ্যতঃ ভীতৌ অভূস্ উকারলোপশ্ছান্দসঃ। ততশ্চ অতিকাতর্য্যেণ তেষাং পাদগ্রহণং কুর্ব্বন্তৌ দণ্ডবদপততাং ॥ ৩৫ ॥

অনন্তর ভগবৎপার্ষদ জয় ও বিজয় অস্ত্রসমূহের দ্বারা অনিবার্য্য তাদৃশ ভয়াবহ অখণ্ডনীয় ব্রহ্মদণ্ড শ্রবণে সাতিশয় ভীত হইলেন এবং অতি কাতর-ভাবে ভূমিতে নিপতিত হইয়া মুনিগণের চরণধারণে বলিতে লাগিলেন ॥ ৩৫ ॥

আভাস।

ক্রোধ ও লোভকে মিত্ররূপে তোমরা আলিঙ্গন করিয়াছ, তখন এই রিপুত্রয় যে লোকে নিতান্ত প্রশ্রয়ের সহিত প্রতিষ্ঠিত রহিয়াছে, সেই লোকে গমন পূর্ব্বক তদনুকূল যোনি লাভ কর ॥ ৩৪ ॥

জয় ও বিজয় নামক দ্বারপালদ্বয়ের মনোমধ্যে ধারণা ছিল যে, তাঁহারা যখন ভক্তি প্রভাবে এত উন্নত হইয়াছেন, তখন আর ভবিষ্যতে তাঁহাদের অন্য কোনরূপ বিড়ম্বনার সম্ভাবনা নাই। তাঁহারা যথেচ্ছা আচরণ করিলেও দুঃখ পাইবেন না। এটী তাঁহাদের অভিমানের কার্য্য। স্বর্গও সৃষ্টির অধীন। যে পর্য্যন্ত চিত্তাদি উপাধি বর্জনে সম্পূর্ণ মুক্তিলাভ না হয়, তদবধি সংসার-স্রোত হইতে অব্যাহতি নাই। মুক্তিই সংসারের সীমা; ব্রহ্মসাযুজ্য লাভ বা ভগবৎস্বরূপে আত্মসমর্পণই মুক্তি। যতকাল পর্য্যন্ত ঈশ্বর হইতে আপনার পৃথক্ সত্তার উপলব্ধি হয়, সে পর্য্যন্ত উত্তরোত্তর উৎকৃষ্ট লোক বা দেবাদি যোনি লাভে জীব যতই উন্নতি লাভ করুন না, অভিমানের হস্ত হইতে অব্যাহতি নাই; সুতরাং অধোগতিরও নিবৃত্তি নাই। এইরূপে দ্বারপালদ্বয়ের অধোগতি বর্ণনে মূল

ভূয়াদঘোনি ভগবদ্ভিরকারি দণ্ডো যো নৌ হরেত সুরহেলনমপ্যশেষং।

অন্বয়ঃ।

অঘোনি অপরাধিনি ময়ি যঃ দণ্ডঃ (সঃ এব) ভগবদ্ভিঃ সর্ব্বজ্ঞৈঃ ভবদ্ভিঃ (আবয়োঃ) অকারি কৃতঃ (অতঃ অসৌ) নৌ আবয়োঃ ভূয়াৎ; যঃ দণ্ডঃ নৌ আবয়োঃ অশেষং অপি

শ্রীধরস্বামী।

অহো অপরাদ্ধমস্মাভিরিত্যনুতপ্যমানান্ প্রত্যূচতুঃ। অঘোনি অঘবতি য উচিতো দণ্ডঃ স এব ভবদ্ভিরকারি। নাত্র ভবতামপরাধঃ কশ্চিদতোঽসৌ নৌ আবয়ো ভূয়াৎ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহো অপরাদ্ধমস্মাভিরেব যদ্যুবাং ভগবদ্ভক্তৌ শপ্তৌ হন্ত হন্ত অতঃ পরং কিং কুর্ম্মঃ ক্রোধাদ্যা জিতা ইত্যস্মাকং সার্ব্বকালিকোঽভিমানোঽত্র বৈকুণ্ঠে চূর্ণীভূবেতি পশ্চাত্তাপবতস্তান প্রত্যেকমাহতুঃ। অঘোনি অপরাধিনি ময়ি ভবদ্ভির্যুষ্মাভির্যো দণ্ডোঽকারি স ভূয়াদিত্যাশীর্লিঙা তমহং স্বস্মিন্নাশীর্ব্বাদমেব ভাবয়ামি নতু দণ্ডং। অত্র হেতুঃ পুনর্দ্বৌ সংহতাবেব হেতুঃ। যো দণ্ডঃ নৌ আবয়োরশেষমেব সুরহেলনং যুষ্মদবজ্ঞানাং ভগবদনভিপ্রেতাচরণাচ্চ বৈকুণ্ঠদেশানুচিতক্রোধকরণাচ্চ যুষ্মাসু ভগবতি চ বৈকুণ্ঠধাম্নি চ জাত-

---

হে সর্ব্বজ্ঞানবান্ মুনিগণ! আমাদের ন্যায় অপরাধীর প্রতি আপনারা যে দণ্ডো বিধান করিয়াছেন, তাহা উপযুক্তই হইয়াছে; কারণ এই দণ্ড প্রভাবে আমাদের অশেষ প্রকার পাপেরই বিমোচন হইবে, সন্দেহ নাই;

আভাস।

তত্ত্ব প্রকাশ করা হইল। ভগবান্ দর্পহারী; কেহই তাঁহার আপনার বা পর নাই। যে কেবল তাঁহাকে চায়, সেই শ্রেষ্ঠ; যে ভগবদ্ভক্ত ঐশ্বর্য্যে মত্ত হইয়া অভিমানী হয়, সেই নিকৃষ্ট। ভগবান্ তখনই তাহার দণ্ডবিধানে সংশোধন করেন। দ্বারপালদ্বয় পদ-প্রাপ্তে অভিমানী হইয়াছিলেন; ব্রহ্মদণ্ডের দ্বারা তাঁহাদের দর্প-রোগের চিকিৎসা হওয়া ভগবানেরই অভিপ্রেত; অতএব মুনিগণ উপলক্ষ মাত্র হইয়া সেই কার্য্যের সিদ্ধি হইল। দ্বারপালদ্বয় তখন আপনাদের কার্য্যে নিতান্ত অপ্রতিভ হইলেন এবং ব্রহ্মশাপের অন্যথা হইবার কোন সম্ভাবনা নাই জানিয়া, অতি কাতর-ভাবে ব্রাহ্মণগণের চরণে নিপতিত হইলেন। তাঁহারা ব্রহ্মশাপকে নিজেদের মঙ্গল ও ভাবী উন্নতির হেতু নিশ্চয় করিয়া, মধ্যে কোন প্রতিবন্ধক না হয়, তৎপ্রতীকারার্থ মুনিগণের অনুগ্রহ প্রার্থনা করিতে লাগিলেন। তাঁহারা বলিলেন, মোহাভিভূত নিকৃষ্ট যোনিতে গমন করিতে হয়, তাহাতে ক্ষতি নাই; কিন্তু সেই যোনিতে আবার এরূপ কর্ম্ম না ঘটে, যাহার প্রভাবে অন্য নিকৃষ্ট যোনিতে গমন করিতে হয়, তাদৃশ অনুগ্রহ তাহাদের প্রতি ব্রাহ্মণগণের করা কর্ত্তব্য। গীতাতে উক্ত আছে, "স্মৃতিভ্রংশাৎ বুদ্ধিনাশো বুদ্ধিনাশাৎ প্রণশ্যতি"। আমি কে? ও কাহার?

মা বোঽসুতাপকলয়া ভগবৎস্মৃতিঘ্নো।
মোহো ভবেদিহ তু নৌ ব্রজতোরধোঽধঃ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

সুরহেলনং (ভবতাং তিরস্কারজনিতং পাপং) হরেত নিরস্তেৎ। অপিতু বঃ যুষ্মাকং অনুতাপকলয়া (কৃপানিমিত্তঃ অনুতাপঃ তস্য কলয়া লেশেন) অধোঽধঃ মূঢ়যোনিং ব্রজতোঃ নৌ আবয়োঃ ইহ মূঢ়যোনৌ, ভগবৎস্মৃতিঘ্নঃ মোহঃ মা ন ভবেৎ ইতি ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

যঃ অশেষমপি সুরহেলনং ঈশ্বরাজ্ঞাতিক্রমরূপং পাপং হরেৎ। কিন্তু যুষ্মাকং যঃ কৃপানিমিত্তোঽনুতাপঃ তস্য লেশেন নৌ আবয়োঃ অধোঽধো মূঢ়যোনী ব্রজতোরপি ভগবৎস্মৃতিপ্রতিঘাতকো মোহো মা ভবেৎ কিন্তু মোহোঽপি স্মৃতিমেব প্রবহতাদিত্যাদিনা ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মপরাধং সর্ব্বং হরেত নাশয়েৎ। কিন্তু যুষ্মাকং যঃ কৃপানিমিত্তঃ সংপ্রত্যনুতাপস্তস্য কলয়া একেন লেশেন এতদেবাবাং প্রাপ্নুয়াবঃ নৌ আবয়োরধোঽধঃ পততোরপি মোহো ভগবৎস্মৃতিঘ্নো মা ভবেৎ। মোহস্তু ভগবতি সেব্যবুদ্ধিপরিপন্থী ভবিষ্যত্যেব। যুষ্মদভিশাপাদ্যথানুপপত্তেস্তদপি মোহঃ সোঽপি স্মৃতিমেব প্রবহতাৎ নতু বিস্মৃতিমিতি প্রার্থনা ॥ ৩৬ ॥

কিন্তু অনুগ্রহ প্রকাশে আমাদের প্রতি এইরূপ ব্যবস্থা করুন যে, দণ্ড প্রভাবে আমরা যে কোন নীচ যোনিতেই জন্মগ্রহণ করি না, ভগবানের চরণ-চিন্তনে আমাদের মতি যেন কদাপি বিমোহিত না হয়! ॥ ৩৬ ॥

আভাস।

কি নিমিত্ত কোথায় আসিয়াছি? এবং পরে কি করিয়া কোথায় গমন করিব? এই কয়েকটী বিষয়ের স্মরণ ও পর্য্যালোচনা না থাকিলে, হিতাহিত বিচারের অভাবে বুদ্ধি প্রণষ্ট হয়; বুদ্ধির নাশে অনুষ্ঠান ও উদ্দেশ্যের অনর্থ্যাপত্তি ঘটে এবং বৃথায় জন্মধারণ করা হয়। মোহই স্মৃতিভ্রংশের প্রধান কারণ। অতএব এক মোহের প্রভাবে জীবের যে অনন্ত অনর্থ ঘটে, কোটি জন্মেও তাহার পরিশোধ হয় না। এই জন্য দ্বারপালদ্বয় মুনিগণের নিকট প্রার্থনা করিলেন যে, দুঃখ পাই, ক্ষতি নাই; কিন্তু নূতন দুঃখের কারণ স্মৃতিভ্রংশ তাঁহাদের আর না ঘটে। অতএব মোহময় যোনিতে গমন করিয়াও মোহের প্রতীকারার্থ ভগবৎস্মরণ প্রার্থনা করিলেন। তাঁহারা বলিলেন, মোহ যেমন সাধারণত দুঃখকেই অনুভূত করায়, তখন মুনিগণের প্রসাদে তাঁহাদের হৃদয়ে ভগবদ্ভাব নিরন্তর জাগরূক থাকিয়া তদপ্রাপ্তিজনিত দুঃখ যেন অনবরত তাহাদিগকে ক্লেশ দেয়; তাহা হইলে পরিণামে আর ক্লেশ থাকিবে না ॥ ৩৫ ॥ ৩৬ ॥

ভগবান্ ভক্তবৎসল; তাঁহাকে পাইতে হইলে ভক্তিই একমাত্র উপায়। সেই ভক্তি

এবং তদৈব ভগবানরবিন্দনাভঃ স্বানাং বিবুধ্য সদতিক্রমমার্য্যহৃদ্যঃ।
তস্মিন্ যযৌ পরমহংসমহামুনীনামন্বেষণীয়চরণৌ চলয়ন্ সহ শ্রীঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

এবং পূর্ব্বোক্তরীত্যা স্বানাং ভৃত্যানাং সদতিক্রমং (সৎসু সনকাদিষু অতিক্রমং অপরাধং) তদৈব বিবুধ্য জ্ঞাত্বা, সহ শ্রীঃ লক্ষ্মীসহিতঃ আর্য্যহৃদ্যঃ (আর্য্যাণাং হৃদ্যঃ মনোজ্ঞঃ) অরবিন্দনাভঃ (ত্রিলোকাত্মকং অরবিন্দং নাভৌ যস্য সঃ) ভগবান্ পরমহংস-মহামুনীনাং (পরমহংসাঃ যে মহামুনয়ঃ সনকাদয়ঃ তেষাং) অন্বেষণীয়চরণৌ চলয়ন্ তস্মিন্ স্থানে যযৌ ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

এবং স্বানাং মহৎস্বতিক্রমমপরাধং তৎক্ষণমেব বিবুধ্য তস্মিন্ যত্র তে রুদ্ধাঃ তং দেশং যযৌ আর্য্যাণাং হৃদ্যঃ মনোজ্ঞঃ। চরণৌ চলয়ন্নিত্যয়ং ভাবঃ মচ্চরণদর্শনপ্রতিঘাতজং ক্রোধং তৌ দর্শয়ন্ শময়িষ্যামীতি ত্বরাব্যাজেন পদ্ভ্যামেব যযৌ। শ্রীসাহিত্যঞ্চ নিষ্কামানপি বিভূতিভিঃ পূরয়িত্বা ক্ষমাপয়িতুং ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং 'পরম্পরাপরাধ-ভাবনোদ্ভূতান্ত-র্দৈন্যসমুদ্র-পৃষদ্ভিরেবাশ্রুমিষেণ বহি র্নিঃসরদ্ভিঃ অপয়িত্বেব দোষাং পুনঃ শুদ্ধীকৃতেষু সনকাদিজয়বিজয়েষু বিপ্রত্বভক্তত্বয়োর্যাথার্থ্যমনু ভাবিতেষু তত্রত্যসভ্যেষ্বাত্মধিক্কারেণৈব ভক্তিঃ সমুদ্যোততে সমুদ্যোতিনী চ ভক্তি র্ভগবন্ত-মাকর্ষতীমমর্থং প্রামাণীকুর্ব্বন্নিব ব্রহ্মণ্যদেবো ভক্তবৎসলো ভগবাংস্তদা তত্রৈবোপজগামে-ত্যাহ। এবমিতি স্বানাং সদতিক্রমং স্বভক্তকর্ত্তৃকং ব্রাহ্মণাতিক্রমং। আর্য্যাণাং হৃদি প্রাদুর্ভবতীতি তথা সোঽপি তেষাং নেত্রেষ্বপি প্রাদুর্ভবিতুমিতি ভাবঃ। তস্মিন্ সপ্তম-দ্বারপ্রদেশে। মহামুনীনামন্বেষণীয়ৌ অন্বেষ্টুং যোগ্যাবিতি তথা নির্ব্বিকল্পকজ্ঞানানন্তরং সবিকল্পক-জ্ঞানমপেক্ষিতব্যং ভবতি তথা ব্রহ্মস্বরূপানুভবানন্তরং ভগবৎস্বরূপমনুভবিতু-মর্হমিত্যতএব চরণৌ চলয়ন্নিতি মচ্চরণমাধুর্য্যমননুভূতচরমেতাননুভাব্য মহানির্বৃতি-

এদিকে আর্য্য ভক্তগণের হৃদয়ৈকনিধি পদ্মনাভ ভগবান্ হৃষীকেশ সাধু মুনিগণের প্রতি বিরূপাচরণে অনুষ্ঠিত পার্ষদদ্বয়ের অপরাধ অবগত হইয়া মহামুনি সনকাদির বাঞ্ছিত চরণচারণে লক্ষ্মী সমভিব্যাহারে তথায় উপস্থিত হইলেন ॥ ৩৭ ॥

আভাস।

অল্পই হউক বা অধিকই হউক, পরিমাণ মত তাঁহাকে যে স্পর্শ করিবে, সে বিষয়ে আর সন্দেহ নাই। ভক্তি অল্প হইলে অজ্ঞাতসারে যে তাহা শুষ্ক হইয়া যাইবে, এরূপ হইতে পারে না। সনকাদি ঋষিগণ বিশেষ ভক্ত; তাঁহাদের সম্মানরক্ষা করিয়া মনোরথ পূরণ করা প্রয়োজন হইলেও তাঁহাদের অপেক্ষা অল্প ভক্ত দ্বারপালদ্বয় ভগবানের নিকট

তন্ত্বাগতং প্রতিহৃতৌপয়িকং স্বপুংভিস্তেঽচক্ষতাক্ষবিষয়ং স্বসমাধিভাগ্যং।

অন্বয়ঃ।

তে মুনয়ঃ স্বপুংভিঃ স্বভৃত্যৈঃ প্রতিহৃতৌপয়িকং (প্রতিহৃতং মার্গমানীয় সমর্পিতং ঔপয়িকং ছত্রচামরব্যজনপাদুকাদিগমনসাধনজাতং যস্য তৎ) স্বসমাধিভাগ্যং স্বসমাধিবিষয়ং (অধুনা তু) অক্ষ-বিষয়ং (অক্ষ্ণোঃ বিষয়ং প্রত্যক্ষং) হংসশ্রিয়োঃ (হংসবৎ শ্রীঃ শোভা

শ্রীধরস্বামী।

তত্র তৈ দৃষ্টং দেবমনুবর্ণয়তি পঞ্চভিঃ। তন্তু আগতং তে অচক্ষত অপশ্যন্ আপঞ্চমাদিদমেব ক্রিয়াপদং। স্বপুংভিঃ শীঘ্রং প্রতিহৃতং আনীতং ঔপয়িকং গমনোচিতং ছত্রপাদুকাদি যস্য। কথম্ভূতং স্বসমাধিনা ভাগ্যং ভজনীয়ং ফলং যদ্ব্রহ্ম তদেবাক্ষবিষয়ং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চমৎকারসিন্ধৌ নিমজ্জয়ামীত্যভিপ্রায়েণৈব সহশ্রীরিতি বহিরঙ্গায়া মায়ায়া এব মচ্ছক্তিত্বমেতে জানন্তি নত্বস্যাঃ শ্রিয়ঃ স্বরূপভূতায়া ইত্যেতামপ্যাহ্লাদিনীং শক্তিমনুভাবয়ামীত্যভিপ্রায়েণ॥ ৩৭॥

তত্র তৈরনুভূতচরং তন্মাধুর্য্যং বর্ণয়তি পঞ্চভিঃ তত্র ভগবৎসাক্ষাৎকারে রূপমাধুর্য্যং ব্যাপকমেব শব্দাদিমাধুর্য্যঞ্চ কিঞ্চিৎ ভগবদ্দত্ত-স্ববিষয়ক-রতিশক্ত্যা তৈরনুভূতং জ্ঞেয়ং। তন্তু তত্রাগতং তে অচক্ষত অপশ্যন্ কীদৃশং স্বপুংভিঃ প্রতিহৃতান্যৌপায়িকানি যস্মৈ তৎ। অহো শ্রীভগবচ্চরণাঃ সংপ্রতি বহিশ্চত্বরমলং কুর্ব্বত ইতি তাৎকালিক্যা প্রথয়া তমবলোকিতুমত্যুৎকণ্ঠয়া দ্বারপুরনগরবিমান-কাননস্থা ভক্ত-জনা আগত্য বিবিধ-রত্ন-বস্ত্রালঙ্কার-ফলগন্ধপুষ্পমাল্যারত্রিকাদীন্যুপকল্পয়াঞ্চক্রুরিত্যর্থঃ। অক্ষবিষয়ং তেষামিন্দ্রিয়গোচরীভূতং। নন্থ তর্হি তস্য বিষয়ত্বং প্রসক্তং তত্র সহঙ্কার-ভ্রূতর্জনমাহ স্বসমাধেস্তেষাং স্বহৃদি ব্রহ্মাকারে

ভগবান্ যখন পদব্রজে আগমন করিতেছিলেন, তৎকালে তদীয় ভৃত্যবর্গ ছত্র, চামর, ব্যজন ও পাদুকাদি গমনোপযোগী দ্রব্য সামগ্রী লইয়া সঙ্গে সঙ্গে আসিতেছিলেন। অহো! হংসবৎ ধবল শ্রীবিশিষ্ট সেই চামর ও ব্যজনের শোভায় চতুর্দ্দিক আলোকিত হইয়া উঠিল। শীতল সুগন্ধ মৃদুমন্দ গন্ধবহের

আভাস।

উপেক্ষণীয় নহে। তাঁহারাও ভগবানের প্রতিপাল্য। তিনি তখন উভয়ের উপকার-সাধনার্থ স্বয়ং তথায় উপস্থিত হইয়া দর্শন দানে উভয়কে কৃতার্থ করিলেন। ব্রহ্মজ্ঞানী ব্রাহ্মণগণ বিভূতি সহ ভগবৎ-মাধুরী দর্শনে পরম নির্বৃতি লাভ করিলেন এবং জয়-বিজয় সেই অপূর্ব্ব মোহন-মূর্ত্তি দর্শনে আর মোহ-সাগরে নিপতিত হইলেন না। উভয়েরই উদ্দেশ্য সিদ্ধ হইল। মুনিগণ যে উদ্দেশ্যে তথায় আগমন করিয়াছিলেন এবং ভক্ত জয়বিজয়েরও বিনাশ না হয়, এই উভয় কার্য্য এক দর্শন-দানে সমাধা করিলেন॥ ৩৭॥

হংসশ্রিয়োর্ব্যজনয়োঃ শিববায়ুলোলশুভ্রাতপত্র-শশিকেশর-শীকরাম্বুং ॥৩৮॥

অন্বয়ঃ।

যয়োঃ তয়োঃ) ব্যজনয়োঃ চামরয়োঃ, শিববায়ুলোলশুভ্রাতপত্রশশিকেশরশীকরাম্বুং (শিবঃ সুখকরঃ সুগন্ধঃ বায়ুঃ তেন লোলন্তঃ চলন্তঃ তথা শুভ্রং যৎ আতপত্রং ছত্রং তদেব শশীসাদৃশ্যাৎ শশী তস্য কেশরাঃ মুক্তাদামবিলম্বাঃ তেভ্যঃ গলন্তি শীকরাম্বূনি অম্বুকণানি যস্মিন্ তং) তং আগতং তু ভগবন্তং অচক্ষত ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

সবৎ শ্রী র্যয়ো স্তয়োরুভয়ত শ্চলতো র্ব্যজনয়ো র্যঃ শিবোঽনুকূলো বায়ু স্তেন লোলাঃ শ্চলন্তঃ শুভ্রাতপত্রশশিকেশরাঃ শুভ্রং যৎ আতপত্রং তদেব শশিসাদৃশ্যাচ্ছশী তস্য কেশরা মুক্তাহারবিলম্বাঃ তেভ্যো গলন্তি শীকরাম্বূনি যস্মিন্ তং। শীকরোঽম্বুকণা ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রহ্মানন্দানুভবস্যাপি ভাগ্যং মূর্ত্তমিত্যর্থঃ। অহো এতদর্শনেনৈবাস্মাকং সমাধিরপি সফলো বভূবেতি তেঽমন্যন্ত তদপি তদ্রূপাদে র্বিস্মরণং কো মূঢ়ঃ সংভাবয়েদিতি ভাবঃ। হংসবৎ শ্রী র্যয়োস্তয়োরুভয়তশ্চলতো র্ব্যজনয়ো র্যঃ শিবোঽনুকূলো বায়ুস্তেন লোলন্তঃ শ্চলন্তঃ শুভ্রাতপত্রশশিকেশরাঃ শুভ্রং যদাতপত্রং তদেব শশীব তস্য কেশরা মুক্তাহার বিলম্বা তেভ্যো গলন্তি শীকরাম্বূনি যস্মিংস্তং অত্র অতিশয়োক্ত্যা মুক্তাবিলম্বানাং কেশরত্বেন ছত্রস্য অধোমুখসহস্রদলকমলাকারত্বমারোপিতং তেনচ ছত্রস্য শৈত্যসৌগন্ধ্যমার্দ্দবানি ব্যঞ্জিতানি। তথা শীকরাম্বূনাং শশিসম্বন্ধিত্বেনামৃতত্বং ॥ ৩৮ ॥

মধুর হিল্লোলে পূর্ণচন্দ্র সদৃশ শ্বেত-ছত্রের কেশর-স্থানীয় বিলম্বিত মুক্তাদামের আন্দোলনে নীহার-কণার নিপতনের ন্যায় প্রতীত হইতে লাগিল। তাদৃশ শোভাসম্পন্ন হৃদয়ৈকচারী জনার্দ্দন ভক্তাঙ্গী-পূরণার্থ তৎকালে সেই মুনিগণের নয়নগোচর হইলেন ॥ ৩৮ ॥

আভাস।

ভগবানের তথায় আগমন-কালে যেরূপ মাধুরী ও সৌন্দর্য্যরাশি পরিলক্ষিত হইয়াছিল, তাহাই এই পাঁচটী শ্লোকের দ্বারা বর্ণিত হইয়াছে। ভগবান্ বিষ্ণুকে পাদচারণে বহির্ভাগে গমন করিতে দেখিয়া পুর, নগর, বিমান ও কাননবাসী ভক্তজন আগমন পূর্ব্বক বিবিধ রত্ন, বস্ত্র, অলঙ্কার ও ফল, ফুল, গন্ধ, মাল্যাদি উপচার আনয়নে তাঁহার সেবার্থ নিযুক্ত হইলেন। যিনি বাক্যমনের অতীত, তিনি নয়নগোচর হওয়াতে যে কিছু ন্যূনতা স্বীকার হয়, এমত নহে; সমাধিকালে স্ব স্ব হৃদয়ে ব্রহ্মাকারে যে ব্রহ্মানন্দের অনুভব হয়, এক্ষণে তাঁহাদের ভাগ্যাতিশয়ের পরিচয়ার্থ সেই আনন্দই মূর্ত্তিপরিগ্রহে বাহিরে প্রকটিত হইয়াছিলেন মাত্র। সেই রূপ দর্শন করাতে তাঁহাদের সমাধি যে ফলোপধায়ক হইয়াছিল, তাহাই ঋষিগণ স্পষ্টত উপলব্ধি করিতে পারিলেন; এখানে ব্যক্ত

কৃৎস্ন-প্রসাদসুমুখং স্পৃহণীয়ধাম স্নেহাবলোককলয়া হৃদি সংস্পৃশন্তং।

অন্বয়ঃ।

কৃৎস্নপ্রসাদসুমুখং (কৃৎস্নস্য দ্বারপালমুনিবৃন্দস্য প্রসাদে অনুগ্রহে সুমুখং) স্পৃহণীয়ধাম (স্পৃহণীয়ানাং কান্তিসৌকুমার্য্যাদীনাং গুণানাং ধাম আশ্রয়ং) স্নেহাবলোককলয়া (স্নেহপূর্ব্বকঃ যঃ অবলোকঃ তস্য কলয়া প্রসরেণ) হৃদি সংস্পৃশন্তং প্রবিশন্তং, শ্যামে পৃথৌ

শ্রীধরস্বামী।

কৃৎস্নস্য দ্বারপালমুনিবৃন্দস্য প্রসাদে সুমুখং স্পৃহণীয়ানাং গুণানাং ধাম স্থানং স্নেহাবলোককলয়া সপ্রেমকটাক্ষেণ হৃদি সংস্পৃশন্তং সুখময়ং ত্রৈলোক্যবিবক্ষাপক্ষে সত্যলোক-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বভক্তাভ্যামভিশাপদায়িষ্বস্মাসু ন জানীমহে ভগবানন্তঃকুপ্যতি নবেতি সংশয়সিন্ধু-নিমগ্নেষু কৃৎস্ন আভ্যন্তরো বাহ্যশ্চ যঃ প্রসাদস্তেন সুমুখং অতএব হন্ত হন্তাস্মাসু প্রত্যুত প্রসাদ এব পূর্ণ উপলভ্যত ইত্যন্তরুল্লসন্মুনিবৃন্দস্য নেত্রাদীন্দ্রিয়ৈঃ স্পৃহণীয়ানাং সৌন্দর্য্য-সৌস্বর্য্য-সৌরভ্য-সৌকুমার্য্য-কারুণ্যৌদার্য্যাণাং ধাম পূর্ণাস্পদং। হা হন্তাবয়োরস্মদ্ব্রহ্মশাপানল-দগ্ধয়ো রধঃপততোরীদৃগ্দর্শনমাপদ্বী পুনর্ন ঘটিষ্যত ইতি খেদার্ণবনিমগ্নৌ রুদন্তৌ

তখন অপরাধী বা নিরপরাধী বলিয়া সর্ব্বপ্রকার ভেদভাব পরিহার পূর্ব্বক দ্বারপাল ও মুনিবৃন্দ উভয় পক্ষকেই কৃতার্থ করিবার অভিপ্রায়ে তিনি সম্মুখে উপস্থিত হইলেন। তাঁহার রূপ দর্শনে বোধ হইল যেন, জগতের সকল শোভা একত্র তাঁহার স্বরূপেই নিহিত রহিয়াছে; তাঁহার স্নেহপূর্ণ

আভাস।

দ্বয়ে হংস-সাদৃশ্যের উৎপ্রেক্ষা করায় হংসগমনের ন্যায় ব্যজনের উভয়ত মৃদুমন্দ সঞ্চালনেরই উৎপ্রেক্ষা করা হইয়াছে। পূর্ণ শশধরের ন্যায় শুভ্র আতপত্র ভগবানের শিরোদেশে শোভা পাইতেছিল; চন্দ্রের জ্যোতিজাল যেমন চতুর্দ্দিকে বিকীর্ণ হইতে থাকে, ছত্রোপান্তে বিলম্বিত মুক্তাজাল ছটারূপে ও আলোকস্পর্শে শীতল অম্বুকণারূপে পরিলক্ষিত হইতেছিল। তাদৃশ শোভা দর্শনে অনুমান হইল যেন, ভগবান্ ব্রহ্মাণ্ডের সৌন্দর্য্যরাশি একত্র সমবেত করত স্বীয় নাভিকমলের গর্ভে দণ্ডায়মান হইয়া ছত্রাকারে অধোমুখ সহস্রদল কমলের অন্তরে অবস্থিতি করিতেছেন। এতদ্দ্বারা যোগীর ধ্যেয় হৃদয়-কমল-সম্পুট মধ্যে মণিবন্নিভ আত্মলিঙ্গেরই ব্যাখ্যা করা হইল॥ ৩৮॥

স্বকীয় ভক্ত পার্ষদ-দ্বয়কে অভিশপ্ত করায়, ভগবানের অপ্রিয় হইলাম! এই বলিয়া মুনিগণের মনোমধ্যে পাছে কোন নিরুৎসাহ বীজ প্ররোহিত হয়, এই নিমিত্ত ভগবান্ হৃদয়গত অভিপ্রায় প্রকাশার্থ প্রসন্ন-বদনে তাহাদিগের প্রতি কটাক্ষপাত করিলেন। এদিকে ব্রহ্মশাপানলে দগ্ধ হইয়া অধঃপতনোন্মুখ জয়বিজয় ভগবানের তাদৃশ সৌন্দর্য্য সৌস্বর্য্য

শ্যামে পৃথাবুরসি শোভিতয়াশ্রিয়া স্বশ্চূড়ামণিং সুভগয়ন্তমিবাত্মধিষ্ণ্যং ॥ ৩৯ ॥

অন্বয়ঃ।

বিশালে, চ উরসি শোভিতয়া শ্রিয়া লক্ষ্ম্যা স্বশ্চূড়ামণিং (স্বঃ স্বর্গঃ তস্য চূড়ামণিবৎ স্থিতং) ইব আত্মধিষ্ণ্যং স্বস্থানং বৈকুণ্ঠং সুভগয়ন্তং শোভয়ন্তং (ভগবন্তং অচক্ষত ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

পর্য্যন্তঃ যঃ স্বর্গঃ তস্য চূড়ামণিবৎ স্থিতং স্বধিষ্ণ্যং বৈকুণ্ঠং সুভগয়ন্তং শোভয়ন্তং ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জয়বিজয়ৌ প্রতি যঃ স্নেহাবলোকস্তস্য কলয়া কৌশলেন তত্রত্যজনানাং সর্ব্বেষামেব হৃদি সংস্পৃশন্তং অহো ভক্তবাৎসল্যমিতি মনোলোভয়ন্তং শ্রিয়া বামস্তনোর্দ্ধে স্বর্ণরেখারূপেণ স্থিতয়া স্বচূড়ামণিং সত্যলোকাস্তানাং স্বর্গাণাং চূড়ায়াং মণিমিব স্বধিষ্ণ্যং বৈকুণ্ঠং সুভগয়ন্তং ধন্যঃ স বৈকুণ্ঠো যত্রত্যাঃ স্বর্ণরেখাময়ীং লক্ষ্মীং ভগবদ্বক্ষসি বিলোকয়ন্তীত্যেবং সৌভাগ্যবন্তং কুর্ব্বন্তং এবমগ্রেঽপি ব্যাখ্যেয়ং। অত্র কৃপামাধুর্য্যরূপমাধুর্য্যে তন্মনোনেত্রাভ্যামনুভূতে জ্ঞেয়ে ॥ ৩৯ ॥

অবলোকন ব্যক্তিমাত্রেরই হৃদয়কে স্পর্শ করিতে লাগিল। ভগবান্ স্বীয় শ্যামবর্ণ বিশাল বক্ষে সুশোভিত শ্রীচিহ্নে সুখময় স্বর্গরাজ্যের শিখরস্থানীয় নিজধাম বৈকুণ্ঠলোককে যেন সর্ব্বোৎকৃষ্ট অনুপম শোভায় সুশোভিত করিতেছিলেন ॥ ৩৯ ॥

আভাস।

কারুণ্য সৌরভ্য সৌকুমার্য্য এবং ঔদার্য্যাদি গুণবিশিষ্ট রূপদর্শনে যেমন পরমানন্দের সাগরে নিপতিত হইলেন, তেমনই দুঃখেও বিহ্বল হইলেন। তাঁহারা ব্রহ্মশাপপ্রভাবে এরূপ রূপদর্শনে বঞ্চিত হইবেন বলিয়া যখন ক্রন্দন করিতেছিলেন, তখন ভগবানের স্নেহসূচক দৃষ্টি নিরীক্ষণে যথেষ্ট আশ্বস্ত হইলেন। ভগবানের তাদৃশ রূপ তত্রত্য ব্যক্তিমাত্রেরই হৃদয় স্পর্শ করিয়াছিল। তাঁহার বক্ষঃস্থলস্থিত শ্রীচিহ্ন স্বর্ণরেখা বৈকুণ্ঠধামকে স্বর্গাদি ভুবনের শীর্ষস্থানরূপে পরিচয় দিয়াছিল ॥ ৩৯ ॥

ব্রহ্মস্বরূপের সকলই ব্রহ্মময়। জগজ্জীবন নারায়ণ যে কোন বসন ভূষণে পরিবৃত হইয়া তৎকালে পরিলক্ষিত হইয়াছিলেন, সে সকল দ্রব্যই ব্রহ্মস্বরূপের উচ্ছ্বাস মাত্র; তৎস্বরূপ হইতে কোনটীই পৃথক্ নহে। অর্থাৎ বস্তুমাত্রেরই যেমন স্বগত, স্বজাতীয় ও বিজাতীয় এই তিন প্রকার ভেদ দেখা যায়, ব্রহ্মস্বরূপে সে সকল ভেদ নাই। এক বৃক্ষের অন্য বৃক্ষ হইতে ভেদের নাম স্বজাতীয় ভেদ; ফল পুষ্প, স্কন্ধ ও শাখাদিতে যে পরস্পর ভেদ, তাহার নাম স্বগত ভেদ; এবং শিলাদি অন্য পদার্থের সহিত বৃক্ষের যে ভেদ পরিদৃষ্ট হয়, তাহার নাম বিজাতীয় ভেদ। বস্তুমাত্রই এই ত্রিবিধ ভেদদৃষ্টির অন্তরে বিদ্যমান;

পীতাংশুকে পৃথুনিতম্বিনি বিস্ফুরন্ত্যা কাঞ্চ্যালিভির্বিরুতয়া বনমালয়া চ।
বল্গুপ্রকোষ্ঠবলয়ং বিনতাসুতাংসে বিন্যস্তহস্তমিতরেণ ধুনানমব্জং ॥ ৪০ ॥

অন্বয়ঃ।

পৃথুনিতম্বিনি (পৃথুঃ বিস্তৃতঃ নিতম্বঃ আশ্রয়ত্বেন বিদ্যতে যস্য তস্মিন্) পীতাংশুকে (পীতে অংশুকে পীতাম্বরে) বিস্ফুরন্ত্যা কাঞ্চ্যা মেখলয়া, অলিভিঃ ভ্রমরৈঃ বিরুতয়া নাদিতয়া বনমালয়া চ (সুভগয়ন্তং) বল্গুপ্রকোষ্ঠবলয়ং (বল্গুষু সুন্দরেষু প্রকোষ্ঠেষু বলয়ানি যস্য তং) বিনতাসুতাংসে (বিনতাসুতস্য গরুড়স্য অংসে স্কন্ধে) বিন্যস্তহস্তং (বিন্যস্তঃ নিহিতঃ [বামঃ] হস্তঃ যেন তং) ইতরেণ দক্ষিণেন, (হস্তেন) অব্জং সনালকমলং ধুনানং লীলয়া ভ্রাময়ন্তং (ভগবন্তং) ॥ ৪০ ॥

শ্রীধরস্বামী।

পৃথুনিতম্বঃ আশ্রয়ত্বেন বিদ্যতে যস্য তস্মিন্ পীতাংশুকে অলিভির্নাদিতয়া বনমালয়াচ যুক্তং। সুভগয়ন্তমিতি পূর্ব্বেণৈব বা সম্বন্ধঃ। বল্গুষু প্রকোষ্ঠেষু বলয়ানি যস্য। গরুড়স্য স্কন্ধে বিন্যস্ত একো হস্তো যেন ইতরেণান্যেনাব্জং ধুনানং লীলাকমলং ভ্রাময়ন্তং। বিন্যস্তেতি পাঠে বল্গ্বাদি হস্তস্য বিশেষণং ॥ ৪০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পৃথুর্নিতম্ব আস্পদত্বেন বর্ত্ততে যস্য তস্মিন্নিতি নিতম্বোঽয়ং মমৈব নান্যস্যেতি পীতাংশুকেন তত্র স্বীয়সত্ত্বমারোপিতমিতীন্ প্রত্যয়ধ্বনিঃ। তাদৃশে পীতাংশুকে বিস্ফুরন্ত্যা কাঞ্চ্যেতি পীতাংশুকমপি স্বাস্পদীকৃত্য তদুপরি স্ব স্বত্বমারোপ্য স্থিতয়েত্যর্থঃ। তথা তাং কাঞ্চীমপি স্বাস্পদীকৃত্য তদুপরিস্থিতয়া বনমালয়া কীদৃশ্যা অলিভির্বিরুতয়েতি বনমালামপি স্বাস্পদীকৃত্য তদুপর্য্যলিভিঃ সত্ত্বমারোপিতমিত্যলিভ্য এব সর্ব্বতোঽপি সাম্রাজ্যং ভগবতা দত্তমিতি ভাবঃ। তৃতীয়ান্তানামান্বধিক্যং সুভগয়ন্তমিতি পূর্ব্বেণৈবান্বয়ঃ। বল্গু মনোহরং

তাঁহার গুরুনিতম্ব-ভাগে পীতকৌষেয় বসন, তদুপরি বিচিত্র মণিময় মেখলা, গলদেশে ভ্রমর-গুঞ্জিত বনমালা এবং সুঠাম বাহুপ্রকোষ্ঠে মণিময় বলয় শোভা পাইতেছিল। তিনি বিনতাপুত্র গরুড়ের স্কন্ধদেশে বামহস্ত বিন্যস্ত করিয়া দক্ষিণকরে লীলাকমল ইতস্তত বিঘূর্ণিত করিতেছিলেন ॥ ৪০ ॥

আভাস।

ভগবান্ ব্রহ্মস্বরূপে এই ত্রিবিধ ভেদের কোনটীও থাকিবার সম্ভব নহে। কারণ তিনি অদ্বিতীয়; অন্য বস্তুর অস্তিত্বই তৎসম্বন্ধে যখন নাই, তখন স্বজাতীয় বা বিজাতীয় ভেদের সম্ভাবনা নাই। ব্রহ্মস্বরূপে অবয়ব নাই; আনন্দ-রস-পূর্ণই ব্রহ্মস্বরূপ; সুতরাং অবয়ব জন্য তারতম্য পরিলক্ষিত হইবার সম্ভাবনা নাই। এখানে ভগবানের যে কোন অঙ্গ প্রত্যঙ্গাদি বা আভরণাদির বর্ণনা করা হইয়াছে, সকলই ব্রহ্মময়! লোকলোচন

বিদ্যুৎক্ষিপন্মকর-কুণ্ডল-মণ্ডনার্হ-গণ্ডস্থলোন্নসমুখং মণিমৎকিরীটং।
দোর্দণ্ডষণ্ডবিবরে হরতাপরার্দ্ধ্য হারেণ কন্ধরগতেন চ কৌস্তুভেন ॥ ৪১ ॥

অন্বয়ঃ।

বিদ্যুৎক্ষিপন্মকরকুণ্ডলমণ্ডনার্হগণ্ডস্থলোন্নসমুখং (স্বকান্ত্যা বিদ্যুতঃ তড়িতঃ ক্ষিপতী তিরস্কুর্ব্বতী যে মকরাকৃতিকুণ্ডলে তাভ্যাং যৎ মণ্ডনং অলঙ্করণং অস্মিন্ অর্হে যোগ্যে গণ্ডস্থলে যস্মিন্ তৎ চ তদুন্নসুং উদগ্রনাসিকং চ মুখং যস্য তং) মণিমৎকিরীটং (মণিযুক্তং কিরীটং যস্য তং) দোর্দণ্ডষণ্ডবিবরে (দোর্দণ্ডানাং ভুজদণ্ডানাং যঃ ষণ্ডঃ সমূহঃ তস্য বিবরে মধ্যে স্থিতেন) হরতা বিহরতা, মনোহরেণ বা পরার্দ্ধ্যহারেণ উৎকৃষ্টহারেণ কন্ধরগতেন কণ্ঠস্থিতেন কৌস্তুভেন চ মণিনা যুক্তং ॥ ৪১ ॥

শ্রীধরস্বামী।

স্বকান্ত্যা বিদ্যুতঃ ক্ষিপতী যে মকরাকারে কুণ্ডলে তয়োর্মণ্ডনস্যার্হে গণ্ডস্থলে যস্মিন্ তচ্চ তদুন্নসঞ্চ মুখং যস্য মণিযুক্তং কিরীটং যস্য দোর্দণ্ডানাং ষণ্ডঃ সমূহঃ তস্য বিবরে মধ্যে বক্ষঃস্থলে স্থিতেন হরতা মনোহরেণ বিহরতেতি বা। পরার্দ্ধ্য উৎকৃষ্টঃ তেন হারেণ কন্ধরায়াং স্থিতেন ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রকোষ্ঠে বলয়ং যত্র তদ্ যথাস্যাদেবং গরুড়স্কন্ধে বিন্যস্তবামহস্তং। বিন্যস্তেতি পাঠে বন্ধিত্যাদি হস্তস্য বিশেষণং ইতরেণ দক্ষিণহস্তেন কমলং ভ্রাময়ন্তমিতি লীলাকমলভ্রামণমিষেণ মুনীনাং হৃদয়কমলং ব্রহ্মাস্বাদসুস্থিরমপি স্বমাধুর্য্যদর্শনস্থা চপলীকুর্ব্বন্তং তেনচ হে মুনয়ো যন্নির্বিশেষস্বরূপানন্দাৎ সর্ব্বোত্তমত্বেন নিশ্চিতাৎ সংপ্রতি কথং চিত্তং চালয়থ তত্রৈব কিং ন স্থিরীকুরুধ্বে মা স্বনিষ্ঠাং ত্যজতেতি মুনিষু নর্ম্ম দ্যোতিতং ॥ ৪০ ॥

স্বকান্ত্যা বিদ্যুতঃ ক্ষিপতী যে মকরাকারে কুণ্ডলে তয়োরপি মণ্ডনার্হে গণ্ডস্থলে যত্র তচ্চ তথা উন্নসং মুখং যস্য তং দোর্দণ্ডানাং ষণ্ডঃ সমূহ স্তস্য বিবরে মধ্যে হরতা মুনীনাং চিত্তং চোরয়তা অতএব চৌর্য্যহেতুক-ভয়েনেব ভুজচ্ছিদ্রে প্রবিশতেত্যর্থঃ। পরার্দ্ধমূল্যহারেণ কন্ধরশব্দেনাত্র বক্ষসোঽভিধানং। যদ্বা। কন্ধরাভ্যাং সকাশাৎ স্বর্ণসূত্রদ্বারা গতেন বক্ষঃপর্য্যন্তং লম্বিতেন কৌস্তুভেনেতি পূর্ব্ববদন্বয়ঃ ॥ ৪১ ॥

বিদ্যুৎবিনিন্দিত মকরাকৃতি কুণ্ডল-শোভায় অলঙ্কৃত গণ্ডস্থল, উন্নত নাসিকা, সুচারু বদন-মণ্ডল, মণিময় হার এবং গলদেশে সংলগ্ন কৌস্তুভ-মণিতে

আভাস।

পরিতৃপ্ত করিবার নিমিত্ত তিনি বলরূপে ও নানা সাজে প্রতীয়মান হইয়াছিলেন। হস্তে লীলাকমল ঘূর্ণন দ্বারা ব্রহ্মজ্ঞানী ব্রাহ্মণগণের ব্রহ্মানুভবী হৃদয়কমলকে তাদৃশ তৃপ্তির অভাবে যেন ঘূর্ণিত করিয়া তৃপ্তির সাগর ও করুণার আকর মদনমোহন স্বকীয় বপুতে আকৃষ্টই করিতেছিলেন ॥ ৪০ ॥

অত্রোপসৃষ্টমিতিচোৎস্মিতমিন্দিরায়াঃ স্বানাং ধিয়া বিরচিতং বহুসৌষ্ঠবাঢ্যং।

অন্বয়ঃ।

ইন্দিরায়াঃ লক্ষ্যাঃ, যৎ উৎস্মিতং (অহমেব নিরতিশয়সৌন্দর্য্যনিধিঃ ইতি গর্ব্বঃ) অত্র এবম্ভূতে ভগবৎসৌন্দর্য্যে উপসৃষ্টং অস্তং গতং। স্বানাং ভক্তানাং ধিয়া বিরচিতং (স্বভক্তৈঃ ধ্যানার্থং যথাভূতং তর্কিতং তথারূপেণাবির্ভূতং বহুসৌষ্ঠবাঢ্যং (বহুসৌষ্ঠবেন

শ্রীধরস্বামী।

ধর্ম্মানতিক্রমেণ যথাজুগুপতু স্তন্মে বদেতি তৃতীয়েনান্বয়ঃ ॥

বিদুর তখন মৈত্রেয় ঋষিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে ব্রহ্মন্! আপনি প্রজাপতিগণের বংশ কীর্ত্তন করিয়াছেন, এক্ষণে সর্ব্বলোক-সম্মত পরম পবিত্র স্বায়ম্ভুব মনুর বংশ বর্ণন করুন! কারণ এই বংশে স্ত্রীপুরুষে একত্র হইয়া মৈথুনের দ্বারা প্রজা বৃদ্ধি করিয়াছেন ॥ ১ ॥

প্রিয়ব্রত ও উত্তানপাদ নামে স্বায়ম্ভুব মনুর দুইজন লোক-প্রসিদ্ধ পুত্র ছিলেন; তাঁহারা বর্ণাশ্রমপ্রোক্ত ধর্ম্মের অনুশীলন করত এই সপ্তদ্বীপা মেদিনীকে যেরূপে প্রতিপালন করিয়াছিলেন, তাহা আপনি আমার নিকট কীর্ত্তন করুন! ॥

আভাস।

একবিংশ অধ্যায়ে তপোবিদ্যাদি-বিশিষ্ট কর্দ্দমের সহিত মনুকন্যা দেবহূতির বিবাহ বর্ণিত হইয়াছে ॥

তস্য বৈ দুহিতা ব্রহ্মন্ দেবহূতীতি বিশ্রুতা।
পত্নী প্রজাপতেরুক্তা কর্দ্দমস্য ত্বয়ানঘ ॥ ২ ॥
তস্যাং স বৈ মহাযোগী যুক্তায়াং যোগলক্ষণৈঃ।
সসর্জ কতিধা বীর্য্যং তন্মে শুশ্রূষবে বদ ॥ ৩ ॥
রুচিৰ্যো ভগবান্ ব্রহ্মন্ দক্ষো বা ব্রহ্মণঃ সুতঃ।
যথা সসর্জ ভূতানি লব্ধ্বা ভার্য্যাঞ্চ মানবীং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

হে অনঘ ব্রহ্মন্! তস্য বৈ স্বায়ম্ভুবস্য এব দেবহূতিঃ ইতি বিশ্রুতা প্রসিদ্ধা, যা দুহিতা, সা প্রজাপতেঃ কর্দ্দমস্য, পত্নী ইতি ত্বয়া উক্তা ॥ ২ ॥

যোগলক্ষণৈঃ যমাদিভিঃ, যুক্তায়াং তস্যাং দেবহূত্যাং, বৈ সঃ মহাযোগী কর্দ্দমঃ কতিধা কতিভিঃ প্রকারৈঃ, বীর্য্যং সসর্জ কত্যপত্যানি অসৃজৎ শুশ্রূষবে শ্রোতুং ইচ্ছবে মহ্যং বদ ॥ ৩ ॥

হে ব্রহ্মন্! ভগবান্ ঐশ্বর্য্যাদিমান্ ব্রহ্মণঃ সুতঃ যঃ রুচিঃ দক্ষঃ বা মানবীং ভার্য্যাং লব্ধ্বা ভূতানি অপত্যানি, যথা সসর্জ (তৎপ্রকারং বদ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

ধর্ম্মং মহীঞ্চ যথা জুগুপতুঃ ররক্ষতুঃ তন্মে বদেতি তৃতীয়েনান্বয়ঃ ॥ ২ ॥

যোগলক্ষণৈ র্যমাদিভি র্যুক্তায়াং কতিধা বীর্য্যং সসর্জ্জ কতি পুত্রানুৎপাদয়ামাসেত্যর্থঃ ॥ ৩ ॥

মনোঃ কন্যাং আকুতিং প্রসূতিঞ্চ ভার্য্যাং লব্ধ্বা যথা ভূতানি সসর্জ্জ তচ্চ বদেতি চকারস্যার্থঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবহূতীতি দেবহূতিরিত্যর্থঃ ॥ ২ ॥

যোগলক্ষণৈ র্যমনিয়মাদিভিঃ কতিধা বীর্য্যং সসর্জ্জ কত্যপত্যান্যুৎপাদয়ামাসেত্যর্থঃ ॥ ৩ ॥

মানবীং মনোঃ কন্যাং আকূতিং প্রসূতীঞ্চ ॥ ৪ ॥

হে পবিত্রচেতা ব্রহ্মন্! আপনি বলিয়াছেন যে, দেবহূতি নামে মনুর যে দুহিতা ছিলেন, প্রজাপতি কর্দ্দম তাঁহাকে বিবাহ করেন ॥ ২ ॥

অতএব, সেই মহাযোগী কর্দ্দম অণিমাদি যোগৈশ্বর্য্যে পরিপূর্ণ হইয়া সেই পত্নীর গর্ভে যতগুলি সন্তান যেরূপে উৎপাদন করিয়াছিলেন, তাহা শ্রবণার্থ আমার বিশেষ কৌতূহল জন্মিতেছে। অনুগ্রহ পূর্ব্বক আপনি তাহা বর্ণন করুন ॥ ৩ ॥

সর্ব্বৈশ্বর্য্যপূর্ণ ভগবান্ সাক্ষাৎ কমলযোনির মানসপুত্র প্রজাপতি রুচি

মৈত্রেয় উবাচ ॥

প্রজা সৃজেতি ভগবান্ কর্দ্দমো ব্রহ্মণোদিতঃ
সরস্বত্যাং তপস্তেপে সহস্রাণাং সমা দশ ॥ ৫ ॥
ততঃ সমাধিযুক্তেন ক্রিয়াযোগেন কর্দ্দমঃ।
সংপ্রপেদে হরিং ভক্ত্যা প্রপন্ন-বরদাশুষং ॥ ৬ ॥
তাবৎ প্রসন্নো ভগবান্ পুষ্করাক্ষঃ কৃতে যুগে।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। প্রজাঃ সৃজ! ইতি ব্রহ্মণা উদিতঃ কথিতঃ, ভগবান্ কর্দ্দমঃ, সরস্বত্যাং তত্তীরে, সহস্রাণাং দশ সমাঃ দশ সহস্রসম্বৎসরান্ তপঃ তেপে চকার ॥ ৫ ॥

ততঃ সমাধি-যুক্তেন (সমাধিশ্চিত্তৈকাগ্র্যং তদ্‌যুক্তেন) ক্রিয়াযোগেন পূজাপ্রকারেণ প্রপন্ন-বরদাশুষং (প্রপন্নেভ্যঃ বরাণাং দাশুষং দাতারং) হরিং ভক্ত্যা সংপ্রপেদে সিষেবে ॥ ৬ ॥

হে ক্ষত্তঃ বিদুর! কৃতে যুগে তাবৎ পুষ্করাক্ষঃ কমল-লোচনঃ ভগবান্ প্রসন্নঃ সন্ শাব্দং বেদপ্রতি-

শ্রীধরস্বামী।

সহস্রাণাং সমা দশ, দশ-সহস্রাণি সম্বৎসরাণীত্যর্থঃ ॥ ৫ ॥

তত স্তস্মিন্ তপসি। ক্রিয়াযোগেন পূজাপ্রকারেণ। সংপ্রপেদে সিষেবে। প্রপন্নেভ্যো বরদাতারং ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমা বর্ষাণি দশ-সহস্রাণীত্যর্থঃ ॥ ৫ ॥

ততস্তপশ্চরণানন্তরং তাবতাপি তপসা দর্শনমপ্রাপ্যেত্যর্থঃ। সমাধিশ্চিত্তৈকাগ্র্যং ক্রিয়াযোগেন পূজাপ্রকারেণ। প্রপন্নেভ্যো ভক্তেভ্যো বরাণাং দাশুষং দাতারং ॥ ৬ ॥

তাবদিতি যাবৎ সংপ্রপেদে ইতি পূজায়াং সত্যাং তৎপ্রসাদে বিলম্বাভাবঃ সূচিতঃ। শাব্দং শব্দৈকবেদ্যং যদ্ব্রহ্ম তন্ময়ং বপু র্দধদিতি শ্রীস্বামিচরণাঃ সচ্চিদানন্দময়মাকারং

ও দক্ষ মানবী পত্নী আকূতী ও প্রসূতিকে লাভ করিয়া যেরূপে পুত্রাদি উৎপাদন করিয়াছিলেন, তাহাও বর্ণন করুন! ॥ ৪ ॥

মৈত্রেয় ঋষি বলিলেন, "প্রজা সৃষ্টি কর!" বলিয়া ব্রহ্মা কর্ত্তৃক অভিহিত হইয়া মহর্ষি কর্দ্দম সরস্বতীর তীরে দশ সহস্র বৎসর ঘোরতর তপস্যার অনুষ্ঠান করিলেন ॥ ৫ ॥

এবং বিশেষ ক্রিয়াযোগের বিধান দ্বারা সমাহিত-চিত্তে এবং ভক্তি-সহকারে সর্ব্বাভীষ্টফলপ্রদ ভক্তানন্দদাতা ভগবান্ হৃষীকেশের আরাধনা করিলেন ॥ ৬ ॥

কর্দ্দমের আরাধনায় পদ্ম-পলাশ-লোচন ভগবান্ শ্রীহরি প্রসন্ন হইয়া সেই সত্যযুগোপযুক্ত বেদপ্রতিপাদ্য স্বীয় সচ্চিদানন্দ বিগ্রহ কর্দ্দমকে দর্শন

দর্শয়ামাস তং ক্ষত্তঃ শাব্দং ব্রহ্ম দধদ্বপুঃ ॥ ৭ ॥
স তং বিরজমর্কাভং সিতপদ্মোৎপলস্রজং।
স্নিগ্ধ-নীলালক-ব্রাত-বক্ত্রাব্জং বিরজাম্বরং ॥ ৮ ॥
কিরীটিনং কুণ্ডলিনং শঙ্খ-চক্র-গদাধরং।
শ্বেতোৎপল-ক্রীড়নকং মনঃস্পর্শ-স্মিতেক্ষণং ॥ ৯ ॥

অন্বয়ঃ।

পাদ্যং যৎ ব্রহ্ম সচ্চিদানন্দাত্মকং বপুঃ দধৎ তং কর্দ্দমং দর্শয়ামাস ॥ ৭ ॥

সঃ কর্দ্দমঃ বিরজং নির্ম্মলং, অর্কাভং (অর্কস্য ইব আভা দীপ্তিঃ যস্য তং) সিতপদ্মোৎপলস্রজং (সিতানাং পদ্মানাং উৎপলানাং চ স্রক্ যস্য তং) স্নিগ্ধনীলালকব্রাতবক্ত্রাব্জং (স্নিগ্ধাঃ চিক্কণাঃ তে নীলাশ্চ যে অলকাঃ কেশাঃ তেষাং ব্রাতঃ সমূহো বক্ত্রাব্জে যস্য তং) বিরজাম্বরং (বিরজং নির্ম্মলং অম্বরং বস্ত্রং যস্য তং) ॥ ৮ ॥

কিরীটিনং কুণ্ডলিনং শঙ্খচক্রগদাধরং শ্বেতোৎপলক্রীড়নকং (শ্বেতোৎপলং ক্রীড়নকং ক্রীড়াসাধনং যস্য তং) মনঃস্পর্শস্মিতেক্ষণং (মনসি আনন্দ-জনকং, স্মিতং ঈক্ষণং চ যস্য তং) ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

শব্দৈকবেদ্যং যদ্ব্রহ্ম তন্ময়ং বপুর্দ্দধৎ প্রত্যাত্মানং দর্শয়ামাস ॥ ৭ ॥

স কর্দ্দমস্তং খেঽবস্থিতং দৃষ্ট্বা মূর্দ্ধ্না ক্ষিতাবপতৎ গীর্ভিশ্চাভ্যগৃণাদিতি চতুর্ণামন্বয়ঃ। পদ্মোৎপলে দিনরাত্রি-বিকাশে। সিতানাং পদ্মানাং উৎপলানাঞ্চ স্রগ্ যস্য তং। স্নিগ্ধা নীলাশ্চ যে অলকা স্তেষাং ব্রাতো বক্ত্রাব্জে যস্য ॥ ৮ ॥

শ্বেতোৎপলং ক্রীড়নকং যস্য। মনঃস্পর্শং মনস্যানন্দজনকং স্মিতমীক্ষণঞ্চ যস্য ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দধৎ প্রকটয়ন্ কর্দ্দম-দত্ত-গন্ধ-মাল্য-নৈবেদ্যাদ্যপচারৈঃ পুষ্যন্নিতি বা ॥ ৭ ॥ ৮ ॥

শঙ্খচক্রগদাধরমিত্যুক্ত্বা চতুর্থে হস্তে পদ্মস্থানে শ্বেতোৎপলমেব ক্রীড়নার্থং ধৃতবানি-

---

করাইলেন ॥ ৭ ॥

মহর্ষি কর্দ্দম সূর্য্য-সংকাশ শ্বেতোৎপল-পদ্মমালাধারী সুচিক্কণ অলকা-জাল-মণ্ডিত মুখমণ্ডল-বিশিষ্ট পীতাম্বর-ধারী ভগবানকে নিরীক্ষণ করিয়া, নিতান্ত প্রীত হইলেন ॥ ৮ ॥

ভগবানের মস্তকে কিরীট, কর্ণে কুণ্ডল, ভুজ-চতুষ্টয়ে শঙ্খ, চক্র, গদা ও পদ্ম শোভা পাইতেছিল; তাঁহার মুখারবিন্দের কমনীয় হাস্য দর্শনে কর্দ্দমের হৃদয়ে বিশেষ আনন্দেরই উপচয় হইল ॥ ৯ ॥

ভগবানের বক্ষঃস্থলে শ্রীবৎস রেখা ও গলদেশে কৌস্তুভ-মণি শোভা

বিন্যস্ত-চরণাম্ভোজমংশদেশে গরুত্মতঃ।
দৃষ্ট্বা খেঽবস্থিতং বক্ষঃশ্রিয়ং কৌস্তুভ-কন্ধরং ॥ ১০ ॥
জাতহর্ষোঽপতন্মূর্দ্ধ্না ক্ষিতৌ লব্ধ-মনোরথঃ।
গীর্ভিশ্চাভ্যগৃণাৎ প্রীতিস্বভাবাত্মা কৃতাঞ্জলিঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

গরুত্মতঃ গরুড়স্য, অংশদেশে স্কন্ধপ্রদেশে, বিন্যস্ত-চরণাম্ভোজং (বিন্যস্তে নিহিতে চরণাম্ভোজে যেন তং) বক্ষঃশ্রিয়ং বক্ষসি শ্রীঃ লক্ষ্মীঃ যস্য তং) কৌস্তুভ-কন্ধরং (কৌস্তুভং রত্নং কন্ধরায়াং যস্য তং) তং ভগবন্তং খে আকাশে, অবস্থিতং দৃষ্ট্বা ॥ ১০ ॥

লব্ধমনোরথঃ (লব্ধঃ ভগবদ্দর্শন-লক্ষণঃ মনোরথঃ যেন সঃ) অতএব জাতহর্ষঃ প্রীতি-স্বভাবাত্মা (ভগবতি প্রীতিঃ এব স্বভাবঃ স্বতঃসিদ্ধঃ ধর্ম্মঃ যস্য তথাভূতঃ আত্মা অন্তঃকরণং যস্য তথাবিধঃ) সন্ মূর্দ্ধ্না ক্ষিতৌ অপতৎ দণ্ডবৎ প্রণনাম, তথা কৃতাঞ্জলিঃ সন্ গীর্ভিঃ তু অভ্য-গৃণাৎ তুষ্টাব ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

বক্ষসি শ্রীর্যস্য। কৌস্তুভঃ কন্ধরায়াং যস্য ॥ ১০ ॥

প্রীতিরেব স্বভাবঃ স্বতঃসিদ্ধো ধর্ম্মো যস্য তথাবিধ আত্মা মনো যস্য ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ত্যাহ শ্বেতেতি। মনঃস্পর্শং দৃষ্টৃমনঃপ্রমোদজনকং স্মিতমীক্ষণঞ্চ যস্য তং। প্রীতিরেব স্বভাবঃ স্বতঃসিদ্ধো ধর্ম্মো যস্য সঃ ॥ ৯ ॥ ১০ ॥ ১১ ॥

পাইতেছিল। তিনি গরুড়ের স্কন্ধদেশে চরণপদ্ম বিন্যস্ত করিয়া নভোভাগে অবস্থিত রহিয়াছেন, অবলোকন করিয়া—॥ ১০ ॥

প্রীত-প্রসন্ন-হৃদয় কর্দ্দম মনোভিষ্ট লাভে নিতান্তই আনন্দিত হইলেন এবং অবনত-মস্তকে প্রণাম করিয়া কৃতাঞ্জলিপুটে স্তব করিতে আরম্ভ করিলেন ॥ ১১ ॥

আভাস।

মহর্ষি কর্দ্দম বহুকাল তপস্যার অনুষ্ঠান করিয়া নিতান্তই নির্ম্মলচিত্ত হইয়াছিলেন। তাদৃশ পবিত্র-হৃদয়ে নির্ম্মল সত্ত্বগুণের উদয় হওয়াতে তাঁহার শোকাদি দূরে গিয়াছিল। তিনি স্বতঃসিদ্ধ প্রীতিলাভ করাতেই বেদ-প্রতিপাদ্য সচ্চিদানন্দরসৈকমূর্ত্তি পূর্ণব্রহ্ম নারায়ণকে যখন নয়ন-গোচর করিলেন, তখন তাঁহার আর আনন্দের সীমা রহিল না। তিনি প্রেম-গদ্‌গদ স্বরে নয়নানন্দদায়ী ভগবানের স্তব করিতে আরম্ভ করিলেন। এখানে যদিও "শাশ্বং ব্রহ্ম বপুঃ" বলিয়া নিরাকার চৈতন্যস্বরূপেরই লক্ষণা হয়, তথাপি তাঁহার রূপের নির্ণয় শ্লোকে দেখিয়া স্পষ্টই প্রতীত হইতেছে যে, তাঁহাতে কিছুরই অসম্ভব নহে। ভগবান্ ইন্দ্রিয়াদির অগোচর শুদ্ধ চৈতন্যময় আত্ম-স্বরূপকেও সামান্য-দৃষ্টি মানবের অক্ষি-গোচর করাইতে পারেন। কর্দ্দম ঋষি এতাদৃশ অনির্ব্বচনীয় ও নিতান্ত অসম্ভব বিষয়ের সম্ভব

ঋষিরুবাচ ॥

জুষ্টং বতাদ্যাখিলসত্ত্বরাশেঃ সাংসিদ্ধ্যমক্ষ্নোস্তব দর্শনান্নঃ।
যদ্দর্শনং জন্মভিরীড্য সদ্ভিরাশাসতে যোগিনো রূঢ়যোগাঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

ঋষিঃ কর্দ্দমঃ উবাচ। হে ঈড্য! যদ্দর্শনং (যস্য তব দর্শনং) রূঢ়যোগাঃ (রূঢ়ঃ বিরূঢ়ঃ যোগঃ যৈঃ তে) যোগিনঃ সদ্ভিঃ প্রকৃষ্টৈঃ জন্মভিঃ, আশাসতে প্রার্থয়ন্তে বত হর্ষে অখিল-সত্ত্বরাশেঃ সত্ত্বকার্য্যজ্ঞানাদিপূর্ণস্য, তব দর্শনাৎ নঃ অস্মাভিঃ, অদ্য অক্ষ্নোঃ সাংসিদ্ধ্যং সাফল্যং, জুষ্টং সেবিতং প্রাপ্তং ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

ত্বামৃতে পরমানন্দং বিগন্ধ-বর-কামুকং। অথাপি কৃপণং মানুগৃহাণ বরদানতঃ। বতেতি হর্ষে হে ঈড্য নোঽস্মাভিঃ সমগ্র-সত্ত্ব-নিধে তব দর্শনাদদ্যাক্ষ্নোঃ সাংসিদ্ধ্যং সাফল্যং জুষ্টং সেবিতং। তদ্দর্শনমেব মহাফলমিত্যুপপাদয়তি। যস্য তব দর্শনং সদ্ভিরুত্তরোত্তরমাপাদিতঃ প্রকর্ষো জন্মভিঃ রূঢ়ো যোগো যৈস্তেঽপি ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহো মদ্ভাগ্যস্য প্রভোঃ কারুণ্যস্য চ পরমা কাষ্ঠা যদচিরেণৈব দর্শনং লব্ধবানস্মীত্যাহ জুষ্টমিতি বতেতি বিস্ময়ে তব দর্শনান্নোঽস্মাকমক্ষ্নোঃ সাংসিদ্ধ্যং মমাক্ষিণী অদ্যৈব সম্যক্ সিদ্ধে সফলে জাতে ইতঃ পূর্ব্বমপি সিদ্ধে অক্ষিণী অপ্যনক্ষিণী এবেত্যাস্তামিতি ভাবঃ তব কীদৃশস্য অখিল-সত্ত্বানামতি নিকৃষ্টসত্ত্বানামিত্যর্থঃ। রাশেঃ রাশিরূপস্যেত্যর্থঃ। নৈতদনুরূপং ময়া সাধনঞ্চ কৃতমিত্যাহ যদিতি। হে ঈড্য সদ্ভিরুত্তরোত্তরশ্রেষ্ঠৈ র্বহুভিরপি জন্মভিঃ রূঢ়ো যোগো যৈ স্তেঽপি আশাসতে এব নতু লভন্তে ॥ ১২ ॥

তিনি বলিলেন, হে সর্ব্বদেব-নমস্কৃত জনার্দ্দন! প্রকৃষ্ট বহুজন্ম লাভে যোগের অনুষ্ঠানের দ্বারা সমাহিত-চেতা যোগিগণ যাঁহার চরণ দর্শনার্থ সতত প্রার্থনা করিয়া থাকেন, অহো! সেই সর্ব্বজ্ঞানময় সত্ত্বাধার আপনার দর্শন-লাভে অদ্য আমার নয়নের সাফল্য লাভ হইল, সন্দেহ নাই ॥ ১২ ॥

আভাস।

অবলোকন করিয়া ভগবানকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে দয়াময়! আপনার প্রসাদে অদ্য আমি কৃতার্থ হইলাম! আমার লোচন-দ্বয় এতকাল যাবতীয় দৃশ্য পদার্থ অবলোকন করিয়াছে বটে, কিন্তু অদ্যই ইহার প্রকৃত দর্শন ঘটিল। আপনি অখিল সত্ত্বগুণের আধার হইয়া অদ্য অতি নিকৃষ্ট সত্ত্বের নিকট আত্ম-পরিচয় দিয়াছেন; ইহাতে আমার কোন পুরুষকারের উৎকর্ষ নাই; আপনার দয়ারই উৎকর্ষ। কারণ সাধক যোগিগণ উত্তরোত্তর উৎকৃষ্ট জন্ম-লাভে কঠোর যোগানুষ্ঠান দ্বারা যথেষ্ট কৃতকার্য্য হইলেও, যাঁহার

যে মায়য়া তে হতমেধস স্ত্বৎপাদারবিন্দং ভবসিন্ধুপোতং।

অন্বয়ঃ।

নিরয়ে নিরয়প্রায়ে শূকরাদি-যোনৌ, অপি যে কামাঃ বিষয়-সুখানি, স্যুঃ তেষাং কাম-লবায় (কাম্যন্তে ইতি কামাঃ তেষাং লবায় লেশার্থং) তে ভবসিন্ধুপোতং (ভবঃ সংসারঃ

শ্রীধরস্বামী।

সকাম-ভক্তান্ বিগর্হয়ন্নাহ য ইতি। হে ঈশ! যে নিরয়েঽপি স্যু স্তেষাং কামানাং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হন্ত হন্ত এবং কৃপাসমুদ্রমপি ত্বাং সকামতয়া ভজন্তীত্যহো মৌঢ্যং লোকানামিত্যাহ যে তব মায়য়া হৃত-বুদ্ধয়ো ভবন্তি তে এব নান্যে কামলেশায় কামলেশমেব প্রাপ্তুমুপাসতে। ত্বন্তু তেষাং কামান্ বহূনেব অকামিতানপি রাসি দদাসি। অন্যথা ভক্তিসুখানভিজ্ঞাস্তে ত্বদ্ভক্তিমপি ত্যক্তুং নৈব বিলম্বেরন্নিতি ভাবঃ। ভক্তেরত্যাগে তু কালে তেঽপি নিষ্কামা

হে দেব! ভোগ্যবিষয় অতি নিকৃষ্ট নরক-প্রায় শূকরাদি যোনিতেও যথেষ্ট লব্ধ হইয়া থাকে। অতএব যাহারা কেবল ভোগ সম্পাদনের উদ্দেশে মাত্র এই দুস্তর সংসার পারাবারের নৌকারূপ আপনার চরণারবিন্দের উপাসনা করে, তাহারা নিশ্চয়ই মূঢ়মতি ও বিবেক-হীন। কাম্যফলের

আভাস।

সন্দর্শন লাভার্থ কায়-মনো-বাক্যে প্রতীক্ষা করিতে থাকেন, সেই আপনি আমার এই সামান্য তপস্যায় পরিতুষ্ট হইয়া যখন দর্শন দানে কৃতার্থ করিলেন, তখন আমার প্রতি আপনার দয়ারও সীমা নাই! ॥ ৯—১২ ॥

কিন্তু দুঃখের বিষয় এই যে, ঈদৃশ কৃপার সাগর ভগবানকেও সকামী পুরুষগণ কেবল কাম্য-প্রার্থনা পুরঃসর ভজনা করিয়া থাকে! তাহারা জানে না যে, কোন লক্ষ্য হৃদয়ে না রাখিয়া, নিষ্কাম ভাবে আপনার ভজনা করিলে, আর কামনার প্রবৃত্তি থাকে না। সকল সাধ পূরণ হয়। এমন কি! সাধ করিবারও সাধ থাকে না। যেমন প্রচুর সুমিষ্ট অন্নাদি ভূরি পরিমাণে ভোজন করিলে, আর তৎকালে পুনরায় ভোজনের প্রবৃত্তি বা পূর্ব্বাভিলষিত খাদ্যেও আর রুচি থাকে না, সেইরূপ আপনার প্রসাদে সকল ঐশ্বর্য্যের একত্র সন্নিবেশ স্থল আপনার ভাণ্ডারে প্রবিষ্ট ভক্তের পুনরায় কোন বিষয়ের জন্য রুচি বা আসক্তি থাকে না। তথাপি লোকে যে কেবল আপনাকে না চাহিয়া আপনার নিকট হইতে কাম্য বিষয়ের প্রার্থনা করে, সে কেবল আপনার মহামায়ার মায়ায় মাত্র। কিন্তু হে মায়া-নিধান! জীব সামান্য বিষয়ের প্রার্থনায় আপনার নিকট অগ্রসর হইলেও, আপনি কেবল তাহার অভিলষিত বিষয় প্রদানেই ক্ষান্ত থাকেন না; অপ্রার্থিত ভোগও রাশি পরিমাণে প্রদান করেন। ইহাতে যে কেবল ভোগচরিতার্থ হয়, তাহা নহে; আপনার পরম কারুণিক

উপাসতে কাম-লবায় তেষাং রাসীশ কামান্নিরয়েঽপি যে স্যুঃ ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

ক্রোধমোহাদিগ্রাহযুক্তত্বাৎ দুস্তরত্বাচ্চ সিন্ধুঃ তত্র পোতং তদুত্তারকং নৌকারূপং) ত্বৎপাদারবিন্দং উপাসতে তে হতমেধসঃ মোহিতবুদ্ধয়ঃ এব। হে ঈশ! কামান্ ত্বং রাসি দদাসি এব ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

লবায় যে ত্বন্মায়য়া নষ্টবুদ্ধয়ঃ ত এবোপাসতে ত্বং তু তেষাং কামানপি রাসি দদাসি ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবেয়ুরেবেত্যাশয়েন দদাসি নতু তদ্দানে এব তাৎপর্য্যং যতস্তে কলত্র-পুত্র-কুটুম্বৈশ্বর্য্যাদ্যাঃ কামা নিরয়ে নারক্যামপি যোনৌ স্যুঃ। কিন্তু স্বর্গ-নরকয়োঃ কর্ম্মজন্যত্বনিয়মনাৎ ত্বদ্দত্তানান্তু তাদৃশানামপি ভোগানাং কর্ম্মজন্যত্বাভাবাৎ বন্ধকত্বাভাবেন নৈব বস্তুতঃ স্বর্গ-নরক-শব্দব্যপদেশ স্তদপি তত্তুল্যত্বাত্তথোক্তিরিতি জ্ঞেয়ম্ ॥ ১৩ ॥

প্রার্থনায় আর আপনার উপাসনার প্রয়োজন নাই; কারণ তাহার প্রার্থনা না থাকিলেও আপনি স্বীয় ভক্তকে তাহা প্রচুর পরিমাণে প্রদান করিয়াই থাকেন, সন্দেহ নাই ॥ ১৩ ॥

আভাস।

ভাব দর্শনে আপনার প্রতি তাহাদের ভক্তি অগ্রসর হইতে থাকে; যে ভক্তিবলে তাহারা কালক্রমে নিষ্কাম হইয়া, এই অপার সংসার-জলধিকে অনায়াসে উত্তীর্ণ হয়। ভোগ প্রদানে আপনার কোন বিশেষ তাৎপর্য্য নাই! কারণ ভোগ সকল যোনিতেই সুলভ। এমন কি! শূকরাদি নরক-যোনিতেও ভোগের কোন অভাব নাই। অতএব ভোগই যে জীবের মঙ্গলপ্রদ, তাহা নহে। ভোগ কর্ম্ম হইতেই উৎপন্ন হয়; এবং তদ্দ্বারা স্বর্গ বা নরক উভয়ই লাভ হইয়া থাকে। কিন্তু স্নেহময় জনক-জননী যেমন পুত্রকে কোন অনিষ্টকর ভোজন-সামগ্রী প্রদান করেন না, সেইরূপ আপনার প্রদত্ত ভোগে জীবের কখন কোন অনিষ্ট সাধিত হয় না। সাক্ষাৎ সম্বন্ধে আপনার নিকট হইতে লব্ধ ভোগ কর্ম্ম-জন্য নহে; সুতরাং তদ্দ্বারা বন্ধনের কোন সম্ভাবনা নাই! সুতরাং তাহা স্বর্গ বা নরক কিছুই উৎপাদন করে না ॥ ১৩ ॥

হে প্রভো! আমি সকামী ব্যক্তিগণকে নিন্দা করিতেছি বলিয়া, আমি যে তাহাদের মধ্যে এক জন প্রধান-জ্ঞানে গণনীয় হইব না, তাহা নহে; আমিও দুর্দ্ধর্ষ কামের বশবর্ত্তী হইয়া পত্নী প্রার্থনায় আপনার নিকট যাচ্ঞা করিতেছি। নির্ব্বোধ বৃষ যেমন ধেনুর অন্বেষণে ইতস্ততঃ পর্য্যটন করে, আমিও সেইরূপ মোহের বশবর্ত্তী হইয়া গৃহাশ্রমে ধর্ম্ম, অর্থ ও কামরূপ ত্রিবর্গ-সাধনের উপায়-ভূতা বনিতার লালসায় আপনার চরণে শরণ লইয়াছি। কিন্তু কি দুর্ভাগ্যের বিষয় এই যে, কল্পতরু সদৃশ যাঁহার চরণমূলে সকল বাসনায়

তথা স চাহং পরিবোঢ়ুকামঃ সমানশীলাং গৃহমেধধেনুং।
উপেয়িবান্ মূলমশেষমূলং দুরাশয়ঃ কামদুঘাঙ্ঘ্রিপস্য ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

(যঃ অহং সকামান্ নিন্দামি) সঃ অহমপি চ তথা দুরাশয়ঃ এব গৃহমেধধেনুং (গৃহমেধঃ গৃহাশ্রমঃ তত্র ধেনুং ধর্ম্মার্থকামরূপ-ত্রিবর্গদোগ্ধ্রীং) সমান-শীলাং চিত্তানুকারিণীং ভার্য্যাং পরিবোঢ়ুকামঃ পরিণেতুমিচ্ছন্ কামদুঘাঙ্ঘ্রিপস্য (কল্পবৃক্ষবৎ স্বশরণাগতানামর্থিনাং অর্থিতার্থ-প্রদস্য তব) অশেষ-মূলং (অশেষাণাং ব্রহ্মাদীনাং পুরুষার্থানাং চ সর্ব্বেষাং মূলং কারণং) তব মূলং পাদমূলং, উপেয়িবান্ উপগতোঽস্মি ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

যঃ সকামান্নিন্দামি সোঽহমপি তাদৃশ এবেত্যাহ তথেতি। গৃহমেধো গৃহাশ্রমঃ তত্র ধেনুং ত্রিবর্গদোগ্ধ্রীং ভার্য্যাং পরিবোঢ়ুকামঃ পরিণেতুমিচ্ছন্ কামদুঘাঙ্ঘ্রিপস্য কল্পদ্রুমস্য তব মূলমঙ্ঘ্রিং উপেয়িবানুপগতোঽস্মি। নন্বু কামাদ্যর্থমন্যং কিমপ্যুপাস্যতাং। ন যতঃ অশেষস্য পুরুষার্থস্য মূলমেতদেব ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোঽহং সকামান্নিন্দামি স চাহমেব সকামেষু মুখ্য ইত্যাহ তথেতি। গৃহমেধো গৃহাশ্রম স্তত্র ধেনুং ত্রিবর্গদোগ্ধ্রীং ভার্য্যাং পরিণেতুমিচ্ছন্ ধেনুপদেন স্বস্য নির্ব্বুদ্ধিত্বাদ্ বৃষত্বমুক্তং। কিঞ্চ সকামেষ্বপি মধ্যে অহং দুরাশয়ঃ দুরভিপ্রায়ত্বাদিতি নির্ব্বুদ্ধিরিত্যর্থঃ। যতঃ পরিবোঢ়ুকাম এব কামদুঘাঙ্ঘ্রিপস্য তব মূলমঙ্ঘ্রিং মুপেয়িবান্ অশেষাঃ সর্ব্বে এব পদার্থা মূলে তলে যস্য তৎ। স্বর্গাপবর্গয়োঃ পুংসামিত্যাদুক্তেঃ ॥ ১৪ ॥

হে প্রভো! আমি সকামিগণকে বৃথা নিন্দা করিতেছি! কারণ আমিও তাহাদের ন্যায় দুরাশার বশবর্ত্তী হইয়া সংসারের সার ধর্ম্ম, অর্থ ও কাম-রূপ ত্রিবর্গ-সাধনে কামধেনু-সদৃশী চিত্তানুকারিণী অনুরূপা পত্নী-লাভের বাসনায় কল্পতরু-সদৃশ শরণাগত জনের সর্ব্বাভীষ্টফলপ্রদ ব্রহ্মাদিগণেরও ব্রহ্মত্বাদির নিয়ামক সর্ব্বকারণ-কারণ ভবদীয় পাদমূলে শরণাগত হইয়াছি ॥ ১৪ ॥

আভাস।

মূল উপাদান নিহিত রহিয়াছে, একবার ভক্তির ভরে নিষ্কাম-ভাবে আমি সেই চরণে শরণ লইতে পারি নাই! ॥ ১৪ ॥

ভগবান কমলযোনি আমাদিগকে উৎপাদন করিয়া প্রজাসৃজনার্থ অনুমতি করিয়াছেন। মরীচ্যাদি লোকসমূহ তাঁহার সেই আজ্ঞা প্রতিপালন করাই শ্রেয়স্কর জ্ঞানে দামবদ্ধ শূকর-ন্যায় কর্ম্মপাশে নিবদ্ধ রহিয়াছেন। কর্ত্তব্য কর্ম্মের অনুষ্ঠানেই সকল বাসনার পূরণ হইবে, এই আমাদের স্থির সিদ্ধান্ত। কারণ এ আজ্ঞা কেবল কমলাসনের নহে; আপনি

প্রজাপতে স্তে বচসাধীশ তন্ত্যা লোকঃ কিলায়ং কামহতোঽনুবদ্ধঃ।
অহঞ্চ লোকানুগতো বহামি বলিঞ্চ শুক্লানিমিষায় তুভ্যং ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

হে শুক্ল অবিদ্যাদিদোষরহিত শুদ্ধ, হে অধীশ সর্ব্বাধিপ! তে ত্বদীয়স্য প্রজাপতেঃ ব্রহ্মণঃ বচসা (প্রজাঃ সৃজ ইত্যেবংরূপয়া) তন্ত্যা দাম্না, কিল অয়ং কামহতঃ লোকঃ অনুবদ্ধঃ পশুবৎ তত্তৎকর্ম্মণি নিযুক্তঃ। অহং চ কিল লোকানুগতঃ কামহতঃ এব অতঃ অনিমিষায় কালায়নে তুভ্যং বলিং বহামি হরামি, কর্ম্মময়ীং ত্বদাজ্ঞাং পালয়ামি অতঃ তদর্থং ভার্য্যাং চ ইচ্ছামি ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

ননু তর্হি মুক্ত্যর্থমেব কিং ন ভজসি অনধিকারাদিত্যাহ হে অধীশ যস্ত্বং প্রজাপতি স্তস্য তব বচসা তন্ত্যা অয়ং কামহতো লোকঃ পশুবদ্বদ্ধঃ। হে শুক্ল ধর্ম্মমূর্ত্তে! অহঞ্চ কিল লোকানুগতঃ যতস্তুভ্যং বলিং বহামি হরামি। কর্ম্মময়ীং ত্বদাজ্ঞামনুবর্ত্তে। অনিমিষায় কালায়নে। তদর্থং ভার্য্যাঞ্চেচ্ছামীতি চকারস্যার্থঃ। ন কেবলং লোকানুগতো বহামি কিন্তু ঋণত্রয়াপাকরণার্থমিতি কিলেত্যুক্তং ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবং চেদস্তি বিবেকস্তর্হি নিষ্কাম এব কথং ন ভজসীত্যত আহ প্রজাপতে ব্রহ্মণ স্তব ত্বদীয়স্য প্রজাঃ সৃজেতি বচসা তন্ত্যা লোকো মরীচ্যাদিঃ। সহ যজ্ঞাঃ প্রজাঃ সৃষ্ট্বা পুরোবাচ প্রজাপতিঃ। অনেন প্রসবিষ্যধ্বমিতি গীতোক্তেশ্চ সোঽপি ত্বদাজ্ঞানুসারেণৈব বক্তীতি ন তস্যাপি দোষ ইতি তে-পদধ্বনিঃ। ননু কামহতো লোকো অনুবদ্ধো ভবতু নাম ত্বং ত্বকামহতঃ কথং সনকাদিবত্তন্নাতিক্রামসি তত্রাহ অহঞ্চ লোকানুগতঃ তদনুগামিবুদ্ধি র্নতু নারদাদি সদৃশো ভবিতুং সমর্থ ইত্যর্থঃ। অতস্তন্ত্যা বদ্ধো বৃষ ইব বলিং বহামি কর্ম্মময়ীং ত্বদাজ্ঞামনুবর্ত্তে। তদর্থমেকাং ভার্য্যামিচ্ছামীত্যর্থঃ। চকারাৎ ত্বদুক্তিঞ্চ করোমি ত্বৎপ্রাপ্ত্যর্থমিতি ভাবঃ। হে শুক্ল অনিমিষায় কালরূপং ত্বাং প্রসাদয়িতুমিত্যর্থঃ ॥ ১৫ ॥

হে সর্ব্বদোষশূন্য সর্ব্বাধিপ জনার্দ্দন! "প্রজা সৃষ্টি কর!" বলিয়া তদীয় প্রজাপতি কমল-যোনির আজ্ঞা অনুসারে আমি কর্ম্মময় পাশে বদ্ধ হইয়া রজ্জুবদ্ধ পশুর ন্যায়, কামবশবর্ত্তী হইয়াছি; সুতরাং সর্ব্বনিয়ামক কালস্বরূপ আপনার আজ্ঞা পালনরূপ কর্ম্মসাধনের দ্বারা কর্ত্তব্যানুষ্ঠান করিতে উদ্যত হইয়াছি ॥১৫॥

আভাস।

স্বয়ং গীতাবাক্যের দ্বারা এইরূপই উল্লেখ করিয়াছেন। অবশ্য! কর্ম্মমার্গে কামের সংস্রব আছে বটে, কিন্তু যখন প্রায় সকল লোককেই ভোগের বশবর্ত্তী হইয়া সেই কর্ম্মমার্গে অগ্রসর হইতে দেখিতেছি, তখন আমি যে তাঁহাদিগের সকলকে অতিক্রম করিয়া সনকাদি বা নারদাদি ঋষিগণের অনুকরণ করিব, সেরূপ প্রত্যাশা করি না। এবং তাহাতে আমার

লোকাংশ্চ লোকানুগতান্ পশুংশ্চ হিত্বা শ্রিতাস্তে চরণাতপত্রং।
পরস্পরং তদ্গুণবাদশীধুপীযূষনির্যাপিত দেহধর্ম্মাঃ ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

লোকান্ কামাভিভূতান্ জনান্, লোকানুগতান্ তান্ অনুস্থতান্, পশূন্ অজ্ঞান্, চ হিত্বা অনাদৃত্য, যে তে তব, চরণাতপত্রং (চরণরূপং আতপত্রং আধ্যাত্মিকাদিতাপত্রয়-নিবর্ত্তকত্বাৎ ছত্রং) আশ্রিতাঃ অতএব পরস্পরং তদ্গুণবাদ-শীধু-পীযুষ-নির্যাপিত-দেহধর্ম্মাঃ (তদ্গুণানাং বাদঃ কথা তদেব শীধু মধুরং পীযূষং অমৃতং, তেন নির্যাপিতাঃ বিলাপিতাঃ দেহধর্ম্মাঃ ক্ষুৎপিপাসা জরামরণ-সুখদুঃখাদয়শ্চ যৈঃ তে) ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

অনিমিষায়েত্যনেন কালাত্মকত্বাৎ ত্বত্তো ভীতঃ কর্ম্ম করোমীত্যুক্তং এতত্তু ভয়ং ত্বদ্ভক্তানাং নাস্তি ইত্যাহ দ্বাভ্যাং। লোকান্ কামাভিভূতান্ তাননুগতান্ পশূংশ্চ বিবেকে সত্যপি পুনঃ কর্ম্ম-জড়ান্ মাদৃশান্ হিত্বা অনাদৃত্য যে তব চরণরূপমাতপত্রং শ্রিতাঃ তানেবাহ তদ্গুণানাং বাদঃ তমেব শীধু সংসার-বিস্মারকত্বাৎ পীযূষং রুচিকরত্বাৎ তেন নির্য্যাপিতা বিলাপিতা দেহধর্ম্মাঃ ক্ষুৎপিপাসাদয়ো যৈঃ। এষামিত্যুত্তরেণান্বয়ঃ ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ লোকাঃ পিত্রাদয়ঃ তদাজ্ঞানুবর্ত্তিনঃ পুত্র-ভ্রাত্রাদয়শ্চ লোকতো ধর্ম্মতশ্চ যশস্বিনঃ সুখিনশ্চ দৃশ্যন্তে কিমিতি তান্ সকামত্বান্নিন্দসি। পিত্রাদীন্ দুঃখয়তাং নিষ্কামভক্তানাং নিষ্পরি-গ্রহাণাং কিং সুখং কিং বা যশো যতস্তানভিনন্দসি ইতি তত্রাহ দ্বাভ্যাং। লোকানিতি পশূনিতি তেষাং পশুত্বাত্তত্ত্যাগে দোষো নাস্তীতি ভাবঃ যদ্বা লোকান্ ন্যায়মীমাংসাদিশাস্ত্রাভিজ্ঞান্ তদনুগতাং স্তদুপদেশবাক্যেষু বিশ্বসতঃ শাস্ত্রানভিজ্ঞান্ তেষামুভয়েষামপি পশুত্বং ভক্তিরাহিত্যাৎ। চরণমেবাতপত্রমাশ্রিতা ইতি নিরাতপত্রাঃ পশবস্তু জাজ্বল্যন্ত এবেতি ভাবঃ। তেষাং সুখমপরমপ্যাহ তদ্গুণানাং বাদঃ কথনমেব সংসার-বিস্মারকত্বাৎ শীধু মৃত্যুদূরীকরণাদেতিস্বাদুত্বাচ্চ পীযূষং তেনৈব তৎপানেনৈব নির্যাপিতা দেহধর্ম্মা বাল্যপৌগণ্ডাদয়ঃ ক্ষুৎপিপাসাদয়ো বা যৈ স্তে ভবন্তীতি ক্রিয়য়া অন্বয়ঃ ॥ ১৬ ॥

হে বিভো! কালস্বরূপ আপনার ভয়ে ভীত হইয়া আমরা কর্ম্মে প্রবৃত্ত হইয়াছি সত্য; কিন্তু যাহারা আপনার প্রকৃত ভক্ত, তাহাদের কর্ম্ম না করিলেও, কোন ভয় নাই। তাঁহারা কামোপহত জনগণকে বা তাহাদের

আভাস।

সামর্থ্যও নাই। অতএব রজ্জুবদ্ধ বৃষের ন্যায়, আপনার আজ্ঞা প্রতিপালন করত কর্ম্মময় ভার যাহাতে আপনার নিকট বহন করিয়া লইয়া যাইতে পারি, তজ্জন্য একটী ভার্য্যা প্রার্থনা করিতেছি। চকার দ্বারা বনিতার সহিত ভক্তিও কর্দ্দমের প্রার্থনীয় জানিতে হইবে ॥ ১৫ ॥

ন তেঽজরাক্ষভ্রমিরায়ুরেষাং ত্রয়োদশারং ত্রিশতং ষষ্টিপর্ব্ব।

অন্বয়ঃ।

তে তব, অজরাক্ষভ্রমি (অজরং ব্রহ্ম তস্মিন্ অক্ষরূপে ভ্রমি ভ্রমণং যস্য তৎ) ত্রয়োদশারং (অধিক-মাসেন সহ ত্রয়োদশ মাসাঃ অরাঃ নেমিং নাভিং প্রবিষ্টাঃ যস্য তৎ) ত্রিশতং-ষষ্টিপর্ব্ব (একৈকস্য আরস্য ত্রিংশৎ এবং ত্রিশতং ষষ্টিশ্চাহোরাত্রাঃ পর্ব্বাণি গ্রন্থিবিশেষাঃ যস্য তৎ) ষন্নেমি (ষট্ঋতবো নেময়ঃ চক্রপ্রান্তাঃ যস্য তৎ) অনন্ত-চ্ছদি (অনন্তাঃ ক্ষণ-

শ্রীধরস্বামী।

তব যৎ ত্রিনাভি কালচক্রং তৎ জগদাচ্ছিদ্য জগদাকৃষ্য ধাবদপি এষাং ত্বদ্ভক্তানাং আয়ুরাচ্ছিদ্য ধাবন্ন ভবতি। কথংভূতমজরং ব্রহ্ম। তস্মিন্নক্ষরূপে ভ্রমি ভ্রমণং ভ্রমদিতি বক্তব্যে অতিভ্রমণশীলত্বাৎ উপচারেণ ভ্রমিরিত্যভেদনির্দ্দেশঃ। অধিমাসেন সহ ত্রয়োদশ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তএব কালং জয়ন্তি নান্যে ইত্যাহ ন তে। ইতি যত্রিনাভি কালচক্রং তজ্জগদাচ্ছিদ্য সংহৃত্য ধাবদপি এষাং তদ্ভক্তানাং আয়ুরাচ্ছিদ্য ধাবন্ন ভবতীত্যন্বয়ঃ। কথম্ভূতং অজরং ব্রহ্ম তস্মিন্নক্ষরূপে ভ্রমিঃ। ভ্রমদিতি বক্তব্যে অতিভ্রমণশীলত্বাৎ উপচারেণ ভ্রমিরিত্য-ভেদনির্দ্দেশঃ। অধিমাসেন ত্রয়োদশ মাসা অরা যস্য তৎ। ত্রিশতং ষষ্টিশ্চাহোরাত্রাঃ

অনুগমনকারী এবং পশুবদাচারী জীবগণকে অনুকরণ না করিয়া, আধ্যাত্মিকাদি তাপত্রয়নাশন ভবদীয় চরণাতপত্রের আশ্রয়ে এবং আপনার গুণানুবাদরূপ পীযূষপূর্ণ অমৃতস্রোতে নিরন্তর ভাসমান থাকিয়া ক্ষুৎপিপাসা, জরা মৃত্যু এবং রোগ-শোকাদি অনন্ত দুঃখপ্রদ দেহ-ধর্ম্মকে বিধৌত করিয়া ফেলিয়াছেন ॥ ১৬ ॥

আপনার কালচক্র অতি ভয়ানক বেগে ব্রহ্ম-স্বরূপ অক্ষে (দণ্ডে) অনবরত বিঘূর্ণিত হইতেছে। দ্বাদশ মাসেও মলমাস সহ ত্রয়োদশ মাসই এই কাল-চক্রের অরা, যাহা নাভি ও নেমিতে প্রবিষ্ট হইয়া চক্রের দেহ গঠিত হই-য়াছে। প্রত্যেক আরাতে (মাসে) ত্রিশত সংখ্যক দিনমানে সমস্ত চক্রে

আভাস।

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, মহাজন-স্থানীয় পিতৃগণ ও তাঁহাদের আজ্ঞানুবর্ত্তী পুত্র-ভ্রাতাদি স্বজন-বর্গ কর্ম্মের অনুশীলনে লোকত ধর্ম্মত যশস্বী ও সুখী বলিয়া যখন পরি-চিত হইতেছেন, তখন তাঁহাদিগকে সকামী বলিয়া নিন্দা করা এবং তাদৃশ পিত্রাদিকে পরি-ত্যাগে তাঁহাদের মনে ব্যথা দিয়া নিষ্কাম ভক্তির অনুশীলনে লৌকিক সুখ বা মনের কোন উন্নতির সম্ভাবনা যখন দেখা যায় না, তখন তাদৃশ নিষ্কাম ভক্তের সুখ্যাতি করা কিরূপে সম্ভব হইতে পারে! এতদুত্তরে দুইটী শ্লোকের দ্বারা তাহার মীমাংসা করা হইয়াছে। অর্থাৎ তাদৃশ ভক্তিহীন অথচ কেবল কর্ম্মভারবাহী পুরুষগণ পশু অপেক্ষা কোন অংশে শ্রেষ্ঠ

যন্নেম্যনন্তচ্ছদি যৎ ত্রিনাভি করালস্রোতো জগদাচ্ছিদ্য ধাবৎ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

লবাদয়ঃ ছদ্যাঃ পত্রাণি ধারাঃ যস্য তৎ) ত্রিনাভি (ত্রীণি চাতুর্মাস্যানি নাভয় শ্চক্রমধ্যস্থাঃ সচ্ছিদ্রাঃ বর্ত্তুলাকারাঃ অক্ষাধারভূতাঃ যস্য তৎ) করালস্রোতঃ তীব্রবেগং সংবৎসরাত্মকং যৎ কালচক্রং জগৎ আচ্ছিদ্য আকৃষ্য ধাবৎ অপি এষাং ত্বদ্ভক্তানাং আয়ুঃ আচ্ছিদ্য ধাবৎ ন ভবতি (প্রতিক্ষণং ত্বদ্ভজনেন সফলত্বাৎ) ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

মাসা অরা যস্য। ত্রিশতং ষষ্টিশ্চাহোরাত্রাঃ পর্ব্বাণি যস্য শতশব্দো বিভক্তে রলুগার্ষঃ ষট্ঋতবো নেময়ো যস্য। অনন্তাঃ ক্ষণলবাদয় শ্ছদা পত্রাণি পত্রাকারা ধারাঃ সন্তি যস্য ত্রীণি চাতুর্মাস্যানি নাভয়ঃ আধার-ভূতানি বলয়ানি যস্য। করালস্রোত স্তীব্রবেগং। এতৈ র্বিশেষণৈরেব বৎসরাত্মকং চক্রমুক্তং ইতি দ্রষ্টব্যং ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পর্ব্বাণি যস্য তৎ। শত শব্দো বিভক্তেরলুগার্ষঃ। ষট্ ঋতবো নেময়ো যস্য। অনন্তাঃ ক্ষণলবাদয়শ্ছদা পত্রাণি পত্রাকারা ধারা সন্তি যস্য। ত্রীণি চাতুর্মাস্যানি নাভয়ঃ আধার-ভূতানি বলয়ানি যস্য। করালস্রোত স্তীব্রবেগং। এতৈ র্বিশেষণৈরেব সংবৎসরাত্মকং কালচক্রমুক্তমিতি দ্রষ্টব্যং ॥ ১৭ ॥

ত্রিশত ষষ্টি অহোরাত্র চক্রের গ্রন্থিস্থান নির্ণয় করিতেছে; ছয়টী ঋতুই এই চক্রের ছয়খানি নেমি (প্রান্তকাষ্ঠ) এবং অনন্ত ক্ষণ-লবাদি ক্ষুদ্র ক্ষুদ্র কাল বিশেষ এই সমগ্র চক্রের সর্ব্বাঙ্গের আবরণ-স্থানীয়। চাতুর্মাস্যত্রয় ইহার ত্রিধারাবিশিষ্ট চক্রমধ্যস্থ নাভিদেশ, যাহা সচ্ছিদ্র বর্ত্তুলাকাররূপে অক্ষের আধার হইয়াছে; এই তীব্রবেগবিশিষ্ট সম্বৎসর নামক কালচক্র সমগ্র জগৎকে আকর্ষণ করত নিরন্তর ধাবমান হইলেও, ভবদীয় ভক্তগণের পরমায়ুকে বৃথায় অতিবাহিত করাইতে পারে না! কারণ তাঁহারা প্রতিক্ষণ আপনার ভজনে জীবনকে সফলই করিতেছেন ॥ ১৭ ॥

আভাস।

নহে; সুতরাং তাহাদের ত্যাগে কোন দোষের সম্ভাবনা নাই। এই শ্লোকে লোকশব্দে কেবল মহাজন-স্থানীয় শ্রেষ্ঠ লোক ব্যতীত টীকাকার বিশ্বনাথ চক্রবর্ত্তী ভক্তিহীন দার্শনিকগণের প্রতিও কটাক্ষ করিয়াছেন। এখানে এক ভক্তির প্রভাবে সকল বাঞ্ছাই পূরণ হইতে পারে এবং সকল নিগ্রহেরই উপশান্তি হইতে পারে, ইহাই শ্লোকের তাৎপর্য্য। অর্থাৎ ভক্তির স্রোতে নিরন্তর ভাসমান থাকিলে, যেমন শ্রেষ্ঠ লোকের আশ্রয়ে নিঃস্ব ব্যক্তির সকল অভাবেরই মোচন ও সুখের লাভ হইয়া থাকে, সেইরূপ ভক্তের ধন ভগবানের আশ্রয়ে

একঃ স্বয়ং সন্ জগতঃ সিসৃক্ষয়া দ্বিতীয়য়াত্মন্নধিযোগমায়য়া।

অন্বয়ঃ।

ঊর্ণনাভিঃ যথা তথা প্রথমং ভগবান্ অনন্তশক্তিমান্, ত্বং স্বয়ং একঃ এব সন্ অপি জগতঃ সিসৃক্ষয়া অদ্বিতীয়য়া ত্বৎসত্যে সত্যয়া, অধিযোগমায়য়া (অধিকৃতয়া স্বশক্তিভূতয়া

শ্রীধরস্বামী

ননু নিরুপাধিমুদাসীনং মাং কিং যাচসে। তথাপি মায়য়া বিশ্বসৃষ্ট্যাদিকর্তৃত্বাৎ ত্বমেব

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবং নিষ্কামভক্তানেব ধন্যান্ ব্রূষে অথচ নিষ্কামো ভবিতুং ন শক্নোষি তর্হ্যন্যস্মাদেব দেবতান্তরাৎ শীঘ্রফলপ্রদাৎ কথং স্বকামং ন সাধয়সি তত্র ত্বাং বিনা জগত্যস্মিন্নন্যং কমপি ন পশ্যামীত্যাহ স্বয়মেক এব সন্নপি ইচ্ছায়া দ্বিতীয়ত্বাভাবাৎ অদ্বিতীয়য়া সিসৃক্ষয়া যদ্বা তব সিসৃক্ষা ব্রহ্মাদি সিসৃক্ষৈব নান্যানুরোধবতীত্যর্থঃ। আত্মনি স্বস্মিন্নধিগতঃ প্রাপ্তঃ ঈক্ষণ-

---

ঊর্ণনাভি যেমন নিজের মুখ-নির্গত লাল হইতেই জাল বিস্তার করে এবং নিজমুখেই তাহার উপসংহার করে; তাহার নিজের স্বরূপের অতিরিক্ত জালের আর পৃথক্ অস্তিত্ব নাই, সেইরূপ সর্ব্বপ্রথমে আপনি এক ও অদ্বিতীয় থাকিয়া জগতের সৃষ্টি-বাসনায় আত্মস্বরূপ হইতে অতিরিক্ত নহে, বরং স্বীয় শক্তিস্বরূপা অচিন্ত্যশক্তি যোগমায়ার দ্বারা রজঃসত্ত্বতমোরূপা শক্তিসমূহের আবির্ভাব

আভাস।

আশ্রিত ব্যক্তির দুঃখানুভবেরই আর সাবকাশ থাকে না; তিনি পরম-সুখদ ভগবদ্গুণানুকীর্ত্তনে ও শ্রবণে সকল ক্লেশের হস্ত হইতে মুক্তিলাভ করিয়া থাকেন। কালরূপ চক্রের নেমির অভিমুখে (কর্ম্মমার্গে) যত অগ্রসর হওয়া হইবে, ততই ভ্রমণের তীব্রবেগ অনুভূত হইবে; এবং যতই নিষ্কাম ভাবে ও ভক্তি-সহকারে অক্ষস্থানীয় অজর ব্রহ্ম-স্বরূপের নিকটবর্ত্তী হইবে, ততই ভ্রমণের হস্ত হইতে অব্যাহতি লাভে চিরশান্তি অনুভূত হইবে। সমগ্র জগৎ কালের করাল বেগে বৃথা অপব্যয়িত হইলেও, ভক্তের জীবন বৃথা অতিবাহিত হয় না; তাঁহার জীবনের প্রত্যেক ক্ষণ ও লবাদিতে ভগবদ্ভাবের সুধাময় ভাব অঙ্কিত থাকায়, প্রারব্ধোৎপন্ন সামান্য দেহের ক্ষয়ে, ভক্তের জীবদ্দশাতেও জীবন্মুক্ত ভাবের পরিচয় থাকে; সন্দেহ নাই॥ ১৬॥ ১৭॥

ভগবানের নিষ্কাম ভক্ত হইতে পারিলেই, ধন্য ও কৃতার্থ হওয়া যায়। কিন্তু কামনা-ত্যাগ করা বড়ই সুকঠিন! তখন যে অন্য কোন দেবতার আশ্রয় গ্রহণ করিয়া, সহজে উদ্দেশ্য সাধন করা যাইতে পারে, এমন কোন দেবতাই আর অনুমান-গোচর হন না। নারায়ণই এক ও অদ্বিতীয়। ছান্দোগ্য উপনিষদে উক্ত আছে, "সদেব সোম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ম্"। হে সৌম্য! এই ব্রহ্মাণ্ড সৎস্বরূপ এক ও অদ্বিতীয় পরমব্রহ্ম হইতে অভিব্যক্ত

সৃজস্যদঃ পাসি পুনর্গ্রসিষ্যসে যথোর্ণনাভির্ভগবান্ স্বশক্তিভিঃ ॥ ১৮ ॥

অন্বয়ঃ।

যোগমায়য়া, আবির্ভূতাভিঃ) স্বশক্তিভিঃ রজঃসত্ত্বতমোরূপাভিঃ, আত্মন্ আত্মনি, এব অদঃ বিশ্বং, সৃজসি পাসি পুনঃ গ্রসিষ্যসে চ ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী।

বাচ্য ইত্যাহ। স্বয়মেক এব সন্নপি। আত্মন্যধিকৃতয়া যোগমায়য়া হেতুনা যাঃ স্বীকৃতাঃ শক্তয়ঃ সত্ত্বাদ্যাঃ তাভিঃ অদো বিশ্বং। স্বব্যতিরিক্তসাধনানপেক্ষত্বে দৃষ্টান্তং যথেতি ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যোগাৎ যোগো যস্যা স্তয়া মায়য়া সৃষ্ট্যাদিকং করোষি যদ্বা আত্মন্যধিকৃতয়া যোগমায়য়া চিচ্ছক্ত্যা হেতুনা যাঃ স্বীকৃতাঃ সত্ত্বাদ্যাঃ শক্তয় স্তাভিরদো বিশ্বং স্বব্যতিরিক্তসাধনানপেক্ষত্বে দৃষ্টান্তঃ। অতস্তন্নিস্থ দেবতান্তরস্যাভাবাৎ সকামেনাপি ময়া ত্বমেব সেব্যসে ইতি ভাবঃ ॥ ১৮ ॥

করাই। আত্মস্বরূপেই এই প্রতীয়মান ব্রহ্মাণ্ড রচনা করিয়াছেন; এক্ষণে নিজেই ইহাকে পালন করিতেছেন। এবং পরে ঊর্ণনাভির ন্যায়, স্বয়ংই আত্ম-স্বরূপে ইহাকে সংগ্রহ করত এক ও অদ্বিতীয় ভাবে একাই আপনি বিরাজ করিবেন ॥ ১৮ ॥

আভাস।

হইয়াছে; তিনি ব্যতীত দ্বিতীয় বস্তুই আর ছিল না। শ্রুতি বলিয়াছেন, "যথোর্ণনাভঃ সৃজতে গৃহ্নতে চ" ঊর্ণনাভ (মাকড়সা) যেমন নিজের উদরস্থিত লালা মুখ দ্বারা নির্গত করিয়া স্বয়ংই জাল প্রস্তুত করে এবং জালের মধ্যে স্বয়ংই অবস্থান পূর্ব্বক বিহার করে, পরে ক্রীড়ান্তে নিজের উদর-মধ্যে আবার সেই সমস্ত জাল সংগ্রহ করিয়া একাকীই থাকে, "তথাক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বং" সেইরূপ অক্ষর পরমপুরুষ হইতে এই বিশ্ব ব্রহ্মাণ্ড উৎপন্ন হয়; এবং প্রলয়কালে যখন ইহা তাঁহাতেই নিবিশমান থাকে, তখন তিনিই অদ্বিতীয়-ভাবে একাই বিরাজ করেন। লালা যেমন ঊর্ণনাভির নিজস্ব বস্তু এবং তাহার নিজ ইচ্ছাতেই অক্লীলাক্রমে লালার বিস্তার বা আকুঞ্চন হইয়া থাকে, সেইরূপ যোগমায়া নাম্নী ভগবানের ইচ্ছাশক্তি, তাঁহার ইচ্ছাধীনে থাকিয়া কখন তিনি বিশ্ব রচনা করেন, কখনও বা প্রলয় উপস্থিত করেন। লালার যেমন জাল-বিস্তারে কোন কর্তৃত্ব নাই, ঊর্ণনাভেরই ইচ্ছা, সেইরূপ ইচ্ছাময় নারায়ণের ইচ্ছা ব্যতীত কেবল শক্তিস্বরূপা যোগমায়ার জগৎরচনাতে কোন কর্তৃত্ব নাই; তবে সেই পরমেশের ঐশ্বর্য্য ও উপকরণরূপে জগদ্ভাবে পরিণত হইবার সামর্থ্য আছে মাত্র; তাহাও পরমেশ্বরের শক্তি। তিনিই সৎস্বরূপ। জগৎ বা রচনার শক্তি তাঁহাতেই নিহিত থাকায়, শক্তির পৃথক্ সত্তা স্বীকার্য্য নহে। যেমন কোন জীব ও তাহার শক্তি তদপেক্ষা পৃথক্ বলিয়া অনুমান করা যায় না, অথচ পৃথক্; কারণ কার্য্য

নৈতদ্বতাধীশ পদং তবেপ্সিতং যন্মায়য়া ন স্তনুষে ভূতসূক্ষ্মং।

অন্বয়ঃ।

হে অধীশ! নঃ অস্মাকং ভক্তানাং যৎ ভূতসূক্ষ্মং পদং শব্দাদিবিষয়সুখং, মায়য়া কৃপয়া তনুষে বিস্তারয়সি দদাসি এতৎ বত যদ্যপি তব ঈপ্সিতং অভিলষিতং, ন ভবতি তথাপি

শ্রীধরস্বামী।

যদ্যপি মায়িকত্বাদ্ভক্তেভ্যো বিষয়সুখং দাতুং নেচ্ছসি তথাপ্যস্মদভিপ্রায়ানুসারেণ সম্পাদয়েত্যাহ নৈতদিতি। হে অধীশ! নোঽস্মাকং ভজতাং ভূতসূক্ষ্মরূপং পদং শব্দাদি-বিষয়সুখং মায়য়া তনুষে বিস্তারয়সীতি যৎ এতৎ তব যদ্যপীপ্সিতং ন ভবতি তথাপ্যস্মদ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবঞ্চেত্তর্হি মৎপ্রসাদাৎ তব কলত্রাপত্যভোগৈশ্বর্য্যাণি পরমোত্তমানি ভবন্ত্বিতি বরং দদানং ভগবন্তং সপ্রণামমাহ নৈতদিতি দ্বাভ্যাং। হে অধীশ! এতৎ পদং মৎকাম্যমানং বস্তু তব স্বভক্তমাত্রহিতকারিণো দাতুমীপ্সিতং ন ভবতি। ন রাতি রোগিণোঽপথ্যং বঞ্চিতোঽপি ভিষক্তম ইতি ত্বদুক্তেরবসীয়ত ইতি ভাবঃ। কথং তর্হি দদামীতি তত্রাহ যদ্যস্মাল্লোঽস্মভ্যং ভূতসূক্ষ্মং শব্দাদীন্দ্রিয়ভোগ্যং বিষয়সুখং তনুষে দদাসি তৎ খলু মায়য়ৈব ন ত্বমায়য়া অনভিজ্ঞ-ভক্তোঽয়মন্যথা বিমনস্কো ভবিষ্যতীতি মদনুরোধেনৈবেত্যর্থঃ। বাসনা-ময়ং বিষয়সুখমন্তঃকরণে বর্ত্তত এব তদেব বরদানেন বিস্তারয়সীতি তনু ধাতুর্থঃ। নন্বে-

---

হে সর্ব্বেশ্বর! আপনার ভজন করাই সকলের কর্ত্তব্য বটে, তথাপি শব্দাদি বিষয়সুখ যাহা আপনি কেবল মায়ার দ্বারা আমাদের নিকট প্রকাশ করিতেছেন, তাহা যে সম্ভোগ করা আপনার সম্পূর্ণ অননুমোদিত তাহা

আভাস।

ব্যতীত শক্তির উপলব্ধিই নাই; কিন্তু জীব তখনও আছে; অতএব কার্য্যরূপ জগৎ ও তৎকালে তাহার কারণরূপ শক্তির পরিচয় না থাকিলেও, শক্তস্বরূপ সনাতন পূর্ণব্রহ্ম নিরন্তর একভাবেই বিদ্যমান থাকেন; শক্তির অস্তিত্ব প্রলয়ে পৃথক্ উপলব্ধ না হইলেও, সৃষ্টিকালে যেন পৃথকের ন্যায় উপলব্ধ হইয়া থাকে। অতএব যখন সকলের কারণ এক পূর্ণব্রহ্ম নারায়ণ, তখন দেবতান্তরের ভজনে কৃতার্থ হইবার প্রত্যাশা, কেবল কল্পনা মাত্র ॥ ১৮ ॥

কিন্তু হে ভগবন্! আপনি যদি প্রসন্ন হইয়া আমার বাঞ্ছিত পরমোৎকৃষ্ট পুত্র-কলত্রাদি ভোগৈশ্বর্য্য সমস্তই হউক! বলিয়া বরপ্রদানার্থ উদ্যোগী হন, তাহাতেও আমি সন্তুষ্ট নহি। কারণ ভিষক্‌শ্রেষ্ঠ যেমন রোগীর প্রার্থনা অনুসারে প্রার্থিত অপথ্য কখন তাহাকে প্রদান করেন না, তখন আপনি স্বকীয় ভক্তগণের পরম হিতকারী হইয়া, আমার বাঞ্ছিত যাবতীয় পদার্থ কিরূপে প্রদান করিতে ইচ্ছা করিতেছেন? তবে এমন ভোগ প্রদান করুন! যাহাতে আপনার ভক্ত ভোগদোষে দূষিত ও দুর্বৃত্ত হইয়া আপনার প্রতি ভক্তি করিতে বা বৈরাগ্যের অনুষ্ঠানে বিমুখ না হয়। আপনি কৃপাই করিবেন; অকৃপা ত কখনই আপনার

অনুগ্রহায় ত্বপি যর্হি মায়য়া লসত্তুলস্যা তনুবা (ভগবান্) বিলক্ষিতঃ ॥ ১৯॥

অন্বয়ঃ।

যর্হি মায়য়া কৃপয়া লসত্তুলস্যা (লসন্তী তুলসী যস্যাং তথাভূতয়া) তনুবা তয়া, বিলক্ষিতঃ দৃষ্টঃ অসি (তদা অস্মাকং অনুগ্রহায় ঋণত্রয়াপকরণায়, তৎ অপি অস্ত (কৃপয়া দেহি) ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

অনুগ্রহায় অস্ত ঋণত্রয়াপকরণানন্তরমেবাপবর্গায় ভবত্বিত্যর্থঃ। যর্হি যতঃ মায়য়া পরিচ্ছিন্ন ইব লসন্ত্যা তুলস্যা যুক্তত্বং বিলক্ষিতোঽসি। এবভূতস্য তব দর্শনং যতো ভুক্তিমুক্তিপ্রদমিত্যর্থ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদ্ধেং তর্হি ন দদামীতি তত্রাহ অনুগ্রহায়াস্ত দীয়মানমেতদস্ত কিংত্বনুগ্রহায়াপি। হস্ত হস্ত ময়ৈব দত্তেন বিষয়সুখ-বরেণ ভক্তোঽয়মন্ধে তমসি পাতিত স্তদিমমুদ্ধরামীত্যায়ত্যাং স্বৎকৃপাপ্রাপ্ত্যর্থমপ্যস্থিত্যর্থঃ। তত্র লিঙ্গং যর্হি বরদান-সময়ে সংপ্রতি বিলক্ষিতং বিশেষেণ ত্বং দৃষ্ট স্তর্হি মায়য়া কৃপয়া মনঃস্পর্শস্মিতেক্ষণক্ষিত্যুক্তেঃ। স্মিতদ্যোতিত-কৃপাকটাক্ষেণ বিশিষ্ট এব দৃষ্টঃ। তত্রাপি লসন্ত্যা ভক্তজনৈঃ পরিচর্য্যায়াং সমর্পিতয়া দৃষ্টেঃ পরমসুখদয়া তুলস্যা উপলক্ষিতা চিদানন্দময়ী যা তনু স্তয়া যুক্ত ইতি ভক্ত পরিচরণীয়ত্বমেব তনোরমায়িকত্বে লিঙ্গং। অমায়িক-তনু-দর্শন-প্রদানমেব কৃপায়াং লিঙ্গং। ভগবানিত্যপ্যত্র পাঠঃ ॥ ১৯ ॥

নহে। কারণ আপনি যখন নিজেই তুলসীদাম-শোভিত শোভন দেহ প্রকাশে আমাদের নয়নানন্দপ্রদ হইতেছেন, তখন আমাদের প্রতি কৃপা করিয়া ঋণত্রয় হইতে অব্যাহতি পাইবার জন্য মন্তোগার্থ আমাকে অনুমতি প্রদান করুন! ॥ ১৯॥

আভাস।

নিকট হইতে পাইবার সম্ভাবনা নাই। বাসনাময় বিষয়সুখ অন্তঃকরণে থাকে; বরদানের দ্বারা যদি তাহাকে আরও বিস্তৃত করা হয়, তবে মুক্তি বা শান্তির সম্ভাবনা কোথায়! অতএব বাসনার আর বৃদ্ধি না হয়, অথচ আকাঙ্ক্ষার নিবৃত্তি হয়, এরূপ ব্যবস্থা করুন! যদিও তাহা নিতান্তই সুকঠিন, তথাপি আপনার নিকট সহজ! কারণ আপনি যখন ইন্দ্রিয়াদির অগোচর সচ্চিদানন্দস্বরূপ হইয়াও তুলসীদাম-শোভিত অপূর্ব্ব বিগ্রহ ধারণে আমার অক্ষিগোচর হইয়াছেন, তখন যাহাতে আসক্তির বৃদ্ধি না হয়, অথচ কর্ত্তব্যের কোন ব্যাঘাতও না ঘটে, এরূপ বর প্রদানে আমাকে কৃতার্থ করুন! ॥ ১৯ ॥

সর্ব্বাতীত কর্দ্দম বলিলেন, হে ভগবন্! আপনি গুণাতীত হইলেও, সর্ব্বগুণময়! ভোগ ও মুক্তি এক আপনার চরণ-প্রসাদেই জীবের ঘটিয়া থাকে। মুক্তির উপায়ভূত জ্ঞান কোন সাধনের দ্বারা জন্মে না। আপনার শ্রীচরণের অনুভূতি হইলেই, জীবের কর্ম্মফলের ভোগ উপশমিত হয়; সুতরাং মুক্তি সুসাধ্য। আবার আপনার চরণের প্রসাদেই দেব-

তং ত্বানুভূত্যোপরতক্রিয়ার্থং স্বমায়য়া বর্ত্তিতলোকতন্ত্রং।
নমাম্যভীক্ষ্ণং নমনীয়পাদ-সরোজমল্পীয়সি কামবর্ষং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

অনুভূত্যা আত্মানন্দানুভবেন, উপরতক্রিয়ার্থং (উপরতঃ অনপেক্ষিতঃ ক্রিয়ার্থঃ ক্রিয়াসাধ্যং ফলং যস্য তং) স্বমায়য়া স্বলীলা-সংকল্পমাত্রেণ, বর্ত্তিতলোকতন্ত্রং (বর্ত্তিতং সম্পাদিতং লোকস্য তন্ত্রং উপকরণং যেন তং) অল্পীয়সি অত্যল্পেঽপি আরাধনে) কামবর্ষং (কামান্ বর্ষতি ইতি) অতএব নমনীয়-পাদসরোজং (নমনীয়ং পাদসরোজং যস্য তং) এবম্ভূতং তং ত্বা ত্বাং, অভীক্ষ্ণং পুনঃ পুনঃ নমামি ॥ ২০ ॥

শ্রীধরস্বামী।

তং ত্বাং ভুক্তিমুক্তিপ্রদং নমামি। মুক্তিত্বে হেতুঃ অনুভূত্যা জ্ঞানেন উপরতঃ ক্রিয়ার্থঃ কর্ম্মফলভোগো যস্মিন্। ভোগপ্রদত্বে হেতুঃ স্বমায়য়া আবর্ত্তিতং লোকতন্ত্রং বিশ্বোপকরণং যেন। অতঃ সকামৈঃ নিষ্কামৈশ্চ নমনীয়ং পাদসরোজং যস্য তং অল্পীয়সি সকামে পুংসি ভজনে বা কামান্ বর্ষতীতি তথা তং ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেতদ্বধ্যসম্ভবমিত্যাহ তং ত্বাং অনুভূত্যা উপরতঃ ক্রিয়ার্থঃ কর্ম্মফলভোগো যস্মাৎ যদা কৃপয়া স্বমাধুর্য্যানুভবং দাস্যসি তদৈব ভোগেচ্ছা স্বয়মেবাপযাস্যতীতি ভাবঃ। স্বমায়য়া স্বীয়মায়াশক্তি-প্রেরণয়া বর্ত্তিতং জনিতং লোকানাং দেব-তির্য্যগাদীনাং তত্তৎ কর্ম্মফল-সুখদুঃখ-সম্বন্ধিপরিচ্ছদো যেন তং। যাবদবিদ্যাং প্রেরয়সি তাবদ্ভোগেচ্ছা ভবত্যেবেতি ভাবঃ। তেন সংপ্রতি সৃষ্টিং বিবর্দ্ধয়িষুরস্মান্ কামসঙ্কলিতান্ করোষীতি সত্যপি বিবেকে কামাংস্তক্তুং ন শক্নুম ইত্যাহ। অল্পীয়স্যতিনিকৃষ্টেঽপি মদ্বিধে জনে কামান্ বর্ষসীতি তথা তং ॥ ২০ ॥

হে সর্ব্বানন্দপ্রদ ভূতভাবন ভগবন্! আপনি স্বকীয় আনন্দেই নিত্য লীলা করিতেছেন; তজ্জন্য ক্রিয়াসাধ্য বাহ্য-ফলের আর কোন প্রয়োজন আপনার নাই; কেবল ইচ্ছাশক্তির দ্বারাই লোক সকলের কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয় করিতেছেন মাত্র। সামান্য আরাধনেই তুষ্ট হইয়া, প্রচুর ফল জীবকে প্রদান করিয়া থাকেন; অতএব সমগ্র ব্রহ্মাণ্ডের এক মাত্র আরাধ্য ভবদীয় চরণ-পদ্মে বারংবার প্রণাম করিতেছি ॥ ২০ ॥

আভাস।

তির্য্যগাদি উৎকৃষ্ট বা নিকৃষ্ট সকল যোনিস্থ প্রাণিবর্গেরই ভোগ ও সুখসমৃদ্ধি লাভ হইয়া থাকে। গীতাতে উক্ত আছে, "যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহং" আপনাকে যে যে ভাবে ভজনা করে, আপনি সেই ভাবেই তাহার বাসনা বা কামনা পূরণ করিয়া

মৈত্রেয় উবাচ ॥

ইত্যব্যলীকং প্রণুতোঽব্জনাভস্তমাবভাষে বচসামৃতেন।
সুপর্ণপক্ষোপরিরোচমানঃ প্রেমস্মিতোদ্বীক্ষণ-বিভ্রমদ্ভ্রূঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। ইতি এবং অব্যলীকং নিষ্কপটং যথা তথা প্রণুতঃ (প্রকৃষ্টেন নুতঃ স্তুতঃ) সুপর্ণপক্ষোপরিরোচমানঃ (সুপর্ণস্য গরুড়স্য পক্ষোপরি রোচমানঃ প্রকাশমানঃ) প্রেমস্মিতোদ্বীক্ষণবিভ্রমদ্ভ্রূঃ (প্রেমস্মিতাভ্যাং সহিতেন ঊদ্বীক্ষণেন বিভ্রমন্তী ভ্রূঃ যস্য সঃ) অব্জনাভঃ ভগবান্ অমৃতেন অমৃতবৎপরমানন্দজনকেন বচসা তং কর্দ্দমং অবভাষে উক্তবান্ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

অমৃতেন সুখকরেণ। প্রেমস্মিতাভ্যাং ঈক্ষণেন বিভ্রমন্তী ভ্রূর্যস্য ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অব্যলীকং নিষ্কপটং ॥ ২১ ॥

মৈত্রেয় বলিলেন, হে বিদুর! কর্দ্দম ঋষি ভগবান্ নারায়ণকে এইপ্রকার নিষ্কপট ভাবে স্তব স্তুতি করিলে, গরুড়োপরি বিরাজমান পদ্মনাভ হৃষীকেশ প্রেমপূর্ণ হাস্য, কটাক্ষ-বিক্ষেপ ও অমৃতায়মান বচনের দ্বারা তাঁহাকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ২১ ॥

আভাস।

থাকেন। ভোগ বা মুক্তি উভয়ই আপনি প্রদান করিয়া থাকেন; তবে জীবের বাসনার বৈচিত্র্য মাত্র। যে ব্যক্তি বিষয়-কামুক, তাহাকে আপনি বিষয় দেন; যে ব্যক্তি বিষয়ের অনিত্যতাদি দর্শনে তাহাতে বিমুখ, তাহাকে আপনি সকল সুখের আকর অমৃত-স্থানীয় পরম-মঙ্গলময় মোক্ষপদই প্রদান করিয়া থাকেন। এই উভয়বিধ ইচ্ছা উভয় কারণ হইতে উৎপন্ন হইয়া থাকে। যদবধি সৃষ্টিবৃদ্ধির উদ্দেশে অবিদ্যাকে আপনি প্রেরণ করেন, তদবধি জীব-হৃদয়ে ভোগের ইচ্ছাই বলবতী হয়! বিবেকের উদয় হইলেও জীব ভোগ-বাসনা ত্যাগ করিতে পারে না এবং অতি সামান্য কর্ম্মের অনুষ্ঠানে ভূরি ভোগের উপযুক্ত পাত্র না হইলেও, অতি অল্পাধিকারী নিকৃষ্ট ভক্তকেও প্রচুর পরিমাণে আপনিই ভোগদান করিয়া থাকেন। অতএব গুরুতর ভোগরূপ বনিতা-প্রাপ্তি কেবল আপনার চরণ-প্রসাদেই আমার ঘটিবে; সন্দেহ নাই ॥ ২০ ॥

কর্দ্দমের স্তবে ভগবান্ সন্তুষ্ট হইলেন; কারণ যদিও বিলাসের আধার বনিতার কামনা আপাতত-দৃষ্টিতে দোষাবহ বলিয়া স্বীকার করিতে হইবে, তথাপি প্রকৃত প্রস্তাবে তাহা দূষণীয় নহে। কারণ উদ্দেশ্যের বৈপরীত্য আছে; কেবল ইন্দ্রিয়-চরিতার্থের জন্য কর্দ্দম নারীপ্রার্থনা করেন নাই; ভগবানের আদেশ এবং অভিপ্রায় সম্পাদনার্থই, অর্থাৎ পুত্রোৎ-

শ্রীভগবানুবাচ ॥

বিদিত্বা তব চৈত্যং মে পুরৈব সময়োজি তৎ।
যদর্থমাত্মনিয়মৈ স্ত্বয়ৈবাহং সমর্চ্চিতঃ ॥ ২২ ॥
নবৈ জাতু মৃষৈব স্যাৎ প্রজাধ্যক্ষমদর্হণং।

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। যদর্থং (যস্য কন্যালাভস্য অর্থং) আত্মনিয়মৈঃ (আত্মনঃ নিয়মৈঃ শমাদিভিঃ) ত্বয়া অহং সমর্চ্চিতঃ পূজিতঃ, এব তব চৈত্যং মনোগতং অভিপ্রায়ং, বিদিত্বা জ্ঞাত্বা মে ময়া পুরা এব তৎ সময়োজি সম্যক্ সম্পাদিতং ॥ ২২ ॥

হে প্রজাধ্যক্ষ! ময়ি সংগৃভিতাত্মনাং (সংগৃভিতঃ একাগ্রীকৃতঃ আত্মা চিত্তং যৈঃ তেষাং) যৎ মদর্হণং তৎ ভবদ্বিধেষু অতিতরাং সর্ব্বথা মৃষা নিষ্ফলং বৈ ন জাতু কদাচিৎ,

শ্রীধরস্বামী।

চৈত্যং হার্দ্দং ভাবং মে ময়া সময়োজি সংঘটিতং যদর্থমেবাহং সমর্চ্চিতঃ তৎ ॥ ২২ ॥

ময়ি সংগৃভিতঃ সংগৃহীতঃ একাগ্রীকৃতঃ আত্মা চিত্তং যৈঃ তেষাং যন্মদর্হণং ত্বাদৃশেষু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চৈত্যং চিত্তাভিপ্রায়ং দিগাদিষদন্তাৎ স্বার্থেহন্। মে ময়া সময়োজি সংঘটিতং ত্বয়া অহমেব নান্যঃ ॥ ২২ ॥

নচ মদ্ভজনং কামং দত্ত্বৈব কেবলমুপক্ষীয়তে কিন্তু মৎপদমপি দদাতীতি সমাশ্বসিহীম

ভগবান্ বলিলেন, হে ঋষে! তুমি কন্যালাভরূপ যে ফলের প্রত্যাশায় যম নিয়মাদি সাধনের অনুষ্ঠানে এতকাল আমার আরাধনা করিতেছ, তোমার সেই মনোগত অভিপ্রায় আমি পূর্ব্বেই অবগত হইয়াছি এবং তাহার সম্পাদনেরও ব্যবস্থা করিয়াছি ॥ ২২ ॥

হে প্রজাধ্যক্ষ! চিত্ত সর্ব্বতোভাবে আমার প্রতি সন্নিবিষ্ট করিয়া যাহারা

আভাস।

পাদনাদির দ্বারা তাঁহার সৃষ্টিবৃদ্ধি করিবার নিমিত্তই কর্দ্দমের বনিতা-বিলাস; এবং পাছে কুৎসিতা বা ক্রূর-হৃদয়া নারীর সংসর্গে তপস্যাদি ধর্ম্ম-কর্ম্মের বিঘ্ন উৎপন্ন হইয়া সংসারে অশান্তির উদয় হয়, এই ভয়েই অনুরূপা ও রূপগুণাদিসম্পন্না চিত্তানুকারিণী সতী নারীর প্রার্থনা করিয়াছিলেন। কর্দ্দম সকামী হইয়াও নিষ্কামিত্বের পরিচয় দিয়াছিলেন। কারণ নিজের সাধ পূরণ করা তাহার উদ্দেশ্য নহে; ভগবানের আজ্ঞা পালন করাই মুখ্য উদ্দেশ্য। সুতরাং নিষ্কাম ভক্তকে দেয় আত্মস্বরূপও ভগবান্ কর্দ্দমকে দিতে বাধ্য হইলেন। তিনি স্বয়ং পুত্ররূপে কর্দ্দম-পত্নীতে আবির্ভূত হইবেন বলিয়া প্রতিশ্রুত হইলেন এবং তাহারই আয়োজনার্থ মনুকন্যা দেবহূতির লাভোপায় নির্দ্দেশ করিলেন ॥ ২১ ॥ ২২ ॥

ভবদ্বিধেষ্বতিতরাং ময়ি সংগৃভিতাত্মনাং ॥ ২৩ ॥
প্রজাপতিসুতঃ সম্রাট্ মনুর্বিখ্যাতমঙ্গলঃ।
ব্রহ্মাবর্ত্তং যোঽধিবসন্ শাস্তি সপ্তার্ণবাং মহীং ॥ ২৪ ॥
স চেহ বিপ্র রাজর্ষি র্মহিষ্যা শতরূপয়া।
আয়াস্যতি দিদৃক্ষু ত্বাং পরশ্বো ধর্ম্মকোবিদঃ ॥

অন্বয়ঃ।

স্যাৎ এব। (মর্চ্চনং সর্ব্বেষাং ভক্তানাং সফলমেব ত্বদ্বিধানাং তু ঝটিতি সফলমেব) ॥ ২৩ ॥

বিখ্যাতমঙ্গলঃ (বিখ্যাতং প্রসিদ্ধং মঙ্গলং ভগবদ্ভজনাদি শুভাচরণং যস্য সঃ) যঃ প্রজাপতিসুতঃ স্বায়ম্ভুবঃ, সম্রাট্ চক্রবর্ত্তী, মনুঃ ব্রহ্মাবর্ত্তং পুণ্যক্ষেত্রং, অধিবসন সপ্তার্ণবাং সপ্তসমুদ্রবতীং, মহীং শাস্তি ॥ ২৪ ॥

হে বিপ্র! শতরূপয়া মহিষ্যা চ সহ ধর্ম্মকোবিদঃ স্বপরবর্ণাশ্রমধর্ম্মাভিজ্ঞঃ, সঃ রাজর্ষি ত্বাং দিদৃক্ষুঃ পরশ্বঃ পরেঽহনি আয়াস্যতি ॥

শ্রীধরস্বামী।

অতিতরাং সর্ব্বথা মৃষা নিষ্ফলং ন স্যাৎ ॥ ২৩ ॥

বিখ্যাতং মঙ্গলং অভ্যুদয়-সদাচারাদিলক্ষণং যস্য ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তাহ সত্যং দিশত্যর্থিতমর্থিতো নৃণামিতি ন্যায়েন মদর্হণমাত্রং মৃষৈব তুচ্ছফলদমেব ন স্যাৎ কিন্তু তে মৎপদপ্রদমেব স্যাৎ। অত্রাপি ময়ি সংগৃভিতাত্মনাং নিহিত-মনসাং ভক্তানাং মধ্যে ত্বাদৃশেষু ত্বতিতরামিত্যর্থঃ। হ্রস্বগ্রহোর্ভশ্ছন্দসীতি ভকারঃ হ্রস্বত্বমার্ষং ॥ ২৩ ॥ ২৪ ॥

আমার আরাধনা করে, তাঁহাদের উদ্যম যখন কখনই নিষ্ফল হয় না, তখন তোমার ন্যায় তীব্র ভক্তিমানদিগের আশা যে সফল হইবে, সে বিষয়ে আর সন্দেহ কি! ॥ ২৩ ॥

সুপ্রসিদ্ধ মঙ্গলের পাত্র রাজ-চক্রবর্ত্তী স্বায়ম্ভুব মনু ব্রহ্মাবর্ত্ত নামক পুণ্য-ক্ষেত্রে অবস্থিতি পূর্ব্বক সপ্ত-সমুদ্রা ধরণীকে শাসন করিতেছেন ॥ ২৪ ॥

হে বিপ্র! সকল বর্ণাশ্রমাদি ধর্ম্মের তত্ত্বজ্ঞ উক্ত রাজর্ষি স্বীয় দুহিতার

আভাস।

ভগবদ্ভজনের ফল যে কেবল তুচ্ছ ভোগসুখ, তাহা নহে। সুমিষ্ট লড্ডুকাদির লোভে ঔষধি সেবন করিলে, যেমন মিষ্টভোজনাতিরিক্ত রোগ-নির্ম্মুক্তি ভাবই প্রধান প্রার্থনীয়, সেইরূপ পরমেশ্বর-প্রেমে অতুলনীয় ভোগ-সংগ্রহ অপেক্ষা পরম শান্তিকর মোক্ষপদই যে অন্তের প্রাপ্তব্য, তাহাই ভগবান্ পুত্ররূপে স্বয়ং অবতীর্ণ হইয়া মহর্ষি কর্দ্দমকে প্রতি-বোধিত করিয়াছেন ॥ ২৩ ॥

আত্মজামসিতাপাঙ্গীং বয়ঃশীলগুণান্বিতাং।
মৃগয়ন্তীং পতিং দাস্যত্যনুরূপায় তে প্রভো ॥ ২৫ ॥
সমাহিতং তে হৃদয়ং যত্রেমান্ পরিবৎসরান্।
সা ত্বাং ব্রহ্মন্ নৃপবধূঃ কামমাশু ভজিষ্যতি ॥ ২৬ ॥
যা ত আত্মভৃতং বীর্য্যং নবধা প্রসবিষ্যতি।

অন্বয়ঃ।

হে প্রভো! মদারাধন-ভাবযুক্ত! অসিতাপাঙ্গীং সুনীল-লোচনাং যতঃ বয়ঃশীল গুণান্বিতাং অতএব পতিং মৃগয়ন্তীং অভিকাঙ্ক্ষন্তীং, আত্মজাং কন্যাং, অনুরূপায় (তন্মনোরথ-পূরণে সমর্থায়) তে তুভ্যং, দাস্যতি ॥ ২৫ ॥

হে ব্রহ্মন্! ইমান্ পরিবৎসরান্ দশসহস্র সম্বৎসরপর্য্যন্তং যত্র যস্যাং ভার্য্যায়াং, তে তব, হৃদয়ং সমাহিতং (সংলগ্নং অস্তি) সা নৃপবধূঃ রাজকন্যা, আশু শীঘ্রং, ত্বাং কামং ত্বদভিপ্রায়ানুরোধেন এব) ভজিষ্যতি ॥ ২৬।

যা সা ভার্য্যা তে ত্বয়া, আত্মভূতং (আত্মনি স্বস্মিন্ ভূতং স্থাপিতং) বীর্য্যং নবধা নব

শ্রীধরস্বামী।

হে বিপ্র! মহিষ্যা সহ ॥ ২৫ ॥

যত্র যস্যাং ভার্য্যায়াং সমাহিতং অভিসন্ধানেন স্থিতং। নৃপবধূঃ রাজকন্যা ॥ ২৬ ॥

তে বীর্য্যং আত্মনি ভূতং ধৃতং যা প্রসবিষ্যতি সা ভজিষ্যতি। বীর্য্যে বীর্য্যপ্রসূতাস্থ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বয়ঃশীলাদিভিরনুরূপায় ॥ ২৫ ॥

যত্র যস্যাং তব হৃদয়ং সমাহিতমাসক্তং। নৃপবধূঃ রাজকন্যা ॥ ২৬ ॥

তে বীর্য্যং আত্মনি ভূতং নবধা নবাপত্যরূপেণেত্যর্থঃ। বীর্য্যে বীর্য্য-প্রসূতাস্থ

উপযুক্ত বর অন্বেষণার্থ তোমাকেই নির্ব্বাচন পূর্ব্বক স্বীয় মহিষী শতরূপা সহ একত্র আগামী পরশ্ব দিবসে এখানে তোমাকে দর্শনার্থ আগমন করিবেন ॥

তুমি আমার প্রতি ভক্তিমান্! তোমার উপযুক্ত রূপ, বয়স ও গুণাদিবিশিষ্টা সুনীললোচনা পতিপ্রার্থিনী সেইরূপ একটী দুহিতাও উক্ত মনুর আছে। সেই ধার্ম্মিকবর তোমাকেই স্বীয় কন্যার উপযুক্ত পাত্র বিবেচনায়, তোমাকেই স্বীয় তনয়া সম্প্রদান করিবেন ॥ ২৫ ॥

হে ব্রহ্মন্! তুমি যেমন এই দশ সহস্র সংবৎসর কাল কেবল ভার্য্যালাভার্থ ঘোরতর তপোনুষ্ঠানে চিত্ত আমার প্রতি সংযত রাখিয়াছ, উক্ত রাজ-নন্দিনীও সেইরূপ আগ্রহাতিশয়ে তোমার সকল অভিলাষ পূরণার্থ তোমাতে আসক্তা হইবেন, সন্দেহ নাই ॥ ২৬ ॥

বীর্য্যে ত্বদীয়ে ঋষয় আধাস্যন্ত্যঞ্জসাত্মনঃ ॥ ২৭ ॥
ত্বঞ্চ সম্যগনুষ্ঠায় নিদেশং মে উশত্তমঃ।
ময়ি তীর্থীকৃতাশেষক্রিয়ার্থো মাং প্রপৎস্যসে ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

কন্যারূপেণ প্রসবিষ্যতি তথা ত্বদীয়ে বীর্য্যে (বীর্য্যজাতাসু নবকন্যাসু) ঋষয়ঃ মরীচ্যাদয়ঃ, অঞ্জসা সাক্ষাৎ, আত্মনঃ আত্মাংশান্ পুত্রান, আধাস্যন্তি উৎপাদয়িষ্যন্তি ॥ ২৭ ॥

ত্বং চ মে মম, নিদেশং পুত্রোৎপাদনাদ্যাজ্ঞাং, সম্যক্ অনুষ্ঠায় সম্পাদ্য উশত্তমঃ ঋণত্রয়াদিমুক্তঃ, ময়ি তীর্থীকৃতাশেষক্রিয়ার্থঃ (তীর্থীকৃতঃ সমর্পিতঃ অশেষঃ ক্রিয়ার্থঃ সমস্ত-ক্রিয়াফলং যেন সঃ তথাবিধঃ সন্) মাং প্রপৎস্যসে প্রাপ্স্যসি ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

কন্যাসু অঞ্জসা আত্মনঃ পুত্রানাধাস্যন্তি ॥ ২৭ ॥

নিদেশমাজ্ঞাং। উশত্তমঃ শুদ্ধসত্ত্বঃ। তীর্থং পাত্রং তেন দানং লক্ষ্যতে; ময়ি সমর্পিত-সর্ব্বকর্ম্মফল ইত্যর্থঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কন্যাসু অঞ্জসা আত্মনো বীর্য্যমাধাস্যন্তি ॥ ২৭ ॥

অনুগ্রহায়াস্থিতি যৎ প্রার্থিতং তত্রাহ ত্বঞ্চেতি দ্বাভ্যাং। তীর্থং পাত্রং তেন দানং লক্ষ্যতে ময়ি সমর্পিতসর্ব্বকর্ম্মফল ইত্যর্থঃ ॥ ২৮ ॥

এবং সেই বনিতা ত্বৎপ্রদত্ত বীর্য্য হইতে নয়টী কন্যা প্রসব করিবেন ও তোমার ঔরসজাত সেই নয়টী কন্যার গর্ভে মরীচ্যাদি ঋষিগণও আত্মতুল্য গুণবান্ পুত্রগণকে উৎপাদন করিবেন ॥ ২৭ ॥

পুত্রোৎপাদনরূপ মদীয় আজ্ঞার সম্যক্ প্রতিপালনে তুমি দেবঋণ, পিতৃঋণ ও ঋষিঋণ হইতে মুক্তিলাভ করত আমাতে যাবতীয় কর্ম্মফল সমর্পণ পূর্ব্বক অন্তে পরমানন্দস্বরূপ আমাকেই প্রাপ্ত হইবে ॥ ২৮ ॥

আভাস।

গার্হস্থ্য ধর্ম্মের অনুশীলনে জীবের পরোক্ষ-জ্ঞান প্রত্যক্ষ-ভাবে অনুভূত হয়। গ্রন্থাদির পাঠে, উপদেশ শ্রবণে ও মনে মনে বৈরাগ্যাদির অনুশীলনে অনেক ব্যক্তি আপনাকে ধার্ম্মিক ও অনাসক্ত বিবেচনা করিতে পারেন, সন্দেহ নাই; কিন্তু কার্য্যক্ষেত্রে উপস্থিত হইয়া উৎকট শোকাদির তাড়নায়, অভাবের পীড়নে এবং ভোগের মধুর আস্বাদনে যে, কয়জন ব্যক্তি ধৈর্য্য অবলম্বনে সমর্থ হন, তাহা তাহারা তাদৃশ অবস্থায় উপনীত না হইয়া কিছুতেই উপলব্ধি করিতে পারিবেন না। সন্তরণ করিবার প্রথা মৌখিক শিক্ষা হইলেও, কার্য্যকালে যেমন তাহার কোন ফলোদয় হয় না, সেইরূপ গার্হস্থ্য ধর্ম্মের

কৃত্বা দয়াঞ্চ জীবেষু দত্ত্বা চাভয়মাত্মবান্ ।
ময্যাত্মানং সহ জগৎ দ্রক্ষ্যস্যাত্মনি চাপি মাং ॥ ২৯ ॥

অন্বয়ঃ ।

জীবেষু সর্ব্বভূতেষু (অন্নদানাদিনা) দয়াং কৃত্বা অভয়ং চ দত্ত্বা আত্মবান্ নির্জ্জিতেন্দ্রিয়ঃ সন্ ময়ি সর্ব্বাধারভূতে আত্মানং জীবাত্মানং জগৎ চ সহ একীভূতং, তথা আত্মনি স্বস্মিন্, অপি মাং পরমেশ্বরং চ দ্রক্ষ্যসি ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী ।

গার্হস্থ্যেন দয়াং কৃত্বা সংন্যাসেন চ অভয়ং দত্ত্বা ময়ি আত্মানং জগচ্চ সহ একীভূতং দ্রক্ষ্যসি ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

গার্হস্থে অন্নাচ্ছাদনাদি-দানৈ জীবেষু দয়াং কৃত্বা বৈরাগ্যে অভয়ং মদ্ভক্ত্যুপদেশেনত্যর্থঃ । ময্যধিষ্ঠানতত্ত্বে পরমেশ্বরে সর্ব্বং জগদাত্মসহিতমস্তীতি যৎ শাস্ত্রদৃষ্ট্যা সাম্প্রত জানাসি তদেব তদা সাক্ষাদেব দ্রক্ষ্যসি প্রথমাদিপুরুষং কারণার্ণবশায়িনং সহস্রশীর্ষাদিস্বরূপং মাং দ্রক্ষ্যসি । ততস্তস্যৈব মম রোমকূপেষু অনন্তকোটি ব্রহ্মাণ্ডান্যাত্ম-সহিতানি সাক্ষাদ্দ্রক্ষ্যসীত্যর্থঃ । তথা আত্মনি স্বস্মিন্নন্তর্যামিণং মাং সন্তমধুনা জানান্তেব তদা তু কেচিং স্বদেহান্তর্হৃদয়াবকাশে প্রাদেশমাত্রং পুরুষং বসন্তং চতুর্ভুজং শঙ্খগদাদীতি দ্বিতীয়স্কন্ধোক্তং তৃতীয়পুরুষং ক্ষীরোদনাথং মামেব সাক্ষাদ্দ্রক্ষ্যসীতি স্বজ্যাস্বজ্যং সর্ব্বং বস্তু ত্বামহং দর্শয়িষ্যামীতি ফলিতার্থঃ । যদ্বা ময়ি পুত্রভূতে শ্রীযশোদেব জগদাত্মানং দ্রক্ষ্যসি তথাত্মনি চাপি মাং শ্রীগোপীব তং কাচিন্নেত্ররন্ধ্রেণ হৃদি কৃত্য নিমীল্যচ । পুলকাঙ্গ্যুপগুহান্তে যোগীবানন্দসংপ্লুতেত্যুক্তি-রীত্যা দ্রক্ষ্যসীতি ॥ ২৯ ॥

প্রথমত নিষ্কাম কর্ম্মের অনুষ্ঠানে সর্ব্বজীবের প্রতি অনুগ্রহ ও দয়ার প্রকাশ করা বিধেয়; পরে সর্ব্বত্যাগ পূর্ব্বক সন্ন্যাস অবলম্বনে জীবসমূহকে উপদেশাদির দ্বারা অভয় প্রদান কর ! এইরূপে ক্রমশঃ ইন্দ্রিয়াদিকে পরাজয় করিতে পারিলে, সর্ব্বাধারভূত পরমাত্মাতে আপনার আত্মস্বরূপ জীবাত্মাকে ও সমগ্র জগৎ সংসারকে একত্র দর্শন করিবে এবং নিজের আত্মস্বরূপ পরম-ব্যোমে ভূত-ভাবন পরমেশ্বর আমাকে অবলোকন করিতে পারিবে ॥ ২৯ ॥

আভাস ।

উৎকট পীড়নে নিপতিত না হইলে, কেবল কল্পনা অবলম্বনে শিক্ষিত শমদমাদি বৃত্তিসমূহের প্রকৃত নিষ্পাদন কিছুতেই ঘটে না । জীবের প্রতি দয়া করিতে হয় জানিলে মাত্র, দয়ার পাত্র, কাল ও নিজের যোগ্যতার জ্ঞান হয় না । সংসারাশ্রমই এই জ্ঞানের উদয় করিয়া দেয় । ঐ সকল বৃত্তি কার্য্যক্ষেত্রে পরিণত হইলে, প্রকৃত বৈরাগ্য জন্মে;

সহাহং স্বাংশকলয়া ত্বদ্বীর্য্যেণ মহামুনে।
তব ক্ষেত্রে দেবহূত্যাং প্রণেষ্যে তত্ত্বসংহিতাং ॥ ৩০ ॥
মৈত্রেয় উবাচ ॥
এবং তমনুভাষ্যাথ ভগবান্ প্রত্যগক্ষজঃ।

অন্বয়ঃ।

হে মহামুনে! তব ক্ষেত্রে ভার্য্যায়াং, দেবহূত্যাং ত্বদ্বীর্য্যেণ সহ স্বাংশকলয়া স্বাংশাংশেন অহং (অবতীর্য্য) তত্ত্বসংহিতাং (তত্ত্বানাং প্রকৃতিপুরুষেশ্বরাণাং স্বরূপবিবেচনীং সংহিতাং) প্রণেষ্যে কর্ত্তয়িষ্যামি ॥ ৩০ ॥

মৈত্রেয়ঃ উবাচ। প্রত্যগক্ষজঃ (প্রত্যক্ষু প্রত্যাগতেষু অক্ষেষু ইন্দ্রিয়েষু জয়িতে আবির্ভবতি ইতি) ভগবান্ তং কর্দ্দমং প্রতি এবং উক্তপ্রকারকং অনুভাষ্য অথ অনন্তরং

শ্রীধরস্বামী।

ত্বদ্বীর্য্যেণ সহ দেবহূত্যাং অবতীর্য্যেতি শেষঃ ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চাস্যাঞ্চ কাঞ্চিদানন্দস্য বার্ত্তাং শ্রুত্বিত্যাহ। সহাহমিতি ত্বদ্বীর্য্যেণ ত্বৎকন্যাপত্যবৃন্দেন সহ আবির্ভূয়েতি শেষঃ ॥ ৩০ ॥

হে মহামুনে! ত্বদীয় ক্ষেত্ররূপা ভার্য্যা দেবহূতীতে ত্বদীয় বীর্য্য অবলম্বনে আমি স্বীয় অংশে অবতীর্ণ হইয়া প্রকৃতি, পুরুষ ও ঈশ্বরাদি তত্ত্বগ্রামের নির্ণায়ক সংহিতা প্রণয়ন করিব ॥ ৩০ ॥

মৈত্রেয় মুনি বলিলেন, ভগবান্ অধোক্ষজ কর্দ্দম ঋষিকে এই প্রকারে

আভাস।

এবং শাস্ত্রান্তরোপদিষ্ট আত্মস্বরূপ সাক্ষাৎ পরমানন্দরস হৃদয়াকাশে উদ্ভাবিত হইতে থাকে। অর্থাৎ কারণার্ণবশায়ী সহস্রশীর্ষাদি বিশিষ্ট পরমপুরুষ সংসারকারণের অন্তরে যে কিরূপ বেশে নিরন্তর অধিষ্ঠান করিতেছেন, তাহা ঈশ্বর-পরায়ণ জীব অনায়াসে উপলব্ধি করিতে পারেন। ভগবান্ শঙ্খচক্রগদাধারী বনমালাবিভূষিত হইয়া অচ্যুত-ভাবে জীবমাত্রেরই হৃদয়াকাশে অন্তর্য্যামিরূপে যে ভাবে বিরাজ করেন, অনাসক্ত ভাবে যাহারা সংসার-ধর্ম্ম করেন, তাঁহারাই তাহা অক্লেশে উপলব্ধি করিতে পারেন; সন্দেহ নাই। বীর পুরুষেরই সংসার-ধর্ম্ম! সংসারের আস্বাদ গ্রহণ না করিয়া, ভয়ে তাহা হইতে প্রতিনিবৃত্ত হওয়া, নিতান্ত কাপুরুষের কর্ম্ম; সন্দেহ নাই। এই নিমিত্তই ভগবান্ শ্রীকৃষ্ণ রণপ্রাঙ্গণে দুর্ব্বলচিত্ত অর্জ্জুনকে আত্মতত্ত্বের উপদেশ প্রদানে স্বধর্ম্মে সংসারাশ্রমে পুনঃ প্রেরিত করিয়াছিলেন। যশোদা ও অন্যান্য গোপীকাগণ সংসারী থাকিয়াও যেরূপ গোবিন্দের রসাভাস বোধ করিয়াছিলেন, তাদৃশ ভাবে কোন যোগী উপলব্ধি করিয়াছিলেন কি না, সন্দেহ! ॥ ২৯ ॥

জগাম বিন্দুসরসঃ সরস্বত্যা পরিশ্রিতাৎ ॥ ৩১ ॥
নিরীক্ষত স্তস্য যথাবশেষসিদ্ধেশ্বরাভিষ্টুতসিদ্ধমার্গঃ।
আকর্ণয়ন্ পত্ররথেন্দ্র পক্ষৈরুচ্চারিতং স্তোমমুদীর্ণসাম ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

সরস্বত্যা নদ্যা, পরিশ্রিতাৎ পরিবেষ্টিতাৎ, বিন্দুসরসঃ বিন্দুসরোবরতীরস্থাৎ, কর্দ্দমাশ্রমাৎ জগাম ॥ ৩১ ॥

তস্য কর্দ্দমস্য নিরীক্ষতঃ ভক্ত্যা পশ্যতঃ এব অশেষসিদ্ধেশ্বরাভিষ্টুত-সিদ্ধমার্গঃ (অশেষৈঃ সিদ্ধেশ্বরৈঃ অভিষ্টুতঃ পূজিতঃ, তথা সিদ্ধৈঃ মৃগ্যঃ ইতি সঃ ভগবান্) পত্ররথেন্দ্রপক্ষৈঃ (পত্ররথেন্দ্রস্য গরুড়স্য পক্ষৈঃ) উচ্চারিতং উদীর্ণসাম (উদীর্ণে অভিব্যক্তে সামনী বৃহদ্রথান্তরে যস্মিন্ তৎ) স্তোমং সামাধারভূতং ঋক্সমুদায়ং আকর্ণয়ন্ শ্রাবয়ন্ ঋষৌ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

প্রত্যগ্‌ভূতেষক্ষেষু জায়তে আবির্ভবতীতি প্রত্যগক্ষজঃ সরস্বত্যা নদ্যা পরিবেষ্টিতাৎ ॥ ৩১ ॥

অশেষৈ স্তপোমন্ত্রাদি-সিদ্ধেশ্বরৈরভিষ্টুতঃ সিদ্ধমার্গো বৈকুণ্ঠমার্গো যস্য যদ্বা অশেষসিদ্ধেশ্বরাভিষ্টুতশ্চাসৌ সিদ্ধৈর্মৃগ্যত ইতি সিদ্ধমার্গশ্চ স ঋষৌ। পত্ররথেন্দ্রো গরুড়স্তস্য পক্ষৈরুদীর্ণং অভিব্যক্তং সামাকর্ণয়ন্। বৃহদ্রথান্তরে পক্ষাবিতি শ্রুতেঃ উচ্চারিতং স্তোমঞ্চ সামাধার-ভূতানামৃচাং সমুদায়ং শৃণ্বন্ স্তোম আত্মেতি শ্রুতেঃ। সমাস-পাঠে উচ্চারিতঃ স্তোম স্তোত্রীয় সমুদায়ো যস্য সাম ইতি ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্যগ্‌ভূতেষক্ষেষু জায়তে আবির্ভবতীতি সঃ। সরস্বত্যা নদ্যা পরিশ্রিতাৎ পরিবেষ্টিতাৎ ॥ ৩১ ॥

তস্য কর্দ্দমস্য নিরীক্ষ্যমাণস্য সতঃ। অশেষৈঃ সিদ্ধেশ্বরৈরভিষ্টুতঃ সিদ্ধমার্গো বৈকুণ্ঠমার্গো যস্য সঃ। পত্ররথেন্দ্রো গরুড় স্তস্য পক্ষৈরুচ্চারিতং স্তোমং ঋক্সমুদায়ং শৃণ্বন্ কীদৃশং উদীর্ণমভিব্যক্তং সাম যৎ তৎস্বরূপং। সমাস-পাঠে উচ্চারিতঃ স্তোমঃ স্তোত্রীয়-সমুদায়ো যস্য তথাভূতং যদুদীর্ণং সাম তৎ বৃহদ্রথান্তরে পক্ষাবিতি শ্রুতেঃ ॥ ৩২ ॥

অভিবাদন করিয়া সরস্বতী পরিবেষ্টিত বিন্দুসরোবর নামক কর্দ্দমাশ্রম হইতে অন্তর্হিত হইলেন ॥ ৩১ ॥

এবং সিদ্ধেশ্বরগণ কর্ত্তৃক পূজিত এবং সিদ্ধগণ কর্ত্তৃক আদরাতিশয়ে প্রার্থিত ভগবান্ হৃষীকেশ যখন গরুড়োপরি আরোহণ করত কর্দ্দমের সমক্ষেই আকাশ-পথে গমন করিতে লাগিলেন, তখন পতগশ্রেষ্ঠ গরুড়ের পক্ষাঘাতে সামোক্তি ঋক্সমূহ স্পষ্টাক্ষরে শ্রবণগোচর হইতে লাগিল ॥ ৩২ ॥

বিশুদ্ধসত্ত্বমূর্ত্তি নিত্যনিরঞ্জন ভগবান্ কমললোচন তথা হইতে অন্তর্হিত

অথ সংপ্রস্থিতে শুক্লে কর্দ্দমো ভগবান্ ঋষিঃ।
আস্তে স্ম বিন্দুসরসি তং কালং প্রতিপালয়ন্ ॥ ৩৩ ॥
মনুঃ স্যন্দনমাস্থায় শাতকৌম্ভপরিচ্ছদং।
আরোপ্য স্বাং দুহিতরং সভার্য্যঃ পর্য্যটন্মহীং ॥ ৩৪ ॥
তস্মিন্ সুধন্বন্নহনি ভগবান্ যৎ সমাদিশৎ।
উপায়াদাশ্রমপদং মুনেঃ শান্তব্রতস্য তৎ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

অনন্তর মুনিবর কর্দ্দমকে অভিবাদন করিয়া এবং তাঁহার অনুমতি লইয়া আদিরাজ মনু ভার্য্যা সহ রথে আরোহণ পূর্ব্বক অনুচরবর্গের সহিত স্বকীয় পুরে প্রস্থান করিলেন ॥ ২৩ ॥

আগমন কালে ঋষিকুলের বাসোপযোগী সরস্বতীর সুন্দর উভয়তটস্থ শমদমাদি গুণসম্পন্ন ঋষিগণের আশ্রম এবং তত্রত্য ভগবদারাধনোপযোগী তুলসী, পুষ্প ও ফলাদি ঐশ্বর্য্যের প্রতি তাঁহার দৃষ্টি নিপতিত হইতে লাগিল ॥ ২৪ ॥

রাজ্যেশ্বর মনু প্রত্যাগমন করিতেছেন অবগত হইয়া, প্রজাবর্গ আনন্দে পুলকিত হইয়া উঠিল; এবং গীতবাদ্যাদি সহ ব্রহ্মাবর্ত্ত হইতে নির্গত হইয়া

গীত-সংস্তুতি-বাদিত্রৈঃ প্রত্যুদীয়ুঃ প্রহর্ষিতাঃ ॥ ২৫ ॥
বর্হিষ্মতী নাম পুরী সর্ব্বসম্পৎসমন্বিতা।
ন্যপতন্ যত্র রোমাণি যজ্ঞস্যাঙ্গং বিধুন্বতঃ ॥ ২৬ ॥
কুশ-কাশা স্ত এবাসন্ শশ্বদ্ধরিত-বর্চ্চসঃ।
ঋষয়ো যৈঃ পরাভাব্য যজ্ঞঘ্নান্ যজ্ঞমীড়িরে ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

বাদিত্রৈঃ সহ ব্রহ্মাবর্ত্তাৎ প্রত্যুদীয়ুঃ (সমানেতুং সম্মুখং যযুঃ) ॥ ২৫ ॥

ব্রহ্মাবর্ত্তে সর্ব্বসম্পৎসমন্বিতা (সর্ব্বাভিঃ সম্পত্তিঃ ঐশ্বর্য্যৈঃ সমন্বিতা যুক্তা) বর্হিষ্মতী নাম পুরী অস্তি যত্র অঙ্গং স্বশরীরং, বিধুন্বতঃ কম্পয়তঃ, যজ্ঞস্য যজ্ঞাবতারস্য, বরাহস্য রোমাণি ন্যপতন্ ॥ ২৬ ॥

তে এব তানি পতিতানি রোমাণি, শশ্বৎ সদা হরিতবর্চ্চসঃ (হরিতং বর্চ্চঃ বর্ণঃ যেষাং তথাভূতাঃ) কুশাঃ কাশাঃ চ আসন্ জাতাঃ; যৈঃ কুশ-কাশৈঃ ঋষয়ঃ যজ্ঞঘ্নান্ যজ্ঞবিরোধিনঃ, রাক্ষসান্ পরাভাব্য (পরাভবং নীত্বা) যজ্ঞং ঈড়িরে কৃতবন্তঃ ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

অভিপ্রেত্য জ্ঞাত্বা ব্রহ্মাবর্ত্তাৎ দেশাৎ প্রজাঃ পতিং প্রত্যুজ্জগ্মুঃ ॥ ২৫ ॥

কোঽসৌ ব্রহ্মাবর্ত্ত ইত্যপেক্ষায়ামাহ যত্র বর্হিষ্মতী নাম পুরীতি। সাপি কুত্র যত্র যজ্ঞস্য যজ্ঞ-বরাহস্য রোমাণি ন্যপতন্নিতি। যত্রেতি সর্ব্বত্র সম্বধ্যতে ॥ ২৬ ॥

বর্হিষ্মতী নাম নিরুক্তিং ব্রুবন্ প্রসঙ্গাদ্দেশস্য শ্রৈষ্ঠ্যমাহ দ্বাভ্যাং। কুশাঃ কাশাশ্চাসন্ শশ্বৎ নিত্যং হরিতং বর্চ্চো বর্ণো যেষাং। যজ্ঞঘ্নান্ রাক্ষসাদীন্ পরাভবং নীত্বা। যজ্ঞং বিষ্ণুং ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রত্যুদীয়ুঃ প্রত্যুজ্জগ্মুঃ ॥ ২৫ ॥

কোঽসৌ ব্রহ্মাবর্ত্ত ইত্যপেক্ষায়ামাহ। যত্র বর্হিষ্মতী নাম পুরী। যত্র চ পুর্য্যাং যজ্ঞস্য যজ্ঞ-বরাহস্য ॥ ২৬ ॥

বর্হিষ্মতী নাম নির্বক্তি রোমাণ্যেব কুশাস্তে আসন্নিত্যৃষয়ঃ ॥ ২৭ ॥

রাজার প্রত্যুদ্গমনার্থ অগ্রসর হইয়া আসিল ॥ ২৫ ॥

এই ব্রহ্মাবর্ত্তে সর্ব্বৈশ্বর্য্যে পরিপূর্ণা বর্হিষ্মতী নামে একটী পুরী আছে। ভগবান্ বরাহমূর্ত্তি অবলম্বনে যখন স্বকীয় দেহ কম্পিত করিয়াছিলেন, তখন তাঁহার শরীর হইতে যে রোম-সমূহ এই স্থানে নিপতিত হয় ॥ ২৬ ॥

সেই পতিত রোমপুঞ্জ এখানে সর্ব্বদা হরিতবর্ণ রূপ ধারণে কুশ ও কাশরূপে উৎপন্ন হয়; এবং ঐ কুশ ও কাশের দ্বারা ঋষিগণ যজ্ঞবিরোধী রাক্ষসদিগকে

কুশ-কাশময়ং বর্হি রাস্তীর্য্য ভগবান্মনুঃ।
অযজদ্ যজ্ঞপুরুষং লব্ধা স্থানং যতো ভুবং ॥ ২৮ ॥
বর্হিষ্মতীং নাম বিভু র্যাং নিবিশ্য সমাবসৎ।
তস্যাং প্রবিষ্টো ভবনং তাপত্রয়বিনাশনং ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

অতঃ ভগবান্ মনুঃ অপি কুশ-কাশ-ময়ং বর্হিঃ আস্তরণ-বিশেষং, আস্তীর্য্য যতঃ যজ্ঞাং ধৃতবরাহাবতারাৎ, ভুবং স্থানং লব্ধা লব্ধবান্, তং এব যজ্ঞপুরুষং অযজৎ। (অতএব সা বর্হিষ্মতী নাম আসীৎ) ॥ ২৮ ॥

যাং বর্হিষ্মতীং নাম পুরীং নির্বিশ্য, পূর্ব্বং সমাবসৎ তস্যাং পুর্য্যাং তাপত্রয়বিনাশনং (তাপত্রয়াণাং আধ্যাত্মিকাধিভৌতিকাধিদৈবিকানাং বিনাশনং যত্র তৎ) ভবনং প্রাবিষ্টঃ বিভুঃ মনুঃ ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

যত ইতি যত্রাযজৎ ভুবং স্থানং লব্ধেতি তৃচ্ প্রত্যয়ান্তং। লব্ধবান্ সম্পিত্যর্থঃ। যতো লব্ধবান্ তং যজ্ঞপুরুষমিতি বা স্বর্গাদপি ভূমিঃ শ্রেষ্ঠা তত্রাপি তৎস্থানং শ্রেষ্ঠমিত্যুক্তং ভবতি ॥ ২৮ ॥

প্রস্তুতমাহ যাং বর্হিষ্মতীং নাম পুরীং সমাবসৎ পূর্ব্বং যস্যাং উষিতঃ তস্যাং নিবিশ্য ভবনং প্রবিষ্টঃ সন্ ভোগান্ বুভুজে ইত্যন্বয়ঃ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কুশ-কাশময়মিতি বর্হিঃ শব্দেনোভয়োক্তেঃ ভুবং ভূরূপং স্থানং লব্ধেতি তৃচ্ প্রত্যয়ান্তং ॥ ২৮ ॥

প্রস্তুতমাহ যাং সমাবসৎ যস্যাং পূর্ব্বমুষিত স্তস্যাং প্রথমং নির্ব্বিশ্য স্বীয়ং ভবনং ॥ ২৯ ॥

পরাভব করিয়া যজ্ঞের অনুষ্ঠান করিয়া থাকেন ॥ ২৭ ॥

অনন্তর ভগবান্ মনু সেই কুশ ও কাশার দ্বারা নির্ম্মিত আস্তরণ-বিশেষ (বর্হি) বিস্তৃত করিয়া, বরাহমূর্ত্তি ভগবান্ হইতে স্থান প্রাপ্ত হন এবং যজ্ঞপুরুষ ভগবানের আরাধনা করিয়াছিলেন; সেই নিমিত্তই এই স্থানের নাম বর্হিষ্মতী রহিয়াছে ॥ ২৮ ॥

অনন্তর মনু স্বকীয় রাজধানী বর্হিষ্মতীতে প্রত্যাগমন করিয়া আধ্যাত্মিকাদি তাপত্রয়-নিবারক স্বীয় উৎকৃষ্ট প্রাসাদে প্রবেশ করিলেন ॥ ২৯ ॥

আভাস।

এখানে ব্রহ্মাবর্ত্ত নামক প্রদেশের কোথায়? তাহারই নির্ণয়ার্থ প্রকাশ করা হইয়াছে যে, তন্মধ্যস্থ বর্হিষ্মতী নামক পুরীই তাহার পরিচয়-স্থল। সেই পুরীর পরিচয়ার্থ প্রকাশ করা হইয়াছে যে, শূকর-রূপ-ধারী যজ্ঞপুরুষ বিষ্ণু গাত্র-কম্পনে এই স্থানে শরীর-জাত রোম

সভার্য্যঃ সপ্রজঃ কামান্ বুভুজেঽন্যাবিরোধতঃ।
সংগীয়মান-সৎকীর্ত্তিঃ সস্ত্রীভিঃ সুরগায়কৈঃ ॥
প্রত্যূষেষ্বনুবুদ্ধেন হৃদা শৃণ্বন্ হরেঃ কথাঃ ॥ ৩০ ॥
নিষ্ণাতং যোগমায়াসু মুনিং স্বায়ম্ভুবং মনুং।
যদা ভ্রংশয়িতুং ভোগা ন শেকু র্ভগবৎপরং ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

প্রত্যূষেষু সস্ত্রীভিঃ সুরগায়কৈঃ গন্ধর্ব্বাদিভিঃ, সংগীয়মান-সৎকীর্ত্তিঃ (সম্যক্ গীয়মানা সতী কীর্ত্তিঃ যস্য সঃ) সভার্য্যঃ সপ্রজঃ সপুত্রঃ (অসৌ মনুঃ) অনুবুদ্ধেন প্রেমানুবন্ধেন, হৃদা হরেঃ কথাঃ শৃণ্বন্ অন্যাবিরোধতঃ (অন্যেষাং ধর্ম্মার্থকামমোক্ষাণাং অবিরোধতঃ) কামান্ (বিষয়ান্) বুভুজে ॥ ৩০ ॥

যোগমায়াসু ঐচ্ছিক-পদার্থ-রচনাসু, নিষ্ণাতং সমর্থং অপি ভগবৎপরং মুনিং সত্যাসত্য-পরিশীলন পরং, স্বায়ম্ভুবং মনুং ভ্রংশয়িতুং মার্গাচ্চালয়িতুং ভোগাঃ যদা ন শেকুঃ ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

অন্যেষাং ধর্ম্মাদীনাং অবিরোধেন। প্রত্যূষেষু উষঃসু সংগীয়মানা সৎকীর্ত্তি র্যস্য তথাপি স্বয়ং হরেরেব কথাঃ শৃণ্বন্ ভোগান্ বুভুজে ॥ ৩০ ॥

যোগমায়াসু ঐচ্ছিক-ভোগ-রচনাসু যৎ যতঃ আভ্রংশয়িতুং ঈশদপি ভ্রংশয়িতুং অভি-ভবিতুং ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যস্য ধর্ম্মস্যাবিরোধেন প্রত্যূষেষু প্রত্যূষঃসু প্রত্যূষ আরভ্যেত্যর্থঃ। কথয়ৈব স্বমাধুর্য্যেণানুবিদ্ধেন বশীকৃতেন হৃদা ॥ ৩০ ॥

যোগাদষ্টাঙ্গযোগাভ্যাসাদেব মায়াসু মায়াজ্ঞানেষু নিষ্ণাতং পারগং তথাসৌ বিষয়ান্ ভোক্তুং জানাতি যথা সম্যগ্ভুক্তা অপি বিষয়া স্বেষাসক্তিমুৎপাদয়িতুং ন শক্নুবন্তীত্যর্থঃ।

প্রত্যহ প্রত্যূষকালে সস্ত্রীক দেব-গায়ক গন্ধর্ব্বগণ তাঁহার বিমল যশোরাশি কীর্ত্তন করত নিদ্রাভঙ্গ করাইত; এবং নিদ্রা-ভঙ্গের পর সমাহিত-চিত্তে ও প্রেম-সহকারে শ্রীহরিকে স্মরণ ও তদ্বিষয়িণী কথার আলাপে স্ত্রী, পুত্র ও পরিবারবর্গ সহ ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষের অবিরোধে বিষয়াদি ভোগ করিতেন ॥ ৩০ ॥

ধার্ম্মিকাগ্রগণ্য মনু সত্যানৃত বিচারে বিলক্ষণ পটু হওয়ায়, সর্ব্বরচনা-

আভাস।

যথেষ্ট পরিত্যাগ করিয়াছিলেন; সেই সমস্ত রোম হইতে কুশ ও কাশার জন্ম হয়। সেই কুশ ও কাশা হইতে প্রস্তুত আসনার্থ বর্হির বিস্তারে মনু এই স্থানে যজ্ঞ করেন; এই নিমিত্ত ঐ স্থানের নাম বর্হিষ্মতী। ইহাতে স্থানেরই উৎকৃষ্ট মাহাত্ম্য বর্ণিত হইয়াছে ॥ ২৬—২৮ ॥

ভগবান্ মনু পুত্র-কলত্রাদি সহ বিষয় সম্ভোগ করিয়াছিলেন বটে, কিন্তু বিষয় তাঁহাকে

অযাতযামা স্তস্যাসন্ যামাঃ স্বান্তর-যাপনাঃ।
শৃণ্বতো ধ্যায়তো বিষ্ণোঃ কুর্ব্বতো ব্রুবতঃ কথাঃ ॥ ৩২ ॥

অন্বয়ঃ

বিষ্ণোঃ কথাঃ শৃণ্বতঃ তং ধ্যায়তঃ (তৎসেবাং) কুর্ব্বতঃ (তন্মায়াদি) ব্রুবতঃ তস্য মনোঃ স্বান্তর-যাপনাঃ (স্বান্তরং মন্বন্তরাখ্যং কালং যাপয়ন্তীতি তে) যামাঃ কালাবয়বাঃ অযাতযামাঃ (ন যাতঃ গতঃ যামঃ সারং যেষাং তে প্রহরাঃ) সফলাঃ আসন্ ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

অতঃ যাতঃ যামো যস্য পক্বস্যান্নস্য তদ্গতসারং ভবতি অতোঽন্যদপি গতসারং যাতযামমুচ্যতে। অযাত-যামা অগত-সারা আসন্। স্বান্তরং তদীয়ং মন্বন্তরং নয়ন্তি যে যামাঃ কালাবয়বাঃ। কুর্ব্বতঃ স্ববাক্যৈরুপনিবধ্নতঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদা তস্য যামা অযাত-যামা অব্যর্থাঃ। জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বয়মিত্যমরঃ। কীদৃশা স্বান্তরং স্বীয়ং মন্বন্তরং যাপয়ন্তীতি তে কুর্ব্বতঃ স্ববাক্যৈ দৃশ্য-শ্রাব্য-কাব্য-রূপেণোপ-নিবধ্নতঃ ॥ ৩১ ॥ ৩২ ॥

কারিণী যোগ-মায়ার স্বরূপ নিরূপণ অবগত ছিলেন; এবং মনীষা-বলে ভগবানে সতত চিত্ত সংলগ্ন রাখায়, সাংসারিক ভোগে তাঁহাকে ব্যাকুল করিতে পারে নাই ॥ ৩১ ॥

সর্ব্বদা শ্রীহরির কথা শ্রবণ, তদ্বিষয়ক চিন্তন, তাঁহার সেবা করা ও তদীয় মায়ার বিষয় কীর্ত্তন করায়, মনুর মুহূর্ত্ত কালও বৃথায় অতিবাহিত হইত না। সুতরাং মন্বন্তর পরিমিত তাঁহার জীবনের তাবৎ ক্ষণ-লবাদি কালাবয়ব সকলই সফল বলিয়া স্বীকার্য্য হইয়াছিল ॥ ৩২ ॥

আভাস।

ভোগ করিতে পারে নাই। তিনি যমাদি অষ্টাঙ্গ-যোগের অভ্যাসে মায়ার কুহককে অতিক্রম করিয়াছিলেন; সুতরাং বিষয়কে এরূপ ভাবে ভোগ করিতে জানিতেন যে, বিষয়কে সম্যক্ রূপে ভোগ করিলেও তাহা তাঁহার হৃদয়ে স্থান পাইত না। তিনি বিষয়ের আমোদে উন্মত্ত হইতেন না; সুতরাং তাহার সমস্ত জীবনই সুখের জীবন বলিয়া অভিহিত। তিনি নিদ্রিত হইলেও, জাগ্রত এবং আসক্ত হইলেও অনাসক্ত। যে অন্ন জীর্ণ বা পরিপাচিত হইয়া যায়; যাহার স্বরূপের আর নির্ণয় হয় না, তাহাকেই যাতযাম বলিয়া নির্দ্দেশ করা হইয়া থাকে। কিন্তু ভগবান্ মনুর জীবনের পল মাত্র কালও বৃথায় অতিবাহিত হয় নাই। তাহার যে স্বরূপ নির্ণয় করা যায় না, এমন নহে; প্রত্যেক ক্ষণ-লবাদি কালাবয়ব ঈশ্বর-চিন্তা ব্যতীত, অজ্ঞাতসারে কেবল তুচ্ছ বিষয় সম্ভোগে অতিবাহিত হয় নাই; সুতরাং সকল সময়ই তাঁহার পরমার্থের পীযূষে পূর্ণ হইয়াছিল। তাহাতে বৃথা অতিবাহিত এই সঙ্গা কোন

স এবং স্বান্তরং নিন্যে যুগানামেক-সপ্ততিং।
বাসুদেব-প্রসঙ্গেন পরিভূত-গতিত্রয়ঃ ॥ ৩৩ ॥
শারীরা মানসা দিব্যা বৈয়াসে যে চ মনুষাঃ।
ভৌতিকাশ্চ কথং ক্লেশা বাধেরন্ হরি-সংশ্রয়ং ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

বাসুদেব-প্রসঙ্গেন পরিভূত-গতিত্রয়ঃ (পরিভূতং গতিত্রয়ং আধ্যাত্মিকাধিদৈবিকাধিভৌতিকাত্মকং তাপত্রয়ং যেন সঃ) সঃ মনুঃ এবং ভগবৎকথাশ্রবণাদিভিঃ, যুগানাং একসপ্ততিং তৎপরিমিতং স্বান্তরং মন্বন্তরং, কালং নিন্যে যাপয়ামাস ॥ ৩৩ ॥

হে বৈয়াসে বিদুর! শারীরাঃ ব্যাধিপ্রভবাঃ, মানসাঃ আধ্যাত্মিকাঃ, দিব্যাঃ আধিদৈবিকাঃ মানুষাঃ মনুষ্যজন্যাঃ যে চ আধি ভৌতিকাঃ ব্যাঘ্রসর্পাদিপ্রভবাঃ ক্লেশাঃ তে হরি-সংশ্রয়ং (হরিরেব সংশ্রয়ঃ আশ্রয়ঃ যস্য তং) মনুং কথং বাধেরন্ বাধন্তে স্ম ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

পরিভূতং গতিত্রয়ং জাগ্রদাদি সাত্ত্বিকাদি বা যেন ॥ ৩৩ ॥

দিব্যাস্বান্তরীক্ষা মানুষাঃ শক্রপ্রভবাঃ ভৌতিকাঃ শীতোষ্ণাদিপ্রভবাঃ। বৈয়াসে বিদুর! ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গতিত্রয়ং জাগ্রদাদি সত্ত্বাদি বা তাপত্রয়ং বা ॥ ৩৩ ॥

তত্র ভক্তিরেব কারণমিত্যাহ শারীরা ইতি দিব্যা আন্তরীক্ষাঃ মানুষাঃ শক্রপ্রভবাঃ।

এই প্রকার বাসুদেবের কথাপ্রসঙ্গে স্বায়ম্ভুব মনু আধ্যাত্মিকাদি তাপত্রয়কে নিরস্ত করত, এক-সপ্ততি যুগপরিমিত নিজের আয়ুকাল মন্বন্তর অতিবাহিত করিয়াছিলেন ॥ ৩৩ ॥

হে ব্যাসাত্মজ বিদুর! ব্যাধি প্রভৃতি শারীরিক দুঃখ, দেবোপদ্রব-নিমিত্ত আধ্যাত্মিক মানসিক দুঃখ এবং মানুষ, পশু, পক্ষী ও স্থাবরাদি-নিবন্ধন আধিভৌতিক দুঃখ শ্রীহরির আশ্রিত মনুকে কেন বিপন্ন করিবে? ॥ ৩৪ ॥

আভাস।

ক্রমে ন্যস্ত করা যায় না ॥ ৩১ ॥ ৩২ ॥

মনুর ভগবদ্ভক্তির প্রভাবে সর্ব্বত্রই উজ্জ্বল প্রেমরসে সমাচ্ছাদিত ছিল। তাঁহাতে ত্রিতাপের কণামাত্র অধিকার পায় নাই। এখানে "বৈয়াসে" বলিয়া বিদুরকে সম্বোধন করিবার তাৎপর্য্যই এই যে, তুমি আপনাকে দাসীপুত্রজ্ঞানে তাচ্ছিল্য করিও না! ভক্তিই সকলের মূল। ভক্তিই উক্ত শ্রেষ্ঠ মনুকে যেমন আনন্দ-সাগরে সতত ভাসমান রাখিত, তুমিও যদি ভক্তির অনুশীলন কর, উক্ত মনুর ন্যায়, তেজস্বী হইয়া সদানন্দ ভোগ করিতে পারিবে। বিশেষত তুমি সাক্ষাৎ বেদব্যাসের যখন ঔরস-জাত সন্তান, তখন এই সকল বিষয় অবধারণে তোমার যথেষ্ট সামর্থ্য আছে ॥ ৩৩ ॥ ৩৪ ॥

যঃ পৃষ্টো মুনিভিঃ প্রাহ ধর্ম্মান্নানাবিধান্ শুভান্।
নৃণাং বর্ণাশ্রমাণাঞ্চ সর্ব্বভূতহিতঃ সদা ॥ ৩৫ ॥
এতত্তে আদিরাজস্য মনোশ্চরিতমদ্ভুতং।
বর্ণিতং বর্ণনীয়স্য তদপত্যোদয়ং শৃণু ॥ ৩৬ ॥

ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়-স্কন্ধে দেবহূতি-প্রদানং দ্বাবিংশতি-তমোঽধ্যায়ঃ ॥ * ॥ ২২ ॥ * ॥

অন্বয়ঃ।

যঃ মনুঃ সদা সর্ব্বভূতহিতঃ সন্ মুনিভিঃ অপি পৃষ্টঃ নৃণাং তথা বর্ণাশ্রমাণাং চ নানা-বিধান্ শুভান্ স্বর্গাপবর্গ-সাধন-ভূতান্ ধর্ম্মান্ প্রাহ ॥ ৩৫ ॥

বর্ণনীয়স্য কথনীয়কীর্ত্তেঃ আদিরাজস্য মনোঃ অদ্ভুতং এতৎ চরিতং তে তুভ্যং ময়া বর্ণিতং; অথ তদপত্যোদয়ং (তস্য অপত্যস্য দেবহূতেঃ উদয়ং উৎকর্ষং) শৃণু ॥ ৩৬ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে দ্বাবিংশতিতমোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

তস্য জ্ঞানাতিশয়মাহ য ইতি। নৃণাং সাধারণ-ধর্ম্মান্ ॥ ৩৫ ॥
তস্য যদপত্যং দেবহূতিঃ তস্যা উদয়ং প্রভাবং ॥ ৩৬ ॥
॥ * ॥ ইতি তৃতীয়ে দ্বাবিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভৌতিকাঃ শীতোষ্ণাদিপ্রভবাঃ। বৈয়াসে হে বিদুর ॥ ৩৪ ॥ ৩৫ ॥
উদয়ং প্রভাবং ॥ ৩৬ ॥
॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
দ্বাবিংশেঽয়ং তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

বিশেষত মনু একজন সামান্য ব্যক্তি ছিলেন না; তিনি সর্ব্বদা সকল জীবের হিতানুষ্ঠানেই নিয়ত যত্নশীল থাকিতেন; এবং ঋষিগণও তাঁহাকে সর্ব্বদা জিজ্ঞাসা করিতেন, ইনিই মানবগণের যাবতীয় বর্ণ ও আশ্রমের বিবিধ ধর্ম্ম এবং স্বর্গ ও অপবর্গের সাধনভূত কর্ম্ম সমুদায়ের কীর্ত্তন করিয়াছেন ॥ ৩৫ ॥

আদিরাজ স্বায়ম্ভুব মনুর কীর্ত্তিরাশি যে বর্ণনীয়, সে বিষয়ে আর সন্দেহ নাই! কিন্তু আমি তোমার নিকট তাঁহার সেই অদ্ভুত চরিত্রের বিষয় বর্ণন করিলাম; এক্ষণে তদীয় কন্যা দেবহূতির উৎকর্ষ সম্বন্ধে বর্ণন করিতেছি, শ্রবণ কর! ॥ ৩৬ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের দ্বাবিংশ অধ্যায় সমাপ্ত ॥

মৈত্রেয় উবাচ ॥

পিতৃভ্যাং প্রস্থিতে সাধ্বী পতিমিঙ্গিতকোবিদা।
নিত্যং পর্য্যচরৎ প্রীত্যা ভবানীব ভবং প্রভুং ॥
বিশ্রম্ভেণাত্মশৌচেন গৌরবেণ দমেন চ।
শুশ্রূষয়া সৌহৃদেন বাচা মধুরয়া চ ভোঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। পিতৃভ্যাং মনু-শতরূপাভ্যাং প্রস্থিতে গমনে কৃতে ইঙ্গিতকোবিদা পত্যুরভিপ্রায়জ্ঞা সাধ্বী দেবহূতিঃ প্রভুং পরমেশ্বরং ভবং ভবানী ইব পতিং কর্দ্দমং নিত্যং প্রীত্যা পর্য্যচরৎ সেবিতবতী ॥

ভোঃ বিদুর! বিশ্রম্ভেণ বিশ্বাস-যোগেন, আত্মশৌচেন (আত্মনঃ দেহান্তঃকরণয়োঃ শৌচেন স্নান-সন্তোষাদিভিঃ) গৌরবেণ তন্মহত্ত্বসংরক্ষণ-লক্ষণ-সম্ভ্রমেণ, দমেন বাহ্যেন্দ্রিয়-নিগ্রহেণ, শুশ্রূষয়া পাদসম্বাহনাদিসেবয়া, সৌহৃদেন প্রেম্না, মধুরয়া বাচা চ ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

ত্রয়োবিংশে তপোযোগ-নির্ম্মিতে সর্ব্বসম্পদি।
বিমানে কামগে চিত্রা তয়ো রতি রুদীর্য্যতে ॥ * ॥

প্রস্থিতে গমনে কৃতে সতি ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবহূত্যা বরস্তস্যা বাঞ্ছিতা দিব্যসম্পদঃ।
সৃষ্ট্বা রতিঃ কর্দ্দমস্য ত্রয়োবিংশে নিরূপতে ॥ * ॥

মৈত্রেয় মুনি বলিলেন, জনক-জননী আশ্রম হইতে প্রস্থান করিলে, পতি-পরায়ণা দেবহূতি ইঙ্গিত-মাত্রেই স্বামীর অভিপ্রায় অবগত হইয়া হরপ্রণয়িনী ভবানীর ন্যায়, প্রীত-প্রসন্ন-হৃদয়ে পতি কর্দ্দমের শুশ্রূষা করিয়াছিলেন ॥

দেখ বিদুর! দেবহূতিতে কোন গুণের অভাব ছিল না! স্বামীর প্রতি অটল বিশ্বাস ও সর্ব্বদা তাঁহার গৌরব-বুদ্ধি করা, নিজের দেহ সংস্কার, চিত্ত শুদ্ধি, বাহ্যেন্দ্রিয়ের নিগ্রহ, পাদ-সম্বাহনাদ স্বামী শুশ্রূষা, প্রেম ও মধুর আলাপ দ্বারা নিয়ত স্বামীর তৃপ্তি-সাধন করিতেন ॥ ১ ॥

অথচ নিজে বিষয়াভিলাষ, কাপট্য, দ্বেষ ও লোভ পরিত্যাগ পূর্ব্বক গর্ব্বাদির পরিহারে অপ্রমত্ত ভাবে সর্ব্বদা স্বামীর কার্য্যেই নিয়ত তৎপরা থাকিয়াই

আভাস।

ত্রয়োবিংশ অধ্যায়ে তপস্যা ও যোগপ্রভাবে নির্ম্মিত বিমানে কর্দ্দম ও দেবহূতির রতি-বর্ণন ॥

বিসৃজ্য কামং দম্ভঞ্চ দ্বেষং লোভমঘং মদং।
অপ্রমত্তোদ্যতা নিত্যং তেজীয়াংসমতোষয়ৎ ॥ ২ ॥
সবৈ দেবর্ষিবর্য্য স্তাং মানবীং সমনুব্রতাং।
দৈবাদ্গরীয়সঃ পত্যুরাশাসানাং মহাশিষঃ ॥ ৩ ॥
কালেন ভূয়সা ক্ষামাং কর্শিতাং ব্রতচর্য্যয়া।
প্রেমগদ্গদয়া বাচা পীড়িতঃ কৃপয়াব্রবীৎ ॥ ৪ ॥

অন্বয়ঃ।

কামং বিষয়াভিলাষং, দম্ভং কাপট্যং, দ্বেষং, লোভং বিষয়ভোগেচ্ছাং, অঘং আজ্ঞোল্লঙ্ঘনাত্মপরাধং, মদং গর্ব্বং, বিসৃজ্য ত্যক্ত্বা, নিত্যং অপ্রমত্তা—প্রমাদশূন্যা, উদ্যতা কর্ত্তব্যাভিমুখী, সতী (দেবহূতিঃ) তেজীয়াংসং অতিতেজস্বিনং, কর্দ্দমং অতোষয়ৎ ॥ ২ ॥

সঃ বৈ প্রসিদ্ধঃ দেবর্ষিবর্য্যঃ কর্দ্দমঃ দৈবাৎ দেবতান্তরাৎ প্রারব্ধাৎ, বা গরীয়সঃ গুরুত্বেন অনুসংহিতাৎ, পত্যুঃ সকাশাৎ মহাশিষঃ (পুত্রাদীন্ মনোরথান্) আশাসানাং অভিকাঙ্ক্ষমানাং, অতএব ভূয়সা কালেন, ক্ষামাং দুর্ব্বলাং, যতঃ ব্রতচর্য্যয়া কর্শিতাং ক্লিষ্টাং, তাং সমনুব্রতাং সম্যক্ অনুসেব্যমানাং, মানবীং মনোঃ কন্যাং (দৃষ্ট্বা) কৃপয়া স্নেহেন, পীড়িতঃ সন্ প্রেমগদ্গদয়া (প্রেম্না গদ্গদয়া) বাচা অব্রবীৎ ॥ ৩ ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

দম্ভং কপটং। অঘং নিষিদ্ধাচরণং। তেজীয়াংসং অতিতেজস্বিনং ॥ ২ ॥
দৈবাদ্গরীয়সঃ দৈবাদপি গুরুতরাৎ দৈবমপ্যন্যথাকর্ত্তুং সমর্থাদিত্যর্থঃ ॥ ৩ ॥
ব্রতচর্য্যয়া কর্শিতাং তত্রাপি ভূয়সা কালেনাতিক্ষামামিত্যর্থঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অঘমপরাধং ॥ ১ ॥ ২ ॥
দৈবাদ্গরীয়সঃ দৈবাদপি গুরুতরাৎ দৈবমপ্যন্যথাকর্ত্তুং সমর্থাৎ। যথা বিসৃজ্য কামমিত্যুক্তং। তদপি কিয়ৎ সময়ানন্তরং দৈবাৎ পরমেশ্বরপ্রেরণবশাৎ মহাশিষঃ কামান্ আশাসানাং ইচ্ছন্তীং ॥ ৩ ॥
কৃপয়া পীড়িত স্তস্যা কার্শ্যদর্শনেন সন্তপ্তঃ ॥ ৪ ॥

তাদৃশ তেজস্বী পতিকে সন্তুষ্ট করিয়াছিলেন ॥ ২ ॥

দেবভাগণের প্রসন্নতা বা স্বকীয় প্রারব্ধ কর্ম্মফলাপেক্ষা শ্রেষ্ঠতম-ফলপ্রদ স্বামীর নিকট হইতে পুত্রপ্রাপ্তি প্রভৃতি মনোরথ পূরণের প্রত্যাশায়, সেই মনুকন্যা দেবহূতি বিশেষ যত্ন-সহকারে পতির শুশ্রূষা করিতে লাগিলেন; বহুকাল নিয়মপূর্ব্বক ব্রতাবলম্বনের ক্লেশ সহ্য করায়, দেবহূতির দেহকান্তি ও লাবণ্য বিলীন হইয়া গেল; কিন্তু তাদৃশ কৃশ ও দুর্ব্বল অবস্থাতে পরিণত

তুষ্টোঽহমদ্য তব মানবি মানদায়াঃ শুশ্রূষয়া পরময়া পরয়াচ ভক্ত্যা।
যো দেহিনাময়মতীব সুহৃৎ স দেহো নাবেক্ষিতঃ সমুচিতঃ ক্ষপিতুং মদর্থে ॥ ৫ ॥

অন্বয়ঃ।

হে মানবি! মানদায়াঃ (মানং সম্মানং দদাতীতি তস্যাঃ) তব পরময়া শুশ্রূষয়া সেবয়া, পরয়া চ ভক্ত্যা অদ্য অহং তুষ্টঃ প্রীতঃ অস্মি। (যতঃ) যোঽয়ং দেহঃ দেহিনাং অতীব সুহৃৎ প্রিয়তমঃ, সঃ দেহঃ, সমুচিতঃ শ্লাঘ্যঃ, অপি মদর্থে ক্ষপয়িতুং ন অবেক্ষিতঃ ন গণিতঃ ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

সুহৃৎ প্রিয়ঃ। মদর্থে ক্ষপয়িতুং নাবেক্ষিতঃ ন গণিতঃ। সমুচিতঃ শ্লাঘ্যোঽপি মৎসেবাসক্তয়া উপেক্ষিত ইত্যর্থঃ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স দেহো নাবেক্ষিতঃ তিষ্ঠতু নশ্যতু বেত্যেবং ন গণিত ইত্যর্থঃ। পরমপতিব্রতায়াস্তবৈতৎ যুক্তমেবেতি। দেহং বিশিনষ্টি মদর্থে মৎসেবার্থে এব ক্ষপয়িতুং ক্ষীণীকর্ত্তুং সমুচিতঃ ॥ ৫ ॥

হইয়াও সেই রাজনন্দিনীকে পতি-শুশ্রূষায় সমান ভাবে অনুরাগিণী নিরীক্ষণ করিয়া, কর্দ্দমের হৃদয়ে নিতান্ত দয়ার উদ্রেক হইল। তখন তিনি প্রেমগদ্‌গদ স্বরে দেবহূতিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন ॥ ৩ ॥ ৪ ॥

হে মনুতনয়ে! তোমার এতাদৃশ ভক্তিপূর্ব্বক শুশ্রূষাতে আমি বিশেষ সন্তুষ্ট হইয়াছি। তুমি যে একজন বিশেষ মানদাত্রী, তাহা তোমার কার্য্যেই বিলক্ষণ অবগত হইয়াছি। প্রাণিমাত্রেরই নিজ দেহ অপেক্ষা প্রিয়তম বস্তু জগতে আর অন্য কিছুই নাই! তুমি যখন কেবল আমার উপলক্ষেই তাদৃশ দেহের প্রতি সম্পূর্ণ উপেক্ষা প্রদর্শন করিয়াছ, তখন তুমি যে আমার নিতান্ত বশবর্ত্তিনী, সে বিষয়ে আর কিছুমাত্র সন্দেহ নাই ॥ ৫ ॥

আভাস।

এই অধ্যায়ে কর্দ্দম ঋষির যোগবলের পরিচয় প্রদান দ্বারা সাধারণ শাস্ত্র "নহি সাংখ্যসমং জ্ঞানং নহি যোগসমং বলং। অত্র বঃ সংশয়ো মাভূৎ জ্ঞানং সাংখ্যং পরং মতং" উত্তমরূপে প্রতিপাদিত হইয়াছে। অর্থাৎ যোগবলের অপেক্ষা বল নাই এবং সাংখ্যজ্ঞান অপেক্ষা জ্ঞান নাই, ইহারই জ্বলন্ত দৃষ্টান্ত এক কর্দ্দম ঋষির আচরণে গ্রন্থকার প্রকাশ করিয়াছেন। যতদিন তিনি নির্জ্জন আশ্রমে অবস্থিতি পূর্ব্বক কেবল ঈশ্বরেই চিত্ত স্থির করিয়াছিলেন, ততদিন তাঁহার অন্য বিষয়-সংস্রবের কোন প্রয়োজন হয় নাই; এবং কোন বিষয়ও নিকটে আসে নাই। পরে যখন শুক্লমূর্ত্তি ভগবানের সন্দর্শনে চরিতার্থ হইয়া পুত্ররূপে তাঁহাকে পাইবেন বলিয়া বর-লাভ করিলেন, তখন তাঁহার বনিতাদি বিষয়-সংস্রবের

যে মে স্বধর্ম্মনিরতস্য তপঃসমাধিবিদ্যাত্মযোগবিজিতা ভগবৎপ্রসাদাঃ।
তানেব তে মদনুসেবনয়াবরুদ্ধান্ দৃষ্টিং প্রপশ্য বিতরাম্যভয়ানশোকান্॥ ৬॥

অন্বয়ঃ।

স্বধর্ম্মনিরতস্য (স্বেষু বর্ণাশ্রমধর্ম্মেষু নিরতস্য) মে মম তপঃসমাধিবিদ্যাত্মযোগবিজিতাঃ (তপঃ ব্রতাদি, সমাধিঃ ভগবদ্ধ্যানং, বিদ্যাচ তাসু যঃ আত্মযোগঃ চিত্তৈকাগ্র্যং তেন বিজিতাঃ প্রাপ্তাঃ) যে ভগবৎপ্রসাদাঃ দিব্যাঃ ভোগাঃ, মদনুসেবয়া তে ত্বয়া, অবরুদ্ধান্ বশীকৃতান্, অভয়ান্ অশোকান্ মরণ-নরক-পাতাদিভয়শোক-শূন্যান্ তান্ (ত্বং) প্রপশ্য; (অহং) তে তুভ্যং দৃষ্টিং দিব্যাং বিতরামি দদামি॥ ৬॥

শ্রীধরস্বামী।

তপশ্চ সমাধিশ্চ বিদ্যাচ উপাসনাচ তাসু য আত্মযোগশ্চিত্তৈকাগ্র্যং তেন বিজিতাঃ প্রাপ্তাঃ ভগবৎপ্রসাদা দিব্যা ভোগা স্তানেব তে অবরুদ্ধান্ ত্বয়াপি বশীকৃতান্ প্রপশ্য তে দিব্যাং দৃষ্টিং বিতরামি যয়া দৃষ্ট্যা দ্রক্ষ্যসি॥ ৬॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মাদেতন্নিরুপাধিসেবা ঋণপরিশোধনার্থমন্যৎ কিঞ্চন তুভ্যং দাতুং নোপযুজ্যতে কিন্ত্বেতদেব পরমদুর্ল্লভং বস্ত্বিত্যাহ যে ইতি সমাধি-ধ্যান-পরিপাকঃ বিদ্যা উপাসনা তাভ্যামেবাত্মযোগো তাভ্যাং বিজিতাঃ প্রাপ্তাঃ অবরুদ্ধান্ ত্বয়াপি বশীকৃতান্ ন্যায়তো লব্ধা-নেবেত্যর্থঃ। প্রপশ্য তে দিব্যাং দৃষ্টিং বিতরামি যয়া দৃষ্ট্যা তানেবাধুনা সাক্ষাদ্দ্রক্ষ্যসি। যদ্বা মৎকৃপয়া দৃষ্টিং প্রকর্ষেণ পশ্য। অলমত্র লজ্জয়েতি ভাবঃ। অত্র স্বধর্ম্ম-তপোমিশ্র-ভগবদ্ধ্যানাদিভি র্যে ভগবৎপ্রসাদা স্তেভ্যো ভোগমোক্ষাববাধিতাবেব স্যাতামিত্যভি-প্রায়েণাহ অভয়ানশোকানিতি॥ ৬॥

স্বকীয় বর্ণাশ্রমধর্ম্মের প্রতিপালনে এপর্য্যন্ত আমার কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি উগ্র তপস্যা, ভগবদ্ধ্যানরূপ সমাধি, অপরোক্ষানুভূতি এবং তাহাতে চিত্তের একাগ্রতা-নিবন্ধন আমি অদ্যাবধি ভগবানের যে অনির্ব্বচনীয় অনুগ্রহ ও অপূর্ব্ব ভোগলাভে অধিকারী হইয়াছি, কেবল আমার শুশ্রূষা করিবার ফলে, তুমিও সেই যাবতীয় ভোগে অধিকারিণী হইয়াছ। এই সকল ভোগের সম্ভোগে মৃত্যু বা নরক-পতনের কোন ভয় নাই। তোমাকে দিব্য চক্ষু প্রদান করিতেছি; তুমি সেই সমস্ত অবলোকন কর!॥ ৬॥

আভাস।

প্রয়োজন হইল। কিন্তু সে প্রয়োজনের আড়ম্বরে তাঁহাকে ব্যতিব্যস্ত হইতে হয় নাই; যাঁহার প্রয়োজন, তাঁহাকেই তাহার আয়োজন করিতে হইয়াছিল। কর্দ্দম যদি কেবল বনিতার আশায় তল্লাভার্থ স্বয়ং উদ্যোগী হইতেন, তাহা হইলে আদিরাজ মনু তাঁহাকে

অন্যে পুনর্ভগবতো ভ্রুব উদ্বিজৃম্ভ-বিভ্রংশিতার্থ-রচনাঃ কিমুরুক্রমস্য।
সিদ্ধাসি ভুঙ্ক্ষ্ব বিভবান্নিজধর্ম্মদোহান্ দিব্যান্নরৈর্দুরবিগান্নৃপবিক্রিয়াভিঃ ॥৭॥

অন্বয়ঃ।

উরুক্রমস্য (উরবঃ ক্রমাঃ পাদবিক্ষেপাঃ লীলা যস্য তস্য) ভগবতঃ ভ্রুবঃ কালস্য, উদ্বিজৃম্ভবিভ্রংশিতার্থরচনাঃ (উদ্বিজৃম্ভেণ বক্রীভাবেন বিভ্রংশিতাঃ অর্থ-রচনাঃ মনোরথাঃ যেষু তে) অন্যে পুনঃ ভোগাঃ কিং? (ন কিমপীত্যর্থঃ)। (মৎসেবয়া যতঃ) সিদ্ধা অসি কৃতার্থাসি, অতঃ নৃপবিক্রিয়াভিঃ (নৃপাণাং সার্ব্বভৌমানাং অপি বিক্রিয়া অভিলাষো যাসু তাভিঃ সম্পৎসুতাভিঃ) নরৈঃ দুরবিগান্ দুঃসাধ্যান্ নিজধর্ম্মদোহান্ নিজধর্ম্মাণাং ভক্তিবিরক্ত্যাদীনাং দোহঃ যেভ্যঃ তান্ দিব্যান্ অলৌকিকান্, বিভবান্ বিগতঃ ভবঃ যেভ্যঃ তান্ ভুঙ্ক্ষ্ব ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

অন্যে পুনর্ভোগাঃ কিং ন কিমপি অতিতুচ্ছা ইত্যর্থঃ। অত্র হেতুঃ ভগবত উরুক্রমস্য যা ভ্রুঃ তস্যা উদ্বিজৃম্ভো বক্রীভাবঃ তেন বিভ্রংশিতা অর্থরচনা মনোরথা যেষু। নিজধর্ম্মেণ পাতিব্রত্যেন দুহ্যন্ত ইতি তথা তান্ দুরবিগমান্ দুষ্প্রাপান্ নৃপা বয়মিতি যা বিক্রিয়া স্তত্তদ্ভোগবিকৃতয়ঃ তাভিঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যে শয্যাদিভিরপি ভুজ্যমানাঃ স্বর্গীয়া অপি ভোগা ভয়শোকব্যাপ্তা এবেত্যাহ অন্যে ইতি কিং ন কিমপি তুচ্ছা ইত্যর্থঃ। নিজধর্ম্মেণ পাতিব্রত্যেন দুহ্যমানান্ নৃপোঽহং নৃপপত্নী চাহমিতি যা বিক্রিয়া স্তাভি র্দুরবিগমান্ দুর্ল্লভানিত্যর্থঃ ॥ ৭ ॥

এতদ্ব্যতীত অন্য যে কোন ভোগ সংসার দশায় ভোগ হইয়া থাকে, তাহা তুচ্ছ ও অকিঞ্চিৎকর। কারণ অচিন্ত্যশক্তিসম্পন্ন ভগবানের কালরূপ ভ্রূ-বিকুঞ্চনেই তাহার বিনাশ হইয়া থাকে। কিন্তু এ সকল ভোগ সেরূপ নহে। তুমি আমার সেবা-সাধনেই কৃতার্থ হইয়াছ। অতএব সার্ব্বভৌম নরপতিগণ সর্ব্বপ্রযত্নে অভিলাষী হইয়াও যে সুখসম্ভোগের গন্ধমাত্রও উপলব্ধি করিতে পারেন না। তুমি কেবল ভক্তি ও বৈরাগ্যাদি স্বকীয় ধর্ম্মের অনুষ্ঠানে লব্ধ এই অলৌকিক ভোগ-সমূহ সম্ভোগ কর। ॥ ৭ ॥

আভাস।

কন্যা-সম্প্রদানে স্বীকার করিতেন, কি না, সন্দেহ। যাচককে যাচ্ঞার বিষয় প্রদান করিয়াই দাতার চিত্ত ক্ষান্ত হয়; কিন্তু অযাচককে দান করিতে হইলে, দাতাকে অনেক বিবেচনা পূর্ব্বক অধিক দান করিতে হয়; তথাপি তিনি আপনাকে কৃতার্থ জ্ঞান করিতে পারেন না। যাচকের প্রার্থনা সীমাবদ্ধ; অযাচকের তাহা অনন্ত। যাচকের প্রার্থনা সামান্য মাত্র হইতেই পূরণ হইয়া থাকে, অযাচকের প্রার্থনা বিশেষস্থল ব্যতীত যখন পূরণ

এবং ব্রুবাণমবলাখিলযোগমায়া বিদ্যা বিচক্ষণমবেক্ষ্য গতাধিরাসীৎ।

অন্বয়ঃ।

অখিলযোগমায়াবিদ্যাবিচক্ষণং (অখিলাঃ যোগমায়াঃ বিচিত্রপদার্থরচনাশক্তয়ঃ বিদ্যা চ তত্তদুপাসনা, তাসু বিচক্ষণং নিপুণং কর্দ্দমং) এবং পূর্ব্বোক্তপ্রকারেণ ব্রুবাণং ভাষয়ন্তং অবেক্ষ্য অবলা দেবহূতিঃ, গতাধিঃ বিগতমনোব্যথা, আসীৎ ততশ্চ সংপ্রশ্রয়প্রণয়-

শ্রীধরস্বামী।

অখিলযোগমায়াশ্চ বিদ্যাশ্চ তত্তদুপাসনা স্তাসু বিচক্ষণং নিপুণং এবং ব্রুবাণং পতিমবেক্ষ্য গতাধি র্নিশ্চিন্তা জাতা। সংপ্রশ্রয়ো বিনয়ঃ প্রণয়ঃ প্রেম তাভ্যাং বিহ্বলা গলদতয়া

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী॥

যোগমায়া যোগেশ্বরবিভূতয়ঃ বিদ্যা উপাসনাশ্চ তাসু চ বিচক্ষণং নিপুণা মৎপারলৌকিকী ভৌগমোক্ষসংপদো মহ্যং দদাতি নত্বৈহিকীরিতি মনসি বিমৃশন্তী সংপ্রশ্রয়ো বিনয়ঃ প্রণয়ঃ প্রেমবিশেষ স্তাবেব বিহ্বলং যথাস্যাত্তথা যান্তী কর্দ্দমং প্রতি গচ্ছন্তী বা গীস্তয়া বিহ্বলয়েতি সোমপা শব্দবৎ। ঈষদ্ব্রীড়াযুক্তোঽবলোকএব বিলসদ্ধসিতমাননং

নিখিল মায়াশক্তি এবং ভগবদুপাসনাদিতে বিচক্ষণ মুনিবর কর্দ্দম দেবহূতিকে এই প্রকার কহিলে, তাঁহার চিত্তগ্লানি দূরে গেল; দেবহূতি তখন লজ্জাবনত-

আভাস।

হইবার সম্ভাবনা নাই। অযাচকের প্রার্থনা নাই বলিয়া লোকদৃষ্টিতে প্রতীত হইলেও, প্রকৃত পক্ষে তাহা নহে; পূরণ করিবার পাত্র দর্শন না করিয়াই অযাচক যাচ্ঞাবৃত্তির পরিচয় দেন না মাত্র; প্রকৃত প্রস্তাবে তাঁহার যাচ্ঞাবৃত্তি নাই; এরূপ কখন ঘটিতে পারে না; তাহা হইলে, তিনি সম্পূর্ণ বিদেহকৈবল্য লাভে মুক্ত বলিয়া স্বীকার করিতে হইবে। অতএব যদবধি সংসার-ধর্ম্মবিশিষ্ট দেহে তিনি অবস্থিতি করিতেছেন, তদবধি সে জীবকে কোন একটী যাচ্ঞাবৃত্তির অধীনে থাকিতে হইবে। এই যাচ্ঞা দুই প্রকার। চিত্তাদি দেহ পর্য্যন্ত প্রকৃতির সৃষ্টিবর্গে অধিষ্ঠান করত, উপাধির অনুরূপ প্রাকৃতিক স্বজাতীয় পদার্থের সংযোগে তৃপ্তি-লাভার্থ যাচ্ঞা এক প্রকার; এবং উপাধির অননুরূপ প্রতিলোম-পরিণামে নিবৃত্তির সুখ অনুভবার্থ যাচ্ঞা অন্য প্রকার। পূর্ব্ব যাচ্ঞা যাচকের, এবং পর যাচ্ঞা অযাচকের। যাচকের যাচ্ঞা জগতের জীব অনুভব করিতে পারে, কিন্তু অযাচকের যাচ্ঞা জগতের অতীত, শিবই অনুভব করেন। জগতের সকলেই কোন না কোন বৃত্তিতে যাচ্ঞা করে; সর্ব্বেশ্বর জনার্দ্দন পূর্ণকাম; তাঁহার যাচ্ঞা নাই। অতএব যাচক হইলে জগতের নিকট তিরস্কৃত হইতে হয়; কিন্তু অযাচক থাকিতে পারিলে, ঈশ্বরের নিকট পুরস্কার লাভ হয়। যাহারা যাচ্ঞা করে, তাহারা ভোগী; তাহাদের প্রাপ্তিফলও নিকৃষ্ট এবং সীমাবদ্ধ। যাহারা অযাচক, তাহারাই যোগী; তাহাদের প্রাপ্তিফল উৎকৃষ্ট এবং অসীম। অবাধ্য সন্তানের অপেক্ষা আজ্ঞাবাহী সুপুত্রকে পিতা যেমন স্বাস্থ্যকর সুভোজন প্রদানে পরিতৃপ্ত

সংপ্রশ্রয়-প্রণয়বিহ্বলয়া গিরেষদ্ব্রীড়াবলোকবিলসদ্ধসিতাননাহ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

বিহ্বলয়া (সংপ্রশ্রয়েণ বিনয়েন, প্রণয়েন স্নেহেন চ বিহ্বলয়া গদ্‌গদয়া) গিরা বাচা, ব্রীড়াবলোকবিলসদ্ধসিতাননা (ব্রীড়য়া সহ যোঽবলোকঃ তেন বিলসদ্ধসিতং আননং যস্যাঃ তথাভূতা সা) আহ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

গিরা ঈষদ্ব্রীড়াসহিতো যোঽবলোকস্তেন বিলসদ্ধসিতমাননং যস্যাঃ সা আহ জগাদ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যস্যাঃ সা আহ পত্যৌ প্রকট-সম্ভোগ-প্রার্থনায়া রসাভাসত্বাৎ তস্যা দেবহূতেশ্চোত্তমাঙ্গনা-মুকুটমণিত্বাৎ রাদ্ধমিত্যাদি পদ্যদ্বয়স্য মুখেন বক্তুমশক্যত্বাৎ তদ্বাচনার্থং লজ্জাহসিতমিশ্রিত-মবলোকমেব—ব্যঞ্চকার। তত্র ব্যজ্যমানৌ বিনয়-প্রণয়াবেব গদ্গদবাণীঞ্চকার তথা যথা রাদ্ধমিত্যাদি পদ্যদ্বয়ং স্পষ্টমুচ্যমানং বভূব। মুখেন তু সা তূষ্ণীমেব তদা তস্থাবিত্যর্থঃ ॥ ৮ ॥

মুখী হইয়া প্রেম সহকারে ও নিতান্ত বিনীত-বচনে স্বামীকে সম্বোধন পূর্ব্বক বলিলেন—॥ ৮ ॥

আভাস।

করেন, সেইরূপ সামান্য জগতের নিকট সম্ভোগার্থ লালায়িত যাচকের অপেক্ষা, কেবল জগজ্জীবন জনার্দ্দনের অনুগ্রহের অপেক্ষায় যাহারা নিশ্চিন্ত মনে জগৎকে উপেক্ষা করেন, ভগবানই তাঁহাদের সর্ব্ববিধ অনুকূল আয়োজন প্রদানে পরিতৃপ্ত করেন। যাহারা সচকিত থাকিয়া নিরহঙ্কারে ভগবদ্দত্ত সামগ্রী উপভোগ করেন, তাঁহাদিগকে আর কখন যাচক সাজিয়া জগতের নিকট হেয় হইতে হয় না। কর্দ্দম সংসার লাভের নিমিত্ত উৎপীড়নাদি তীক্ষ্ণ ছুরিকা লইয়া ইতস্ততঃ পর্য্যটন করেন নাই; তিনি কর্দ্দমের ন্যায়, সকলের পরিত্যক্ত-ভাবে নির্জ্জন আশ্রমে পতিত থাকিয়া ঈশ্বর-প্রসাদের অপেক্ষাতেই কালাতিপাত করিয়াছিলেন; এবং ধ্যান ধারণাদির দ্বারা ভগবানের অনন্ত-শক্তিকে আকর্ষণ করিয়াছিলেন; সুতরাং বাহ্য-দৃষ্টিতে কর্দ্দমের ন্যায় প্রতীত হইলেও, অন্তর্দৃষ্টিতে তিনি সুবর্ণ অপেক্ষা উজ্জ্বল, অনন্তশক্তির আধার রূপে বিরাজ করিতেছিলেন। সামান্য ইন্দ্রিয়ের দ্বারা বস্তুকে আকর্ষণ করিবার প্রয়োজন তাঁহার হয় নাই; যে শক্তিতে ব্রহ্মাণ্ড সৃজিত ও আকৃষ্ট হইতেছে, তিনি সেই শক্তির প্রয়োগে আদিরাজ মনুকে স্বীয় দুহিতা সহ তথায় আসিতে বাধ্য করিলেন। পতিব্রতা দেবহূতি স্বামীর অনুকরণে যখন জাগতিক সুখস্বচ্ছন্দে জলাঞ্জলি দিয়া যাচ্ঞা পরিত্যাগ করিলেন, তখন তিনিও ভগবন্মূর্ত্তি কপিলদেবকে পাইবার পাত্র হইলেন এবং তদনুরূপ সুখ সম্ভোগের উপযোগিতা লাভ করিলেন। আসক্তি পরিত্যাগ করিব বলিলেই যে করা যায়, তাহা নহে। নিত্যনৈমিত্তিকাদি তপস্যা, যমনিয়মাদি অষ্টাঙ্গযোগ এবং আত্মচিন্তনরূপ অপরোক্ষ জ্ঞান ব্যতীত আসক্তি-ত্যাগ হয় না; তাহাও কর্দ্দমের অনুষ্ঠানে বর্ণিত হইয়াছে; এবং পূর্ব্ব ভূমিকার অর্থাৎ তপস্যাদির অনুশীলন না করিলে যোগ এবং যোগযুক্ত না

দেবহূতিরুবাচ ॥

রাদ্ধং বত দ্বিজবৃষৈতদমোঘযোগমায়াধিপে ত্বয়ি বিভো তদবৈমি ভর্ত্তঃ।

অন্বয়ঃ।

দেবহূতিঃ উবাচ। হে ভর্ত্তঃ বিভো! হে দ্বিজবৃষ! অমোঘযোগমায়াধিপে (অমোঘাঃ সফলাঃ যোগমায়াশক্তয়ঃ তাসাং অধিপে নিয়ন্তরি) ত্বয়ি তৎ ত্বদুক্তং সর্ব্বং, রাদ্ধং সিদ্ধং, অস্তি (বত হর্ষে) তদহং অবৈমি জানামি। তে ত্বয়া যঃ সময়ঃ অভ্যধায়ি (ভাষাবন্ধঃ কৃতঃ) সকৃৎ গর্ভসম্ভবমাত্রপর্য্যন্তঃ অঙ্গসঙ্গঃ ভূয়াৎ; গরীয়সি শ্রেষ্ঠে, ভর্ত্তরি, সতি সতীনাং

শ্রীধরস্বামী।

বতেতি হর্ষে দ্বিজবৃষ দ্বিজশ্রেষ্ঠ হে ভর্ত্তঃ ত্বয়ি এতৎ সর্ব্বং রাদ্ধং সিদ্ধমেব তৎ অহমবৈমি জানামি। কিন্তু যস্তে ত্বয়া সময়োঽভিহিতঃ স তাবদ্ভূয়াৎ। সকৃদিতি গর্ভসম্ভবমাত্রপর্য্যন্ত ইত্যর্থঃ। যস্মাদ্গরীয়সি শ্রেষ্ঠে ভর্ত্তরি হেতুভূতে স্ত্রীণাং প্রসবো গুণো মহান্ লাভঃ। সমাস-পাঠে গরীয়সি পত্যৌ সতি সতীনাং যতো গুণপ্রসবো গুণবিস্তারো ভবতি।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবহূতিরুবাচেতি নেত্রেঙ্গিতেনেতি শেষঃ। হে দ্বিজবৃষ ব্রাহ্মণশ্রেষ্ঠ এতৎ ত্বয়ি রাদ্ধং সিদ্ধমেব তদহমেবাবৈমি জানাম্যেব কিন্তু যস্তে ত্বয়া সময়োঽভ্যধ্যায়ি উক্তঃ স ভূয়াৎ সকৃদিতি সকৃদ্গর্ভসম্ভব-পর্য্যন্তো অঙ্গসঙ্গ ইত্যর্থঃ। যস্মাদ্গরীয়সি শ্রেষ্ঠে পত্যৌ হেতুভূতে সতীনাং স্ত্রীণাং গুণঃ খলু প্রসবোঽপত্যোৎপত্তিরেব যদভাবাদ্বন্ধ্যেয়মিতি স্ত্রীষু নিন্দৈবেতি ভাবঃ। নির্বিসর্গপাঠে গুণানাং প্রসব ইতি সমাসেঽপত্যমিষেণ পত্যুর্গুণা এব প্রসূয়ন্তে তাভি-

---

হে দ্বিজশ্রেষ্ঠ প্রভো স্বামিন্! অব্যর্থ শক্তিস্বরূপা যোগমায়ার উপর আপনার যেরূপ আধিপত্য রহিয়াছে, তাহাতে আপনার উক্তি সমুদায়ই যে অসন্দিগ্ধ, তাহাতে আর কোনরূপ সন্দেহ নাই। এ সকলই যে সম্ভব, তাহা আমি জানি। তবে আপনি যে সময়ের কথা উল্লেখ করিয়াছেন, তাহাতে আমার আপনার নিকট এই মাত্র প্রার্থনা যে, একবার মাত্র অঙ্গসংস্রবেই যেন

আভাস।

হইলে আত্মজ্ঞান লাভ হয় না, বলিয়া যে ক্রম বর্ণিত আছে, তাহাও অবধারণ করা কর্ত্তব্য। অতএব বর্ণাশ্রমোচিত ধর্ম্মের অনুশীলনে চিত্ত স্থির হইলে, যোগে অধিকার জন্মে; পরে আত্মজ্ঞান লাভে ঈশ্বর-সাক্ষাৎকার ঘটে এবং তাঁহার প্রসাদে জীব মোক্ষে অধিকারী হয়। ভগবৎ প্রসাদে যে ভোগ লাভ হয়, তাহা ইন্দ্রাদি দেবগণেরও দুর্ল্লভ। কারণ যাহা স্বোপার্জ্জিত, তাহা সংগৃহীত; সুতরাং পরিচ্ছিন্ন। ঈশ্বরপ্রসাদ, প্রয়োজন অনুসারে প্রদত্ত; সুতরাং অনন্ত ও অপরিচ্ছিন্ন। সহধর্ম্মিণী দেবহূতি স্বামীর প্রসাদে শক্তিলাভ করিলেন এবং স্বামীর অনুপম শক্তি দর্শনে একই বিহ্বল হইলেন যে, মুখে তাহা প্রকাশ করিতে পারিলেন না; কেবল ভাব ভঙ্গিতেই প্রকাশ করিলেন মাত্র ॥ ১—৮ ॥

যস্তেঽভ্যধায়ি সময়ঃ সকৃদঙ্গসঙ্গো ভূয়াদ্গরীয়সি গুণঃ প্রসবঃ সতীনাং ॥ ৯ ॥
তত্রেতিকৃত্যমুপশিক্ষ যথোপদেশং যেনৈব মে কর্ষিতোঽতিরিরংসয়াত্মা।

অন্বয়ঃ।

স্ত্রীণাং প্রসবঃ (মহান্) গুণঃ লাভঃ এব ॥ ৯ ॥

হে ঈশ সর্ব্বথা সমর্থ! তত্র অঙ্গসঙ্গে ইতিকৃত্যং সাধন-কলাপং, যথোপদেশং কাম-শাস্ত্রোক্তানুসারেণ উপশিক্ষ সম্পাদয়, যেন সাধনেন, তে ত্বয়া কৃতমনোভবধর্ষিতায়াঃ কৃতঃ সংক্ষোভিতঃ যো মনোভবঃ কাম স্তেন ধর্ষিতায়াঃ পীড়িতায়াঃ) মে মম, অতিরিরংসয়া

শ্রীধরস্বামী।

অতঃ পুত্রোৎপত্ত্যা মম গুণবিস্তারে জাতে পশ্চাৎ ত্বদুক্তং সর্ব্বং ভবিষ্যতীতি ভাবঃ ॥ ৯ ॥

অঙ্গসঙ্গাথঞ্চ প্রথমমিতিকর্ত্তব্যং সম্পাদয়েত্যাহ। হে ঈশ তত্রাঙ্গসঙ্গে ইতিকৃত্যং সাধনং যথোপদেশং কামশাস্ত্রানুসারেণ উপশিক্ষ জানীহি উপকল্পয়েত্যর্থঃ যেন সাধনেন অভ্যঙ্গভোজনপানাদিনা। অতীব রন্তুমিচ্ছয়া কর্ষিতো দীনশ্চ মমৈষ আত্মা দেহঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইতি মে ত্বত্তঃ সদপত্যানি ভবিষ্যতীতি ভাবঃ ॥ ৯ ॥

তন্ন তর্হি প্রবিশ পর্ণশালাং তত্রে বাঞ্ছিতং করবাণীতি চেন্ন তদীদৃশ-মলিন-কৃশ-শরীরেণ নৈতাদৃশপর্ণশালায়াং নৈতাদৃশপরিচ্ছদেন সিক্তেদিত্যাহ তত্রেতি। তত্র অঙ্গসঙ্গে ইতিকৃত্যং সাধনং যথোপদেশং বাৎস্যায়নাদিশাস্ত্রোপদেশমনতিক্রম্য উপশিক্ষ। স্বস্মা-দেব জানীহি কামপ্রক্রিয়ায়াঃ স্বৈরগম্যত্বাৎ। জ্ঞাত্বাচ তত্তৎ সমুচিত-বস্তুজাতং রসো-দ্দীপনাদিকমভ্যঙ্গভোজনপানাদিকঞ্চ সাধু সম্পাদয়েত্যর্থঃ। যেন এষ আত্মা দেহঃ অতি-রিরংসয়া কর্ষিতঃ ক্ষোভিতঃ সন্ সিদ্ধ্যেত রতিসমর্থো ভবেৎ মম কীদৃশ্যাঃ তে ত্বয়ৈব কৃতঃ

গর্ভের সঞ্চার হয়। আপনার ন্যায় গৌরবান্বিত স্বামীর সহবাসে সতী নারীর গর্ভলাভই বিশেষ গৌরবের কথা, সন্দেহ নাই ॥ ৯ ॥

হে সর্ব্বেশ্বর! এক্ষণে অঙ্গ-সঙ্গের যে কিছু পূর্ব্ব প্রয়োজন থাকে, রতি-শাস্ত্রানুসারে যথাবিধি উপদেশ আমাকে প্রদান করুন! যেন তদনুরূপ

আভাস।

দেবহূতি পতিকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে দ্বিজশ্রেষ্ঠ! বিবাহ-কালে পিতা মনুর সমক্ষে আপনি আমাদের উভয়ের একত্র-বাসের যে একটী কাল (সময়) নিরূপণ করিয়া-ছিলেন, সম্প্রতি সেই সময়ের প্রতি দৃষ্টি রাখিয়া কার্য্য করুন! এখানে দেবহূতির অভিপ্রায় এই যে, অঙ্গ-সংসর্গের আনন্দ সকল যোনিতেই দেখিতে পাওয়া যায়; অতি ক্ষুদ্র কীট হইতে আরম্ভ করিয়া বিপুল-কলেবর হস্তীকে পর্য্যন্ত অঙ্গসংসর্গে উন্মত্ত এবং অভিভূত হইতে দেখা যায়; তখন ঐ জাতীয় সুখভোগ যে কেবল এই মনুষ্যদেহেই হইয়া থাকে, এমন নহে। তবে ভগবান্ এতাদৃশ প্রলোভন ও আগ্রহ-সূচক ভোগ যদি প্রদান না

সিদ্ধ্যেত তে কৃতমনোভবধর্ষিতায়া দীনস্তদীশ ভবনং সদৃশং বিচক্ষ্ব ॥ ১০ ॥

মৈত্রেয় উবাচ ॥

প্রিয়ায়া প্রিয়মন্বিচ্ছন্ কর্দ্দমো যোগমাস্থিতঃ।
বিমানং কামগং ক্ষত্ত স্তর্হ্যে বাবিরচীকরৎ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

ভূশং রন্তুমিচ্ছয়া, কর্ষিতঃ অতএব দীনঃ এষঃ আত্মা দেহঃ সিদ্ধ্যেত (কার্য্যদৈন্যাদিপরিহারেণ রতিসমর্থো ভবেৎ) তৎ তস্মাৎ সদৃশং ভোগানুরূপং ভবনং বিচক্ষ্ব বিচারয় ॥ ১০ ॥

মৈত্রেয়ঃ উবাচ। হে ক্ষত্তঃ! (এবং প্রার্থিতঃ) কর্দ্দমঃ প্রিয়ায়াঃ ভার্য্যায়াঃ প্রিয়ং (কর্ত্তুং) ইচ্ছন্ অনু অনন্তরং, যোগং আস্থিতঃ সন্ তর্হি তৎক্ষণমেব কামগং যথেচ্ছগমনশীলং বিমানং আবিরচীকরৎ আবির্ভাবয়ামাস ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

সিধ্যেত রতিসমর্থো ভবেৎ। কথম্ভূতায়াঃ তে ত্বয়ৈব কৃতঃ ক্ষোভিতো যো মনোভব স্তেন ধর্ষিতায়াঃ তত্ততোঽনুরূপং ভবনঞ্চ বিচক্ষ্ব বিতর্কয় বিস্তারয় ইতি যাবৎ ॥ ১০ ॥

তর্হি তৎক্ষণমেব আবিরচীকরৎ আবির্ভাবয়াম্বভূব ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বদর্শনাদিনা জনিতো যো মনোভব স্তেন ধর্ষিতায়াঃ দীনঃ সংপ্রতি তু দরিদ্র এব তত্তস্মাৎ হে ঈশ যোগবলেন সর্ব্বং স্রষ্টুং সমর্থ সদৃশং রত্যনুরূপং ভবনঞ্চ বিচক্ষ্ব বিচারয় ॥ ১০ ॥

তূষ্ণীং স্থিতয়া দেবহূত্যা নেত্রেঙ্গিতেনৈব এতদ্যদুক্তং কর্দ্দমোঽপি তূষ্ণীং স্থিত এব তেনৈব তত্তৎ সর্ব্বং সম্পাদয়ামাসৈব নতু প্রত্যুত্তরং দদাবিত্যাহ প্রিয়ায়া ইত্যাদিনা ॥ ১১ ॥

কার্য্য করিয়া মদন-শরে জর্জরিত আমার এই কলেবর দৌর্ব্বল্যাদি পরিহারের দ্বারা বিহারে সমর্থ হয় তাদৃশ মদীয় কামানুরূপ ভবনেরও নির্দ্দেশ করুন! ॥১০॥

মৈত্রেয় কহিলেন, হে বিদুর! মুনিবর কর্দ্দম প্রেয়সীর তাদৃশ ভাবপূর্ণ বাক্যসমূহ শ্রবণ করিয়া, যোগাবলম্বন করিলেন এবং প্রণয়িনীর প্রীতি-সম্বর্দ্ধনার্থ তৎক্ষণাৎ এক অপূর্ব্ব যথেচ্ছগতি বিমান আবির্ভূত করাইলেন ॥ ১১ ॥

আভাস।

করিতেন, তাহা হইলে তাহারা কখন আপাতত বিষম ক্লেশপ্রদ সন্তানের জনন ও লালন পালনাদি কর্ম্মে কখনই অগ্রসর হইত না। পুত্রোৎপত্তিই ভগবানের অভিপ্রেত; সংসর্গ-জনিত ভোগসুখের অনুভব কেবল তদুপলক্ষে মাত্র। কর্দ্দম যে, সময়ের কথা বলিয়া নারীসঙ্গ নিরূপণ করিয়াছিলেন, দেবহূতি এক্ষণে সেই সময়কে গর্ভ সঞ্চারের সময়রূপে নিরূপণ করিতে অনুরোধ করিলেন। অর্থাৎ যদবধি গর্ভের সঞ্চার না হয়, সে পর্য্যন্ত বনিতা-ভোগ করা কর্দ্দমের অভিপ্রায়, কিন্তু দেবহূতির অনুরোধ যে, সেই সংসর্গমাত্রেই পুত্রোৎপত্তি। দেহসঙ্গ যেন বৃথা বিড়ম্বিত না হয়। অতএব সেই

সর্ব্বকামদুঘং দিব্যং সর্ব্বরত্নসমন্বিতং।
সর্ব্বর্দ্ধ্যুপচয়োদর্কং মণিস্তম্ভৈরুপস্কৃতং ॥ ১২ ॥
দিব্যোপস্করণোপেতং সর্ব্বকালসুখাবহং।
পট্টিকাভিঃ পতাকাভি র্বিচিত্রাভিরলঙ্কৃতং ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

(তৎ বিমানং বর্ণয়তি) সর্ব্বকামদুঘং সর্ব্বাভিলষিতপূরকং, দিব্যং অলৌকিকং, সর্ব্বরত্নসমন্বিতং (সর্ব্বৈঃ রত্নৈঃ সমন্বিতং খচিতং) সর্ব্বর্দ্ধ্যুপচয়োদর্কং (সর্ব্বর্দ্ধীনাং সর্ব্বসম্পদাং উপচয়ঃ উদর্কঃ উত্তরোত্তরাভিবৃদ্ধিঃ যস্মিন্ তৎ) মণিস্তম্ভৈঃ মণিময়ৈঃ স্তম্ভৈঃ উপস্কৃতং ভূষিতং ॥ ১২ ॥

দিব্যোপস্করণোপেতং (দিব্যৈঃ উপস্করণৈঃ উপকরণৈঃ, গার্হস্থ্যনির্ব্বাহকৈঃ পাত্রাদিভিঃ উপেতং সম্পন্নং) সর্ব্বকালসুখাবহং (সর্ব্বেষু কালেষু ঋতুষু সুখাবহং অনুকূলং) বিচিত্রাভিঃ পট্টিকাভিঃ অল্পবিস্তার-পট্টবস্ত্র-রচিত-ধ্বজাভিঃ, পতাকাভিঃ বিস্তৃত-বস্ত্র-রচিতধ্বজাভিঃ অলঙ্কৃতং ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

তদেব বিশিনষ্টি সর্ব্বকামদুঘমিতি নবভিঃ। সর্ব্বৈশ্চ রত্নাদিভিঃ সমন্বিতং সর্ব্বর্দ্ধীনাং সর্ব্বসম্পদাং য উপচয় স্তস্য উদর্কঃ উত্তরোত্তরাভিবৃদ্ধি র্যস্মিন্। উপস্কৃতং শোভিতং ॥ ১২ ॥

উপস্করণং পরিকরঃ। পট্টিকা অল্পবিস্তারপট্টবস্ত্রবিশেষাঃ। পতাকা বিস্তৃতা স্তাভিঃ ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নচ দেবমনুষ্যাদিকৃতমিব তদপূর্ণসুখময়মিত্যাহ সর্ব্বেতি। নচ সামান্যবিমানমিব উত্তরোত্তর-কাল-কৃতাপচয় এব উদর্কঃ উত্তরোত্তরফলং যত্র তৎ ॥ ১২ ॥

উপস্করণং পরিকরঃ ন চৌষ্ণ্যশৈত্যাদিকালিক-দুঃখ-সহিতমিত্যাহ সর্ব্বকালেতি। পট্টিকাভিঃ ক্ষুদ্রপতাকাভিঃ পতাকাভির্বৃহতীভিঃ ॥ ১৩ ॥

ঐ অপূর্ব্ব বিমানে যাবতীয় অভিলাষিত বিষয়ের একত্র সন্নিবেশ পরিলক্ষিত হইতে লাগিল। মণিময় স্তম্ভে শোভিত হইয়া যেন সর্ব্বপ্রকার রত্ন ও সমৃদ্ধিতে পরিপূর্ণ পরিদৃষ্ট হইল ॥ ১২ ॥

অলৌকিক উপকরণাদিতে পরিপূর্ণ এবং বিচিত্র সাজ-সজ্জায় সজ্জিত আভাস।

একবারের সঙ্গে কোন ত্রুটি বা অভাবের বোধ না হয়; তদুপলক্ষে যে কোন আয়োজনের প্রয়োজন, সেই সমস্ত সংগ্রহার্থ দেবহূতি পতিকে অনুরোধ করিয়াছেন। দেবহূতি মুখে কিছু বলিতে না পারিয়া, আকার ইঙ্গিত দ্বারা যে সকল মনোগত অভিপ্রায় প্রকাশ করিলেন, কর্দ্দম ঋষি তাহারই সম্পাদনার্থ যে সকল আয়োজন করিয়াছিলেন, তাহাই পরবর্ত্তী শ্লোক-সমূহের দ্বারা গ্রন্থকার বর্ণন করিয়াছেন ॥ ৯—১১ ॥

স্রগ্‌ভি র্বিচিত্রমাল্যাভি র্মঞ্জুসিঞ্জৎ ষড়ঙ্ঘ্রিভিঃ।
দুকূল-ক্ষৌমকৌশেয়ৈ র্নানাবস্ত্রৈ র্বিরাজিতং ॥ ১৪ ॥
উপর্য্যুপরি বিন্যস্ত-নিলয়েষু পৃথক্ পৃথক্।
ক্লপ্তৈঃ কশিপুভিঃ কান্তং পর্য্যঙ্ক-ব্যজনাসনৈঃ ॥

অন্বয়ঃ।

মঞ্জুসিঞ্জৎষড়ঙ্ঘ্রিভিঃ (মঞ্জু মধুরং যথা তথা সিঞ্জন্তঃ ধ্বনন্তঃ ষড়ঙ্ঘ্রয়ঃ ভ্রমরাঃ যাসু তাভিঃ) বিচিত্র-মাল্যাভিঃ (বিচিত্রাণি নানাবর্ণানি মাল্যানি মালানির্ম্মাণযোগ্যানি পুষ্পাণি যাসু তাভিঃ) স্রগ্‌ভিঃ তথা দুকূল-ক্ষৌম কৌশেয়ৈঃ (দুকূলৈঃ সূক্ষ্মৈঃ কার্পাসৈঃ, ক্ষৌমৈঃ অতসী-তন্তুভবৈঃ, কৌশেয়ৈঃ কৃমিকোশোত্থৈঃ চ নানাবস্ত্রৈঃ বিরাজিতং ॥ ১৪ ॥

উপর্য্যুপরি বিন্যস্তনিলয়েষু (উপর্য্যুপরি বিন্যস্তেষু বিরচিতেষু নিলয়েষু গৃহেষু পৃথক্ পৃথক্ বিভক্তং, ক্লপ্তৈঃ স্থিতৈঃ, কশিপুভিঃ শয্যাভিঃ, পর্য্যঙ্ক-ব্যজনাসনৈঃ চ কান্তং কমনীয়ং ॥

শ্রীধরস্বামী।

বিচিত্রাণি মাল্যানি পুষ্পাণি যাসু। মঞ্জু যথা ভবতি এবং সিঞ্জন্তঃ ষড়ঙ্ঘ্রয়ো যাসু তাভিঃ স্রগ্‌ভিঃ ॥ ১৪ ॥

উপর্য্যুপরি বিরচিতা গৃহেষু কশিপুভিঃ শয্যাভিঃ কান্তং কমনীয়ং। পর্য্যঙ্কাদিভিশ্চ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্রগ্‌ভিরতিপুষ্টদীর্ঘাভি র্গোপানসী-লগ্নাভিঃ বিচিত্রানি রক্তপীতাদিবর্ণানি মাল্যান্যন্তরা-ন্তরা প্রোতানি যাসু তাভিঃ। দুকূলৈঃ ক্ষুদ্রকৃমিকোষোথপট্টবস্ত্রৈঃ ক্ষৌমৈরতসী-তন্তুভবৈঃ কৌশেয়ৈ র্বৃহৎকৃমিকোষোত্থৈ র্নানাবস্ত্রৈরাক্তবৈঃ কার্পাসৈশ্চ চতুষ্কিকা বেদ্যাস্তরণ রূপৈঃ ॥ ১৪ ॥

হইয়া ধ্বজাপতাকার বিচিত্র শোভায় এতই শোভিত ছিল যেন, সকল ঋতুর সুখাবহ ভাব তথায় একত্র উপস্থিত বোধ হইতে লাগিল ॥ ১৩ ॥

নানাপ্রকার সুগন্ধি পুষ্পের মালা ইতস্ততঃ সংলগ্ন; তাহাতে মধুমত্ত অলিকুল সৌরভে আকুল হইয়া ইতস্ততঃ ঝঙ্কারে অনুনাদিত করিতেছিল। কার্পাস-নির্ম্মিত সূক্ষ্ম বস্ত্র, অতসীতন্তু-নির্ম্মিত ক্ষৌমবসন এবং কৃমিকোষজাত কৌশেয়াদি বিচিত্র বস্ত্রাদিতে বিমান খানি আবৃত ছিল ॥ ১৪ ॥

বিমানের মধ্যে উপর্য্যুপরি বিবিধ স্তরে অনেকগুলি গৃহ নির্ম্মিত ছিল এবং প্রত্যেক গৃহের অভ্যন্তর পর্য্যঙ্ক, ব্যজন ও আসনাদি বাসোপযোগী শয্যাদিতে উপশোভিত—॥

স্থানে স্থানে নানাপ্রকার কারুকর্ম্মবিশিষ্ট আসন বিন্যস্ত ছিল; কোথায়ও বা মহামরকত মণির দ্বারা গৃহের মধ্যস্থল নির্ম্মিত, কোথায়ও বা প্রবাল-

তত্র তত্র বিনিক্ষিপ্তনানাশিল্পোপশোভিতং।
মহামরকতস্থল্যা জুষ্টং বিদ্রুমবেদিভিঃ ॥ ১৫ ॥
দ্বার্যু বিদ্রুম-দেহল্যা ভাতং বজ্র-কবাটবৎ।
শিখরেষ্বিন্দ্রনীলেষু হেমকুম্ভৈরধিশ্রিতং ॥ ১৬ ॥
চক্ষুষ্মৎপদ্মরাগাগ্র্যৈ র্বজ্রভিত্তিষু নির্ম্মিতৈঃ।
জুষ্টং বিচিত্রবৈতানৈঃ মহার্হৈ র্হেম-তোরণৈঃ ॥ ১৭ ॥

অন্বয়ঃ।

তত্র তত্র ভিত্যাদিষু বিনিক্ষিপ্তনানাশিল্পোপশোভিতং (বিনিক্ষিপ্তৈঃ নানাবিধৈঃ শিল্পৈঃ উপশোভিতং) মহামরকতস্থল্যা ইন্দ্রনীলমণিময়ভূম্যা তথা বিদ্রুমবেদিভিঃ (বিদ্রুমৈঃ প্রবালৈঃ রচিতাভিঃ বেদিভিঃ উপবেশন-স্থান-বিশেষৈঃ) জুষ্টং যুক্তং ॥ ১৫ ॥

দ্বার্যু দ্বারেষু, বিদ্রুম-দেহল্যা (বিদ্রুমরচিতা দেহলী উড়ুম্বরঃ তয়া ভাতং শোভিতং) বজ্র-কবাটবৎ বজ্রখচিত-কপাটযুক্তং, ইন্দ্রনীলেষু ইন্দ্রনীলমণিময়েষু শিখরেষু হেমকুম্ভৈঃ হেমময়কুম্ভৈঃ অধিশ্রিতং অধিষ্ঠিতং ॥ ১৬ ॥

চক্ষুষ্মৎপদ্মরাগাগ্র্যৈঃ (চক্ষুষ্মন্তঃ ইব যে পদ্মরাগাগ্র্যাঃ পদ্মরাগশ্রেষ্ঠাঃ তৈঃ) বজ্রভিত্তিষু নির্ম্মিতৈঃ খচিতৈঃ তথা বিচিত্র-বৈতানৈঃ (বিচিত্রৈঃ বৈতানৈঃ বিতানসমূহৈঃ) মহার্হৈঃ অনর্ঘ্যৈঃ হেমতোরণৈঃ (পত্রাকারৈঃ দ্বার্যুপরি বিরচিতৈঃ) জুষ্টং ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

কান্তং ॥ ১৫ ॥

দ্বার্যু দ্বারেষু বিদ্রুম-রচিতা দেহলী উড়ুম্বর স্তয়া ভাতং শোভিতং বজ্রখচিতকবাট-যুক্তং। ইন্দ্রনীলমণিময়েষু শিখরেষু প্রাসাদাগ্রভাগেষু ॥ ১৬ ॥

চক্ষুষ্মন্ত ইব যে পদ্মরাগাগ্র্যাস্তৈঃ। যদ্বা চক্ষুষ্মদিব কৈঃ পদ্মরাগাগ্র্যৈঃ বিচিত্রৈ র্বৈতানৈ-র্বিতান-সমূহৈঃ ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কশিপুভিঃ শয্যাভিঃ ॥ ১৫ ॥

বিদ্রুমময্যা দেহল্যা ভাতং দ্বার্যু বজ্রকবাটবৎ হীরক-কবাটযুক্তং শিখরেষু সর্ব্বোর্দ্ধ-প্রাসাদচূড়াসু ॥ ১৬ ॥

হীরকময়-ভিত্তিষু অর্পিতৈঃ পদ্মরাগাগ্র্যখণ্ডৈশ্চক্ষুষ্মদিব বৈতানৈ র্বিতান সমূহৈঃ হেম-তোরণৈ র্বন্দনমাল্যেতি খ্যাতৈঃ ॥ ১৭ ॥

নির্ম্মিত [illegible] সকল পরিশোভিত ॥ ১৫ ॥

প্রত্যেক গৃহদ্বারের দেহলী (চৌকাটের উপর ফলক) প্রবালাবৃত; এবং কবাট সকল বজ্ররত্নে (হীরক বিশেষে) খচিত। অট্টালিকার চূড়াসকল ইন্দ্র-নীল মণির দ্বারা নির্ম্মিত ও সুবর্ণময় কলস তদুপরি সংস্থাপিত ছিল ॥ ১৬ ॥

হংসপারাবতব্রাতৈ স্তত্র তত্র নিকূজিতং।
কৃত্রিমান্ মন্যমানৈঃ স্বানধিরুহ্যাধিরুহ্য চ ॥ ১৮ ॥
বিহারস্থানবিশ্রামসংবেশ-প্রাঙ্গণাজিরৈঃ।
যথোপজোষং রচিতৈর্বিস্মাপনমিবাত্মনঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

কৃত্রিমান্ অপি হংসাদীন্ স্বান্ স্বজাতীয়ান্, মন্যমানৈঃ হংসপারাবতব্রাতৈঃ (হংসানাং পারাবতানাং ব্রাতৈঃ সমূহৈঃ) তত্র তত্র অধিরুহ্য নিকূজিতং শব্দং কৃতং ॥ ১৮ ॥

যথোপজোষং যথাপেক্ষিতং রচিতৈঃ বিহারস্থানবিশ্রামসংবেশপ্রাঙ্গণাজিরৈঃ (বিহারস্থানং, বিশ্রামং উপবেশস্থানং, সংবেশং শয়নগৃহং, প্রাঙ্গণং গৃহাদ্বহিঃ অজিরং প্রাকারাৎ বহিঃ তৈঃ) আত্মনঃ স্বস্য কর্দ্দমস্য অপি বিস্মাপনং বিস্ময়-জনকমিব আবিরচীকরৎ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

কৃত্রিমানপি হংসাদীন্ স্বান্ স্বজাতীয়ান্ মন্যমানৈঃ তত্র তত্রাধিরুহ্যাধিরুহ্যঃ নিকূজিতং ॥ ১৮ ॥

বিহারস্থানং ক্রীড়াপ্রদেশঃ। বিশ্রামঃ শয়নগৃহং। সংবেশ উপভোগস্থানং। প্রাঙ্গণং গৃহাদ্বহিঃ। অজিরং প্রাকারাদ্বহিঃ। যথোপজোষং যথাসুখমাত্মনঃ স্বস্য মায়াবিনোঽপি বিস্ময়জনকমিব ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কৃত্রিমানপি হংসাদীন্ স্বান্ স্বজাতীয়ান্মন্যমানৈ স্তত্র তত্র স্বগণমধ্যে অধিরুহ্য নিতরাং কূজিতং ॥ ১৮ ॥

বিহারস্থানং ক্রীড়াপ্রদেশঃ। বিশ্রামঃ শয়নগৃহং। সংবেশঃ সম্ভোগান্তনিদ্রাগৃহং। প্রাঙ্গণং গৃহাদ্বহিঃ। অজিরং প্রাচীরাদ্বহিঃ। যথোপজোষং যথাসুখং আত্মনঃ স্বস্য কর্দ্দমস্যাপি ইবেতি স্বনির্ম্মিতত্বাৎ স্বস্য বস্তুতো ন বিস্মাপনমিতি ॥ ১৯ ॥

বজ্রময় ভিত্তিসমূহে সর্ব্বোত্তম উজ্জ্বল পদ্মরাগমণি সকল প্রোথিত ছিল, এবং মহামূল্য সুবর্ণখচিত বহির্দ্বার-সমূহে বিচিত্র চন্দ্রাতপ যথাস্থানে বিন্যস্ত থাকায়, বিমানের কি অনুপম শোভাই পরিলক্ষিত হইতে লাগিল ॥ ১৭ ॥

বিমানোপরি এরূপ কৃত্রিম হংস ও পারাবতাদির প্রতিমূর্ত্তি প্রস্তুত করত বিন্যস্ত ছিল যে, হংস ও পারাবতাদি পক্ষিকুল তাহাদিগকে জীবিত ও প্রকৃত স্ব স্ব জাতিজ্ঞানে সমীপে গমন করত কূজনধ্বনি করিতে লাগিল ॥ ১৮ ॥

অহো! সেই বিমানে বিহার স্থান, বিশ্রাম ভবন, শয়নাগার, প্রাঙ্গণ ও বহির্ভাগ এরূপ যথোপযুক্ত ভাবে বিরচিত ছিল যে, তদ্দর্শনে স্বয়ং কর্দ্দমেরও নিতান্ত বিস্ময় উৎপন্ন হইল ॥ ১৯ ॥

'ঈদৃগ্ গৃহং তং পশ্যন্তীং নাতি প্রীতেন চেতসা।
সর্ব্বভূতাশয়াভিজ্ঞঃ প্রাবোচৎ কর্দ্দমঃ স্বয়ং ॥ ২০ ॥
নিমজ্যাস্মিন্ হ্রদে ভীরু বিমানমিদমারুহ।
ইদং শুক্লকৃতং তীর্থমাশিষাং যাপকং নৃণাং ॥ ২১ ॥
সা তদ্ভর্ত্তুঃ সমাদায় বচঃ কুবলয়েক্ষণা।

অন্বয়ঃ।

ঈদৃক্ এবম্বিধং তং গৃহং বিমানং ন অতিপ্রীতেন চেতসা পশ্যন্তীং দেবহূতিং সর্ব্ব-ভূতাশয়াভিজ্ঞঃ (সর্ব্বেষাং ভূতানাং আশয়ং অভিজানাতি ইতি সঃ) কর্দ্দমঃ স্বয়ং এব প্রাবোচৎ ॥ ২০ ॥

হে ভীরু! অস্মিন্ (বিন্দুসরইতিআখ্যে) হ্রদে (পূর্ব্বং) নিমজ্য স্নাত্বা ইদং বিমানং আরুহ অধিরোহ (যতঃ) নৃণাং আশিষাং আকাঙ্ক্ষিতানাং যাপকং প্রাপকং, ইদং শুক্লকৃতং (শুক্লেন শুদ্ধেন ভগবতা আনন্দাশ্রুনিপাতেন কৃতং) তীর্থং ॥ ২১ ॥

কুবলয়েক্ষণা কমল-নয়না, সা দেবহূতিঃ, ভর্ত্তুঃ কর্দ্দমস্য তৎ বচঃ সমাদায় স্বীকৃত্য, সরজং মলিনং বাসঃ, বেণীভূতান্ স্বমূর্দ্ধজান্ কেশান্, মলাঙ্কেন সংছন্নং শবলস্তনং

শ্রীধরস্বামী।

নাতিপ্রীতেন মলিনদেহত্বাৎ পরিচারিকাভাবাচ্চ ॥ ২০ ॥

অস্মিন্ হ্রদে বিন্দুসরসি। আরুহ অধিরোহ। শুক্লেন বিষ্ণুনা কৃতং আনন্দবিন্দুনিপাতেন যাপকং প্রাপকং ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাতিপ্রীতেনেতি মলিনদেহত্বাৎ পরিচারিকাভাবাচ্চেতি ভাবঃ ॥ ২০ ॥

হ্রদে বিন্দুসরসি। যাপকং প্রাপকং ॥ ২১ ॥

এদিকে দেবহূতি তাদৃশ অলৌকিক শোভাসম্পন্ন বিমান দর্শন করিয়া নিজ অবস্থার অনুসারে বিশেষ সন্তোষ লাভ করিতে পারিলেন না। সর্ব্বাভিজ্ঞ কর্দ্দম মনে মনে দেবহূতির মনোগত অভিপ্রায় অবগত হইয়া, তাঁহাকে সম্ভাষণ পূর্ব্বক স্বয়ং বলিলেন ॥ ২০ ॥

হে ভীরু! উদ্বিগ্ন হইও না! বিন্দুসরোবর নামে এই যে পবিত্র তীর্থ অবলোকন করিতেছ, ইহাতে অবগাহন করিলে মানবের সকল আশা পূর্ণ হয়। ভগবান্ শুক্লমূর্ত্তিতে আবির্ভূত হইয়া, স্বীয় আনন্দাশ্রু বিসর্জ্জনে এই হ্রদ প্রস্তুত করিয়াছেন। তুমি প্রথমত এই হ্রদে অবগাহন পূর্ব্বক স্নান কর! পরে এই বিমানে আরোহণ করিবে ॥ ২১ ॥

কমলনয়না দেবহূতি পতি কর্দ্দমের অনুমতি অনুসারে মলিন বস্ত্র, বেণীর

সরজং বিভ্রতী বাসে বেণীভূতান্ স্বমূর্দ্ধজান্ ॥ ২২ ॥
অঙ্গঞ্চ মলপঙ্কেন সংছন্নং শবলস্তনং।
আবিবেশ সরস্বত্যাঃ সরঃ শিবজলাশয়ং ॥ ২৩ ॥
সান্তঃসরসি বেশ্মস্থাঃ শতানি দশকন্যকাঃ।
সর্ব্বাঃ কিশোর-বয়সো দদর্শোৎপলগন্ধয়ঃ ॥
তাং দৃষ্ট্বা সহসোত্থায় প্রোচুঃ প্রাঞ্জলয়ঃ স্ত্রিয়ঃ।
বয়ং কর্ম্মকরী স্তুভ্যং শাধি নঃ করবাম কিং ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

(শবলৌ বিবর্ণৌ স্তনৌ যস্মিন্ তৎ) অঙ্গং শরীরং বিভ্রতী সতী সরস্বত্যাঃ শিবজলাশয়ং (শিবানাং নির্ম্মলানাং জলানাং আশয়ং আশ্রয়ং) সরঃ আবিবেশ প্রবিষ্টবতী ॥ ২২ ॥ ২৩ ॥

সা অন্তঃসরসি (নিমগ্না সতী তত্র) বেশ্মস্থাঃ মন্দিরস্থাঃ, দশশতানি সর্ব্বাঃ, কিশোরবয়সঃ উৎপলগন্ধয়ঃ (উৎপলস্য গন্ধঃ ইব দেহগন্ধো যাসাং তাঃ) কন্যকাঃ দদর্শ ॥

তাং দেবহূতিং দৃষ্ট্বা তাঃ স্ত্রিয়ঃ সহসা উত্থায় প্রাঞ্জলয়ঃ সত্যঃ বয়ং তুভ্যং তব কর্ম্মকরীঃ কর্ম্মকর্য্যঃ পরিচারিকাঃ অতঃ তব কিং দাস্যং করবাম তৎ নঃ অস্মান্ শাধি আজ্ঞাপয় ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

সমাদায় আদৃত্য। সরজং মলিনং ॥ ২২ ॥

শবলৌ বিবর্ণৌ স্তনৌ যস্মিন্ তৎ। সরস্বত্যাঃ শিবানি জলানি আশেরতে যস্মিন্ শবা জলাশয়া জলচরা যস্মিন্ ইতি বা ॥ ২৩ ॥

সা তত্র নিমগ্না সতী বিস্ময়ং দদর্শ। তমাহ সান্তঃসরসীতি দশভিঃ উৎপলগন্ধয়ঃ স্ত্রিয়ঃ প্রোচুঃ তব কর্ম্মকরীঃ পরিচারিকা বয়ং অস্মানাজ্ঞাপয়েতি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমাদায় আদৃত্য ॥ ২২ ॥ ২৩ ॥

তুভ্যং তব কর্ম্মকরীঃ কিঙ্কর্য্যঃ। যদ্বা তুভ্যং ত্বাং পরিচরিতুং ত্বমস্মান্ শাধি আজ্ঞাপয় ॥ ২৪ ॥

আকারে জটাবিশিষ্ট অসংস্কৃত কেশজাল এবং মলাবৃত অপরিষ্কৃত বিবর্ণ কুচদ্বয়বিশিষ্ট কলেবর লইয়াই সেই সরস্বতীর পবিত্র এবং স্বচ্ছ জলাশয়ে প্রবেশ করিলেন ॥ ২২ ॥ ২৩ ॥

এবং সরোবরে অবগাহন করিবা মাত্র দেখিলেন যে, পদ্মগন্ধা দশ শত কিশোর-বয়স্কা কমনীয়া কামিনীগণ উক্ত বিমানে বিরাজ করিতেছে ॥

সেই কন্যকাগণ দেবহূতিকে অবলোকন করিবামাত্র সসম্ভ্রমে দণ্ডায়মানা

স্নানেন তাং মহার্হেণ স্নাপয়িত্বা মনস্বিনীং।
দুকূলে নির্ম্মলে নূত্নে দদুরস্যৈ চ মানদাঃ ॥ ২৫ ॥
ভূষণানি পরার্দ্ধ্যানি বরীয়াংসি দ্যুমন্তি চ।
অন্নং সর্ব্বগুণোপেতং পানঞ্চৈবামৃতাসবং ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

(এবমুক্ত্বা চ তাঃ) মানদাঃ সম্মানকর্ত্র্যঃ, স্ত্রিয়ঃ মহার্হেণ অতিশ্রেষ্ঠেন, স্নানেন স্নানদ্রব্যেন সুগন্ধিতৈলাদিনা, মনস্বিনীং উৎসাহযুক্তাং তাং দেবহূতিং, স্নাপয়িত্বা অস্যৈ দেবহূত্যৈ নির্ম্মলে শুদ্ধে, নূত্নে নবীনে, দুকূলে সূক্ষ্মবস্ত্রে পরিধানোত্তরীয়ে দদুঃ ॥ ২৫ ॥

তথা পরার্দ্ধ্যানি অমূল্যানি বরীয়াংসি শ্রেষ্ঠতমানি দ্যুমন্তি দীপ্তিমন্তি চ ভূষণানি সর্ব্বগুণোপেতং ষড়্‌রসোপেতং অন্নং অমৃতাসবং (অমৃতবৎ স্বাদু আসবং মাদকং চ) পানং পেয়ং চ অস্যৈ দদুঃ ইতি পূর্ব্বেণান্বয়ঃ ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

ততশ্চ স্নানেন স্নানযোগ্যতৈলাদিনা ॥ ২৫ ॥

পরার্দ্ধ্যানি উৎকৃষ্টানি বরীয়াংসি তৎপ্রিয়াণি দীপ্তিমন্তি চ পানং পেয়ং অমৃতং স্বাদু আসবং মাদকং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্নানেন স্নানযোগ্যতৈলাদিনা ভূষণাদানি পরিধাতুং দদুঃ। অন্নপানে চ ভোক্তুং দদুঃ ॥ ২৫ ॥ ২৬ ॥

হইয়া কৃতাঞ্জলিপুটে অভিবাদন করত তাঁহাকে বলিতে লাগিল, হে সাধ্বি! আমরা সকলে আপনার আজ্ঞানুকারিণী পরিচারিকা; আজ্ঞা করুন! এক্ষণে আপনার কোন কার্য্য সম্পাদন করিব ॥ ২৪ ॥

সম্ভ্রমকারিণী সেই ললনা দাসীগণ এই কথা বলিয়া, তৎক্ষণাৎ অভ্যঞ্জনার্থ উৎকৃষ্ট সুগন্ধি তৈল আনয়ন করিয়া সমাদরের সহিত দেবহূতির গাত্রে মর্দ্দন করিল এবং গাত্রমার্জ্জনাদির দ্বারা স্নান সমাপন করাইয়া অতি পবিত্র নূতন সূক্ষ্ম বসন পরিধান করাইল এবং উত্তরীয়ার্থ সূক্ষ্ম বসন প্রদান করিল ॥ ২৫ ॥

এবং অপূর্ব্ব জ্যোতিবিশিষ্ট মহামূল্য আভরণে দেবহূতিকে সজ্জিত করিয়া নানাবিধ সুনিষ্ট স্বাদু ষড়্‌রসবিশিষ্ট অন্ন ব্যঞ্জন ও পানীয় দ্রব্য সম্মুখে আনয়ন করিল ॥ ২৬ ॥

অনন্তর দেবহূতি দর্পণসমীপে আপনাকে নির্ম্মল বস্ত্র পরিধান পূর্ব্বক গলদেশে বিচিত্র মালাধারণে মঙ্গলপূর্ণ ও নারীগণ কর্ত্তৃক বহু সম্মানিত

অথাদর্শে স্বমাত্মানং স্রগ্বিনং বিরজাম্বরং।
বিরজং কৃতস্বস্ত্যয়নং কন্যাভি র্বহুমানিতং ॥ ২৭ ॥
স্নাতং কৃতশিরঃস্নানং সর্ব্বাভরণভূষিতং।
নিষ্কগ্রীবং বলয়িনং কূজৎকাঞ্চননূপুরং ॥ ২৮ ॥
শ্রোণ্যোরধ্যস্তয়া কাঞ্চ্যা কাঞ্চন্যা বহুরত্নয়া।
হারেণচ মহার্হেণ রুচকেন চ ভূষিতং ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

অথ অনন্তরং দেবহূতিঃ স্রগ্বিনং স্রজং বিভ্রতং, বিরজং নির্ম্মলং, বিরজাম্বরং / বিরজং নির্ম্মলং অম্বরং বাসো যস্য তং) কৃতস্বস্ত্যয়নং (কৃতং স্বস্ত্যয়নং মঙ্গলং যস্য তং) স্বং আত্মানং দেহং, কন্যাভিঃ বহুমানিতং আদর্শে দর্পণে, (দদর্শ ইতি শেষঃ) ॥ ২৭ ॥

স্নাতং উদ্বর্ত্ত্য ক্ষালিতং কৃতশিরঃস্নানং (কৃতং শিরঃস্নানং অভ্যঙ্গঃ যেন তং) সর্ব্বাভরণ-ভূষিতং (সর্ব্বৈঃ আভরণৈঃ ভূষিতং) নিষ্কগ্রীবং (নিষ্কং পদকং গ্রীবায়াং যস্য তং) বলয়িনং কূজৎকাঞ্চননূপুরং (কূজতী শব্দং কুর্ব্বতী কাঞ্চনে কাঞ্চনময়ে নূপুরে যস্য তং) ॥ ২৮ ॥

শ্রোণ্যোঃ নিতম্বয়োঃ, অধ্যস্তয়া ধৃতয়া, বহুরত্নয়া (বহুনি রত্নানি যস্যাং তয়া) কাঞ্চন্যা কাঞ্চনময্যা, কাঞ্চ্যা মেখলয়া, মহার্হেণ শ্রেষ্ঠেন, হারেণ রুচকেন কুঙ্কুমাদিমঙ্গলদ্রব্যেণ চ ভূষিতং ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

আদর্শে স্বমাত্মানং দদর্শেতি শেষঃ। আত্মানং বিশিনষ্টি চতুর্ভিঃ। কৃতং স্বস্ত্যয়নং মঙ্গলং যস্য। পুংস্বমাত্মশব্দসামানাধিকরণ্যাৎ ॥ ২৭ ॥

বিরজমিত্যস্য প্রপঞ্চঃ স্নানং উদ্বর্ত্ত্য ক্ষালিতং কৃতং শিরঃস্নানমভ্যঙ্গো যেন। ভূষিতত্ব-মেবাহ নিষ্কং পদকং গ্রীবায়াং যস্য ॥ ২৮ ॥

বহূনি রত্নানি যস্যাং তয়া রুচকেন মঙ্গলদ্রব্যেণ কুঙ্কুমাদিনা। তদুক্তং বিশ্বপ্রকাশে।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বমাত্মানং দদর্শেতি শেষঃ। কাশ্চিৎ পাশ্চাত্যাঃ স্ত্রিয়ঃ শিরসা ন স্নান্তীতি তদ্বারণার্থ-মাহ। কৃতশিরঃস্নানমিতি। শ্রোণ্যোঃ কোট্যোরধ্যস্তয়া উপরি বিন্যস্তয়া কাঞ্চ্যা রুচকেন মঙ্গল-দ্রব্যেণ। রুচকং মঙ্গলদ্রব্যে গ্রীবাভরণদন্তয়োরিতি বিশ্বঃ। সুদতা সুভ্রুবা চক্ষুষেতি

নিরীক্ষণ করিয়া নিতান্ত বিস্মিত হইলেন ॥ ২৭ ॥

আপাদ-মস্তক সুগন্ধি তৈলাদি মর্দ্দনের দ্বারা স্নান করিয়া বস্ত্র পরিবর্ত্তন করিয়াছেন, সর্ব্বাঙ্গে আভরণ, গলদেশে সুবর্ণ পদক, হস্তে স্বর্ণ-বলয় এবং চরণে সুন্দর শব্দবিশিষ্ট নূপুর—॥ ২৮ ॥

নিতম্বভাগে বহু রত্নবিশিষ্ট কটিসূত্র ও চন্দ্রহার, গলদেশে মণিময় হার

সুভ্রুবা সুদতা শ্লক্ষ্ণস্নিগ্ধাপাঙ্গেন চক্ষুষা।
পদ্মকোশস্পৃধা নীলৈরলকৈশ্চ লসন্মুখং ॥ ৩০ ॥
যদা সস্মার ঋষভমৃষীণাং দয়িতং পতিং।
তত্র চাস্তে সহ স্ত্রীভির্যত্রাস্তে স প্রজাপতিঃ ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

সুদতা সুন্দর-দন্তপংক্ত্যা, সুভ্রুবা, শ্লক্ষ্ণস্নিগ্ধাপাঙ্গেন (শ্লক্ষ্ণঃ মনোহরঃ স্নিগ্ধঃ অপাঙ্গঃ তেন) অতএব পদ্মকোশস্পৃধা (পদ্মকোশেন স্পর্দ্ধতে ইতি তেন) চক্ষুষা নীলৈঃ অলকৈঃ চ লসন্মুখং (লসৎ শোভমানং মুখং যস্য তং এবম্ভূতং আত্মানং দৃষ্ট্বা) ॥ ৩০ ॥

যদা ঋষীণাং ঋষভং শ্রেষ্ঠং দয়িতং প্রিয়ং পতিং ভর্ত্তারং সস্মার তদা যত্র সঃ প্রজাপতিঃ কর্দ্দমঃ আস্তে তত্র স্বয়মপি স্ত্রীভিঃ সহ আস্তে (বিবেদ ইতি) ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

কুচকং মঙ্গলদ্রব্যে গ্রীবাভরণদন্তয়োরিতি ॥ ২৯ ॥

সুদতা সুভ্রুবা চক্ষুষেতি চ জাতাবেকবচনানি এতৈ র্লসৎ শোভমানং মুখং যস্য কথংভূতেন চক্ষুষা শ্লক্ষ্ণো মনোহরঃ স্নিগ্ধোঽপাঙ্গো নেত্রপ্রান্তো যস্য। পদ্মকোশেন স্পর্দ্ধত ইতি পদ্মকোশস্পৃৎ তেন ॥ ৩০ ॥

দৃষ্ট্বাচ যদা পতিং সস্মার তদা যত্রাসৌ তত্রৈব স্বয়মপ্যাস্তে ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জাতাবেকবচনানি। শ্লক্ষ্ণো মনোহরঃ। স্নিগ্ধোঽপাঙ্গো যত্র তেন পদ্মকোষেণ সহ স্পর্দ্ধত ইতি পদ্মকোষস্পৃৎ তেন ॥ ২৭—৩০ ॥

দৃষ্ট্বাচ পত্যুস্তস্য রমণযোগ্যমাত্মনং মত্বা যদা তং সস্মার তদা যত্র স প্রজাপতিস্তত্রৈব স্বয়মপ্যাস্তে ইতি তত্রাত্মানং পত্যুরেকাসনে আসীনমেব বিবেদ। নতু জলহ্রদাৎ পদব্যাপারেণ যাস্তমিতি তস্যাদ্ভুতৈব যোগগতিঃ ॥ ৩১ ॥

এবং কুঙ্কুমাদি মাঙ্গল্য দ্রব্যে দেহ সুসজ্জিত—॥ ২৯ ॥

শোভন দন্তপংক্তি, সুন্দর ভ্রূযুগল, মনোহর নেত্রযুগল যেন পদ্মপত্রকেও সৌন্দর্য্যে নিন্দা করিতেছে; সুনীল অলকাজাল বদনের অপূর্ব্ব শোভাবর্দ্ধন করিতেছে; এইরূপ আপনার দেহসৌন্দর্য্য অবলোকন করিয়া দেবহূতি অতি বিস্ময় সহকারে—॥ ৩০ ॥

যখন সেই ঋষিপুঙ্গব জীবন-সর্ব্বস্ব প্রিয়পতি কর্দ্দমকে মনে মনে স্মরণ করিলেন, অমনি তাঁহাকে সম্মুখে সেই নারীমণ্ডলেই নিরীক্ষণ করিতে পাইলেন ॥ ৩১ ॥

ভর্ত্তুঃপুরস্তাদাত্মানং স্ত্রীসহস্রবৃতং তদা।
নিশাম্য তদ্‌যোগগতিং সংশয়ং প্রত্যপদ্যত ॥ ৩২ ॥
স তাং কৃতমলস্নানাং বিভ্রাজন্তীমপূর্ব্ববৎ।
আত্মনো বিভ্রতীং রূপং সংবীত-রুচিরস্তনীং। ৩৩ ॥
বিদ্যাধরীসহস্রেণ সেব্যমানাং সুবাসসং।
জাতভাবো বিমানং তদারোহয়দমিত্রহন্ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

ভর্ত্তুঃ পুরস্তাৎ অগ্রে স্ত্রীসহস্রবৃতং আত্মানং নিশাম্য দৃষ্ট্বা, তদা তদ্‌যোগগতিং (তস্য কর্দ্দমস্য যোগগতিং যোগবিস্তারং) প্রতি সংশয়ং বিস্ময়ং অপদ্যত প্রাপ ॥ ৩২ ॥

হে অমিত্রহন্ নির্জিতেন্দ্রিয়াদিশত্রুবর্গ! জাতভাবঃ তদ্দর্শনাদ্ভূতকামঃ সঃ মুনিঃ কর্দ্দমঃ, কৃতমলস্নানাং অপূর্ব্ববৎ (তপোদশাতো নূতনবৎ বিভ্রাজন্তীং (বিবাহসময়ে যৎ) আত্মনো রূপং (তদেব পুনঃ) বিভ্রতীং, সংবীতরুচিরস্তনীং (সংবীতৌ কঞ্চুক্যাদিনা বেষ্টিতৌ রুচিরৌ স্তনৌ যস্যাঃ তাং) বিদ্যাধরীসহস্রেণ সেব্যমানাং সুবাসসং তাং দেবহূতিং তদা বিমানং আরোহয়ৎ ॥ ৩৩। ৩৪ ॥

শ্রীধরস্বামী।

আত্মানং নিশাম্য দৃষ্ট্বা তাঞ্চ তস্য যোগগতিং যোগপ্রভাবং দৃষ্ট্বা সংশয়ং কিমিদমিতি বিস্ময়ং ॥ ৩২ ॥

স মুনিঃ বিবাহাৎ প্রাগাত্মনো যৎরূপং তদেব পুনর্বিভ্রতীং। সম্বীতৌ প্রাবৃতৌ রুচিরৌ স্তনৌ যস্যাঃ। সম্বীতরুচিরস্তনমিতি পাঠে রূপবিশেষণং ॥ ৩৩ ॥

শোভনে বাসসী যস্যাঃ। জাতো ভাবঃ প্রেম যস্য। হে অমিত্রহন্ জিতকাম ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিশাম্য দৃষ্ট্বা তস্যৈব যোগগতিং যোগ-প্রভাবঞ্চ দৃষ্ট্বা সংশয়ং কথমেতদভূদিতি বিস্ময়ং ॥ ৩২ ॥

স মুনিঃ আত্মনো রূপং বিবাহাৎ প্রাক্ যাদৃশমাসীত্তদেব পুনর্বিভ্রতীমিত্যর্থঃ। সংবীতৌ প্রাবৃতৌ রুচিরৌ স্তনৌ যস্যাস্তাং নপুংসকপাঠে রূপবিশেষণং। হে অমিত্রহন্ জিতকাম ॥ ৩৩ ॥ ৩৪ ॥

দেবহূতি তাদৃশ নারীসহস্রে স্বয়ং পরিবৃতা এবং স্বামীও সম্মুখে দণ্ডায়মান অবলোকন করিয়া ভর্ত্তার যোগসামর্থ্যের বিষয় চিন্তা করত সাতিশয় বিস্মিত হইলেন ॥ ৩২ ॥

সেই সরস্বতীর জলে গাত্র মার্জ্জনাদির দ্বারা অবগাহনস্নান করিয়া গাত্রোত্থান করিলে, দেবহূতির রূপের আর সীমা ছিল না; তপঃক্লেশ-

তস্মিন্নলুপ্তমহিমা প্রিয়য়ানুরক্তো বিদ্যাধরীভিরুপচীর্ণবপুর্বিমানে।
বভ্রাজ উৎকচকুমুদ্গণবানপীব্য স্তারাভিরাবৃত ইবোড়ুপতি র্নভস্থঃ ॥৩৫॥
তেনাষ্টলোকপ-বিহারকুলাচলেন্দ্রদ্রোণিষ্বনঙ্গসখমারুতসৌভগাসু।

অন্বয়ঃ।

অলুপ্তমহিমা (অলুপ্তঃ মহিমা প্রভাবো যস্য সঃ) প্রিয়য়ানুরক্তঃ (প্রিয়য়া ভার্য্যয়া সহ অনুরক্তঃ) বিদ্যাধরীভিঃ উপচীর্ণবপুঃ (উপচীর্ণং বপুঃ যস্য সঃ মুনিঃ) তস্মিন্ বিমানে উৎকচ-কুমুদ্গণবান্ বিকশিত-কুমুদ্গণ-বান্,অপীব্যঃ অতিসুন্দরঃ। তারাভিঃ আবৃতঃ নভস্থঃ উড়ুপতিঃ পূর্ণচন্দ্রঃ ইব বভ্রাজ ররাজ ॥ ৩৫ ॥

তেন বিমানেন, অনঙ্গসখমারুতসৌভগাসু (অনঙ্গস্য কামস্য সখা উদ্দীপকঃ মারুতঃ

শ্রীধরস্বামী।

তস্মিন্ বিমানে মুনির্বভ্রাজে। ন লুপ্তো মহিমা স্বাতন্ত্র্যং যস্য উপচীর্ণং শুশ্রূষিতং বপু র্যস্য বিকসিতকুমুদ্গণবান্ অপীব্যোঽতিসুন্দরঃ। পূর্ণচন্দ্র ইব মুনিঃ। নভ ইব বিমানং, তারা ইব তাঃ স্ত্রিয়ঃ। কুমুদানীব তাসাং নেত্রাণীতি জ্ঞেয়ং ॥ ৩৫ ॥

তেন বিমানেন অষ্টলোকপালানাং বিহারো যস্মিন্ কুলাচলেন্দ্রে মেরৌ তস্য দ্রোণিষু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্মিন্ বিমানে মুনির্বভ্রাজে। উপচীর্ণং শুশ্রূষিতং বপুর্যস্য সঃ। বিকসিতকুমুদ্গণবান্ অপীব্যোঽতিসুন্দরঃ। পূর্ণচন্দ্র ইব মুনিঃ নভ ইব বিমানং তারা ইবঃ তাঃ স্ত্রিয়ঃ। কুমুদানীব তাসাং নেত্রানীতি জ্ঞেয়ং ॥ ৩৫ ॥

তেন বিমানেন রেমে। কুলাচলেন্দ্রো মেরুঃ দ্যধুনী গঙ্গা তস্যা ঊর্দ্ধতঃ পাতেন শিবঃ

জনিত মালিন্য ও কৃশভাব সমস্তই দূর হইয়া গেল। বিবাহকালে তাঁহার যেমন সৌন্দর্য্য ও লাবণ্য ছিল, এক্ষণে তিনি তদপেক্ষা অধিকতর শোভা ধারণ করিলেন। হে বিদুর! বিদ্যাধরীসহস্রে পরিবৃতা দেবহূতি অঞ্চলে কুচদ্বয় সমাচ্ছাদিত করত ক্ষৌমবস্ত্র পরিধানে আপনার সমীপে দণ্ডায়মানা নিরীক্ষণ করিয়া, কর্দ্দমের হৃদয়ে প্রেমের উদয় হইল; তিনি তৎক্ষণাৎ প্রেয়সীকে বিমানে আরোহণ করাইলেন ॥ ৩৩। ৩৪ ॥

প্রফুল্ল কমল-দলের শোভাবর্দ্ধন করত তারকা-জাল-মণ্ডিত পূর্ণ-শশধর গগন-মণ্ডলে যেরূপ শোভা ধারণ করে, সেইরূপ বিদ্যাধরীগণে পরিবৃত পুষ্ট-কলেবর কর্দ্দম-ঋষি প্রেয়সী সহ সেই বিমানে আরোহণ করত স্বীয়

আভাস।

এই শ্লোকে বিকসিত কুমুদ্গণের সহিত ললনাজনের নেত্রের সহিত উপমা প্রদান করা হইয়াছে ॥ ৩৫ ॥

সিদ্ধৈর্নুতো দ্ব্যধুনিপাতশিবস্বনাসু রেমে চিরং ধনদবল্ললনাবরূথী ॥ ৩৬ ॥
বৈশ্রম্ভকে সুরসনে নন্দনে পুষ্পভদ্রকে।
মানসে চৈত্ররথ্যে চ স রেমে রাময়া রতঃ ॥ ৩৭ ॥

অন্বয়ঃ।

মন্দানিলঃ তেন সৌভগং সৌন্দর্য্যং যাসাং তাসু) দ্ব্যধুনি-পাতশিবস্বনাসু (দ্ব্যধুনী গঙ্গা তস্যাঃ পাতেন শিবঃ সর্ব্বপাপনিবর্ত্তকঃ স্বনঃ ধ্বনিঃ যাসু তাসু) অষ্টলোকপ-বিহার-কুলাচলেন্দ্র-দ্রোণিষু (অষ্টলোকপালানাং বিহারো যস্মিন্ সঃ কুলাচলেন্দ্রঃ পর্ব্বতশ্রেষ্ঠঃ মেরুঃ তস্য দ্রোণিষু দরীষু) ললনাবরূথী স্ত্রীরত্নসমূহবান্ সিদ্ধৈঃ নুতঃ স্তুতঃ, সঃ মুনিঃ ধনবৎ কুবেরবৎ চিরং রেমে ॥ ৩৬ ॥

বৈশ্রম্ভকে সুরসনে নন্দনে পুষ্পভদ্রকে মানসে সরসি, চৈত্ররথ্যে চ সঃ মুনিঃ রতঃ প্রীতঃ সন্ রাময়া স্ত্রিয়া, সহ রেমে ॥ ৩৭ ॥

শ্রীধরস্বামী।

দরীষু। অনঙ্গস্য সখা যো মারুতঃ শীতসুগন্ধমন্দানিলঃ তেন সৌভগং সৌন্দর্য্যং যাসু। সিদ্ধৈর্নুতঃ স্তুতঃ সন্। দ্ব্যধুনী গঙ্গা তস্যাঃ পাতেন শিবঃ স্বনো যাসু তাসু রেমে। ললনাবরূথী স্ত্রীসমূহবান্ ॥ ৩৬ ॥

বৈশ্রম্ভকাদিষু দেবোদ্যানেষু। মানসেচ সরসি রতঃ প্রীতঃ সন্ ॥ ৩৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বনো যাসু তাসু ললনাসমূহবান্ ॥ ৩৬ ॥

বৈশ্রম্ভকাদিষু দেবোদ্যানেষু। মানসে সরসি ॥ ৩৭ ॥

মহিমায় অপূর্ব্ব শোভা ধারণ করিয়াছিলেন ॥ ৩৫ ॥

অনন্তর সেই ললনাগণে পরিবৃত ঋষিপুঙ্গব কর্দ্দম বহুকাল বিমানযোগে বহুস্থানে ক্রীড়া করিতে লাগিলেন। অষ্টলোকপালের বিহারস্থল; পর্ব্বত-শ্রেষ্ঠ মেরুর গুহাপ্রদেশ, যথায় মদনসখা শীতল সুগন্ধ সমীরণ মৃদুমন্দ সঞ্চালনে শৈত্য ও উষ্ণাদি সর্ব্বপ্রকার সুখময়ভাব উদ্দীপনে সতত সঞ্চারিত এবং সুরধুনী কলকল ধ্বনিতে শব্দ করত নিরন্তর যথায় প্রবাহিত হইতেছিল, কর্দ্দম সেই সমস্ত সুখময় স্থানে সিদ্ধগণের পূজিত হইয়া ধনপতি কুবেরের ন্যায় বিমানযোগে বহুকাল বিহার করিতে লাগিলেন ॥ ৩৬ ॥

বৈশ্রম্ভক, সুরসন, নন্দন-কানন, পুষ্প-ভদ্রক এবং চৈত্ররথ্যাদি বিবিধ স্বর্গ-কাননে এবং মানস-সরোবরাদি নানাস্থানে প্রিয়তমার সহিত প্রসন্নহৃদয়ে মহর্ষি কর্দ্দম ক্রীড়া করিতে লাগিলেন ॥ ৩৭ ॥

ভ্রাজিষ্ণুনা বিমানেন কামগেন মহীয়সা।
বৈমানিকানত্যশেত চরল্লোকান্ যথানিলঃ ॥ ৩৮ ॥
কিং দুরাপাদনং তেষাং পুংসামুদ্দামচেতসাং।
যৈরাশ্রিত স্তীর্থপদ শ্চরণো ব্যসনাত্যয়ঃ ॥ ৩৯ ॥
প্রেক্ষয়িত্বা ভুবো গোলং পত্ন্যৈ যাবান্ স্বসংস্থয়া।

অন্বয়ঃ।

ভ্রাজিষ্ণুনা প্রকাশমানেন, মহীয়সা মহত্তমেন, কামগেন যথেষ্টং গচ্ছতা, বিমানেন অনিলঃ যথা তথা লোকান্ চরন্ বৈমানিকান্ অত্যশেত অতিক্রম্য স্থিতঃ ॥ ৩৮ ॥

ব্যসনাত্যয়ঃ (ব্যসনানাং তাপত্রয়াণাং অত্যয়ঃ বিনাশঃ যস্মাৎ সঃ) তীর্থপদঃ ভগবতঃ, চরণঃ যৈঃ পুংভিঃ আশ্রিতঃ উদ্দামচেতসাং সত্যসংকল্পানাং, তেষাং পুংসাং কিং দুরাপাদনং সম্পাদয়িতুং অশক্যং অস্তি ন কিমপি ইতি ॥ ৩৯ ॥

স্বসংস্থয়া দ্বীপবর্ষাদিরচনয়া, যাবান্ অস্তি তাবন্তং, বহ্বাশ্চর্য্যং (বহূনি আশ্চর্য্যাণি

শ্রীধরস্বামী।

অত্যশেত অতিক্রম্য স্থিতঃ ॥ ৩৮ ॥

উদ্দামচেতসাং ধীরাণাং। ব্যসনং সংসার স্তস্যাত্যয়ো যস্মাৎ ॥ ৩৯ ॥

প্রেক্ষয়িত্বা দর্শয়িত্বা। গোলং মণ্ডলং স্বসংস্থয়া দ্বীপবর্ষাদি-রচনয়া যাবান্ তাবন্তং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অত্যশেত অতিক্রান্তবান্ ॥ ৩৮ ॥

উদ্দামচেতসাং তচ্চরণাদন্যত্রাবদ্ধমনসাং ॥ ৩৯ ॥

অসীম মহিমাবিশিষ্ট কামগতি উজ্জ্বল বিমানে আরোহণ করিয়া তিনি বায়ুর ন্যায় এত তীব্রবেগে শূন্যমার্গে পরিভ্রমণ করিতে লাগিলেন যে, বিমানচারী কোন ব্যক্তিই তাঁহার গতির অনুসরণ করিতে সমর্থ হইল না ॥ ৩৮ ॥

অহো বিদুর! কর্দ্দম ঋষির এতাদৃশ সম্ভোগ ব্যাপার কিছু বিশেষ আশ্চর্য্যের বিষয় নহে; কারণ যে চরণ চিন্তা করিলে ভবব্যাধি হইতে জীব মুক্তি লাভ করে, ভগবানের সর্ব্বমঙ্গলময় সেই পবিত্র পদারবিন্দে যাঁহারা সম্পূর্ণ আশ্রয় গ্রহণ করিয়াছেন, তাদৃশ অনন্যচেতা ধীর ব্যক্তিগণের পক্ষে ত কিছুই দুর্ল্লভ বলিয়া অনুভূত হয় না ॥ ৩৯ ॥

ভগবান্ কর্দ্দম ঋষি সেই বিমানযোগে প্রিয়-বনিতাকে দ্বীপ-বর্ষাদি বিবিধ অনির্ব্বচনীয় পদার্থের সমাবেশে রচিত ভূমণ্ডল প্রদর্শন করাইয়া, তিনি

বহ্বাশ্চর্য্যং মহাযোগী স্বাশ্রমায় ন্যবর্ত্তত ॥ ৪০ ॥
বিভজ্য নবধাত্মানং মানবীং সুরতোৎসুকাং।
রামাং নিরময়ন্ রেমে বর্ষপূগান্ মুহূর্ত্তবৎ ॥
তস্মিন্ বিমান উৎকৃষ্টাং শয্যাং রতিকরীং শ্রিতা।
ন চাবুধ্যত তং কালং পত্যাঽপীব্যেন সংগতা ॥ ৪১ ॥
এবং যোগানুভাবেন দম্পত্যো রমমানয়োঃ।

অন্বয়ঃ।

যস্মিন্ তং) ভুবঃ গোলং মণ্ডলং, পত্ন্যৈ ভার্য্যায়ৈ, প্রেক্ষয়িত্বা দর্শয়িত্বা, মহাযোগী কর্দ্দমঃ, স্বাশ্রমায় ন্যবর্ত্তত আশ্রমং প্রত্যাগতবান্ ॥ ৪০ ॥

আত্মানং নবধা বিভজ্য (আত্মনো নবরূপাণি কৃত্বা সুরতোৎসুকাং মানবীং মনুকন্যাং রামাং স্বভার্য্যাং নিরময়ন্ বিশেষেণ রময়ন্ বর্ষপূগান্ সংবৎসরগণান্ মুহূর্ত্তবৎ রেমে ॥

তস্মিন্ উৎকৃষ্টে বিমানে, উৎকৃষ্টাং রতিকরীং রতিবর্দ্ধিনীং শয্যাং শ্রিতা অধিষ্ঠিতা দেবহূতিঃ অপীব্যেন অতিসুন্দরেণ পত্যা সংগতা সংযুক্তা সতী তং অনেক-বর্ষসমূহাত্মকং, কালং চ ন অবুধ্যত জ্ঞাতবতী ॥ ৪১ ॥

এবং যথেষ্টং যোগানুভাবেন রমমাণয়োঃ কাম-লালসয়োঃ দম্পত্যোঃ শতং শরদঃ

শ্রীধরস্বামী।

বহূনি আশ্চর্য্যাণি যস্মিন্ তৎ ॥ ৪০ ॥
বিভজ্য নবধা নবপ্রভেদমাত্মানং কৃত্বা ॥ ৪১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গোলং মণ্ডলং স্বসংস্থয়া দ্বীপবর্ষাদিরচনয়া যাবান্ তাবন্তং ॥ ৪০ ॥
নবধা নবপ্রভেদেনাত্মানং কৃত্বা ॥ ৪১ ॥

ভার্য্যা সহ পুনরায় আশ্রমে প্রত্যাবর্ত্তন করিলেন ॥ ৪০ ॥

এবং আপনার নব প্রকার রূপ ধারণ করিয়া, সুরতপ্রার্থিনী ভার্য্যা মনুকন্যাকে বহু সম্বৎসর কাল পর্য্যন্ত রমণ করিলেন; কিন্তু কি আশ্চর্য্য! তাদৃশ বহুকালও তাঁহার নিকট মুহূর্ত্তের ন্যায় অতিবাহিত হইয়া গেল ॥

সেই উৎকৃষ্ট বিমানে রতিবর্দ্ধিনী উৎকৃষ্ট শয্যায় গমন করত দেবহূতি অতি সুন্দর পতির সহবাসে মিলিতা হইয়া তাদৃশ বর্ষ সহস্রকে পলকের ন্যায় অতিবাহিত করিলেন ॥ ৪১ ॥

এই প্রকারে যোগাভ্যাসের দ্বারা রমমাণ দম্পতীযুগল শত সম্বৎসরকেও

শতং ব্যতীয়ুঃ শরদঃ কাম-লালসয়োর্মনাক্ ॥ ৪২ ॥
তস্যামাধত্ত রেতস্তাং ভাবয়ন্নাত্মনাত্মবিৎ।
নোধা বিধায় রূপং স্বং সর্ব্বসংকল্পবিদ্বিভুঃ ॥ ৪৩ ॥
অতঃ সা সুষুবে সদ্যো দেবহূতিঃ স্ত্রিয়ঃ প্রজাঃ।
সর্ব্বাস্তাশ্চারুসর্ব্বাঙ্গ্যো লোহিতোৎপলগন্ধয়ঃ ॥ ৪৪ ॥

অন্বয়ঃ।

সম্বৎসরাঃ মনাক্ ঈষৎকালমিব ব্যতীয়ুঃ অতিক্রান্তাঃ ॥ ৪২ ॥

সর্ব্বসংকল্পবিদ্ - (মরীচ্যাদিবিবাহার্থং ব্রহ্মণ স্তথা সংকল্পং জানন্) বিভুঃ সর্ব্বসমর্থঃ আত্মবিৎ পরমাত্মোপাসকঃ কর্দ্দমঃ, স্বং রূপং নোধা নবধা, বিধায় তাং প্রিয়াং চ আত্মনা দেহার্দ্ধেন ভাবয়ন্ তস্যাং ভার্য্যায়াং রেতঃ বীর্য্যং আধত্ত নিহিতবান্ ॥ ৪৩ ॥

অতঃ সা দেবহূতিঃ চারুসর্ব্বাঙ্গ্যঃ (চারূণি সর্ব্বাণি অঙ্গানি অবয়বাঃ যাসাং তাঃ)

শ্রীধরস্বামী।

শরদঃ সম্বৎসরাঃ মনাক্ ঈষদিব ব্যতীয়ুঃ ॥ ৪২ ॥

আত্মনা স্বদেহার্দ্ধরূপেণ। অতিপ্রীত্যা ভাবয়ন্। তথা সতি সদপত্যং ভবেদিতি নোধা নবধা। সর্ব্বসংকল্পবিদিতি তস্যা বহ্বপত্যসংকল্পং জানন্নিত্যর্থঃ। বিভুস্তথা কর্ত্তুং সমর্থশ্চ। আত্মবিদিতিচ তস্যামনাসক্তত্বাৎ স্ত্রিয়ঃ জাতা ইতি ভাবঃ পুমান্ পুংসোঽধিকে শুক্রে স্ত্রী ভবেদধিকে স্ত্রিয়া ইতি স্মৃতেঃ ॥ ৪৩ ॥

অতোঽনন্তরমেব সদ্যঃ একস্মিন্নেবাহনি চারূণি সর্ব্বাণ্যঙ্গানি যাসাং ॥ ৪৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মনাক্ ঈষদিব ব্যতীয়ুঃ ॥ ৪২ ॥

তাং স্ত্রিয়ং ভাবয়ন্নিতি আধানকালে স্ত্রীধ্যানেন স্ত্র্যপত্যং স্যাদিতি তস্যাঃ স্ত্র্যপত্য-কামনাং জানন্নিত্যর্থঃ। আত্মনা বুদ্ধ্যা আত্মবিদ্বিরক্ত ইতি তস্য কামাল্পত্বাৎ শুক্রাল্পত্বম-তোঽপি স্ত্র্যপত্যং ভবেদ্ যদুক্তং পুমান্ পুংসোঽধিকে শুক্রে স্ত্রীভবেদধিকে স্ত্রিয়া ইতি নোধা নবধা সর্ব্বসংকল্পবিদিতি তস্যা বহ্বপত্যসংকল্পং জানন্নিত্যর্থঃ। বিভুঃ সর্ব্বত্র সমর্থঃ ॥ ৪৩ ॥

সদ্য একস্মিন্নেবাহনি ॥ ৪৪ ॥

মুহূর্ত্তের ন্যায় অতিবাহিত করিলেন ॥ ৪২ ॥

সর্ব্বজ্ঞানসম্পন্ন মহাযোগী কর্দ্দম মরীচ্যাদির বিবাহার্থ ব্রহ্মার অভিপ্রায় অবগত ছিলেন; সুতরাং পরমাত্মোপাসনা বলে অতুল ঐশ্বর্য্য লাভ করায় তিনি আত্মস্বরূপকে যেমন নয়ভাগে বিভক্ত করিলেন, তেমনি আবার ভার্য্যাকে দেহার্দ্ধজ্ঞানে আদর করত তাঁহাতে নয় প্রকারে বীর্য্য অর্পণ করিলেন ॥ ৪৩ ॥

পতিং সা প্রব্রজিষ্যন্তং তদালক্ষ্যোশতী বহিঃ।
স্ময়মানা বিক্লবেন হৃদয়েন বিদূয়তা ॥ ৪৫ ॥
লিখন্ত্যধোমুখী ভূমিং পদা নখমণিশ্রিয়া।
উবাচ ললিতাং বাচং নিরুন্ধ্যাশ্রুকলাঃ শনৈঃ ॥ ৪৬ ॥

অন্বয়ঃ।

লোহিতোৎপলগন্ধয়ঃ (লোহিতোৎপলস্য গন্ধঃ ইব গন্ধো যাসাং তথাভূতাঃ) তাঃ সর্ব্বাঃ স্ত্রিয়ঃ প্রজাঃ সদ্যঃ আশু সুষুবে প্রসূতবতী ॥ ৪৪ ॥

তদা (অপত্যোৎপত্যনন্তরং এব সময়স্য পূরিতত্বাৎ) প্রব্রজিষ্যন্তং (সর্ব্বং ত্যক্ত্বা গন্তুং ইচ্ছন্তং) পতিং আলক্ষ্য বিবিচ্য, বহিঃ স্ময়মানা (ঈষৎ হসন্তী অন্তস্তু) বিক্লবেন ব্যাকুলেন, বিদূয়তা কম্পমানেন, হৃদয়েন উপলক্ষিতা সা উশতী শুদ্ধস্বভাবা দেবহূতিঃ ॥ ৪৫ ॥

অধোমুখী নখমণিশ্রিয়া (নখাঃ এব মণয়ঃ তেষাং শ্রীঃ শোভা যস্মিন্ তেন) পদা ভূমিং লিখন্তী অশ্রুকলাং শনৈঃ নিরুদ্ধ্য ললিতাং মৃদ্বীং বাচং উবাচ ॥ ৪৬ ॥

শ্রীধরস্বামী।

প্রব্রজিষ্যন্তমালক্ষ্য বিতর্ক্য। স্ময়মানা বহিঃ অন্তস্তু বিক্লবেন ব্যাকুলেন বিদূয়তা সংতপ্যমানেন হৃদা উরাচেত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৪৫ ॥

নখাএব মণয়ঃ তৈঃ শ্রীঃ শোভা যস্য তেন পদা ভুবং লিখন্তীতি দুরন্তচিন্তালক্ষণং ॥ ৪৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্ময়মানেতি পতিদর্শনস্বাভাব্যাৎ বস্তুতস্তু বিক্লবেন ব্যাকুলেন বিদূয়মানেন চিন্তাভিরিত্যর্থঃ ॥ ৪৫ ॥ ৪৬ ॥

অনন্তর মনুকন্যা দেবহূতি অচির-কাল-মধ্যে রূপ-লাবণ্য-সম্পন্না চারুদেহা রক্তোৎপলের ন্যায় গাত্রগন্ধবিশিষ্টা নয়টী কন্যা এক দিনেই প্রসব করিলেন ॥ ৪৪ ॥

এবং তৎক্ষণাৎ মনে মনে বিবেচনা করিলেন যে, পতি কর্দ্দম তখন আর গৃহাশ্রমে থাকিবেন না; পূর্ব্ব প্রতিজ্ঞা অনুসারে তাঁহার সময় অতিবাহিত হওয়ায়, সন্ন্যাস গ্রহণে পতি বনে গমন করিবেন, এই চিন্তায় তাঁহার হৃদয় ব্যাকুল হইয়া উঠিল। দেবহূতি তাদৃশ মর্ম্মবেদনা কোনক্রমে অন্তরে সম্বরণ করিলেন এবং মুখে ঈষৎ হাস্য করত স্বামী সন্নিধানে দণ্ডায়মানা হইয়া ॥ ৪৫ ॥

অধোমুখে পদাঙ্গুষ্ঠের দ্বারা ভূমি নিখনন করত, অতি কষ্টে নেত্র-জল নিবারণ পূর্ব্বক মধুর বচনে স্বামীকে সম্বোধন করিয়া বলিতে লাগিলেন ॥ ৪৬ ॥

দেবহূতি বলিলেন, হে প্রভো! আপনার প্রতিশ্রুত সকল বিষয়ই আমার

দেবহূতিরুবাচ ॥

সর্ব্বং তদ্ভগবান্ মহ্যমুপোবাহ প্রতিশ্রুতং।
অথাপি মে প্রপন্নায়া অভয়ং দাতুমর্হসি ॥ ৪৭ ॥
ব্রহ্মন্ দুহিতৃভিস্তুভ্যং বিমৃগ্যাঃ পতয়ঃ সমাঃ।
কশ্চিৎ স্যান্মে বিশোকায় ত্বয়ি প্রব্রজিতে বনং ॥ ৪৮ ॥

অন্বয়ঃ।

দেবহূতিঃ উবাচ। যদ্যপি মহ্যং মদর্থং যৎ প্রতিশ্রুতং বিবাহ-সময়ে প্রতিজ্ঞাতং তৎ সর্ব্বং ভগবান্ সমর্থঃ ভবান্, উপোবাহ সম্পাদিতবান্; অথাপি প্রপন্নায়াঃ শরণং গতায়াঃ মে মহ্যং ত্বং অভয়ং দাতুং অর্হসি ॥ ৪৭ ॥

হে ব্রহ্মন্! দুহিতৃভিঃ সমাঃ বয়ঃশীলাদিভিস্তুল্যাঃ পতয়ঃ তুভ্যং ত্বয়া, বিমৃগ্যাঃ অন্বেষণীয়াঃ। অথ ত্বয়ি বনং প্রব্রজিতে সংন্যস্য গতে, সতি মে মম বিশোকায় সংসার-দুঃখনিবৃত্ত্যর্থং কশ্চিৎ ব্রহ্মবিৎ পুত্রঃ কিং ন স্যাৎ! ॥ ৪৮ ॥

শ্রীধরস্বামী।

উপোবাহ সম্পাদিতবান্। অভয়মিতি ভাবিনো দৈন্যাৎ সংসারাচ্চ যদ্ভয়ং তন্নিবর্ত্তয় ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

তত্র দৈন্যং নিবেদয়তি তুভ্যং তব দুহিতৃভিঃ স্বয়মেবাত্মনঃ সমা যোগ্যাঃ পতয়ো বিমৃগ্যা ইতি দৈন্যং প্রাপ্তং সংসারভয়ং উররীকৃত্যাহ কশ্চিদিতি। বিশোকায় জ্ঞানোপদেশায়। স্ত্রীভিঃ ঋণানপকরণাৎ। কঞ্চিৎ কালং তদবস্থানেন ব্রহ্মবিৎ পুত্রঃ কশ্চিৎ কিং ন স্যাদিত্যর্থঃ ॥ ৪৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উপোবাহ সম্পাদিতবান্ ॥ ৪৭ ॥

তুভ্যং তব স্বয়মেব বিমৃগ্যা ইত্যাসাং বিবাহচিন্তাপি মে নাস্তীতি ভাবঃ। বিশোকায় শোকদূরীকরণায় তেন কমপি যোগ্যং পুত্রমপি ত্বত্তোঽহং প্রাপ্নুয়ামিতি কৃপয়া কতিচিদ্দিনানি তিষ্ঠেতি ভাবঃ ॥ ৪৮ ॥

প্রতি সুষ্ঠু সম্পাদিত হইয়াছে, সন্দেহ নাই। কিন্তু হে স্বামিন্! আমি আপনার নিতান্ত শরণাগত! আমাকে অভয় প্রদান করা আপনার অবশ্য কর্ত্তব্য ॥ ৪৭ ॥

হে ব্রহ্মন্! প্রথমত এই যে সকল কন্যা আমার গর্ভে জন্মগ্রহণ করিয়াছে, ইহাদের উপযুক্ত রূপগুণাদিসম্পন্ন পতি আপনার অন্বেষণ করা বিধেয়! পরে আপনি যখন সন্ন্যাস অবলম্বনে বনে গমন করিবেন, তখন আমি শোক সম্বরণ পূর্ব্বক বাস করিতে পারি এবং অন্তেও শোকের হস্ত হইতে অব্যাহতি

এতাবতালং কালেন ব্যতিক্রান্তেন মে প্রভো।
ইন্দ্রিয়ার্থপ্রসঙ্গেন পরিত্যক্তপরাত্মনঃ ॥ ৪৯ ॥
ইন্দ্রিয়ার্থেষু সজ্জন্ত্যা প্রসঙ্গস্ত্বয়ি মে কৃতঃ।
অজানন্ত্যা পরং ভাবং তথাপ্যস্ত্বভবায় মে ॥ ৫০ ॥

অন্বয়ঃ।

হে প্রভো! ইন্দ্রিয়ার্থপ্রসঙ্গেন (ইন্দ্রিয়াণাং অর্থেষু বিষয়েষু শব্দাদিষু প্রকৃষ্টঃ সঙ্গঃ তেন) পরিত্যক্তপরাত্মনঃ (পরিত্যক্তঃ অনুপাসিতঃ পরমাত্মা ভগবান্ যয়া তস্যাঃ) মে ব্যতিক্রান্তেন অতিক্রান্তেন এতাবতা শতবর্ষপরিমিতেন কালেন অলং বৃথৈব গতঃ কালঃ ॥ ৪৯ ॥

ইন্দ্রিয়ার্থেষু বিষয়েষু, সজ্জন্ত্যা আসক্ত্যা, (অতএব) পরং ভাবং মোক্ষারাধনোপদেশ-সামর্থ্যং) অজানন্ত্যা অননুসন্ধত্যা ময়া (যদ্যপি) ত্বয়ি প্রসঙ্গঃ কৃতঃ তথাপি (সঃ) মে মম, অভবায় সংসার-নিবৃত্তয়ে, অস্তু ॥ ৫০ ॥

শ্রীধরস্বামী।

বিষয়ান্ ভুঞ্জ্ব কিং ব্রহ্মবিদ্যয়া ইতি চেত্তত্রাহ এতাবতা অলং পূর্য্যতে। পরিত্যক্তঃ পর আত্মা যয়া তস্যা মম ॥ ৪৯ ॥

স্বকৃতমনুশোচন্ত্যাহ ইন্দ্রিয়ার্থেষিতি চতুর্ভিঃ। মে ময়া, ভাবং তত্ত্বং, ত্বং ব্রহ্মবিদিতি ॥ ৫০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু কিমেতদ্ভক্তিভঙ্গ্যা পুনরপি মত্তো বিষয়সুখং বাঞ্ছসীতি তত্র সলজ্জমাহ। এতাবতা কালেন য ইন্দ্রিয়ার্থপ্রসঙ্গস্তেনালং যতঃ পরিত্যক্তঃ পর আত্মা পরমেশ্বরো যয়া তস্যা ইতি তেনৈতাবান্ কালো মে ব্যর্থএব গত ইতি ভাবঃ ॥ ৪৯ ॥

মহাভাগবতস্য তব ক্ষণিকেনাপি সঙ্গেন লোকা নিস্তরন্তি। মম ত্বেতাবদ্বার্ষিকেণাপি ষন্নিস্তারো নাভূত্তত্রৈতদেব হেতুদ্বয়মিত্যাহ ইন্দ্রিয়ার্থেষিতি পরং ভাবং তবৈবং মহা-বৈরাগ্যং মহাভাগবতত্বঞ্চ যৎক্ষণমাত্রেণৈব সর্ব্বং মমতাস্পদং ত্যক্তুং প্রবৃত্তোঽসীতি ভাবঃ। তথাপীতি তদপি ময্যপরাধিন্যাং কৃপাং কুর্ব্বিতি ভাবঃ ॥ ৫০ ॥

পাইতে পারি, তজ্জন্য আমাকে একটী জ্ঞানবীর পুত্র অবলম্বন রূপে দেওয়া আপনার বিশেষ কর্ত্তব্য ॥ ৪৮ ॥

দেখুন! ইন্দ্রিয়-চরিতার্থের প্রসঙ্গে আমি এতাবৎকাল বৃথায় অতি-বাহিত করিলাম! ভূতভাবন পরমাত্মার চিন্তায় আমার চিত্ত একবারও অগ্রসর হয় নাই ॥ ৪৯ ॥

আপনার প্রতিও আমার যে আসক্তি, সে কেবল ইন্দ্রিয়ভোগ্য ভাবের সূচনায় মাত্র; আপনার পরম ভাব ধর্ম্মজ্ঞানাদি ভক্তির প্রতি আমার লক্ষ্য ত

সঙ্গো যঃ সংসৃতে হেতুরসৎসু বিহিতোঽধিয়া।
স এব সাধুষু কৃতো নিঃসঙ্গত্বায় কল্পতে ॥ ৫১ ॥
নেহ যৎকর্ম্ম ধর্ম্মায় ন বিরাগায় কল্পতে।
ন তীর্থপদসেবায়ৈ জীবন্নপি মৃতো হি সঃ ॥ ৫২ ॥

অন্বয়ঃ।

যঃ এব সঙ্গঃ অধিয়া অজ্ঞানেন, অসৎসু বিষয়েষু বা বিষয়াবিষ্টচিত্তেষু, বিহিতঃ কৃতঃ, সন্ সংসৃতেঃ সংসারস্য, হেতুঃ ভবতি, সঃ এব সঙ্গঃ সাধুষু ভগবদ্ভক্তেষু, কৃতঃ সন্ নিঃসঙ্গত্বায় সংসারদুঃখনিবৃত্তি-পূর্ব্বক-পরমানন্দ-প্রাপ্তয়ে, মোক্ষায় কল্পতে হেতুঃ ভবতি॥ ৫১ ॥

ইহ সংসারে, যৎকর্ম্ম (যস্য কর্ম্ম কায়বাঙ্মনোব্যাপারঃ) ধর্ম্মায় পুণ্যোৎপাদনায় (অতএব) বিরাগায় বৈরাগ্যোপজননায় ন, তদ্দ্বারা চ তীর্থপদসেবায়ৈ (তীর্থপদস্য ভগবতঃ সেবায়ৈ আরাধনায়) ন কল্পতে পর্য্যবস্যতি, সঃ জীবঃ জীবন্ অপি হি মৃতঃ মৃততুল্যঃ এব ॥ ৫২ ॥

শ্রীধরস্বামী।

প্রসঙ্গঃ কথমভবায় অস্তু তত্রাহ সঙ্গ ইতি। অধিয়া অজ্ঞানেন ॥ ৫১ ॥

স্বভাবতঃ প্রবৃত্তং যস্য কর্ম্ম ধর্ম্মার্থং ন প্রকল্পতে ধর্ম্মাভিমুখং ন ভবেৎ। তত্রাপি নিষ্কাম-ধর্ম্মদ্বারা বিরাগায় ন কল্পতে তদ্দ্বারা চ তীর্থপদস্য হরেঃ সেবার্থং ন পর্য্যবস্যেদিত্যর্থঃ ॥ ৫২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চ বস্তুশক্তির্বুদ্ধিং নাপেক্ষত ইত্যতো ভবদ্বিধ-সাধুসঙ্গো বিফলো ভবিতুং সর্ব্বথৈব নার্হতীত্যাহ সঙ্গ ইতি। অধিয়া অজ্ঞানেনাপীত্যুভয়ত্রাপ্যন্বেতি ॥ ৫১ ॥

নন্বু কিমেবং নির্ব্বিণ্ণসে তবৈতাবতী সম্পত্তি রতো বিষয়ান্ ভুঙ্ক্ষ্বেতি তত্রাহ নেহেতি যস্য কর্ম্ম দেহেন্দ্রিয়াদিব্যাপারো ধর্ম্মায়ার্থং ন ভবেৎ ॥ ৫২ ॥

হয় নাই। এক্ষণে প্রার্থনা যে, আমার আসক্তি আপনার ইন্দ্রিয়ভোগ্য ভাবের প্রতি অগ্রসর না হইয়া, যেন আপনার সংসার-মোচক ধর্ম্মজ্ঞানাদি ভক্তিময় ভাবের প্রতি ধাবিত হয়! ॥ ৫০ ॥

দেখুন! অজ্ঞানতা নিবন্ধন আসক্তিবিশিষ্ট ঘোর সংসারী পুরুষাদির প্রেমে যে সঙ্গের দ্বারা সংসার উৎপন্ন হয়, আবার সাধু ভক্তগণের প্রতি সেই সঙ্গের দ্বারাই মুক্তির পথ উদ্‌ঘাটনে নিরাময় আনন্দেরই লাভ হইয়া থাকে, সন্দেহ নাই। ৫১ ॥

এই মানবদেহ ধারণ করিয়া, যাহাদের কায়িক ও মানসিক কর্ম্মকলাপাদির দ্বারা ধর্ম্মের সঞ্চয় না হয়, তাহারা কখন সংসার হইতে আসক্তি বর্জ্জনে বৈরাগ্য-লাভে সমর্থ হয় না; অতএব ভগবদারাধনায় পরাঙ্মুখ তাদৃশ

সাহং ভগবতো নূনং বঞ্চিতা মায়য়া দৃঢ়ং।
যত্ত্বাং বিমুক্তিদং প্রাপ্য ন মুমুক্ষেয় বন্ধনাৎ ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে দেবহূত্যনুতাপো নাম ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥ * ॥

মৈত্রেয় উবাচ ॥

নির্ব্বেদবাদিনীমেবং মনোর্দুহিতরং মুনিঃ।

অন্বয়ঃ।

যৎ যস্মাৎ বিমুক্তিদং (জ্ঞানাদিমুক্তিসাধনোপদেশেন মুক্তিদাতারং) ত্বাং প্রাপ্য বন্ধনাৎ অহং ন মুমুক্ষেয় মোক্ষেচ্ছাং ন কৃতবতী, সা অহং নূনং নিশ্চিতং, ভগবতঃ মায়য়া দৃঢ়ং যথা তথা বঞ্চিতা ॥ ৫৩ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রয়োবিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

ন মুমুক্ষেয় মোক্তুমিচ্ছাং ন কৃতবত্যস্মি ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ত্রয়োবিংশঃ ॥ * ॥

চতুর্বিংশে ততো জন্ম কপিলস্যাহ তৎপিতুঃ।
প্রব্রজ্যাং তমনুজ্ঞাপ্য ঋণত্রয়-বিমোক্ষতঃ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রোদাহরণমহমেবেত্যাহ সাহং জীবন্মৃতান মুমুক্ষেয় মোক্তুমিচ্ছামাত্রমপি ন কৃতবত্যস্মীতি সাশ্রু সগদ্গদবাক্যং ॥ ৫৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ত্রয়োবিংশস্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥
চতুর্বিংশে ততঃ প্রোক্তং কপিলস্য বিধের্বচঃ।
কন্যোদ্বাহঃ কর্দ্দমস্য প্রব্রজ্যা স্বত্যনন্তরা ॥ * ॥

জীবের দেহধারণ ও মৃত্যু উভয়ই তুল্য ॥ ৫২ ॥

অহো! কি দুর্ভাগ্যের বিষয় এই যে, আপনার ন্যায় ব্রহ্মজ্ঞানসম্পন্ন মুক্তির পথপ্রদর্শক পরমহিতৈষী উপযুক্ত পাত্রকে এত কাল নিকটে প্রাপ্ত হইয়াও আমি সংসার-বন্ধন হইতে মুক্তি-লাভের কিছুমাত্র চেষ্টা করি নাই! নিঃসন্দেহ আমি সেই ভগবানের বিষম মায়ার ঘোরে বঞ্চিত হইলাম মাত্র ॥ ৫৩ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের ত্রয়োবিংশ অধ্যায় সমাপ্ত ॥

মৈত্রেয় মুনি বলিলেন, হে বিদুর! মনুকন্যা দেবহূতির তাদৃশ বৈরাগ্যো-

দয়ালুঃ শালিনীমাহ শুক্লাভিব্যাহৃতং স্মরন্ ॥ ১ ॥

ঋষিরুবাচ ॥

মা খিদো রাজপুত্রীত্থমাত্মানং প্রত্যনিন্দিতে।

ভগবাংস্তেঽক্ষরো গর্ত্তমদূরাৎ সংপ্রপৎস্যতে ॥ ২ ॥

ধৃতব্রতাসি ভদ্রং তে দমেন নিয়মেন চ।

অন্বয়ঃ।

মৈত্রেয়ঃ উবাচ। এবং নির্ব্বেদবাদিনীং বৈরাগ্যং কথয়ন্তীং শালিনীং শ্লাঘ্যাং, মনোঃ দুহিতরং দেবহূতিং প্রতি দয়ালুঃ মুনিঃ শুক্লাভিব্যাহৃতং (শুক্লেন অভিব্যাহৃতং কথিতং) ভগবদ্বাক্যং স্মরন্ আহ ॥ ১ ॥

ঋষিঃ উবাচ। হে অনিন্দিতে সর্ব্বদোষ-বিবর্জ্জিতে রাজপুত্রি! আত্মানং প্রতি ইত্থং (অহং বঞ্চিতা ভাগ্যহীনা ইত্যাদি) ত্বং মা খিদঃ খেদং মাকার্ষীঃ। অক্ষরঃ বিনাশাদি-শূন্যঃ ভগবান্ অদূরাৎ শীঘ্রমেব মন্নিগমাৎ পূর্ব্বমেব তে তব গর্ত্তং প্রপৎস্যতে (পুত্ররূপেণ সম্ভবিষ্যতি) ॥ ২ ॥

(যদ্যপি পূর্ব্বমেব অনেক-জন্মসু) ধৃতব্রতা (ধৃতানি অনুষ্ঠিতানি ব্রতানি যয়া সা) অসি (তথাপি ইদানীমপি) দমেন বাহ্যেন্দ্রিয়-নিগ্রহেণ, নিয়মেন স্বাধ্যায়েশ্বরপ্রণিধানাদিনা,

শ্রীধরস্বামী।

শালিনীং শ্লাঘ্যাং। শুক্লেনাভিব্যাহৃতং সহাহং স্বাংশ-কলয়া ইত্যাদি ॥ ১ ॥

ইত্থং মাখিদঃ খেদং মাকার্ষীঃ আত্মানং প্রত্যহং ভাগ্যহীনেতি। অদূরাৎ শীঘ্রং ॥ ২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শালিনীং শ্লাঘ্যাং। শুক্লেনাভিব্যাহৃতং সহাহং স্বাংশকলয়েত্যাদি ॥ ১ ॥

হে অনিন্দিতে ইত্থং মাখিদঃ খেদং মাকার্ষীঃ ॥ ২ ॥

দ্বীপক নির্ব্বেদ-বাক্য শ্রবণে কর্দ্দমের হৃদয়ে দয়ার উদ্রেক হইল। তিনি তখন সেই পবিত্র-হৃদয়া দেবহূতিকে সম্বোধন পূর্ব্বক ভগবদুক্ত পূর্ব্বপ্রসঙ্গের আলাপ আরম্ভ করিলেন ॥ ১ ॥

কর্দ্দম বলিলেন, হে নির্ম্মল-চরিত্রে রাজ-নন্দিনি! তুমি আপনার অদৃষ্টের প্রতি এরূপ দোষারোপ করত খেদ করিও না! নিরঞ্জন ভগবান্ অতি সত্বর তোমার গর্ত্তে পুত্ররূপে আবির্ভূত হইবেন ॥ ২ ॥

কিন্তু যদিও তুমি পূর্ব্ব পূর্ব্ব জন্মে ব্রতাদি বিবিধ পুণ্যকর্ম্মের অনুষ্ঠান

আভাস।

চতুর্ব্বিংশ অধ্যায়ে দেবহূতির গর্ভে কপিলদেবের জন্ম এবং তাঁহার অনুমতি ক্রমে কর্দ্দমের প্রব্রজ্যায় গমন বর্ণিত হইয়াছে ॥

তপোদ্রবিণদানৈশ্চ শ্রদ্ধয়া চেশ্বরং ভজ। ৩ ॥
স ত্বয়ারাধিতঃ শুক্লো বিতন্বন্ মামকং যশঃ।
ছেত্তা তে হৃদয়গ্রন্থিমৌদর্য্যো ব্রহ্মভাবনঃ ॥ ৪ ॥
মৈত্রেয় উবাচ ॥
দেবহূত্যপি সন্দেশং গৌরবেণ প্রজাপতেঃ।

অন্বয়ঃ।

তপোদ্রবিণদানৈঃ (তপোভিঃ কৃচ্ছ্র চান্দ্রায়ণাদিভিঃ, দ্রবিণানাং হিরণ্যাম্নাদীনাং দানৈঃ) চ শ্রদ্ধয়া প্রেম্না চ ঈশ্বরং ভগবন্তং ভজ ; এবং তে তব ভদ্রং কল্যাণং ভবিষ্যতি ॥ ৩ ॥

ত্বয়া আরাধিতঃ সঃ শুক্লঃ শুদ্ধঃ ভগবান্ মামকং মদীয়ং (ভগবানপি কর্দ্দমস্য পুত্রো জাতঃ ইতি) যশঃ বিতন্বন্ বিস্তারয়ন্, ঔর্য্যঃ তদুদরসম্ভূতঃ পুত্রঃ, ব্রহ্মভাবনঃ (ব্রহ্ম ভাবয়তি উপদিশতি ইতি তথা সন্) তে তব হৃদয়গ্রন্থিং অজ্ঞানং, ছেত্তা ছেৎস্যতি ॥ ৪ ॥

মৈত্রেয়ঃ উবাচ। দেবহূতিঃ অপি প্রজাপতেঃ কর্দ্দমস্য, সন্দেশং নিদেশং, গৌরবেণ

শ্রীধরস্বামী।

দমেনেন্দ্রিয়সংযমেন নিয়মেন স্বধর্ম্মেণ। তপাংসি দ্রবিণদানানি চ তৈঃ ॥ ৩ ॥

হৃদয়গ্রন্থিমহঙ্কারলক্ষণং বন্ধং ছেত্তা ছেৎস্যতি। ঔদর্য্যঃ পুত্রঃ সন্ ব্রহ্ম ভাবয়তি উপদিশতীতি তথা ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ন চাস্মা প্রাকৃতীবৎত্বমকৃতপুণ্যা ইত্যাহ ধৃতব্রতাসি, পূর্ব্বজন্মনি কৃতব্রতাদি নিয়মাস্যত ইহাপি জন্মনি তে ভদ্রং ভবিষ্যতি ॥ ৩ ॥

হৃদয়গ্রন্থিমহঙ্কারলক্ষণং বন্ধং। ঔদর্য্যঃ উদরজাতঃ সন্ ব্রহ্মভাবনঃ ব্রহ্মোপদেষ্টা ॥ ৪ ॥

করিয়াছ, তথাপি সম্প্রতি বাহ্যেন্দ্রিয়াদি নিগ্রহ করত ইষ্টমন্ত্র জপ এবং ভগবানে আত্মসমর্পণ পূর্ব্বক যম নিয়মাদির অনুশীলনে ও কৃচ্ছ্র চান্দ্রায়ণাদি ব্রতের অনুষ্ঠানে এবং গো-হিরণ্যাদি দ্রব্যের দান দ্বারা আত্মশুদ্ধির বিধান কর! এবং প্রেম ও শ্রদ্ধা সহকারে সেই নিত্য সনাতন পরমেশ্বরের আরাধনায় প্রবৃত্ত হও! তাহা হইলে তোমার মঙ্গল লাভ হইবে ॥ ৩ ॥

তোমার আরাধনায় নিত্য নিরঞ্জন জনার্দ্দন প্রসন্ন হইয়া তোমার গর্ভে পুত্ররূপে জন্ম গ্রহণ করত অজ্ঞানান্ধকার অপনয়ন করিবেন! ইহাতে ভগবান্ আমার পুত্র হইয়াছেন, বলিয়া জগতে আমারও কীর্ত্তি চিরস্মরণীয় হইবে, সন্দেহ নাই ॥ ৪ ॥

মৈত্রেয় বলিলেন, দেবহূতি বিশেষ শ্রদ্ধা ও গৌরবের সহিত কর্দ্দমের আদেশ বাক্য বিশ্বাস করিলেন এবং অনন্যমনে কূটস্থনির্ব্বিকারী পুরুষোত্তম

সম্যক্ শ্রদ্ধায় পুরুষং কূটস্থমভজদ্ গুরুং ॥ ৫ ॥
তস্যাং বহুতিথে কালে ভগবান্ মধুসূদনঃ।
কার্দ্দমং বীর্য্যমাপন্নো জজ্ঞেঽগ্নিরিব দারুণি ॥ ৬ ॥
অবাদয়ংস্তদা ব্যোম্নি বাদিত্রাণি ঘনাঘনাঃ।
গায়ন্তি তং স্ম গন্ধর্ব্বা নৃত্যন্ত্যপ্সরসো মুদা ॥ ৭ ॥

অন্বয়ঃ।

সম্যক্ শ্রদ্ধায় চ বিশ্বস্য কূটস্থং নির্বিকারং গুরুং জ্ঞানপ্রদং পুরুষং পুরুষোত্তমং, ভগবন্তং অভজৎ ॥ ৫ ॥

ততশ্চ বহুতিথে বহুতরে কালে গতে সতি, মধুসূদনঃ মধুদৈত্যহন্তা ভগবান্ বিষ্ণুঃ কার্দ্দমং কর্দ্দমসম্বন্ধি বীর্য্যং আপন্নঃ সন্ তস্যাং দেবহূত্যাং দারুণি কাষ্ঠে, অগ্নিঃ ইব জজ্ঞে প্রাদুর্বভূব ॥ ৬ ॥

তদা তদবতার-সময়ে, ব্যোম্নি আকাশে, বাদিত্রাণি (শঙ্খ-মৃদঙ্গ-দুন্দুভ্যাদীনি) ঘনাঘনাঃ গর্জন্তঃ মেঘাঃ ইব (দেবাঃ) অবাদয়ন্, গন্ধর্ব্বাঃ তং ভগবন্তং গায়ন্তি স্ম, অপ্সরসঃ মুদা হর্ষেণ নৃত্যন্তি স্ম ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

শ্রদ্ধায় বিশ্বস্য ॥ ৫ ॥

বহুতিথে বহুতরে কালে অতিক্রান্তে ॥ ৬ ॥

ঘনাঘনা ইত্যেকং পদং। বর্ষন্তো মেঘাঃ। গায়ন্তিস্ম নৃত্যন্তিস্ম ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সদ্দেশমুপদেশং গুরুং যঃ পুত্রো ভূত্বা গুরুর্ভবিষ্যতি তং ॥ ৫ ॥

বহুতিথেতি বহূনাং পূরণে বহুতরে কালে অতিক্রান্তে সতীত্যর্থঃ। বহুষুগগণসংঘস্য তিথুগিতি সূত্রং। কার্দ্দমং বীর্য্যং কর্দ্দমস্য ভক্তিপ্রভাবং আপন্নস্তেন বশীকৃত ইত্যর্থঃ। অগ্নিরিব দারুণীতি তস্যামন্তর্যামিরূপেণ স্থিতএব স পুত্ররূপেণ প্রকটীবভূবেত্যর্থঃ ॥ ৬ ॥

ঘনাঘনা গর্জন্তো মেঘা ইব দেবা ইত্যর্থঃ। বর্ষুকাদ্যা ঘনাঘনা ইত্যমরঃ ॥ ৭ ॥

জ্ঞান-দাতা ভগবানকে আরাধনা করিতে লাগিলেন ॥ ৫ ॥

এই প্রকারে বহুকাল অতীত হইলে, মধুসূদন বিষ্ণু কর্দ্দম সম্বন্ধীয় বীর্য্যকে অবলম্বন করিয়া ইন্ধনাশ্রিত হুতাশনের ন্যায় দেবহূতির গর্ভে আবির্ভূত হইলেন ॥ ৬ ॥

ভগবানের আবির্ভাব কালে আকাশ-পথে অমর-বৃন্দ মেঘ-গম্ভীর নিনাদে শঙ্খ, মৃদঙ্গ ও দুন্দুভি প্রভৃতির ধ্বনি করিতে লাগিলেন; গন্ধর্ব্বগণ গান করিতে লাগিলেন এবং অপ্সরাগণ আনন্দে নৃত্য করিতে লাগিলেন ॥ ৭ ॥

পেতুঃ সুমনসো দিব্যাঃ খেচরৈরপবর্জিতাঃ।
প্রসেদুশ্চ দিশঃ সর্ব্বা অম্ভাংসিচ মনাংসি চ ॥ ৮ ॥
তৎ কর্দ্দমাশ্রমপদং সরস্বত্যা পরিশ্রিতং।
স্বয়ম্ভূঃ সাকমৃষিভি র্মরীচ্যাদিভিরভ্যয়াৎ ॥ ৯ ॥
ভগবন্তং পরং ব্রহ্ম সত্ত্বেনাংশেন শক্রহন্।

অন্বয়ঃ।

খেচরৈঃ দেবৈঃ, অপবর্জিতাঃ বিমুক্তাঃ, দিব্যাঃ সুমনসঃ পুষ্পাণি, পেতুঃ; সর্ব্বাঃ দিশঃ অম্ভাংসি জলানি, (সর্ব্বপ্রাণিনাং) মনাংসি চ প্রসেদুঃ প্রসন্নানি নির্ম্মলানি অভূবন্ ॥ ৮ ॥

মরীচ্যাদিভিঃ ঋষিভিঃ সাকং সহ, স্বয়ম্ভূঃ ব্রহ্মা, সরস্বত্যা নদ্যা, পরিশ্রিতং পরিবেষ্টিতং তৎ বিন্দুসর সঙ্গকং কর্দ্দমাশ্রমপদং (কর্দ্দমস্য আশ্রমপদং স্থানং) প্রতি অভ্যয়াৎ আগচ্ছৎ ॥ ৯ ॥

হে শক্রহন্! বিজিতেন্দ্রিয়াদিবর্গ বিদুর! সত্ত্বেন সত্ত্বগুণাঙ্গীকারে, তত্ত্বসংখ্যান-বিজ্ঞপ্ত্যৈ (তত্ত্বানাং প্রকৃত্যাদীনাং সংখ্যানং নিরূপণং যস্মিন্ তস্য সাংখ্য-শাস্ত্রস্য বিশেষেণ জ্ঞপ্ত্যৈ জ্ঞাপনায়,) অংশেন জাতং পরং ব্রহ্ম ভগবন্তং বিদ্বান্ জানন্, স্বরাট্ স্বতঃসিদ্ধ-

শ্রীধরস্বামী।

অপবর্জিতা মুক্তাঃ ॥ ৮ ॥

পরিশ্রিতং বেষ্টিতং ॥ ৯ ॥

আগত্য কিং কৃতবান্ তদাহ ভগবন্তমিতি দ্বাভ্যাং তত্ত্বানাং সংখ্যানং যস্মিন্ তস্য সাংখ্যস্য বিজ্ঞপ্ত্যৈ বিশেষেণ জ্ঞাপনায় ভগবন্তং জাতং বিদ্বান্ অজো ব্রহ্মা স্বরাট্ স্বতঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অপবর্জিতা বিসৃষ্টাঃ ॥ ৮ ॥

পরিশ্রিতং বেষ্টিতং ॥ ৯ ॥

সত্ত্বেন শুদ্ধসত্ত্বস্বরূপেণ অংশেন নতু পূর্ণস্বরূপেণেত্যর্থঃ। তত্ত্বস্য সংখ্যানং যস্মিন্ তস্য সাংখ্যস্য বিজ্ঞপ্ত্যৈ বিশেষেণ জ্ঞাপনায় জাতমাবির্ভূতং জানন্ সভাজয়ন্ পূজয়ন্

দেবতাগণ স্বর্গ হইতে পুষ্প-বর্ষণ করিতে লাগিলেন; দিক্ সমূহ, জলাশয় সমূহ এবং জীবের মানস-সরোবর প্রসন্ন-মূর্ত্তি ধারণে জগতে পবিত্র ভাবের পরিচয় দিতে লাগিল ॥ ৮ ॥

এমন সময়ে ভগবান্ কমলাসন ব্রহ্মা মরীচ্যাদি ঋষিগণে পরিবৃত হইয়া সরস্বতী নদীর দ্বারা পরিবেষ্টিত বিন্দুসরোবর নামক কর্দ্দমের সেই আশ্রমে উপনীত হইলেন ॥ ৯ ॥

হে শক্রনিসূদন বিদুর! পরমব্রহ্ম ভগবান্ প্রকৃত্যাদি তত্ত্বসমূহের নির্ণায়ক সাংখ্যশাস্ত্রের প্রচারার্থ কেবল সত্ত্বগুণাবলম্বনে অংশে অবতীর্ণ হইয়াছেন

তত্ত্বসংখ্যান-বিজ্ঞপ্ত্যৈ জাতং বিদ্বানজঃ স্বরাট্ ॥ ১০ ॥
সভাজয়ন্ বিশুদ্ধেন চেতসা তচ্চিকীর্ষিতং।
প্রহৃষ্যমাণৈরসুভিঃ কর্দ্দমঞ্চেদমভ্যধাৎ ॥ ১১ ॥
ব্রহ্মোবাচ ॥
ত্বয়া মেঽপচিতিস্তাত কল্পিতা নির্ব্যলীকতঃ।
যন্মে সংজগৃহে বাক্যং ভবান্ মানদ মানয়ন্ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

জ্ঞানবান্ অজঃ ব্রহ্মা ॥ ১০ ॥

প্রহৃষ্যমাণৈঃ (আনন্দাশ্রুরোমাঞ্চিত-গদ্‌গদাদিবিকারযুক্তৈঃ) অসুভিঃ (চক্ষুরাদীন্দ্রিয়ৈঃ) উপলক্ষিতঃ বিশুদ্ধেন চেতসা তচ্চিকীর্ষিতং (তস্য ভগবতঃ চিকীর্ষিতং অভিপ্রায়ং) সভাজয়ন্ সম্মানয়ন্ অভিনন্দয়ন্ কর্দ্দমং চকারাৎ দেবহূতিং চ ইদং বক্ষ্যমাণং অভ্যধাৎ অভ্যভাষত ॥ ১১ ॥

ব্রহ্মা উবাচ ॥

হে তাত মানদ! ত্বয়া নির্ব্যলীকতঃ নিষ্কপটতঃ, মে মম, অপচিতিঃ পূজা, কল্পিতা কৃতা, যৎ যস্মাৎ, মে মম, বাক্যং মানয়ন্ ভবান্ সংজগৃহে সম্যক্ গৃহীতবান্ ॥ ১২ ॥

শ্রীধরস্বামী।

সিদ্ধজ্ঞানঃ ॥ ১০ ॥

তস্য চিকীর্ষিতং সভাজয়ন্ পূজয়ন্। প্রহৃষ্যমাণৈরসুভি রিন্দ্রিয়ৈরুপলক্ষিতঃ কর্দ্দমঞ্চেদমভ্যধাৎ ইতি দ্বয়োরন্বয়ঃ। চকারাৎ দেবহূতিঞ্চ ॥ ১১ ॥

তত্র ত্বয়েতি পঞ্চভিঃ কর্দ্দমং প্রাহ অপচিতিঃ পূজা কৃতা। যদ্‌যস্মাৎ নিষ্কপটং সম্যক্ গৃহীতবান্ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রহৃষ্যমাণৈরসুভিরিন্দ্রিয়ৈরুপলক্ষিতঃ। কর্দ্দমঞ্চকারাদ্দেবহূতিঞ্চ ॥ ১০ ॥ ১১ ॥

অপচিতিঃ পরিচর্য্যা কৃতা ॥ ১২ ॥

অবগত হইয়া, সর্ব্বজ্ঞান-সম্পন্ন ব্রহ্মার আর আনন্দের সীমা ছিল না ॥ ১০ ॥

তাঁহার নেত্র হইতে আনন্দাশ্রু অবিরল-ধারে নির্গত হইতে লাগিল। ভগবানের আবির্ভূত হইবার অভিপ্রায় অবগত হইয়া, তিনি হর্ষগদ্‌গদভরে অভিনন্দন পূর্ব্বক কর্দ্দম ও দেবহূতিকে সম্বোধন পূর্ব্বক এইরূপ বলিলেন ॥ ১১ ॥

ব্রহ্মা বলিলেন, হে বৎস! তুমি আমার যথেষ্ট গৌরব রক্ষা করিয়াছ। তুমি যখন অকপট-চিত্তে আমার আজ্ঞানুসারে কার্য্য করিয়াছ, ইহাতেই আমার মান ও সম্যক্ পূজা করা হইয়াছে ॥ ১২ ॥

দেখ! পিতার শুশ্রূষা পুত্রের এইরূপই কর্ত্তব্য বটে; গুরুজনের আজ্ঞা

এতাবত্যেব শুশ্রূষা কার্য্যা পিতরি পুত্রকৈঃ।
বাঢ়মিত্যনুমন্যেত গৌরবেণ গুরোর্ব্বচঃ ॥ ১৩ ॥
ইমা দুহিতরঃ সভ্য তব বৎস সুমধ্যমাঃ।
সর্গমেতং প্রভাবৈঃ স্বৈর্বৃংহয়িষ্যন্তি নৈকধা ॥ ১৪ ॥
অতস্ত্বমৃষিমুখ্যেভ্যো যথাশীলং যথারুচি।
আত্মজাঃ পরিদেহ্যদ্য বিস্তৃণীহি যশো ভুবি ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

পুত্রকৈঃ পিতরি এতাবত্যা এব শুশ্রূষা কার্য্যা এব যৎ গুরোঃ বচঃ [কৃত্যং] ইতি (করবাণি ইতি) গৌরবেণ অনুমন্যেত অঙ্গীক্রিয়েত ॥ ১৩ ॥

হে বৎস সভ্য! সুমধ্যমাঃ শোভনাঙ্গ্যঃ, ইমাঃ তব দুহিতরঃ স্বৈঃ প্রভাবৈঃ বংশৈঃ, এতং সর্গং নৈকধা অনেকধা অপত্যপরম্পরয়া, বৃংহয়িষ্যন্তি বর্দ্ধয়িষ্যন্তি ॥ ১৪ ॥

অতঃ যথাশীলং যথারুচি (আসাং শীলাদিসাদৃশ্যেন) ইমাঃ আত্মজাঃ কন্যাঃ ত্বং ঋষিমুখ্যেভ্যঃ মরীচ্যাদিভ্যঃ অদ্য পরিদেহি প্রযচ্ছ! তেন ত্বং ভুবি যশঃ বিস্তৃণীহি বিতনু ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

অনুমন্যেতেতি যদেতাবত্যেব ॥ ১৩ ॥

অনেকধা প্রভাবৈ র্বংশৈ বৃংহয়িষ্যন্তি বর্দ্ধয়িষ্যন্তি ॥ ১৪ ॥

ঋষিমুখ্যেভ্যো মরীচ্যাদিভ্যঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পুত্রকৈঃ সৎপুত্রৈঃ। বাঢ়মিতি যথাজ্ঞাপয়সি তথা করবাণীতি ॥ ১৩ ॥

তব পুত্রা যদ্যজনিষ্যন্ত তদাপ্যেবং সর্গো নাবর্দ্ধিষ্যত। যথা আভি র্দুহিতৃভিঃ সর্গো বিস্তারয়িষ্যতে ইত্যাহ ইমা ইতি প্রভাবৈঃ প্রভাববদ্ভিরংশৈঃ ॥ ১৪ ॥ বিস্তৃণীহি বিতনু ॥ ১৫ ॥

স্বমায়য়ৈব ভূতানাং শেবধিং নিধিং সর্ব্বাভীষ্টপ্রদং সাত্ত্বিকজ্ঞানাদিপ্রদাতারং, বিভ্রাণং বস্তুতস্তু নিত্যদেহমেবমবতীর্ণমিত্যর্থঃ ॥ ১৬ ॥

শ্রবণমাত্রেই "তৎকার্য্য সম্পাদন করিব," বলিয়া গৌরবের সহিত অনুমোদন করা কর্ত্তব্য ॥ ১৩ ॥

হে বৎস! তোমার এই সর্ব্বাঙ্গসুন্দরী দুহিতাগণ পতিপরায়ণা হইবেন এবং ইহাঁরা স্ব স্ব গর্ভোৎপন্ন সন্তান-সন্ততি দ্বারা নানাপ্রকারে আমার সৃষ্টিকে পরিবর্দ্ধিত করিবেন; বোধ হয়, তুমিও ইহা অবগত আছ ॥ ১৪ ॥

অতএব তুমি ইহাঁদের সদৃশ রূপগুণাদিসম্পন্ন উপযুক্ত মরীচ্যাদি ঋষিগণের করে স্বীয় দুহিতাগণকে অদ্যই সম্প্রদান কর! এতদ্দ্বারা ভূমণ্ডলে তোমার অক্ষুণ্ণ কীর্ত্তি ও যশঃ বিস্তার কর! ॥ ১৫ ॥

বেদাহমাদ্যং পুরুষমবতীর্ণং স্বমায়য়া।
ভূতানাং শেবধিং দেহং বিভ্রাণং কপিলং মুনে ॥ ১৬ ॥
জ্ঞানবিজ্ঞানযোগেন কর্ম্মণামুদ্ধরন্ জটাঃ।
হিরণ্যকেশঃ পদ্মাক্ষঃ পদ্মমুদ্রাপদাম্বুজঃ ॥ ১৭ ॥
এষ মানবি তে গর্ভং প্রবিষ্টঃ কৈটভার্দ্দনঃ।

অন্বয়ঃ।

হে মুনে! ভূতানাং শেবধিং পরমপুরুষার্থহেতুত্বাৎ নিধিভূতং, কপিলং দেহং মায়য়া বিভ্রাণং আদ্যং জগৎকারণভূতং, পুরুষং এব (ত্বদ্গৃহে) অবতীর্ণং অহং বেদ জানামি ॥ ১৬ ॥

জ্ঞানবিজ্ঞানযোগেন (জ্ঞানং সাংখ্যশাস্ত্রোক্তং পরোক্ষং তত্ত্বজ্ঞানং, বিজ্ঞানং অপরোক্ষদর্শনং, যোগঃ অষ্টাঙ্গঃ তেন) কর্ম্মণাং জটাঃ (জীবানাং অনেকজন্মসঞ্চিতসংসারহেতুবাসনাঃ) উদ্ধরন্ উৎপাটয়িষ্যন্, হিরণ্যকেশঃ (হিরণ্যবৎপ্রকাশমানাঃ কেশাঃ যস্য সঃ) পদ্মাক্ষঃ (পদ্মবৎ অক্ষিণী যস্য সঃ) পদ্মমুদ্রাপদাম্বুজঃ (পদ্মাকারা মুদ্রা রেখা তদ্যুক্তং পদাম্বুজং যস্য সঃ) ॥ ১৭ ॥

এষঃ কৈটভার্দ্দনঃ ভগবান্, হে মানবি! তে গর্ভং উদরং প্রবিষ্টঃ; (অতঃ তব) অবিদ্যা-

শ্রীধরস্বামী।

পুত্রস্য সাক্ষাদীশ্বর এব ইত্যাহ বেদাহমিতি। শেবধিং নিধিং সর্ব্বাভীষ্টদং ॥ ১৬ ॥

দেবহূতিং প্রত্যাহ ত্রিভিঃ। জ্ঞানং শাস্ত্রোক্তং বিজ্ঞানমপরোক্ষং তে এব যোগ উপায়স্তেন কর্ম্মণাং জটাঃ মূলানি বাসনাঃ উদ্ধরন্ উৎপাটয়িষ্যন্ পদ্মমুদ্রাযুক্তং পদাম্বুজং যস্য ॥ ১৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেবহূতিং প্রত্যাহ জ্ঞানং পরোক্ষং বিজ্ঞানমপরোক্ষং তে এব যোগ উপায়স্তেন কর্ম্মণাং জটাঃ মূলানি বাসনা উদ্ধরন্ উৎপাটয়িতুমিত্যর্থঃ। অবিদ্যা স্বরূপাজ্ঞানং সংশয়া মিথ্যাজ্ঞানানি তন্ময়ং হৃদয়গ্রন্থিং ॥ ১৭ ॥

অয়ং সুসম্মত ইত্যন্যস্ত সিদ্ধবিশেষঃ কপিলো দর্শনকর্ত্তা ন সুষ্ঠু সম্মতঃ বেদবিরুদ্ধা-

---

হে মুনে! সর্ব্বানন্দপ্রদ আদিভূত সনাতন পরমপুরুষ প্রাণিগণের মঙ্গলার্থ স্বীয় ঐশী শক্তি যোগমায়ার অবলম্বনে দেহ-ধারণ করত কপিল-মূর্ত্তিতে তোমার গৃহে অবতীর্ণ হইবেন, আমি অবগত হইয়াছি ॥ ১৬ ॥

সাংখ্যশাস্ত্রোক্ত তত্ত্বজ্ঞান, অপরোক্ষ আত্মতত্ত্বনিরূপণ এবং অষ্টাঙ্গযোগের উপদেশ প্রদানে জীব-সমূহের জন্ম-জন্মার্জিত সংসারের হেতুভূত বাসনারাশি বিদূরিত করত সেই হিরণ্যকেশ পদ্মপলাশলোচন পদ্মচরণ ॥ ১৭ ॥

মধুকৈটভহারী ভগবান্, হে মনুনন্দিনি! তোমার গর্ভে প্রবেশ-পূর্ব্বক

অবিদ্যাসংশয়গ্রন্থিং ছিত্ত্বা গাং বিচরিষ্যতি ॥ ১৮ ॥
অয়ং সিদ্ধগণাধীশঃ সাংখ্যাচার্য্যৈঃ সুসম্মতঃ।
লোকে কপিল ইত্যাখ্যাং গন্তা তে কীর্ত্তিবর্দ্ধনঃ ॥ ১৯ ॥
মৈত্রেয় উবাচ ॥
তাবাশ্বাস্য জগৎস্রষ্টা কুমারৈঃ সহ নারদঃ।

অন্বয়ঃ।

সংশয়গ্রন্থিং (অবিদ্যাস্বরূপাজ্ঞানং, সংশয়ঃ দেবাদ্যাত্মাভিমানং সঃ এব সংসারহেতুভূত-গ্রন্থিবিশেষঃ তং) ছিত্ত্বা গাং ভূমিং বিচরিষ্যতি ॥ ১৮ ॥

সাংখ্যাচার্য্যৈঃ সুসম্মতঃ সংকৃতঃ, সিদ্ধগণাধীশঃ (সিদ্ধগণানাং যোগিসমূহানাং অধীশঃ নিয়ন্তা) অয়ং তে তব কীর্ত্তিবর্দ্ধনঃ পুত্রঃ লোকে কপিলঃ ইতি আখ্যাং নামধেয়ং গন্তা গমিষ্যতি প্রাপ্স্যতি ॥ ১৯ ॥

মৈত্রেয়ঃ উবাচ। তৌ (কর্দ্দমং দেবহূতিং) চ এবং আশ্বাস্য সান্ত্বয়িত্বা সহ-নারদঃ নারদ-সহিতঃ জগৎস্রষ্টা হংসঃ (স্বকীয়ত্বাভিমানরাহিত্যেন শুদ্ধঃ) ব্রহ্মা কুমারৈঃ সনৎকুমারাদিভিঃ

শ্রীধরস্বামী।

হে মানবি অবিদ্যা স্বরূপাজ্ঞানং সংশয়া মিথ্যাজ্ঞানানি তন্ময়ং তব হৃদয়গ্রন্থিং ॥ ১৮ ॥

সুসম্মতঃ সুপূজিতঃ সন্। গন্তা প্রাপ্স্যতি ॥ ১৯ ॥

কুমারৈঃ সহেতি শেষঃ। সহনারদঃ নারদসহিতশ্চ। মরীচ্যাদীন্ বিবাহার্থমবস্থাপ্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নীশ্বরবাদান্তথৈবহি পাঞ্চরাত্রং ভাষ্যকৃদ্ভিরুদ্ধৃতং। কপিলো বাসুদেবাখ্যস্তত্ত্বং সাংখ্যং জগাদ হ। ব্রহ্মাদিভ্যশ্চ দেবেভ্যো ভৃগ্বাদিভ্যস্তথৈবচ। তথৈবাসুরয়ে সর্ব্ববেদার্থৈরুপ-বৃংহিতং। সর্ব্ববেদবিরুদ্ধঞ্চ কপিলোঽন্যো জগাদহ। সাংখ্যমাসুরয়েঽন্যস্মৈ কুতর্কপরি-বৃংহিতমিতি ॥ ১৮ ॥ ১৯ ॥

কুমারৈঃ সহেতি শেষঃ। মরীচ্যাদীন্ বিবাহার্থমবস্থাপ্য নৈষ্ঠিকৈরেতৈঃ পঞ্চভিঃ

তোমার সংসার-কারণ অজ্ঞান ও তজ্জনিত দেহাভিমানোত্থ সংশয়-পাশ নিকৃন্তন করত আবির্ভূত হইবেন এবং জীবের উপকারার্থ জগতে বিচরণ করিবেন ॥ ১৮ ॥

ইনি সিদ্ধ যোগিগণের নিয়ন্তা ও সাংখ্যাচার্য্য গণের পূজিত হইয়া জন-সমাজে কপিল-নামে বিখ্যাত হইবেন। এই পুত্র হইতে তুমি জগতে বিশেষ খ্যাতি লাভ করিবে, সন্দেহ নাই ॥ ১৯ ॥

মৈত্রেয় বলিলেন, জগদ্বিধাতা ভগবান্ কমলযোনি দম্পতিকে এইরূপ

হংসো হংসেন যানেন ত্রিধাম পরমং যযৌ ॥ ২০ ॥
গতে শতধৃতৌ ক্ষত্তঃ কর্দ্দমস্তেন চোদিতঃ।
যথোচিতং স্বদুহিতৃঃ প্রাদাদ্বিশ্বসৃজাং ততঃ ॥
মরীচয়ে কলাং প্রাদাদনসূয়ামথাত্রয়ে।
শ্রদ্ধামঙ্গিরসেঽযচ্ছৎ পুলস্ত্যায় হবির্ভুবং ॥ ২১ ॥
পুলহায় গতিং যুক্তাং ক্রতবে চ ক্রিয়াং সতীং।

অন্বয়ঃ।

চতুর্ভিঃ সহ হংসেন যানেন ত্রিধামপরমং (তৃতীয়ং ধাম স্বর্গঃ তস্য পরমং পরাং কাষ্ঠাং আপন্নং সত্যলোকং) যযৌ ॥ ২০ ॥

হে ক্ষত্তঃ! শতধৃতৌ ব্রহ্মণি, গতে সতি তেন চোদিতঃ আজ্ঞপ্তঃ কর্দ্দমঃ ততঃ তদনন্তরং বিশ্বসৃজাং মরীচ্যাদীভ্যঃ বিশ্বসৃগ্ভ্যো স্বদুহিতৃঃ যথোচিতং শীলরূপাদ্যনুরূপং প্রাদাৎ প্রাযচ্ছৎ ॥

মরীচয়ে কলাং প্রাদাৎ, অত্রয়ে অথ অনসূয়াং। অঙ্গিরসে শ্রদ্ধাং তথা পুলস্ত্যায় হবির্ভুবং কন্যাং অযচ্ছৎ ॥ ২১ ॥

পুলহায় যুক্তাং কন্যাং গতিং, সতীং ক্রিয়াং ক্রতবে, ভৃগবে খ্যাতিং তথা অরুন্ধতীং

শ্রীধরস্বামী।

নৈষ্টিকৈরেতৈঃ পঞ্চভিঃ সহিতো হংসো ব্রহ্মা যযৌ ত্রিধাম তৃতীয়ং ধাম স্বর্গঃ তস্য পরাং কাষ্ঠাং সত্যলোকং ॥ ২০ ॥

শতধৃতৌ ব্রহ্মণি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সহিতো হংসো ব্রহ্মা ত্রিধাম তৃতীয়ং ধাম সর্গস্তস্মাদপি পরমং সত্যলোকং ॥ ২০ ॥

শতধৃতৌ ব্রহ্মণি যথোদিতং শাস্ত্রোদিতমনতিক্রম্য বিশ্বসৃজাং বিশ্বসৃগ্ভ্যঃ ॥ ২১ ॥

সান্ত্বনা করিয়া হংসপৃষ্ঠে আরোহণ পূর্ব্বক কুমারাদি ঋষি-চতুষ্টয় ও দেবর্ষি নারদ সহ স্বর্গধামের অতীত পরমস্থান সত্যলোকে গমন করিলেন ॥ ২১ ॥

হে বিদুর! ব্রহ্মা প্রস্থান করিলে, কর্দ্দম তাঁহার আজ্ঞানুসারে মরীচি প্রভৃতি প্রজাপতি ঋষিগণকে যথোচিত রূপগুণানুসারে স্বীয় দুহিতাগণকে সম্প্রদান করিলেন ॥

মরীচিকে কলা, অত্রিকে অনসূয়া, অঙ্গিরাকে শ্রদ্ধা, এবং পুলস্ত্যকে হবির্ভু নাম্নী কন্যা প্রদান করিলেন ॥ ২১ ॥

পরে তাঁহার উপযুক্ত কন্যা গতিকে পুলহের হস্তে দান করিলেন; ক্রতুকে

খ্যাতিঞ্চ ভৃগবেঽযচ্ছৎ বশিষ্ঠায়াপ্যরুন্ধতীং ॥ ২২ ॥
অথর্ব্বণেঽদদাচ্ছান্তিং যয়া যজ্ঞো বিতন্যতে।
বিপ্রর্ষভান্ কৃতোদ্বাহান্ সদারান্ সমলালয়ৎ ॥ ২৩ ॥
তত স্তে ঋষয়ঃ ক্ষত্তঃ কৃতদারা নিমন্ত্র্য তং।
প্রাতিষ্ঠন্নন্দিমাপন্নাঃ স্বং স্বমাশ্রমমণ্ডলং ॥ ২৪ ॥
স চাবতীর্ণং ত্রিযুগমাজ্ঞায় বিবুধর্ষভং।

অন্বয়ঃ।

অপি কন্যাং বশিষ্ঠায় অযচ্ছৎ ॥২২ ॥

অথর্ব্বণে শান্তিং কন্যাং অদদাৎ যয়া কন্যয়া যজ্ঞঃ বিতন্যতে। (অথ কর্দ্দমঃ) কৃতোদ্বাহান্ (কৃতঃ উদ্বাহঃ যৈঃ তান্) সদারান্ বিপ্রর্ষভান্ সমলালয়ৎ সন্তোষিতবান্ ॥ ২৩ ॥

ততঃ চ তে কৃতদারাঃ ঋষয়ঃ তং কর্দ্দমং নিমন্ত্র্য (গমনানুজ্ঞাং সংপ্রাপ্য) নন্দিং হর্ষং, আপন্নাঃ প্রাপ্তাঃ সন্তঃ স্বং স্বং আশ্রমমণ্ডলং প্রাতিষ্ঠন্ প্রতিজগ্মুঃ ॥ ২৪ ॥

সঃ চ কর্দ্দমঃ বিবুধর্ষভং দেবশ্রেষ্ঠং ত্রিযুগং (ত্রীণি যুগানি জ্ঞানাদয়ঃ ষড়্ গুণাঃ যস্য তং)

শ্রীধরস্বামী।

যুক্তাং যোগ্যাং। অযচ্ছৎ অদাৎ ॥ ২২ ॥

বিতন্যতে সমৃদ্ধঃ ক্রিয়তে শান্ত্যধিষ্ঠাত্রীং দেবতামিত্যর্থঃ। সমলালয়ৎ সন্তোষিতবান্ ॥ ২৩ ॥

নিমন্ত্র্য পৃষ্ট্বা। নন্দিং হর্ষং প্রাপ্তাঃ সন্তঃ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যুক্তাং যোগ্যাং ॥ ২২ ॥

যয়েতি শান্ত্যৈব তপোযজ্ঞ-জ্ঞানযজ্ঞাদ্যা বিস্তৃতাঃ সফলা ভবন্তীত্যর্থঃ ॥ ২৩ ॥

নিমন্ত্র্য পৃষ্ট্বা। নন্দিং হর্ষং ॥ ২৪ ॥

ক্রিয়ানাম্নী কন্যা, ভৃগুকে খ্যাতি এবং বশিষ্ঠকে অরুন্ধতী-নামা কন্যা প্রদান করিলেন ॥ ২২ ॥

কর্দ্দম, সর্ব্বকনিষ্ঠা শান্তিকে অথর্ব্বা নামক ঋষির হস্তে সমর্পণ করিলেন। এই শান্তির প্রভাবে জগতে যজ্ঞের বিস্তার হইয়াছে। অনন্তর কর্দ্দম ঋষি এই প্রকারে সম্প্রদান কার্য্য নির্ব্বাহ করিয়া, কন্যা সহ জামাতাগণকে যত্নপূর্ব্বক কিছুকাল গৃহে লালন পালন করিলেন ॥ ২৩ ॥

অনন্তর সেই কৃতদার ঋষিগণ কর্দ্দম-সন্নিধানে প্রতিগমনের অনুমতি লাভে আনন্দিত হইয়া স্ব স্ব আশ্রমে প্রতিগমন করিলেন ॥ ২৪ ॥

তাঁহারা সকলে বিদায় লইলে, প্রজাপতি কর্দ্দম ত্রিকালজ্ঞ দেবশ্রেষ্ঠ

বিবিক্ত উপসংগম্য প্রণম্য সমভাষত ॥ ২৫ ॥
কর্দ্দম উবাচ ॥
অহো পাপচ্যমানানাং নিরয়ে স্বৈরমঙ্গলৈঃ।
কালেন ভূয়সা নূনং প্রসীদন্তীহ দেবতাঃ ॥ ২৬ ॥
বহুজন্মবিপক্কেন সম্যগ্‌যোগ-সমাধিনা।

অন্বয়ঃ।

অবতীর্ণং আত্মায় বিবিক্তে একান্তে, উপসংগম্য সমীপং গত্বা, প্রণম্য সমভাষত ॥ ২৫ ॥

কর্দ্দমঃ উবাচ। অহো! স্বৈঃ স্বীয়ৈঃ অমঙ্গলৈঃ দুষ্কৃতৈঃ ইহ নিরয়ে নরকবৎ দুঃখপ্রদে সংসারে, পাপচ্যমানানাং ভৃশং দহ্যমানানাং, ভূয়সা কালেন (বহুকালযোগধ্যানাদি-সাধনানুষ্ঠানেন) দেবতাঃ প্রসীদন্তি এতৎ নূনং নিশ্চিতং এব ॥ ২৬ ॥

বহুজন্মবিপক্কেন (বহুষু জন্মসু নিরন্তরসাদরানুষ্ঠানাৎ পরিপাকদশামাপন্নেন) সম্যগ্‌যোগসমাধিনা (সম্যক্ ভক্তিপূর্ব্বকঃ যোগঃ যমনিয়মাদিলক্ষণঃ যস্মিন্ তেন সমাধিনা

শ্রীধরস্বামী।

সচ মুনিঃ ত্রিযুগং বিষ্ণুং। বিবিক্তে রহসি ॥ ২৫ ॥

পাপচ্যমানানাং ভৃশং দহ্যমানানাং নিরয়ে সংসারে স্বীয়ৈরমঙ্গলৈঃ পাপৈঃ ॥ ২৬ ॥

কুতঃ সর্ব্বা দেবতাঃ প্রসন্না ইতি জ্ঞাতং। অলভ্যলাভাদিত্যাহ দ্বাভ্যাং বহুষু জন্মসু।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সচ মুনিঃ ॥ ২৫ ॥

মদ্‌গৃহে ত্বদাবির্ভাবে নিরুপাধিস্বৎকৃপৈব কারণং নতু ময়ি কিঞ্চিল্লক্ষণমস্তীত্যাহ অহো ইতি ত্রিভিঃ। অত্র লোকে ত্রিবিধা জনা দৃশ্যন্তে দেবতান্তরোপাসকা ব্রহ্মোপাসকা ভগবদুপাসকাশ্চ। তত্রাদ্যানামুপাসনাফলদশাং দর্শয়তি। পাপচ্যমানানাং নিরয়ে সংসারে দহ্যমানানাং ভূয়সেতি একস্মিন্নপি জন্মনি চেৎ প্রসীদন্তি তদপি ভূয়সৈব কালেন নতু শীঘ্রমেব ততশ্চ তত্তৎ কামিতানি ফলান্যপি দদতি ॥ ২৬ ॥

দ্বিতীয়ানান্তু বহুভিরেব জন্মভিঃ সিদ্ধিঃ সম্ভাব্যত ইত্যাহ। বহ্বিতি সম্যগেব যোগৈ-

---

ভগবান্ বিষ্ণুকে স্বকীয় গৃহে অবতীর্ণ অবগত হইয়া, নির্জ্জনে তৎসমীপে গমন করিলেন এবং তাঁহাকে প্রণাম করত বলিলেন—॥ ২৫ ॥

হে জনার্দ্দন! স্বকৃত দুষ্কৃতির ফলে নরকার্ণব সদৃশ এই অপার সংসার-সাগরে নিতান্ত নিপীড়িত জনগণের বহুকাল ও আয়াসসাধ্য যোগ-সাধনাদি অনুষ্ঠানের দ্বারা যে, ভগবান্ তাঁহাদের প্রতি প্রসন্ন হন, অদ্যই তাহার পরিচয় প্রত্যক্ষে প্রাপ্ত হইলাম ॥ ২৬ ॥

অহো! যতিগণ নিরন্তর নির্জ্জন স্থানে বাস করত আদরাতিশয়ে দীর্ঘকাল

দ্রষ্টুং যতন্তে যতয়ঃ শূন্যাগারেষু যৎপদং ॥ ২৭ ॥
স এষ ভগবানদ্য হেলনং ন গণয্য নঃ।
গৃহেষু জাতো গ্রাম্যাণাং যঃ স্বানাং পক্ষপোষণঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ।

চিত্তৈকাগ্র্যেণ) যৎ পদং (যস্য তব পদং স্বরূপং) শূন্যাগারেষু নির্জ্জনস্থানেষু যতয়ঃ সন্ন্যাসিনঃ দ্রষ্টুং যতন্তে ॥ ২৭ ॥

স্বানাং ভক্তানাং যঃ পক্ষপোষণঃ (পক্ষং পোষয়তীতি) সঃ ভগবান্ জ্ঞানৈশ্বর্য্যাদিপূর্ণঃ এব ভবান্ নঃ অস্মাকং হেলনং অবজ্ঞানং, ন গণয্য অগণয়িত্বা অদ্য নঃ অস্মাকং গ্রাম্যাণাং গৃহস্থানাং গৃহেষু জাতঃ ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী।

বিপক্কেন সুসিদ্ধেন সম্যগ্‌যোগো ভক্তিযোগঃ তস্মিন্ সমাধিরৈকাগ্র্যং তেন শূন্যাগারেষু বিবিক্তস্থানেষু যস্য তব পদং ॥ ২৭ ॥

হেলনমবজ্ঞাং লাঘবং ন গণয্য অগণয়িত্বা। উচিতমেব তবৈতদিত্যাহ যস্ত্বং স্বানাং ভক্তানাং পক্ষং পুষ্ণাসীতি তথা সঃ ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যঃ সমাধি স্তেন যস্য তব পদং নির্বিশেষস্বরূপং দ্রষ্টুং সাক্ষাৎ কর্ত্তুং যতন্তে তৃতীয়েষু মধ্যে বয়মতি মন্দা স্তদপি তৎকৃপামহিমা অপার এবেত্যাহ স এবেতি। হেলনং লোক-কৃতাবজ্ঞাং স্বলাঘবং ন গণয্য অগণয়িত্বা স্বভাব এবায়ং তে যদ্ভক্তাভাসানপ্যুৎকর্ষয়-সীত্যাহ। যস্ত্বং স্বানাং ভক্তানাং পক্ষং পুষ্ণাসীতি তানেবাত্মীয়ান্ জানাসীতি ভাবঃ ॥ ২৭ ॥ ২৮ ॥

অনুষ্ঠিত যোগ-সমাধির পরিপাক-দশাতে নিতান্ত ভক্তিপূর্ব্বক যে ভগবানের পদারবিন্দ অবলোকন করিবার নিমিত্ত যত্ন করেন ॥ ২৭ ॥

সেই আপনি, আমাদের ন্যায় গ্রাম্যভোগাসক্ত মানবের কৃত ভগবানের প্রতি উদাসীনতায় কিছু মাত্র লক্ষ্য না করিয়া, আমার গৃহে অদ্য অবতীর্ণ হইয়াছেন। বুঝিলাম! স্বীয় ভক্তগণের পক্ষ এই প্রকারেই প্রভুর সমর্থন করিতে হয় বটে! ॥ ২৮ ॥

আভাস।

মহর্ষি কর্দ্দম যখন অবগত হইলেন যে, ত্রিলোক-তারণ দেব জনার্দ্দন পুত্ররূপে তাঁহার গৃহে অবতীর্ণ হইয়াছেন, তখন তাঁহার আর আনন্দের পরিসীমা রহিল না। তিনি আপনাকে কৃতার্থ জ্ঞান করত ভগবানের নিকট মর্ম্মকথা নিবেদন করিতে লাগিলেন। তিনি বলিলেন, হে ভগবন্! আমার গৃহে আপনার অবতীর্ণ হওয়ায় কেবল নিজ ভক্তবাৎসল্য গুণেরই পরিচয় দেওয়া হইয়াছে মাত্র। কারণ আমার এমন কোন গুণ দেখি না, যাহাতে

স্বীয়ং বাক্যমৃতং কর্ত্তুমবতীর্ণোঽসি মে গৃহে।
চিকীর্ষুর্ভগবান্ জ্ঞানং ভক্তানাং মানবর্দ্ধনঃ ॥ ২৯ ॥

অন্বয়ঃ।

ভক্তানাং অস্মাকং মানবর্দ্ধনঃ ভগবান্ ত্বং জ্ঞানং সাংখ্যশাস্ত্রং চিকীর্ষুঃ কর্ত্তুং ইচ্ছুঃ সন্ স্বীয়ং বাক্যং (অথাহং স্বাংশকলয়া ইতি) ঋতং সত্যং, কর্ত্তুং মে মম, গৃহে অবতীর্ণঃ অসি ॥ ২৯ ॥

শ্রীধরস্বামী।

এতৎ প্রপঞ্চয়তি দ্বাভ্যাং। স্বয়মেবাবতীর্ণোঽসি। স্ববাক্যং তব পুত্রো ভবিষ্যামীতি যত্তৎ সত্যং কর্ত্তুং জ্ঞানং জ্ঞানসাধনং সাংখ্যঞ্চ চিকীর্ষুঃ সন্ ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এতদেব প্রপঞ্চয়তি দ্বাভ্যাং। জ্ঞানং জ্ঞানসাধনং সাংখ্যং চিকীর্ষুস্তদপি জ্ঞানিভ্যঃ সকাশাদপি ভক্তানাং মানমাদরং বর্দ্ধয়তীতি সঃ। ভক্তিবিনাভূতজ্ঞানস্যাকিঞ্চিৎকরত্বমেব ব্যবস্থাপনাদিতি ভাবঃ ॥ ২৯ ॥

হে ভগবন্। ভগবান্ যদি ভক্তের মান রক্ষা না করেন, তবে জগতে আর কে রক্ষা করিবে! আপনি পূর্ব্বে প্রতিশ্রুত ছিলেন যে, "তোমার পুত্ররূপে আমি অবতীর্ণ হইব;" সেই স্বীয় অঙ্গীকার প্রতিপালনার্থ তত্ত্বনির্ণায়ক জ্ঞানপ্রদ সাংখ্যশাস্ত্রের প্রচার উপলক্ষে আমার গৃহে জন্ম পরিগ্রহ করিয়াছেন ॥ ২৯ ॥

আভাস।

এই রূপ-সাগরকে একবারও হৃদয়-মন্দিরে ন্যস্ত করিতে পারি! তখন এই সামান্য দৃষ্টিতে গ্রহণ করিবার প্রয়াস কেবল কল্পনা মাত্র। এই সংসারে তিন প্রকারের উপাসক নয়নগোচর হইয়া থাকে; যথা দেবতান্তরোপাসক, ব্রহ্মোপাসক এবং ভগবদুপাসক। তন্মধ্যে প্রথমোক্ত দেবতান্তরোপাসকগণ নিরয়তুল্য সংসারের আধ্যাত্মিকাদি ত্রিবিধ তীব্র তাপে সন্তপ্ত হইয়া, হে জনার্দ্দন! দুঃখনাশের বিবিধ উপায় অবলম্বনে বিবিধ দেবতার অর্চ্চনা করিয়া থাকেন। কিন্তু তাঁহারা চেষ্টামাত্রেই পূর্ণমনোরথ হইতে পারেন না। বহুকাল ও বহু আয়াসের পর তাঁহাদের কামনা সিদ্ধ হইয়া থাকে। ব্রহ্মোপাসকগণের সিদ্ধিও সামান্য পরিশ্রমে ঘটে না। জন্মজন্মান্তর যম-নিয়মাদি অষ্টাঙ্গ যোগের অনুশীলনে সমাধিস্থ হইতে না পারিলে, হে দয়াময়! তোমার নির্ব্বিশেষ পরম স্বরূপ কখন লাভ হয় না। শেষোক্ত ভগবদুপাসকগণই এই তিনের মধ্যে নিকৃষ্ট। যেরূপ যত্ন ও পরিশ্রম পূর্ব্বোক্ত উপাসকদ্বয় করিয়া থাকেন, তাহার কণামাত্র ভগবদুপাসকগণ করেন না। কিন্তু হে কৃপাসিন্ধো! ভবদীয় উপাসকগণ নিকৃষ্ট হইলে, কি হইবে! উপাস্য ভগবানের মহিমার যে তুলনা নাই! আপনার কৃপা অপার। হে ভগবন্! আমার গৃহে জন্ম গ্রহণ করায়, আমার আত্মীয়কে আত্মীয় বলায়, তাহারা যে তোমার

তান্যেব তেঽভিরূপাণি রূপাণি ভগবংস্তব।
যানি যানিচ রোচন্তে স্বজনানামরূপিণঃ ॥ ৩০ ॥

অন্বয়ঃ।

হে ভগবন্ অচিন্ত্যশক্তিমন্! যানি যানি চ চতুর্ভুজাদীনি তব রূপাণি স্বজনানাং স্বভক্তানাং রোচন্তে রুচিকরাণি ভবন্তি, তানি এব অরূপিণঃ প্রাকৃতরূপরহিতস্য তব অভিরূপাণি যোগ্যানি এব ॥ ৩০ ॥

শ্রীধরস্বামী।

যানি তবালৌকিকানি চতুর্ভুজাদীনি রূপাণি তান্যেব তেঽভিরূপাণি রূপাণি যোগ্যানি। যানিচ স্বজনানাং রোচন্তে মনুষ্যরূপাণি তান্যপি তে রোচন্ত ইত্যর্থঃ। অরূপিণঃ প্রাকৃত-রূপ-রহিতস্য ॥ ৩০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তে তব নিত্যসচ্চিদানন্দস্য তান্যেব রূপাণি অভিরূপাণি সমুচিতানি সচ্চিদানন্দ-ঘনানীত্যর্থঃ। যানি তব স্বজনানাং স্বজনেভ্যঃ রোচন্ত ইতি অন্যান্যরোচকানি বস্তুতঃ স্বদীয়ানি রূপাণি ন ভবন্তি কিন্তু মায়িকান্যেব। যতোঽরূপিণঃ প্রাকৃত রূপ-রহিতস্যেতি স্বামিচরণানাং ব্যাখ্যা। বৈরাজ-রূপস্য কৈশ্চিদ্ভক্তৈঃ প্রথম দশায়াং ধ্যেয়ত্বেন রোচকত্বেপ্যায়ত্যামরোচকত্বাৎ তদপি রূপং প্রাকৃতত্বান্ন ভগবতঃ স্বীয়ং রূপমিত্যাশয়াৎ ॥ ৩০ ॥

হে দেব! প্রকৃত প্রস্তাবে যদিও আপনার কোন প্রাকৃতিক রূপ নাই, তথাপি চতুর্ভুজাদি যে যে রূপ দর্শনে ভবদীয় ভক্তগণের চিত্ত বিনোদিত হয়, আপনি নামরূপাদির অতীত হইলেও, সেই সকল রূপই আপনাতে সঙ্গত এবং আপনারও তাহা গ্রাহ্য ॥ ৩০ ॥

আভাস।

যেরূপ সম্ভাষণাদি করিবে, তাহা কখন ঈশ্বরোচিত সম্ভাষণ হইবে না। আপনি সে সকল অবজ্ঞা-বাক্যকেও যখন উপেক্ষা করিয়া, আমার ন্যায় অকৃত-কর্ম্মা ব্যক্তির আলয়ে অবতীর্ণ হইয়াছেন, তখন বুঝিলাম! স্বীয় ভক্তগণের মানরক্ষা করাই আপনার কর্ম্ম। আপনি অবশ্য জ্ঞান-সাধন সাংখ্যযোগ জগতে বিস্তার করিবার জন্যই জন্ম গ্রহণ করিয়াছেন বটে, কিন্তু এই জন্ম গ্রহণে জগতে সুস্পষ্ট দেখাইয়াছেন যে, জ্ঞান-সাধনের অপেক্ষা ভক্তিই শ্রেষ্ঠ! নতুবা জ্ঞানহীন ব্যক্তির গৃহে কখন উদিত হইতেন না ॥ ২৬—২৯ ॥

হে সচ্চিদানন্দবিগ্রহ! জাগতিক রূপের দ্বারা আপনার রূপের নিরূপণ হয় না। কারণ আপনিই রূপের আধার! তবে যে রূপ ধারণে আবির্ভূত হইয়াছেন, ইহা কেবল স্বীয় ভক্তগণের মনোরঞ্জনার্থ মাত্র। ভক্ত যে রূপ দর্শনে আপনাকে চরিতার্থ বোধ করে, এবং যে রূপ দর্শনে তাহারা সমর্থ হয়, আপনি সেই সেই রূপেই তাহাদের নিকট দর্শন দিয়া থাকেন। পূর্ব্বে বা পরে চতুর্ভুজাদি যখন যে রূপই গ্রহণে আবির্ভূত হইয়াছেন, সকলই

ত্বাং সূরিভিস্তত্ত্ববুভুৎসয়াদ্ধা সদাভিবাদার্হণপাদপীঠং।
ঐশ্বর্য্যবৈরাগ্যযশোঽববোধ-বীর্য্যশ্রিয়াং পূর্ত্তমহং প্রপদ্যে ॥ ৩১ ॥
পরং প্রধানং পুরুষং মহান্তং কালং কবিং ত্রিবৃতং লোকপালং।

অন্বয়ঃ।

সূরিভিঃ বিবেকিভিঃ তত্ত্ববুভুৎসয়া (তত্ত্বানাং প্রকৃতিপুরুষজীবেশ্বরাদীনাং যাথাত্ম্যং বোদ্ধুং ইচ্ছয়া) অদ্ধা সাক্ষাৎ, সদা অভিবাদার্হণপাদপীঠং (অভিবাদার্হণং প্রণামযোগ্যং পাদপীঠং যস্য তং) ঐশ্বর্য্যবৈরাগ্যযশোঽববোধ-বীর্য্যশ্রিয়াং পূর্ত্তং পূর্ণং তং কপিলং অহং প্রপদ্যে শরণং ব্রজামি ॥ ৩১ ॥

পরং প্রপঞ্চাতীতং, প্রধানং প্রকৃতিরূপং, পুরুষং তদধিষ্ঠাতারং, মহান্তং মহত্তত্ত্বরূপং

শ্রীধরস্বামী।

অভিবাদার্হণং পাদপীঠং যস্য ঐশ্বর্য্যাদিভিঃ পূর্ত্তং পূর্ণং ॥ ৩১ ॥

ঐশ্বর্য্যাদিকং বিবৃণ্বন্নাহ। পরং পরমেশ্বরং। তত্র হেতুঃ স্বচ্ছন্দাঃ স্বাধীনাঃ শক্তয়ো যস্য তং এবাহ। প্রধানং প্রকৃতিরূপং। পুরুষং তদধিষ্ঠাতারং। মহান্তং মহত্তত্ত্বরূপং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভক্তজনরোচকস্যাভিরূপস্য লক্ষণং বদন্নেব শ্রীকপিলদেবং বিশিনষ্টি ত্বামিতি। ঐশ্বর্য্যাদীনাং ষণ্ণাং ভগশব্দবাচ্যানাং চিন্ময়গুণানাং পূর্ত্তং মহাতড়াগং তেন ভক্তানামভিবাদনার্চ্চনপরিচর্য্যাদি বিষয়ীভূতং ষড়ৈশ্বর্য্যপূর্ণং স্বরূপমেবাপ্রকৃতং তব রূপমিতি দ্যোতিতং ॥ ৩১ ॥

ঐশ্বর্য্যং বিবৃণ্বন্নেবানভিরূপমপ্যাহ। পরং ত্বত্তোঽন্যং বহিরঙ্গরূপং প্রধানাদিকমপি ত্বাং কপিলমেব প্রপদ্যে। তত্তু প্রধানং প্রকৃতিরূপং পুরুষং জীবং মহান্তং মহত্তত্ত্বরূপং

বীর্য্যবান্ বিবেকিগণ চতুর্ব্বিংশতি তত্ত্বের নির্দ্ধারণ পূর্ব্বক আত্মযাথার্থ্যের উপলব্ধি লাভার্থ সদা প্রণামার্হ যাঁহার চরণ-কমল নিত্য হৃদয়-মন্দিরে প্রত্যক্ষভাবে প্রতীতি করিয়া থাকেন, সেই ঐশ্বর্য্য, বৈরাগ্য, যশঃ, জ্ঞান, বীর্য্য ও শ্রী প্রভৃতি ষড়ৈশ্বর্য্যপূর্ণ সাক্ষাৎ কপিলমূর্ত্তি আপনার চরণে আমি শরণ গ্রহণ করিলাম ॥ ৩১ ॥

আপনি প্রপঞ্চ জগতের অতীত সর্ব্বশ্রেষ্ঠ প্রকৃতিরূপে বিরাজ করিলেও,

আভাস।

আপনার ইচ্ছাবিগ্রহ ও ভক্তের কল্যাণকর, সন্দেহ নাই। এই যে কপিলমূর্ত্তি তাহাও সামান্য নহে! ইহাতে ষড়ৈশ্বর্য্যের পূর্ণ প্রকাশ স্পষ্টত প্রতীত হইতেছে ॥ ৩০ ॥ ৩১ ॥

এই শ্লোকে নিষ্প্রপঞ্চ পরম ব্রহ্মের প্রপঞ্চ ভাবের পরিচয় জগতে প্রদান করা হইয়াছে। অর্থাৎ যিনি "পরং" প্রকৃতির অতীত সচ্চিদানন্দস্বরূপ, তিনি মূল প্রকৃতিতে বিশ্বভূত

আত্মানুভূত্যানুগতপ্রপঞ্চং স্বচ্ছন্দশক্তিং কপিলং প্রপদ্যে ॥ ৩২ ॥

অন্বয়ঃ।

কালং প্রকৃত্যাদিক্ষোভকং, ত্রিবৃতং (ত্রয়াণাং সত্ত্বরজস্তমসাং বৃৎ বর্ত্তনং যস্মিন্ তং) অনুগতপ্রপঞ্চং (অনুগতঃ স্বস্মিন্ লীনঃ প্রপঞ্চঃ যস্মিন্ তং) স্বচ্ছন্দ-শক্তিং (স্বচ্ছন্দাঃ স্বাধীনাঃ শক্তয়ঃ যস্য তং) কপিলং অহং প্রপদ্যে ॥ ৩২ ॥

শ্রীধরস্বামী।

কালং তেষাং ক্ষোভকং। ত্রিবৃতমহঙ্কাররূপং লোকাত্মকং তৎপালনাত্মকঞ্চ। তদেবং মায়য়া প্রধানাদিরূপতামুক্ত্বা চিচ্ছক্ত্যা নিষ্প্রপঞ্চতামাহ। আত্মানুভূত্যা চিচ্ছক্ত্যানুগতঃ স্বস্মিন্ লীনঃ প্রপঞ্চো যস্য তং কবিং সর্ব্বজ্ঞং প্রধানাদ্যাবির্ভাব-লয়সাক্ষিণমিত্যর্থঃ ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কালং তেষাং ক্ষোভকং কবিং সূত্র-তত্ত্বরূপং ত্রিবৃতমহঙ্কাররূপং লোকপালমিন্দ্রাদ্যাত্মকং কিঞ্চ প্রপঞ্চান্তর্য্যামিত্বাৎ প্রপঞ্চরূপত্বমাহ আত্মানুভূত্যা চিচ্ছক্ত্যা প্রপঞ্চাদ্বহিঃ স্থিতেনাপি অনুগতোঽনুপ্রবিষ্টঃ প্রপঞ্চো যেন তং প্রপঞ্চহেতুত্বাদপি প্রপঞ্চরূপত্বমাহ স্বচ্ছন্দাঃ স্বাধীনাঃ শক্তয়ো মায়াদ্যা যস্য তং। ত্বদিচ্ছয়া মায়াদিভিঃ শক্তিভিরেব সর্ব্বপ্রপঞ্চস্য নির্ম্মিতত্বাৎ মায়াদীনাং তচ্ছক্তিত্বেনাভিন্নত্বাৎ তৎকার্য্যাণাঞ্চ তদভিন্নত্বাৎ তবৈবেদং সর্ব্বং মায়িকং রূপমনভিরূপমিত্যর্থঃ ॥ ৩২ ॥

ক্রিয়ারূপা প্রকৃতিরও নিয়ামক-রূপে অধিষ্ঠান করিতেছেন; মহত্তত্ত্বরূপ যে বুদ্ধি এবং বস্তুর উত্তেজনাকারী কাল, তাহাও আপনি মাত্র। আপনি সর্ব্বজ্ঞ! কেবল সংকল্পমাত্রেই এই বিশ্ব প্রপঞ্চের উদয় এবং লয় এক আপনাতেই করিতেছেন। সমগ্র শক্তি আপনার অধীনেই বিদ্যমান রহিয়াছে ॥ ৩২ ॥

আভাস।

হইয়া, প্রকৃতির ধর্ম্মে ইচ্ছা-জ্ঞানাদিমান্ প্রধানের রূপে প্রতীত হইতেছেন। অর্থাৎ স্রোতবিশিষ্ট জলে যেমন প্রতিবিম্বিত চন্দ্র চঞ্চল বলিয়া প্রতীত হয়, সেইরূপ অসঙ্গ পূর্ণ ব্রহ্মও প্রকৃতির উপাধিতে কর্ত্তার ন্যায় উপলব্ধ হইতেছেন। তথাপি তিনিই কেবল প্রকৃতির পুরীতে অধিষ্ঠাতৃভাবে অবস্থিতি করায়, প্রকৃতিতে শক্তির প্রচয় ঘটিয়া থাকে। ভগবানই পুরুষবিশেষ এবং প্রকৃতিও তাহার ইচ্ছাশক্তি মাত্র। প্রকৃতির প্রথম পরিণামে যে মহত্তত্ত্বের উদয় হয়, সে স্থলেও চৈতন্যশক্তির বিকাসে যেমন মহত্তত্ত্বের পুনরায় পরিণাম ঘটে, আবার মহতের অধিষ্ঠাত্রীভাবে চৈতন্যশক্তিও সেইরূপ মহত্তত্ত্বরূপে স্বয়ং ও পরিচিত হন। এই নিমিত্ত ভগবানকে মহত্তত্ত্বরূপে এই শ্লোকে বর্ণিত করা হইয়াছে। অর্থাৎ প্রকৃতি যখন পরমাত্মার শক্তি, তখন প্রকৃতি হইতে অবান্তর ভাবে যে কিছু

আত্মাভিপৃচ্ছেঽদ্য পতিং প্রজানাং ত্বয়াবতীর্ণার্ণ উতাপ্তকামঃ।

অন্বয়ঃ।

প্রজানাং পতিং ত্বাং আপৃচ্ছে কিঞ্চিৎ পৃচ্ছামি, আভি (পাদপূরণে); ত্বয়া অবতীর্ণার্ণঃ (অবতীর্য্য অপাকৃতানি (পুত্ররূপেণ অবতীর্ণত্বাৎ) ঋণানি যস্য সঃ) উত অপি আপ্তকামঃ

শ্রীধরস্বামী।

সন্ন্যাসানুজ্ঞাং প্রার্থয়তে। আত্মাভিপৃচ্ছে যৎ কিঞ্চিদপি পৃচ্ছামীত্যর্থঃ। ত্বয়া পুত্র-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আভীতি পাদপূরণার্থং। আপৃচ্ছে অদ্য সংপ্রতি সন্ন্যাসার্থমাজ্ঞাং প্রার্থয়ে। ত্বয়া হেতুনা অবতীর্ণং নিবৃত্তং প্রজাঃ সৃজেতি পিতুরাজ্ঞারূপং ঋণং যস্য সঃ। আপ্তকামঃ পূর্ণ-মনোরথশ্চাহং পরিব্রজতাং সন্ন্যাসিনাং পদবীং আস্থিত স্ত্বাং হৃদি যুঞ্জন্ স্মরন্ চরিষ্যে যতস্ততঃ পর্য্যটিষ্যামি অত্র শ্রীকর্দ্দমেন মনস্যেবং পরামৃষ্টং শুক্লাভিধানে শ্রীনারায়ণে মৎপ্রভৌ মমাজন্মত এব দাস্যনিষ্ঠা বরীবর্ত্তি। সংপ্রতি পুত্রীভূতে চাস্মিন্ দুর্ব্বার-বাৎসল্য-মপ্যুদেষ্যত্যেবেতি দাস্যবাৎসল্যয়ো র্যৌগপদ্যং ন রসাবহং। কিঞ্চায়মীশ্বরঃ স্বতন্ত্রএব

হে প্রজাপতে! আপনাকে একটি সামান্য কথা জিজ্ঞাসা করি! আপনি আমার পুত্ররূপে অবতীর্ণ হওয়াতেই আমি ত্রিবিধ ঋণ হইতে অনায়াসে মুক্তি লাভ করিয়াছি; এবং আমার অভিলাষ পূর্ণ হইয়াছে। সম্প্রতি সন্ন্যাস

আভাস।

পরিণাম ঘটিয়া এই স্থূল জগতের রচনা হইয়াছে, সর্ব্বত্র এক পরম পুরুষ পরমাত্মা অধিষ্ঠাতৃ রূপে, নিয়ামকরূপে এবং আশ্রয়-রূপে তিনিই বিরাজ করিতেছেন; শক্তির পরিচয়ে শক্তকেই সর্ব্বত্র লক্ষ্য হয়। জগৎ যখন শক্তিরই রূপ, তখন শক্ত পুরুষ তাহা হইতে কখন ভিন্ন নহেন; তথাপি এ সমস্ত মায়াময়! অন্তে ইহারা থাকে না। সুতরাং তাহার দ্বারা মায়াতীত ভগবানের স্বরূপ কখন নির্ণয় হইতে পারে না। এই অনন্ত রূপের যিনি আধার ও নিয়ামক, তিনিই ভূতভাবন পরমেশ্বর ॥ ৩২ ॥

এক্ষণে কর্দ্দম কপিলদেবকে পুত্ররূপে প্রাপ্ত হইয়া, "প্রজা সৃজন কর" বলিয়া পিতা ব্রহ্মার আজ্ঞারূপ ঋণ হইতে যেন মুক্তি লাভ করিয়াছেন বিবেচনা করিলেন; সুতরাং সন্ন্যাসগ্রহণে বন-গমনার্থ পুত্র কপিলের নিকট অনুমতি প্রার্থনা করিলেন। তাঁহার অভিপ্রায় এই যে, জনকে সর্ব্ববাসনা হইতে নির্ম্মুক্ত করা অতীব সুকঠিন; সুতরাং মানবের পক্ষে সন্ন্যাস অবলম্বন বড়ই দুরূহ। কিন্তু যখন তিনি পুত্ররূপে সাক্ষাৎ ভগবানকেই প্রাপ্ত হইয়াছেন, এক্ষণে কেবল তাঁহাকে মাত্র হৃদয়ে স্থান প্রদানে নিশ্চিন্ত ভাবে পর্য্যটন করা তত কঠিন হইবে না। এদিকে জগতে পুত্রের ন্যায়, প্রিয় বস্তু নাই! অথচ পুত্রমূর্ত্তি কপিলের চিন্তায় অপবর্গ ব্যতীত বন্ধনের কোন সম্ভাবনা নাই। অতএব এরূপ সুবিধা কর্দ্দমের পক্ষে নিতান্ত সৌভাগ্যের বিষয়, সন্দেহ নাই। তবে এখানে এরূপ আশঙ্কা হইতে পারে

পরিব্রজৎপদবীমাস্থিতোঽহং চরিষ্যে ত্বা হৃদি যুঞ্জন্ বিশোকঃ ॥ ৩৩ ॥

শ্রীভগবানুবাচ ॥

ময়া প্রোক্তং হি লোকস্য প্রমাণং সত্যলৌকিকে।

অন্বয়ঃ।

পূর্ণমনোরথঃ, চ (অহং অধুনা) পরিব্রজৎপদবীং (পরিব্রজতাং সন্ন্যাসিনাং পদবীং মার্গং আস্থিতঃ সন্ ত্বা ত্বাং এব হৃদি যুঞ্জন্ ধ্যায়ন্, বিশোকঃ এব চরিষ্যে বিচরিষ্যামি ॥ ৩৩ ॥

শ্রীভগবান্ উবাচ। হি যস্মাৎ সত্যলৌকিকে সত্যে বৈদিকে, লৌকিকে চ কৃত্যে

শ্রীধরস্বামী।

রূপেণ অবতীর্ণানি নিবৃত্তানি ঋণানি দৈবাদিরূপাণি যস্য সঃ। আপ্তকামশ্চাহং পরিব্রজতাং সংন্যাসিনাং পদবীং মার্গমাশ্রিতঃ সন্ ত্বা ত্বাং যুঞ্জন্ স্মরন্ বিচরিষ্যামি ॥ ৩৩ ॥

অহং ভাবজ্ঞানোপদেশায়ৈব ত্বদ্‌গৃহে অবতীর্ণঃ অতস্তব গৃহে বসতোঽপি মুক্তিঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাং শোকসমুদ্রে নিমজ্যাচিরাদেব প্রব্রজিষ্যত্যতঃ প্রথমং অহমেব কিং ন প্রব্রজামি। নচ গৃহেঽবতীর্ণং প্রভুং বিহায় গচ্ছতো মম অত্রাপরাধো যতোঽস্মাকং বৈষ্ণবানাং মতে ভজনীয়ঃ প্রভুঃ খলু ভজনাধীন ইতি ভজনীয়াদপি ভজনে ভূয়ানাগ্রহঃ কর্ত্তুমুচিত ইত্যস্য ভজনমেবাষ্টযামিকং বিবিক্তারণ্যে নিষ্প্রত্যূহং চিকীর্ষামীতি ॥ ৩৩ ॥

ভো মহামুনে ত্বং মদভিপ্রেতমেব চিকীর্ষসি সর্ব্বং ত্যক্ত্বা মদ্ভজনস্য ময়ৈব কর্ত্তব্যত্বেন প্রোক্তত্বাদিত্যাহ হি নিশ্চিতং ময়া যৎ প্রোক্তং, সর্ব্বধর্ম্মান্ পরিত্যজেত্যাদি গীতো-

---

অবলম্বনে আপনাকে হৃদয়ে চিন্তা করত সকল ভয় হইতে নিষ্কৃতি লাভে সুখে বিচরণ করিতে বাসনা করিতেছি। এক্ষণে আপনার অনুমতির প্রার্থনা মাত্র! ॥ ৩৩ ॥

কর্দ্দমের বাক্যাবসানে ভগবান্ কপিলদেব পিতাকে সম্বোধন পূর্ব্বক

আভাস।

যে, সাক্ষাৎ পূর্ণ ব্রহ্মকে গৃহে প্রাপ্ত হইয়া, আবার বন-গমনের আকাঙ্ক্ষা কেন কর্দ্দমের হৃদয়ে উদিত হইল? এতদুত্তরে বক্তব্য এই যে, বাৎসল্য ও দাস্যভাব একত্র কখন এক আধারে উদিত থাকিতে পারে না। তিনি বাৎসল্য-রসে ভগবানকে প্রাপ্ত হইয়াও, দাস্য-ভাবে তাঁহার শরণ লইবার প্রার্থনা করিলেন। নিকটে থাকিলে, পাছে বাৎসল্যরসের উদ্ভাবনে দাস্যভাব বিলুপ্ত হয়, এই ভয়ে দূরে থাকিয়া তাঁহার আরাধনা প্রার্থনা করিয়াছেন। তিনি বলিয়াছিলেন হে জনার্দ্দন! তোমার বাৎসল্যরসে বিমুগ্ধ হইয়া সংসারকে তুচ্ছ বোধ করিব বটে, কিন্তু সেই সময় আমি যেখানেই থাকি না, প্রভু হইয়া নিরন্তর আমার হৃদয়-মন্দিরে যেন জাগরূক থাকেন, অভিমান যেন আর স্থান না পায়; ইহাই প্রার্থনা ॥ ৩৩ ॥

অথাজনি ময়া তুভ্যং যদবোচমৃতং মুনে ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

ময়া প্রোক্তং এব লোকস্য সদাচারনিষ্ঠস্য প্রাণিজাতস্য প্রমাণং; অথ হে মুনে! তুভ্যং যৎ অবোচং উক্তবান্ তৎ ঋতং সত্যং যথা স্যাৎ তথা ময়া অজনি জন্ম স্বীকৃতং ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

সুলভৈব। যদ্যপ্যবশ্যং গন্তব্যমেব ইত্যাগ্রহঃ তথাপি মামেবানুস্মরন্ গচ্ছেত্যাশয়েনাহ ময়েতি ষড়্ভিঃ। সত্যলৌকিকে বৈদিকে লৌকিকেচ কৃত্যে। স্বোক্তস্য প্রামাণ্যমভি দর্শয়তি যদ্যস্মাত্তুভ্যং তব পুত্রো ভবিষ্যামীতি অবোচং অতএব তদৃতং। যথা ভবতি তথা ময়া অজনি জন্ম স্বীকৃতং ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পনিষদাদিভি স্তদেব লোকস্য প্রমাণং। ক সত্যলৌকিকে ইতি সর্ব্বোত্তমেঽলৌকিকে অয়মর্থঃ। লোকে ভবো লৌকিক স্ত্রিবর্গপ্রাপ্তিলক্ষণো ধর্ম্মস্তত্র মন্বাদিভিরপি প্রোক্তং লোকস্য প্রমাণং। অলৌকিক স্তদ্ভিন্নো মৎপ্রাপ্তিলক্ষণো যো ধর্ম্ম স্তত্র সতি সর্ব্বোত্তম-ভাগবতধর্ম্মে ময়া প্রোক্তমেব লোকস্য প্রমাণং। যদুক্তং। যে বৈ ভগবতা প্রোক্তা উপায়া আত্মলব্ধয় ইতি। অতস্ত্বয়া সাধু বিচারিতং যৎ সর্ব্বং ত্যক্ত্বা যামীতি ভাবঃ। স্বোক্তস্য প্রামাণ্যমভিদর্শয়তি অথ। অতএব ময়া অজনি যত্তুভ্যং তব পুত্রো ভবিষ্যামী-ত্যবোচং তৎ ঋতং সত্যমেব ॥ ৩৪ ॥

নিরূপণ করা আছে, তাহাকেই সাংখ্যশাস্ত্র বলা যায়; এবং তাহা হইতে লব্ধ জ্ঞানকে সাংখ্যজ্ঞান বলে। এখানে পাছে প্রশ্ন হয় যে, আত্মজ্ঞানেই জীব যখন মুক্ত হয়, তখন তদ্ব্যতীত পৃথক্ তত্ত্বসমূহের নিরূপণ করিবার কি প্রয়োজন? তদুত্তরে শ্লোকে উক্ত হইয়াছে যে, জীব-স্বরূপকে পৃথক্‌ভাবে বা বস্তুরূপে নিরূপণ করা অসম্ভব। তবে যে সকল তত্ত্বে অধিষ্ঠিত থাকিয়া, যেন তদ্ভাবেই জীবচৈতন্য আত্মপরিচয় দেন, সেই চতুর্ব্বিংশতি তত্ত্বকে নিরূপণ করিলে, সর্ব্বদ্রষ্টা ও সকলের অন্ত-সীমায় দণ্ডায়মান আত্মস্বরূপের জ্ঞান আপনা হইতেই উপলব্ধ হইয়া থাকে। অন্যের সহিত মল্লযুদ্ধে অবসন্নপ্রায় আত্মীয়কে অবলোকন করত তাহার উদ্ধারার্থ অগ্রসর হইয়া, বিপক্ষ মল্লকেই আক্রমণ করিতে হয়; তাহা হইলে, অবসন্ন আত্মীয় তৎসাহায্যে বল-লাভ করত বিপক্ষকে অনায়াসে অভিভূত করিতে পারে; সেইরূপ জ্ঞাতব্যজ্ঞান প্রার্থনীয় হইলেও, প্রথমত তত্ত্বের জ্ঞান প্রয়োজন; তত্ত্বকে অবলম্বন করিয়া তাহার স্বরূপ, ধর্ম্ম ও ক্রিয়ার প্রতি নিরীক্ষণ করিলে, তাহারা আর অভিমানের উপজননে সমর্থ হয় না; আপন সীমা ও অধিকারেই আপনারা বদ্ধ থাকে। সুতরাং তাতিরিক্ত, তৎসংসর্গে অবস্থিত ও তৎসাক্ষীভূত আত্মস্বরূপের আর পৃথক্ পরিচয়

গুণৈ র্বিচিত্রাঃ সৃজতীং স্বরূপাঃ প্রকৃতিং প্রজাঃ।
বিলোক্য মুমুহে সদ্যঃ স ইহ জ্ঞানগূহয়া ॥ ৫ ॥

অন্বয়ঃ।

গুণৈঃ সত্ত্বাদিভিঃ স্বরূপাঃ ত্রিগুণাত্মিকাঃ স্বসমানরূপাঃ বিচিত্রাঃ দেব-মনুষ্য-তির্য্যগাদি-রূপাঃ প্রজাঃ সৃজতীং প্রকৃতিং বিলোক্য সঃ জীবঃ ইহ সংসারে জ্ঞানগূহয়া (জ্ঞানং গূহতি আবৃণোতীতি তয়া) সদ্যঃ মুমুহে ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

তস্যা লীলামাহ গুণৈরিতি জ্ঞানং গূহতে আবৃণোতি ইতি জ্ঞানগূহা তয়া; তথাচ শ্রুতিঃ, অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাং বহ্বীঃ প্রজা জনয়ন্তীং স্বরূপাঃ। অজো হ্যেকো জুষমাণোঽনুশেতে জহাত্যেনাং ভুক্তভোগামজোঽন্য ইতি ॥ মুমুহে আত্মানং বিস্মৃতবান্ ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্র জীবস্য মোহমাহ প্রকৃতিং বিলোক্য স জীবাত্মা ইহ প্রকৃতৌ স্থিতঃ সদ্যঃ প্রকৃতি-সংসর্গ-সময় এব জ্ঞানগূহয়া প্রকৃতেরেবাবিদ্যাখ্যবৃত্ত্যা যুক্তো মুমুহে স্বরূপং বিসস্মার সদৈবানাদ্যবিদ্যয়া যুক্তোঽপি জীবঃ সুষুপ্তৌ যথা স্বরূপং কিঞ্চিদুপলভতে তথৈব সৃষ্টেঃ পূর্ব্বং প্রলয়েঽপি স্বরূপমুপলভমান এবাসীৎ সৃষ্ট্যারম্ভে তু তদ্বিসস্মারেত্যর্থঃ। কীদৃশীং গুণৈঃ সত্ত্বাদিভি র্বিচিত্রাঃ প্রজাঃ সৃজন্তীং তথাচ শ্রুতিঃ অজামেকাং লোহিতশুক্লকৃষ্ণাং বহ্বীঃ প্রজা জনয়ন্তীং স্বরূপাঃ। অজো হ্যেকো জুষমাণোঽনুশেতে জহাত্যেনাং ভুক্তভোগা-মজোঽন্য ইতি ॥ ৫ ॥

কিন্তু পুরুষ-চৈতন্যের সংসর্গে আপনার অনুরূপ ত্রিগুণাত্মক বিচিত্র দেব, মনুষ্য ও তির্য্যক্ আদি অনন্ত প্রজা প্রকৃতি সৃজন করিয়াছেন দেখিয়া, সৃষ্টি কার্য্যে উপহত জীব আত্মজ্ঞানের অপলোপে বিমোহিত হইয়া পড়েন ॥ ৫ ॥

আভাস।

দিতে হয় না। কিন্তু যদি কোন ব্যক্তি স্নেহের অনুরোধে নির্ব্বুদ্ধিতা বশত রিপক্ষ মল্লকে আক্রমণ না করিয়া, স্বীয় আত্মীয়কেই আলিঙ্গন করত মল্লের হস্ত হইতে তাহাকে উদ্ধারের চেষ্টা করেন, তাহা হইলে অসময়ে আলিঙ্গনের দোষে আত্মীয়ের সামর্থ্য ও অধিকার অধিকতর সঙ্কুচিত হইয়া বিপক্ষের দলনে যেমন বিনষ্ট হয়, সেইরূপ তাদাত্ম্যের দৃঢ় বন্ধনে নিবদ্ধ আত্মস্বরূপকে অবলম্বন পূর্ব্বক যাঁহারা তত্ত্বগ্রামের বিচারে উদাসীন হন, তাঁহারা তত্ত্বগ্রামের ভীষণ মুখ-ভঙ্গিতে আত্মসংগোপন করত জীবস্বরূপের সূত্রই হারাইয়া ফেলেন। অতএব যেমন উক্ত আছে, "নহি সাংখ্যসমং জ্ঞানং নহি যোগসমং বলং। অত্র বঃ সংশয়ো মাভূৎ জ্ঞানং সাংখ্যং পরং মতম্॥" সাংখ্যজ্ঞানের তুল্য জ্ঞান নাই। এবং যোগের তুল্য বল নাই; সাংখ্যজ্ঞানের শ্রেষ্ঠত্ব সম্বন্ধে যেন, কাহারও মনে সন্দেহ না হয়। সাংখ্য-জ্ঞানেই ভগবদ্ভক্তির পরাকাষ্ঠা লাভ হয়; এবং পরিণামে কোন বিপর্য্যয়ের সম্ভাবনা থাকে

এবং পরাভিধ্যানেন কর্ত্তৃত্বং প্রকৃতেঃ পুমান্।

অন্বয়ঃ।

এবং পরাভিধ্যানেন (প্রকৃতৌ দেহান্তঃকরণাদিরূপেণ পরিণতায়াং অভিধ্যানেন

শ্রীধরস্বামী

পরাভিধ্যানং প্রকৃত্যধ্যাসঃ তেন প্রকৃতের্গুণৈঃ কর্ম্মসু ক্রিয়মাণেষু কর্ত্তৃত্বমাত্মনি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবং নৃত্যতো গায়তঃ পশ্যন্ যথৈবানুকরোতি তানিতি রীত্যা পরাভিধ্যানেন প্রকৃত্যধ্যাসেন সাচ প্রকৃতি র্দেহ এবেতি দেহ এবাহমিতি মননেন প্রকৃতে র্গুণৈঃ ক্রিয়মাণেষু কর্ম্মসু রূপাদিগ্রহণেষু কর্ত্তৃত্বমাত্মনি মন্যতে তত্র নিরহংভাবস্য পরাভিধ্যানাসম্ভবাৎ

প্রকৃতিই দেহ ও অন্তঃকরণাদিরূপে পরিণত হয়; অথচ প্রকৃতিতে উপহত আভাস।

না। ইহারই সাহায্যে জীব নিত্যনিরঞ্জন স্বয়ংপ্রকাশ প্রকৃতির অতীত পরম পুরুষকে আত্মস্বরূপে অবধারণ করত জীবন্মুক্ত হইতে পারে। এক্ষণে বিপক্ষ মল্লকে আক্রমণ করিতে হইলে, যেমন তাহার বল ও অবয়বাদির প্রতি বিশেষ লক্ষ্য করা কর্ত্তব্য, সেইরূপ প্রকৃতি হইতে পুরুষকে পৃথক্ করিতে হইলে, প্রকৃতির স্বরূপ ও তাহার পরিণামে সমুৎপন্ন তত্ত্বগ্রামকে পূর্ব্বেই নিরূপণ করা বিধেয়। এই প্রকৃতিই সত্ত্ব, রজঃ ও তমোগুণের সাম্যাবস্থারূপ অঘটন-ঘটনাপটীয়সী মহামাহেশ্বরী শক্তিমাত্র। যেমন কোন পুরুষ স্বীয় অভিপ্রায় অনুসারে আত্মস্বরূপে সংগোপিত স্বীয় শক্তিরই প্রকাশে সকল কার্য্যে অগ্রসর হয়, সেইরূপ মহামহেশ্বর বিভু নারায়ণ স্বীয় অভিপ্রায় অনুসারে আত্মস্বরূপে অপ্রকটিত দৈবী শক্তির অনুধ্যান পূর্ব্বক সৃষ্টিকার্য্যে প্রবৃত্ত হন। শ্রুতি বলিয়াছেন; "মায়াং তু প্রকৃতিং বিদ্যান্মায়িনং তু মহেশ্বরং। তস্যাবয়বভূতৈস্তু ব্যাপ্তং বিশ্বমশেষতঃ॥ প্রকৃতির নাম মায়া। মায়াধিষ্ঠিত মহামহেশ্বরই মূল মায়ী এবং এই মহামায়ার প্রকটনেই জগৎ-সংসার বিরচিত হইয়াছে। পঞ্চদশীতে উক্ত আছে, "সত্ত্বশুদ্ধ্যবিশুদ্ধিভ্যাং মায়াবিদ্যে চ তে মতে। মায়াবিম্বো বশীকৃত্য তাং স্যাৎ সর্ব্বজ্ঞ ঈশ্বরঃ॥ অবিদ্যাবরগং স্বস্য স্তদ্বৈচিত্র্যাদনেকধা। সা কারণশরীরং স্যাৎ প্রাজ্ঞস্তত্রাভিমানবান্॥" প্রকৃতি যতকাল শক্তিরূপে ব্রহ্মেই অবস্থিতা থাকেন, ততকাল তাঁহার পৃথক্ সত্তা বা নামরূপাদির অভিব্যক্তি থাকে না; পরে সৃষ্টির অভিপ্রায়ে ভগবান্ যখন নিজ শক্তির প্রতি কটাক্ষ করেন, তখনই সৃষ্টির মূল-কারণরূপে ও তৎসত্তাতিরিক্ত পৃথক্ সত্তাভাবে প্রকৃতি মায়াবেশে আত্মপরিচয় দেন। তখন প্রকৃতিতে দ্বিবিধ ভাবের প্রকাশ থাকে; প্রথম স্বরূপ; দ্বিতীয় বিরূপ। অর্থাৎ বিকৃত মোহপ্রদ মায়াময়ী ভাব। যেমন জলাদি তৈজস পদার্থে প্রতিবিম্বিত চন্দ্র জলাদির স্থিরতায় পূর্ণপ্রতিবিম্বিত এবং চঞ্চল অবস্থায় চাঞ্চল্য অনুসারে ভগ্নপ্রতিবিম্বিত পরিদৃষ্ট হয়, সেইরূপ প্রকৃতির স্বরূপ ঈক্ষণকারী পুরুষই পরমেশ্বর এবং বিরূপদর্শনকারী পুরুষই জীব। পরমেশ্বর প্রকৃতির

কর্ম্মসু ক্রিয়মাণেষু গুণৈরাত্মনি মন্যতে ॥ ৬ ॥

অন্বয়ঃ।

আত্মধ্যানেন) প্রকৃতেঃ গুণৈঃ সত্বাদিভিঃ দেহাদিরূপেণ পরিণতৈঃ ক্রিয়মাণেষু কর্ম্মসু কর্ত্তৃত্বং পুমান্ আত্মনি স্বস্মিন্, মন্যতে ॥ ৬ ॥

শ্রীধরস্বামী।

মন্যতে ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

পরাবেশ-জাতাহঙ্কারস্য চাবরকত্বাদস্ত্যেব তস্মিন্নন্যোঽহং ভাববিশেষঃ সচ শুদ্ধস্বরূপমাত্র-নিষ্ঠত্বান্ন সংসারহেতুরিতি স্পষ্টং বিপ্রকুমারস্য সাহঙ্করস্যৈব ভূতাবেশত্বে সতি ভূতোঽহমিতিবদিতি বিবেচনীয়ং ॥ ৬ ॥

পুরুষ প্রকৃতিনিষ্ঠ গুণত্রয়ে সমুৎপন্ন দেহাদি কার্য্যসমূহের কর্ত্তৃত্ব আত্মস্বরূপে আরোপ করেন মাত্র ॥ ৬ ॥

আভাস।

অধিষ্ঠাতা থাকিয়া, কার্য্যে তাঁহাকে নিয়োজিত করিতেছেন এবং জীবনামা পুরুষ প্রকৃতির কার্য্যানুসারে নিয়োজিত হইতেছেন। যেমন জল হইতে তরঙ্গ ভিন্ন নহে, সেইরূপ ত্রিগুণা প্রকৃতি হইতে সমুৎপন্ন তত্ত্বগ্রামও প্রকৃতির স্বরূপ হইতে ভিন্ন নহে। প্রতিবিম্বিত চন্দ্র গোলাকার হইলেও, যেমন তরঙ্গের আকারে তরঙ্গের প্রত্যেক শীর্ষভাগে তৎস্বরূপেই প্রতিভাত হইতে থাকে, সেইরূপ জীব অখণ্ড একরস ব্রহ্মের স্বরূপ হইলেও, প্রকৃতির তত্ত্বে তত্ত্বাবাক্রান্ত হইয়া স্বকীয় চৈতন্যময় এবং আনন্দপূর্ণত্বাদি ভাবের পরিবর্ত্তে তত্তদ্রূপেই পরিচিত হইতে থাকেন। গুণত্রয়ের সাম্যাবস্থা একরূপই হইবে; সুতরাং তাহাতে অধিষ্ঠিত চৈতন্যস্বরূপ পরম পুরুষ একরূপই থাকেন। এবং গুণত্রয়ের বৈষম্যভাব অনন্ত; সুতরাং তাহাতে প্রতিবিম্বিত ভাবে অধিষ্ঠান-কর্ত্তা চৈতন্যস্বরূপ জীব অনন্ত হইয়াও অনন্ত কার্য্যকারণভেদে অনন্ত দেহে ও অনন্তরূপে পরিচিত হইতে থাকেন। প্রকৃতির পরিণামে সূক্ষ্মতত্ত্ব কারণ-শরীর প্রভৃতি স্থূলদেহ ও জগৎ রচিত হইয়াছে; সুতরাং তাহাতে প্রতিবিম্বাকারে অধিষ্ঠিত অতএব সেই দেহাদিতে আত্মাভিমান বশত "আমি এই" ইত্যাদি জ্ঞানে বিমোহিত জীব প্রকৃতির ধর্ম্ম ও কর্ম্ম আপনাতে আরোপ করত, আপনাকে কর্ত্তা ও ভোক্তা বলিয়া জ্ঞান করে। যেমন প্রেতাবেশে আবিষ্ট ব্রাহ্মণকুমার নিজকে প্রেতজ্ঞানে প্রেতের ন্যায় পরিচয় দেয়, কিন্তু যে পৃথক্ দণ্ডায়মান হইয়া প্রেতকে দর্শন করে, সে আপনাকে ব্রাহ্মণ বলিয়া পরিচয় দেয়; সেইরূপ পরমাত্মা প্রকৃতিকে কেবল ঈক্ষণ করত স্বেচ্ছাক্রমে তদুৎপন্ন কর্য্যসমূহের অবলোকন করেন মাত্র; কিন্তু জীব প্রকৃতিতে অভিভূত থাকায়, তদুৎপন্ন কর্য্যেই অভিভূত হইয়া পড়ে ॥ ১—৬ ॥

প্রকৃত প্রস্তাবে জীব অকর্ত্তা ও সাক্ষীমাত্র হইলেও কেবল কর্ত্তৃত্ব-মননেই কর্ম্মবন্ধনে বদ্ধ হয়। যেমন রাজকীয় কর্ম্মচারী রাজানামেই অভিহিত; অর্থাৎ রাজার কার্য্য যে

তদস্য সংসৃতির্বন্ধঃ পারতন্ত্র্যঞ্চ তৎকৃতং।
ভবত্যকর্ত্তুরীশস্য সাক্ষিণো নির্বৃতাত্মনঃ ॥ ৭ ॥

অন্বয়ঃ।

তৎ তস্মাৎ কর্ত্তৃত্বাভিমানাৎ এব অস্য পুরুষস্য বস্তুতঃ অকর্ত্তুঃ এব কর্ম্মভিঃ বন্ধঃ ঈশস্য স্বতন্ত্রস্য, তৎকৃতং পারতন্ত্র্যং সাক্ষিণঃ চৈতন্যরূপস্য, নির্বৃতাত্মনঃ আনন্দস্বরূপস্য, এব সংসৃতিঃ ভবতি ॥ ৭ ॥

শ্রীধরস্বামী।

তদিতি কর্ত্তৃত্বমননমেব অস্য পুরুষস্য সাক্ষিমাত্রত্বাৎ অকর্ত্তুরেব সতঃ কর্ম্মভির্বন্ধঃ। ঈশস্যাপরতন্ত্রস্যৈব কর্ম্ম বন্ধকৃতং ভোগপারতন্ত্র্যং। নির্বৃতাত্মনঃ সুখাত্মকস্যৈব সংসৃতিঃ জন্মমৃত্যুপ্রবাহঃ। প্রকৃত্যবিবেককৃতমেতৎ সর্ব্বং ভবতীত্যর্থঃ ॥ ৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদিতি কর্ত্তৃত্বমননমেবাস্য জীবস্য বস্তুতঃ সাক্ষিমাত্রত্বাদকর্ত্তুরেব সতঃ কর্ম্মভিরেব বন্ধঃ। যথা রাজকীয়ঃ পুরুষো রাজোচ্যতে তথৈব ঈশস্য ঈশ-শব্দবাচ্যস্যেশ্বরশক্তি-রূপস্যাপি কর্ম্মবন্ধকৃতং ভোগপারতন্ত্র্যং নির্বৃতাত্মনঃ সুখস্বরূপস্যাপি সংসৃতি র্জন্মমৃত্যু-প্রবাহঃ ॥ ৭ ॥

অতএব এই কর্ত্তৃত্বাভিমান বশত বস্তুত স্বতন্ত্র এবং অকর্ত্তাস্বরূপ পুরুষেরও কর্ম্মনিবন্ধন পরতন্ত্রতা এবং আনন্দৈকরস সাক্ষীভূতেরও সংসার ঘটিয়া থাকে ॥ ৭ ॥

আভাস।

পুরুষের দ্বারাই সমাধা করা হয়, সেই রাজার তুল্য, সেইরূপ ঈশ-শক্তিরূপ জীব যে আধারে ও যে ভাবেই থাকুন, তিনিও ঈশ-শব্দবাচ্য সন্দেহ নাই! তবে উপাধির দোষে বা গুণে সেই স্বরূপশক্তির প্রকটনের তারতম্য ঘটিয়া থাকে মাত্র। কারণ প্রকৃতিকে সম্পূর্ণ অবগত না হইবার দোষেই কেবল স্বতন্ত্র ঈশ্বরশক্তি জীবও পরতন্ত্রের ন্যায় কর্ম্ম বন্ধনে আবদ্ধ হইয়া, স্বকীয় সুখস্বরূপ বিস্মৃত হন; এবং জন্মমরণরূপ সংসার-প্রবাহে নিরন্তর ভাসমান থাকেন ॥ ৭ ॥

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, বিদ্যারূপা মায়ায় অধিষ্ঠিত চৈতন্যই ঈশ্বর এবং অবিদ্যারূপা মায়ায় অধিষ্ঠিত চৈতন্যই জীব। সুতরাং চৈতন্যাংশে উভয়ের একত্ব হইলেও, কেবল উপাধির ভেদ মাত্র। তখন যেমন জীবচৈতন্যের কর্ত্তৃত্বাভিমান জন্মে, সেইরূপ ঈশ্বরচৈতন্যে কর্ত্তৃত্বাভিমানের উপচয় হইবার প্রতিবন্ধক কি? তদুত্তরে বলা হইল যে অবিদ্যাই সকল অনিষ্টের কারণ। অবিদ্যারূপা প্রকৃতির প্রকটনে স্থূল দেহ, সূক্ষ্ম ইন্দ্রিয়া এবং নিয়োগ কর্ত্তারূপ দেবতাবর্গের উৎপাদন হয়; এবং তদধিষ্ঠিত জীব তদ্ভাবাপন্ন বলিয়া যে আপনাকে প্রতীতি করেন, তাহার মূল কারণ প্রকৃতিকেই স্বীকার করিতে হইবে। কিন্তু

কার্য্যকারণকর্ত্তৃত্বে কারণং প্রকৃতিং বিদুঃ।
ভোক্তৃত্বে সুখদুঃখানাং পুরুষং প্রকৃতেঃ পরং ॥ ৮ ॥

অন্বয়ঃ।

কার্য্যকারণকর্ত্তৃত্বে (কার্য্যং শরীরং স্থূলং, কারণং সূক্ষ্মং ইন্দ্রিয়ং তয়োঃ কর্ত্তৃত্বে পুরুষস্য তত্তদ্ভাবাপত্তৌ) প্রকৃতিং এব কারণং বিদুঃ (বিবেকিনঃ জানন্তি) তথা সুখদুঃখানাং ভোক্তৃত্বে প্রকৃতেঃ পরং পুরুষং এব কারণং বিদুঃ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

নন্থ চৈতন্যসামানাধিকরণ্যেনৈব কর্ত্তৃত্বাদিপ্রতীতেঃ। তস্যৈব তদঙ্গীক্রিয়তাং নেত্যাহ। কার্য্যং শরীরং কারণমিন্দ্রিয়ং কর্ত্তা দেবতাবর্গঃ। তদ্ভাবাপত্তৌ পুরুষস্য প্রকৃতিং কারণং বিদুঃ কূটস্থস্য স্বতো বিকারাভাবাৎ। প্রকৃতিপরিণামভূতদেহাদ্যহঙ্কারকৃতমেব কর্ত্তৃত্বাদিকমিত্যর্থঃ। ভোক্তৃত্বে তু পুরুষং কারণং বিদুরিত্যস্যায়ং ভাবঃ। যদ্যহঙ্কারগতমেব কার্য্যত্বাদিকং ভোক্তৃত্বঞ্চ তথাপি বিকারস্য জড়াবসানত্বাদুপাধিপ্রাধান্যং ভোগস্য চিদবসানত্বাৎ উপহিতপ্রাধান্যমিতি ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জীবস্য কর্ম্মভিরেব বন্ধ স্তেষাং কর্ম্মণাঞ্চ সাধনে ফলভোগে চ ক্রমেণ প্রকৃতিপুরুষাবেব কারণে ইত্যাহ কার্য্যেতি। ভূতেন্দ্রিয়-দেবতাভিরেব কর্ম্মসিদ্ধেস্তেষাং ভূতেন্দ্রিয়দেবতানাঞ্চ কার্য্যকারণকর্ত্তৃত্বে প্রকৃতিমেব কারণং বিদুঃ। প্রকৃত্যৈব তেষাং তদ্ভাবস্য সৃষ্টত্বাজ্জীবস্য কর্ম্মকরণং মায়াধীনমিত্যর্থঃ। কর্ম্মফলদাতা চ পরমেশ্বর এবেতি জীবস্য কর্ম্মফলভোক্তৃত্বমীশ্বরাধীনমেবেত্যাহ ভোক্তৃত্বে জীবস্য কর্ম্মফলানাং ভোগে পুরুষং কারণং বিদুরিত্যন্বয়ঃ ॥ ৮ ॥

স্থূলকার্য্য দেহাদি এবং সূক্ষ্ম কারণ ইন্দ্রিয়াদি ইহাদের নির্ম্মাণে প্রকৃতিরই পরিণামগত কর্ত্তৃত্ব এবং এতৎ সমষ্টিতে অধিষ্ঠানভূত চৈতন্যস্বরূপ পুরুষেরই সুখদুঃখাদিতে ভোক্তৃত্বের হেতু জন্মিয়া থাকে ॥ ৮ ॥

আভাস।

প্রতীতির অংশে ভোক্তৃত্ব অবশ্য পুরুষে স্বীকার্য্য। উপাধি জড় ও দৃশ্য; উপহিত জীব দ্রষ্টা। দৃশ্য থাকাতেই দ্রষ্টৃত্বের অভিমান এবং দ্রষ্টা থাকাতেই দৃশ্যভাব। দ্রষ্টার দৃশিশক্তির অপূর্ণত্বেই দৃশ্য দ্রষ্টব্য হয়; পূর্ণত্বে আর দৃশ্য হয় না; বরং তাহার প্রেরকই হইয়া থাকেন। সুতরাং অবিদ্যার কুহকে অপূর্ণশক্তি জীব দ্রষ্টব্য বোধে দৃশ্যের নিকট অগ্রসর হয়; সুতরাং বদ্ধ। এবং বিদ্যার সেবায় পূর্ণশক্তি মহাদেব প্রকৃতিকে প্রেরণীয়া বা সংহরণীয়া বলিয়া ঈক্ষণ করেন; সুতরাং তিনি সদা-মুক্ত ॥ ৮ ॥

এক্ষণে সংসারী পুরুষ এবং সংসার-কারণ প্রকৃতির কথা অবগত হইয়া, দেবহূতি এই

দেবহূতিরুবাচ ॥
প্রকৃতেঃ পুরুষস্যাপি লক্ষণং পুরুষোত্তম।
ব্রূহি কারণয়োরস্য সদসচ্চ যদাত্মকং ॥ ৯ ॥
শ্রীভগবানুবাচ ॥
যত্তৎত্রিগুণমব্যক্তং নিত্যং সদসদাত্মকং।

অন্বয়ঃ।

দেবহূতিঃ উবাচ। হে পুরুষোত্তম! সদসৎ কার্য্যকারণং স্থূলসূক্ষ্মং বা সর্ব্বং বিশ্বং যদাত্মকং, অস্য বিশ্বস্য তয়োঃ কারণয়োঃ প্রকৃতেঃ পুরুষস্য চাপি লক্ষণং ব্রূহি কথয়! ॥ ৯ ॥

শ্রীভগবান্ উবাচ। যৎ ত্রিগুণং সত্ত্বাদিগুণত্রয়াত্মকং, অব্যক্তং নিত্যং উৎপত্তিবিনাশ-রহিতং অবিশেষং পৃথিব্যাদিবৎ আকারবিশেষরহিতং, (তথাপি কার্য্যরূপতয়া) বিশেষবৎ

শ্রীধরস্বামী।

তদেবং সংসারিণং পুরুষং তদ্ধেতুং প্রকৃতিঞ্চ জ্ঞাত্বা ইদানীং জগৎকারণং ঈশ্বরং তৎপ্রকৃতিঞ্চ পৃচ্ছতি প্রকৃতেরিতি। অস্য বিশ্বস্য সদসচ্চ স্থূলং সূক্ষ্মঞ্চ কার্য্যং যদাত্মকং তয়োঃ প্রকৃতিপুরুষয়োঃ ॥ ৯ ॥

তত্র প্রকৃতিং লক্ষয়তি। যৎ প্রধানং তদেব প্রকৃতিং প্রাহুঃ। কিং তৎ প্রধানং স্বতোঽবিশেষং বিশেষবৎ বিশেষাণামাশ্রয়ঃ। তর্হি কিং ব্রহ্ম? ন ত্রিগুণং। কিং মহত্তত্ত্বাদি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ততশ্চ তাবেব প্রকৃতিপুরুষৌ বিশেষতো জিজ্ঞাসমানাবাহ প্রকৃতেরিতি। অস্য বিশ্বস্য সদসচ্চ স্থূলং সূক্ষ্মঞ্চ কার্য্যং যদাত্মকং ॥ ৯ ॥

তত্র প্রকৃতিং লক্ষয়তি। যৎ খলু ত্রিগুণং সত্ত্বাদি গুণত্রয়সমাহার স্তদেবাব্যক্তং প্রধানং প্রকৃতিঞ্চ প্রাহুঃ। তত্রাব্যক্তসংজ্ঞত্বে হেতুঃ অবিশেষং গুণত্রয়সামরূপত্বাদনভি-

---

দেবহূতি বলিলেন, হে পুরুষপ্রধান! সৎস্বরূপ স্থূল এবং অসদ্রূপ কারণের সমবায়েই এই বিশ্ব রচিত হইয়াছে; কিন্তু এই বিশ্বস্বরূপের মূল কারণস্থানীয় প্রকৃতি ও পুরুষের স্বরূপ কীর্ত্তন করিয়া আমাকে প্রতিবোধিত করুন! ॥ ৯ ॥

ভগবান্ বলিলেন, সত্ত্ব, রজঃ ও তমোগুণের সাম্যাবস্থারূপা প্রকৃতি স্বরূপতঃ নামরূপাদিবর্জ্জিত, ইন্দ্রিয়াদির অগোচর এবং নিত্যসিদ্ধা। সদসদ্

আভাস।

জগতের কারণ ঈশ্বর ও তাঁহার প্রকৃতির স্বরূপ অবগত হইবার জন্য পুত্র কপিলদেবকে পুনরায় তৎসম্বন্ধীয় প্রশ্ন জিজ্ঞাসা করিলেন ॥ ৯ ॥

এই শ্লোকে প্রকৃতির স্বরূপ বর্ণিত হইয়াছে। কিন্তু সাংখ্যাচার্য্যগণ সাংখ্যশাস্ত্র তত্ত্ব-কৌমুদী প্রভৃতি গ্রন্থে যেরূপ প্রকৃতির লক্ষণ করিয়াছেন, এ শ্লোকে সে ভাবে সম্পূর্ণ বিবৃত

প্রধানং প্রকৃতিং প্রাহুরবিশেষং বিশেষবৎ ॥ ১০ ॥

অন্বয়ঃ।

পৃথিব্যাদিনানাবিশেষাশ্রয়ভূতং (উপাদানতয়া) সদসদাত্মকং প্রধানং সূক্ষ্মং কারণং তদেব প্রকৃতিং প্রাহুঃ ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

ন, অব্যক্তং অকার্য্যং কিং কালাদি ন, সদসদাত্মকং, কার্য্যকারণরূপং, কিং জীবঃ প্রকৃতিঃ ন, নিত্যং ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্যক্তবিশেষং প্রধান-সংজ্ঞত্বে হেতুঃ। বিশেষবৎ। স্বাংশকার্য্যরূপাণাং মহদাদিবিশেষানামাশ্রয়রূপত্বেন তেভ্যঃ শ্রেষ্ঠং প্রকৃতি-সংজ্ঞত্বে হেতুঃ। সদসদাত্মকং। সদসৎস্থ কার্য্য-

---

যাবতীয় বস্তুই এই প্রকৃতি হইতে নামরূপাদি সহ উৎপন্ন হয়। তিনিই সৃষ্টির মূল কারণ। সুতরাং স্বরূপত স্বয়ং অব্যক্ত হইলেও জগদাদি বিশেষভাবে নিজেই পরিণত হইয়া থাকেন ॥ ১০ ॥

আভাস।

করা হয় নাই। বোধ হয়, ভগবান্ বেদব্যাস ভক্তিপ্রধান ভাগবতে অধিকারীর তারতম্যে পাছে ভক্তিভাবের কোনরূপ ন্যূনতা ঘটে, এই বিবেচনাতেই তাদৃশ বিচারভাগের অনেক সংকোচ করিয়াছেন; অথচ সাধারণত প্রয়োজনীয় সকল ভাবই দিয়াছেন। অনেকের মত যে শ্রীমদ্ভাগবতে উক্ত সাংখ্যমত সাংখ্যাচার্য্যগণের সম্পূর্ণ অভিপ্রেত নহে; অতএব তাঁহাদের অবগতির জন্য, উক্ত আচার্য্যগণের মত যথাসম্ভব প্রয়োজন মত বিবৃত করা যাইতেছে।

সাংখ্যতত্ত্বকৌমুদীতে প্রকৃতিকে অব্যক্ত বা প্রধান নামে এবং প্রকৃতি হইতে উৎপন্ন যাবতীয় পদার্থকে ব্যক্তনামে অভিহিত করত, এতদুভয়ের স্বরূপ-লক্ষণ বর্ণনার্থ প্রকাশ করিয়াছেন যে, "হেতুমদনিত্যমব্যাপি সক্রিয়মনেকমাশ্রিতং লিঙ্গং। সাবয়বং পরতন্ত্রং ব্যক্তং তদ্বিপরীতমব্যক্তং॥" ব্যক্ত পদার্থ কোন একটী অব্যক্ত কারণ হইতে উৎপন্ন হইয়া থাকে। যেমন তৈল তিল হইতে উৎপন্ন; তিলে তৈলের উৎপত্তি ঘটিবার হেতু আছে। অতএব মূল কারণোৎপন্ন যাবতীয় ব্যক্ত পদার্থই "হেতুমৎ"। "অনিত্যং" বিনাশি; যাহার তিরোভাব হয়। "অব্যাপি" যাহা সর্ব্বত্র ব্যাপ্ত নহে; মৃত্তিকা হইতে ঘট উৎপন্ন হওয়ায়, ঘটের সর্ব্বত্র মৃত্তিকা ব্যাপ্ত থাকে; কিন্তু ঘট মৃত্তিকার সর্ব্বত্র ব্যাপ্ত হইতে পারে না "সক্রিয়ং" অর্থাৎ পরস্পরের মিলনে অপর একটী কার্য্য ঘটে এবং বিশ্লেষে তাহার ধ্বংস হয়। "অনেকং" অর্থাৎ বহু। "আশ্রিতং" মূল কারণকে আশ্রয় করিয়াই অভিব্যক্ত হয়। "সাবয়বং" অর্থাৎ পরস্পরের সংযোগ ও বিয়োগে বিভিন্ন নাম ও রূপাদিতে পরিণত হয়। "পরতন্ত্রং" এই ব্যক্ত কার্য্যও তদপেক্ষা স্থূল অন্য কার্য্যকে উৎপাদন করে, কিন্তু স্ব স্ব কার্য্য উৎপাদনার্থ স্বীয় পুষ্টির জন্য স্ব স্ব কারণকে নিয়ত প্রতীক্ষা করে; নতুবা পোষণের অভাবে কার্য্য-জননের পর নিজেই অবসন্ন ও বিলুপ্ত হইয়া যাইত। বুদ্ধি নিজস্বরূপ হইতে কার্য্যরূপ অহঙ্কারতত্ত্ব উৎপাদন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কারণরূপেষু মহদাদিষু কারণত্বাৎ অনুগত আত্মা স্বরূপং যস্য তৎ। প্রলয়েঽপি কারণমাত্রাত্মনাবস্থিতত্বান্নিত্যং। যদ্বা। যত্তদনির্ব্বচনীয়ং শ্রেষ্ঠত্বাৎ প্রধানং তৎ প্রকৃতিং প্রাহুঃ। অনির্ব্বচনীয়ত্বমেবাহ ত্রিগুণমপ্যব্যক্তং সগুণং খলু ব্যক্তী ভবত্যেব তথা সৎ-

অভাস।

করিয়া, প্রকৃতি হইতে পোষণের অপেক্ষা করে; নতুবা দুর্ব্বল হইয়া অহঙ্কার উৎপাদনে সমর্থ হইত না। এই প্রকার অহঙ্কারতত্ত্বও স্বকার্য্য উৎপাদনে তৎপূর্ব্ববর্ত্তী কারণ সমীপে পোষণের প্রতীক্ষা করে। এই পারতন্ত্র্য ভাব প্রকৃতি ব্যতীত কার্য্যকারণভাবে ও কোন এক রূপে সকলেই গৌণমুখ্য সম্বন্ধে এক প্রকৃতিকেই পোষণার্থ অপেক্ষা করিতেছে। এই কয়েকটী ব্যক্তের স্বরূপ-লক্ষণ নিরূপণ করিয়া, অব্যক্তা প্রকৃতির স্বরূপ-লক্ষণার্থ বলিলেন, "তদ্বিপরীতং অব্যক্তং"; ইহাতে বলা হইল যে প্রকৃতি অহেতুমৎ, নিত্য, ব্যাপি, নিষ্ক্রিয় এক, স্বয়ংসিদ্ধ, অলিঙ্গ, নিরবয়ব এবং স্বতন্ত্র। পাঠকগণ পূর্ব্বোক্ত বিপরীত ভাব সমূহ আপনারা সংলগ্ন করিয়া লইবেন! গ্রন্থবাহুল্য ভয়ে এখানে আর তাহার বিশেষ বিবরণ দেওয়া হইল না। এতদ্ব্যতীত পুরুষ এবং প্রকৃতির ভেদের পরিচয়ার্থ বলিয়াছেন, "ত্রিগুণমবিবেকি বিষয়ঃ সামান্যমচেতনং প্রসবধর্ম্মি। ব্যক্তং তথা প্রধানং তদ্বিপরীত স্তথা চ পুমান্॥" এই কারিকা দ্বারা ব্যক্ত কার্য্যের সহিত অব্যক্তা প্রকৃতির সারূপ্য প্রদর্শন পূর্ব্বক, পুরুষ হইতে তদুভয়ের বৈরূপ্য প্রদর্শিত হইয়াছে। সত্ত্ব রজঃ ও তমোগুণের সাম্যাবস্থাই প্রকৃতি; সুতরাং তাহার গুণপরিণামে অর্থাৎ গুণত্রয়ের বৈষম্যরূপ তারতম্যে উৎপন্ন যাবতীয় কার্য্যই ত্রিগুণাত্মক। "অবিবেকি" বিভিন্ন বা স্বতন্ত্রভাবে প্রকৃতি বা তৎকার্য্য কখন অবস্থান করে না। যেমন গুণত্রয়ের মিলনেই প্রকৃতি; সেইরূপ পরস্পর বা প্রকৃতির অন্বয়িভাবের মিলনেই সকল পদার্থ উৎপন্ন হইয়াছে। "বিষয়" প্রকৃতিকে যেমন পরমচৈতন্য ঈক্ষণ করেন, সেইরূপ দেহাদি দৃশ্যপদার্থকে জীবচৈতন্য অবলোকন করেন। জড় প্রকৃতির আর দর্শন করিবার সামর্থ্য নাই; দৃষ্ট হইবার সামর্থ্য আছে। এবং সেই দৃশ্যভাব সাধারণত সকল পুরুষেরই নিকট সমান। এক পুরুষ যখন যে দ্রব্যকে দর্শন করিবে, তখন সেই দৃশ্য পদার্থ যে আর অন্যের নিকট দ্রষ্টব্য হইবে না, তাহা নহে। এতদর্থে বলা হইয়াছে, "সামান্যং" ও "অচেতনং"। প্রকৃতি যেমন আত্মস্বরূপের আংশিক পরিণামে প্রথম আত্মস্বরূপাতিরিক্ত পৃথক্ তত্ত্ব মহান্‌কে উৎপাদন করেন, মহত্তত্ত্বও ঐরূপ ভিন্ন তত্ত্ব অহঙ্কারকে উৎপাদন করিয়া থাকে। এইরূপ ক্রমান্বয়ে উৎপন্ন সকল তত্ত্বেরই উত্তরোত্তর উৎপাদনের সামর্থ্য আছে; এবং সেই সামর্থ্য পূর্ব্ব পূর্ব্ব কারণের দ্বারা প্রপূরিত হইয়া থাকে। সকলকে সাহায্য করিবার মূল সামর্থ্য এক প্রকৃতিতে আছে; তিনি আর নিজ পুষ্টির জন্য অন্যের নিকট সাহায্যের অপেক্ষা করেন না। এক্ষণে যে যে সাধারণ ধর্ম্মে এস্থলে প্রধান ও ব্যক্ত কার্য্যের স্বরূপ নির্ণয় করা হইল, পুরুষ সেই সেই ধর্ম্মের বিপরীত ভাবাপন্ন। অর্থাৎ

পঞ্চভিঃ পঞ্চভি ব্রর্হ্ম চতুর্ভি র্দশভি স্তথা।

অন্বয়ঃ।

পঞ্চভিঃ তথা পঞ্চভিঃ চতুর্ভিঃ দশভিশ্চ ইতি সংখ্যাভেদেন এতৎ চতুর্বিংশতিকং

শ্রীধরস্বামী।

অন্যেষাং তত্ত্বানাং লক্ষণং বক্তুং তানি গণয়তি পঞ্চভিরিত্যাদি সংখ্যাভেদেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্য্যমসৎ কারণং তত্তদাত্মকমপি নিত্যং। তথাভূতং মৃদাদি খল্বনিত্যমেব দৃষ্টং তথৈব মহদাদিবিশেষবদপি গুণসাম্যরূপত্বাদবিশেষং পৃথিব্যাদিবিশেষবৎ দ্রব্যং খলু তদন্যদ্রূপমবিশেষং ন দৃষ্টমতি॥ ১০॥

অন্যেষাং তত্ত্বানাং লক্ষণং বক্তুং তানি গণয়তি পঞ্চভিরিত্যাদি পঞ্চভি শ্চতুর্ভি র্দশভিশ্চ

পঞ্চ মহাভূত, সুক্ষ্ম তন্মাত্র-পঞ্চ, অন্তঃকরণ চতুষ্টয় এবং দশ ইন্দ্রিয় এই

আভাস।

পুরুষ ত্রিগুণাতীত, বিবেকী, অবিষয়, অসামান্য, চেতন ও অপ্রসব-ধর্ম্মী। এইরূপ সাংখ্যাচার্য্য পুরুষ, প্রকৃতি ও ব্যক্ত তত্ত্বগ্রামের স্বরূপ মীমাংসা করিয়াছেন। সুতরাং শ্লোকে উক্ত "সদসদাত্মকং অবিশেষং এবং বিশেষবৎ" এ সকল কথাই সঙ্গত। কারণ এখানে প্রকৃতির কার্য্য কারণ উভয় ভাবই একত্র প্রদর্শন করান হইয়াছে। প্রকৃতি যখন স্বরূপে থাকেন, তখন ত্রিগুণা ও অব্যক্তা; যখন প্রকৃতি বিকৃতি দশা, অর্থাৎ মহতত্ত্ব, অহঙ্কার, মন পঞ্চ তন্মাত্র অবস্থায় থাকেন, তখন তাঁহার অসৎ এবং অবিশেষ দশা; এবং যখন সম্পূর্ণ বিকৃত অবস্থায় থাকেন, তখন তাঁহার মহাভূত ও স্থূল ইন্দ্রিয়াদিরূপ বিশেষ অবস্থা। কিন্তু সকল অবস্থাতেই ত্রিগুণ ভাবে এক প্রকৃতিই আত্মস্বরূপের প্রকাশ করিতেছেন; এইরূপ অবস্থাভেদেই গ্রন্থকারের বলিবার তাৎপর্য্য॥ ১০॥

সংখ্য কারিকায় উক্ত আছে, "প্রকৃতে র্মহাংস্ততোহহঙ্কার স্তস্মাদ্‌গণশ্চ ষোড়শকঃ। তস্মাদপিষোড়শকাৎ পঞ্চভ্যঃ পঞ্চভূতানি॥" প্রকৃতি হইতে প্রথম মহত্তত্ত্ব; মহত্তত্ত্ব হইতে অহঙ্কার, অহঙ্কারের পরিণামে পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ তন্মাত্র ও এক মন এই ষোড়শ পদার্থ উৎপন্ন হয়; এই পঞ্চ তন্মাত্রও আবার পরিণত হইয়া ক্ষিত্যপ্‌তেজাদি পঞ্চ মহাভূতের উৎপাদন করে। গ্রন্থকার সাংখ্যমতে শ্লোকটীকে রচনা করিয়া গূঢ় বেদান্ত ভাবের পক্ষও সমর্থন করিয়া গিয়াছেন। তিনি সাংখ্যাচার্য্যের মত "পঙ্গু ও অন্ধের পরস্পরে মিলনে যেমন, একটী পূর্ণ মানবের কার্য্য সমাধা হয়, সেইরূপ অচেতনা অথচ সর্ব্বকার্য্য-শক্তিস্বরূপা প্রকৃতি এবং শুদ্ধ চেতনস্বরূপ পুরুষ এতদুভয়ের মিলনে সৃষ্টি হয়," ইহার প্রতিপক্ষ বেদান্ত মত হৃদয়ে প্রচ্ছন্ন রাখিয়া শ্লোকে "ব্রহ্ম" শব্দটীর উল্লেখ করিয়াছেন। উত্তর-মীমাংসায় "ঈক্ষতে র্নাশব্দং" ইত্যাদি সূত্রে প্রকাশ আছে, যে

এতচ্চতুর্বিংশতিকং গণং প্রাধানিকং বিদুঃ ॥ ১১ ॥
মহাভূতানি পঞ্চৈব ভূরাপোঽগ্নির্মরুন্নভঃ।
তন্মাত্রাণি চ তাবন্তি গন্ধাদীনি মতানি মে ॥

অন্বয়ঃ।

প্রাধানিকং প্রধানকার্য্যাত্মকং গণং সর্ব্বং ব্রহ্মাত্মকং এব বিদুঃ ॥ ১১ ॥

ভূঃ পৃথ্বী, আপো জলং অগ্নিঃ মরুৎ বায়ুঃ, নভঃ আকাশং ইতি পঞ্চৈব মহাভূতানি তথা গন্ধাদীনি (শব্দস্পর্শরূপরসগন্ধাঃ পৃথিব্যাদীনাং সূক্ষ্মাবস্থাবিশেষাঃ) তাবন্তি পঞ্চৈব তন্মাত্রাণি মে ময়া মতানি সম্মতানি ॥

শ্রীধরস্বামী।

এতচ্চতুর্বিংশতিকং এতানি চতুর্বিংশতি র্যস্মিন্ গণে তং গণং প্রাধানিকং প্রধান-কার্য্যাত্মকং ব্রহ্ম বিদুঃ ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যো গণস্তং প্রাধানিকং বিদুরিত্যন্বয়ঃ। প্রাধানিকং প্রধানাদুদ্ভূতং গণং ব্রহ্ম ব্রহ্মত্বেন উপাস্যং বিদু র্জ্ঞানিনঃ। গণং কীদৃশং এতানি মহাভূতাদীনি চতুর্বিংশতি যত্র তং ॥ ১১ ॥

সর্ব্ব সমেত চতুর্বিংশতি প্রকৃত্যুৎপন্ন গণ ব্রহ্মময় বলিয়া পণ্ডিতগণ অবধারণ করিয়া থাকেন ॥ ১১ ॥

ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ ও ব্যোম এই পঞ্চ মহাভূত এবং ইহাদের সূক্ষ্ম কারণস্বরূপ শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পঞ্চকে তন্মাত্র বলিয়া অভিহিত করা হয় ॥

শ্রোত্র, ত্বক্, অক্ষি, রসন ও ঘ্রাণ এই পঞ্চ জ্ঞানেন্দ্রিয় এবং বাক্, পাণি,

আভাস।

পুরুষ ও প্রকৃতি উভয়েই স্বতন্ত্র এবং ব্যাপী হইলে, অপূর্ব্বপূর্ব্বিকাপ্রাপ্তিরূপ সংযোগের হেতু এবং বিয়োগের কারণ অসম্ভব হইয়া পড়ে। সুতরাং বন্ধন এবং মুক্তি উভয়ই অসম্ভব হয়। কিন্তু বন্ধন স্পষ্টই অনুভূত হইতেছে; সুতরাং মুক্তি ও অবশ্যম্ভাবী। অতএব উভয়কে স্বতন্ত্র না রাখিয়া, যদি প্রকৃতিকে মহাপুরুষের অচিন্ত্য শক্তিরূপে নির্দ্ধারণ করা হয়, তাহা হইলে ওরূপ বিপ্রতিপত্তির সম্ভাবনা থাকে না। এতদর্থে শ্রুতিও "সদেব সৌম্যেদমগ্র আসীদেকমেবাদ্বিতীয়ং" "তথাক্ষরাৎ সম্ভবতীহ বিশ্বং" ইত্যাদি নানা স্থানে ঐ ভাবেরই সাক্ষ্য দিয়াছেন। অতএব সাংখ্য যাঁহাকে প্রকৃতি বলিয়াছেন, বেদান্ত তাঁহা-কেই মায়া বলিয়াছেন। যখন শক্তিরূপে মায়া ব্রহ্মস্বরূপে শান্ত ছিলেন, তখন প্রকৃতি বা মায়া উভয় নাম বা ভাব ছিল না; সংসার ও তাহার কার্য্য দর্শনেই উভয়ের উল্লেখ করা হই-য়াছে। শ্রুতিতেও উক্ত আছে, "মায়ান্তু প্রকৃতিং বিদ্যান্মায়িনন্তু মহেশ্বরমিতি"। গ্রন্থকারের মত এই যে, সাংখ্য বা বেদান্ত লইয়া মতদ্বৈধ বশত যেন পাঠকের হৃদয়ে বিবাদ না জন্মে;

ইন্দ্রিয়াণি দশ শ্রোত্রং ত্বগ্ দৃগ্রসন-নাসিকাঃ।
বাক্করৌ চরণৌ মেঢ্রং পায়ু র্দশম উচ্যতে ॥ ১২ ॥
মনো বুদ্ধিরহঙ্কার শ্চিত্তমিত্যন্তরাত্মকং।
চতুর্দ্ধা লক্ষ্যতে ভেদো বৃত্ত্যা লক্ষণরূপয়া ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

শ্রোত্রং ত্বগ দৃগ্রসন-নাসিকাঃ (ইতি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়াণি) বাক্করৌ চরণৌ মেঢ্রং দশমঃ পায়ুঃ (ইতি পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি) ইতি ইন্দ্রিয়াণি দশ উচ্যতে ॥ ১২ ॥

(একং) অন্তরাত্মকং অন্তঃকরণং, তু লক্ষণরূপয়া (সংকল্পাধ্যবসায়াভিমান-চিন্তারূপয়া) বৃত্ত্যা মনোবুদ্ধিঃ অহঙ্কারঃ চিত্তং ইতি চতুর্দ্ধা ভেদঃ লক্ষ্যতে ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

এতদ্বিবৃণোতি মহাভূতানীতি ত্রিভিঃ। তাবন্তি পঞ্চৈব ॥ ১২ ॥
অন্তরাত্মকমন্তঃকরণং লক্ষণরূপয়া ব্যবচ্ছেদিকয়া ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তানি বিবৃণোতি ত্রিভিঃ। তাবন্তি পঞ্চৈব ॥ ১২ ॥
অন্তরাত্মকমন্তঃকরণং। লক্ষণরূপয়া ব্যবচ্ছেদিকয়া বৃত্ত্যা ॥ ১৩ ॥

পাদ, পায়ু ও উপস্থ এই পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ; সর্ব্বসমেত ইন্দ্রিয় দশ প্রকার ॥ ১২ ॥

মন, বুদ্ধি, অহঙ্কার ও চিত্ত এই চারিটীই এক অন্তঃকরণ নামে অভিহিত হইলেও, ভিন্ন ভিন্ন বৃত্তির দ্বারা ইহারা পৃথক্‌ভাবে পরিলক্ষিত হইয়া থাকে ॥ ১৩ ॥

আভাস।

উভয়কেই একরূপে দর্শন করা প্রয়োজন। এতদর্থেই তিনি সাংখ্যমতকে বরং সংকুচিত করিয়া স্থানে স্থানে বেদান্ত ভাবের পক্ষ সমর্থন করিয়া গিয়াছেন ॥ ১১ ॥ ১২ ॥

যথা সাংখ্যকার বলিয়াছেন, "অন্তঃকরণং ত্রিবিধং"। এবং বাচস্পতিমিশ্রও তাঁহার ব্যাখ্যাতে বুদ্ধি, অহঙ্কার এবং মন এই তিনকেই অন্তঃকরণের ত্রিবিধত্বের পরিচয় দিয়াছেন। কিন্তু গ্রন্থকার এই শ্লোকে বেদান্ত-মতে অন্তঃকরণকে চারিভাগে বিভক্ত করিয়া চিত্ত-নামে আর একটী ভিন্ন তত্ত্বের নিরূপণ করিয়াছেন। ইহাতে যে সাংখ্যের বিরুদ্ধভাব প্রকাশ করা হইয়াছে, তাহা নহে। কারণ জ্ঞানভাগ নির্ণায়ক সাংখ্যাচার্য্যের মতানুকূল কর্ম্মভাগ-নির্ণায়ক মহর্ষি পতঞ্জলি তাঁহার যোগসূত্রে "যোগ শ্চিত্তবৃত্তিনিরোধঃ" বলিয়া সূত্রের সূচনা দ্বারা চিত্তস্বরূপের নির্ণয় করিয়াছেন। অতএব সাংখ্যাচার্য্য চিত্তটীকে পৃথক্ তত্ত্বরূপে স্বীকার না করিলেও, তাহার অস্তিত্বের অস্বীকার যে করিয়াছেন, তাহা নহে। তবে বৃত্তি অনুসারে যখন পুরুষে বন্ধন থাকে, তখন যে যে তত্ত্বকে নিরূপণ করত জীব মুক্ত হইতে পারে,

এতাবানেব সংখ্যাতো ব্রহ্মণঃ সগুণস্য চ।
সন্নিবেশো ময়া প্রোক্তো যঃ কালঃ পঞ্চবিংশকঃ ॥ ১৪ ॥
প্রভাবং পৌরুষং প্রাহুঃ কালমেকে যতো ভয়ং।

অন্বয়ঃ।

সগুণস্যঃ সত্ত্বাদিগুণবিশিষ্টস্য, ব্রহ্মণঃ যাবান্ অয়ং সন্নিবেশঃ অবস্থাবিশেষঃ, ময়া প্রোক্তঃ সঃ এতাবান্ এব (অন্যৈঃ) সংখ্যাতঃ। যঃ তু কালঃ সঃ পঞ্চবিংশকঃ পুরুষঃ এব ॥ ১৪ ॥

প্রকৃতিং অবিদ্যাং ঈষুষঃ প্রাপ্তস্য, (অবিদ্যয়া বিস্মৃত-স্বরূপস্য অতএব) অহঙ্কার-বিমূঢ়স্য

শ্রীধরস্বামী।

যাবান্ময়া প্রোক্তং এতাবানেব সংখ্যাতো গণিতঃ তত্ত্বজ্ঞৈঃ। কালে তু মতদ্বয়মাহ যঃ কালঃ স পঞ্চবিংশকঃ প্রকৃতেরেবাবস্থাবিশেষ ইত্যর্থঃ ॥ ১৪ ॥

একে তু পৌরুষং পুরুষস্য ঈশ্বরস্য প্রভাবং বিক্রমং কালমাহুঃ। তমেব কালং ধেধা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সগুণস্য মহদাদি-প্রপঞ্চস্য কালে তু মতদ্বয়মাহ যঃ কালঃ সঃ পঞ্চবিংশকঃ প্রকৃতে-রেবাবস্থাবিশেষ ইত্যর্থঃ ॥ ১৪ ॥

একে তু পৌরুষং পুরুষস্যেশ্বরস্য প্রভাবং বিক্রমং কালমাহুঃ কর্ত্তৃজীবস্য যতো ভয়মিতি

হে মাতঃ! তত্ত্বজ্ঞ পণ্ডিতগণ সগুণ ব্রহ্মের প্রপঞ্চে মহদাদি তত্ত্বগ্রামের সংখ্যা যেরূপ গণনা করিয়া থাকেন, আমি তাহা তোমার নিকট নিরূপণ করিলাম। কিন্তু এই চতুর্ব্বিংশতি তত্ত্ব ব্যতীত কালকে একটী পৃথক্ তত্ত্ব বলিয়া কেহ কেহ নিরূপণ করেন ॥ ১৪ ॥

তন্মধ্যে কোন কোন বাদী বলেন যে, পরম পুরুষ ভগবানের বিক্রমই কালনামে অভিহিত; এবং যাহারা অক্রিয় হইয়াও দেহাদির অভিমানে হতজ্ঞান ও অন্ধপ্রায় হইয়া নিরন্তর প্রকৃতির সেবা করিয়া থাকে, তাহাদের

আভাস।

তাহাদেরই উল্লেখ করা তাঁহার উদ্দেশ্য। বিশুদ্ধ চিত্তের নিরূপণ অসম্ভব। তদবস্থায় জীবের স্বরূপের ভান মাত্র হয়; অন্য কোন বৃত্তি থাকে না। বৃত্তি থাকিলেই, তাহা বুদ্ধি, অহঙ্কার বা মন নামে আখ্যাত হইয়া পড়ে; বৃত্তি না থাকিলে, প্রকৃতি বা চিদাভাস নামে আখ্যাত হয়। সুতরাং নিষ্প্রয়োজন জ্ঞানে চিত্তের পৃথক্ সত্তা সাংখ্যাচার্য্য আর স্বীকার করেন নাই ॥ ১৬ ॥

প্রকৃতি ও তাহার পরিণামে মোট পঞ্চবিংশতি তত্ত্ব এবং পুরুষ এই ষড়বিংশতি সংখ্যা আচার্য্যগণনা করিয়াছেন; এবং পুরুষ প্রকৃতির সংযোগে সৃষ্ট জীবের বহুত্ব প্রমাণে তত্রত্য

অহঙ্কারবিমূঢ়স্য কর্ত্তুঃ প্রকৃতিমীয়ুষঃ ॥ ১৫ ॥
প্রকৃতে গুণসাম্যস্য নির্ব্বিশেষস্য মানবি।
চেষ্টা যতঃ স ভগবান্ কাল ইত্যুপলক্ষিতঃ ॥ ১৬ ॥
অন্তঃ পুরুষরূপেণ কালরূপেণ যো বহিঃ।

অন্বয়ঃ।

দেহাদাবহং-প্রত্যয়েন ভ্রাম্যতস্য অতএব) কর্ত্তুঃ দুরাচার-নিষ্ঠস্য জীবস্য, যতঃ যস্মাৎ ভয়ং (ভবতি তং) কালং তু একে জনাঃ পৌরুষংপুরুষস্য ভগবতঃ প্রভাবং ইতি প্রাহুঃ ॥ ১৫ ॥

হে মানবি! গুণসাম্যস্য গুণত্রয়সাম্যরূপস্য, নির্ব্বিশেষস্য নামরূপাদি-বিভাগ-রহিতস্য প্রকৃতেঃ চেষ্টা যতঃ ভবতি সঃ ভগবান্ এব কালঃ ইতি উপলক্ষিতঃ ব্যবহিতঃ ভবতি ॥ ১৬ ॥

যঃ এষঃ আত্মমায়য়া স্বপ্রেরণশক্ত্যা সত্ত্বানাং সর্ব্বপ্রাণিনাং অন্তঃ পুরুষরূপেণ অন্তর্যামি-

শ্রীধরস্বামী।

লক্ষয়তি যতো ভয়ং ভবতি, কস্য প্রকৃতিমীয়ুষঃ প্রাপ্তস্য অতএব দেহেন অহঙ্কারেণ বিমূঢ়স্য কর্ত্তুঃ জীবস্য অনেন সংহারকত্বেন লক্ষিতঃ ॥ ১৫ ॥

সৃষ্টিহেতুত্বেন লক্ষয়তি প্রকৃতেরিতি ॥ ১৩ ॥

কোঽসৌ ভগবাংস্তমাহ। অন্তঃ প্রাণিনাং যঃ পুরুষরূপেণ নিয়ন্তৃত্বেন সমন্বেতি সম্যক্ তদ্বিকাররহিত এবানুস্যূতো বর্ত্ততে। বহিশ্চ কালরূপেণ এষ ভগবান্। যদ্বা যঃ পুরুষ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জীবক্ষোভকত্বেন কালো লক্ষিতঃ ॥ ১৫ ॥

প্রকৃতিক্ষোভকত্বেনাপি তং লক্ষয়তি প্রকৃতেরিতি ॥ ১৬ ॥

অতএব অন্তঃ পুরুষরূপেণান্তর্যামিরূপেণ নিয়ন্তা সমন্বেতি সম্যক্ তদ্বিকাররহিত

নিকট উক্ত কাল সংহারমূর্ত্তিতে দণ্ডায়মান থাকেন; সুতরাং কাল তাহাদের পক্ষে অতি ভয়াবহ ॥ ১৫ ॥

কিন্তু হে মনুতনয়ে! গুণত্রয়ের সাম্যাবস্থায় নির্ব্বিশেষ প্রকৃতিতে সৃষ্টির চেষ্টা যে ভগবান্ হইতে উদয় হয়, সেই ভগবানই অপর বাদীর মতে কাল-নামে কথিত হন ॥ ১৬ ॥

অতএব যিনি সর্ব্বান্তর্যামিরূপে প্রত্যেক জীবের অন্তরে অচ্যুতভাবে প্রতিষ্ঠিত এবং সর্ব্বসংহারক কালরূপে সৃষ্ট যাবতীয় পদার্থে তীক্ষ্ণ দৃষ্টি

আভাস।

পুরুষের ও বহুত্ব গণনা করিয়াছেন। কিন্তু ব্যষ্টিতে পুরুষের বহুত্ব স্বীকার করিলেও সমষ্টি সৃষ্টিতে যে এক জন পরম পুরুষ ঈশ্বরচৈতন্যের প্রয়োজন, তাহা তাঁহার গ্রন্থে কোন রূপ বিচার না করিয়া, জিজ্ঞাসুর অনুসন্ধান ক্রিয়ার উপর নির্ভর দিয়াই চলিয়া গিয়াছেন।

সমন্বেত্যেষ সত্ত্বানাং ভগবানাত্মমায়য়া ॥ ১৭ ॥
দৈবাৎ ক্ষুভিত-ধর্ম্মিণ্যাং স্বস্যাং যোনৌ পরঃ পুমান্।

অন্বয়ঃ।

রূপেণ বহিশ্চ কালরূপেণ সমন্বেতি অনুস্যূতঃ বর্ত্ততে সঃ ভগবান্ এব ॥ ১৭ ॥

দৈবাৎ কালাৎ, ক্ষুভিত-ধর্ম্মিণ্যাং (ক্ষুভিতাঃ বৈষম্যং প্রাপ্তাঃ ধর্ম্মাঃ গুণাঃ যস্যাঃ তস্যাং) স্বস্যাং স্বকীয়ায়াং যোনৌ অভিব্যক্তিস্থানে প্রকৃতৌ, পরঃ পুমান্ বীর্য্যং চিচ্ছক্তিং,

শ্রীধরস্বামী।

ইতি প্রসিদ্ধঃ কালঃ স পঞ্চবিংশকঃ। একে তু পুরুষস্য প্রভাবং কালমাহুঃ প্রভাবস্যৈব লক্ষণং যত ইতি। পুরুষস্যৈব কালত্বে হেতুঃ প্রকৃতেরিতি। উভয়থা বিবক্ষায়াং হেতুঃ অন্তরিতি। শেষং সমানং। তদেবং প্রকৃতেশ্চতুর্বিংশতি ভেদাঃ জীবেশ্বরয়ো শ্চৈক্যবিবক্ষা অতঃ পঞ্চবিংশতিতত্ত্বানি ভবন্তি। তয়ো র্ভেদবিবক্ষায়াং তু ষড়্বিংশতি র্ভবন্তি ॥ ১৭ ॥

ইদানিং তত্ত্বানামুৎপত্তিপূর্ব্বকং লক্ষণান্যাহ দৈবাদিত্যাদিনা এতান্যসংহত্যেত্যতঃ প্রাক্তনেন গ্রন্থেন। তত্র চিত্তস্যোৎপত্তিপূর্ব্বকং লক্ষণমাহ চতুর্ভিঃ। দৈবাৎ জীবাদৃষ্টাৎ ক্ষুভিতা ধর্ম্মা গুণা যস্যাঃ। যোনৌ অভিব্যক্তিস্থানে প্রকৃতৌ বীর্য্যং চিচ্ছক্তিং সা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

এবানুস্যূতো বর্ত্ততে বহিশ্চ কালরূপেণ নিয়ন্তা সত্ত্বানাং সর্ব্বপ্রাণিনাং তদেবং প্রাধানিকো গণশ্চতুর্বিংশতিসঙ্খ্যঃ কালো জীবশ্চেতি দ্বৌ প্রকৃতিপুরুষৌ চ দ্বৌ মিলিত্বা অষ্টাবিংশতি-স্তত্ত্বানি ভবন্তি ॥ ১৭ ॥

ইদানীং তত্ত্বেষু লক্ষয়িতব্যেষু প্রথমং চিত্তস্যোৎপত্তিপূর্ব্বকং লক্ষণমাহ। দৈবাৎ কালাৎ ক্ষুভিতা ধর্ম্মা গুণা যস্যা স্তস্যাং যোনাবভিব্যক্তিস্থানে বীর্য্যং জীব-শক্ত্যাখ্যং

রাখিতেছেন এবং স্বীয় মায়াপ্রভাবে সর্ব্বময় হইয়াও সর্ব্বত্র অসংস্পৃষ্টভাবে বিদ্যমান থাকেন, তিনিই ভগবান্ নারায়ণ ॥ ১৭ ॥

জীবের অদৃষ্ট বশত উক্ত কাল সহকারে সৃষ্টির উন্মুখতায় প্রকৃতির গুণত্রয়ে বৈষম্য-লক্ষণের উপক্রম ঘটিলে, ভগবান্ পরমপুরুষ জগৎপ্রসবিনী স্বীয় অচিন্ত্যশক্তি প্রকৃতিতে চৈতন্যশক্তিরূপ বীর্য্য প্রদান করিলেন এবং

আভাস।

তাঁহার অভিপ্রায় এই যে, জীব যদি তত্ত্ববিচারে সমর্থ হয়, তখন আর পরমার্থ-দর্শনের প্রতিবন্ধক থাকিবে না। তত্ত্ববিচার না হইলেও, পরমাত্মার সম্বন্ধীয় উপদেশে কোন ফলোদয় ঘটিবে না; বরং অন্ধ বিশ্বাসে সেই পরম পুরুষের কারুণ্যাদির প্রত্যাশায় তত্ত্ব-বিচারের অভাবে প্রতিপদে পদস্খলনেরই বিশেষ সম্ভাবনা। এখানে গ্রন্থকার ন্যায়মতের কালকেই উক্ত মহাপুরুষরূপে স্থির করিয়াছেন। যেমন পালন ও শাসন উভয়ই এক পিতাতে।

আধত্ত বীর্য্যং সাসূত মহত্তত্ত্বং হিরন্ময়ং ॥ ১৮ ॥
বিশ্বমাত্মগতং ব্যঞ্জন্ কূটস্থো জগদঙ্কুরঃ।
স্বতেজসা পিবত্তীব্রমাত্মপ্রস্থাপনং তমঃ ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

আধত্ত সা প্রকৃতিঃ হিরণ্ময়ং প্রকাশবহুলং, মহত্তত্ত্বং অসূত ॥ ১৮ ॥

জগদঙ্কুরঃ (জগতঃ অঙ্কুরঃ কারণং) কূটস্থঃ লয়বিক্ষেপশূন্যঃ মহান্ আত্মগতং স্বস্মিন্ সূক্ষ্মরূপেণ স্থিতং বিশ্বং অহঙ্কারাদিপ্রপঞ্চং ব্যঞ্জন্ ব্যঞ্জয়ন্, ব্যঞ্জয়িতুং আত্মপ্রস্থাপনং (আত্মানং প্রস্থাপয়তীতি) তীব্রং তৎ তমঃ স্বতেজসা অপিবৎ ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

প্রকৃতিঃ মহত্তত্ত্বমসূত। মহতঃ স্বরূপমাহ হিরণ্ময়ং প্রকাশবহুলং ॥ ১৮ ॥

বিশ্বমহঙ্কারাদি প্রপঞ্চং আত্মগতং স্বস্মিন্ সূক্ষ্মরূপেণ স্থিতং ব্যঞ্জয়ন্ প্রকটয়ন্ মহান্ তীব্রং প্রলয়কালীনং মহত্তমোঽপিবৎ। কূটস্থঃ লয়বিক্ষেপশূন্যঃ। আত্মানং প্রস্থাপয়তীতি তথা যৎপূর্ব্বং প্রলয়ে সময়ে মহান্তং প্রকৃতৌ বিলাপয়ামাসেত্যর্থঃ ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

চৈতন্যং সা প্রকৃতির্মহত্তত্ত্বমসূত হিরণ্ময়ং প্রকাশবহুলং ॥ ১৮ ॥

বিশ্বমহঙ্কারাদি প্রপঞ্চং আত্মগতং স্বস্মিন্ সূক্ষ্মরূপেণ স্থিতং ব্যঞ্জয়ন্ প্রকটয়ন্ সর্ব্বত্র পুংস্ত্বং তত্ত্বপদ-ত্যাগেন মহানিত্যেতস্যৈব বিশেষ্যীকৃতত্বাৎ। কূটস্থঃ মনোবল্লয়বিক্ষেপশূন্যং আত্মানং প্রস্থাপয়তীতি তথা যত্তমঃ পূর্ব্ব-প্রলয়-সময়ে মহান্তং প্রকৃতৌ বিলাপয়ামাসেত্যর্থঃ ॥ ১৯ ॥

প্রকৃতিও সেই বীর্য্যবলে প্রথম সর্ব্বাবভাসক মহত্তত্ত্বকে উৎপাদন করেন ॥ ১৮ ॥

জগতের অঙ্কুর-ভূত কূটের ন্যায় লয়বিক্ষেপাদি-বর্জ্জিত এই মহত্তত্ত্ব স্ব স্বরূপ হইতে বিশ্বকে প্রকটার্থ, স্বীয় তেজের দ্বারা যে তম প্রলয়কালে মহত্তত্ত্বকেও প্রকৃতিতে বিলীন রাখিয়াছিলেন, সেই সর্ব্বাভিভবন-কারী ভীষণ তমোরূপকে উপসংহার করিয়া লইলেন ॥ ১৯ ॥

আভাস।

দেখা যায়; সেইরূপ দ্বিবিধ শক্তিস্থানীয় কালকেই ঈশ্বর নামে উল্লেখ করিয়াছেন। অতএব উক্ত পঞ্চবিংশতি তত্ত্ব ব্যতীত, চিত্ত এবং কাল লইয়া অষ্টাবিংশতি তত্ত্বের নিরূপণ গ্রন্থকার করিয়াছেন ॥ ১৪—১৮ ॥

এক্ষণে প্রকৃতি হইতে চিত্তাদি তত্ত্বগ্রামের উৎপত্তির বিবরণ ক্রমান্বয়ে বর্ণিত হইয়াছে। মূলা প্রকৃতি বিকৃতা নহেন; তথায় প্রতিবিম্বাকারে নিপতিত পরমাত্মচৈতন্য ঈশ্বর-নামে

যত্তৎ সত্ত্বগুণং স্বচ্ছং শান্তং ভগবতঃ পদং।
যদাহুর্ব্বাসুদেবাখ্যং চিত্তং তন্মহদাত্মকং ॥ ২০ ॥

অন্বয়ঃ।

ভগবতঃ পদং উপলব্ধিস্থানং (অতএব) বাসুদেবাখ্যং চিত্তং যৎ আহুঃ তৎ মহদাত্মকং স্বচ্ছং বিশদং, শান্তং রাগাদিরহিতং যৎ তৎ সত্ত্বগুণং এব ॥ ২০ ॥

শ্রীধরস্বামী

প্রসঙ্গাচ্চতুর্ব্যূহোপাসনমাহ যত্তদিতি। সর্ব্বাগমপ্রসিদ্ধত্বমাহ স্বচ্ছং বিশদং শান্তং রাগাদি-রহিতং। ভগবতঃ পদং উপলব্ধিস্থানং অতএব বাসুদেবাখ্যং যদাহুঃ অয়মর্থঃ অধিভূতরূপেণ তস্যৈব মহানিতি সংজ্ঞা। অধ্যাত্মরূপেণ চিত্তমিতি। উপাস্যরূপেণ বাসুদেব ইতি। অধিষ্ঠাতা তু তস্য ক্ষেত্রজ্ঞঃ। এবমহঙ্কারে সঙ্কর্ষণ উপাস্য রুদ্রো অধিষ্ঠাতা। মনসি অনিরুদ্ধ উপাস্যঃ, চন্দ্রোঽধিষ্ঠাতা। বুদ্ধৌ প্রদ্যুম্ন উপাস্যঃ ব্রহ্মাধিষ্ঠাতেতি জ্ঞাতব্যং ॥ ২০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যত্তৎ প্রসিদ্ধং চিত্তং তন্মহদাত্মকং মহত্তত্ত্বমেব দেহে চিত্তরূপেণ তিষ্ঠতীত্যর্থঃ। স্বচ্ছং নির্ম্মলং শান্তং রাগাদিশূন্যং ভগবতঃ পদং উপাসনাপীঠং যদ্ যং ভগবন্তং বাসুদেবাখ্যং আহুরিতি চিত্তাহঙ্কারবুদ্ধিমনঃসু ক্রমেণ বাসুদেব-সঙ্কর্ষণ-প্রদ্যুম্নানিরুদ্ধা উপাস্যদেবতাঃ চিত্তাদিশুদ্ধ্যর্থং জ্ঞেয়াঃ বিষ্ণু-রুদ্র-ব্রহ্ম-চন্দ্রাস্তদধিষ্ঠাতারঃ ॥ ২০ ॥

হে জননি! যে বিশদ রাগাদিশূন্য সত্ত্বগুণকে ভগবৎস্বরূপ বাসুদেব নামে অভিহিত করা যায়, তাহাই জীবের মহত্তত্ত্বরূপ চিত্ত ॥ ২০ ॥

আভাস।

অভিহিত হন। কিন্তু যেমন আকাশে উদিত মেঘখণ্ডে প্রতিবিম্বিত সূর্য্য রামধনুরূপে প্রতীত হইলেও মেঘস্থিত তুষারাকার জলকণাতে উক্ত সূর্য্যকিরণ কেবল লাল নীলাদি বিভিন্ন বর্ণেরই উপপত্তি করায় মাত্র, সেইরূপ মূল প্রকৃতিতে প্রতিবিম্বিত ঈক্ষণকারী পূর্ণ চৈতন্যই প্রকৃতির বিকৃত অংশে তুষার-স্থানীয় অনন্তচিত্তে অবলোকন করত চিদাভাস জীবনামে অভিহিত হইয়া থাকেন। এই সৃষ্টিপ্রেরণার হেতু ঈশ্বরের ইচ্ছা; যাহা এই শ্লোকে দৈব অর্থাৎ কাল নামে উল্লেখ করা হইয়াছে। কোন কোন টীকাকার এই দৈবকে জীবের পূর্ব্বসঞ্চিত অদৃষ্ট বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। অবশ্য তাঁহাদের অর্থ অসঙ্গত নহে, কারণ প্রলয়-কালে জীব অদৃষ্ট সহ প্রকৃতিতে বিলীন ছিল; এক্ষণে সৃষ্টি কালে সেই অদৃষ্টই নিদ্রোত্থিতের ন্যায় তাহাকে পুনরায় সৃষ্টি-কার্য্যে প্রবৃত্ত করায়। কিন্তু যখন আমরা মূল প্রকৃতির উল্লেখ পূর্ব্বক মূলসৃষ্টির বিবরণে অগ্রসর হইতেছি, তখন তন্মধ্যে আংশিক সৃষ্টি পূর্ব্বে স্বীকার করিয়াই ব্যাখ্যা করিতে প্রবৃত্ত স্বীকার করা হয়; সুতরাং সেই সংস্কার বা জীবা

স্বচ্ছত্বমবিকারিত্বং শান্তত্বমিতি চেতসঃ।

অন্বয়ঃ।

যথা পরা অন্যৈরমিলিতা উৎকৃষ্টা, অপাং প্রকৃতিঃ স্বভাবঃ, তথা স্বচ্ছত্বং অধিকারিত্বং,

শ্রীধরস্বামী।

স্বচ্ছত্বং ভগবদ্বিম্বগ্রাহিত্বং। অধিকারিত্বং লয়বিক্ষেপরাহিত্যং। অপাং প্রকৃতিঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্থ দেহস্থস্য চিত্তস্য সর্ব্বত্র স্বচ্ছত্বাদিগুণো লভ্যতে তত্রাহ। স্বচ্ছত্বং ভগবদ্বিম্ব-গ্রাহিত্বং অবিকারিত্বং লয়বিক্ষেপরাহিত্যং শান্তত্বং রাগাদিরাহিত্যমিতি লক্ষণং চেতস-শ্চিত্তস্য বৃত্তিভিঃ স্বাভাবিকীভিরেব প্রোক্তং যথা অপাং পরা প্রকৃতিরুৎকৃষ্টঃ স্বভাবঃ।

জলের যেমন স্বভাবসিদ্ধ ধর্ম্মই ফেণতরঙ্গাদিবর্জ্জিত নির্ম্মল অবস্থা, সেইরূপ ভগবদ্বিম্বগ্রহণার্থ স্বচ্ছতা, বিকারশূন্যতা ও রাগাদিবর্জ্জিত ভাবই

আভাস।

দৃষ্টের কারণ পৃথক্ নির্দ্দেশ করা প্রয়োজন। যদি এস্থলে দৈবশব্দে পরমপুরুষ দেবতার ইচ্ছা মাত্র বলিয়াই ক্ষান্ত থাকি, তাহা হইলে ওরূপ প্রতিবন্ধকে আর পড়িতে হয় না। শ্রুতিও বলিয়াছেন, সৃষ্টির প্রারম্ভে "স ঐক্ষত বহুস্যাং প্রজায়েয়। স তপ্যত। স তপো তপ্ত্বা মিথুনং উৎপাদয়ত॥" ইত্যাদি মন্ত্রে স্পষ্টই প্রকাশ যে, পরমাত্মা বহু হইব বলিয়া ইচ্ছা করিলেন; তিনি অনুধ্যান-রূপ তপস্যার অনুষ্ঠান করত প্রকৃতি ও পুরুষ নামে মিথুনের উৎপাদন করিলেন। অতএব মূল সৃষ্টি ঈশ্বরেরই ইচ্ছায় নির্ণয় করা প্রয়োজন। তাঁহার ঈক্ষণে অর্থাৎ বহু নামরূপাদিতে বিভক্ত করিবার অভিপ্রায়ে প্রকৃতিতে অবলোকন করিবা-মাত্র প্রকৃতিতে, উক্ত গুণত্রয়ের বৈষম্য উপস্থিত হইল; এবং সাম্যাবস্থায় গুণত্রয় সমষ্টি এক ভাবেই ছিল, কিন্তু তাহার যে যে অংশে পরমেশের ঈক্ষণ হইল, সেই সেই অংশে জলকণার ন্যায় বৈষম্যের অনন্তত্ব হেতু অনন্ত চিত্তাংশের উদয় হইল। এস্থানে ব্যষ্টি-ভাবে পৃথক্ পৃথক্ অবস্থিত তুষার-কণার সমষ্টি-ভাবই যেমন মেঘ, সেইরূপ অনন্ত চিত্তের সমষ্টিই মূল প্রকৃতি। মেঘে প্রতিবিম্বিত সূর্য্যস্বরূপই যেমন তুষার-কণায় প্রতিবিম্বিত; সেইরূপ মূল প্রকৃতিতে অধিষ্ঠান কর্ত্তা পুরুষ শাস্ত্রে বাসুদেব নামে অভিহিত, সুতরাং অন্তিম তত্ত্ব চিত্তে অধিষ্ঠানকর্ত্তা বাসুদেবই জীবের চিন্তনীয়। সুবিমল সরোবরে বা দর্পণে যেমন সূর্য্যপ্রতিবিম্ব সম্পূর্ণ প্রতিভাত হইয়া জল বা দর্পণ সূর্য্যাকারেই আত্ম-পরিচয় দেয়, সেইরূপ অবিষম মূল প্রকৃতিতে ঈক্ষণকারী পরমাত্মার স্বরূপে এবং সত্ত্বাংশের পরিণামে কিঞ্চিৎ বৈষম্য অবস্থায় অবলোকন-কারী চৈতন্য জীবরূপে প্রকৃতির সংসর্গ স্বীকার করেন। এই প্রথম পরিণামকে সাংখ্যকার মহত্তত্ত্ব বলিয়া নির্দ্দেশ করিয়াছেন; এখানে গ্রন্থকার সেই মহত্তত্ত্বকেই জীবের চিত্ত বলিয়া বর্ণন করিয়াছেন॥ ১৯॥ ২০॥

বৃত্তিভির্লক্ষণং প্রোক্তং যথাপাং প্রকৃতিঃ পরা ॥ ২১ ॥

অন্বয়ঃ।

শান্তত্বং, ইতি চেতসঃ লক্ষণং বৃত্তিভিঃ প্রোক্তং ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

ফেণতরঙ্গাদিরহিতাবস্থা পরা ভূমিসংসর্গাৎ প্রাক্তনী সা যথা মধুরা স্বচ্ছা শীতাচ তদ্বদিত্যর্থঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেন খল্বাপঃ স্বচ্ছাঃ ফেণতরঙ্গাদিরহিতা মধুরাঃ শান্তা ভবন্তি। যথা চ ভূম্যাদিসংসর্গাদস্বচ্ছত্বাদিমত্যো ভবন্তি তথৈব চিত্তমপি দুর্বিষয়ে আসক্তং চেতনা সংসর্গাদস্বচ্ছমপি ভবতীত্যর্থঃ ॥ ২১ ॥

চিত্তের স্বাভাবিক ধর্ম্ম; এবং ঐ ঐ রূপেই তাহার প্রতীতি হইয়া থাকে ॥ ২১ ॥

আভাস।

এই সত্ত্ব-বহুল মহত্তত্ত্বে রাগাদি সর্ব্বপ্রকার মালিন্যের অভাব বশত ভগবদুপলব্ধির উত্তম স্থান; পরে ক্রমশঃ রজঃ ও তমোগুণের যতই অধিক্যে মিশ্রণ আরম্ভ হয়, ততই প্রকাশ ভাবের ন্যূনতায় পরমাত্মস্বরূপের স্বরূপোপলব্ধির ন্যূনতা আরম্ভ হয়। অর্থাৎ প্রকৃতিকে ঈক্ষণ করিবার পূর্ব্বে পরমাত্মার নির্গুণভাব; ঈক্ষণকালে ঈক্ষিত, অতএব উপাধিস্থানীয় প্রকৃতির গুণতারতম্যে পরমাত্মাও ক্রমান্বয়ে ঈশ্বর, হিরণ্যগর্ভ ও বিরাট নামক সগুণভাবে পরিচিত হন। এবং ব্যষ্টি জীবও প্রাজ্ঞ, তৈজস ও বিশ্বনামে অভিহিত হন। পুরাণাদিতে বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ; বা রাম, লক্ষ্মণ, ভরত ও শত্রুঘ্ন নামে যে চতুর্ব্যূহের উল্লেখ করা হইয়াছে, তাহাও উক্ত নির্গুণ ও সগুণ ভাবের নামান্তর মাত্র। যেমন উত্তরোত্তর ত্রিবিধ কাচের অন্তরস্থিত অগ্নিজ্যোতি ক্রমান্বয়ে ত্রিবিধ কাচের আবরণে তদ্বর্ণবিশিষ্ট হইয়া নিজ স্বরূপের প্রচ্ছন্নতায় কাচবর্ণেই উপবর্ণিত হয়, সেইরূপ নির্ম্মল-চিত্তে স্বরূপে প্রতিষ্ঠিত তুরীয় চৈতন্যই বুদ্ধি, অহঙ্কার ও ইন্দ্রিয়াদি মনস্তত্ত্বের আবরণে প্রাজ্ঞ, তৈজস ও বিশ্বনামে অভিহিত হইতেছেন। ইহার প্রত্যেক সমষ্টিতত্ত্বে বাসুদেব, সঙ্কর্ষণ, প্রদ্যুম্ন ও অনিরুদ্ধ নামে পরমাত্মাই অভিহিত হইতেছেন। স্বাধীন ভাবে বাসুদেবাদি এবং পরাধীন ভাবে তুরীয়-নামক জীব। কিন্তু এতদুভয়ের অন্তরালবর্ত্তী অর্থাৎ উভয় স্বাধীন ও পরাধীন ভাবে উপলক্ষিত আর একটী শ্রেণী আছেন, যাঁহারা উক্ত স্তর অনুসারে বিষ্ণু, রুদ্র, ব্রহ্মা ও চন্দ্রনামে অধিষ্ঠাত্রীদেবতারূপে নির্ণীত হইয়াছেন। অর্থাৎ চিত্ত, বুদ্ধি, অহঙ্কার ও মনস্তত্ত্বের পর্য্যায়ক্রমে অধিষ্ঠান-কর্ত্তা বিষ্ণু, রুদ্র, ব্রহ্মা ও চন্দ্র; ইহাঁদের পর্য্যবেক্ষণে জীব উক্ত তত্ত্বচতুষ্টয়ের উপযুক্ত ব্যবহার লাভ করিতেছে এবং ইন্দ্রিয়াদি নিরোধে মন আদি উত্তরোত্তর অন্তঃকরণ তত্ত্বে আরোহণ করত ক্রমান্বয়ে অনিরুদ্ধ, প্রদ্যুম্ন সঙ্কর্ষণ ও বাসুদেবকে উপাসনা করিতে সমর্থ হয় ॥ ২২ ॥

মহত্তত্ত্বাদ্বিকুর্ব্বাণাদ্ভগবদ্বীর্য্য-সম্ভবাৎ।
ক্রিয়াশক্তিরহঙ্কার স্ত্রিবিধঃ সমপদ্যত ॥ ২২ ॥
বৈকারিক স্তৈজসশ্চ তামসশ্চ যতো ভবঃ।
মনসশ্চেন্দ্রিয়াণাঞ্চ ভূতানাং মহতামপি ॥ ২৩ ॥
সহস্রশিরসং সাক্ষাদ্ যমনন্তং প্রচক্ষতে।
সঙ্কর্ষণাখ্যং পুরুষং ভূতেন্দ্রিয়-মনোময়ং ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

ভগবদ্বীর্য্যসম্ভবাৎ (ভগবদ্বীর্য্যং চিচ্ছক্তিঃ তেন সম্ভবঃ যস্য তস্মাৎ) বিকুর্ব্বাণাৎ মহতত্ত্বাৎ ক্রিয়াশক্তিঃ (ক্রিয়াস্থ শক্তিঃ যস্য সঃ) ত্রিবিধঃ অহঙ্কারঃ সমপদ্যত বভূব ॥ ২২ ॥

যতঃ যস্মাৎ অহঙ্কারাৎ মনসঃ ইন্দ্রিয়াণাং মহতাং অপি ভূতানাং ভবঃ উৎপত্তিঃ, জাতঃ সঃ অহঙ্কারঃ বৈকারিকঃ সাত্ত্বিকঃ, তৈজসঃ, রাজসঃ তামসঃ চ ইতি ত্রিবিধঃ স্মৃতঃ ॥ ২৩ ॥

যং অহঙ্কারং সহস্রশিরসং অনন্তং ভূতেন্দ্রিয়-মনোময়ং সাক্ষাৎ সঙ্কর্ষণাখ্যং পুরুষং ইতি প্রচক্ষতে বদন্তি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

অহঙ্কারস্যোৎপত্তিপূর্ব্বকং লক্ষণমাহ মহত্তত্ত্বাদিতি চতুর্ভিঃ। ক্রিয়াসু শক্তির্যস্য স ক্রিয়াশক্তিঃ ॥ ২২ ॥

ত্রৈবিধ্যমাহ বৈকারিক ইতি। তস্য কার্য্যমাহ। যতো যস্মাৎ মন আদীনাং ভব উৎপত্তিঃ ॥ ২৩ ॥

তস্মিন্নুপাস্যং ব্যূহমাহ। সহস্রশিরসমিতি ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অহঙ্কারস্যোৎপত্তিপূর্ব্বকং লক্ষণমাহ মহত্তত্ত্বাদিতি। ক্রিয়াশক্তিরিত্যুপলক্ষণং জ্ঞান-ক্রিয়াদ্রব্যেষ্বপি তস্য শক্তিত্বাৎ ॥ ২২ ॥

যতো যেভ্যো বৈকারিক তৈজস-তামসেভ্যো মন ইন্দ্রিয়ভূতানাং ক্রমেণ ভব উৎপত্তিঃ ॥ ২৩ ॥

তত্রোপাস্যদেবতামাহ সহস্রেতি। যমিতি মঞ্চাঃ ক্রোশন্তীতি ন্যায়েন যৎস্থমিত্যর্থঃ ॥ ২৪ ॥

ভগবদ্বীর্য্যে সমুদ্ভূত উক্ত মহত্তত্ত্বের বিকৃত দশায় ক্রিয়াশক্তিরূপ অহঙ্কার-তত্ত্বের উৎপত্তি ঘটে। এই অহঙ্কার ত্রিবিধ ॥ ২২ ॥

যথা সাত্ত্বিক, রাজসিক ও তামসিক অহঙ্কার; এই ত্রিবিধ অহঙ্কার হইতে যথাক্রমে মন, ইন্দ্রিয়, পঞ্চতন্মাত্র ও স্থূল মহাভূত উৎপন্ন হইয়াছে ॥ ২৩ ॥

এবং এই ভূতবর্গ, ইন্দ্রিয়বর্গ এবং মনঃ-সৃষ্টিতে অনন্তভাবে ও অনন্তরূপে যে চৈতন্যস্বরূপ মহাপুরুষের অধিষ্ঠাতৃভাবে জ্ঞান হয়, তাঁহাকে সহস্রশীর্ষ

কর্ত্তৃত্বং করণত্বঞ্চ কার্য্যত্বঞ্চেতি লক্ষণং।
শান্তঘোরবিমূঢ়ত্বমিতি বা স্যাদহঙ্কৃতেঃ ॥ ২৫ ॥
বৈকারিকাদ্বিকুর্ব্বাণান্মনস্তত্ত্বমজায়ত।
যৎ সংকল্পবিকল্পাভ্যাং বর্ত্ততে কামসম্ভবঃ ॥ ২৬ ॥
যদ্বিদুর্হৃনিরুদ্ধাখ্যং হৃষীকাণামধীশ্বরং।

অন্বয়ঃ।

কর্ত্তৃত্বং (প্রেরকত্বেন) করণত্বং (ইন্দ্রিয়রূপেণ) কার্য্যত্বং (ভূতাদিরূপেণ) ইতি বা শান্তঘোরবিমূঢ়ত্বং ইতি অহংকৃতেঃ অহঙ্কারস্য লক্ষণং স্যাৎ ॥ ২৫ ॥

বিকুর্ব্বাণাৎ বৈকারিকাৎ অহঙ্কারাৎ মনস্তত্ত্বং অজায়ত; যৎ সংকল্প-বিকল্পাভ্যাং কামসম্ভবঃ (কামস্য কামনারূপায়াঃ বৃত্তেঃ সম্ভবঃ উৎপত্তিঃ) বর্ত্ততে ভবতি ॥ ২৬ ॥

যৎ হি মনঃ শারদেন্দীবরশ্যামং (শারদং শরৎকালীনং যৎ ইন্দিবরং নীলোৎপলং

শ্রীধরস্বামী।

কর্ত্তৃত্বং দেবতারূপেণ করণত্বমিন্দ্রিয়রূপেণ কার্য্যত্বং ভূতরূপেণ শান্তত্বাদিকন্তু তৎ কারণগুণত্রয়রূপেণ ॥ ২৫ ॥

মনস উৎপত্তিপূর্ব্বকং লক্ষণমাহ বৈকারিকাদিতি দ্বাভ্যাং। সংকল্পঃ চিন্তনং বিকল্পো বিশেষ-চিন্তনং যস্য মনসঃ সংক-ল্পবিকল্পাভ্যাং কামসম্ভবো বর্ত্ততে ইতি কামরূপা বৃত্তি-র্লক্ষণত্বেনোক্তা নতু প্রধ্যন্নব্যূহোৎপত্তিঃ তস্য সংকল্পাদিকার্য্যত্বাভাবাৎ। উপাস্তব্যূহস্য চানিরুদ্ধস্যোক্তেঃ ॥ ২৬ ॥

শারদং শরৎকালীনমিন্দিবরং নীলোৎপলং তদিব শ্যামং যচ্ছনৈঃ সংরাধ্যং বশীকর্ত্তুং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কর্ত্তৃত্বং দেবতারূপেণ করণত্বমিন্দ্রিয়রূপেণ কার্য্যত্বং ভূতরূপেণ শান্তত্বাদিকং ত্রিগুণময়ত্বেন ॥ ২৫ ॥

যদ্যতো মনসঃ সংকল্পং সামান্যতো বিষয়-জিঘৃক্ষা সামান্য-বিষয়স্যৈব বিবিধ-সংকল্পনেন বিশেষতো জিঘৃক্ষা বিকল্পশ্চ তাভ্যাং কামস্য মনোরথস্য সংভবো ভবতি ॥ ২৬ ॥

সঙ্কর্ষণ-নামে শাস্ত্রে কীর্ত্তন করিয়াছেন ॥ ২৪ ॥

অথবা এই অহঙ্কারকে সত্ত্বাদিক্রমেও দেবতারূপে কর্ত্তা, ইন্দ্রিয়াদিরূপে করণ এবং ভূতরূপে কার্য্যনামেও অভিহিত করা হয়; সুতরাং শান্তত্ব, ঘোরত্ব ও বিমূঢ়ত্ব এই তিন ভাবই এক অহঙ্কাররেই অবস্থান্তর মাত্র ॥ ২৫

সাত্ত্বিক অহঙ্কারের পরিণামে মনস্তত্ত্বের উদয় হয়, যাহার আশ্রয়ে জীব সংকল্প ও বিকল্পের দ্বারা কাম-বৃত্তিতে নিয়োজিত হয় ॥ ২৬ ॥

শরৎকালীন নীলোৎপলের ন্যায়, শ্যামল-রূপধারী ইন্দ্রিয়াধিষ্ঠাতা

শারদেন্দীবরশ্যামং সংরাধ্যং যোগিভিঃ শনৈঃ ॥ ২৭ ॥
তৈজসাত্তু বিকুর্ব্বাণাদ্বুদ্ধিতত্ত্বমভূৎ সতি।
দ্রব্যস্ফূরণ-বিজ্ঞানমিন্দ্রিয়াণামনুগ্রহঃ ॥ ২৮ ॥
সংশয়োঽথ বিপর্য্যাসো নিশ্চয়ঃ স্মৃতিরেব চ।

অন্বয়ঃ।

তদ্বৎ শ্যামং) যোগিভিঃ শনৈঃ আরাধ্যং হৃষীকাণাং ইন্দ্রিয়াণাং অধীশ্বরং অনিরুদ্ধাখ্যং বিদুঃ ॥ ২৭ ॥

হে সতি! বিকুর্ব্বাণাৎ বিক্রিয়মাণাৎ, তৈজসাৎ রাজসাৎ অহঙ্কারাৎ বুদ্ধিতত্ত্বং অভূৎ। দ্রব্যস্ফুরণবিজ্ঞানং তথা ইন্দ্রিয়াণাং অনুগ্রহঃ অনুগ্রাহকত্বং হি বুদ্ধেঃ লক্ষণং ॥ ২৮ ॥

(তত্র সংশয়ঃ একস্মিন্ ধর্ম্মিণি বিরুদ্ধানেকপ্রকারকং জ্ঞানং; যথা স্থানু র্বা পুরুষো বা) বিপর্য্যাসঃ মিথ্যাজ্ঞানং, নিশ্চয়ঃ (তদ্বতি তৎপ্রকারকং প্রমারূপজ্ঞানং) স্মৃতিঃ (অনুভূত-

শ্রীধরস্বামী।

যোগ্যং হৃদ্যহঙ্কারং ॥ ২৭ ॥

বুদ্ধেরুৎপত্তিপূর্ব্বকং লক্ষণমাহ তৈজসাদিতি দ্বাভ্যাং। হে সতি দ্রব্যস্ফুরণরূপং বিজ্ঞানমিতি চিত্তব্যাবৃত্ত্যর্থমুক্তং। ইন্দ্রিয়াণামনুগ্রহ ইতি সবিকল্পক-জ্ঞানে হৃষীকাণা-মধীশ্বরমিতি যদুক্তং তত্তু নির্ব্বিকল্পকজ্ঞানে ॥ ২৮ ॥

দ্রব্যস্ফুরণস্যৈব প্রপঞ্চঃ সংশয়াদিঃ। বিপর্য্যাসো মিথ্যাজ্ঞানং। নিশ্চয়ঃ প্রমাণজ্ঞানং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যৎ যৎস্থং ॥ ২৭ ॥

দ্রব্যস্ফুরণরূপং বিজ্ঞানমিতি চিত্তব্যাবৃত্ত্যর্থং চেতনারূপং বিজ্ঞানন্তু চিত্তধর্ম্মো জ্ঞেয়ঃ। ইন্দ্রিয়াণামনুগ্রহ ইতি বুদ্ধ্যা বিনা পঞ্চেন্দ্রিয়াণি ন প্রবর্ত্তিতুং শক্নুবন্তীত্যর্থঃ। যদ্যপি চিত্তা-হঙ্কারমনাংস্যপীন্দ্রিয়ানুগ্রাহকাণি তদপি বুদ্ধ্যা তদনুগ্রহ-বিশেষো জ্ঞেয়ঃ। তথাহি শব্দং শৃণোমীত্যত্র প্রথমং চিত্তেন চেতনামাত্রং নিধীয়তে। বুদ্ধ্যা শব্দোঽয়মিতি স্ফূর্ত্তিঃ মনসা শব্দে জিঘৃক্ষা অহঙ্কারেণ তত্র স্বাভিমানার্পণমিতি ভেদঃ। দ্রব্যস্ফুরণস্যৈব প্রপঞ্চঃ ॥ ২৮ ॥

সংশয়াদিঃ। বিপর্য্যাসো মিথ্যাজ্ঞানং, নিশ্চয়প্রমাণং জ্ঞানং। স্বাপো নিদ্রা। প্রমাণবিপ-

---

অনিরুদ্ধ এই মনস্তত্ত্বে অধিষ্ঠান করিয়া থাকেন; যাঁহাকে যোগিগণ পর্য্যায়-ক্রমে আরাধনা করত পরম ফল লাভ করেন ॥ ২৭ ॥

হে সতি! উক্ত অহঙ্কারে রজোগুণের স্ফুরণে বুদ্ধিতত্ত্ব উৎপন্ন হয়; যাহার প্রসাদে চেতনারূপ বৃত্তির উদয়ে ইন্দ্রিয়গণে কার্য্যের অভিমুখতা জন্মে ॥ ২৮ ॥

এবং বৃত্তি অনুসারে সংশয়, বিপর্য্যয়, নিশ্চয়, স্মৃতি ও নিদ্রা এই পঞ্চবিধ

স্বাপ ইত্যুচ্যতে বুদ্ধে র্লক্ষণং বৃত্তিতঃ পৃথক্ ॥ ২৯ ॥
তৈজসানীন্দ্রিয়াণ্যেব ক্রিয়াজ্ঞান-বিভাগশঃ।
প্রাণস্য হি ক্রিয়াশক্তি র্বুদ্ধে র্বিজ্ঞানশক্তিতা ॥ ৩০ ॥
তামসাচ্চ বিকুর্ব্বাণাদ্ভগবদ্বীর্য্যচোদিতাৎ।

অন্বয়ঃ।

বস্তুবিষয়কং জ্ঞানং) স্বাপঃ নিদ্রা, ইতি এবং পৃথক্ অসাঙ্কর্য্যেণ বৃত্তিতঃ বুদ্ধেঃ লক্ষণং উচ্যতে ॥ ২৯ ॥

ক্রিয়াজ্ঞানবিভাগশঃ কর্ম্মেন্দ্রিয়-জ্ঞানেন্দ্রিয়-বিভাগেন উভয়-বিধানি, ইন্দ্রিয়াণি তৈজসানি রাজসাহঙ্কারাজ্জাতানি এব। হি যস্মাৎ প্রাণস্য ক্রিয়াশক্তিঃ বুদ্ধেশ্চ বিজ্ঞানশক্তিতা ॥ ৩০ ॥

ভগবদ্বীর্য্যচোদিতাৎ (ভগবতো বীর্য্যেণ কালেন চোদিতাৎ প্রেরিতাৎ অতএব)

শ্রীধরস্বামী।

স্বাপো নিদ্রা। প্রমাণ-বিপর্য্যয়-বিকল্প-নিদ্রা-স্মৃতয় ইতি পাতঞ্জলোক্তেঃ ॥ ২৯ ॥

ইন্দ্রিয়াণামুৎপত্তিমাহ তৈজসানি তৈজসাহঙ্কারাজ্জাতানি জ্ঞানেন্দ্রিয়াণাং বৈকারিকত্ব-শঙ্কানিবৃত্ত্যর্থমেবকারঃ দ্বিবিধান্যপি ইন্দ্রিয়াণি তৈজসান্যেবেত্যন্বয়ঃ। তত্র হেতুঃ প্রাণস্যেতি হি যস্মাৎ প্রাণস্য ক্রিয়াশক্তিঃ বুদ্ধেশ্চ বিজ্ঞানশক্তিতা। অতঃ প্রাণস্য তৈজসত্বাৎ তদীয়ক্রিয়াশক্তিমতামপি ইন্দ্রিয়াণাং তৈজসত্বং তথা বুদ্ধে স্তৈজসত্বাৎ তদীয় জ্ঞানশক্তিমতামপি ইন্দ্রিয়াণাং তৈজসত্বমিত্যর্থঃ ॥ ৩০ ॥

তন্মাত্রোৎপত্তিপূর্ব্বকমাকাশাদিমহাভূতোৎপত্তিং তল্লক্ষণঞ্চাহ তামসাদিতি পঞ্চ-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

র্য্যয়-বিকল্প-নিদ্রা-স্মৃতয় ইতি পাতঞ্জলোক্তেঃ ॥ ২৯ ॥

ইন্দ্রিয়াণি তৈজসান্যেব তৈজসাহঙ্কারাজ্জাতানি। জ্ঞানেন্দ্রিয়াণাং বৈকারিকত্বশঙ্কা-নিবৃত্ত্যর্থমেবকারঃ। দ্বিবিধানামপীন্দ্রিয়াণাং তৈজসত্বে হেতুঃ প্রাণস্যেতি। হি যস্মাৎ প্রাণস্য ক্রিয়াশক্তিরতঃ প্রাণস্য তৈজসত্বাত্তৎক্রিয়াশক্তিমতামপীন্দ্রিয়াণাং তৈজসত্বং। তথা-বুদ্ধিবিজ্ঞানশক্তিতা। অতো বুদ্ধেঃ সবিকল্পক-জ্ঞান-বৃত্তিত্বেন রজঃপ্রচুরত্বাৎ তৈজসত্বেন তদীয়-জ্ঞান-শক্তি-মতামিন্দ্রিয়াণামপি তৈজসত্বং ॥ ৩০ ॥

ভগবদ্বীর্য্য কালরূপ তৎপ্রভাবস্তেন প্রেরিতাৎ স শব্দঃ কেন গৃহ্যতে ইত্যপেক্ষায়ামাহ

লক্ষণ বুদ্ধিতে প্রকাশ পায় ॥ ২৯ ॥

কর্ম্মেন্দ্রিয় ও জ্ঞানেন্দ্রিয় ভেদে যে দশবিধ ইন্দ্রিয় আছে, তাহাও এই রাজসিক অহঙ্কার হইতে উৎপন্ন হইয়া থাকে; কিন্তু ক্রিয়াশক্তি প্রাণ তৈজসাংশে উৎপন্ন এবং সাত্ত্বিকাংশে জ্ঞানময় বুদ্ধি উৎপন্ন; অতএব কর্ম্মেন্দ্রিয় রজোংশে এবং জ্ঞানেন্দ্রিয় সত্ত্বাংশে সমুৎপন্ন, ইহা অবশ্য অবধারণীয় ॥ ৩৪ ॥

শব্দমাত্রমভূত্তস্মান্নভঃ শ্রোত্রন্তু শব্দগং ॥ ৩১ ॥
অর্থাশ্রয়ত্বং শব্দস্য দ্রষ্টুর্লিঙ্গত্বমেব চ।
তন্মাত্রত্বঞ্চ নভসো লক্ষণং কবয়ো বিদুঃ ॥ ৩২ ॥
ভূতানাং ছিদ্রদাতৃত্বং বহিরন্তরমেব চ।

অন্বয়ঃ।

বিকুর্ব্বাণাৎ তামসাৎ অহঙ্কারাৎ, শব্দমাত্রং সূক্ষ্মং দ্রব্যং অভূৎ; তস্মাৎ নভঃ আকাশঃ অভূৎ। তথা নভসা সহ শব্দগং শব্দগ্রাহী শ্রোত্রং চ জাতং ॥ ৩১ ॥

শব্দস্য অর্থাশ্রয়ত্বং অর্থবাচকত্বং, শ্রোত্রেন্দ্রিয়দ্বারেণ দ্রষ্টুঃ পুরুষস্য, লিঙ্গত্বং অস্তিত্ব-বাচকত্বং, এব তথা নভসঃ তন্মাত্রত্বং সূক্ষ্মত্বং চ ইতি ত্রিবিধং লক্ষণং কবয়ঃ বিদুঃ ॥ ৩২।

ভূতানাং ব্রহ্মাদিস্তম্বপর্য্যন্তানাং ছিদ্রদাতৃত্বং বহিরন্তরং অবহারাস্পদত্বং, প্রাণেন্দ্রিয়াত্ম-

শ্রীধরস্বামী।

দশভিঃ। শ্রোত্রন্তু শব্দগমিত্যাদিভিঃ বিষয়োৎপত্ত্যনন্তরং তৎ সম্বন্ধমাত্রং কথ্যতে তত্ত্বৎপত্তিঃ প্রাগেবোৎপন্নত্বাৎ। শব্দং গচ্ছতি প্রাপ্নোতীতি শব্দগং ॥ ৩১ ॥

শব্দস্য লক্ষণমাহ অর্থাশ্রয়ত্বং অর্থবাচকত্বং দ্রষ্টুর্লিঙ্গত্বং কুড্যান্তরিতস্য বক্তুর্জ্ঞাপকত্বং। তদুক্তং লিঙ্গং যৎ দ্রষ্টুদৃশ্যয়োরিতি নভসঃ তন্মাত্রত্বং সূক্ষ্মত্বং শব্দস্য লক্ষণমিত্যন্বয়ঃ ॥ ৩২ ॥

ছিদ্র-দাতৃত্বমবকাশ-দাতৃত্বং। বহিরন্তর-ব্যবহারাস্পদত্বং। আত্মা মনঃপ্রাণাদীনাং ধিষ্ণ্যত্বমা-শ্রয়ত্বং নাড্যাদি ছিদ্ররূপেণ বৃত্তিঃ কার্য্যমেব লক্ষণং বৃত্তিলক্ষণং। এবমুত্তরত্রাপি। একেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শ্রোত্রং তৈজসাহঙ্কারকার্য্যং শ্রোত্রেন্দ্রিয়ং কর্ত্তৃ শব্দং গচ্ছতি প্রাপ্নোতীতি তৎ ॥ ৩১ ॥

শব্দস্য লক্ষণং কবয় আহুঃ কিন্তুং। অর্থাশ্রয়ত্বং অর্থবাচকত্বং দ্রষ্টুর্লিঙ্গত্বং রাম-কৃষ্ণাদিলীলাদ্রষ্ট্যাসশুকাদিজ্ঞাপকত্বং। যদ্বা কুড্যান্তরিতস্যাপি বক্তুর্জ্ঞাপকত্বং তথা নভস স্তন্মাত্রত্বং আকাশ-সূক্ষ্মরূপত্বং ॥ ৩২ ॥

আকাশস্য লক্ষণমাহ ছিদ্রদাতৃত্বং বহিরন্তরং অবকাশদাতৃত্বং বহিরন্তর-ব্যবহারাস্পদত্বং।

এদিকে ভগবদ্বীর্য্যে প্রেরিত অহঙ্কার-তত্ত্বের তমোগুণ হইতে প্রথম শব্দ-তন্মাত্রের উদয় হইল, যাহার স্থূল পরিণামে আকাশ এবং শব্দগ্রাহী শ্রবণেন্দ্রিয়ের জন্ম হয় ॥ ৩১ ॥

শব্দের দ্বারা অর্থজ্ঞান জন্মে এবং শ্রবণকারী পুরুষের অনুমান হয়। আকাশের সূক্ষ্ম স্বরূপই এই শব্দতন্মাত্র। এই ত্রিবিধ লক্ষণের দ্বারা পণ্ডিত-গণ শব্দতন্মাত্রকে নিরূপণ করিয়া থাকেন ॥ ৩২ ॥

ব্রহ্মাদি স্তম্ব পর্য্যন্ত স্থির চর যাবতীয় ভূত সমূহের বাহ্যাভ্যন্তর ভেদে

প্রাণেন্দ্রিয়াত্মধিষ্ণ্যত্বং নভসো বৃত্তিলক্ষণং ॥ ৩৩ ॥
নভসঃ শব্দতন্মাত্রাৎ কালগত্যা বিকুর্ব্বতঃ।
স্পর্শোঽভবত্ততো বায়ু স্ত্বক্ স্পর্শস্য চ সংগ্রহঃ ॥ ৩৪ ॥
মৃদুত্বং কঠিনত্বঞ্চ শৈত্যমুষ্ণত্বমেব চ।
এতৎ স্পর্শস্য স্পর্শত্বং তন্মাত্রত্বং নভস্বতঃ ॥ ৩৫ ॥

অন্বয়ঃ।

ধিষ্ণ্যত্বং (প্রাণানাং ইন্দ্রিয়াণাং আত্মনঃ মনসশ্চ ধিষ্ণ্যত্বং নাড্যাদি-ছিদ্ররূপেণ স্থানত্বং চ নভসঃ বৃত্তিলক্ষণং বৃত্তিঃ কার্য্যরূপং এব লক্ষণং ॥ ৩৩ ॥

এবং শব্দতন্মাত্রাৎ (শব্দঃ তন্মাত্রং অসাধারণো গুণো যস্য তস্মাৎ) কালগত্যা বিকুর্ব্বতঃ বিক্রিয়মাণাৎ নভসঃ সকাশাৎ স্পর্শঃ তন্মাত্রং অভবৎ। ততঃ স্পর্শাৎ বায়ুঃ অভবৎ। তস্য স্পর্শস্য সংগ্রহঃ (সম্যক্ গ্রহণং যয়া সা) ত্বক্ এব ॥ ৩৪ ॥

মৃদুত্বং কঠিনত্বং চ শৈত্যং উষ্ণত্বং এব চ নভস্বতঃ বায়োঃ এতৎ স্পর্শত্বং তথা স্পর্শস্য তন্মাত্রত্বং চ ॥ ৩৫ ॥

শ্রীধরস্বামী।

শ্লোকেন তন্মাত্রমহাভূতয়োরুৎপত্তিঃ। দ্বিতীয়েন তন্মাত্রলক্ষণং তৃতীয়েন মহাভূতলক্ষণং ইত্যনুসন্ধেয়ং ॥ ৩৩ ॥

সা ত্বক্ স্পর্শস্য সংগ্রহঃ সম্যক্ গ্রহণং যয়া পুংস্ত্বং নিয়তলিঙ্গত্বাৎ যদ্বা স্পর্শস্য সংগ্রহস্ততো ভবতীতি শেষঃ। শব্দতন্মাত্রাদিত্যাদি তন্মাত্রাণামুত্তরোত্তরাবয়ার্থমুক্তং ॥ ৩৪ ॥

স্পর্শত্বং স্বরূপ-লক্ষণমিত্যর্থঃ। নভস্বতো বায়োস্তন্মাত্রত্বঞ্চ ॥ ৩৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রাণেন্দ্রিয়মনসাং ধিষ্ণ্যত্বং নাড্যাদি ছিদ্ররূপেণাশ্রয়ত্বং নভসো বৃত্তিভি র্ধর্ম্মৈ র্লক্ষণং ॥ ৩৩ ॥

শব্দ এব তন্মাত্রং যস্য তথাভূতান্নভসঃ সকাশাৎ সংগ্রহঃ সম্যক্ গৃহ্যতেঽনয়েতি করণে অপ্। ত্বক্ ত্বগিন্দ্রিয়ং স্পর্শগ্রহণে করণমিত্যর্থঃ ॥ ৩৪ ॥

স্পর্শস্য লক্ষণমাহ। স্পর্শত্বং স্বরূপলক্ষণমিত্যর্থঃ। নভস্বতো বায়ো স্তন্মাত্রত্বং ॥ ৩৫ ॥

অবকাশ-দান এবং নাড়ী প্রভৃতির ছিদ্ররূপে প্রাণ এবং ইন্দ্রিয় ও মনের আশ্রয় এবং যামর্থ্য-দাতারূপে অবস্থান করাই আকাশের বৃত্তিরূপ লক্ষণ ॥ ৩৩ ॥

এই শব্দতন্মাত্রোৎপন্ন আকাশ কাল-সহকারে বিকৃত হইলে, তাহা হইতে স্পর্শ-তন্মাত্রের উৎপত্তি ঘটে; সেই স্পর্শ-তন্মাত্রের পরিণামে বায়ু এবং তদ্ গ্রাহক ত্বগিন্দ্রিয় উৎপন্ন হয় ॥ ৩৪ ॥

আকাশোৎপন্ন বায়ুর মৃদুত্ব, কঠিনত্ব, শৈত্য ও উষ্ণত্ব এই চারিটী ধর্ম্ম আছে; এবং স্পর্শগুণই তাহার তন্মাত্রত্বের লক্ষণ পণ্ডিতগণ সিদ্ধান্ত করিয়াছেন ॥ ৩৫ ॥

চালনং বৃহ্যনং প্রাপ্তি র্নেতৃত্বং দ্রব্যশব্দয়োঃ।
সর্ব্বেন্দ্রিয়াণামাত্মত্বং বায়োঃ কর্ম্মাভিলক্ষণং॥
বায়োশ্চ স্পর্শতন্মাত্রাদ্রূপং দৈবেরিতাদভূৎ।
নন্বু সুষুপ্তৌ ন কিঞ্চিদনুভূয়তে নৈবং সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিতি বিশেষজ্ঞানং বিনা কেবলস্যাত্মনঃ প্রতিসন্ধানাদিত্যাহ এবমিতি। নন্বু প্রতিসন্ধানে সাহঙ্কারস্য প্রতীতেঃ কথং নিরহংক্রিয়ত্বং তত্রাহ সাহঙ্কারস্য দ্রব্যস্য কার্য্যকারণসংঘাতস্যানুগ্রহঃ প্রকাশকঃ অবস্থানঞ্চ দ্রব্যস্য বিশেষণতয়া অহঙ্কারস্যাপি দৃশ্যত্বাচ্চ। তদ্দ্রষ্টাত্মা তদ্ব্যতিরিক্তঃ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বু সুষুপ্তৌ ন কিঞ্চিদনুভূয়তে নৈবং সুখমহমস্বাপ্সং ন কিঞ্চিদবেদিষমিতি বিশেষজ্ঞানং বিনা কেবলস্যাত্মনঃ প্রতিসন্ধানাদিত্যাহ এবমিতি। কিঞ্চ সাহঙ্কারস্য দ্রব্যস্য ভূতেন্দ্রিয়াদিসংঘাতস্য দেহস্য যোঽবস্থানং আশ্রয়ঃ যমেব জীবাত্মানমাশ্রিত্য অহঙ্কারাদয়ো ভোগ্যেষু বিষয়েষু প্রবর্ত্তন্ত ইত্যর্থঃ। তথা য এব জীবাত্মা অনুগ্রহঃ স্বীয়ভোক্তৃত্বলক্ষণ-

---

এই প্রকারে উক্ত বিবেকী পুরুষ অহঙ্কারোৎপন্ন কার্য্যকারণবিশিষ্ট দেহতত্ত্বকে বিচার করত অহঙ্কারতত্ত্বেরও অবভাসক এবং আশ্রয়স্থল আত্ম-

আভাস।

স্বরূপের প্রতীতিতে অসমর্থ হইয়া পড়ে। কিন্তু অভিমান-কালে দৃষ্টবস্তুর সদ্ভাবে আপনাকে দ্রষ্টাবোধে বিশেষ অনুমান করিতে পারে। বস্তুদর্শনের জ্ঞান হওয়াতে জীব আপনার জ্ঞাতৃত্বের অনুমান করে; অতএব বস্তুই অজ্ঞানী জীবকে আত্মানুমানের পোষকতা করে; বস্তুর অসদ্ভাবই তাদৃশ অনুমান হইতে পরিচ্যুত করে। সুষুপ্তিতে অভিমান ও অভিমানের বিষয় বিলুপ্ত হওয়ায়, অজ্ঞানীর পূর্ব্বে দ্রষ্টারূপে আত্মার অনুমানও বিলুপ্ত হইয়া স্বয়ং বিনষ্ট না হইয়াও নষ্টের ন্যায় আপনাকে জ্ঞান করে। কিন্তু সমাধিতে জ্ঞানাবরণ অভিমানের নিবৃত্তিতে জীব স্বীয়রূপ আনন্দময় ভাবেই অবস্থান করে। নিত্য সুষুপ্তিতে অভিমানের নিত্য নিবৃত্তি হয় বটে, কিন্তু ক্ষণকালের জন্য; পরক্ষণেই আবার অভিমানের উদ্রেকে জীব দ্রষ্টা বলিয়া আপনাকে অনুমান করে। কেবল ভক্তি ও জ্ঞানবলে অভিমানের যে নিবৃত্তি, তাহাতে জীবের নৈষ্কর্ম্ম্য ভাবের অনায়নে অপরোক্ষানুভূতির উদয় হয়॥ ১৪॥

সুষুপ্তিকালেও যে, অভিমানের সম্পূর্ণ বিরাম হয়, তাহাও বলা যায় না; কারণ তদবস্থায় "সুখে নিদ্রা গিয়াছিলাম" ইহারও একটী প্রতীতি জন্মে। বিষয় না থাকিলে কখন তাহার প্রতীতি ঘটে না। অতএব তৎকালেও অহঙ্কার থাকে; তবে অহঙ্কারের বিষয়ানুসন্ধানের ভাবটী মাত্র বিলুপ্ত হয়। পূর্ব্বে জাগ্রতকালে অহঙ্কারের অনুসংহিত

সাহঙ্কারস্য দ্রব্যস্য যোঽবস্থানমনুগ্রহঃ ॥ ১৫ ॥

দেবহূতিরুবাচ ॥

পুরুষং প্রকৃতির্ব্রহ্মন্ ন বিমুঞ্চতি কর্হিচিৎ।

অন্বয়ঃ।

কার্য্যকারণসহিতস্য, যঃ অনুগ্রহঃ প্রকাশকঃ, অবস্থানং আশ্রয়শ্চ তং আত্মানং প্রতিপদ্যতে ॥ ১৫ ॥

দেবহূতিঃ উবাচ। হে প্রভো! ব্রহ্মন্! অনয়োঃ প্রকৃতিপুরুষয়োঃ উভয়োঃ অপি নিত্যত্বাৎ, অন্যোন্যাপাশ্রয়ত্বাৎ পুরুষব্যতিরেকেণ প্রকৃতেঃ নানাবিধদেহেন্দ্রিয়াদিরূপেণ-

শ্রীধরস্বামী।

তমাত্মানমিত্যন্বয়ঃ ॥ ১৫ ॥

ভক্তিবিরক্তিভ্যাং সত্যপি বিবেকে প্রকৃতিপুরুষয়োঃ পরস্পরত্যাগাভাবাৎ কথং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ধর্ম্মপ্রদানাদনুগ্রাহ্য ইত্যর্থঃ ॥ ১৫ ॥

নন্বু ভক্তেরপি জ্ঞানবৈরাগ্যাদিভি র্মোক্ষো দুর্লভ এবেত্যত্র যুক্তিমাহ. পুরুষমিতি। অন্যোন্যেতি। পুরুষঃ শক্তিমত্বাৎ বিশ্বসৃষ্ট্যাদিলীলার্থং স্বশক্তিপ্রকৃতিমপাশ্রয়তে। প্রকৃতিরপি

স্বরূপকে নির্ব্বাচন করিয়া থাকেন ॥ ১৫ ॥

দেবহূতি তখন পুত্রকে সম্বোধন করিয়া বলিলেন, হে প্রভো! কোন বিষয়ই আপনার অপরিজ্ঞাত নাই; এক্ষণে বলুন দেখি! যে, পুরুষ ও প্রকৃতি উভয়ই নিত্য এবং পরস্পরে আশ্রয়আশ্রয়ীভাবে সম্বদ্ধ; অর্থাৎ পুরুষ ব্যতীত প্রকৃতিতে যেমন নানাবিধ দেহ ও ইন্দ্রিয়াদিরূপে পরিণামের অভাবে প্রকৃতির স্বরূপ প্রতীত হয় না, সেইরূপ প্রকৃতি ব্যতীত পুরুষেরও জীব

আভাস।

বিষয়ের প্রতি দর্শন করত জীব দ্রষ্টারূপে থাকেন; সুষুপ্তিদশায় স্বয়ং অহঙ্কারকেই দ্রষ্টব্য-বোধে জীবচৈতন্য নিরীক্ষণ করেন; তাহারই সাক্ষীরূপে বিরাজ করেন। অতএব তাদৃশ অবস্থায় অহঙ্কারের দ্রষ্টারূপে জীবকে নির্ণয় করিতে পারিলে, আত্মসাক্ষাৎকার হয় বটে ॥ ১৫ ॥

কপিলদেবের উপদেশে দেবহূতি মনে করিলেন যে, ভক্তি ও বিরক্তি থাকিলেও ভক্তের পক্ষে মুক্তি দুর্লভ। যে যে কারণে তাঁহার মনোমধ্যে এই সন্দেহ উপস্থিত হয়, তিনি একে একে সেই সকল কারণের উল্লেখ পূর্ব্বক ভগবানকে সম্বোধন করিয়া বলিলেন, পুরুষ শক্তিমান্; সেই শক্তির নামই প্রকৃতি। শক্তিমান্ পুরুষ যেমন শক্তিশূন্য হইয়া, থাকিতে পারেন না, প্রকৃতিও স্বীয় আশ্রয় পুরুষ ব্যতীত কখনই পৃথক্ ভাবে অবস্থিতি

অন্যোন্যাপাশ্রয়ত্বাচ্চ নিত্যত্বাচ্চানয়োঃ প্রভো ॥ ১৬ ॥
যথা গন্ধস্য ভূমেশ্চ ন ভাবো ব্যাতিরেকতঃ।
অপাং রসস্যচ যথা তথা বুদ্ধেঃ পরস্যচ ॥ ১৭ ॥
অকর্ত্তুঃ কর্ম্মবন্ধোঽয়ং পুরুষস্য যদাশ্রয়ঃ।

অন্বয়ঃ।

পরিণতায়াঃ স্বরূপালাভাৎ তথা প্রকৃতিব্যতিরেকেণ পুরুষস্যাভিব্যক্ত্যভাবাৎ) পুরুষং জীবং প্রকৃতিঃ কর্হিচিৎ ন বিমুঞ্চতি ॥ ১৬ ॥

যথা ভূমেঃ গন্ধস্য চ ব্যতিরেকতঃ বিশ্লেষতঃ, ভাবঃ অবস্থানং, ন ভবতি; যথা চ অপাং রসস্য চ ব্যতিরেকতঃ ভাবঃ ন, তথা বুদ্ধেঃ প্রকৃতেঃ পরস্য পুরুষস্য চ ব্যতিরেকতঃ ভাবঃ ন ভবতি ॥ ১৭ ॥

অকর্ত্তুঃ স্বতঃ কর্ত্তৃত্বরহিতস্য, পুরুষস্য যদা প্রকৃতেঃ সংসু নিত্যতয়া সর্ব্বদৈব বর্ত্ত-

শ্রীধরস্বামী।

মুক্তিরিতি পৃচ্ছতি পুরুষমিতি চতুর্ভিঃ ॥ ১৬ ॥

ব্যতিরেকাভাবমাত্রে দৃষ্টান্তঃ। যথা ব্যতিরেকতো ভাবঃ সত্তা নাস্তি; গন্ধস্য কদাচিদপক্ষয়দর্শনাৎ দৃষ্টান্তান্তরং অপামিতি। বুদ্ধেঃ প্রকৃতেঃ পরস্যচ পুরুষস্য ॥ ১৭ ॥

ততঃ কিং অত আহ অকর্ত্তুরিতি। যে গুণা আশ্রয়ো যস্য সঃ। তেষু প্রকৃতের্গুণেষু

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

শক্তিত্বাৎ স্বীয়ং পুরুষমাশ্রয়ত এবেত্যর্থঃ। দ্বয়োরেকতরস্য নশ্বরত্বে বিমুঞ্চতু নাম তচ্চ নেত্যাহ নিত্যত্বাদিতি ॥ ১৬ ॥

ব্যতিরেকতো ভাবঃ সত্তা নাস্তি গন্ধস্য কদাচিদপক্ষয়দর্শনাদ্দৃষ্টান্তান্তরং অপামিতি বুদ্ধেঃ প্রকৃতেঃ পরস্য পুরুষস্য ॥ ১৭ ॥

ততঃ কিমত আহ অকর্ত্তুরিতি। যে গুণা আশ্রয়ো যস্য সঃ। তেষু প্রকৃতের্গুণেষু

বলিয়া প্রতীতি ঘটে না; অতএব এতদবস্থায় প্রকৃতি কর্ত্তৃক পুরুষের পরিত্যাগ কিরূপে সঙ্গত হইতে পারে? ॥ ১৬ ॥

বিশেষত গন্ধগুণ হইতে ক্ষিতির বিশ্লেষণভাবে অবস্থিতি যেমন সঙ্গত নহে, জল হইতে রসভাগের বিয়োগ কখন সম্ভব নহে, সেইরূপ প্রকৃতি হইতে পুরুষের বিচ্ছেদও কখন সম্ভবপর বোধ হইতেছে না ॥ ১৭ ॥

সৎস্বরূপে সতত বিদ্যমান সত্ত্বাদি প্রাকৃতিক গুণগণে অকর্ত্তাস্বরূপ পুরু-

আভাস।

করিতে পারেন না। বিশেষত উভয়েই ব্যাপী; তখন এতদুভয়ের বিশ্লেষ কিরূপে সঙ্গত হইতে পারে ॥ ১৬ ॥

গুণেষু সৎসু প্রকৃতেঃ কৈবল্যং তেষ্বতঃ কথং ॥ ১৮ ॥
ক্বচিত্তত্ত্বাবমর্শেন নিবৃত্তং ভয়মুল্বণং।
অনিবৃত্তনিমিত্তত্বাৎ পুনঃ প্রত্যবতিষ্ঠতে ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

মানেষু, গুণেষু সত্ত্বাদিষু অয়ং কর্ম্মবন্ধঃ (নানাবিধকর্ম্মজনিতপাপপুণ্যফলভোগায় নানাযোনিষু জন্মাদিলক্ষণঃ) আশ্রয়ঃ অতঃ তেষু সংসারবন্ধাৎ পুরুষস্য কৈবল্যং মোক্ষঃ কথং ঘটতে ॥ ১৮ ॥

তত্ত্বাবমর্শেন তত্ত্ববিচারেণ, ক্বচিৎ (পুরুষবিশেষে অবস্থাবিশেষে বা) নিবৃত্তং (অনুসন্ধানাভাবেন নিবৃত্তপ্রায়মপি) উল্বণং দুঃসহং ভয়ং (সংসারভয়ং) অনিবৃত্তনিমিত্তত্বাৎ (নিমিত্তস্য তৎকারণস্য প্রকৃতি গুণস্য সত্ত্বাদেঃ অনিবৃত্তত্বাৎ) পুনঃ প্রত্যবতিষ্ঠতে উপস্থিতং ভবতি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

সৎসু পুরুষস্য কৈবল্যং কথং ॥ ১৮ ॥

অতএব ক্বচিন্নিবৃত্তপ্রায়স্যাপি সংসারভয়স্য পুনরুদ্ভবো দৃশ্যতে ইত্যাহ ক্বচিদিতি ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

সৎসু পুরুষস্য জীবস্য অতএব হেতোঃ কথং কৈবল্যং ॥ ১৮ ॥

অতএব ক্বচিন্নিবৃত্তপ্রায়স্যাপি সংসারভয়স্যোদ্ভবো দৃশ্যত ইত্যাহ ক্বচিদিতি ॥ ১৯ ॥

যের যখন নানাবিধ কর্ম্মজনিত পাপপুণ্য ভোগের নিমিত্ত নানাযোনিতে জন্মাদিলক্ষণ আশ্রয় ঘটে, তখন সংসারবন্ধন হইতে পুরুষের কৈবল্যলাভ কিরূপে ঘটিতে পারে ? । ১৮ ॥

তত্ত্ববিচারের দ্বারা কখন কোন অবস্থায় কোন পুরুষবিশেষে সংসারভয় নিবৃত্তের ন্যায় হইলেও কারণস্থানীয় সত্ত্বাদি প্রাকৃতিক গুণের অনিবৃত্তি বশত পুনরায় সংসার ঘটিবার বিশেষ সম্ভাবনা ॥ ১৯ ॥

আভাস।

যেমন গুণগুণীর পরস্পরে সম্বন্ধ সহজ ; উভয়ের পার্থক্য কেবল কল্পনা মাত্র, সেইরূপ প্রকৃতির গুণে আশ্রিত পুরুষকেও তদীয় গুণ হইতে পৃথক করিবার সংকল্পও কেবল কল্পনা মাত্র ॥ ১৭ ॥ ১৮ ॥

অতএব সংসারভয় যদি কখন নিবৃত্ত হয়, বা নিবৃত্তের ন্যায় অনুমান হয়, সে কেবল মনোজৃম্ভন মাত্র ; ক্ষণকালের জন্য নিবৃত্ত হইলেও পুনরায় যে, তাহা প্রবৃত্ত হইবে, সে বিষয়ে আর সন্দেহ নাই ॥ ১৯ ॥

দেবহূতির এই সন্দেহ নিরাকরণার্থ ভগবান্ বলিলেন, প্রকৃতির সম্বন্ধে মাত্রই যে পুরুষের বন্ধন হয়, তাহা নহে ; কিন্তু "পুরুষস্য দর্শনার্থং তথা কৈবল্যার্থং প্রধানস্য পঙ্গ্বন্ধ-

শ্রীভগবানুবাচ ॥

অনিমিত্তনিমিত্তেন স্বধর্ম্মেণামলাত্মনা।
তীব্রয়া ময়ি ভক্ত্যাচ শ্রুতসম্ভৃতয়া চিরং ॥
জ্ঞানেন দৃষ্টতত্ত্বেন বৈরাগ্যেণ বলীয়সা।

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। অনিমিত্তনিমিত্তেন (নিমিত্তং ফলং তদনিমিত্তং অপ্রয়োজকং যস্মিন্ তেন ফলাভিসন্ধিরহিতেন) স্বধর্ম্মেণ স্ববর্ণাশ্রমোচিতধর্ম্মেণ, অমলাত্মনা বিশুদ্ধান্তঃকরণেন, চিরং বহুকালং শ্রুতসম্ভৃতয়া মৎকথাশ্রবণেন পুষ্টয়া, অতএব তীব্রয়া ময়ি ভক্ত্যা প্রেমবিশেষেণ ॥

দৃষ্টতত্ত্বেন (দৃষ্টং তত্ত্বং প্রকৃতিপুরুষয়োঃ যাথাত্ম্যং যেন তেন) জ্ঞানেন বলীয়সা

শ্রীধরস্বামী।

ন প্রকৃতিসম্বন্ধমাত্রং বন্ধহেতুঃ কিন্তু গুণবুদ্ধ্যা তদাসক্তিঃ; তন্নিবৃত্তৌ সত্যাং মোক্ষোঽপি ঘটতে। ক্বচিদুদ্ভবস্য সাধনবৈকল্যাদিত্যভিপ্রেত্য সাধনাতিশয়ং কথয়ন্ পরিহরতি ত্রিভিঃ। নিমিত্তং ফলং তন্ন নিমিত্তং প্রবর্ত্তকং যস্মিন্ নিষ্কামেণ ধর্ম্মেণ অমলাত্মনা নির্ম্মলেন মনসা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে মাত র্ন প্রকৃতি র্জীবস্য বন্ধহেতুঃ কিন্তু তদীয়গুণাধ্যাস এব স চাবিদ্যাকৃত এব। অতএবাবিদ্যানিবৃত্তৌ মোক্ষো ঘটতে ক্বচিদুদ্ভবস্য সাধনবৈকল্যাদিত্যভিপ্রেত্য সাধনাতিশয়ং কথয়ন্ পরিহরতি ॥ নিমিত্তং ফলং তদভাবোঽনিমিত্তমেব নিমিত্তং প্রবর্ত্তকো যত্র তেন অমলঃ শুদ্ধ আত্মা অন্তঃকরণং যতঃ স্যাত্তেন। তীব্রয়া স্বভাবাদেব সর্ব্বত-

---

ভগবান্ বলিলেন, কর্ম্মের ফলই সংসারবন্ধনের নিমিত্ত কারণ; ; সাধক যখন ফলের আকাঙ্ক্ষা পরিত্যাগ করত, নির্ম্মলহৃদয়ে স্ববর্ণাশ্রমোচিত ধর্ম্মের অনুশীলন করেন এবং ভগবৎকথা শ্রবণের দ্বারা তাঁহার হৃদয়ে শ্রবণেচ্ছা উত্তরোত্তর পরিবর্দ্ধিত হইয়া ভগবানে তীব্র ভক্তি ও প্রেমের উদয় হয়, প্রকৃতিপুরুষের বিবেকরূপ জ্ঞান, অচল বৈরাগ্য, যমনিয়মাদি যোগ ও

আভাস।

বহুভয়োরপি সংযোগ স্তৎকৃতঃ স্বর্গঃ॥" ভোগ্য-বুদ্ধিতে প্রকৃতিকে দর্শন করাই পুরুষের বন্ধন; এবং অনাসক্তভাবে তাদৃশ দর্শন হইতে নিবৃত্ত হওয়াই পুরুষের মুক্তি। জগতে অনন্ত বিষয় আছে; কিন্তু সকলের জন্যই যে, চিত্ত উৎকণ্ঠিত হয়, তাহা নহে; প্রয়োজন বোধে যাহার নিকট অগ্রসর হয়, যাহাকে আপন জ্ঞানে প্রেম করে, সেই চিত্তকে আকৃষ্ট করে। অতএব কর্ম্মের ফলই সংসারবন্ধনের প্রধান নিমিত্ত কারণ বলিয়া নির্দ্দেশ করা কর্ত্তব্য; সুতরাং কামা কর্ম্ম যাগাদি পরিত্যাগ করা কর্ত্তব্য, তাহা নহে; ফলের আকাঙ্ক্ষাই বন্ধনের কারণ। আকাঙ্ক্ষা পরিত্যাগ করিলেই মুক্তিলাভ

তপোযুক্তেন যোগেন তীব্রেণাত্মসমাধিনা ॥ ২০ ॥
প্রকৃতিঃ পুরুষস্যেহ দহ্যমানা ত্বহর্নিশং।
তিরোভবিত্রী শনকৈরগ্নের্যোনিরিবারণিঃ ॥ ২১ ॥

অন্বয়ঃ।

কামানভিভূতেন বৈরাগ্যেণ চ তপোযুক্তেন যোগেন তীব্রেণ আত্মসমাধিনা ॥ ২০ ॥

অহর্নিশং তু দহ্যমানা অভিভূয়মানা, পুরুষস্য মোহিকা প্রকৃতিঃ অবিদ্যা শনকৈঃ সাধনতারতম্যানুসারেণ, ইহ অস্মিন্ এব জন্মনি, অগ্নেঃ যোনিঃ অরণিঃ ইব (আবির্ভূতহেতুঃ অরণিঃ কাষ্ঠং স্বতঃ আবির্ভূতেন অগ্নিনা দহ্যমানোঽপি বিনশ্যতি তথা) তিরোভবিত্রী তিরোহিতা ভবতি ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

শ্রুতেন কথাশ্রবণেন সংভৃতয়া পুষ্টয়া ॥ ২০ ॥

দহ্যমানাঽভিভূয়মানা তিরোহিতা ভবতি ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেজস্বিন্যা শ্রুতসংভৃতয়া মৎকথাশ্রবণপরিপুষ্টয়া ॥ ২০ ॥

প্রকৃতি র্লিঙ্গদেহঃ পুরুষস্য এভিঃ সাধনৈর্দহ্যমানা অভিভূয়মানা তিরোভবতি অগ্নেরিতি অরণিঃ কাষ্ঠং। অগ্নির্যথা কাষ্ঠাদেবোৎপন্ন কাষ্ঠং দহতি, তথৈব জ্ঞানং লিঙ্গদেহাদুৎপন্ন তমেব দহতি ॥ ২১ ॥

আত্মসমাধি দ্বারা চিত্ত সমাহিত হয় ॥ ২০ ॥

বহ্নি যেমন স্বীয় উৎপত্তি ও আশ্রয় স্থান কাষ্ঠকে স্বীয় প্রকাশেই পরিদগ্ধ করিয়া ফেলে, সেইরূপ নিরন্তর অভিভবকারিণী পুরুষের মোহদায়িকা প্রকৃতি সাধনের তারতম্যে ক্রমশ অবিদ্যা-বেশ পরিত্যাগ পূর্ব্বক তিরোহিত হয় ॥২১॥

আভাস।

করা যায়। এই আকাঙ্ক্ষা ত্যাগের প্রধান উপায়ই নিষ্কাম ধর্ম্মের অনুষ্ঠান ও ভগবচ্চিন্তন। চিত্তকে বিষয়ালোচনার সাবকাশ না দিয়া, বিষয়ের নির্ম্মাতা ভগবানের বিষয় সতত তাহার নিকট জাগরূক করত ধর্ম্মকর্ম্মে সর্ব্বদা নিযুক্ত রাখাই, চিত্তের মালিন্য অপসারণের প্রধান উপায় ॥ ২০ ॥

প্রকৃতি ভোগ দেন বটে, কিন্তু পুরুষ যদি বিচার পূর্ব্বক ভোগ করেন, তাহা হইলে প্রকৃতি তাঁহাকে অভিভূত করিতে পারেন না। যেমন নর্ত্তকী স্বীয় নৃত্যকৌশল জ্ঞানী সমাজে একবার প্রদর্শন করাইয়াই প্রতিনিবৃত্ত হয় এবং পুনরায় তাহা দেখাইতে লজ্জিতা হয়, সেইরূপ প্রকৃতিও বিবেকীর সন্নিধানে একবার আত্মপরিচয় দিয়াই তিরোহিতা হন; পুনরায় তৎসমীপে আর অগ্রসর হন না। বহ্নি কাষ্ঠের অভ্যন্তরে অবসন্নের ন্যায় অবস্থিতি করিতেছিল, বলিয়াই কাষ্ঠের এত প্রাবল্য ও বহ্নির ন্যূনতা; কিন্তু দুইখানি কাষ্ঠের

ভুক্তভোগা পরিত্যক্তা দৃষ্টদোষাচ নিত্যশঃ।
নেশ্বরস্যাশুভং ধত্তে স্বে মহিম্নি স্থিতস্য চ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

ভুক্তভোগা (ভুক্তঃ ভোগঃ স্বর্গনরকাদিদুঃখং যস্যাঃ সা) পরিত্যক্তা যতঃ নিত্যশঃ দৃষ্টদোষা (দৃষ্টঃ দোষঃ দুঃখহেতুত্বং যস্যাঃ সা) স্বে মহিম্নি পরমানন্দস্বরূপে স্থিতস্য ঈশ্বরস্য স্বতন্ত্রস্য পুরুষস্য অশুভং সংসারভয়ং ন ধত্তে সম্পাদয়তি ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

এবঞ্চ সতি পুনরুদ্ভবো নাস্তীত্যাহ। ভুক্তো ভোগো যস্যাঃ নিত্যশঃ সদা দৃষ্টো দোষো যস্যাঃ অতএব পরিত্যক্তা সতী ঈশ্বরস্যাপরতন্ত্রস্য স্বে মহিম্নি স্থিতস্য আনন্দং প্রাপ্তস্য ॥ ২২ ॥

বিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চাবশিষ্টাপি দহ্যমানারণিবল্লিঙ্গদেহরূপা প্রকৃতিঃ খল্বেবম্ভূতা চেন্নাপকুরুত ইত্যাহ ভুক্তোভোগো বহুধা স্বর্গনরকাদি র্যস্যা অতএব বিবেকিনা চর্ব্বিতবন্তাক্তা তদপি দৈবাদাপতন্তী চেদ্দৃষ্টো দোষো যস্যাঃ সা। ঈশ্বরস্য নিত্যমেবং সদসদ্বিবেচনে ভুক্ত্বা পরিত্যাজনে দে ষদর্শনেচ সমর্থস্য স্বে মহিম্নি স্বীয়ে মতত্বে গুরূপদিষ্টসাধুবর্ত্মনি ॥ ২২ ॥

প্রকৃতির অনিত্যাদি দোষজাল পুরুষ কর্ত্তৃক নিরন্তর পরিদৃষ্ট হইলে তিনি পুরুষকে ভোগ প্রদানে বিরতা ও পরিত্যক্তার ন্যায় হইয়া পড়েন; সুতরাং তৎকালে স্বীয় পরমানন্দস্বরূপে অবস্থিত স্বতন্ত্র পুরুষের সংসারভয় উৎপাদনে আর প্রকৃতি সমর্থা হন না ॥ ২২ ॥

আভাস।

সঙ্ঘর্ষণে তত্রত্য অবসন্নপ্রায় বহ্নিই যেমন প্রকটিত হইয়া, উভয় কাষ্ঠকেই ভস্মসাৎ করিয়া ফেলে, সেইরূপ প্রকৃতিস্থ পুরুষ অজ্ঞান ও অজ্ঞানের বিচাররূপ কাষ্ঠদ্বয়ের পরস্পর সংঘর্ষণে স্বয়ং প্রবল হইয়া উভয়কেই তুচ্ছ করিয়া ফেলেন ॥ ২১ ॥

গুরূপদিষ্ট সৎপথের অনুসরণে ধ্যান, ধারণা ও সমাধি দ্বারা চিত্ত আত্মসন্দর্শনে নিবৃত্তি লাভ করিলে, পুনরায় আর সংসারভোগের সম্ভাবনা থাকে না। জীব বিচার এবং সমাধিবলে প্রকৃতি হইতে উৎপন্ন যাবতীয় তত্ত্বকে বশীভূত করিতে পারিলেও স্বয়ং প্রকৃতিকে বশীভূত করিতে পারেন না। কারণ জীবত্বের আশ্রয়ই প্রকৃতি। কিন্তু প্রকৃতি বশীভূতা না হইলেও কার্য্যানুরোধে বশীভূতা না হইয়া পারেন না। কারণ গুণময়ী প্রকৃতির সকল গুণ পুরুষের নিকট সুস্পষ্ট প্রকাশ হইলে, তিনি আর অভিনব ভাব প্রদর্শনে পরাঙ্মুখ হইয়া আপনা হইতেই সেই পুরুষের সমীপে নিবৃত্তপ্রসবা হন; সুতরাং তিনি কাহারও নিকট বশীভূততা স্বীকার না করিলেও কার্য্যত বশীভূততার ফল জন্মে ॥ ২২ ॥

যথাহ্যপ্রতিবুদ্ধস্য প্রস্বাপো বহ্বনর্থভৃৎ।
সএব প্রতিবুদ্ধস্য ন বিমোহায় কল্পতে॥
এবং বিদিততত্ত্বস্য প্রকৃতির্ময়ি মানসং।
যুঞ্জতো নাপকুরুত আত্মারামস্য কর্হিচিৎ॥ ২৩॥

অন্বয়।

হি প্রসিদ্ধং যথা অপ্রতিবুদ্ধস্য নিদ্রামুপগতস্য, পুংসঃ প্রস্বাপঃ স্বপ্নঃ, বহ্বনর্থভৃৎ (বহূন্ অনর্থান্ শিরশ্ছেদাদীন্ বিভর্ত্তি পুষ্ণাতি তথাভূতঃ অপি) সঃ এব সংস্কারঃ প্রতিবুদ্ধস্য নিদ্রাদুত্থিতস্য পুংসঃ বিমোহায় নৈব কল্পতে সমর্থো ভবতি॥

এবং (অজ্ঞস্য মদ্বিমুখস্য বিষয়াসক্তস্য অনর্থহেতুঃ অপি) প্রকৃতিঃ বিদিততত্ত্বস্য (বিদিতং তত্ত্বং প্রকৃতিপুরুষয়োর্বাণাং যাথাত্ম্যং যেন তস্য) অতএব আত্মারামস্য পরমানন্দ-স্বরূপলাভেন পূর্ণকামস্য, ময়ি পরমেশ্বরে, মানসং মনঃ যুঞ্জতঃ, পুংসঃ কর্হিচিৎ ন অপ-কুরুতে অপকারং কর্ত্তুং নৈব শক্নোতি॥ ২৩॥

শ্রীধরস্বামী।

অবিবেকাবস্থায়ামনর্থহেতুরপি বিবেকানন্তরং ন ভবতীতি সদৃষ্টান্তমাহ যথেতি দ্বাভ্যাং। প্রস্বাপঃ স্বপ্নঃ বহ্বনর্থান্ বিভর্ত্তি পুষ্ণাতি প্রতিবুদ্ধস্য সংস্কারবশেন স্ফুরন্নপি॥ ২৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অবিবেকাবস্থায়ামনর্থহেতুর্যঃ স খলু বিবেকে সতি ন তথৈবেত্যাহ যথেতি দ্বাভ্যাং।

সকলেই পরিজ্ঞাত আছেন যে, নিদ্রাভিভূত ব্যক্তির পক্ষে স্বপ্ন নানা-প্রকার বিভীষিকা প্রদর্শন করে বটে, কিন্তু জাগ্রত হইলে আর স্বপ্নে কোন-রূপ বিড়ম্বনা করিতে সমর্থ হয় না; মিথ্যাভাবে আপনিই অন্তর্হিত হইয়া যায়॥

সেইরূপ ভগবদ্বিমুখ বিষয়াসক্ত মূর্খ ব্যক্তির সমীপে যে প্রকৃতি বিবিধ অনর্থপ্রদা বলিয়া প্রতীতা ছিলেন, প্রকৃতিপুরুষের ভেদবিচারে বিশেষ পারদর্শী আত্মারাম মুনি, যিনি আমাতে চিত্ত সমর্পণ করত পরমানন্দ লাভে নির্বৃত হইয়াছেন, তাঁহার সমীপে সেই প্রকৃতিই আর কোন অনিষ্ট সাধনে সমর্থা হন না॥ ২৩॥

আভাস।

দৃশ্য পদার্থের কোন দোষ বা গুণ নাই; দর্শনের দোষ ও গুণ অবশ্য স্বীকার করিতে হইবে। সে দর্শনও অবস্থা অনুসারে ঘটিয়া থাকে। যেমন স্বপ্নাবস্থায় দৃষ্ট বিষয়সমূহ চিত্তে নানাপ্রকার বিকারের উদয় করে, কিন্তু স্বপ্নাবস্থার পরিবর্ত্তনে অর্থাৎ জাগ্রত হইলে সেই স্বাপ্নিক বিষয়ের স্মরণে কোন বিকারই উৎপাদন করে না; বরং মিথ্যাজ্ঞানে তত্তৎ

যদৈবমধ্যাত্মরতঃ কালেন বহুজন্মনা।
সর্ব্বত্র জাতবৈরাগ্য আব্রহ্মভুবনান্মুনিঃ ॥ ২৪ ॥
মদ্ভক্তঃ প্রতিবুদ্ধার্থো মৎপ্রসাদেন ভূয়সা।
নিঃশ্রেয়সং স্বসংস্থানং কৈবল্যাখ্যং মদাশ্রয়ং ॥ ২৫ ॥

অন্বয়ঃ

বহুজন্মনা (বহূনি জন্মানি যস্মিন তেন) কালেন এবং উক্তপ্রকারকসাধনানুষ্ঠানেন যদা অধ্যাত্মরতঃ স্বরূপনিষ্ঠঃ মুনিঃ বিবেকী, আব্রহ্মভুবনাৎ সর্ব্বত্র জাতবৈরাগ্যঃ চ ভবতি ॥ ২৪ ॥

মদ্ভক্তঃ প্রতিবুদ্ধার্থঃ (প্রতিবুদ্ধঃ বিজ্ঞাতঃ অর্থঃ পরমপুরুষার্থঃ যেন সঃ) সদৃশা স্বরূপ-জ্ঞানেন, ছিন্নসংশয়ঃ (ছিন্নঃ সংশয়ো যস্য সঃ) ধীরঃ বশীকৃতান্তঃকরণঃ, ভূয়সা মহতা,

শ্রীধরস্বামী।

উপসংহরতি যদৈবমিতি ত্রিভিঃ। বহূনি জন্মানি যস্মিন্ কালে ॥ ২৪ ॥

প্রতিবুদ্ধার্থঃ বিদিতাত্মতত্ত্বঃ কৈবল্যাখ্যং স্বসংস্থানং দেহাদিব্যতিরিক্তং স্বরূপং মদাশ্রয়ং নিঃশ্রেয়সং। নিরতিশয়ানন্দং ॥ ২৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

প্রস্বাপঃ স্বপ্নঃ বহ্বনর্থান্ ব্যাঘ্রসর্পাদিদংশান্ বিভর্ত্তি প্রতিবুদ্ধস্য সংস্কারবশেন স্ফুরন্নপি ॥ ২৩ ॥ ২৪ ॥

স্বসংস্থানং দেহাদি ব্যতিরিক্তং স্বরূপং কৈবল্যাখ্যং ব্রহ্ম। অহমেবাশ্রয়ো যস্য তৎ।

এই প্রকারে জন্ম-জন্মান্তর উক্তসাধনের অনুষ্ঠানে পুরুষ যখন স্বরূপে পরিনিষ্ঠিত হইয়া বিবেকবলে ব্রহ্মলোকাবধি যাবতীয় ভুবনে সর্ব্বতোভাবে বৈরাগ্য অবলম্বন করিতে পারেন ॥ ২৪ ॥

এবং আমাতে ভক্তি করত পরমপুরুষার্থ অবধারণে সক্ষম হন্, আত্মস্বরূপের অবধারণে অভিমানরূপ তাঁহার হৃদয়-গ্রন্থি বিচ্ছিন্ন হইয়া পড়ে, তাদৃশ জিতেন্দ্রিয় ধীর ব্যক্তিগণ আমারই অনুপম প্রসাদে মোক্ষশব্দবাচ্য আমারই

আভাস।

বিষয়ের প্রতি উপেক্ষাই আনয়ন করে, সেইরূপ অজ্ঞান অবস্থায় যে সকল বিষয় অজ্ঞানীর চিত্তকে বিমোহিত করিয়া থাকে, জ্ঞানের উদয় হইলে, তাহাই আবার তাহার প্রতি বিরক্তি উৎপাদনের কারণ হইয়া উঠে ॥ ২৩ ॥ ২৪ ॥

অজ্ঞানশয্যা হইতে উত্থিত হইতে হইলে, ভগবদ্ভক্তির বিশেষ প্রয়োজন; নদীগর্ভে নিপতিত ব্যক্তি অনন্তপ্রকার সন্তরণকৌশল প্রকাশ করিলে, কেবল ভাসিতে পারিবেন মাত্র; আপনাকে কখন জল হইতে সম্পূর্ণ পৃথক করিতে পারেন না; পৃথক হইতে হইলে, অপর একটী নৌকাদি আশ্রয়ের প্রয়োজন হয়, যাহার সাহায্যে তিনি জল হইতে সম্পূর্ণ পৃথক্

প্রাপ্নোতীহাঞ্জসা ধীরঃ স্বদৃশা ছিন্নসংশয়ঃ।
যদ্গত্বা ন নিবর্ত্তেত যোগী লিঙ্গবিনির্গমে ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

মৎপ্রসাদেন নিঃশ্রেয়সং পরমপুরুষার্থং, কৈবল্যাখ্যং মোক্ষশব্দবাচ্যং মদাশ্রয়ং মদধীনং স্বসংস্থানং স্বপরমার্থরূপং, ইহৈব দেহে অঞ্জসা অনায়াসেন প্রাপ্নোতি। লিঙ্গবিনির্গমে লিঙ্গাৎ লিঙ্গশরীরাৎ বিনির্গমে, যৎ গত্বা প্রাপ্য যোগী ন নিবর্ত্তন্তে ন পুনরাবর্ত্তন্তে ॥ ২৫॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

স্বদৃশা আত্মজ্ঞানেন ছিন্নাঃ সংশয়া মিথ্যাজ্ঞানানি যস্য লিঙ্গাদ্বিনির্গমে লিঙ্গশরীরনাশে সতীত্যর্থঃ ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যদুক্তং ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি। স্বদৃশা শুদ্ধাত্মজ্ঞানেন লিঙ্গাদ্বিনির্গমে লিঙ্গশরীরে নষ্টে সতীত্যর্থঃ ॥ ২৫ ॥ ২৬ ॥

পরমার্থ স্বরূপ পরমমঙ্গলময়ী মুক্তি অনায়াসে এই দেহেই লাভ করিয়া থাকেন; সন্দেহ নাই। লিঙ্গদেহ হইতে বিনির্গত হইয়া তাদৃশ ভাব প্রাপ্ত হইলে, যোগীকে আর পুনরাবৃত্তির পথে নিপতিত হইতে হয় না ॥ ২৫ ॥ ২৬ ॥

হে শোভন! এই প্রকারে সিদ্ধিলাভ করিলে যোগীর চিত্ত সাধারণ বস্তুতে আসক্ত হওয়া দূরে থাকুক, অনন্ত উপায়ে কেবলমাত্র যোগের

আভাস।

হইতে পারেন; সেইরূপ যোগ সাধনাদি বা বিষয়বৈরাগ্যাদি যে কোন উপায় যোগী অবলম্বন করুন না, সকলই মায়ার আস্তরণ মাত্র। মায়াবরণ অবলম্বনে কখনই মায়াকে সম্পূর্ণ অতিক্রম করিয়া অমায়াময় পরমপদ লাভ করিতে পারিবেন না; যেমন নৌকাতে উঠিতে হইলে, নৌকারই কোন অঙ্গাদি অবলম্বন করিতে হয় এবং জল পরিত্যাগ করিতে হয়, সেইরূপ স্বস্বরূপের প্রাপ্তিরূপ কৈবল্যধামে গমন করিতে হইলে, মায়ার ক্রিয়া যোগাদি পরিহার পূর্ব্বক কৈবল্যের কোন বস্তুকে আশ্রয়রূপে অবলম্বন করা প্রয়োজন। কিন্তু কৈবল্যের ত স্বগত ভেদ বা নানাবিধ ভাব নাই যে, তাহার কোন এক ভাবকে অবলম্বন করা যাইতে পারে; তাঁহার নাম কৈবল্য এবং স্বরূপতঃ প্রপঞ্চশূন্য একভাব মাত্র। কারণ ভগবানই কৈবল্যের স্বরূপ ও আশ্রয়। নৌকাতে আরোহণ করিলে, যেমন আর সন্তরণের প্রয়োজন ঘটে না, সেইরূপ যম নিয়মাদি সাধনবলে জীব অজ্ঞানের অতলস্পর্শ গভীর গহ্বর হইতে আপনাকে ঈশ্বরসন্নিধানে আনয়ন করত তাঁহার প্রেমরজ্জু ধারণে একবার তৎস্বরূপে আকৃষ্ট করিতে পারিলেই চিরকালের জন্য মুক্ত হইতে পারেন। এ মুক্তিতে বন্ধনের কারণ লিঙ্গশরীরাদির অভাবে ভক্তকে আর সংসারপ্রবাহে পুনর্ব্বার নিপতিত হইতে হয় না ॥ ২৫ ॥ ২৬ ॥

যদা ন যোগোপচিতাসু চেতো মায়াসু সিদ্ধস্য বিসজ্জতেঽঙ্গ।
অনন্যহেতুষ্বথ মে গতিঃ স্যাদাত্যন্তিকী যত্র ন মৃত্যুহাসঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে প্রকৃতিবিবেকঃ সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥২৭॥

অন্বয়ঃ।

হে অঙ্গ! এবং সিদ্ধস্য নিষ্পন্নযোগস্য চেতঃ যদা যোগোপচিতাসু (যোগেন উপচিতাসু সুসমৃদ্ধাসু) অনন্যহেতুষু ন যোগাদন্যো হেতু র্যাসাং তাসু) মায়াসু মোহিকাসু অণিমাদিসিদ্ধিষু, ন বিসজ্জতে তদা আত্যন্তিকী পরমপুরুষার্থরূপা, মে মদীয়া, মৎপ্রাপ্তিলক্ষণা গতিঃ স্যাৎ; যত্র যস্যাং গতৌ মৃত্যুহাসঃ (মৃত্যোঃ হাসঃ গর্ব্বঃ) ন ভবতি ॥ ২৭ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে সপ্তবিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

তদাতু অণিমাদিসিদ্ধয়োঽন্তরায়রূপা ভবন্তি তাসু যোগেনোপচিতাসু সমৃদ্ধাসু। ন যোগাদন্যো হেতু র্যাসাং তাসু যদা সিদ্ধস্য চেতো ন বিসজ্জতে। অঙ্গ হে মাতঃ অথ তদা অন্তং অতিক্রান্তোঽত্যন্তো যোঽহং তৎসম্বন্ধিনী যত্র যস্যাং গতৌ মৃত্যোর্হাসো ন ভবতি। বিষয়াসক্তৌতু সিদ্ধোঽপি ময়া বশীকৃত ইতি মৃত্যোর্হাসো গর্ব্বো ভবতীত্যর্থঃ ॥ ২৭ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে সপ্তবিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কিঞ্চাণিমাদিসিদ্ধিপর্য্যন্তা বিবিধা ভোগা অন্তরায়রূপা ভবন্তি তাসু যোগী ন বিসজ্জেদিত্যাহ যদা যোগী উপচিতাসু সমৃদ্ধাসু মায়াসু বিবিধভোগাবস্তুষু সিদ্ধস্য চেতো ন বিসজ্জতে তদা আত্যন্তিকী গতির্মুক্তিঃ স্যাৎ মায়াসু কীদৃশীষু ন যোগাদন্যো হেতু র্যাসাং তাসু। যত্র যস্যাং গতৌ সত্যাং মৃত্যোর্হাসো ন ভবতি। বিসক্তৌ তু সিদ্ধোঽপি ময়া বশীকৃত ইতি। মৃত্যোর্হাসো গর্বো ভবতীত্যর্থঃ ॥ ২৭ ॥

ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
তৃতীয়ে সপ্তবিংশোঽপি সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

দ্বারা সম্যক্ আহৃত আনন্দপ্রদ অণিমাদি অষ্টৈশ্বর্য্যেও কখন আদর প্রদর্শন করে না; তখন পরম পুরুষার্থরূপা মদীয় প্রাপ্তিতেই নিমগ্ন থাকে। তাদৃশ মৎস্বরূপ লাভ করিতে পারিলে, সর্ব্বসংহারক যমও তৎসন্নিধানে কোনরূপ গর্ব্বের পরিচয় দিতে পারেন না ॥ ২৭ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের সপ্তবিংশ অধ্যায় সমাপ্ত ॥

আভাস।

যোগে আরোহণ করিলে অণিমাদি সিদ্ধিসমূহ বিনা প্রার্থনায় যোগীর সন্নিধানে আগমন করে। কিন্তু এই সমস্ত সিদ্ধি ভোগদশাতে সিদ্ধি বলিয়া পরিচিত ও প্রার্থিত

শ্রীভগবানুবাচ ॥

যোগস্য লক্ষণং বক্ষ্যে সবীজস্য নৃপাত্মজে।
মনো যেনৈব বিধিনা প্রসন্নং যাতি সৎপথং ॥ ১ ॥

অন্বয়ঃ।

শ্রীভগবান্ উবাচ। হে নৃপাত্মজে! সবীজস্য সাবলম্বনস্য যোগস্য লক্ষণং বক্ষ্যে যেন বিধিনা মনঃ প্রসন্নং ত্যক্তকামক্রোধাদিকালুষ্যং বিশুদ্ধং সৎ সৎপথং (বেতঃ ভগবতঃ পথং মার্গং যাতি) স্থিরং ভবতি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

অষ্টাবিংশে অতোঽষ্টাঙ্গযোগেন ধ্যানশোভিনা।
সর্ব্বোপাধিবিনির্ম্মুক্ত স্বরূপজ্ঞানমীর্য্যতে ॥
ভক্তিং সংক্ষেপতঃ প্রোচ্য সাংখ্যমাখ্যায় বিস্তৃতং।
অথাহ বৈষ্ণবং যোগমষ্টাঙ্গং কপিলো হরিঃ ॥ *।

সবীজস্য সাবলম্বনস্য প্রসন্নং সৎ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অষ্টস্বঙ্গেষু যোগস্য ধ্যানং বিস্তার্য্য বর্ণ্যতে।
অষ্টাবিংশে যতো যোগী মুক্তিং বিন্দেদযত্নতঃ ॥
স্বভক্তিমুপদিশ্যৈবং সাঙ্খ্যমুক্ত্বা তদর্থিতং।
অষ্টাঙ্গযোগং তন্মিশ্রমারেভে বক্তুমীশ্বরঃ ॥ * ॥

ভগবান্ কপিলদেব তখন জননীকে সম্বোধন পূর্ব্বক বলিলেন, হে রাজনন্দিনি! যে উপায়ে মন কামক্রোধাদি কালুষ্য পরিহারে বিশুদ্ধ হইয়া ভগবানের স্বরূপ চিন্তনে নিশ্চিন্ত হয়, আমি তোমাকে সেই সবীজ সমাধির লক্ষণ বর্ণন করিতেছি, শ্রবণ কর ॥ ১ ॥

আভাস।

হইলেও যোগদশাতে তাহারা যোগের পরিপন্থি ও বিঘ্নদায়ক মাত্র; এবং জীবন্মুক্ত দশাতেও যে তৃপ্তি অনুভূত হইয়া থাকে, সিদ্ধিসম্ভোগে তাহার কণার সহিতও তুলনা হইতে পারে না। অতএব ভোগদশার প্রিয় বিষয় মুক্তাবস্থায় সম্পূর্ণ উপেক্ষণীয়ই হইয়া থাকে, সন্দেহ নাই। ইহারা সকলেই মৃত্যুর অধীন; এক মুক্তিই কালকে অতিক্রম পূর্ব্বক চিরবিদ্যমান থাকেন ॥ ২৭ ॥

ইতি তৃতীয়স্কন্ধে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত সপ্তবিংশাধ্যায়ের আভাস সমাপ্ত ॥

অষ্টাবিংশ অধ্যায়ে যোগানুশীলনে জ্ঞানের স্বরূপ ও ভক্তির লক্ষণ সংক্ষেপতঃ বিবৃত হইয়াছে।

স্বধর্ম্মাচরণং শক্ত্যা বিধর্ম্মাচ্চ নিবর্ত্তনং।
দৈবাল্লব্ধেন সন্তোষ আত্মবিচ্চরণার্চ্চনং ॥ ২ ॥
গ্রাম্যধর্ম্মনিবৃত্তিশ্চ মোক্ষধর্ম্মরতিস্তথা।

অন্বয়ঃ।

শক্ত্যা স্বশক্ত্যনুসারেণ, স্বধর্ম্মাচরণং স্ববর্ণাশ্রমোচিতধর্ম্মানুষ্ঠানং, বিধর্ম্মাৎ ধর্ম্মবাধকাৎ নিবর্ত্তনং; দৈবাৎ প্রারব্ধাৎ, লব্ধেন অন্নাদিনা সন্তোষঃ, আত্মবিচ্চরণার্চ্চনং (আত্মবিদাং চরণার্চ্চনং সেবাপূর্ব্বকারাধনং, ॥ ২ ॥

গ্রাম্যধর্ম্মনিবৃত্তিঃ ত্রৈবর্গিকধর্ম্মত্যাগঃ, তথা মোক্ষধর্ম্মরতিঃ (মোক্ষধর্ম্মাঃ শ্রবণকীর্ত্তনাদয়ঃ

শ্রীধরস্বামী।

তত্র যমনিয়মানাহ ত্রিভিরক্ষরদ্বয়াদিকৈঃ শক্ত্যা স্বধর্ম্মাচরণং ॥ ২ ॥

গ্রাম্যস্ত্রৈবর্গিকো ধর্ম্মঃ তস্মান্নিবৃত্তিঃ। মিতঞ্চ তন্মেধ্যং শুদ্ধঞ্চ তস্যাদনং। তত্র মিতং নাম, দ্বৌ ভাগৌ পূরয়েদন্নৈস্তোয়েনৈকঞ্চ পূরয়েৎ। মারুতস্য প্রচারার্থং চতুর্থমবশেষয়ে-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সবীজস্য সাবলম্বনস্য ॥ ১ ॥ ২ ॥

তত্র যমনিয়মানাহ ত্রিভিরক্ষরদ্বয়াদিকৈঃ। তত্রাহিংসা সত্যাস্তেয়াপরিগ্রহব্রহ্মচর্য্য-মৌনানি যমাঃ। তদন্যানি স্বধর্ম্মাচরণাদীনি নিয়মাঃ। গ্রাম্যস্ত্রৈবর্গিকোঃ ধর্ম্মঃ। মিত-

---

যথাশক্তি স্বীয়-বর্ণাশ্রমোচিত ধর্ম্মের অনুষ্ঠান, বিরুদ্ধ ও বিজাতীয় ধর্ম্ম হইতে বিনিবর্ত্তন, প্রারব্ধবশে প্রাপ্ত অন্নাদিতেই সন্তুষ্ট থাকা; আত্মজ্ঞানী বিবেকী ব্যক্তিগণের যথোপযুক্ত সেবা ও আরাধনা—॥ ২ ॥

ত্রিবর্গসাধক গ্রাম্য ধর্ম্মের অনুষ্ঠানে উদাসীন থাকা, শ্রবণকীর্ত্তনাদি মোক্ষ

আভাস।

যোগ শব্দে সমাধিকেই লক্ষ্য করা হইয়াছে। মহর্ষি পতঞ্জলি বলিয়াছেন, "যোগশ্চিত্তবৃত্তিনিরোধঃ"। বাসনার প্রাবল্যে ও পরিণতির জন্য চিত্তমধ্যে যে সকল বৃত্তি প্রায় সততই জাগরূক থাকে, তাহার নিবারণ পূর্ব্বক চিত্তের স্বরূপে চিন্মাত্র অবস্থাতে অবস্থানের নামই যোগ। যোগাবস্থায় জীবের সর্ব্ববৃত্তির নিরোধে চৈতন্যস্বরূপ আত্মতত্ত্বেরই প্রকাশ হইয়া থাকে। এই যোগের উপায় ও সাধনস্বরূপ অষ্টবিধ অঙ্গ বা ক্রমোন্নতির সোপানরূপে যম নিয়ম আসন প্রাণায়াম প্রত্যাহার ধারণা ধ্যান ও সমাধির নিরূপণ করিয়াছেন। অর্থাৎ ক্রমান্বয়ে এই অষ্টবিধ পূর্ব্ব পূর্ব্ব ভূমিকা জয় করত, উত্তরোত্তর ভূমিকায় অগ্রসর হইলে, যোগ সুসাধ্য হইয়া থাকে। পূর্ব্ব ভূমিকাকে জয় না করিয়া পরভূমিকায় যত্ন করিলে, কখনই ফলোদয় হইবার সম্ভাবনা ঘটে না। এক্ষণে অন্ত্যভূমিকা সমাধি যদিও সম্পূর্ণ যোগ নহে, তথাপি যোগ ক্রিয়া বলিয়া যোগনামেই অভিহিত করা হয়। ভগবান্

মিতমেধ্যাদনং শশ্বদ্বিবিক্তক্ষেমসেবনং ॥ ৩ ॥
অহিংসা সত্যমস্তেয়ং যাবদর্থপরিগ্রহঃ।
ব্রহ্মচর্য্যং তপঃ শৌচং স্বাধ্যায়ঃ পুরুষার্চ্চনং ॥ ৪ ॥

অন্বয়ঃ।

তেষু রতিঃ) মিতমেধ্যাদনং (মিতং পরিমিতং তৎ মেধ্যং শুদ্ধং চ তস্য অদনং) শশ্বৎ নিত্যং বিবিক্তক্ষেমসেবনং (বিবিক্তং একান্তং তত্রাপি ক্ষেমং নির্ব্বাধং তস্য স্থানস্য সেবনং) ॥ ৩ ॥

অহিংসা সর্ব্বপ্রাণিষু দ্রোহবর্জ্জনং, সত্যং যথার্থভাষণং, অস্তেয়ং পরস্বানাপহরণং, যাবদর্থপরিগ্রহঃ (যাবতা অর্থেন দেহনির্ব্বাহ স্তাবতোঽর্থস্য পরিগ্রহঃ) ব্রহ্মচর্য্যং উপস্থসংযমঃ, তপঃ কৃচ্ছ্রচান্দ্রায়ণাদিঃ, শৌচং বিশুদ্ধিঃ, স্বাধ্যায়ঃ বেদাধ্যয়নং, পুরুষার্চ্চনং (পুরুষস্য পুরুষোত্তমস্য অর্চ্চনং পূজনং) ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

দিতি স্মৃতিপ্রসিদ্ধং। বিবিক্তং বিজনং ক্ষেমং নির্ব্বাধং তস্য স্থানস্য সেবনং ॥ ৩ ॥

যাবতা অর্থঃ প্রয়োজনং তাবন্মাত্রস্য পরিগ্রহঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মেধ্যাদনমিতি। তত্র মিত' নাম। দ্বৌ ভগৌ পূরয়েদন্নৈস্তোয়েনৈকং প্রপূরয়েৎ। মারুতস্য প্রচারার্থং চতুর্থমবশেষয়েদিতি স্মৃতিপ্রসিদ্ধং। বিবিক্তং নির্জ্জনং ক্ষেমং নির্ভয়ঞ্চ যৎ স্থানং তত্র স্থিতিঃ ॥ ৩ ॥

যাবতা অর্থঃ প্রয়োজনং তাবন্মাত্রস্য নত্বধিকস্য বস্তুনঃ পরিগ্রহঃ ॥ ৪ ॥

ধর্ম্মে আনুরক্তি, পরিমিত পরিমাণে পবিত্র ভোজন গ্রহণ করা, নিত্য নির্জ্জন ও নিরুপদ্রব স্থানে বাস করা—॥ ৩ ॥

অহিংসা ও সত্য অবলম্বনে পরস্বাপহরণ না করা, যথালব্ধ অন্নাদিতেই সন্তুষ্ট থাকা, ব্রহ্মচর্য্য, তপস্যা, শৌচ, বেদাদি ধর্ম্ম শাস্ত্রের অধ্যয়ন এবং মন্ত্রজপ ও ইষ্টদেবতার পূজা—॥ ৪ ॥

আভাস।

পতঞ্জলি তাঁহার যোগসূত্রে বলিয়াছেন "তদেবার্থমাত্রনির্ভাসং স্বরূপশূন্যমিব সমাধিঃ" চিত্ত ও মন যে বিষয় চিন্তনে প্রবৃত্ত হয়, তখন যদি সেই পদার্থের অবধারণে আত্মস্বরূপের জ্ঞান পর্য্যন্ত বিস্মৃত হইয়া, ভাব্যের আকারেই আপনি আকারিত হইয়া থাকে, সেই অবস্থাকে চিত্তের সমাধি বলা যায়। পঞ্চদশীর মধ্যে উল্লেখ আছে "ধ্যাতৃধ্যানে পরিত্যজ্য ক্রমাদ্ধ্যেয়ৈকগোচরং। নির্ব্বাতদীপবচ্চিত্তং সমাধিরভিধীয়তে"॥ বিষয়ের ধ্যানকালে যখন ধ্যানকর্ত্তা ও ধ্যানক্রিয়া এই উভয়ের প্রতীতি না হইয়া নির্ব্বাত প্রদীপশিখার ন্যায় চিত্ত ধ্যেয় পদার্থে অনবচ্ছেদে সংলগ্ন থাকে, তখনই সমাধি।

মৌনং সদাসনজয়স্থৈর্য্যং প্রাণজয়ঃ শনৈঃ।
প্রত্যাহারশ্চেন্দ্রিয়াণাং বিষয়ান্মনসা হৃদি ॥ ৫ ॥

অন্বয়ঃ।

মৌনং বৃথালাপবর্জ্জনং, সদাসনজয়স্থৈর্য্যং (সতঃ সমীচীনস্য স্বস্তিকাদেঃ আসনস্য জয়েন শরীরস্য স্থৈর্য্যং) শনৈঃ প্রাণজয়ঃ (প্রাণায়ামেন প্রাণবায়োঃ বশীকরণং) ইন্দ্রিয়াণাং মনসা বিষয়াৎ হৃদি প্রত্যাহারঃ অবস্থাপনং ॥ ৫ ॥

শ্রীধরস্বামী।

আসনাদীনি অঙ্গান্যাহ ত্রিভিঃ। সতঃ আসনস্য জয়েন স্থৈর্য্যং ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আসনাদীন্যঙ্গান্যাহ ত্রিভিঃ সত আসনস্য জয়েন স্থৈর্য্যং ॥ ৫ ॥

মৌনাবলম্বন, সুসাধ্য আসনের অভ্যাসে কলেবরের স্থৈর্য্য সম্পাদন পূর্ব্বক প্রাণ বায়ুকে ক্রমশঃ জয় করা এবং মনের দ্বারা ইন্দ্রিয়গণকে নিরোধ পূর্ব্বক হৃদয়ে ধারণা করা—॥ ৫ ॥

আভাষ।

এ কথায় সমাধিতে ধ্যানের একটী বিষয় থাকে; কিন্তু চিত্তবৃত্তির নিরুদ্ধ অবস্থায় চিত্তস্বরূপ থাকা ব্যতীত চিত্তে কোন ধ্যানের বিষয় থাকে না; তখন বিষয় ও বিষয়ী দুই এক হইয়া যায়। অবশ্য সকল বৃত্তির নিরোধ না হইয়া কেবল নিরোধ ক্রিয়া একে একে আরম্ভ হইলেও যোগের প্রবৃত্তি স্বীকার্য্য বটে, কিন্তু পূর্ণ যোগ নহে; সে সকল অবস্থা ধারণা, ধ্যান বা সমাধির অন্তর্ভূত বলিতে হইবে। সমাধি দ্বিবিধ সম্প্রজ্ঞাত ও অসম্প্রজ্ঞাত। যাহাতে ধারণার বিষয় থাকে, তাহাকে সম্প্রজ্ঞাত এবং যাহাতে বিষয়ের অভাবে চিত্ত নিরুদ্ধ হইয়া থাকে, তাহাকে অসম্প্রজ্ঞাত সমাধি কহা যায়। এখানে গ্রন্থকার সবীজ যোগ বলিয়া সম্প্রজ্ঞাত সমাধিরই উল্লেখ করিয়াছেন। পরবর্ত্তী শ্লোকত্রয়ে গ্রন্থকার যোগের অষ্ট অঙ্গের মধ্যে প্রথমোক্ত যম ও নিয়ম এই দুইটীর উল্লেখ করিয়াছেন। "অহিংসা সত্যাস্তেয়ব্রহ্মচর্য্যাপরিগ্রহাঃ যমাঃ"। "শৌচসন্তোষতপঃ স্বাধ্যায়েশ্বরপ্রণিধানানি নিয়মাঃ" এই সূত্রদ্বয় দ্বারা পতঞ্জলি যম ও নিয়মের লক্ষণ ও অনুষ্ঠানের প্রথা প্রদর্শন করিয়াছেন। যদিও ইহাদিগকে ক্রমান্বয়ে উল্লেখ করা হইয়াছে, তথাপি ইহারা উত্তরোত্তরে অনুষ্ঠেয় নহে; সকল গুলিকে একত্রেই অনুষ্ঠান করা বিধেয়। গ্রাম ধর্ম্ম শব্দে সাংসারিক সকাম কর্ম্মকেই লক্ষ্য করিয়াছেন; যাহার দ্বারা ধর্ম্ম, অর্থ ও কাম এই ত্রিবর্গের সাধন হইতে পারে, তাদৃশ ধর্ম্মানুষ্ঠানের প্রতি যোগীর বিশেষ আস্থা করা কর্ত্তব্য নহে; ইহাই কপিলদেবের উদ্দেশ্য। যোগীর ভোজনপরিমাণ বলিয়াছেন; পাকস্থলীর অর্দ্ধভাগ অন্নভোজনে পূরণ করিবেন এবং এক চতুর্থভাগ জলের দ্বারা পূরণ করিবেন, অবশিষ্ট চতুর্থভাগ বায়ুর গমনাগমনের জন্য শূন্যই রাখিবেন ॥ ১—৪ ॥

স্বধিষ্ণ্যানামেকদেশে মনসা প্রাণধারণা।
বৈকুণ্ঠলীলাভিধ্যানং সমাধানং তথাত্মনঃ ॥ ৬ ॥
এতৈরন্যৈশ্চ পথিভির্মনো দুষ্টমসৎপথং।

অন্বয়ঃ।

স্বধিষ্ণ্যানাং প্রাণস্থানানাং মূলাধারাদীনাং মধ্যে একদেশে মনসা সহ প্রাণস্য ধারণং, বৈকুণ্ঠস্য ভগবতঃ লীলানাং অভিধ্যানং তথা আত্মনঃ মনসঃ সমাধানং ভগবতি একাগ্রীকরণং ॥ ৬ ॥

এতৈঃ পূর্ব্বোক্তৈঃ স্বধর্ম্মাচরণাদিভিঃ অন্যৈঃ চ ব্রতদানাদিভিঃ, পথিভিঃ অসৎপথং

শ্রীধরস্বামী।

স্বধিষ্ণ্যানাং প্রাণস্থানানাং মূলাধারাদীনাং মধ্যে একস্মিন্ দেশে মনসা সহ প্রাণস্য ধারণং। আত্মনো মনসঃ সমাধানমাত্মাকারতা ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বধিষ্ণ্যানাং প্রাণস্থানানাং মূলাধারাদীনাং মধ্যে একস্মিন্ দেশে মনসা সহ প্রাণস্য ধারণং ধারণা। লীলাভিধ্যানং লীলাসহিতপাদাদ্যবয়বধ্যানং। আত্মনো মনসঃ সমাধানং সমাধিরাত্মাকারতা ॥ ৬ ॥

মূলাধারাদি প্রত্যেক বায়ুস্থানে ক্রমান্বয়ে মনের সহ প্রাণের ধারণা করা, মনে মনে ভগবানের লীলা সর্ব্বদা চিন্তা করা ;এবং আত্মস্বরূপে চিত্তকে সংযত করা—॥ ৬ ॥

এতদ্ব্যতীত অনান্য ব্রত দানাদি বিবিধ উপায় অবলম্বন পূর্ব্বক বিষয়াসক্ত আভাস।

এই শ্লোকে আসন, প্রাণায়াম ও প্রত্যাহারের কথা বলিয়া পরশ্লোকে ধারণা, ধ্যান ও সমাধির উল্লেখ করিয়াছেন। আসন অর্থে উপবেশনের আধার ও ক্রম উভয়কেই লক্ষ্য করা হইয়াছে। গীতাতে উক্ত আছে, "শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য স্থিরমাসনমাত্মনঃ। নাত্যুচ্ছ্রিতং নাতিনীচং চেলাজিনকুশোত্তরং ॥ সমং কায়শিরোগ্রীবং ধারয়ন্নচলং স্থিরঃ। সংপ্রেক্ষ্য নাসিকাগ্রং স্বং দিশশ্চানাবলোকয়ন্ ॥ পবিত্রস্থানে আসন, বিস্তার করিবে। প্রথম কুশাসন, তদুপরে অজিন মৃগচর্ম্মের আসন, তাহার উপর চেল অর্থাৎ কার্পাস বা কম্বলাদির আসন বিন্যস্ত করত যোগী উপবেশন করিবেন। উপবেশন কালে হস্ত পদাদি দেহাবয়বের সন্নিবেশ-পার্থক্যের নামই স্বীয় আসন। স্বস্তিকাসন, ময়ূরাসন, গরুড়াসন ও পদ্মাসনাদি ভেদে প্রায় চৌষট্টি প্রকারের আসন যোগিগণ নির্ণয় ও অভ্যাস করিয়া থাকেন। আসনের ভেদে বৃত্তির বৈচিত্র ঘটিয়া থাকে ; এই নিমিত্ত সকল কর্ম্মে সকল আসনে ফল লাভ হয় না ; উদ্দেশ্যভেদে আসনেরও ভেদ কল্পিত আছে। ঈশ্বরা-

বুদ্ধ্যা যুঞ্জীত শনকৈ র্জিতপ্রাণেহতন্দ্রিতঃ ॥ ৭ ॥
শুচৌ দেশে প্রতিষ্ঠাপ্য বিজিতাসন আসনং।
তস্মিন্ স্বস্তিকমাসীন ঋজুকায়ঃ সমভ্যসেৎ ॥ ৮ ॥

অন্বয়ঃ।

অসতাং ইন্দ্রিয়াণাং পথি বিষয়ে বর্ত্তমানং দুষ্টং মনঃ স্বয়ং জিতপ্রাণঃ অতন্দ্রিতঃ অনলসঃ সন্ সনকৈঃ কালেনৈব বুদ্ধ্যা যুঞ্জীত ভগবৎপ্রবণং কুর্য্যাৎ ॥ ৭ ॥

বিজিতাসনঃ (অভ্যাসবলেন চিরমুপবিশন্ অপি ক্লমরহিতঃ) শুচৌ দেশে আসনং চেলাজিনকুশোত্তরং আস্তরণং প্রতিষ্ঠাপ্য তস্মিন্ স্বস্তিকং স্বস্তিকাসনেন, ঋজুকায়ঃ অকুটিলদেহঃ আসীনঃ সমভ্যসেৎ প্রাণজয়াভ্যাসং কুর্য্যাৎ ॥ ৮ ॥

শ্রীধরস্বামী।

অন্যৈশ্চ ব্রতদানাদিভিঃ পথিভি রুপায়ৈঃ ॥ ৭ ॥

আসনাদীনি প্রপঞ্চয়তি শুচাবিতি। যাবৎ সমাপ্তি আসনং কুশাজিনচেলোত্তরং প্রতিষ্ঠাপ্য স্বস্তিকাসনেন যথাসুখমিতি বা। সমভ্যসেৎ প্রাণমিতি শেষঃ উরু জঙ্ঘান্তরাধায় পাদাগ্রে জানুমধ্যগে। যোগিনো যদবস্থানং স্বস্তিকং তদ্বিদুর্বুধাঃ ॥ ৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

অন্যৈশ্চ দানব্রতাদিভিঃ পথিভিরুপায়ৈঃ যুঞ্জীত ধ্যানে যোজয়েৎ ॥ ৭ ॥

আসনাদীনি বিবৃণোতি। আসনং কুশাজিনচেলোত্তরং। তস্মিন্ স্বস্তিকং সম্ভাব যথ স্যাদেবমাসীনঃ। যদ্বা। স্বস্তিকাসনেনোপবিষ্ট ইত্যর্থঃ। যথাচ। উরুজঙ্ঘান্তরাধায় পাদাগ্রে জানুমধ্যগে। যোগিনো যদবস্থানং স্বস্তিকং তদ্বিদুর্বুধাঃ। সমভ্যসেৎ প্রাণমিত্যশেষঃ ॥ ৮ ॥

অসৎ ইন্দ্রিয়গণের অনুবর্ত্তী মনকে বুদ্ধি দ্বারা ক্রমশঃ যোগবিষয়ে নিয়োগ করিবে এবং অনলসভাবে ইন্দ্রিয়গণের নিগ্রহ করিবে ॥ ৭ ॥

পবিত্র স্থানে সুখময় এবং অনুদ্বেগকর আসন বিন্যস্ত করিয়া তদুপরি স্বস্তিকাদি যে কোন উদ্বেগশূন্য আসনে উপবেশন পূর্ব্বক কায়, শির ও গ্রীবাকে দণ্ডের ন্যায় সরলভাবে ধারণ করত প্রাণায়ামার্থ যত্ন করা কর্ত্তব্য ॥৮॥

আভাস।

রাধন কর্ম্মে সাধারণত স্বস্তিকাদি কয়েক প্রকার আসনেরই উল্লেখ প্রচলিত আছে। উভয় পদের উরু ও জঙ্ঘার মধ্যস্থলে অর্থাৎ জানুর মধ্যে পাদাগ্রের সন্নিবেশ পূর্ব্বক উপবেশনকে স্বস্তিকাসন বলা যায়। এই স্বস্তিকাদি আসনে স্থিরভাবে উপবেশনপূর্ব্বক কলেবর, গ্রীবাদেশ এবং শিরোভাগ দণ্ডের ন্যায় সমভাবে ধারণ করিয়া প্রাণনিরোধে যত্ন করিবেন। ৫—৮ ॥

প্রাণস্য শোধয়েন্মার্গং পূরকুম্ভকরেচকৈঃ।
প্রতিকূলেন বা চিত্তং যথা স্থিরমচঞ্চলং ॥ ৯ ॥

অন্বয়।

পূরকুম্ভকরেচকৈঃ (বাহ্যবায়োরন্তঃ প্রবেশনং পূরকঃ, প্রবেশিতস্য ধারণং কুম্ভকঃ, ধৃতস্য বহিঃ নিঃসারণং রেচকঃ তৈঃ) প্রতিকূলেন (রেচককুম্ভকপূরকৈঃ) বা প্রাণায়ামৈঃ প্রাণস্য মার্গং নাড্যাদি তথা শোধয়েৎ যথা চিত্তং স্থিরং সৎ অচঞ্চলং ভবেৎ ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

বাহ্যবায়োরন্তঃপ্রবেশনং পূরকঃ। প্রবেশিতস্য ধারণং কুম্ভকঃ ধৃতস্য বহির্নিঃসারণং রেচকঃ। প্রতিকূলেন রেচককুম্ভকপূরকঃ। যদ্বা ইড়য়া আপূর্য্য পিঙ্গলয়া রেচনং পিঙ্গলয়াপূর্য্য ইড়য়া রেচনমিতি এবং প্রতিকূলেন। বাশব্দশ্চার্থে স্থিরং সৎ পুনরপি চঞ্চলং যথা ন ভবতি তথা শোধয়েৎ ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

বাহ্যবায়োরন্তর্বামযা নাসয়া প্রবেশনং পূরকঃ। প্রবেশিতস্য ধারণং কুম্ভকঃ দক্ষিণয়া নাসয়া রেচনং রেচকঃ। প্রতিকূলেন রেচককুম্ভকপূরকৈঃ অস্থিরমপি চিত্তং যথা অচঞ্চলং স্যাৎ ॥ ৯ ॥

পূরক, কুম্ভক ও রেচক কিম্বা তদ্বিপরীতভাবে রেচক কুম্ভক ও পূরক দ্বারা প্রাণপথ নাড়ীসমূহকে এরূপভাবে শোধিত করা প্রয়োজন, যাহাতে চিত্ত-চাঞ্চল্য পরিহারে স্থৈর্য্যলাভ করিতে পারে ॥ ৯ ॥

আভাস।

মাত্রা পরিমাণে বাহ্যবায়ুকে অন্তরে প্রবেশ করান পূরক প্রবিষ্ট বায়ুকে নিশ্চলভাবে অন্তরে ধারণ করাকে কুম্ভক এবং ধীরে ধীরে মাত্রা পরিমাণে সেই বায়ুকে বাহিরে নিঃসারণ করার নাম রেচক। ইহার বিপরীত ভাবে, অর্থাৎ প্রথম রেচক দ্বারা বায়ুকে বাহিরে নিঃসারণ করিয়া বহিস্থিত বায়ুকে অন্তরে প্রবেশ না করাইয়া স্তম্ভিত ভাবে অবস্থিতিকেই কুম্ভক এবং পুনরায় মাত্রা অনুসারে বায়ুকে অন্তরে গ্রহণ করা রূপ পূরক দ্বারা একটী প্রাণায়াম হইয়া থাকে। যে পরিমাণকালে বায়ুকে গ্রহণ করিবে, তাহার চতুর্গুণ সময় তাহাকে পূরক দ্বারা ধারণ করিবে এবং পূরকের অর্দ্ধকাল সময়ে বায়ু রেচন করিতে হয়। এই অভ্যাস অতি সাবধানে অতি অল্প মাত্রায় আরম্ভ করা কর্ত্তব্য; নতুবা বলপূর্ব্বক বায়ুর সংরোধাদিতে অগ্রসর হইলে, শারীরিক অনিষ্ট ঘটিবারই বিশেষ সম্ভাবনা। পূরক কুম্ভক ও রেচক কিম্বা রেচক, কুম্ভক ও পূরক ক্রমান্বয়ে একবার আয়ত্ত করিলে একটী প্রাণায়াম হইল; এইরূপ ক্রমান্বয়ে তিনবার করিতে পারিলে ত্রিপুটীসাধন করা হয়, এইরূপ যোগিগণ বলিয়া থাকেন। পূরক পূর্ব্বক প্রাণায়ামকে অন্তঃপ্রাণায়াম এবং রেচক পূর্ব্বক

মনোঽচিরাৎ স্যাদ্বিরজং জিতশ্বাসস্য যোগিনঃ।
বায্বগ্নিভ্যাং যথা লোহং ধ্মাতং ত্যজতি বৈ মলং ॥১০॥
প্রাণায়ামৈ র্দহেদ্দোষান্ ধারণাভিশ্চ কিল্বিষান্।

অন্বয়ঃ।

যথা বায্বগ্নিভ্যাং ধ্মাতং সন্তপ্তং, লোহং সুবর্ণাদি ধাতুঃ বৈ নিশ্চয়েন মলং ত্যজতি তথা জিতশ্বাসস্য (জিতঃ শ্বাসঃ প্রাণো যেন তস্য) যোগিনঃ মনঃ অচিরাৎ আশু বিরজং নির্ম্মলং স্যাৎ ॥ ১০ ॥

প্রাণায়ামৈঃ দোষান্ বাতপিত্তশ্লেষ্মাজনিতান্ দহেৎ; ধারণাভিঃ কিল্বিষান্ পাপান্ দহেৎ, প্রত্যাহারেণ সংসর্গান্ বিষয়সম্বন্ধজনিতান্ দহেৎ; ধ্যানেন অনীশ্বরান্ গুণান্ রাগলোভা-

শ্রীধরস্বামী।

ধ্মাতং সুতপ্তমিত্যর্থঃ। লোহং সুবর্ণং যথা মলং ত্যজতি তথা মনো বিরজং স্যাৎ। ততশ্চাচঞ্চলং স্যাদিতি ভাবঃ ॥ ১০ ॥

প্রাণায়ামাদীনাং সমাধৌ চত্বারি কার্য্যাণ্যাহ প্রাণায়ামৈরিতি দোষান্ বাতশ্লেষ্মাদীন্ সংসর্গান্ বিষয়সঙ্গান্ অনীশ্বরান্ রাগাদীন্ বায়ুনা সহ মনসঃ স্থিরীকরণং ধারণা; স্থিরস্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

লোহং স্বর্ণং। ধ্মাতং সন্তপ্তং ॥ ১০ ॥

এতেষাং কার্য্যাণ্যাহ প্রাণায়ামৈরিতি। দোষান্ বাতশ্লেষ্মাদীন্ কিল্বিষাণি পাপানি

যেমন বায়ু ও অগ্নির সংযোগে সুতপ্ত সুবর্ণখণ্ড অন্তর্নিহিত মল পরিত্যাগে স্বচ্ছত্ব লাভ করে, সেইরূপ প্রাণায়ামের দ্বারা বায়ুকে বশীভূত করিতে পারিলে, যোগীর মন রজোমল হইতে আশু বিশুদ্ধ হইতে পারে ॥ ১০ ॥

প্রাণায়ামের দ্বারা বাত, পিত্ত ও শ্লেষ্মাদিজনিত শারীরিক দোষ নিবারিত হয়, ধারণার দ্বারা পাপ বিনষ্ট হয়; প্রত্যাহার দ্বারা বিষয়সম্বন্ধ নিবন্ধন সংসর্গজ দোষ বিদূরিত হয় এবং ধ্যানের দ্বারা অনীশ্বর গুণ রাগদ্বেষাদি

আভাস।

প্রাণায়ামকে বাহ্যপ্রাণায়াম বলিয়া যোগিগণ নির্দ্দেশ করিয়া থাকেন। সাধারণ উপদেশে শেষোক্ত প্রাণায়ামের কথা বিশেষ উল্লেখ নাই; কারণ যদিও ইহা আপাতত সুসাধ্য বলিয়া প্রতীত হয়, প্রকৃত প্রস্তাবে বড়ই কঠিন; বায়ুর বিশেষ জয় না করিয়া, শেষ প্রাণায়ামে নির্ভর দেওয়া কর্ত্তব্য নহে; জীবননাশের সম্ভাবনা। এখানে প্রতিকূল অর্থে ইহাও মীমাংসা করা যায় যে, প্রথমত বাম নাসিকা দ্বারা বায়ুর পূরণ, এবং দক্ষিণ নাসার দ্বারা রেচন, আবার দক্ষিণ নাসিকার দ্বারা গ্রহণ এবং বাম দ্বারা বিসর্জ্জন এই প্রকারেও প্রাণায়াম করিবে। এইরূপ প্রাণায়ামের দ্বারা চিত্ত শান্ত হয় ॥ ৯ ॥ ১০ ॥

প্রত্যাহারেণ সংসর্গান্ ধ্যানেনানীশ্বরান্ গুণান্ ॥ ১১ ॥
যদা মনঃ স্বং বিরজং যোগেন সুসমাহিতং।
কাষ্ঠাং ভগবতো ধ্যায়েৎ স্বনাসাগ্রাবলোকনঃ ॥ ১২ ॥
প্রসন্নবদনাম্ভোজং পদ্মগর্ভারুণেক্ষণং।

অন্বয়ঃ।

স্বীন্ দহেৎ ॥ ১১ ॥

যদা স্বং স্বীয়ং, মনঃ যোগেন প্রাণায়ামেন বিরজং নির্ম্মলং, সুসমাহিতং সাবধানং স্যাৎ তদা স্বনাসাগ্রাবলোকনঃ সন্ ভগবতঃ কাষ্ঠাং মূর্ত্তিং, ধ্যায়েৎ ॥ ১২ ॥

প্রসন্নবদনাম্ভোজং পদ্মগর্ভারুণেক্ষণং (পদ্মগর্ভবৎ অরুণে ঈক্ষণে যস্য তং) নীলোৎ-

শ্রীধরস্বামী।

বৃত্তিসন্ততির্ধ্যানং বৃত্তিনিরোধঃ সমাধিরিতি ভেদঃ ॥ ১১ ॥

সুসমাহিতং স্থিরং জাতং কাষ্ঠাং কলাং মূর্ত্তিমিত্যর্থঃ। স্বনাসাগ্রেঽবলোকনং যস্য এতচ্চ লয়বিক্ষেপয়োঃ পরিহারায় ॥ ১২ ॥

ধ্যেয়ং হরিমাহ সপ্তভিঃ। প্রসন্নং বদনাম্ভোজং যস্য তং ধ্যায়েদিতি ষষ্ঠেনান্বয়ঃ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সংসর্গান্ বিষয়সঙ্গান্ অনীশ্বরান্ রাগদ্বেষাদীন্ ॥ ১১ ॥

যোগেন যমাদিনা সমাহিতং স্থিরং। কাষ্ঠাং উৎকৃষ্টস্বরূপং। লয়বিক্ষেপপরিহারায় স্বনাসাগ্রদর্শী ॥ ১২ ॥

নবাঙ্গভক্তাবপি যং তৃতীয়মাহু র্মহান্তঃ পুরুষার্থসারং ধ্যানং হরেঃ সপ্তমতামগাত্ত-দষ্টাঙ্গযোগোঽত্রচ মোক্ষসিদ্ধ্যৈ। প্রসঙ্গতো ভক্তানাং যোগিনাঞ্চ ধ্যেয়ং স্বরূপমাহ

উপশমিত হইয়া থাকে ॥ ১১ ॥

এই প্রকার প্রাণায়ামাদি যোগাঙ্গের অনুশীলনে স্বীয় মন যখন পবিত্র ও অপ্রমত্ত হয়, তখন নিজের নাসিকার অগ্রভাগে দৃষ্টিসংস্থাপন পূর্ব্বক ভগবানের মূর্ত্তি চিন্তা করা বিধেয় ॥ ১২ ॥

বিকসিত কমলের ন্যায় তাঁহার সুকোমল মুখমণ্ডল, পদ্মগর্ভের ন্যায় অপূর্ব্ব রক্তিমাভ লোচনদ্বয়, নীলোৎপলদলের ন্যায় শ্যামল গাত্রবর্ণ এবং

আভাস।

এক প্রাণায়ামের দ্বারা সমাধিকার্য্যে চতুর্ব্বিধ উপকার লাভ হইয়া থাকে; প্রথম দৈহিক রোগাদির নিবৃত্তি, তদনন্তর সংসর্গজনিত দোষের বিমোচন, তৃতীয় চিত্তস্থ রাগলোভাদির ক্ষয় এবং চতুর্থ বায়ুর সঙ্গে সঙ্গে মনের স্থৈর্য্যসম্পাদন হইয়া থাকে। মনের স্থৈর্য্যই বৃত্তির নিরোধ বা সমাধি ॥ ১১ ॥

নীলোৎপলদলশ্যামং শঙ্খচক্রগদাধরং ॥ ১৩ ॥
লসৎপঙ্কজকিঞ্জল্কপীতকৌশেয়বাসসং।
শ্রীবৎসবক্ষসং ভ্রাজৎকৌস্তুভামুক্তকন্ধরং ॥ ১৪ ॥
মত্তদ্বিরেফকলয়া পরীতং বনমালয়া।
পরার্দ্ধ্যহারবলয়কিরীটাঙ্গদনূপুরং ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

পলদলশ্যামং শঙ্খচক্রগদাধরং ॥ ১৩ ॥

লসৎপঙ্কজস্য কিঞ্জল্কবৎ পীতে কৌশেয়ে বাসসী যস্য তং; শ্রীবৎসঃ (লাঞ্ছনং) বক্ষসি যস্য তং; ভ্রাজৎকৌস্তুভামুক্তকন্ধরং ভ্রাজৎ কৌস্তুভেন আমুক্তা সংশ্লিষ্টা কন্ধরা গ্রীবা যস্য তং ॥ ১৪ ॥

মত্তদ্বিরেফকলয়া [মত্তদ্বিরেফাণাং কলঃ মধুরঃ ধ্বনিঃ যস্যাং তয়া] বনমালয়া পরীতঃ ব্যাপ্তঃ, পরার্দ্ধ্যহারবলয়কিরীটাঙ্গদনূপুরং ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

পদ্মগর্ভবৎ অরুণে ঈক্ষণে নেত্রে যস্য নীলোৎপলদলবৎ শ্যামং ॥ ১৩ ॥

লসৎপঙ্কজস্য কিঞ্জল্কবৎ পীতকৌশেয়ে বাসসী যস্য শ্রীবৎসলাঞ্ছনং বক্ষসি যস্য। ভ্রাজৎকৌস্তুভেন আমুক্তা সংশ্লিষ্টা কন্ধরা যস্য ॥ ১৪ ॥

মত্তদ্বিরেফাণাং কলো মধুরো ধ্বনি র্যস্যাং তয়া পরীতং ব্যাপ্তং। পরার্দ্ধ্যানি অমূল্যানি হারাদীনি যস্য ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রসন্নেতি শঙ্খোত্তাত্র চতুর্থং পদ্মমপি দ্রষ্টব্যং ॥ ১৩ ॥

ভ্রাজৎকৌস্তুভেন তদীয়স্বর্ণসূত্রেণ আমুক্তা প্রতিবদ্ধা রুদ্ধা গ্রীবা যস্য তং ॥ ১৪ ॥

মত্তানাং দ্বিরেফাণাং কলো মধুরো ধ্বনি র্যস্যাং তয়া। পরার্দ্ধ্যমূল্যক্রীতং ॥ ১৫ ॥

হস্ত চতুষ্টয়ে শংখ, চক্র, গদা ও পদ্ম শোভিত ॥ ১৩ ॥

পদ্মকিঞ্জল্কের ন্যায় মনোহর পীতাম্বর পরিহিত, বক্ষস্থলে শ্রীবৎস-লাঞ্ছিত চিহ্ন বিরাজিত এবং গলদেশে কৌস্তুভ মণির মালা দোদুল্যমান ॥ ১৪

পাদ পর্য্যন্ত বনমালা শোভা পাইতেছে; মধুমত্ত ভ্রমরকুল উন্মত্ত হইয়া বনমালা সমীপে মধুর ঝঙ্কার করিতেছে; গলদেশে মহামূল্য হার, বাহুদ্বয়ে বলয়, মস্তকে কিরীট ও চরণে নুপুর শোভা পাইতেছে ॥ ১৫ ॥

মণিময় মেখলাদি কটিসূত্রে তাঁহার নিতম্বে কি অনুপম শোভারই বৃদ্ধি করিয়াছে! তাদৃশ দর্শনীয়তম শান্ত হৃদয় ও মনের মোহনপ্রদ রূপ দর্শনে ভক্তের হৃদয়পদ্মই যে তাঁহার উপবেশনের আসন, তাহা স্পষ্টই উপলব্ধি

কাঞ্চীগুণোল্লসৎশ্রোণিং হৃদয়াম্ভোজবিষ্টরং।
দর্শনীয়তমং শান্তং মনোনয়নবর্দ্ধনং ॥ ১৬ ॥
অপীব্যদর্শনং শশ্বৎ সর্ব্বলোকনমস্কৃতং।
সন্তং বয়সি কৈশোরে ভৃত্যানুগ্রহকাতরং ॥ ১৭ ॥
কীর্ত্তন্যতীর্থযশসং পুণ্যশ্লোকযশস্করং।

অন্বয়ঃ।

কাঞ্চীগুণোল্লসৎশ্রোণিং (কাঞ্চীগুণেন মণিময়মেখলাসূত্রেণ উল্লসন্তী শ্রোণী কটি র্যস্য তং) হৃদয়াম্ভোজবিষ্টরং (ভক্তানাং হৃদয়াম্ভোজমেব বিষ্টরং আসনং যস্য তং) দর্শনীয়তমং অতিসুন্দরং, শান্তং সুশীলং, মনোনয়নবর্দ্ধনং মনোনয়নানি বর্দ্ধয়তি হর্ষয়তীতি ॥ ১৬ ॥

অপীব্যং অতিসুন্দরং দর্শনং যস্য তং, শশ্বৎ সর্ব্বদা সর্ব্বলোকৈঃ নমস্কৃতং কৈশোরে পঞ্চদশবর্ষে) তারুণ্যে বয়সি সন্তং স্থিতং ভৃত্যানুগ্রহকাতরং (ভৃত্যানাং অনুগ্রহে কাতরং ব্যাকুলং) ॥ ১৭ ॥

কীর্ত্তন্যতীর্থযশসং কীর্ত্তন্যং তীর্থং সর্ব্বদোষনিবর্ত্তকং যশো যস্য তং) পুণ্যশ্লোক-যশস্করং পুণ্যাঃ শ্লোকাঃ কীর্ত্তয়ো যেষাং তেষাং যশস্করং এবং সমগ্রাঙ্গং দেবং মনঃ যাবৎ

শ্রীধরস্বামী।

কাঞ্চীগুণেনোল্লসন্তী শ্রোণীর্যস্য ভক্তানাং হৃদয়াম্ভোজমেব বিষ্টরমাসনং যস্য ভক্তানাং মনোনয়নানি বর্দ্ধয়তীতি তথা ॥ ১৬ ॥

অপীব্যং অতিসুন্দরং ভক্তবিষয়দর্শনং যস্য কৈশোরে তারুণ্যে বয়সি স্থিতং। ভৃত্যা-নামনুগ্রহে কাতরং ব্যগ্রং ॥ ১৭ ॥

কীর্ত্তন্যং কীর্ত্তনার্হং তীর্থং যশো যস্য। পুণ্যশ্লোকা বলিপ্রমুখা স্তেষাং যশস্করং।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

কাঞ্চীগুণেনোল্লসন্তী শ্রোণীঃ কটির্যস্য তং ভক্তানাং হৃদয়াম্ভোজমেব বিষ্টরমাসনং যস্য তং শান্তমনুগ্রং ॥ ১৬ ॥

অপীব্যমতিসুন্দরং। কৈশোরে পঞ্চদশবর্ষে বয়সি নিত্যস্থিতং ॥ ১৭ ॥

করিতে পারা যায় ॥ ১৬ ॥

ভক্তগণের আনন্দপ্রদ শোভন দৃষ্টি প্রকাশে, স্বয়ং সকলের নমস্কৃত হইয়া নিত্য তরুণবয়সেই বিরাজ করিতেছেন; যেন স্বকীয় ভৃত্যস্থানীয় ভক্তবর্গের উপকারার্থই সর্ব্বদা ব্যস্ত রহিয়াছেন ॥ ১৭ ॥

পুণ্যশ্লোক ব্যক্তিগণের যশোবর্দ্ধক পবিত্রকীর্ত্তি সর্ব্বপাপনিবর্ত্তক ভগবান্ নারায়ণের সমগ্র অঙ্গপ্রত্যঙ্গাদি অবলম্বনে মন যতক্ষণ নিশ্চলভাবে ধারণা

ধ্যায়েদেবং সমগ্রাঙ্গং যাবন্ন চ্যবতে মনঃ ॥ ১৮ ॥
স্থিতং ব্রজন্তমাসীনং শয়ানম্বা গুহাশয়ং।
প্রেক্ষণীয়েহিতং ধ্যায়েৎ শুদ্ধভাবেন চেতসা ॥ ১৯ ॥
তস্মিন্ লব্ধপদং চিত্তং সর্ব্বাবয়বসংস্থিতং।

অন্বয়ঃ।

ন চ্যবতে অপযাতি তাবৎ ধ্যায়েৎ ॥ ১৮ ॥

(উত্থায়) স্থিতং, ব্রজন্তং (বৃন্দাবনাদিষু বিহরন্তং) আসীনং গোবর্দ্ধনাদিষু) শয়ানং (শেষশয্যায়াং পল্লবাদিশয্যায়াং বা) গুহাশয়ং (গোবর্দ্ধনগুহায়াং হৃদয়পুণ্ডরীকমধ্যে বা) প্রেক্ষণীয়েহিতং (প্রেক্ষণীয়া ঈহিতং লীলা যস্য তং) শুদ্ধভাবেন সংকল্পরহিতপ্রেমযুক্তেন চেতসা ধ্যায়েৎ ॥ ১৯ ॥

তস্মিন্ ভগবদ্বিগ্রহে, লব্ধপদং স্থিরীভূতং, সর্ব্বাবয়বসংস্থিতং (সর্ব্বাবয়বেষু সংস্থিতং

শ্রীধরস্বামী।

সমগ্রাণ্যঙ্গানি যস্মিন্। ন চ্যবতে নাপযাতি ॥ ১৮ ॥

প্রেক্ষণীয়ং ঈহিতং লীলা যস্য ॥ ১৯ ॥

তদেবং সমগ্রধ্যানমুক্ত্বা একৈকাবয়বধ্যানমাহ তস্মিন্ লব্ধং পদং স্থিতির্যেন তচ্চিত্তং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কীর্ত্তনার্হং তীর্থরূপঞ্চ যশো যস্য তং ॥ ১৮ ॥

প্রসঙ্গতস্তন্ত্রেণ রাগানুগীয়ভক্তানামপি ধ্যেয়ং লীলায়াং স্থিতং বৈকুণ্ঠে বৃন্দাবনীয়-কল্পতরুমূলেচ। ব্রজন্তং বৈকুণ্ঠাৎ গোষ্ঠাচ্চ বনায়। আসীনং রত্নসিংহাসনে গোবর্দ্ধন-শৃঙ্গেচ। শয়ানং শেষপর্য্যঙ্কে গোবর্দ্ধনগুহায়াঞ্চ। শুদ্ধভাবং চেতসুদা ভেন প্রেক্ষণীয়ং জালরন্ধ্রাদ্বহিঃ স্থিত্বৈব দ্রষ্টুমর্হং ঈহিতং ক্রীড়া চেষ্টিতং যস্য তং ॥ ১৯ ॥

করিতে সমর্থ হয়, ততক্ষণ পর্য্যন্ত ধ্যান করিবে ॥ ১৮ ॥

ভগবানকে যে ভাবেই চিন্তা করিতে পারা যাউক না, তাহাই মঙ্গলপ্রদ। তিনি উপবিষ্ট থাকুন বা বৃন্দাবনে বিচরণ করিতেছেন, এই ভাব দর্শন করা, অথবা গিরি গোবর্দ্ধনের উচ্চ শৃঙ্গে উপবেশন করিয়া থাকুন বা অনন্ত নাগোপরি বিশ্রাম করুন, কিম্বা গিরিগুহা বা হৃদয়কন্দরে উদ্ভাসিত থাকুন, তাঁহার যে ভাবই চিত্ত ধারণা করিতে সমর্থ হউক না, তাহাতেই শ্রেয়োলাভ হইয়া থাকে। কামনা পরিহারপূর্ব্বক নিষ্কিঞ্চন ভাবে ও প্রেমাতিশয়ে সেই ভূতভাবনকে ধ্যান করা কর্ত্তব্য ॥ ১৯ ॥

ভগবানের পূর্ণাবয়বে যখন চিত্ত উত্তমরূপে স্থির হইয়াছে যোগী বুঝিতে পারিবেন, তখন তাঁহার এক একটী অঙ্গ অবলম্বনে চিত্তকে নিবিষ্ট করিতে

বিলক্ষ্যৈকত্র সংযুঞ্জ্যাদঙ্গে ভগবতো মুনিঃ ॥ ২০ ॥

সংচিন্তয়েদ্ভগবতশ্চরণারবিন্দং বজ্রাঙ্কুশধ্বজসরোরুহলাঞ্ছনাঢ্যং।
উত্তুঙ্গরক্তবিলসন্নখচক্রবালজ্যোৎস্নাভিরাহতমহদ্হৃদয়ান্ধকারং ॥ ২১ ॥

অন্বয়ঃ।

প্রতিষ্ঠিতং) চিত্তং বিলক্ষ্য জ্ঞাত্বা মুনিঃ ভগবতঃ একত্র একস্মিন্ অঙ্গে সংযুঞ্জ্যাৎ ॥ ২০ ॥

এবং উত্তুঙ্গরক্তবিলসন্নখচক্রবালজ্যোৎস্নাভিঃ (উত্তুঙ্গাঃ রক্তাঃ বিলসন্তঃ যে নখাঃ তেষাং চক্রবালং মণ্ডলং, তস্য জ্যোৎস্নাভিঃ) আহতঃ মহতাং হৃদয়ান্ধকারঃ অবিদ্যালক্ষণঃ যেন তৎ) বজ্রাঙ্কুশধ্বজসরোরুহলাঞ্ছনাঢ্যং চিহ্নচতুষ্টয়সম্পন্নং (তত্র ধ্যাতৃণাং পাপপর্ব্বত-বিদারণার্থং বজ্রঃ, মনোগজবশীকরণার্থং অঙ্কুশঃ, ত্রিবিধতাপবিনাশার্থং ধ্বজঃ, সুখসেব্যত্বার্থং অব্জমিতি জ্ঞেয়ং) ভগবতঃ চরণারবিন্দং সঞ্চিন্তয়েৎ ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

বিলক্ষ্য বিশেষেণ লক্ষীকৃত্য একত্র একৈকস্মিন্ অঙ্গে ইত্যর্থঃ ॥ ২০ ॥

তদেব পাদাদিক্রমেণাহ ত্রয়োদশভিঃ। সম্যক্ চিন্তয়েৎ। পাদতলে রেখাত্মকানি বজ্রাদীনি লাঞ্ছনানি তৈরাঢ্যং যুক্তং। উত্তুঙ্গাশ্চ রক্তাশ্চ বিলসন্তো যে নখা স্তেষাং চক্র-বালং মণ্ডলং তস্য জ্যোৎস্নাভিরাহতো মহতাং ধ্যাতৃণাং হৃদয়েঽন্ধকারো যেন। এতচ্চ সর্ব্বমুপাদেয়ং বিশেষণং ধ্যেয়ত্বেনৈবোচ্যতে ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

সমগ্রধ্যানমুক্ত্বা একৈকাবয়বধ্যানমাহ তস্মিন্ ভগবদ্বিগ্রহে ॥ ২০ ॥

পাদাদিক্রমেণৈকৈকাবয়বধ্যানমাহ বজ্রেতি। দক্ষিণচরণতলধ্যানং তস্যৈব কল্পতরু-মূলে তিষ্ঠত স্ত্রিভঙ্গললিতস্য কৃষ্ণস্য ভক্তৈর্দৃশ্যত্বাৎ তস্য দক্ষিণচরণস্য কনিষ্ঠাতলেঽঙ্কুশং ধ্যায়েৎ অঙ্কুশতলে বজ্রং অনামিকাতলে সরোরুহং, সরোরুহতলে ধ্বজং। এবমঙ্গুষ্ঠতলে যবচক্রাদিকং জ্ঞেয়ং। এতৈর্লাঞ্ছনৈশ্চিহ্নৈরাঢ্যং অন্ধকারং পাপং ॥ ২১ ॥

চেষ্টা করিবেন ॥ ২০ ॥

ঈষৎ উন্নত যে চরণপ্রান্তস্থ নখমণ্ডলের অরুণ কিরণজ্যোতিতে সাধু ভক্তগণের হৃদয়ান্ধকাররূপ অবিদ্যা তিরোহিত হইয়া যায়, ধ্বজ বজ্র পদ্ম ও অঙ্কুশ চিহ্নলাঞ্ছিত ভগবানের সেই চরণযুগল একান্ত হৃদয়ে চিন্তা করা প্রয়োজন ॥ ২১ ॥

আভাস।

ভগবানের চরণতলে যে চতুর্বিধ চিহ্নের উল্লেখ এই শ্লোকে করা হইয়াছে, তাহাতে ভক্তের আশালতারই বিশেষ বিস্তৃতির উপায় প্রদর্শিত হইয়াছে। বজ্ররেখা দ্বারা প্রদর্শন করা হইয়াছে যে, বজ্রাঘাতে যেমন বিপুল পর্ব্বতও চূর্ণ বিচূর্ণ করা যায়, সেইরূপ যাঁহারা

যচ্ছৌচনিঃসৃতসরিৎপ্রবরোদকেন তীর্থেনমূর্দ্ধ্যধিকৃতেন শিবঃ শিবোঽভূৎ।
ধ্যাতুর্মনঃ শমলশৈলনিসৃষ্টবজ্রং ধ্যায়েচ্চিরং ভগবতশ্চরণারবিন্দং ॥২২॥

অন্বয়ঃ।

যচ্ছৌচনিঃসৃতসরিৎপ্রবরোদকেন (যস্য চরণারবিন্দস্য শৌচেন প্রক্ষালনজলেন নিঃসৃতায়াঃ প্রবৃত্তায়াঃ সরিৎপ্রবরায়াঃ গঙ্গায়াঃ উদকেন) তীর্থেন সংসারতারকেন, মূর্দ্ধ্যধিকৃতেন (মূর্দ্ধ্নি ধৃতেন) শিবঃ মঙ্গলরূপঃ জগদ্বন্দ্যঃ মহাদেবঃ শিবঃ কৃতকৃত্যঃ অভূৎ, ধ্যাতুঃ মনঃ শমলশৈলনিসৃষ্টবজ্রং (মনসি যঃ শমলশৈলঃ পাপপর্ব্বতঃ তস্মিন্ নিসৃষ্টং নিক্ষিপ্তং বজ্রং যেন তৎ) ভগবতঃ চরণারবিন্দং ধ্যায়েৎ ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

কিঞ্চ যস্য শৌচেন ক্ষালনেন নিঃসৃতায়াঃ সরিৎপ্রবরায়া গঙ্গায়া উদকেন তীর্থেন সংসারতারকেণ মূর্দ্ধ্নি অধিকৃতেন ধৃতেন শিবোঽপি শিবোঽভূৎ অত্যধিকং সুখং প্রাপেত্যর্থঃ। ধ্যাতু র্মনসি যঃ শমলশৈলঃ পাপপর্ব্বতঃ তস্মিন্ নিসৃষ্টং ক্ষিপ্তং বজ্রমিব যৎ। যদ্বা শমলশৈলে নিসৃষ্টং স্বলাঞ্ছনরূপং বজ্রং যেন তৎ ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

চরণারবিন্দস্য মাধুর্য্যমুক্ত্বা ঐশ্বর্য্যমাহ যস্য শৌচেন ক্ষালনেন নিঃসৃতা যা সরিৎপ্রবরা গঙ্গা তস্যা উদকেন মূর্দ্ধ্নি আধিকোন কৃতেন। যদ্বা মূর্দ্ধ্নি ধর্ত্তুং অধিকৃতেন অধিকারেণ প্রাপ্তেন শিবোঽপি শিবোঽভূদহমেবাহং শিবোঽভূবমিত্যভিমন্যতে স্মেত্যর্থঃ। ধ্যাতুর্জনস্য মনঃশমলানি রাগদ্বেষাদীনি তেষ্বেব শৈলেষু নিসৃষ্টং স্বলাঞ্ছনরূপং বজ্রং যেন তৎ। এবমেব যচ্চরণারবিন্দং ধ্যাতু র্ভক্তস্য মনোঽস্তিনং স্ববর্ত্মন্যানেতুং অঙ্কুশং ধত্তে মনঃসরসীমলংকর্ত্তুং কমলং, মনসে সর্ব্বোৎকর্ষসাম্রাজ্যং দাতুং ধ্বজং, সর্ব্বোৎকৃষ্টযশো দাতুং যবং। ত্রিবিধতাপোপশমনায় ছত্রং সর্ব্বতো রক্ষণার্থং চক্রাদিকমপি ধত্তে ইত্যপি জ্ঞেয়ং ॥ ২২ ॥

যাঁহার চরণধৌত স্রোতস্বতীশ্রেষ্ঠা জগৎপাবনী গঙ্গাকে শিরে ধারণ করিয়া ত্রিলোচন জগন্মঙ্গলময় শিবরূপী হইয়াছেন ; যে চরণারবিন্দ চিন্তকের হৃদয়স্থ পাপপর্ব্বতের উন্মূলনকারী বজ্ররূপে প্রতীত হয়, হে অম্ব ! অতি সাবধানে ভগবানের সেই চরণারবিন্দ চিন্তা করা বিশেষ প্রয়োজন ॥ ২২ ॥

আভাস।

ভগবানের চরণকমল চিন্তা করেন, তাঁহাদের পাপ পর্ব্বততুল্য হইলেও বজ্রসংযোগে ক্ষণকাল মধ্যে তাহা বিদূরিত হইয়া থাকে। মনোরূপ মত্ত মাতঙ্গকে বশীভূত করিবার নিমিত্ত অঙ্কুশ, ত্রিবিধ দুঃখ নিবারণার্থ ধ্বজ এবং সুখসেব্যত্বের পরিচয়ার্থ কমলরেখা ভগবান্ চরণে ধারণ করিয়া থাকেন ॥ ২১ ॥

জানুদ্বয়ং জলজলোচনয়া জনন্যা লক্ষ্ম্যাখিলস্য সুরবন্দিতয়া বিধাতুঃ।
ঊর্ব্বোর্নিধায় করপল্লবরোচিষা যৎ সংলালিতং হৃদি বিভোরভবস্য কুর্য্যাৎ২৩
উরূ সুপর্ণভুজয়োরধিশোভমানাবোজোনিধী অতসিকাকুসুমাবভাসৌ।

অন্বয়ঃ

অখিলস্য জগতো বিধাতুঃ স্রষ্টুঃ ব্রহ্মণঃ জনন্যা, সুরবন্দিতয়া জলজলোচনয়া কমল-নেত্রয়া, লক্ষ্ম্যা অভবস্য সংসারনিবর্ত্তকস্য, বিভোঃ ভগবতঃ, যৎ জানুদ্বয়ং ঊর্ব্বো নিধায় করপল্লবরোচিষা প্রকাশমানকরপল্লবেন, সংলালিতং সংসেবিতং, তৎ জানুদ্বয়ং হৃদি কুর্য্যাৎ ধ্যায়েৎ ॥ ২৩ ॥

সুপর্ণভুজয়োঃ (সুপর্ণস্য গরুড়স্য ভুজয়োঃ স্কন্ধয়োঃ) অধি উপরি শোভমানৌ ওজোনিধী (ওজসঃ বলস্য নিধী আশ্রয়ৌ) অতসিকাকুসুমাবভাসৌ (অতসিকাকুসুমকান্তিবৎ কান্ত্যা

শ্রীধরস্বামী।

বিভোর্জানুদ্বয়ং তৎপর্য্যন্তং জঙ্ঘাদ্বয়ং অখিলস্য বিধাতু ব্রহ্মণো জনন্যা লক্ষ্ম্যা সংলালিতং স্পর্শচাতুর্য্যেণ সংসেবিতং। সংসারিত্বমিব প্রতীতং বারয়তি অভবস্যেতি। হৃদি কুর্য্যাৎ ধ্যায়েৎ ॥ ২৩ ॥

সুপর্ণস্য ভুজয়োঃ স্কন্ধয়োরধি উপরি। ওজসো বলস্য নিধী আধারৌ। অতসিকায়াঃ কুসুমবৎ কান্ত্যা অবভাসমানৌ। ব্যালম্বি আগুল্‌ফং লম্বমানং যৎপীতং বরং বাসস্ত-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

শয়ানং ধ্যায়েদিত্যুক্তমতঃ শেষপর্য্যঙ্কে শয়ানস্য বিভোর্জানুদ্বয়ং তৎপর্য্যন্তং জঙ্ঘা-দ্বয়ং হৃদি কুর্য্যাৎ। যৎখলু অখিলস্য বিধাতুর্ব্রহ্মণঃ জনন্যা লক্ষ্ম্যা সম্বাহনচাতুর্য্যবতোঃ করপল্লবয়ো রোচিষা অরুণিম্না পীতিম্নাচ সংলালিতং শোভিতীকৃতং জলজলোচনয়েতি তল্লোচনাভ্যাং নির্ব্বাধমেবাস্মাদিতলাবণ্যমিত্যর্থঃ ইদমেব জঙ্ঘয়োর্জানুনোশ্চ মাধুর্য্য-মৈশ্বর্য্যঞ্চৈবমগ্রেঽপি জ্ঞেয়ং। অভবস্য নবিদ্যতে ভবো যস্মাত্তস্য ॥ ২৩ ॥

ব্রজন্তং ধ্যায়েদিত্যুক্তমতঃ পৃথুধ্রুবাদিভ্যো বরং দাতুং গচ্ছতো গরুড়ারূঢ়স্য হরেরূরুদ্বয়ং

যিনি অখিল বিশ্ববিধাতা ব্রহ্মারও জননী, সেই অমরবন্দিতা কমলনয়না স্বয়ং লক্ষ্মী স্বীয় অঙ্কোপরি যাঁহার জানুদ্বয় গ্রহণ পূর্ব্বক শোভন করপল্লবের মধুর বিন্যাসে সেবা করিয়া থাকেন, সেই সংসারভয়হারী বিশ্ববিভাসক ভগবানের পাদপল্লব সতত প্রেমসহকারে হৃদয়েই ধারণা করা কর্ত্তব্য ॥ ২৩ ॥

পতগরাজ গরুড়ের স্কন্ধোপরি আরোহণকালে অতসি-কুসুমের ন্যায় অপূর্ব্ব কান্তিসম্পন্ন, তেজের আধার ও সৌন্দর্য্যের আকর ভগবানের ঊরুদ্বয় এবং আগুল্‌ফ পতিত পীতবসনে পরিবৃত ও কাঞ্চীগুচ্ছের বিন্যাস-

ব্যালম্বি পীতবরবাসসি বর্ত্তমান কাঞ্চীকলাপপরিরম্ভি নিতম্ববিম্বং ॥ ২৪ ॥
নাভিহ্রদং ভুবনকোশগুহোদরস্থং যত্রাত্মযোনিধিষণাখিললোকপদ্মং।
বৃঢ়ং হরিন্মণিবৃষস্তনয়োরমুষ্য ধ্যায়েদ্দ্বয়ং বিশদহারময়ূখগৌরং ॥ ২৫ ॥

অন্বয়ঃ।

ভাসমানৌ) ঊরূ তথা ব্যালম্বি আগুল্‌ফ লম্বমানং, পীতবরবাসসি কাঞ্চীকলাপপরিরম্ভি (সংশ্লেষো বিদ্যতে যস্য তৎ) বিভোঃ নিতম্ববিম্বং হৃদি কুর্য্যাৎ ॥ ২৪॥

অমুষ্য হরেঃ, ভুবনকোশগুহোদরস্থং (ভুবনানাং কোশসমূহস্য গুহা অধিষ্ঠানং যৎ উদরং তত্র স্থিতং) যৎ নাভিহ্রদং যত্র চ নাভিহ্রদে, আত্মযোনিধিষণাখিললোকপদ্মং (আত্মযোনেঃ ব্রহ্মণঃ ধিষণং ধিষ্ণ্যং আবির্ভাবস্থানং অখিললোকাত্মকং পদ্মং) বৃঢ়ং উত্থিতং, তথা বিশদহারময়ূখগৌরং (বিশদানাং স্বচ্ছানাং হারাণাং ময়ূখৈঃ গৌরং শ্বেতং) হরিন্মণিবৃষৌ মরকতমণিশ্রেষ্ঠৌ ইব যৌ স্তনৌ তয়োঃ) দ্বয়ং ধ্যায়েৎ॥ ২৫ ॥

শ্রীধরস্বামী।

স্মিন্ বর্ত্তমানো যঃ কাঞ্চীকলাপ স্তেন পরিরম্ভঃ সংশ্লেষো বিদ্যতে যস্য তদ্বিভো র্নিতম্ব-বিম্বঞ্চ হৃদি কুর্য্যাৎ ইতি পূর্ব্বেণৈবান্বয়ঃ ॥ ২৪ ॥

তস্মাদপি সকাশাৎ ময়ি মন্নামরূপাদিষু অর্পিতা অশেষাঃ ক্রিয়াঃ শ্রবণনয়নাদি-ব্যাপারা অর্থা রায়শ্চ আত্মনোঽহন্তাস্পদ-মমতাস্পদ-মনোবুদ্ধ্যাদয়ো যেন সঃ। নিরন্তরঃ কর্ম্মজ্ঞানাদিব্যবধানশূন্যঃ॥

ময়ি মৎপ্রাপ্ত্যর্থং সংন্যস্তকর্ম্মণঃ ত্যক্তবর্ণাশ্রমধর্ম্মাৎ মৎকৃতে ত্যক্তধর্ম্মাণ ইতি পূর্ব্বোক্তেঃ। অকর্ত্তুঃ মদ্ভক্তাবপি ভগবানেব মে ভক্তিং কারয়তীতি বুদ্ধ্যা স্বাতন্ত্র্যেণ কর্ত্তৃত্বাভিমানশূন্যাৎ সমদর্শনাৎ স্বস্য সমমেব সুখদুঃখাদিকং সর্ব্বত্র পশ্যতঃ। যদুক্তং ভগবতা আত্মৌপম্যেন সর্ব্বত্র-সমং পশ্যতি যোঽর্জ্জুন। সুখং বা যদি বা দুঃখং স যোগী

সক তিনিই আদরণীয়, সন্দেহ নাই। কিন্তু সংশয়চ্ছেত্তা মীমাংসক ও যদি বর্ণাশ্রমোচিত কর্ম্মে সতত মনোযোগী থাকেন, তিনি সকলের অপেক্ষা অধিক আদরণীয় ও পূজ্য, সন্দেহ নাই। এই সকল লোকের মধ্যে যে ব্রাহ্মণ অন্যের প্রতি কোনরূপ বিদ্রোহাচরণ না করিয়া, কেবল নিষ্কাম ধর্ম্মের অনুশীলনে ভগবানের অর্চ্চনা করেন, তিনিই জীবন্মুক্ত ও সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া পরিগণিত॥ ২৭॥

অতএব স্বানুষ্ঠিত যাবতীয় কর্ম্মফল এবং চিত্ত আমাতে সমর্পণ পূর্ব্বক নৈষ্ঠিক আচরণে যে ব্যক্তি সতত অবস্থিতি করেন; তাদৃশ সমদর্শী ঈশ্বরার্পিত-চেতা কর্ম্মফলত্যাগী কর্ত্তৃত্বাভিমানশূন্য ব্যক্তি অপেক্ষা সংসারে আর

আভাস।

কেবল সাধন-দশাতেই এই সকল ভেদ-দর্শনের প্রয়োজন; - জীবন্মুক্তরূপ সাধ্য-দশায় উপনীত হইলে আর সাধকের উৎকৃষ্টাপকৃষ্টাদি ভেদদর্শনের প্রয়োজন করে না। বর্ণাশ্রমোচিত নিত্য নৈমিত্তিকাদি ধর্ম্মকর্ম্মের অনুষ্ঠান করত তৎসম্বন্ধীয় যাবতীয় ফল পরমগুরু ঈশ্বরে সমর্পণ করা বিধেয়। এই সমর্পণ বিধিতে যখন আর সুখদুঃখাদি কোন বিষয়ে যোগীর চিত্ত আকৃষ্ট হইবে না, তখন তিনি সর্ব্বত্র সমদৃষ্টি হইবেন। গীতাতে

ন পশ্যামি পরং ভূতমকর্ত্তুঃ সমদর্শনাৎ ॥ ২৮ ॥
মনসৈতানি ভূতানি প্রণমেদ্বহুমানয়ন্।
ঈশ্বরো জীবকলয়া প্রবিষ্টো ভগবানিতি ॥ ২৯ ॥
ভক্তিযোগশ্চ যোগশ্চ ময়া মানব্যুদীরিতঃ।

অন্বয়ঃ।

সমদর্শনাৎ অকর্ত্তুঃ কর্ত্তৃত্বাভিমানশূন্যাৎ পুংসঃ সকাশাৎ পরং উৎকৃষ্টং ভূতং প্রাণিনং ন পশ্যামি ॥ ২৮ ॥

জীবকলয়া জীবরূপেণ সর্ব্বভূতেষু ভগবান্ ঈশ্বরঃ প্রবিষ্টঃ ইতি মনসা এতানি চরাচরাত্মকানি ভূতানি বহুমানয়ন্ প্রণমেৎ ॥ ২৯ ॥

হে মানবি! ভক্তিযোগঃ যমাদ্যষ্টাঙ্গসহিতঃ কর্ম্মযোগঃ যোগঃ সাংখ্যোক্ত-জ্ঞানযোগঃ

শ্রীধরস্বামী।

অব্যবহিতঃ। অকর্ত্তুঃ কর্ত্তৃত্বাভিমানশূন্যাৎ ॥ ২৮ ॥

জীবানাং কলয়া পরিকলনেন অন্তর্যামিতয়া প্রবিষ্ট ইতিদৃষ্ট্যেত্যর্থঃ ॥ ২৯ ॥

উক্তং হি ভক্তিযোগং পূর্ব্বোক্তেনাষ্টাঙ্গযোগেন সহ উপসংহরন্তি ভক্তিযোগশ্চেতি। হে

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পরমো মত ইতি। নচ বিদ্যাবিনয়সম্পন্নে ব্রাহ্মণে গবি হস্তিনি। শুনি চৈব স্বপাকেচ [illegible] সমদর্শিনঃ ইত্যুক্তং সমদর্শিত্বং বাচ্যং। জীবা শ্রেষ্ঠা হ্যজীবেভ্য ইত্যাদি প্রক্রান্ত-বাক্যবিরোধাৎ ॥ ২৮ ॥

জীবরূপা যা কলা তয়া সহ ॥ ২৯ ॥

উক্তং ভক্তিযোগং পূর্ব্বোক্তেনাষ্টাঙ্গযোগেন সহোপসংহরতি। ভক্তীতি। পুরুষং

কাহাকেও শ্রেষ্ঠ বলিয়া নয়নগোচর হয় না। জীব জগতে তিনিই শ্রেষ্ঠ ও আদরণীয় বলিয়া পরিজ্ঞাত, সন্দেহ নাই ॥ ২৮ ॥

সর্ব্বেশ্বর ভগবানই জীবরূপে সকল ভূতের অন্তরে অবস্থিতি করিতেছেন, ইত্যাকার-জ্ঞানে চরাচরাত্মক ভূতবর্গকে আদরাতিশয়ে সম্মান পূর্ব্বক প্রণাম করিবে ॥ ২৯ ॥

হে মনুতনয়ে! যমাদি অষ্টাঙ্গ সাধন-সম্বলিত ভক্তিযোগ এবং সাংখ্যোক্ত

আভাস।

উক্ত হইয়াছে যে, যে ব্যক্তি সুখদুঃখাদিতে সমানজ্ঞান করেন, তিনিই পরম যোগী বলিয়া অভিমত। যোগী হইলে বিদ্যাবিনয়সম্পন্ন ব্রাহ্মণ, গাভী, হস্তী, কুকুর বা চণ্ডালেও তাঁহার ভেদ-দর্শন ঘটে না। সকল ভাবে ও সকলের প্রতিই তিনি সমান দৃষ্টি করিয়া থাকেন ॥ ২৮ ॥

যয়োরেকতরেণৈব পুরুষঃ পুরুষং ব্রজেৎ ॥ ৩০ ॥
এতদ্ভগবতো রূপং ব্রহ্মণঃ পরমাত্মনঃ।
পরং প্রধানংপুরুষং দৈবং কর্ম্মবিচেষ্টিতং ॥
রূপভেদাস্পদং দিব্যং কাল ইত্যভিধীয়তে ॥ ৩১ ॥

অন্বয়ঃ।

চ ময়া উদীরিতঃ কথিতঃ; যয়োঃ দ্বয়োঃ মধ্যে একতরেণ এব পুরুষঃ মুমুক্ষুঃ পুরুষং পুরুষোত্তমং ভগবন্তং, ব্রজেৎ প্রাপ্নুয়াৎ ॥ ৩০ ॥

যঃ কালঃ ইতি অভিধীয়তে কথ্যতে সঃ এতৎ পরমাত্মনঃ ভগবতঃ ব্রহ্মণঃ পরং মহত্তত্ত্বং, প্রধানং প্রকৃতিং, পুরুষং প্রকৃতিপ্রবর্ত্তকং, দৈবং ইন্দ্রিয়াধিষ্ঠাতৃদেবতাবর্গং, কর্ম্মবিচেষ্টিতং (কর্ম্মসু বিবিধং চেষ্টিতং যস্য তৎ ইন্দ্রিয়বর্গং) দিব্যং অদ্ভুতপ্রভাবং রূপভেদাস্পদং (রূপভেদস্য বস্তূনাং অন্যথাত্বস্য আস্পদং কারণং) এব ॥ ৩১ ॥

শ্রীধরস্বামী।

মানবি পুরুষং পরমেশ্বরং ॥ ৩০ ॥

যদন্যৎ স্পৃষ্টং জীবস্য সংসৃতীঃ কালস্য স্বরূপঞ্চ আচষ্টে ইতি। তদাহ এতদিতি সার্দ্ধেন এতৎ সর্ব্বনিয়ন্তৃ যদ্ভগবতো রূপং কীদৃশং প্রধানপুরুষাত্মকং পরং তদ্ব্যতিরিক্তং চ এতদেব দৈবমিত্যভিধীয়তে কীদৃশং কর্ম্মণো বিচেষ্টিতং নানাসংস্থাভিলক্ষণং যস্মাৎ তদ্দৈবপ্রেরিতকর্ম্মকৃতাঃ সংসৃতয়ো বিচিত্রা ইত্যর্থঃ। এতদেব ভগবতো রূপং কাল ইতি চাভিধীয়তে। কীদৃশং রূপভেদস্য বস্তূনামন্যথাত্বস্যাস্পদমাশ্রয়ঃ কারণং উক্তং হি কালাদ্গুণব্যতিকর ইতি বক্ষ্যতেচ গুণব্যতিকরঃ কাল ইতি। দিব্যমদ্ভুতপ্রভাবং ॥ ৩১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ব্রজেৎ পরমেশ্বরং মাং প্রাপ্নুয়াৎ ভক্তিযোগেন চিদ্ঘনমদীয়মূর্ত্তিসাক্ষাৎকারঃ। অষ্টাঙ্গযোগেন চ মন্নির্ব্বিশেষস্বরূপসাক্ষাৎকারঃ ইত্যুভয়োরেব মৎপ্রাপ্তিশব্দেন শাস্ত্রেষূক্তেঃ ॥ ৩০ ॥

ননু তয়োরেকতরেণৈব পুরুষঃ পুরুষং ব্রজেদিতি প্রব্রবীষি ননু পুরুষো মাং ব্রজেদিতি ব্রূষে ইত্যতঃ স পুরুষএব কস্তত্র স্বতর্জ্জন্যা স্ববক্ষঃ স্পৃশন্নাহ। এতদিতি। অয়মর্থঃ। যঃ খলু ভক্তেষু ভগবান্ ভবতি। জ্ঞানিষু ব্রহ্ম; যোগিষু পরমাত্মা তস্যৈব পরং যদপ্রাকৃতং

জ্ঞানযোগের কথা আমি তোমার নিকট আনুপূর্ব্বিক বর্ণন করিলাম; এই দুইয়ের মধ্যে কোন একটীকে অবলম্বন করিতে পারিলেই মোক্ষাকাঙ্ক্ষী মানব সেই পুরুষোত্তমকে প্রাপ্ত হইবেন, সন্দেহ নাই ॥ ৩০ ॥

হে জননি! কাল বলিয়া যিনি সর্ব্বত্র কীর্ত্তিত হন, তিনিই সর্ব্বৈশ্বর্য্যসম্পন্ন পরাৎপর পরমাত্মস্বরূপ পূর্ণব্রহ্মের রূপ ও চেষ্টার বিকাশ মাত্র; প্রকৃতি, পুরুষ, মহত্তত্ত্ব, ইন্দ্রিয়াধিষ্ঠাতৃদেবতাগণ ক্রিয়াপ্রকাশক ইন্দ্রিয়নিচয়, এবং

ভূতানাং মহদাদীনাং যতো ভিন্নদৃশাং ভয়ং ॥ ৩২ ॥
যোঽন্তঃ প্রবিশ্য ভূতানি ভূতৈরত্যখিলাশ্রয়ঃ।
সবিষ্ণুাখ্যোঽধিযজ্ঞোঽসৌ কালঃ কলয়তাং প্রভুঃ।

অন্বয়ঃ।

মহদাদীনাং তত্তদভিমানিনাং, ভিন্নদৃশাং ভেদদর্শিনাং ভূতানাং প্রাণিনাং, যতঃ (জন্মমরণাদিজনিতং) ভয়ং ভবতি ॥ ৩২ ॥

যঃ অসৌ (ভূতানাং) অন্তঃ প্রবিশ্য ভূতৈঃ পঞ্চমহাভূতৈঃ ভূতানি অত্তি সংহরতি, সঃ অখিলাশ্রয়ঃ অধিযজ্ঞঃ যজ্ঞাদিকর্ম্মফলদাতা, বিষ্ণ্বাখ্যঃ কালঃ কলয়তাং বশীকুর্ব্বতাং ব্রহ্মাদীনাং অপি প্রভুঃ বশীকর্ত্তা।

শ্রীধরস্বামী।

তদেবাহ ভূতানামিতি যাবৎ সমাপ্তি। মহদাদীনাং তত্তদভিমানিনাং জীবানাং ॥ ৩২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

রূপং তদেতদেব। ত্বৎপুত্রোঽহমেব পরমেশ্বর ইত্যর্থঃ। ন কেবলমেতাবদেব কিন্তু প্রকৃতিপুরুষজীবাদৃষ্টকালাদ্যাপি মদীয়মেতদ্রূপমেবেত্যাহ প্রধানঞ্চ তৎপ্রবর্ত্তকঃ পুরুষশ্চেতি দ্বন্দ্বৈক্যং। দৈবং জীবাদৃষ্টং কীদৃশং কর্ম্মভিঃ পুণ্যপাপৈ র্বিবিধঃ চেষ্টিতং যত্তত্তং তথা কাল ইত্যভিধীয়তে। যত্তদপি দিব্যমদ্ভুতপ্রভাবং মৎস্বরূপমেব রূপভেদস্য বস্তূনামন্যথাভাবস্য আস্পদমাশ্রয়ঃ কারণং। উক্তং হি কালশক্ত্যুপব্যূহকরইতি ॥ ৩১ ॥ ৩২ ॥

দ্বয়া পৃষ্টং কালস্য লক্ষ মুক্তমুচ্যতে চেত্যাহ যতঃ সকাশান্মহদাদীনাং তত্তদভিমানিনাং জীবানাং সৃষ্ট্যাদিমধ্যান্তভাবানাং ভিন্নদৃশামজ্ঞানিনাং সর্ব্বেষাং ভয়ং ভয়প্রকারমাহ য

যাঁহার প্রসাদে বস্তুসমূহ বিভিন্ন রূপ ও নাম ধারণে বিভিন্নভাবে প্রতীত হইতেছে, এই অদ্ভুত প্রভাবরূপ ভগবদ্ভাব এই সকলই এক কাল নামে অভিহিত হইয়া থাকে ॥ ৩১ ॥

এই কাল হইতেই মহত্তত্ত্বাদির অভিমানী ভেদদর্শী ভূতসমূহের জন্মমরণাদিজনিত বিষম ভয় উৎপন্ন হইয়া থাকে ॥ ৩২ ॥

যিনি প্রাণীমাত্রের অন্তরে প্রবেশ পূর্ব্বক পঞ্চ মহাভূতের দ্বারাই ভূত সমূহকে নিধন করিয়া থাকেন, সেই সর্ব্বকর্ম্মফলদাতা অখিলপতি বিষ্ণু কালরূপে ব্রহ্মাদি সর্ব্ব কলনকারিগণেরও নেতা ও প্রভুরূপে পরিচিত হইতেছেন ॥

এই কালরূপী ভগবানের কেহ প্রিয়, অপ্রিয় বা বন্ধু নাই; তিনি স্বয়ং অপ্রমত্ত-ভাবে সংহারমূর্ত্তি ধারণ করত বিষয়াসক্তিনিবন্ধন আত্মরক্ষায় সম্পূর্ণ অসমর্থ প্রমত্ত জনগণের বিনাশের নিমিত্ত তাহাদের অন্তরে প্রবিষ্ট হন ॥

নচাস্য কশ্চিদ্দয়িতো নদ্বেষ্যো নচ বান্ধবঃ।
আবিশত্যপ্রমত্তোঽসৌ প্রমত্তজনমন্তকৃৎ ॥
যদ্ভয়াদ্বাতি বাতোঽয়ং সূর্য্যস্তপতি যদ্ভয়াৎ
যদ্ভয়াদ্বর্ষতে দেবো ভগণো ভাতি যদ্ভয়াৎ ॥ ৩৩ ॥
যদ্বনস্পতয়ো ভীতা লতাশ্চৌষধিভিঃ সহ।
স্বে স্বে কালেঽভিগৃহ্ণন্তি পুষ্পাণিচ ফলানিচ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

অস্য কালাত্মনঃ ভগবতঃ কশ্চিদপি দয়িতঃ প্রিয়ঃ ন, দ্বেষ্যঃ চ ন, বান্ধবঃ চ নাস্তি অসৌ অপ্রমত্তঃ সাবধানঃ এব অন্তকৃৎ সংহর্ত্তা সন্ প্রমত্তং বিষয়াসক্ত্যা স্বোদ্ধারপ্রযত্নশূন্যং, জনং আবিশতি বিনাশায় প্রবিশতি ॥

যদ্ভয়াৎ (যস্য কালরূপস্য ভগবতঃ ভয়াৎ) বাতঃ বায়ুঃ বাতি প্রচরতি, অয়ং সূর্য্যঃ যদ্ভয়াৎ তপতি, দেবঃ ইন্দ্রঃ, যদ্ভয়াৎ বর্ষতে বর্ষতি, যদ্ভয়াৎ ভগণঃ নক্ষত্রসমূহঃ ভাতিঃ ॥ ৩৩ ॥

ওষধিভিঃ সহ বনস্পতয়ঃ বৃক্ষাঃ, লতাশ্চ যৎ যস্মাৎ ভীতাঃ এব স্বে স্বে কালে পুষ্পাণি ফলানি চ গৃহ্ণন্তি প্রকটয়ন্তি ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

ভয়হেতুত্বমাহ য ইতি। ভূতৈরেব ভূতান্যত্তি সংহরতি অধিযজ্ঞো যজ্ঞফলদাতা কলয়তাং বশীকুর্ব্বতাং ॥ ৩৩ ॥ যস্মাদ্ভীতাঃ ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

ইতি। ভূতৈরেব ভূতান্যত্তি সংহরতি; অধিযজ্ঞঃ যজ্ঞাধিকারিত্বেন তৎফলদাতা। কলয়তাং বশীকুর্ব্বতামপি ॥

যদ্ যস্মাৎ বিষ্ণ্বাখ্যাৎ ॥ ৩৩ ॥ ৩৪ ॥

তাঁহার নিয়ম প্রতিপালন সম্বন্ধে অন্যের কথা দূরে থাকুক, মরুৎ ভৃত্য-ভাবে যাঁহার ভয়ে নিরন্তর বহন করিতেছেন, দিবাকর নিরন্তর তাপদান করিতেছেন; ইন্দ্র যথাকালে বারিবর্ষণ করিতেছেন, তারকাজাল জ্যোতিঃ বিকাশ সমুজ্জ্বল রহিয়াছে ॥ ৩৩ ॥

ওষধিগণের সহিত পাদপ ও লতাশ্রেণী যাঁহার ভয়ে সতত ভীত হইয়া ফল ও ফুলে যথাকালে সুশোভিত হইতেছে ॥ ৩৪ ॥

স্রোতস্বতীগণ যাঁহার ভয়ে ভীতা হইয়া সলিল ভার বহনে প্রবাহিত হইতেছে; সমুদ্র বেলাভূমি অতিক্রম পূর্ব্বক যাঁহার ভয়ে জগৎকে প্লাবিত করিতেছে না; স্বীয় মর্য্যাদাতেই অবস্থান করিতেছে। হুতাশন যাঁহার

স্রবন্তি সরিতো ভীতা নোৎসর্পত্যুদধির্যতঃ।
অগ্নিরিন্ধে সগিরিভির্ভূর্ন মজ্জতি যদ্ভাৎ ॥ ৩৫ ॥
অদো দদাতি শ্বসতাং পদং যন্নিয়মান্নভঃ।
লোকং স্বদেহং তনুতে মহান্ সপ্তভিরাবৃতং ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

যস্মাৎ ভীতাঃ সরিতঃ স্রবন্তি, যতঃ ভীতঃ উদধিঃ সমুদ্রঃ, ন উৎসর্পতি মর্য্যাদামুল্লঙ্ঘ্য পৃথ্বীং ন প্লাবয়তি; অগ্নিঃ ইন্ধে দীপ্যতে, যদ্ভয়াৎ সগিরিভিঃ গিরিভিঃ সহিতা ভূঃ জলে ন মজ্জতি ॥ ৩৫ ॥

যন্নিয়মাৎ অদো নভঃ শ্বসতাং প্রাণিনাং পদং স্থানং অবকাশং দদাতি, মহান্ মহত্তত্ত্বং চ স্বদেহং জগদঙ্কুরভূতং সপ্তভিঃ পৃথিব্যপ্তেজোবায্বাকাশাহঙ্কারমহত্তত্ত্বৈঃ আবৃতং লোকং তনুতে বিস্তারয়তি ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

যতো ভীতাঃ সরিতঃ স্রবন্তি। ইন্ধে দীপ্যতে সহ গিরিভির্ভূঃ ॥ ৩৫ ॥

অদো নভো যন্নিয়মাৎ যদাজ্ঞয়া মহান্ মহত্তত্ত্বং অহঙ্কারাত্মকং স্বদেহং লোকত্বেন বিস্তারয়তি ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইন্ধে দীপ্যতে সোঽগ্নিঃ। গিরিভিঃ সহ ভূর্ভূপাপাত্মকপুরুষভারেণাপি ন মজ্জতি কিন্তু কষ্টেনাপি ধৈর্য্যমেব ধত্তে অতি কষ্টেতু দ্বাপরান্তে তয়া গোরূপিণ্যা ব্রহ্মণে স্বভাবজ্ঞাপনমিতি ভাবঃ ॥ ৩৫ ॥

অদো নভঃ যন্নিয়মাৎ যন্নিদেশাৎ। শ্বসতাং জীবতাং প্রাণিনাং শ্বাসক্রিয়াবতাং পদমবকাশং নতু মৃতানাং দদাতি মহান্ মহত্তত্ত্বং ব্রহ্মা স্বদেহং বৈরাজং লোকং ভূরাদি লোকত্বেন বিস্তারয়তি ॥ ৩৬ ॥

নিয়মে নিরন্তর প্রদীপ্ত রহিয়াছেন, এবং গিরির ভারে বিনম্রা হইয়াও ধরণী যাঁহার শাসনে জলনিমগ্না হইতেছেন না ॥ ৩৫ ॥

যে সর্ব্বনিয়ন্তার নিয়মানুসারে এই নভোমণ্ডল প্রাণিবর্গকে অবকাশ প্রদান করিতেছে এবং মহত্তত্ত্ব জগতের অঙ্কুরস্থানীয় পৃথিবী, জল, অনল, অনিল, আকাশ, অহঙ্কারতত্ত্ব ও মহত্তত্ত্ব এই সপ্ত আবরণে আবৃত স্বকীয় দেহকে লোকরূপে বিস্তৃত করিতেছেন ॥ ৩৬ ॥

এই চরাচর বিশ্ব ব্রহ্মাণ্ড যাঁহাদের অধিকারে নিয়ত অবস্থান করিতেছে, সেই সত্ত্ব, রজঃ ও তমোগুণের নিয়ন্তা ব্রহ্মা, বিষ্ণু ও রুদ্রনামক দেবতাত্রয় যাঁহার আজ্ঞা শিরোধার্য্য করিয়া প্রতিকল্পে বিশ্বসংসারের সৃষ্টি, স্থিতি ও

গুণাভিমানিনো দেবাঃ সর্গাদিষ্বস্য যদ্ভয়াৎ।
বর্ত্তন্তেঽনুযুগং যেষাং বশ এতচ্চরাচরং ॥ ৩৭ ॥
সোঽনন্তোঽন্তকরঃ কালোঽনাদিরাদিকৃদব্যয়ঃ।
জনং জনেন জনয়ন্মারয়ন্মৃত্যুনান্তকং ॥ ৩৮ ॥
॥ * ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং
বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে ভক্তিযোগো নাম
একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ২৯ ॥ ॥ * ॥

অন্বয়ঃ।

চরাচরং এতৎ বিশ্বং যেষাং বশে (বর্ত্ততে) গুণাভিমানিনঃ (গুণানাং সত্ত্বরজস্তমসাং অভিমানিনঃ তন্নিয়ন্তারঃ) দেবাঃ ব্রহ্মবিষ্ণুরুদ্রাঃ যদ্ভয়াৎ অস্য বিশ্বস্য সর্গাদিষু সর্গস্থিতি-প্রলয়েষু অনুযুগং প্রতিকল্পং বর্ত্তন্তে প্রবর্ত্তন্তে ॥ ৩৭ ॥

সঃ অনন্তঃ মরণশূন্যঃ, অনাদিঃ জন্মশূন্যঃ, অব্যয়ঃ অপক্ষয়াদিবিকারশূন্যঃ, কালঃ জনেন পিত্রাদিনা, জনং পুত্রাদিং, জনয়ন্ তথা মৃত্যুনা অন্তকং মারকং চৌরব্যাঘ্রাদিকং মারয়ন্ অন্তকরঃ ভবতি ॥ ৩৮ ॥

ইতি তৃতীয়ে শ্রীযুতগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে একোনত্রিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীধরস্বামী।

গুণাভিমানিনো গুণনিয়ন্তারো দেবা ব্রহ্মাদয়ঃ। অস্য বিশ্বস্য সর্গাদিষু প্রবর্ত্তন্তে। অনুযুগং বারংবারমিত্যর্থঃ ॥ ৩৭ ॥

জনেন পিত্রাদিনা জনং পুত্রাদিং জনয়ন্ আদিকৃৎ মৃত্যুনা অন্তকমপি মারয়ন্নন্তকরঃ স্বয়ন্তু অনাদিরনন্তোঽব্যয়শ্চ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে একোনত্রিংশঃ ॥ * ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

গুণাভিমানিনো ব্রহ্মবিষ্ণুরুদ্রাদয়ঃ। অনুযুগং প্রতিকল্পং ॥ ৩৭ ॥

জনেন পিত্রাদিনা জনয়ন্ সন্নাদিকৃৎ ॥ ৩৮ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ঊনত্রিংশত্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

পালনকার্য্যে নিয়ত অভিনিবিষ্ট রহিয়াছেন ॥ ৩৭ ॥

সেই অনন্ত অনাদি এবং সর্ব্ববিকারবর্জ্জিত অব্যয় কাল পিত্রাদিরূপে পুত্রজননের দ্বারা এবং মৃত্যুস্বরূপে হননকারী ব্যাঘ্রাদিগণের বিনাশের দ্বারা অন্তকারিরূপে বিরাজ করিতেছেন ॥ ৩৮ ॥

ইতি তৃতীয়ে শ্রীযুতগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের একোনত্রিংশ অধ্যায় সমাপ্ত॥

শ্রীভগবানুবাচ ॥

তস্যৈতস্য জনো নূনং নায়ং বেদোরুবিক্রমং।
কাল্যমানোঽপি বলিনো বায়োরিব ঘনাবলিঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

ঘনাবলিঃ মেঘপংক্তিঃ যথা বলিনঃ বায়োঃ কল্যমানঃ অপি (বিক্রমং ন বেদ তথা) অয়ং জনঃ প্রাণী তস্য পূর্ব্বোক্তপ্রভাবস্য এতস্য কালস্য উরু অধিকং বিক্রমং বিনাশকত্বং নূনং নিশ্চিতং ন বেদ জানাতি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

ত্রিংশেতু কায়কান্তাদিলালনাকুলচেতসাং।
কামিনাং তামসী পাপাদধোগতিরুদীর্য্যতে ॥ * ॥

কালপ্রভাববর্ণনপূর্ব্বকং বৈরাগ্যায় চিত্রকর্ম্মকৃতাং সংসৃতিং অধ্যায়ত্রয়েণ প্রপঞ্চয়তি। তস্যৈতস্য বলিনঃ কালস্য বলিনেতি বা পাঠঃ। কাল্যমানঃ বিচাল্যমানোঽপি বায়োর্বিক্রমং যথা মেঘপঙ্‌ক্তি র্ন বেদ ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নির্গুণাং সগুণাং ভক্তিং জ্ঞানযোগৌ চ সাত্ত্বিকৌ।
হরিঃ পঞ্চভিরধ্যায়ৈর্দর্শয়ামাস মাতরং ॥
অধ্যায়ত্রিতয়েনাথ ক্রমেণ কিল কর্ম্মণাং।
তামসীং রাজসীঞ্চাপি সাত্ত্বিকীং গতিমৈক্ষয়ৎ ॥
ত্রিংশে তারুণ্যবৃদ্ধত্বস্মৃতিনারকযন্ত্রণাঃ।
প্রাহ সাংসারিকাণাং স্ত্রীপুত্রাদ্যাকুলচেতসাং ॥ * ॥

অথ হরিভক্তিং বিনা বিচিত্রকর্ম্মকৃতাং সাংসারিকং দুঃখমধ্যায়ত্রয়েণ প্রপঞ্চয়তি। তস্যৈতস্য কালস্য বলিনো বলিনেতি চ পাঠঃ ॥ ১ ॥

ভগবান্ কপিলদেব আরও বলিলেন, হে জননি! মেঘাবলি যেমন বায়ুর বিক্রম সম্পূর্ণ পরিজ্ঞাত নহে, সেইপ্রকার এই প্রাণিবর্গও তাদৃশ অতুল প্রভাবসম্পন্ন কালরূপী ভগবানের অনির্ব্বচনীয় প্রতাপকে সম্পূর্ণ অবগত হইতে পারে না ॥ ১ ॥

মানবগণ সুখপ্রাপ্তির লালসায় বিবিধ ক্লেশ সহ্য করত যে যে অর্থের সংগ্রহ করে, কালরূপী নারায়ণ সেই সকল অর্থই বিনষ্ট করিয়া ফেলেন।

আভাস।

ত্রিংশদধ্যায়ে অধর্ম্ম দ্বারা কায় কান্তাদির ভরণপোষণার্থ ব্যগ্রচিত্ত কামী পুরুষদিগের তামসী গতি বর্ণিত হইয়াছে ॥

যং যমর্থমুপাদত্তে দুঃখেন সুখহেতবে।
তং তং ধুনোতি ভগবান্ পুমান্ শোচতি যৎকৃতে ॥ ২ ॥
যদধ্রুবস্য দেহস্য সানুবন্ধস্য দুর্ম্মতিঃ।
ধ্রুবাণি মন্যতে মোহাদ্গৃহক্ষেত্রবসূনিচ ॥ ৩ ॥
জন্তুর্বৈভব এতস্মিন্ যাং যাং যোনিমনুব্রজেৎ।
তস্যাং তস্যাং স লভতে নির্ব্বৃতিং ন বিরজ্যতে ॥ ৪ ॥

অন্বয়ঃ।

অয়ং পুমান্ দুঃখেন প্রয়াসেন, সুখহেতবে যং যং অর্থং উপাদত্তে সম্পাদয়তি তং তং অর্থং ভগবান্ কালরূপঃ ধুনোতি বিনাশয়তি। যৎকৃতে যন্নিমিত্তং পুমান্ শোচতি ॥ ২ ॥

যৎ যস্মাৎ সানুবন্ধস্য পুত্রকলত্রাদিসহিতস্য, অধ্রুবস্য নশ্বরস্য, দেহস্য (সম্বন্ধীনি) গৃহক্ষেত্রবসূনি ধ্রুবাণি নিত্যানি, ইতি দুর্ম্মতিঃ (দুষ্টা মতি র্যস্য সঃ) মোহাৎ মন্যতে ॥ ৩ ॥

এতস্মিন্ ভবে সংসারে, অয়ং জন্তুঃ বৈ যাং যাং দেবমনুষ্যাদিযোনিং অনুব্রজেৎ প্রাপ্নুয়াৎ, তস্যাং তস্যাং যোনৌ, সঃ নির্ব্বৃতিং সুখং, লভতে (অতো) ন বিরজ্যতে বিরক্তো ন ভবতি ॥ ৪ ॥

শ্রীধরস্বামী।

বিক্রময়মেবাহ যং যং অর্থং দুঃখেন প্রয়াসেন উপাদত্তে আপাদয়তি তং তং ভগবান্ কালো ধুনোতি বিনাশয়তি যৎকৃতে যস্মিন্ নিমিত্তং ॥ ২ ॥

শোকে হেতুঃ যদ্‌যস্মাৎ সানুবন্ধস্য কলত্রাদিসহিতস্য দেহস্য সম্বন্ধীনি গৃহাদীনি বসু দ্রব্যং। অনুক্তসমুচ্চয়ার্থশ্চকারঃ ॥ ৩ ॥

দুর্ম্মতিত্বং দর্শয়ন্ দুঃখং প্রপঞ্চয়তি জন্তুরিতি চতুর্দ্দশভিঃ ॥ ৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

ভগবান্ কালঃ ॥ ২ ॥

শোকে হেতুঃ যদ্‌যস্মাৎ সানুবন্ধস্য কলত্রাদিসহিতস্য ॥ ৩ ॥

দুর্ম্মতিত্বং দর্শয়তি জন্তুরিতি ॥ ৪ ॥

সুতরাং পুরুষকে তজ্জন্য বিবিধ যাতনা ভোগ করিতে হয় ॥ ২ ॥

দুর্ম্মতি মানব মোহের বশে অভিভূত হইয়া পুত্রকলত্রাদিবিশিষ্ট নশ্বর দেহের সম্পর্কে ধনধান্য গৃহক্ষেত্রকেও চিরস্থায়ী ও অবিনশ্বর জ্ঞান করিয়া থাকে ॥ ৩ ॥

এই সংসারে জীব দেবমনুষ্যাদি যে কোন যোনিতেই গমন করুক্ না, তাহাতেই ভোগাদিনিবন্ধন সুখের অনুভব করিয়া থাকে; সুতরাং তাহাতে বৈরাগ্য হওয়া অসম্ভব ॥ ৪ ॥

নরকস্থোঽপি দেহং বৈ ন পুমাংস্ত্যক্তুমিচ্ছতি।
নারক্যাং নির্বৃতৌ সত্যাং দেবমায়াবিমোহিতঃ ॥
সৎসঙ্গরহিতো মর্ত্ত্যো বৃদ্ধসেবাপরিচ্যুতঃ।
মামনারাধ্য দুঃখার্ত্তঃ কুটুম্বাসক্তমানসঃ ॥ ৫ ॥
আত্মজায়াসুতাগারপশুদ্রবিণবন্ধুষু।
নিরূঢ়মূলহৃদয় আত্মানং বহুমন্যতে ॥ ৬ ॥
স দহ্যমানসর্ব্বাঙ্গ এষামুদ্বহনাধিনা।

অন্বয়ঃ

পুমান্ জীবঃ নরকস্থঃ অপি তং দেহং বৈ ত্যক্তুং ন ইচ্ছতি। নারক্যাং যোনৌ নির্বৃতৌ সত্যাং দেবমায়াবিমোহিতঃ (দেবস্য ভগবতঃ মায়য়া বিমোহিতঃ,) সৎসঙ্গরহিতঃ মর্ত্ত্যঃ কুটুম্বাসক্তমানসঃ (কুটুম্বেষু পুত্রকলত্রাদিষু আসক্তং মানসং যস্য সঃ) বৃদ্ধসেবাপরিচ্যুতঃ অতএব দুঃখার্ত্তঃ (দুঃখেন আর্ত্তঃ পীড়িতঃ) জনঃ মাং অনারাধ্য ॥ ৫ ॥

আত্মজায়াসুতাগারপশুদ্রবিণবন্ধুষু (আত্মা দেহঃ, জায়া ভার্য্যা, সুতঃ, আগারং গৃহং, পশুঃ, দ্রবিণং ধনং, বন্ধুশ্চ তেষু) নিরূঢ়মূলহৃদয়ঃ (নিরূঢ়মূলং প্রসৃতমনোরথং হৃদয়ং যস্য সঃ জনঃ) আত্মানং বহুমন্যতে সম্পন্নপুরুষার্থং মন্যতে ॥ ৬ ॥

এষাং আত্মাদীনাং উদ্বহনাধিনা পোষণচিন্তয়া দহ্যমানসর্ব্বাঙ্গঃ (দহ্যমানানি পরি-

শ্রীধরস্বামী।

নারক্যাং নরকাহারাদিভির্জাতায়াং ॥ ৫ ॥

নিরূঢ়মূলং প্রসৃতমনোরথং হৃদয়ং যস্য বহুমন্যতে কৃতার্থোঽহমিতি শ্লাঘতে ॥ ৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নারক্যাং নারকাহারস্ত্রীসঙ্গাদিভির্জাতায়াং ॥ ৫ ॥

নিরূঢ়ঃ মূলং যস্য তাদৃশং হৃদয়ং যস্য সঃ ॥ ৬ ॥

অধিক কি নারকীয় যোনিতে গমন করিলেও জীব তাহা পরিত্যাগের বাসনা করে না; কারণ ভগবন্মায়ার এমনই মোহিনী শক্তি যে, তাদৃশ নিকৃষ্ট যোনিতেও জীব তদুচিত ভোগে পরিতৃপ্ত হয়; এবং সৎসঙ্গের অসদ্ভাবে বৃদ্ধগণের সেবায় পরাঙ্মুখ হইয়া, পুত্র কলত্রাদি স্বজনবর্গের প্রেমে আসক্তচিত্ত হয়; সুতরাং নিরন্তর দুঃখের পীড়নে ক্লান্ত ও শ্রান্ত হইয়া আমার আরাধনার পরিবর্ত্তে ॥ ৫ ॥

দেহ, গেহ, পুত্র, কলত্র, ধন, পশু ও ভৃত্যবর্গে অন্তঃকরণ সমর্পণ পূর্ব্বক আপনাকে কৃতকৃতার্থ জ্ঞান করিয়া থাকে ॥ ৬ ॥

এই সকল আত্মীয় ও স্বজনবর্গের ভরণপোষণ-চিন্তায় সর্ব্বদা বিব্রত ও

করোত্যবিরতং মূঢ়ো দুরিতানি দুরাশয়ঃ ॥ ৭ ॥
আক্ষিপ্তাত্মেন্দ্রিয়ঃ স্ত্রীণামসতীনাঞ্চ মায়য়া।
রহোরচিতয়ালাপৈঃ শিশূনাং কলভাষিণাং ॥ ৮ ॥
গৃহেষু কূটধর্ম্মেষু দুঃখতন্ত্রেষ্বতন্দ্রিতঃ।
কুর্ব্বন্ দুঃখপ্রতীকারং সুখবন্মন্যতে গৃহী ॥ ৯ ॥

অন্বয়ঃ।

তপ্তানি সর্ব্বাণি অঙ্গানি যস্য সঃ) সঃ দুরাশয়ঃ দুষ্টচিত্তঃ মূঢ়ঃ জনঃ অবিরতং নিরন্তরং দুরিতানি পাপানি, করোতি ॥ ৭ ॥

অসতীনাং মিথ্যাভূতানাং স্ত্রীণাং রহো একান্তে, রচিতয়া সম্ভোগাদিরূপয়া, মায়য়া মোহকশক্ত্যা কলভাষিণাং শিশূনাং আলাপৈঃ চ আক্ষিপ্তাত্মেন্দ্রিয়ঃ (আক্ষিপ্তঃ আত্মা অন্তঃকরণং ইন্দ্রিয়াণি চ যস্য সঃ) ॥ ৮ ॥

দুঃখতন্ত্রেষু দুঃখপ্রধানেষু, কূটধর্ম্মেষু (কূটাঃ কপটপ্রায়াঃ ধর্ম্মা যেষু তেষু) গৃহেষু অতন্দ্রিতঃ অনলসঃ, সন্ গৃহী দুঃখপ্রতীকারং (দুঃখস্য প্রতীকারং নিবৃত্ত্যুপায়ং) কুর্ব্বন্ অপি সুখবৎ মন্যতে (ন তু প্রকৃতং সুখং লভতে) ॥ ৯ ॥

শ্রীধরস্বামী।

উদ্বহনাধিনা পোষণচিন্তয়া ॥ ৭ ॥

দুরাশয়ত্বমাহ আক্ষিপ্ত আত্মা ইন্দ্রিয়াণিচ যস্য। কয়া অসতীনাঞ্চ পুংশ্চলীনাং অপি রহসি রচিতয়া সম্ভোগাদিরূপয়া মধুরভাষিণাং শিশূনাং আলাপৈশ্চ সুখবন্মন্যতে ইত্যুত্তরেণান্বয়ঃ ॥ ৮ ॥

কূটা বিত্তশাঠ্যাদিবহুলা ধর্ম্মা যেষু দুঃখপ্রধানেষু ॥ ৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উদ্বহনাধিনা রক্ষণপোষণানুরঞ্জনবিবাহপ্রদানাদিচিন্তয়া ॥ ৮ ॥

কূটা বিত্তশাঠ্যাদিবহুলা ধর্ম্মা যেষু দুঃখতন্ত্রেষু দুঃখপ্রধানেষু ॥ ৯ ॥

পরিক্লিষ্টচিত্ত দুর্বৃত্ত পামরগণ নিরন্তর পাপানুষ্ঠানে কিছুমাত্র ভীত বা শঙ্কিত না হইয়া, সতত তদনুষ্ঠানেই অনায়াসে অগ্রসর হইয়া থাকে ॥ ৭ ॥

ধন-যৌবন-নাশকারিণী কপটী নারীর নির্জ্জন সংসর্গের কুহকিনী মায়ায় ও মধুরভাষী শিশুর মিষ্ট আলাপনে গৃহমেধী পুরুষ এতই অকৃষ্টচিত্ত ও বিহ্বল হইয়া পড়ে যে—॥ ৮ ॥

অনন্ত দুঃখের সাগর এবং কপট ধর্ম্মের আকর এই গ্রাম্য ভোগস্থান, গৃহে অবস্থিতি পূর্ব্বক, গৃহী দুঃখ প্রতিকারের উপায়কেই সুখবোধে নিরন্তর যত্ন করিয়া থাকে; প্রকৃত সুখকে তাহারা স্বপ্নেও অনুভব করিতে পারে

অর্থৈরাপাদিতৈগুর্ব্ব্যা হিংসয়েতস্ততশ্চ তান্।
পুষ্ণাতি যেষাং পোষেণ শেষভুগ্ যাত্যধঃ স্বয়ং ॥ ১০ ॥
বার্ত্তায়াং লুপ্যমানায়ামারব্ধায়াং পুনঃ পুনঃ।
লোভাভিভূতো নিঃসত্ত্বঃ পরার্থে কুরুতে স্পৃহাং ॥ ১১ ॥
কুটুম্বভরণেঽকল্যো মন্দভাগ্যো বৃথোদ্যমঃ।
শ্রিয়া বিহীনং কৃপণো ধ্যায়ন্ শ্বসিতি মূঢ়ধীঃ ॥ ১২ ॥

অন্বয়ঃ।

ইতস্ততঃ সর্ব্বতঃ গুর্ব্ব্যা মহত্যা হিংসয়া পীড়য়া আপাদিতৈঃ অর্থৈঃ ধনাদিভিঃ তান্ পুত্রকলত্রাদীন্ পুষ্ণাতি, যেষাং পোষেণ শেষভুক্ সঃ স্বয়ং অধঃ যাতি ॥ ১০ ॥

এবং যৌবনাভ্যয়ে, বার্ত্তায়াং জীবিকায়াং, পুনঃ পুনঃ আরব্ধায়াং লুপ্যমানায়াং দৈবেন বিঘ্নিতায়াং সত্যাং নিঃসত্ত্বঃ অসক্তঃ, তথাপি লোভাভিভূতঃ (লোভেন অভিভূতঃ নষ্টপ্রজ্ঞঃ) সঃ পরার্থে পরস্বে স্পৃহাং কুরুতে ॥ ১১ ॥

কুটুম্বভরণে অকল্যঃ অসমর্থঃ, বৃথোদ্যমঃ নিষ্ফলপ্রযত্নঃ, মন্দভাগ্যঃ শ্রিয়া বিহীনঃ অত-এব কৃপণঃ দীনঃ ধ্যায়ন্ মূঢ়ধীঃ শ্বসিতি উচ্চৈঃ শ্বাসান্ বিমুঞ্চতি ॥ ১২ ॥

শ্রীধরস্বামী

যেষাং পোষণেনাধো যাতি তান্ পুষ্ণাতি। শেষভুগিতি ভোগোঽপি তস্য দুর্ল্লভ ইত্যর্থঃ ॥ ১০ ॥

বার্ত্তায়াং জীবিকায়াং নিঃসত্ত্বঃ অসক্তঃ পরার্থে পরস্বে ॥ ১১ ॥

অকল্যঃ অসমর্থঃ ॥ ১২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

শেষভুক্ তদুক্তাবশিষ্টভুগিতি ভোগোঽপি তস্য দুর্ল্লভ ইত্যর্থঃ ॥ ১০ ॥

বার্ত্তায়াং জীবিকায়াং ॥ ১১ ॥

পুত্রাদিজীবনোপায়ং ধ্যায়ন্ ॥ ১২ ॥

না ॥ ৯ ॥

সর্ব্বতোভাবে ও সর্ব্বত্র গুরুতর হিংসাদি পরপীড়নের দ্বারা সঞ্চিত অর্থে তাহারা সেই সকল পুত্রকলত্রাদির ভরণপোষণ নির্ব্বাহ করে; কিন্তু স্বয়ং শেষভোজী হইয়া, তাহাদের পালনে নিরয়গামী হয়; সন্দেহ নাই ॥ ১০ ॥

এই প্রকারে ক্রমশ যৌবনের অপগমে যখন বার্দ্ধক্যে উপনীত হয়, এবং জীবিকার নিমিত্ত পুনঃ পুনঃ উদ্যমেও দৈবদুর্ব্বিপাক বশত বিফলমনোরথ ও হীনবীর্য্য হইয়া পড়ে, তখন লোভের বশবর্ত্তিতা বশত বিমোহিতের ন্যায়, পরস্বগ্রহণেও স্পৃহা করে ॥ ১১ ॥

এবং স্বভরণাকল্যং তৎকলত্রাদয়স্তদা।
নাদ্রিয়ন্তে যথা পূর্ব্বং কীনাশা ইব গোজরং ॥ ১৩ ॥
তত্রাপ্যজাতনির্ব্বেদো ম্রিয়মাণঃ স্বয়ম্ভৃতৈঃ।
জরয়োপাত্তবৈরূপ্যো মরণাভিমুখো গৃহে ॥ ১৪ ॥

অন্বয়ঃ।

এবং স্বভরণাকল্যং (স্বস্য ভরণে পোষণে অকল্যং অসমর্থং) তং জনং গোজরং বৃদ্ধবলীবর্দ্দং কীনাশাঃ দুষ্টাঃ কৃষীবলাঃ ইব (যথা ন আদ্রিয়ন্তে) তথা তৎকলত্রাদয়ঃ তদা যথাপূর্ব্বং তং ন আদ্রিয়ন্তে ॥ ১৩ ॥

তত্রাপি এবমনাদরদশায়ামপি, অজাতনির্ব্বেদঃ অনুৎপন্ন বৈরাগ্যঃ, স্বয়ংভৃতৈঃ (স্বং আত্মনা পূর্ব্বং ভৃতৈঃ পুষ্টৈঃ) ম্রিয়মাণঃ পোষ্যমাণঃ, যতঃ জরয়া উপাত্তং স্বীকৃতং, বৈরূপ্যং বলীপলিতাদি যেন সঃ) অতঃ মরণাভিমুখঃ আসন্নমৃত্যুঃ সন্ গৃহে ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

পূর্ব্বং যথাদ্রিয়ন্ত তথা আদরং ন কুর্ব্বন্তি। কীনাশাঃ কৃপণাঃ, কৃষীবলাঃ গোজরং বৃদ্ধবলীবর্দ্দং ॥ ১৩ ॥

ম্রিয়মাণঃ পুষ্যমাণঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

কীনাশাঃ কৃষীবলাঃ। গোজরং বৃদ্ধবলীবর্দ্দং ॥ ১৩ ॥

পূর্ব্বং ভৃতৈঃ পুত্রাদিভির্ম্রিয়মাণঃ পুষ্যমাণঃ পোষণপ্রকারমাহ। অবমত্যা অবজ্ঞয়া উপনীতং প্রক্ষিপ্তং গৃহপালঃ শ্বেব আহরন্ ভুঞ্জানঃ ॥ ১৪ ॥

তাদৃশ বয়ঃক্রমে কুটুম্বভরণে অসমর্থ বিফলপ্রযত্ন দুর্ভাগা ব্যক্তিগণ শ্রীভ্রষ্ট হইয়া তখন দীনহীনের ন্যায় নিজের ও কুটুম্বাদি পোষ্যবর্গের উদরভরণের চিন্তায় নিতান্ত অভিভূত হইয়া কেবল দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ করে মাত্র ॥ ১২ ॥

অহো, কি আশ্চর্য্যের বিষয়! এই হতভাগ্য ব্যক্তি বার্দ্ধক্যের অসামর্থতা দোষে যখন নিজের ও পরিবারবর্গের ভরণপোষণে অপারক হয়, তখন কৃতঘ্ন কৃষীবল কর্ত্তৃক প্রাচীন বলীবর্দ্দ যেমন উপেক্ষিত হয়, তদ্রূপ তাহার পুত্রকলত্রাদিও তাহাকে আর পূর্ব্বের ন্যায় যত্নপূর্ব্বক সেবা শুশ্রূষাদি করে না ॥ ১৩ ॥

কিন্তু, কি দুর্ভাগ্যের বিষয়! তাদৃশ অনাদর-কালেও উক্ত ব্যক্তির পরিজনাসক্তি কিছুমাত্র হ্রাস হয় না; বরং জরা দ্বারা বলীপলিত-সর্ব্বাঙ্গ ও মৃত্যুমুখে দণ্ডায়মান হইয়া কেবল পোষ্যবর্গের প্রদত্ত যথাকথঞ্চিৎ যত্নেই পরিতুষ্টি লাভ করত গৃহেই অবস্থিতি করে ॥ ১৪ ॥

আস্তেঽবমত্যোপন্যস্তং গৃহপাল ইবাহরন্।
আময়াব্যপ্রদীপ্তাগ্নিরল্পাহারোঽল্পচেষ্টিতঃ ॥ ১৫ ॥
বায়ুনোৎক্রমতোদ্ভারঃ কফসংরুদ্ধনাড়িনা।
কাসশ্বাসকৃতায়াসঃ কণ্ঠে ঘুরঘুরায়তে ॥ ১৬ ॥

অন্বয়ঃ।

অবমত্যা পরিভবপূর্ব্বকং উপন্যস্তং অগ্রে প্রক্ষিপ্তং (অন্নাদিকং) গৃহপালঃ শ্বা ইব আহরন্ ভুঞ্জানঃ, আময়াবী রোগবান্, অতঃ অপ্রদীপ্তাগ্নিঃ, অল্পাহারঃ অল্পচেষ্টিতঃ (অল্পং চেষ্টিতং যস্য সঃ) এব আস্তে ॥ ১৫ ॥

কফসংরুদ্ধনাড়িনা (কফেন শ্লেষ্মণা সংরুদ্ধাঃ নাড্যঃ যস্য সঃ) কাসশ্বাসকৃতায়াসঃ (কাসশ্বাসাভ্যাং কৃতঃ আয়াসঃ যস্য সঃ) অতএব উৎক্রমতা ঊর্দ্ধং গচ্ছতা বায়ুনা উদ্ভারঃ (উৎ উদ্গতে বহির্নিঃসৃতে তারে কনীনিকে যস্য সঃ) কণ্ঠে ঘুরঘুরায়তে ঘুরঘুরশব্দং করোতি ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

অবমত্যা অবজ্ঞয়া উপন্যস্তং সমীপে প্রক্ষিপ্তং গৃহপালঃ শ্বা আহরন্ ভুঞ্জানঃ আময়াবী রোগী ॥ ১৫ ॥

উদ্ভারো বহির্নির্গতনেত্রঃ। কফেন সংরুদ্ধা নাড়য়ো মার্গভূতা যস্য তেন কাসশ্বাসাভ্যাং কৃত আয়াসো যস্য ঘুর ঘুর ইতি শব্দং করোতি ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

আময়াবী রোগী ॥ ১৫ ॥

উৎক্রমতা কাশাদ্যধিকোন ঊর্দ্ধমূর্দ্ধিষ্ঠা কফরুদ্ধনাড়ীমার্গেণ বায়ুনা হেতুনা উদ্বর্ত্তিতা

লোকে যেমন কুক্কুরের সমীপে নিতান্ত অনাদর পূর্ব্বকই তাহার ভোজ্য সামগ্রী প্রদান করে, সেইরূপ জরাগ্রস্ত এবং উপার্জ্জনে অক্ষম গৃহস্বামীকেও তাহার স্বজনবর্গ নিতান্ত উপেক্ষার দৃষ্টিতেই অন্নাদি প্রদান করিয়া থাকে; বৃদ্ধও অজীর্ণাদি বিবিধ রোগে ক্রমশঃ আক্রান্ত হইয়া উপায়হীনের ন্যায়, সেই অন্নের দ্বারাই জীবনধারণ করত, গৃহেই বাস করিতে থাকে ॥ ১৫ ॥

তখন শ্লেষ্মায় তাহার শিরাসমূহ রুদ্ধ হইয়া আসে; বায়ুর ঊর্দ্ধগতি হওয়ায় শ্বাসকাসাদির কষ্টে নয়নের তারা সময়ে সময়ে যেন নির্গত হইতে থাকে; এবং কণ্ঠমধ্যে সতত ঘুড় ঘুড় শব্দ হইতে থাকে ॥ ১৬ ॥

এই প্রকারে যখন ক্রমশ মৃত্যুর নিকটবর্ত্তী হইয়া শয্যাশায়ী হয়, তখন বন্ধুজন চতুর্দ্দিকে পরিবৃত হইয়া বিবিধ শোকবার্ত্তার প্রয়োগে, হে তাত! হে বপ্পো! ইত্যাদি সম্বোধনবাক্যে উক্ত বৃদ্ধকে আহ্বান করিলেও আর

শয়ানঃ পরিশোচদ্ভিঃ পরিবীতঃ স্ববন্ধুভিঃ।
বাচ্যমানোঽপি ন ব্রূতে কালপাশবশং গতঃ ॥ ১৭ ॥
এবং কুটুম্বভরণে ব্যাপৃতাত্মা জিতেন্দ্রিয়ঃ।
ম্রিয়তে রুদতাং স্বানামুরুবেদনয়াস্তধীঃ ॥ ১৮ ॥
যমদূতৌ তদা প্রাপ্তৌ ভীমৌ সরভসেক্ষণৌ।
স দৃষ্ট্বা ত্রস্তহৃদয়ঃ শকৃন্মূত্রং বিমুঞ্চতি ॥ ১৯ ॥

অন্বয়ঃ।

কালপাশগতং (কালস্য মৃত্যোঃ পাশং বশং গতঃ) পরিশোচদ্ভিঃ সবন্ধুভিঃ পরিবীতঃ পরিবেষ্টিতঃ, শয়ানঃ সঃ বাচ্যমানঃ আহূয়মানঃ অপি ন ব্রূতে ॥ ১৭ ॥

এবং উক্তপ্রকারেণ কুটুম্বভরণে ব্যাপৃতাত্মা (ব্যাপৃতঃ আত্মা দেহাদি সঙ্ঘাতঃ যস্য সঃ) অজিতেন্দ্রিয়ঃ রুদতাং স্বানাং বন্ধূনাং উরুবেদনয়া মহত্যা পীড়য়া অস্তধীঃ (অস্তা নষ্টা ধীঃ যস্য সঃ) সন্ ম্রিয়তে ॥ ১৮ ॥

তদা মরণসময়ে, সরভসেক্ষণৌ (সরভসং সক্রোধং ঈক্ষণং যয়োঃ তৌ) ভীমৌ ভয়ঙ্করৌ, যমদূতৌ প্রাপ্তৌ (আত্মানং নেতুং আগতৌ) দৃষ্ট্বা সঃ ত্রস্তহৃদয়ঃ ত্রস্তং হৃদয়ং যস্য সঃ) শকৃন্মূত্রং চ বিমুঞ্চতি ॥ ১৯ ॥

শ্রীধরস্বামী।

পরিবীতঃ পরিবেষ্টিতঃ বাচ্যমানঃ বন্ধো তাত ইত্যাহূয়মানঃ ॥ ১৭ ॥

অস্তধী র্নষ্টমতিঃ ॥ ১৮ ॥

মৃতস্য পুণ্যপাপাভ্যাং দ্বে গতী তত্র পাপগতিমাহ যমদূতাবিত্যাদি যাবৎসমাপ্তি সরভসং সক্রোধমীক্ষণং যয়োস্তৌ দৃষ্ট্বা ॥ ১৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তারা অক্ষ্ণঃ কনীনিকা যস্য সঃ। ঘুর্ঘুর ইতি শব্দং করোতি ॥ ১৬ ॥ ১৭ ॥

অস্তধী র্নষ্টমতিঃ ॥ ১৮ ॥

মৃতস্য পাপাত্মনো গতিমাহ যমদূতাবিতি স ম্রিয়মাণঃ ॥ ১৯ ॥

তাহার উত্তরদানে সামর্থ্য থাকে না ॥ ১৭ ॥

এইরূপে সমস্ত জীবন কুটুম্বাদি পোষ্যবর্গের লালন পালনে অতিবাহিত করিয়া পরিণামে পীড়াদির নিদারুণ যাতনায় বিমোহিত ও মূর্চ্ছিত হইয়া, হাহাকারে রোরুদ্যমান পরিবারবর্গের সমক্ষেই জীবন ত্যাগ করে ॥ ১৮ ॥

মৃত্যুর কাল উপস্থিত হইলে, বৃদ্ধ যখন ক্রোধকুটিলনেত্র ভীষণবেশ যমদূতদ্বয়কে নিজের প্রাণয়নার্থ নিকটে সমুপস্থিত নিরীক্ষণ করে, তখন ভয়ে কম্পিতহৃদয় হইয়া মলমূত্র বিসর্জ্জন করিয়া ফেলে ॥ ১৯ ॥

যাতনাদেহ আবৃত্য পাশৈর্বদ্ধা গলে বলাৎ।
নয়তো দীর্ঘমধ্বানং দণ্ড্যং রাজভটা যথা ॥ ২০ ॥
তয়োর্নির্ভিন্নহৃদয় স্তর্জ্জনৈর্জাতবেপথুঃ।
পথি শ্বভি র্ভক্ষ্যমাণ আর্ত্তোঽঘং স্বমনুস্মরন্ ॥ ২১ ॥

অন্বয়।

যথা (লোকে দণ্ড্যং দণ্ডার্হং জনং রাজভটাঃ বধ্বা নয়তি তথা) তৌ যমদূতৌ যাতনা-দেহে যাতনাযোগ্যে দেহে মৃতং আবৃত্য নিরুদ্ধ্য, গলে পাশৈঃ বলাৎ দৃঢ়ং বদ্ধা দীর্ঘং অধ্বানং নয়তঃ গময়তঃ ॥ ২০ ॥

তয়োঃ দূতয়োঃ তর্জ্জনৈঃ দুর্ব্বচনৈঃ, নির্ভিন্নহৃদয়ঃ (নির্ভিন্নং হৃদয়ং যস্য সঃ) জাত-বেপথুঃ (জাতঃ বেপথুঃ কম্পো যস্য সঃ) পথি মার্গে শ্বভিঃ ভক্ষ্যমাণঃ দশ্যমানশরীরঃ, আর্ত্তঃ পীড়িতঃ স্বং স্বীয়ং অঘং পাপং অনুস্মরন্ (কষ্টেন চলতি ইতি পরেণান্বয়ঃ) ॥ ২১ ॥

শ্রীধরস্বামী।

আবৃত্য নিরুধ্য ॥ ২০ ॥

তয়োস্তর্জ্জনৈঃ নির্ভিন্নং হৃদয়ং যস্য। আর্ত্তঃ সন্ চলতীতি দ্বিতীয়েনৈবান্বয়ঃ ॥ ২১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্থূলদেহান্নিষ্কাশ্য যাতনাময়দেহে তং প্রবেশ্য আবৃত্য নিরুধ্য তৌ নয়তঃ প্রাপয়তঃ ॥ ২০ ॥

তয়োস্তর্জ্জনৈঃ স্বমঘং তস্যৈব পাপস্য ফলমিদমনুভবামীতি স্মরন্ ॥ ২১ ॥

দণ্ডনীয় ব্যক্তিকে রাজদূতগণ যেমন বন্ধন পূর্ব্বক লইয়া যায়, যমদূতদ্বয়ও সেইরূপ সেই মৃতব্যক্তিকে যাতনাযোগ্য আতিবাহিক দেহে আবরণ পূর্ব্বক গলদেশে দৃঢ়রূপে পাশ বন্ধন করিয়া যমপুরীর এই সুদীর্ঘ পথে লইয়া যাইতে থাকে ॥ ২০ ॥

যমদূতের তর্জ্জনাদি তিরস্কার বচনে তাদৃশ জীবের হৃদয় বিদীর্ণ হইতে থাকে এবং ভয়ে কম্পিত-কলেবরে যদিও ক্রমশ অগ্রসর হইতে থাকে বটে, কিন্তু তাহাতেও নিস্তার নাই; গমনকালে কুক্কুরাদি শ্বাপদ জন্তুগণ তাহার উপর আবার দংশন জনিত মর্ম্মপীড়া দিতে কিছুমাত্র ত্রুটি করে না; কুটুম্বী জীব তখন কেবল স্বীয় অপরাধ স্মরণ পূর্ব্বক অতি কষ্টে অগ্রসর হইতে থাকে ॥ ২১ ॥

ক্ষুধা ও পিপাসার জ্বালায় শরীর কাতর হইয়া পড়ে, অথচ প্রচণ্ড মার্ত্তণ্ড এবং দাবানলের উত্তাপে সুতপ্ত ও সুতীক্ষ্ণ সমীরণ সুতপ্ত বালুকাবিশিষ্ট পথে নিরন্তর প্রবাহিত হইয়া তাদৃশ পথিকের গমনে বিষম ব্যাঘাত জন্মাইলেও

ক্ষুত্তৃট্ পরীতোঽর্কদবানলানিলৈঃ সন্তপ্যমানঃ পথি তপ্তবালুকে।
কৃচ্ছ্রেণ পৃষ্ঠে কষয়াচ তাড়িতশ্চলত্যশক্তোঽপি নিরাশ্রমোদকে ॥ ২২ ॥
তত্র তত্র পতন্ শ্রান্তো মূর্চ্ছিতঃ পুনরুত্থিতঃ।
পথা পাপীয়সা নীতস্তমসা যমসাদনং ॥ ২৩ ॥
যোজনানাং সহস্রাণি নবতিং নব চাধ্বনঃ।
ত্রিভির্মুহূর্ত্তৈর্দ্বাভ্যাং বা নীতঃ প্রাপ্নোতি যাতনাঃ ॥ ২৪ ॥

অন্বয়ঃ।

ক্ষুত্তৃট্ পরীতঃ (ক্ষুত্তৃড়্ভ্যাং পরীতঃ ব্যাপ্তঃ) অর্কদবানলানিলৈঃ সন্তপ্যমানঃ কষয়া চ পৃষ্ঠে তাড়িতঃ, তপ্তবালুকে নিরাশ্রমোদকে পথি অশক্তঃ অপি কৃচ্ছ্রেণ চলতি ॥ ২২ ॥

তত্র তত্র পথি শ্রান্তঃ অতঃ মূর্চ্ছিতঃ পতন্ পুনরুত্থিতঃ তমসা অন্ধকারপ্রচুরেণ পাপীয়সা পাপিযোগ্যেন দুঃখবহুলেন, পথা মার্গেণ, যমসাদনং (যমস্য সাদনং স্থানং) প্রতি নীতঃ ॥ ২৩ ॥

অধ্বনঃ যোজনানাং সহস্রাণি নবতিং নব চ ত্রিভিঃ মুহূর্ত্তৈঃ দ্বাভ্যাং বা নীতঃ যাতনাঃ প্রাপ্নোতি ॥ ২৪ ॥

শ্রীধরস্বামী।

ক্ষুত্তৃড়্ভ্যাং পরিতো ব্যাপ্তঃ। তপ্তা বালুকা যস্মিন্। নির্গত আশ্রমো বিশ্রামস্থানং উদকঞ্চ যস্মিন্ ॥ ২২ ॥

যমসাদনং নীতো ভবতি ॥ ২৩ ॥

তত্রৈব বিশেষমাহ অধ্বনঃ সম্বন্ধিনাং যোজনানাং নবতিং নবচ সহস্রাণি পাপাধিক্যে দ্বাভ্যাং নীতঃ সন্ ॥ ২৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নিরাশ্রমোদকে বিশ্রামস্থলজলরহিতে পথি ॥ ২২ ॥ ২৩ ॥

অধ্বনঃ সম্বন্ধিনাং যোজনানাং নবতিং সহস্রাণি নবত্যধিকানি পাপাধিক্যে দ্বাভ্যামেব মুহূর্ত্তাভ্যাং নীতঃ সন্ ॥ ২৪ ॥

যমদূতগণের বিষম কষাঘাত প্রতিমুহূর্ত্তে প্রাপ্ত হইয়া, বিশ্রামের আশ্রমহীন ও পিপাসার জলশূন্য সেই ভীষণ পথে সামর্থ্যহীন হইলেও অতি কষ্টে অগ্রসর হইতে থাকে ॥ ২২ ॥

পথে নিতান্ত পরিশ্রম বশত সময়ে সময়ে মূর্চ্ছিত এবং সঙ্গাহীনের ন্যায় বারংবার পতিত সেই জীবকে পুনরুত্থিত হইয়া এই প্রকারে সেই পাপিযোগ্য ঘোর অন্ধকারাচ্ছন্ন ভীষণ পথ অবলম্বনে যমসদনে গমন করিতে হয় ॥ ২৩ ॥

তথাকার পথও অনন্ত; নিরন্তরই যোজন বিস্তৃত; অথচ তাহাকে দুই

আদীপনং স্বগাত্রাণাং বেষ্টয়িত্বোল্মুকাদিভিঃ।
আত্মমাংসাদনং ক্বাপি স্বকৃত্তং পরতোঽপি বা ॥ ২৫ ॥
জীবতশ্চান্ত্রাভ্যুদ্ধারং শ্বগৃধ্রৈর্যমসাদনে।
সর্পবৃশ্চিকদংশাদ্যৈর্দশদ্ভিশ্চাত্মবৈশসং ॥ ২৬ ॥

অন্বয়ঃ।

উল্মুকাদিভিঃ জ্বলৎকাষ্ঠাদিভিঃ বেষ্টয়িত্বা স্বগাত্রাণাং আদীপনং প্রজ্বালনং, ক্বাপি স্বকৃত্তং স্বেন কৃত্তং ছিন্নং পরতঃ অন্যেন, বাপি ছিন্নং আত্মমাংসাদনং (আত্মমাংসস্য অদনং ভক্ষণং) ॥ ২৫ ॥

যমসাদনে যমপুরে, শ্বগৃধ্রৈঃ জীবতঃ এব অন্ত্রাভ্যুদ্ধারং (অন্ত্রাণাং অভ্যুদ্ধারঃ বহির্নির্ক্কাশনং, দশদ্ভিঃ সর্পবৃশ্চিকদংশাদ্যৈঃ আত্মবৈশসং পীড়াং প্রাপ্নোতি ॥ ২৬ ॥

শ্রীধরস্বামী।

যাতনাঃ সংক্ষেপতো দর্শয়তি চতুর্ভিঃ। আদীপনং প্রজ্বলনং প্রাপ্নোতি। স্বেন কৃত্তং অন্যেন বা কৃত্তং ছিন্নং যৎ স্বস্য মাংসং তস্য ভক্ষণমিত্যর্থঃ ॥ ২৫ ॥

আত্মনো বৈশসং পীড়াং ॥ ২৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাতনা এবাহ। আদীপনং প্রজ্বলনমিত্যাদীনাং প্রাপ্নোতীত্যনেনান্বয়ঃ। স্বেন কৃত্তং ছিন্নং পরতঃ পরেণ বা ॥ ২৫ ॥

বৈশসং পীড়াং ॥ ২৬ ॥

মুহূর্ত্তের মধ্যে তাদৃশ পথ অতিক্রম করিতে হয়। যদি পাপের কিছু ন্যূনতা থাকে, তাহা হইলে আর এক মুহূর্ত্ত কাল অধিক সাবকাশ পাইয়া থাকে। এবং তথায় উপস্থিত হইয়াও পুনরায় বিষম যাতনার সাগরে তাদৃশ পাপী জীবকে নিপতিত হইতে হয় ॥ ২৭ ॥

যমালয়ের কোন স্থানে জ্বলন্ত কাষ্ঠে পরিবেষ্টিত করিয়া পাপীর কলেবরকে পরিদগ্ধ করিতেছে; কোথায়ও বা নিজের মাংস নিজে ছেদন করিয়া পাপীকে ভোজন করিতে হয়; কোথায়ও বা অন্যে ছেদন করিয়া খাইতে দেয় ॥২৫॥

কোথায়ও বা কুক্কুর ও গৃধ্রগণ উদর মধ্য হইতে অন্ত্রাদি আকর্ষণ পূর্ব্বক বাহিরে আনয়ন করিতেছে; কোথায়ও বা সহস্র সহস্র সর্প ও বৃশ্চিক একত্র দংশন করত তাদৃশ পাপদেহকে ক্লেশ দিতে থাকে; এবং উক্ত পাপী জীবিত দশার ন্যায়, সেই সমস্ত যাতনা সম্যক্ উপলব্ধি করিতে থাকে ॥ ২৬ ॥

কোথায়ও বা তাহার পর, অঙ্গ প্রত্যঙ্গাদি শস্ত্রাদির দ্বারা ছিন্ন বিচ্ছিন্ন

কৃন্তনঞ্চাবয়বশো গজাদিভ্যোঽভিদাপনং ।
পাতনং গিরিশৃঙ্গেভ্যো রোধনং চাম্বুগর্ত্তয়োঃ ॥
যাস্তামিস্রান্ধতামিস্র রৌরবাদ্যাশ্চ যাতনাঃ ।
ভুঙ্‌ক্তে নরো বা নারী বা মিথঃ সঙ্গেন নির্ম্মিতাঃ ॥ ২৭ ॥
অত্রৈব নরকঃ স্বর্গ ইতি মাতঃ প্রচক্ষ্যতে ।
যা যাতনা বৈ নারক্যস্তা ইহাপ্যুপলক্ষিতাঃ ॥ ২৮ ॥

অন্বয়ঃ ।

অবয়বশঃ অঙ্গানাং কৃন্তনং চ শস্ত্রৈঃ ছেদনং, গজাদিভ্যঃ ভিদাপনং অঙ্গাবয়বানাং ভেদপ্রাপণং গিরিশৃঙ্গেভ্যঃ পাতনং অম্বুগর্ত্তয়োঃ রোধনং ॥

যাঃ চ তামিস্রান্ধতামিস্ররৌরবাদ্যা যাতনাঃ মিথঃ পরস্পরং সঙ্গেন আসক্ত্যা নির্ম্মিতাঃ (পাপাচারেণ সম্পাদিতাঃ তাঃ) নরঃ বা নারী বা ভুঙ্‌ক্তে অনুভবতি ॥ ২৭ ॥

হে মাতঃ ! স্বর্গঃ নরকঃ চ অত্রৈব লোকে বর্ত্ততে ইতি প্রচক্ষতে বিবেকিনঃ বদন্তি ! যতঃ যাঃ নারক্যাঃ নরকসম্বন্ধিন্যঃ যাতনাঃ যথা তাঃ ইহলোকে অপি উপলক্ষিতাঃ প্রত্যক্ষাঃ এব ॥ ২৮ ॥

শ্রীধরস্বামী ।

ভিদাপনং ভেদপ্রাপনং ॥ ২৭ ॥

নচেদমসম্ভাবিতং অত্রাপি দৃশ্যমানত্বাৎ ইত্যাহ অত্রৈবেতি ॥ ২৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

ভিদায়া বিদারণস্য আপনং প্রাপণং ॥ ২৭ ॥

নচৈতদসম্ভাবিতমত্রাপি রাজদণ্ডে কাসাঞ্চিৎ প্রত্যবয়বকৃন্তনাদিযাতনানাং তথা স্রক্‌চন্দনবনিতাদিসুখভোগানাঞ্চ দৃশ্যমানত্বাদিত্যাহ অত্রৈবেতি ॥ ২৮ ॥

করিতেছে ; হস্তীর পদপেষণে নিপীড়িত করিতেছে ; পর্ব্বতের উচ্চ শৃঙ্গ হইতে ভূমিতে নিপাতিত করিতেছে ; কোথায়ও জলের মধ্যে বা গুহার অভ্যন্তরে পাপীকে আবদ্ধ করিয়া রাখিতেছে ॥

অপূর্ব্ব মানবদেহ লাভ করিয়া যাহারা কেবল দেহসঙ্গ-রসাস্বাদনে জীবন অতিবাহিত করিয়াছে, তাদৃশ নর বা নারী স্বীয় পাপাচরণে সংগৃহীত এই সমস্ত তামিস্র, অন্ধতামিস্র ও রৌরবাদি অনন্ত যাতনা যমপুরীতে ভোগ করিয়া থাকে ॥ ২৭ ॥

হে মাতঃ ! বিবেকিগণ স্বর্গ বা নরক এই জগতেও ভোগ হয়, এইরূপ প্রকাশ করিয়া থাকেন ! প্রকৃত প্রস্তাবে নরকসম্বন্ধীয় যে সকল যাতনার কথা আছে, তাহার বিশেষ পরিচয় এই জীবনেও যথেষ্ট উপলব্ধ হইয়া থাকে ॥২৮॥

এবং কুটুম্বং বিভ্রাণ উদরংভর এব বা।
বিসৃজ্যেহোভয়ং প্রেত্য ভুঙ্‌ক্তে তং ফলমীদৃশং ॥ ২৯ ॥
এবং প্রপদ্যতে ধ্বান্তং হিত্বেহ স্বং কলেবরং।
কুশলেতরপাথেয়ো ভূতদ্রোহেণ যদ্ভৃতং ॥ ৩০ ॥
দৈবেনাসাদিতং তস্য শমলং নিরয়ে পুমান্।

অন্বয়ঃ।

কুটুম্বং বিভ্রাণঃ কুটুম্বপোষণপরঃ, উদরংভরঃ স্বদেহপোষণমাত্রপরঃ এব বা উভয়ং কুটু স্বং দেহং চ ইহৈব বিসৃজ্য ত্যক্ত্বা প্রেত্য যমলোকং প্রাপ্য ঈদৃশং তৎফলং পাপফলং ভুঙ্‌ক্তে॥২৯॥

ভূতদ্রোহেণ প্রাণিপীড়য়া যৎভৃতং পুষ্টং, কলেবরং স্থূলশরীরং, স্বং কুটুম্বং ইহৈব হিত্বা কুশলেতরপাথেয়ঃ (কুশলাৎ ইতরৎ পাপং তদেব পাথেয়ং পথি সংসারমার্গে ভোগ্যং যস্য সঃ) একঃ স্বয়মেব ধ্বান্তং নরকং প্রপদ্যতে প্রাপ্নোতি ॥ ৩০ ॥

তস্য কুটুম্বপোষস্য, শমলং পাপং পাপফলং দৈবেন পরমেশ্বরেণ আসাদিতং প্রাপিতং

শ্রীধরস্বামী।

উভয়ং কুটুম্বং স্বদেহঞ্চ ॥ ২৯ ॥

পাপার্জ্জিতং ধনং ভুঞ্জতে বহবঃ কর্ত্তৈব তু নরকং যাতীত্যাহ এক ইতি। ভূতদ্রোহেণ যদ্ভৃতং তৎ স্থূলং কলেবরং স্বং ধনঞ্চ ইহৈব হিত্বা কুশলাদিতরৎ পাপং তদেব পাথেয়ং ভোগ্যং যস্য ॥ ৩০ ॥

নন্বু পাপমপি বিহায় গচ্ছেতু তত্রাহ দৈবেনেতি তস্য কুটুম্বপোষস্য শমলং পাপং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

উভয়ং কুটুম্বং উদরঞ্চ প্রেত্য মৃত্বা ॥ ২৯ ॥

কুশলেতরৎ পাপমেব পাথেয়ং মরণপথভোগ্যং যস্য সঃ। ভূতদ্রোহেণ যদ্ভৃতং পুষ্টীকৃতং তৎস্থূলং কলেবরং হিত্বা ॥ ৩০ ॥

যাহারা কেবল কুটুম্বপোষণ ও স্বদেহভরণে দুর্ল্লভ মানবজীবন অতিবাহিত করে, তাহারা উভয় কুটুম্ব ও দেহ পরিত্যাগ পূর্ব্বক মৃত্যুর পর যমালয়ে এই প্রকারই স্বকৃত পাপের ফল যাতনা ভোগ করিয়া থাকে ॥ ২৯ ॥

কেবল প্রাণিপীড়নে লব্ধ ধনাদির দ্বারা যে দেহ ও স্বজনবর্গের নিরন্তর ভরণ পোষণ করা হইয়াছে, এক্ষণে তাহাদের সমস্তকে পরিত্যাগ করত কেবল পাপ মাত্র সম্বলে একাকী এই ঘোরতর ভীষণ নরকদুঃখ উপভোগ করিয়া থাকে ॥ ৩০ ॥

মা! ঐ ব্যক্তি যেমন ইহলোকে শরীর ও ধনাদি পরিত্যাগ করিয়া যায়,

ভুঙ্‌ক্তে কুটুম্বপোষস্য হৃতচিত্ত ইবাতুরঃ ॥ ৩১ ॥
কেবলেন হ্যধর্ম্মেণ কুটুম্বভরণোৎসুকঃ।
যাতি জীবোঽন্ধতামিস্রং চরমং তমসঃ পদং ॥ ৩২ ॥
অধস্তান্নরলোকস্য যাবতী র্যাতনাস্তু তাঃ।

অন্বয়ঃ।

আতুরঃ ইব অবশঃ হৃতচিত্তঃ পুমান্ নিরয়ে নরকে ভুঙ্‌ক্তে ॥ ৩১ ॥

কেবলেন অধর্ম্মেণ হি কুটুম্বভরণোৎসুকঃ জীবঃ তমসঃ নরকস্য, চরমং পদং অন্ধতামিস্রং যাতি ॥ ৩২ ॥

নরলোকস্য মনুষ্যদেহপ্রাপ্তেঃ অধস্তাৎ যাবতী যাবত্যঃ যাতনাঃ তাঃ ক্রমশঃ ক্রমেণ

শ্রীধরস্বামী।

দৈবেনেশ্বরেণ প্রাপিতং ভুঙ্‌ক্তে ॥ ৩১ ॥

নন্বু কুটুম্বপোষণং বিহিতমেব তত্রাহ কেবলেনেতি তমসো নরকস্য চরমং পদং স্থানং ॥ ৩২ ॥

পুনর্মনুষ্যশরীরপ্রাপ্তিপ্রকারমাহ। নরলোকস্য মনুষ্যদেহপ্রাপ্তেরধস্তাৎ অর্ব্বাক্ যাবত্যো যাতনাঃ যাবৎ শব্দেন শ্বশূকরাদি যোনয়শ্চ তাঃ সর্ব্বাঃ ক্রমেণ সংপ্রাপ্য ভোগেন

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তস্য পাপকৃতস্য চ কুটুম্বপোষস্য শমলং মালিন্যং দৈবপ্রাপিতং। কুটুম্ববিরহিত এব ভুঙ্‌ক্তে হৃতচিত্ত ইব ॥ ৩১ ॥

তমসো নরকস্য পদং স্থানং ॥ ৩২ ॥

যাবত্যো যাতনাঃ। যাবৎ শব্দেন শ্বশূকরাদি যোনয়ো যা স্তাঃ ক্রমেণ প্রাপ্য ভোগেন

তাহার ন্যায় তাহার অন্যায় রূপে কুটুম্বপোষণের পাপ পরকালে উপস্থিত হয়, তাহাতে সে ব্যক্তিকে আতুরের ন্যায় জ্ঞান শূন্য হইয়াও নরকে তাহার ফল ভোগ করিতে হয় ॥ ৩১ ॥

জননি! কুটুম্বপোষণ বিহিত বটে, কিন্তু যে ব্যক্তি কেবল অধর্ম্ম পথের অনুসরণ দ্বারাই তাহাদের উপকারার্থ উৎসুক হয়, তাহাকে নরকের চরম পদ অন্ধতামিস্রে গমন করিতে হইবে, সন্দেহ নাই ॥ ৩২ ॥

সেই নরকভোগের পর পুনর্ব্বার মনুষ্যদেহ প্রাপ্ত হইবার পূর্ব্বে, কুক্কুর ও শূকরাদি যোনিতে যে সকল যাতনা হইতে পারে, তৎ সমুদায় ক্রমান্বয়ে যোনিবিশেষে ভোগ দ্বারা যখন ক্ষীণপাপ হয়, তখন শুচি হইয়া পুনর্ব্বার এ স্থানে আগমন পূর্ব্বক নরত্ব প্রাপ্ত হইবে ॥ ৩৩ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃত অনুবাদের ত্রিংশ অধ্যায় সমাপ্ত ॥

ক্রমশঃ সমনুক্রম্য পুনরত্রাব্রজেচ্ছুচিঃ ॥ ৩৩ ॥

* ॥ ইতি শ্রীভাগবতে মহাপুরাণে পারমহংস্যাং সংহিতায়াং বৈয়াসিক্যাং তৃতীয়স্কন্ধে কাপিলেয়ে কর্ম্মবিপাকস্ত্রিংশোঽধ্যায়ঃ ॥ * ॥ ৩০ ॥ * ॥

শ্রীভগবানুবাচ ॥

কর্ম্মণা দৈবনেত্রেণ জন্তু র্দেহোপপত্তয়ে।
স্ত্রিয়াঃ প্রবিষ্ট উদরং পুংসো রেতঃকণাশ্রয়ঃ ॥ ১ ॥

অন্বয়ঃ।

সমনুক্রম্য সম্প্রাপ্য (তত্র দুঃখভোগেন পাপক্ষয়াচ্ছুচিঃ সন্) পুনঃ অত্র (নরত্বং) আব্রজেৎ প্রাপ্নোতি ॥ ৩৩ ॥

ইতি তৃতীয়ে শ্রীখগেন্দ্রনাথ শাস্ত্রিকৃতান্বয়ে ত্রিংশোঽধ্যায়ঃ ॥

শ্রীভগবান্ উবাচ। জন্তুঃ জীবঃ দেহোপপত্তয়ে দেহলাভায়, দৈবনেত্রেণ (দৈবং ঈশ্বরঃ তদেব নেত্রং নেতৃ প্রবর্ত্তকং যস্য তেন) কর্ম্মণা (কঞ্চিৎ পুরুষং প্রবিশতি) পুংসঃ রেতঃকণাশ্রয়ঃ (রেতঃকণং আশ্রয়ঃ যস্য সঃ) এব স্ত্রিয়াঃ উদরং প্রবিষ্টঃ ভবতি ॥ ১ ॥

শ্রীধরস্বামী।

ক্ষীণপাপঃ শুচিঃ সন্ অত্র পুনর্নরত্বং প্রাপ্নোতীত্যর্থঃ ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি তৃতীয়ে ত্রিংশঃ ॥ * ॥

একত্রিংশে বিমিশ্রৈস্তু পুণ্যপাপৈরিহান্তরা।
মনুষ্যযোনিসংপ্রাপ্তি র্বর্ণ্যতে রাজসী গতিঃ ॥ * ॥

পুনরত্রাব্রজেদিত্যুক্তং তদেব বিশেষতো দর্শয়তি। কর্ম্মণা পূর্ব্বকৃতেন দৈবমীশ্বরং তদেব নেত্রং নেতৃ প্রবর্ত্তকং যস্য। প্রবিষ্টো ভবতি ॥ ১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ক্ষীণপাপঃ শুচিঃ সন্ পুনর্নরত্বং প্রাপ্নুয়াৎ ॥ ৩৩ ॥

॥ * ॥ ইতি সারার্থদর্শিন্যাং হর্ষিণ্যাং ভক্তচেতসাং।
ত্রিংশোঽধ্যায় স্তৃতীয়স্য সঙ্গতঃ সঙ্গতঃ সতাং ॥ * ॥

একত্রিংশে গর্ভজন্মবাল্যপৌগণ্ডযাতনাঃ।
ক্রবাণেনৈব জীবস্য ভক্তির্গর্ভেঽপি দর্শ্যতে ॥ * ॥

পুনরত্রাব্রজেদিত্যুক্তং তৎপ্রকারং দর্শয়তি কর্ম্মণা প্রাচীনেন দৈবমীশ্বর তদেব নেত্রং নেতৃ প্রবর্ত্তকং যস্য তেন। প্রবিষ্টো ভবতি ॥ ১ ॥

ভগবান্ কপিল বলিলেন, হে জননি! জন্তুগণ ঈশ্বরের ইচ্ছায় ফলোন্মুখী আভাস।

একত্রিংশদধ্যায়ে মিশ্রিত পাপপুণ্যের দ্বারা মনুষ্যযোনি প্রাপ্তিরূপ রাজসী গতি বর্ণিত হইয়াছে।

কলনংত্বেকরাত্রেণ পঞ্চরাত্রেণ বুদ্বুদং।
দশাহেন তু কর্কন্ধুঃ পেশ্যণ্ডং বা ততঃ পরং ॥ ২ ॥
মাসেন তু শিরো দ্বাভ্যাং বাহ্বঙ্ঘ্র্যাদ্যঙ্গবিগ্রহঃ।
নখলোমাস্থিচর্ম্মাণি লিঙ্গচ্ছিদ্রোদ্ভবস্ত্রিভিঃ ॥ ৩ ॥

অন্বয়ঃ।

(স্ত্রিয়াঃ উদরং প্রবিষ্টং জীবেনাশ্রিতং তৎ রেতঃ) তু একরাত্রেণ কলনং (শোণিত-মিশ্রং ভবতি) পঞ্চরাত্রেণ বুদ্বুদং বর্ত্তুলাকারং, দশাহেন কর্কন্ধুঃ (বদরীফলাকারং কিঞ্চিৎ কঠিনং ভবতি) ততঃ পরং পেশী মাংসপিণ্ডাকারং অণ্ডং বা (ইতি তির্য্যগাদিযোন্যন্তরা-পেক্ষয়া উক্তং) ॥ ২ ॥

ততঃ মাসেন শিরঃ (ভবতি) দ্বাভ্যাং মাসাভ্যাং বাহ্বঙ্ঘ্র্যাদ্যঙ্গবিগ্রহঃ (বাহ্বঙ্ঘ্র্যাদ্য-ঙ্গানাং বিগ্রহঃ বিভাগঃ ভবতি) ততঃ ত্রিভিঃ মাসৈঃ নখলোমাস্থিচর্ম্মাণি লিঙ্গচ্ছিদ্রোদ্ভবঃ চ ভবন্তি ॥ ৩ ॥

শ্রীধরস্বামী।

কলনং শুক্রশোণিতমিশ্রিতং ভবতি। বুদ্বুদং বর্ত্তুলং ভবতি। কর্কন্ধু র্বদরীফলং তদাকারং কঠিনং। পেশী মাংসপিণ্ডাকারং অণ্ডং বা যোন্যন্তরে ॥ ২ ॥

বাহ্বঙ্ঘ্র্যাদীনামঙ্গানাং বিগ্রহো বিভাগঃ লিঙ্গশ্চ ছিদ্রাণিচ তেষামুদ্ভবঃ ॥ ৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

কলনং শুক্রশোণিতমিশ্রিতং ভবতি। বুদ্বুদং বুদ্বুদাকারং। কর্কন্ধু র্বদরীফলাকারং কঠিনং পেশী মাংসপিণ্ডং জরায়ুঃ প্রকৃতিঃ। অণ্ডং পক্ষ্যাদিযোনিষু ॥ ২ ॥

দ্বাভ্যাং মাসাভ্যাং বিগ্রহো বিভাগঃ ॥ ৩ ॥

পূর্ব্বসঞ্চিত কর্ম্মের বশবর্ত্তী হইয়া দেহ-লাভার্থ পুরুষের বীর্য্যকে আশ্রয় করত নারীর উদরমধ্যে প্রবিষ্ট হয় ॥ ১ ॥

নারীর গর্ভে প্রবিষ্ট উক্ত কণামাত্র পুরুষরেতঃ এক রাত্রির মধ্যে কলন অর্থাৎ শোণিতমিশ্রভাবে পরিণত হয়; এবং পঞ্চ রাত্রির মধ্যে বুদ্বুদরূপ ধারণে বর্ত্তুলাকারে পরিণত হয়; এবং দশদিনে কিঞ্চিৎ কঠিনভাবে বদরী ফলাকারে পরিণত হয়। এই অবস্থাকে শাস্ত্রে কর্কন্ধু নামে ব্যাখ্যা করিয়া থাকেন। অনন্তর জরায়ুজগণ মাংসপেশীর ভাবে এবং অণ্ডজগণ অণ্ডাকার ভাবে পরিণত হয় ॥ ২ ॥

পরে এক মাসে মস্তক প্রস্তুত হয়; দুই মাসে বাহু ও পদাদি অঙ্গের বিভাগ সুস্পষ্ট হইতে থাকে। পরে তিন মাসে নখ, লোম, অস্থি, লিঙ্গ ও ইন্দ্রিয়ের ছিদ্রসমূহ উদ্ভাসিত হইয়া থাকে ॥ ৩ ॥

চতুর্ভির্ধাতবঃ সপ্ত পঞ্চভিঃ ক্ষুত্তৃড়ুদ্ভবঃ।
ষড়্ভির্জরায়ুণা বীতঃ কুক্ষৌ ভ্রাম্যতি দক্ষিণে ॥ ৪ ॥
মাতৃর্জগ্ধান্নপানাদ্যৈরেধদ্ধাতুরসম্মতে।
শেতে বিন্মূত্রয়োর্গর্ত্তে স জন্তুর্জন্তুসম্ভবে ॥ ৫ ॥
কৃমিভিঃ ক্ষতসর্ব্বাঙ্গঃ সৌকুমার্য্যাৎ প্রতিক্ষণং।

অন্বয়ঃ।

চতুর্ভিঃ মাসৈঃ (মাংসাদয়ঃ) সপ্ত ধাতবঃ (ভবন্তি); পঞ্চভিঃ মাসৈঃ ক্ষুত্তৃড়ুদ্ভবঃ; ষড়্ভি মাসৈঃ জরায়ুণা গর্ভচর্ম্মণা বীতঃ বেষ্টিতঃ কুক্ষৌ দক্ষিণে পার্শ্বে ভ্রাম্যতি ॥ ৪ ॥

মাতুঃ জগ্ধান্নপানাদ্যৈঃ এধদ্ধাতুঃ (এধন্তঃ বর্দ্ধমানাঃ ধাতবঃ যস্য সঃ) সঃ জন্তুঃ জন্তু-সম্ভবে (জন্তূনাং কীটদীনাং সম্ভবঃ যস্মিন্ তস্মিন্) বিন্মূত্রয়োর্গর্ত্তে অতঃ অসম্মতে অযোগ্যে, স্ত্রীণাং উদররূপে স্থানে শেতে তিষ্ঠতি ॥ ৫ ॥

তত্রত্যৈঃ ক্ষুধিতৈঃ কৃমিভিঃ মুহুঃ পুনঃ পুনঃ ক্ষতসর্ব্বাঙ্গঃ (ক্ষতানি সর্ব্বাঙ্গানি যস্য সঃ) অতএব সৌকুমার্য্যাৎ কোমলত্বাৎ উরুক্লেশঃ (উরুঃ অধিকঃ ক্লেশঃ যস্য সঃ) প্রতিক্ষণং

শ্রীধরস্বামী।

জরায়ুণা গর্ভবেষ্টনেন বীতঃ প্রাবৃতঃ ॥ ৪ ॥

মাতৃর্জগ্ধেন ভক্ষিতান্নেন পানাদ্যৈশ্চ এধমানা ধাতবো যস্য। জন্তূনাং সম্ভবো যস্মিন্ তস্মিন্ অসম্মতে গর্ত্তে শেতে। তথাচ মার্কণ্ডেয়পুরাণং। নাড়ী চাপ্যায়নী নাম নাভ্যাং তস্যা নিবধ্যতে। স্ত্রীণাং তথাত্বশুচিরে স্থানিবন্ধোপজায়তে। ক্রমন্তে ভুক্তপীতানি স্ত্রীণাং গর্ত্তোদরে তথা। তৈরাপ্যায়িতদেহোঽয়ং জন্তুর্বৃদ্ধিমুপৈতি বৈ ইতি ॥ ৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জরায়ুণা গর্ভবেষ্টনেন। বীতঃ প্রাবৃতঃ। দক্ষিণে কুক্ষাবিতি পুরুষমধিকৃত্যোক্তং পুংগর্ভোদক্ষিণে স্ত্রীগর্ভো বাম ইতি প্রসিদ্ধেঃ ॥ ৪ ॥

এধদ্ধাতুরিতি নাড়ীচাপ্যায়নী নাম নাভ্যাং তস্য নিবধ্যতে। স্ত্রীণাং তথাত্বশুচিরে স্থানিবন্ধোপজায়তে। ক্রমন্তে ভুক্তপীতানি স্ত্রীণাং গর্ত্তোদরে তথা। তৈরাপ্যায়িত

চারি মাসে মাংসাদি সপ্ত ধাতু, পঞ্চম মাসে ক্ষুধা পিপাসা এবং ষষ্ঠ মাসে উল্বণ নামক গর্ভবেষ্টিত চর্ম্মে পরিবৃত হইয়া, পুরুষরূপী জীব মাতার দক্ষিণ কুক্ষিতে, নারীদেহধারী বাম কুক্ষিতে অগ্রসর হইয়া অবস্থান করে ॥ ৪ ॥

এইরূপে জীবমাত্রই মাতৃগর্ভে জন্ম ধারণ করত মাতৃভুক্ত অন্ন পানাদির দ্বারা পুষ্ট-কলেবর হয়; এবং স্বয়ং জীবস্বরূপ নিতান্ত পবিত্র ও বিশুদ্ধ হইলেও তাদৃশ বিষ্ঠা ও মূত্রপূর্ণ কুৎসিত নারী জঠরে শয়ান করিয়া থাকে ॥ ৫ ॥

কোমলাঙ্গ জীব মাতৃগর্ভজাত ক্ষুধার্ত্ত কৃমিসঙ্কুলের নিরন্তর দংশনে এতই

মূর্চ্ছামাপ্নোত্যুরুক্লেশস্তত্রৈতৈঃ ক্ষুধিতৈর্মুহুঃ॥ ৬॥
কটুতিক্ষোষ্ণলবণক্ষারাম্লাদিভিরুল্বণৈঃ।
মাতৃভুক্তৈরুপস্পৃষ্টঃ সর্ব্বাঙ্গোত্থিতবেদনঃ॥ ৭॥
উল্বেন সম্বৃত স্তস্মিন্নন্ত্রৈশ্চ বহিরাবৃতঃ।
আস্তে কৃত্বা শিরঃ কুক্ষৌ ভুগ্নপৃষ্ঠশিরোধরঃ॥
অকল্যঃ স্বাঙ্গচেষ্টায়াং শকুন্ত ইব পঞ্জরে॥ ৮॥

অন্বয়ঃ।

মূর্চ্ছাং আপ্নোতি॥ ৬॥

উল্বৈঃ দুঃখদৈঃ মাতৃভুক্তৈঃ কটুতিক্তোষ্ণলবণ-ক্ষারাম্লাদিভিঃ অন্নৈঃ উপস্পৃষ্টঃ অতএব সর্ব্বাঙ্গোত্থিতবেদনঃ (সর্ব্বেষু অঙ্গেষু উত্থিতা বেদনা যস্য সঃ)॥ ৭॥

উল্বেন জরায়ুণা, সংবৃতঃ সংবেষ্টিতঃ বহিঃ অন্ত্রৈঃ চ আবৃতঃ সন্ ভুগ্নপৃষ্ঠশিরোধরঃ (ভুগ্নং কুণ্ডলীভূতং পৃষ্ঠং শিরোধরা গ্রীবা চ যস্য সঃ) অস্মিন্ মাতুঃ কুক্ষৌ শিরঃ কৃত্বা পঞ্জরে শকুন্তঃ পক্ষীব স্বাঙ্গচেষ্টায়াং অকল্যঃ অসমর্থঃ, এব আস্তে॥ ৮॥

শ্রীধরস্বামী।

তত্রৈতৈঃ কৃমিভিস্তু খাদদ্ভিঃ সৌকুমার্য্যাৎ কোমলত্বেন ক্ষতানি সর্ব্বাঙ্গানি যস্য॥ ৬॥

উল্বনৈ র্দুঃসহৈঃ সর্ব্বেষ্বঙ্গেষু উত্থিতা বেদনা যস্য। আস্তে ইত্যুত্তরেণান্বয়ঃ॥ ৭॥

উল্বেন জরায়ুণা ভুগ্নং কুটিলীভূতং পৃষ্ঠং শিরোধরা গ্রীবা চ যস্য॥ ৮॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দেহেঽসৌ জন্তুর্বৃদ্ধিমুপৈতি চ ইতি মার্কণ্ডেয়পুরাণাৎ॥ ৫॥ ৬। ৭॥

উল্বনৈঃ দুঃসহৈঃ। উল্বেন জরায়ুণা। কুটিলীভূতপৃষ্ঠগ্রীব আস্তে শকুন্তঃ পক্ষী॥ ৮॥

ক্ষতসর্ব্বাঙ্গ হয় যে, ক্লেশে জর্জ্জরিত ও প্রতিক্ষণে মূর্চ্ছাপন্ন হইয়া পড়ে॥ ৬॥

এতদ্ব্যতীত মাতৃভুক্ত কটু ও অম্লাদি বিবিধ তীক্ষ্ণরসবিশিষ্ট অন্নের সংস্রবে গর্ভচর্ম্মস্থ বালকের পক্ষে নিতান্ত তীক্ষ্ণস্পর্শও দুঃখপ্রদ হইয়া উঠে; বালকের কলেবর তাহার সংস্রবে সর্ব্বদাই বেদনাবিশিষ্ট থাকে॥ ৭॥

প্রথম জরায়ুর দ্বারা পরিবৃত, তদুপরি নাড়ীসমূহের পরিবেষ্টনে আবৃত হইয়া মস্তক, গ্রীবা ও বক্ষস্থল বক্র করত কুণ্ডলাকারে মাতার কুক্ষি মধ্যে ঊর্দ্ধচরণ ও নিম্নমস্তকে অবস্থান করে; স্বীয়-অঙ্গাদির পরিচালনে কোন যোগ্যতা থাকে না; পিঞ্জরাবদ্ধ পক্ষীর ন্যায়, নিতান্ত অস্বতন্ত্রের ন্যায়, বাস করিতে থাকে॥ ৮॥

পরে পূর্ব্বসঞ্চিত কর্ম্মফলে তাহার স্মৃতির উদয় হয়; এবং বহু জন্মের কর্ম্ম স্মরণ করত, বহুকাল অবশভাবে দীর্ঘনিঃশ্বাস পরিত্যাগ ব্যতীত কিছুমাত্র

তত্র লব্ধস্মৃতির্দৈবাৎ কর্ম্মজন্মশতোদ্ভবং।
স্মরন্ দীর্ঘমনুচ্ছ্বাসং শর্ম্ম কিন্নাম বিন্দতে ॥ ৯ ॥
আরভ্য সপ্তমান্মাসাল্লব্ধবোধোঽপি বেপিতঃ।
নৈকত্রাস্তে সূতিবাতৈ র্বিষ্ঠাভূরিব সোদরঃ ॥ ১০ ॥

অন্বয়।

তত্র গর্ভে দৈবাৎ পূর্ব্বকর্ম্মবশাৎ লব্ধস্মৃতিঃ (লব্ধা স্মৃতি র্যেন সঃ) অতঃ জন্মশতোদ্ভবং বহুজন্মসঞ্চিতং কর্ম্ম স্মরন্ দীর্ঘং বহুকালং অনুচ্ছ্বাসং যথা ভবতি তথা স্থিতঃ সন্ কিং নাম শর্ম্ম সুখং, বিন্দতে ॥ ৯ ॥

সপ্তমাৎ মাসাৎ আরভ্য লব্ধবোধঃ অপি সংজাতসুখদুঃখাদিজ্ঞানঃ অপি সূতিবাতৈঃ সূতিহেতুভূতৈঃ বাতৈঃ বেপিতঃ ইতস্ততঃ চালিতঃ সন্ সোদরঃ বিষ্ঠাভূঃ কৃমিঃ ইব ন একত্র আস্তে ॥ ১০ ॥

শ্রীধরস্বামী।

দৈবাৎ পূর্ব্বকর্ম্মবশাৎ লব্ধা স্মৃতির্যেন সঃ। দীর্ঘং দুরন্তং অনুচ্ছ্বাসং যথা ভবতি তথা তত্র স্থিতঃ সন্ ॥ ৯ ॥

সূতিহেতুভি র্বাতৈ র্বেপিতঃ। সোদরঃ সমানোদরজন্মা। বিষ্ঠাভূঃ কৃমিরিব ॥ ১০ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দৈবাৎ পূর্ব্বকর্ম্মবশাৎ দীর্ঘং চিরকালং ব্যাপ্য অনুচ্ছ্বাসং যথা ভবত্যেবং স্মরন্ ॥ ৯ ॥

সূতিহেতুভির্বাতৈর্বেপিত শ্চালিতঃ সন্ সোদরঃ সমানোদরজন্মা বিষ্ঠাভূঃ কৃমিরিব ॥ ১০ ॥

সুখ সচ্ছন্দ অনুভব করিতে সমর্থ হয় না ॥ ৯ ॥

সপ্তম মাস হইতে আরম্ভ করিয়া গর্ভজনিত সুখদুঃখাদির অনুভব জন্মিলেও তাহার প্রতিকারে সামর্থ্য জন্মে না; কেবল প্রসববায়ুর সঞ্চালনে ইতস্ততঃ আন্দোলিত হইয়া উদরস্থ বিষ্ঠাসম্ভূত কৃমিকুলের ন্যায় কখনই এক স্থানে নিযুক্ত অবস্থান করিতে পারে না; সততই ইতস্ততঃ পরিচালিত হইয়া থাকে ॥ ১০ ॥

আভাস।

ভগবান্ কপিলদেব জীবের গর্ভবাসকালীন বিশেষ বিশেষ অবস্থার বর্ণন করিয়া এস্থলে যে, তাহার জ্ঞানালোচনা ও ভগবৎস্তুতির কথা উল্লেখ করিয়াছেন, তাহা কোন একটী বিশেষ জীব সম্বন্ধে; সাধারণ সকল জীবের গর্ভবাসকালে ওরূপ জ্ঞানোদয় বা ভগবদ্ভক্তির যে সম্ভাবনা নাই, তাহা অবশ্যই অবধারণীয়। কারণ তাদৃশ জ্ঞান বা ভগবদ্ভক্তির ভাব একবারের জন্যও তাহার হৃদয়ে উদিত হইলে, পুনঃ সংসারের সম্ভাবনা কোন মতে থাকে না। সামান্যত ভক্তির আভাসে মাত্র অজামিল সর্ব্ববিধ পাপ হইতে বিনির্মুক্ত

নাধমান ঋষিভীতঃ সপ্তবধ্রিঃ কৃতাঞ্জলিঃ।

অন্বয়ঃ।

তদা সপ্তবধ্রিঃ (সপ্ত বধ্রয়ঃ বন্ধনভূতাঃ ধাতবঃ যস্য সঃ) নাধমানঃ উপতপ্যমানঃ (গর্ভবাসাদিলক্ষণসংসারদুঃখাৎ) ভীতঃ চ ঋষিঃ (আত্মপরমাত্মগুণস্বরূপজ্ঞঃ জীবঃ) কৃতাঞ্জলিঃ

শ্রীধরস্বামী।

নাধমানো যাচমানঃ উপতপ্যমান ইতি বা ঋষিঃ দেহাত্মদর্শী ভীতঃ পুনর্গর্ভবাসাৎ।

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নাধমানঃ ভগবৎকৃপা ময়ি ভূয়াদিতি স্বস্মিন্নাশিষং কুর্ব্বন্ ঋষিরাত্মদর্শী ভীতঃ সংসারাৎ সপ্তবধ্রয়ো বন্ধনভূতা ধাতবো যস্য সঃ। বিরূবয়া বিহ্বলয়া তং স্তবীতেতি গর্ভে বিধ্যাদেঃ সংভবাভাবাৎ হেতুহেতুমতোর্লিঙিতি ফলে লিঙ্। ততশ্চ যো ভগবন্তং ভজেতেতি হেতুহত্র গম্যঃ। তেনচ যো ভগবন্তং ভজেত স তং গর্ভেঽপি স্তবীতেত্যন্যো জীবস্ত ন স্তবীতেত্যর্থো লভ্যতে তস্যৈব স্তবানস্য জীবস্যাগ্রে সংসারো বর্ণয়িষ্যতে বর্ণিতশ্চ নতু ভগবন্তং স্তবানস্যাপি। অকামাদপি যে বিষ্ণোঃ সকৃৎ পূজাং প্রকুর্ব্বতে। ন তেষাং ভববন্ধস্তু কদাচিদপি জায়তে ইতি। সকৃদেব প্রপন্নো য তবাস্মীতি চ যাচতে। অভয়ং সর্ব্বদা তস্মৈ দদাম্যেতদ্ব্রতং মমেত্যাদি পরং সহস্রবচনবিরোধাৎ। অতএব শেতে বিমূত্রয়োর্গর্ত্ত ইতি মূর্চ্ছামাপ্নোত্যুরুক্লেশ ইতি আস্তে কৃত্বা শির ইত্যাদিবদ্দশমাস্যো-

---

তৎকালে বিষয়-বিলাসের অভাবে তত্রত্য জীব আত্ম-পরমাত্ম-স্বরূপের গুণ অবগত থাকে; কিন্তু ত্বগাদি সপ্ত আবরণের বন্ধনে নিপীড়িত ও ভীত আভাস।

হইয়া পরম গতি লাভ করিয়াছিলেন। লঘুভাগবতে উক্ত আছে, "বর্ত্তমানঞ্চ যৎপাপং যদ্ভূতং যদ্ভবিষ্যতি। তৎ সর্ব্বং নির্দ্দহত্যাশু গোবিন্দনামকীর্ত্তনাৎ"॥ শ্রীগোবিন্দের নাম উচ্চারণ করিলে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান যাবতীয় পাপই বিনষ্ট হইয়া যায়। ব্রহ্মবৈবর্ত্তে উক্ত আছে; "স সমারাধিতো দেবৈর্মুক্তিকৃৎ স্যাৎ যথা তথা। অনিচ্ছয়াপি হুতভুক্ স্পৃষ্টো দহতি দ্বিজ"॥ জ্ঞানত বা অজ্ঞানত বহ্নিতে হস্ত প্রদান করিলে, বহ্নি যেমন দাহনে বিলম্ব করে না, সেইরূপ পরম পুরুষ জানিয়াই হউক, বা না জানিয়াই হউক, জীব যদি ভগবানকে আরাধনা করে, তাহা হইলে তিনি নিজগুণে জীবকে উদ্ধার করেন, সন্দেহ নাই। স্কান্দে উমামহেশ্বরসংবাদে প্রকাশ আছে, "দীক্ষামাত্রেণ কৃষ্ণস্য নরা মোক্ষং লভন্তি বৈ। কিং পুন র্যে সদা ভক্ত্যা পূজয়ন্ত্যচ্যুতং নরাঃ"॥ শ্রীকৃষ্ণনামে দীক্ষিত হইবা মাত্র, মানব যখন মোক্ষলাভ করিয়া থাকে, তখন নিতান্ত ভক্তিসহকারে ভগবানকে ভজনা করিলে যে নিরাময় হইবে, সে বিষয়ে আর সন্দেহ কি? বৃহন্নারদীয় পুরাণে প্রকাশ আছে যে, "অকামাদপি যে বিষ্ণুং সকৃৎ পূজাং প্রকুর্ব্বতে। ন তেষাং ভববন্ধস্তু কদাচিদপি জায়তে"॥ ইচ্ছা না থাকিলেও, যে ব্যক্তি কোন কারণে

স্তুবীত তংবিক্লবয়া বাচা যেনোদরেঽর্পিতঃ ॥ ১১ ॥

অন্বয়ঃ।

সন্ যেন উদরে অর্পিতঃ প্রবেশিতঃ তং ভগবন্তং বিক্লবয়া ব্যাকুলয়া, বাচা স্তুবীত স্তৌতি ॥ ১১ ॥

শ্রীধরস্বামী।

সপ্তধাতবো বন্ধনভূতা ধাতবো যস্য সঃ। বিক্লবয়া আকুলয়া ॥ ১১ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

জীবো হরিং স্তৌতীতি বর্ত্তমানপ্রয়োগো ন কৃতঃ। কিন্তু জীব উবাচেতি ভূতকালপ্রয়োগ এব। তেন চ পূর্ব্বকালভবঃ কশ্চিদ্ভক্তো জীব এবং গর্ভে হরিং স্তবান আসীন্নতু সর্ব্ব ইত্যর্থো জ্ঞাপিতঃ। অতএব নৈরুক্তা অপি পঠন্তি। নবমে সর্ব্বাঙ্গসংপূর্ণো ভবতীতি পঠিত্বা মৃতশ্চাহং পুনর্জাতো জাতশ্চাহং পুনর্মৃত ইত্যাদ্যনন্তরং। অবাঙ্মুখঃ পীড্যমানো জন্তুশ্চৈবং সমন্বিতঃ। সাঙ্খ্যং যোগং সমভ্যসেৎ পুরুষং পঞ্চবিংশকং। ততশ্চ দশমে মাবি প্রজায়ন্ত ইত্যাদি গর্ভোপনিষদ্বাক্যং অত্র বাশব্দ বলাৎ কশ্চিৎ কর্ম্মী জীবো মৃতশ্চাহং পুনর্জাত ইত্যাদি পূর্ব্ব পূর্ব্ব জন্মমাত্রং স্মরতি কশ্চিজ্জ্ঞানী সাংখ্যং কশ্চিদ্যোগী যোগং কশ্চিদ্ভক্তশ্চতুর্বিংশ প্রাধানাৎ পরং পঞ্চবিংশং পুরুষং পরমেশ্বরং অভ্যসেৎ ভজেদিতি পূর্ব্বাভ্যস্তমেব গর্ভে স্ফুরেদিতি যুক্তেঃ ॥ ১১ ॥

হইয়া গর্ভবাসাদি রূপ সংসারদুঃখ হইতে নিষ্কৃতিলাভের জন্য কৃতাঞ্জলি-পুটে ও কাতর-বচনে সেই ভগবানের স্তব করিতে থাকে, যাঁহার দুর্লঙ্ঘ্য সংসার-নিয়মে তাহাকে উদরে প্রবিষ্ট হইতে হইয়াছে ॥ ১১ ॥

আভাস।

যদি একবারও বিষ্ণুর আরাধনা করে, তাহার আর কখন ভববন্ধনের যন্ত্রনা ভোগ করিতে হয় না। পাদ্মে উক্ত আছে, "সম্পর্কাদ্ যদি বা মোহাদ্ যস্তু পূজয়তে হরিং। সর্ব্বপাপ-বিনির্ম্মুক্তঃ প্রয়াতি পরমং পদং" ॥ সংসর্গ বা মোহবশতও যদি কেহ শ্রীহরির পূজা করেন, তিনিও পরম পদ লাভ করেন, সন্দেহ নাই ॥ রামায়ণে শ্রীরামচন্দ্রের বাক্যে উক্ত আছে, "সকৃদেব প্রপন্নো য তবাস্মীতি চ যাচতে। অভয়ং সর্ব্বদা তস্মৈ দদাম্যেতদ্ব্রতং মম" ॥ যে ব্যক্তি শরণাগত হইয়া কেবল একবার মাত্র আমাকে বলে যে, "হে ভগবন্! আপনি ব্যতীত আমার আর কেহ নাই! আমাকে স্থান দিতে হইবে", সদা সর্ব্বক্ষণ তাহাকে অভয় প্রদান করাই আমার নিত্য ব্রত। অতএব গর্ভস্থ জীবের ভগবৎস্তুতি ও সংসার-প্রবাহ এই উভয় ব্যাপারই যখন শাস্ত্রে কীর্ত্তিত দেখা যায়, তখন নিতান্ত পরস্পরে বিরুদ্ধ বোধে এক অধিকারীতে উভয় ভাবের সামঞ্জস্য কখনই সঙ্গত নহে। গর্ভে অবস্থানকালে সকল জীবের ওরূপ জ্ঞান হওয়া কখনই সম্ভব নহে; এবং জ্ঞান ও ভক্তি থাকিলে, পুনরায় তাহার সংসারবন্ধনেরও কখন সম্ভাবনা ঘটে না। এইজন্য এখানে "জীবঃ উবাচ" বলিয়া অতীতকালের প্রয়োগ করিয়াছেন। অর্থাৎ কোন একটী

জীব উবাচ ॥

তস্যোপসন্নমবিতুং জগদিচ্ছয়াত্ত নানাতনোর্ভুবি চলচ্চরণারবিন্দং।

অন্বয়ঃ।

জীবঃ উবাচ। উপসন্নং শরণাগতং যেনৈব নির্ম্মিতং যৎ জগৎ তৎ অবিতুং রক্ষিতুং, স্বেচ্ছয়া আত্তনানাতনোঃ (আত্তা গৃহীতা নানা তনুঃ যেন তস্য) যেন ত্বয়া মে মম অসতঃ দুষ্টস্য, অনুরূপা যোগ্যা, ঈদৃশী গর্ভবাসাদিরূপা গতিঃ ফলং অদর্শি প্রদর্শিতা, তস্য ভগবতঃ,

শ্রীধরস্বামী।

উপসন্নং জগদ্রক্ষিতুং স্বেচ্ছয়া গৃহীতনানামূর্ত্তের্ভগবত শ্চরণারবিন্দং অকুতোভয়ং সোঽহং শরণং ব্রজামি। ভুবি চলদিতি শ্রীকৃষ্ণাবতারাভিপ্রায়েণ অসতো মেঽনুরূপা

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভুবি চলদিতি শ্রীকৃষ্ণাবতারাভিপ্রায়েণেতি স্বামিচরণাঃ অত্র লিঙ্গং গৃহীতনানাতনোরিতি তস্যৈব সর্ব্বাবতারিত্বাৎ। কপিলোক্তিশ্চেয়ং পূর্ব্বকল্পগত-তদবতারাপেক্ষয়েতি সন্দর্ভঃ। ঈদৃশী গর্ভদুঃখোদধিনিবাসলক্ষণা গতিঃ অসাধো র্মম সমুচিতৈব অদর্শি

জীব বলিয়া থাকে, হে ভগবন্! আমার মতি যেমন দুষ্টা, আপনার প্রভাবে গর্ভবাসাদি-লক্ষণা তাহার অনুরূপা গতিই লাভ হইয়াছে বটে; কিন্তু হে দীনবন্ধো! আপনার নির্ম্মিত জগৎ আপনার শরণাগত হইলে, তাহার সংরক্ষণার্থ প্রয়োজনানুসারে বিবিধ বিগ্রহ পরিগ্রহে যে চরণের

আভাস

জীব; যেমন গর্ভে শয়ান বামদেব ইতি শ্রুতি অনুসারে, ওরূপ জ্ঞান ও ভক্তির কথা বলিয়াছিলেন; সকলে নহে। যদি সকল জীবের পক্ষে ওরূপ বলা সম্ভব হইত, তাহা হইলে অতীতার্থে ক্রিয়াপদের প্রয়োগ না করিয়া বর্ত্তমান অর্থে প্রয়োগ করিতেন। তবে নবম মাস্ পর্য্যন্ত অঙ্গ প্রত্যঙ্গ প্রস্তুত হয় এবং দশম মাসে জ্ঞানের উদয় হয়, এই কথা যখন বর্ণিত আছে, তখন কোন বিষয়ের যে জ্ঞান জন্মায়, তাহা অবশ্যই স্বীকার্য্য। এক্ষণে সে বিষয়টী কি; ইহার তত্ত্ব অনুসন্ধান করিলে, বোধ হয় যে, জীব যে প্রারব্ধের বশবর্ত্তী হইয়া জন্মগ্রহণ করে, অবশ্য তাহারই সংস্কার তখন তাহার চিত্ত মধ্যে উদিত হইয়া থাকে। পূর্ব্বজন্মে যে কর্ম্মের বিশেষ আলোচনা করিতে করিতে মৃত্যুমুখে পতিত হইয়া থাকে, গর্ভে সেই কর্ম্মের বিষয় এবং যে ভক্তির আলোচনা-কালে প্রাণত্যাগ করিয়া পুনর্জ্জন্ম গ্রহণ করে, সে ভক্তির বিষয় তৎকালে আলোচনা করিতে করিতে জন্ম ধারণ করে; এইরূপ পূর্ব্বাভ্যস্ত বিষয়ের আলোচনাই তৎকালে স্বীকার্য্য, সন্দেহ নাই ॥ ১১ ॥

পূর্ব্বজন্মার্জ্জিত সুকৃতির ফলে জ্ঞান ও ভক্তিবিশিষ্ট জীব যেরূপ গর্ভবাস কালে অতিষ্ঠ দুঃখে প্রপীড়িত হইয়া ভগবানের নিকট মর্ম্মবেদন নিবেদন করে, তাহা

সোঽহং ব্রজামি শরণং হ্যকুতোভয়ং মে যেনেদৃশী গতিরদর্শ্যসতে কৃপা।১২
যস্ত্বত্র বদ্ধ ইব কর্ম্মভিরাবৃতাত্মা ভূতেন্দ্রিয়াশয়ময়ীমবলম্ব্য মায়াং।

অন্বয়।

তুবি চরণং হি অকুতোভয়ং (ন কুতশ্চিৎ ভয়ং যস্মাৎ তৎ) চরণারবিন্দং সঃ সংসারতাপ-সন্তপ্তঃ, অহং শরণং ব্রজামি ॥ ১২ ॥

যঃ তু অত্র মাতুঃ দেহে, ভূতেন্দ্রিয়াশয়ময়ীং (দেহেন্দ্রিয়ান্তঃকরণাকারেণ পরিণতাং) মায়াং প্রকৃতিং অবলম্ব্য, (আত্মত্বেন স্বীকৃত্য, তস্যাঃ) কর্ম্মভিঃ পুণ্যপাপৈঃ আবৃতাত্মা (আবৃতঃ

শ্রীধরস্বামী।

যোগ্যা যেন ঈদৃশী গর্ভবাসলক্ষণা গতির্দর্শিতা তস্য ॥ ১২ ॥

ননু ক্বাসৌ যৎ শরণং ব্রজসি কোবা তব তস্য চ বিশেষঃ। যেন সেবাসেবকত্বমিত্যপেক্ষায়ামাহ অত্র মাতুর্দেহে ভূতেন্দ্রিয়াশয়ময়ীং দেহাকারপরিণতাং মায়ামবলম্ব্য আশ্রিত্য

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

দর্শিতা। যদ্বা অদর্শি কৃপাদৃষ্টিবিষয়ীকৃতা অন্যথা ইয়ং তদীয়স্ফূর্ত্তি র্মমাতিপাপিষ্ঠস্য ন সম্ভবেদিতি ভাবঃ ॥ ১২ ॥

তস্য স্বপ্রভোরদ্ভুতাং লীলাং কৃপালুতাঞ্চ স্মরন্ সাশ্চর্য্যমাহ যঃ খল্বত্র অস্মদ্বিধ দুর্জ্জীবানাং নানাদুঃখময় প্রতিশরীর এবাস্তে কিমস্মান্ পালয়িতুং কিম্বা স্বৈরলীলত্বেনেতি ন বিদ্ম ইতি ভাবঃ। তমহং নমামীত্যন্বয়ঃ। অহং স্বদুষ্কৃতফলং ভুঞ্জানঃ কর্ম্মবদ্ধো যদত্রাস্মি তদুচিতমেব স কথমত্র দুর্গন্ধে মহানরকে অন্তর্যামিত্বেনাপি তিষ্ঠতীত্যাহ কর্ম্মভি র্বদ্ধ ইব নতু বদ্ধঃ বৃন্দাবনভুবিচলচ্চরণারবিন্দত্বাৎ। আবৃতাত্মা অহং যথা তথৈব দেহেনাবৃত-

---

বিন্যাসে ধরিত্রীকে পবিত্রা করিয়াছেন, এক্ষণে আমি ভবভয়ে পরিতপ্ত হইয়া আপনার সেই সংসার-দুঃখহারি পবিত্র চরণারবিন্দের শরণাগত হইলাম ॥১২॥

হে ভগবন্! যে আমি মাতৃগর্ভে অবস্থান পূর্ব্বক দেহ, ইন্দ্রিয় ও অন্তঃকরণাদিরূপে পরিণতা প্রকৃতিকে আত্মস্বরূপে আশ্রয় করত, তৎকৃত পুণ্য-

আভাস।

এই পরবর্ত্তী একাদশ শ্লোকে বর্ণিত হইয়াছে। এখানে ভগবান্ বলিয়া, কপিলদেব কেবল কৃষ্ণাবতারকেই লক্ষ্য করিয়াছেন। বোধ হয়, তাঁহার পরকল্পবর্ত্তী অবতার বলিয়াই কপিলদেবের ওরূপ লক্ষ্য; জীব বলিতেছে যে, হে ভগবন্! যখন আমার ন্যায় ঘোর পাতকীর সমক্ষেও আপনি আত্মপরিচয় দিয়াছেন, তখন এই সময় হইতেই আপনার শরণাগত থাকাই আমার অবশ্য কর্ত্তব্য ॥ ১২ ॥

জীব ভগবানের অদ্ভুত লীলা ও কৃপালুতা স্মরণে বিস্ময়াপন্ন হইয়া বলে, হে মহাপ্রভো! আমার ন্যায় দুষ্কৃতিবান্ ব্যক্তির পাপভোগার্থ এই দুর্গন্ধবিশিষ্ট মহানরকে অবস্থিতিই

আস্তে বিশুদ্ধমবিকারমখণ্ডবোধমাতপ্যমান হৃদয়েঽবসিতং নমামি ॥ ১৩ ॥

অন্বয়ঃ।

আত্মা স্বরূপঃ যস্য সঃ) বদ্ধঃ ইব আস্তে (সোঽহং) আতপ্যমানে (স্বস্য) হৃদয়ে অবসিতং প্রতীতং, বিশুদ্ধং পুণ্যপাপাদিবন্ধরহিতং, অবিকারং (প্রাকৃতেষু দেহাদিষু আত্মাভিমান-শূন্যং) অখণ্ডবোধং (অখণ্ডঃ অবিদ্যায়া অপ্রতিহতঃ স্বাত্মবোধঃ যস্য তং ভগবন্তং) নমামি ॥ ১৩ ॥

শ্রীধরস্বামী।

কর্ম্মভিরাবৃতস্বরূপ ইব বদ্ধ ইবচ য আস্তে সোঽহং যস্য অত্রৈবাস্তে তং নমামি কথম্ভূত-মিত্যপেক্ষায়াং তুশব্দোক্তং বিশেষং দর্শয়তি আতপ্যমান হৃদয়েঽবসিতং প্রতীতং। এবমপি অবিকারং কুতঃ বিশুদ্ধং নিরুপাধি। তৎকুতঃ অখণ্ডো বোধো যস্য তং ॥ ১৩ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বরূপইব নত্বাবৃতঃ। উক্তযুক্তেরেব কিং কৃত্বা ভূতাদিময়ীং মায়াং স্বশক্তিং অবলম্ব্য প্রবর্ত্ত্য নন্বেবং তর্হি তস্মিন্ মায়াবলম্বান্মালিন্যং বিকারশ্চ প্রসজ্যেতেত্যত আহ বিশুদ্ধং নির্ব্বিকারং চ তত্র হেতুঃ অখণ্ডবোধং মজ্জ্ঞানমিব যস্য জ্ঞানং মায়য়া খণ্ডয়িতুমশক্য-মিত্যর্থঃ। নন্বু কথমদমবগতং ত্বয়েত্যত আহ আসমন্তাত্তপ্যমানেঽত্র হৃদয়ে ময়া অবসিতং প্রতীতং সন্তপ্যেতি মদীয়হৃদয়ে স্থিত্বা যে মন্মমপ্যেবং জ্ঞানং দত্তং তস্য জ্ঞানং কথং খণ্ডিতং ভবেদিতি ॥ ১৩ ॥

পাপাদি কর্ম্মে আবদ্ধ হইয়াছি, এক্ষণে সেই আমি স্বীয় হৃদয়মন্দিরে প্রতীত পুণ্যপাপাদি-বন্ধন-বর্জ্জিত, প্রাকৃতিক দেহাদিতে অভিমানশূন্য অখণ্ড স্বপ্রকাশ ভগবানকে প্রণাম করি ॥ ১৩ ॥

আভাস।

উপযুক্ত হইয়াছে; কারণ জীব কর্ম্মের বন্ধনে আত্মস্বরূপ বিস্মৃত হইয়া, বিষম দেহবন্ধনে আবৃত হয়। কিন্তু ঈশ্বর মায়ার অতীত; সুতরাং অবিদ্যাদি পঞ্চ ক্লেশ, কর্ম্ম, ভোগ ও সংস্কারাদিতে কখনই আবদ্ধ নহেন; তিনি অলুপ্তচৈতন্য নিত্য নিরতিশয় পরমানন্দ বিগ্রহ। অতএব তিনি যখন লুপ্তচৈতন্য মায়াকুহকসম্বন্ধে পরতন্ত্র জীবকে উদ্ধার করিবার নিমিত্ত তাদৃশ গর্ত্তকূপরূপ বিষম নিরয়েও অন্তর্যামিরূপে প্রবেশ করেন, তখন জীবের পক্ষে তাঁহার ন্যায় হিতকারী আর কে হইতে পারে! ভগবান্ যে তথায় উপস্থিত, তাহাতে জীবের তাপিত অন্তরে জ্ঞানোদয়ই তাহার প্রত্যক্ষ পরিচয় ॥ ১৩ ॥

অবশ্য শ্রুতির উক্তি অনুসারে জীবও অসঙ্গ এবং চৈতন্যস্বরূপ। প্রকৃত প্রস্তাবে জ্ঞান-ময় হইলেও অধ্যাস প্রযুক্ত অশরীরী হইলেও জীব যেন শরীরী হইয়া ইন্দ্রিয়, গুণ, শব্দাদি বিষয় ও চিদাভাসরূপে আপনাকে উপলব্ধি করিয়া থাকে; কিন্তু ভগবান্ প্রকটিত হুতা-শনের ন্যায় কাহারও বশীভূত নহেন; বরং যাহাতে অনুপ্রবেশ করেন, তাহাকেই

যঃ পঞ্চভূতরচিতে রহিতঃ শরীরে চ্ছন্নো যথেন্দ্রিয়গুণার্থচিদাত্মকোঽহং।
তেনাবিকুণ্ঠমহিমানমৃষিং তমেনং বন্দে পরং প্রকৃতিপুরুষয়োঃ পুমাংসং ॥১৪॥

অন্বয়ঃ

পঞ্চভূতরচিতে শরীরে অযথা মিথ্যা, এব ছন্নঃ (যস্ত স্তেন শরীরেণ) রহিতঃ (অতঃ অযথৈব) ইন্দ্রিয়গুণার্থচিদাত্মকঃ (ইন্দ্রিয়াণি চ গুণাঃ সত্ত্বাদয়ঃ, অর্থাঃ শব্দাদয়ঃ, চিৎ চৈতন্যং চিদাভাসঃ তদাত্মকঃ) যঃ সঃ অহং তেন শরীরেণ অবিকুণ্ঠমহিমানং (অবিকুণ্ঠঃ মহিমা যস্ত তং) প্রকৃতিপুরুষয়োঃ পরং নিয়ন্তারং তং এনং ঋষিং সর্ব্বজ্ঞং পুমাংসং বন্দে ॥ ১৪ ॥

শ্রীধরস্বামী।

নন্থ ত্বমপি বস্তুতঃ শুদ্ধ এব অসঙ্গোঽয়ং পুরুষ ইত্যাদিশ্রুতেঃ। তৎকথং যুবয়োরয়ং বিশেষঃ। তত্রাহ যঃ পঞ্চভিঃ ভূতৈ রচিতে শরীরে অযথা মিথ্যৈব চ্ছন্নঃ ন বস্তুতঃ যস্তস্তেন শরীরেণ রহিতঃ অসঙ্গঃ। অতোঽযথৈব ইন্দ্রিয়গুণার্থচিদাত্মকঃ ইন্দ্রিয়াণিচ গুণাশ্চ অর্থাশ্চ চিদাভাসশ্চ তদাত্মকঃ। সোঽহং তং বন্দে কথংভূতং তেন শরীরেণ অবিকুণ্ঠো মহিমা যস্য তং। অবগুণ্ঠেতি পাঠে অব অবসর্গো গুণ্ঠো গুণ্ঠনমাবরণং যস্য স মহিমা যস্য ইত্যর্থঃ। অত্র হেতুঃ প্রকৃতিপুরুষয়োঃ পরং নিয়ন্তারং কুতঃ ঋষিং সর্ব্বজ্ঞং বিদ্যাশক্তিমিত্যর্থঃ। বিদ্যাহ বিদ্যাকৃতো বিশেষ ইতি ভাবঃ ॥ ১৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বেবঞ্চেৎ স কথমত্র শরীরে তিষ্ঠেত্তত্রাহ। যঃ শরীরেঽত্র রহিতঃ ইন্দ্রিয়াণি গুণাশ্চ অর্থাশ্চ তেষ্বেব চিচ্চৈতন্যং যস্য তথাভূত আত্মা স্বরূপং যস্য সোঽহং যথাত্র শরীরে ছন্ন এব তথাযোঽত্র রহিতঃ স্থিতোঽপ্যস্থিত এবেত্যর্থঃ। তেন হেতুনা ন বিশেষেণ কুণ্ঠা মহিমা যস্য তং তেনাবগুণ্ঠেতি পাঠে ভাগুরিমতেঽকারলোপো দ্রষ্টব্যঃ। অত্র সমাসে অবগুণ্ঠমহিমানমনাবৃতৈশ্বর্য্যং। প্রকৃতেস্তদ্দ্রষ্টুর্মহাপুরুষস্য চ পরং তাভ্যাং পরত্বং পুমাংসং শ্রীকৃষ্ণং ॥ ১৪ ॥

পাঞ্চভৌতিক দেহে অবস্থান করিলেও জীবতত্ত্ব শরীরের অতীত; সুতরাং জীবের দেহাভ্যন্তরস্থ ভাব কেবল কল্পনামাত্র। কিন্তু ইন্দ্রিয়, সত্ত্বাদি গুণত্রয়, শব্দাদি বিষয় ও চিদাভাসরূপে পরিচিত আমি শরীরাদি ব্যক্ত বিষয়ের অতীত, প্রকৃতি পুরুষেরও নিয়ন্তা এই হৃদয়চারী সর্ব্বজ্ঞ সর্ব্বেশ্বর পরম পুরুষকে বন্দনা করি ॥ ১৪ ॥

আভাস।

আত্মসাৎ করিয়া লন। কারণ সামান্য দেহাদি কেন? তিনি মূল প্রকৃতি ও তদুপহিত পুরুষরূপী চৈতন্যেরও অন্তর্যামী ও নেতা। সুতরাং নিত্য ও শুদ্ধ স্বরূপ জীবও স্বীয় কর্ম্মদোষে বদ্ধ হয় ॥ ১৪ ॥

যন্মায়য়োরুগুণকর্ম্মনিবন্ধনেঽস্মিন্ সাংসারিকে পথি চরন্ তদতিশ্রমেণ।
নষ্টস্মৃতিঃ পুনরয়ং প্রবৃণীত লোকং যুক্ত্যা কয়া মহদনুগ্রহমন্তরেণ ॥ ১৫ ॥

অন্বয়ঃ।

যন্মায়য়া (যস্য ভগবতো মায়য়া) উরুগুণকর্ম্মনিবন্ধনে (উরূণি সত্ত্বাদিগুণনিমিত্তানি কর্ম্মাণি নিবন্ধনানি যস্মিন্ তস্মিন্) অস্মিন্ সাংসারিকে পথি প্রবৃত্তিমার্গে চরন্ তদতিশ্রমেণ তদুচিতব্যাপারব্যাকুলত্বেন, নষ্টস্মৃতিঃ বিস্মৃতাত্মপরমাত্মস্বরূপঃ, অয়ং জনঃ, মহদনুগ্রহমন্তরেণ (মহতঃ ভগবতঃ অনুগ্রহমন্তরেণ) কয়া যুক্ত্যা কেনোপায়েন, পুনঃ লোকং স্বরূপং প্রবৃণীত জানীয়াৎ ॥ ১৫ ॥

শ্রীধরস্বামী।

নন্বু জ্ঞানেনায়ং বন্ধো নিবর্ত্তয়িষ্যতে কিং পরমেশ্বরবন্দনেন তত্রাহ যস্য মায়য়া নষ্টস্মৃতিঃ সন্ সংসার-সম্বন্ধিনি পথি তদতিশ্রমেণ তৎকৃতেন ক্লেশেন চরন্নয়ং জীবঃ মহতস্তস্যৈব ঈশ্বরানুগ্রহং বিনা পুনঃ কয়া যুক্ত্যা লোকং নিজস্বরূপং প্রবৃণীত সংভজেৎ। অতিশ্রমহেতুত্বেন পন্থানং বিশিনষ্টি উরূণি গুণনিমিত্তানি কর্ম্মাণি নিতরাং বন্ধনানি যস্মিন্ ঈশ্বরপ্রসাদং বিনা জ্ঞানাভাবাৎ স এব সেব্য ইত্যর্থঃ ॥ ১৫ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নন্বীদৃশী ভক্তিস্ত্বয়া কথং প্রাপ্তেতি তত্র ভক্তেঃ প্রাপ্তিকারণং মহদনুগ্রহ এবেত্যাহ যদিতি। তদতিশ্রমেণ তৎপথপর্য্যটনশ্রমেণ হেতুনা নষ্টস্মৃতিরয়ং মল্লক্ষণো জনঃ মহদনুগ্রহং বিনা কয়া যুক্ত্যা লোকং ভগবতো ধাম প্রবৃণীত স্বাভীপ্সিতবরত্বেন বৃণুয়াৎ। অপিতু ন কয়াপীত্যর্থঃ পূর্ব্বজন্মনি কৃষ্ণভক্তস্য কস্যচিন্মদ্গুরোঃ প্রসাদবিলসিতমেবৈতন্মে কৃষ্ণভজনমিতি ভাবঃ ॥ ১৫ ॥

যে ভগবানের অব্যর্থ মায়ার প্রভাবে সত্ত্বাদি গুণোৎপন্ন এই কর্ম্মবন্ধনরূপ সাংসারিক প্রবৃত্তিপথে বিচরণ করত তদুচিত উদ্‌যোগাদি বিবিধ ব্যাপারে ব্যাকুল হইয়া আত্মপরমাত্ম-জ্ঞানে যে জীব বিস্মৃত হয়, সে কি কখন সেই সর্ব্বশ্রেষ্ঠ ভগবানের অনুগ্রহ ব্যতীত অন্য কোন উপায়ে পুনরায় আত্মস্বরূপের উপলব্ধি করিতে সক্ষম হয়? ॥ ১৫ ॥

আভাস।

এক্ষণে আশঙ্কা হইতে পারে যে, জ্ঞানের দ্বারাই যখন সংসার-বন্ধনের মোচন হয়, তখন উদ্যমহীন ক্লীবের ন্যায় নিরর্থক গর্ত্তে অবস্থিতি পূর্ব্বক অনন্ত যাতনার মধ্যে পরমেশ্বরের ভজনা না করিয়া বাহিরে নির্গত হইয়া জ্ঞানলাভার্থ জীবের যত্ন করিবার বিশেষ প্রয়োজন। তদুত্তরে শ্লোকে প্রকাশ করা হইয়াছে যে, সে যত্নেও পরমেশ্বরের অনুগ্রহের অপেক্ষা আছে। কারণ গৃহদগ্ধকালে গৃহস্থিত দ্রব্যসামগ্রীকে স্থানান্তরিত করিয়া যেমন হুতাশনের দাহন হইতে রক্ষা করিতে হয়, তেমনি জলসিঞ্চনের দ্বারা বহ্নির

জ্ঞানং যদেতদদধাৎ কতমঃ স দেবস্ত্রৈকালিকং স্থিরচরেষ্বনুবর্ত্তিতাংশঃ।

অন্বয়ঃ।

যৎ ত্রৈকালিকং কালত্রয়সম্বন্ধি জ্ঞানং এতৎ জাতং (তৎ তং বিনা) কতমঃ ময়ি অদধাৎ (কিন্তু) স্থিরচরেষু স্থাবরজঙ্গমেষু, অনুবর্ত্তিতাংশঃ (অনুবর্ত্তিতঃ অংশঃ অন্তর্যামিরূপো যেন সঃ) সঃ দেবঃ এব। (অতঃ) জীবকর্ম্মপদবীং (জীবকর্ম্মণাং জীববন্ধনভূতানাং কর্ম্মণাং

শ্রীধরস্বামী।

ঈশ্বর এব জ্ঞানদ ইত্যুপপাদয়ন্নাহ যদেতৎ ত্রিকালবিষয়জ্ঞানং তৎ তং বিনা কতমো ময্যদধাৎ ন কোঽপি কিন্তু স দেব ঈশ্বর এব। অন্যঃ প্রকৃষ্টো জীবো দধাতু নেত্যাহ

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

নমু তং পরমেশ্বরং কেন প্রমাণেন জ্ঞাত্বা ভজসীতি তত্রানুমানেনৈবেত্যাহ জ্ঞানং যদেতৎ ময্যধমেঽপি অদধাৎ ধারয়ামাস অর্পয়তি স্মেত্যর্থঃ স কতমো দেবো ভবেৎ। দেবেষু মধ্যে কশ্চিন্মুখ্যো ভবেদিতি মজ্জ্ঞানান্যথানুপপত্ত্যৈবানুমীয়মানং ত্রৈকালিকং ভূত-

---

কালত্রয় সম্বন্ধীয় এই যে জ্ঞান আমার হৃদয়ে সম্প্রতি উদিত হইয়াছে, ইহাও সেই সর্ব্বেশ্বরের কৃপাবিস্তার ব্যতীত অন্য কে আমাকে সমর্পণ করিতে পারেন? তিনি স্থাবর জঙ্গমাত্মক যাবতীয় পদার্থে স্বকীয় অন্তর্যামিভাবের অনুপ্রবেশনে একাকীই সর্ব্বত্র বিরাজ করিতেছেন। অতএব জীবত্ব প্রতি-

আভাস।

বেগ সম্বরণ পূর্ব্বক তাহাকে নির্ব্বাণ করাইতেও হয়। যদি বহ্নির বেগ নিবারণ করা যায়, তাহা হইলে আর দ্রব্যাদির স্থানান্তরিত করিবার ক্লেশ সহ্য করিতে হয় না; কিন্তু বহ্নির বেগ যদি সম্বরিত না হয়, তাহা হইলে অতি কষ্টে সামান্যত অন্যত্র নীত দ্রব্য এবং জ্বলনে ভ্রান্ত গৃহস্বামীও কিংকর্ত্তব্যবিমূঢ়ের ন্যায় ভস্মসাৎ হইয়া যায়। সেইরূপ বিবেকবলে মায়াকে অতিক্রম করিতে হইবে বটে, কিন্তু মায়ার বেগ সম্বরণার্থ উপায়ান্তরেরও নিরূপণ করা বিশেষ প্রয়োজন; নতুবা অগ্নিভ্রান্ত গৃহস্বামীর ন্যায়, মায়ার কুহকে ভ্রান্ত জীব মায়া-নিবারণ প্রসঙ্গে মায়াতেই অধিকতর সমাচ্ছন্ন হইয়া পড়ে। সে আচ্ছন্ন ভাবের অপসারণ নিতান্তই দুরূহ। সংসারকে অতিক্রমণার্থ বেদবোধিত যে সকল যাগযজ্ঞাদির উল্লেখ আছে, মায়ান্ধ জীব ভ্রমবশত নিষ্কৃতির পরিবর্ত্তে কামনা পুরঃসর উক্ত যজ্ঞাদির অনুষ্ঠান দ্বারা অকিঞ্চিৎকর পার্থিব ভোগে বিতৃষ্ণ হইলেও বহুকালব্যাপী ও বিশেষ মোহপ্রদ স্বর্গাদি ভোগে আসক্ত হইয়া সংসার-বন্ধনকেই বরং পূর্ব্বাপেক্ষা গাঢ়তম করিয়া ফেলে। অতএব কেবল বৈরাগ্যে বা জ্ঞানবিচারে মায়া নিবৃত্তির আশা অতি অল্প। কিন্তু জলসিঞ্চনে অগ্নির পরাক্রমকে নিবৃত্ত করিবার ন্যায়, যদি মায়ানিবৃত্তির জন্য মায়াপতিকে আশ্রয় করা যায়, তদপেক্ষা সুগম উপায় আর কিছুতেই অনুভূত হয় না। গীতাতে উক্ত আছে,

তং জীবকর্ম্মপদবীমনুবর্ত্তমানা স্তাপত্রয়োপশমনায় বয়ং ভজেম ॥১৬॥

অন্বয়ঃ।

পদবীং মার্গং অনুবর্ত্তমানাঃ) বয়ং তাপত্রয়োপশমনায় (আধ্যাত্মিকাদিদুঃখানাং উপশমনায় নিবৃত্তয়ে, তং ঈশ্বরং এব ভজেম ॥ ১৬ ॥

শ্রীধরস্বামী।

জীবরূপাং কর্ম্মপদবীং অনুবর্ত্তমানা বয়মিতি তদ্ব্যতিরেকেণ ন কোঽপি সমর্থ ইত্যর্থঃ। অন্যস্যাত্রাসম্ভবমুক্ত্বা; তস্য সম্ভবমাহ স্থিরেষু চরেষু চান্তর্যামিরূপোঽনুবর্ত্তিতোঽশো যেন তং ভজেম ॥ ১৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ভবিষ্যদ্বর্ত্তমানকালেষু বিরাজমানং স্থিরচরেষ্বনুবর্ত্তিতোঽন্তর্যামিরূপোঽংশো যেন তং। জীবসম্বন্ধিনীং কর্ম্মপদবীং ॥ ১৬ ॥

পাদক কর্ম্মবন্ধনের অনুসরণে অবসন্ন হইয়া আধ্যাত্মিকাদি তাপত্রয়ের নিবারণার্থ এক তাঁহারই ভজনা করা জীবনাম-ধারী সকলেরই অবশ্য কর্ত্তব্য ॥ ১৬ ॥

আভাস।

"দৈবী হ্যেষা গুণময়ী মম মায়া দুরত্যয়া। মামেব যে প্রপদ্যন্তে মায়ামেতাং তরন্তি তে" ॥ মায়া ভগবানেরই শক্তি; এই শক্তির প্রচয়ে তিনি বিশ্বসৃজনাদি সকল ব্যাপারই সম্পাদিত করিতেছেন। মায়ার প্রবাহটী কেবল তাঁহার ইচ্ছাশক্তির প্রকটন মাত্র। সুতরাং যুদ্ধে প্রত্যেক সৈনিকের শরপ্রহার নিবারণ করিয়া আত্মরক্ষা করা অপেক্ষা, সৈন্যাধিপতি রাজার শরণাগত হওয়া যেমন পরম মঙ্গল, সেইরূপ মায়ার বিচিত্র কুহককে বঞ্চিত করা অপেক্ষা, মায়াপতি জনার্দ্দনের শরণ লইলে মায়ার আর প্ররোহের কোন সম্ভাবনা থাকে না। যে জ্ঞানবলে জীব মায়াকে অতিক্রমণে সমর্থ হয়, তাহাও ভগবানের সন্নিকটেই প্রাপ্তব্য। ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমানকালীন জ্ঞানও যাহা ভ্রমান্ধ জীব পাইয়া, আপনাকে কৃতার্থবোধ করে বা ব্যবহারভূমিতে আলোচনা করে, তাহাও সেই ঈশ্বরেরই প্রসাদে মাত্র। তিনি স্থাবর জঙ্গম যাবতীয় ভূতবর্গে স্বয়ং অনুপ্রবিষ্ট হইয়াই, ওরূপ অন্তর্যামী ও জ্ঞানভাবকে প্রকটিত হইয়া থাকেন ॥ ১৬ ॥

পরমেশ্বরের প্রিয়পাত্র হইতে হইলে, আত্মগরিমা বিসর্জ্জন পূর্ব্বক সর্ব্বপ্রযত্নে তাঁহারই শরণাগত হওয়া বিশেষ প্রয়োজন; এইজন্য গর্ভস্থ শিশু পরমেশ্বরের প্রেমপ্রার্থনায় কাতরকণ্ঠে তাঁহাকে বলিয়া থাকে, হে দীনবন্ধো! একটী গর্ভে বাস করাইয়াও আপনি ক্ষান্ত হন নাই। অন্তঃকরণাদি দেহের গর্ভে অবস্থিত রাখিয়াও আবার তদতিরিক্ত মাতৃগর্ভের বিষম যাতনায় নিক্ষেপ করিয়াছ। এই মাতৃগর্ভের কল্পনা, কেবল মূল গর্ভের দোষ পরিজ্ঞাত করাইবার জন্য মাত্র। জীবদেহ গর্ভ হইতে নিষ্ক্রান্ত হইয়া মুক্তিপদ পাইবার

দেহন্যদেহবিবরে জঠরাগ্নিনাঽস্যুগ্বিণ্মূত্র কূপপতিতো ভৃশতপ্তদেহঃ।
ইচ্ছন্নিতো বিবসিতুং গণয়ন্ স্বমাসান্ নির্বাস্যতে কৃপণধীর্ভগবন্ কদা নু ॥ ১৭

অন্বয়ঃ।

হে ভগবন্! অন্যদেহবিবরে মাতুরুদরকুহরে, যঃ অসৃগ্ বিণ্মূত্রকূপপতিতঃ জঠরাগ্নিনা ভৃশতপ্তদেহঃ (ভৃশং তপ্তো দেহঃ যস্য সঃ) কৃপণধীঃ (কৃপণা দীনা ধীঃ যস্য সঃ) ইতঃ বিবরাৎ বিবসিতুং নির্গন্তুং ইচ্ছন্ স্বমাসান গণয়ন্ অসৌ দেহী বর্ত্ততে; স ভবতা কদা নু বহিঃ নির্ব্বাস্যতে নির্গময়িষ্যতে ॥ ১৭ ॥

শ্রীধরস্বামী।

স্বদুঃখং বিজ্ঞাপয়ন্নাহ দেহীতি। অন্যদেহবিবরে মাতুরুদরকুহরে যোঽসৃক্‌বিণ্মূত্রকূপঃ তস্মিন্ পতিতঃ তত্র জঠরাগ্নিনা ভৃশং তপ্তো দেহো যস্য। অতএব কৃপণধীঃ ইতো বিবরাৎ বিবসিতুং নির্গন্তুমিচ্ছন্ স্বমাসান্ গণয়ন্ অসৌ কদা নু অহো বহির্নির্বাস্যতে ॥ ১৭

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হে প্রভো মম দুঃখং সুখং ত্বচ্চরণপ্রাপ্তিশ্চেত্যেতৎ সর্ব্বং ত্বদধীনমিত্যহমতিরাল্যাদতিতারুণ্যাচ্চ কিমপি পৃচ্ছামীত্যুদ্দেশেনৈব ভগবন্তমাহ। অহং দেহী অন্যদেহবিবরে মাতুরুদরকুহরে অত ইতো বিবরাৎ বিবসিতুং বিমুক্তীভবিতুমিচ্ছন্ স্বমাসান্ অরমইমোঽহং নবমোঽহং দশম ইত্যেবং গণয়ন্ কৃপণধীঃ স্বীয়দুঃখসুখদত্তদৃষ্টিহীনং কুবুদ্ধির্মূঢ়লক্ষণোঽহং জনঃ কদা নির্বাস্যতে বহির্নিষ্ক্রাময়িষ্যতে ভবতেত্যত্র তস্য কষ্টস্য সোঢ়ুমশক্যত্বাদ্বহিরেব তত্র তাং ভঙ্গ্যেতি ভাবঃ ॥ ১৭ ॥

হে ভগবন্! সম্প্রতি আমি জননীর উদরমধ্যে শোনিত ও মলমূত্রাদির অন্ধকূপে নিপতিত থাকিয়া কিংকর্ত্তব্যবিমূঢ়ের ন্যায় তদ্রত্য জঠরানলে নিতান্তই পরিসন্তপ্ত হইতেছি; এক্ষণে কবে এস্থান হইতে নির্গত হইব? এই চিন্তায় সতত মাস গণনা করিতেছি; কিন্তু জানি না! আপনি কোন সময়ে এই দেহীকে বাহিরে নিঃসারিত করিবেন ॥ ১৭ ॥

আভাস।

আশা পাছে পরিত্যাগ করে, এবং এই দেহকেই আপেক্ষিক সুখপ্রদ বলিয়া জ্ঞান করে, এই নিমিত্তই তাহাকে মাতৃগর্ভে অতি অল্পকালের জন্য বাস করাইয়া গর্ভবাসের দুঃখ অনুভব করাইয়াছ। আশা দিয়াছ! যে, ভীষণ মাতৃগর্ভ হইতে কেবল তোমার ইচ্ছাশক্তিরূপ সূতিবায়ুর প্রভাবে সে যেমন, নিজের ইচ্ছা বা অনিচ্ছার অপেক্ষা না করিয়াই ভূমিষ্ঠ হইয়া পড়ে, সেইরূপ তোমার কৃপাদৃষ্টির যে দিন উদয় হইবে, সেই দিন এই অন্ধকূপ তুল্য ভবগর্ভে মাতৃনাড়ীরূপ অনন্ত কর্ম্মজালে জড়িত থাকিয়াও এবং পথহীন উল্বনসদৃশ ঘোর অজ্ঞানের আবরণে আবৃত থাকিলেও অনায়াসে মুক্ত হইবে, সন্দেহ নাই।

যেনেদৃশীং গতিং সোঽহং দশমাস্য ঈশ সংগ্রাহিতঃ পুরুদয়েন ভবাদৃশেন ।
স্বেনৈব তুষ্যতু কৃতেন ন দীননাথঃ কো নাম তৎপ্রতি বিনাঞ্জলিমস্য কুর্য্যাৎ ॥ ১৮

অন্বয়ঃ ।

হে ঈশ! ভবাদৃশেন নিরুপমেন পুরুদয়েন নিরতিশয়দয়াবতা, যেন ভবতা দশমাস্যঃ দশমাসপরিমিতঃ অসৌ অহং ঈদৃশীং গতিং জ্ঞানং সংগ্রাহিতঃ সম্যক্ প্রাপিতঃ, সঃ দীননাথঃ (দীনানাং নাথঃ পালকঃ) স্বেনৈব কৃতেন উপকারেণ, (স্বয়মেব) তুষ্যতু ; অঞ্জলিং নমস্কারং বিনা কঃ নাম পুরুষঃ তৎপ্রতি অস্য কুর্য্যাৎ (তস্য প্রত্যুপকারং কর্ত্তুং শক্নুয়াৎ) ॥ ১৮ ॥

শ্রীধরস্বামী ।

তৎকৃতমুপকারং স্মরন্নাহ যেন ঈদৃশীং গতিং জ্ঞানং । ভবাদৃশেনেতি নিরুপমেনেত্যর্থঃ । স্বকৃতেনৈব স্বয়ং তুষ্যতু। অঞ্জলিমাত্রং বিনা তৎকৃতে উপকারে প্রত্যুপকারং কঃ কুর্য্যাদিত্যর্থঃ ॥ ১৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ।

নন্বু তর্হি কদা নির্বাস্যতে ইতি মামুক্ত্বা ময়ি সংপ্রত্যপি ত্বমিতো বহির্নির্ক্রময়েতি নির্দ্দয়ত্বমেব কিং প্রসজ্জয়সীতি তত্র সলজ্জং সশঙ্কং সরসনাদংশং সধিক্কারমাহ যেন ঈদৃশীং দেবৈরপি দুর্লভাং গতিং ত্বদ্ভক্তত্বলক্ষণামবস্থাং দশমাস্যো গর্ভস্থোঽপ্যহং গ্রাহিতঃ পুরুদয়েন ভবাদৃশেনেতি ভবতেত্যাক্ষেপলব্ধস্য বিশেষণাৎ ভবৎসদৃশো দয়ালু র্ভবানেব নান্য ইত্যনন্বয়ালঙ্কারো বোধিতঃ। এতৎ প্রতিকৃতিস্তু ময়া ব্রহ্মাযুষাপাশক্যেত্যাহ স্বকৃতেনৈব স্বয়ং তুষ্যতু। অঞ্জলি অঞ্জলিমাত্রং বিনা তৎপ্রতিবিধিং কোনাম কুর্য্যাৎ কর্ত্তুং শক্নুয়াৎ অস্য তব ॥ ১৮ ॥

হে সর্ব্বেশ্বর! আপনার ন্যায় নিরুপম ও নিরতিশয় দয়াবান্ আর কাহাকেও লক্ষ্য করিতে পারিতেছি না ; কারণ কেবল দশমাস মাত্র বয়ঃক্রম কালেই আপনি আমাকে এরূপ ত্রৈকালিক জ্ঞানে বিভূষিত করিয়াছেন ; আপনার ন্যায় তাদৃশ দীনজা-প্রতিপালকের পক্ষে নিজ কর্ম্মেই নিজে সন্তুষ্ট হওয়া ব্যতীত, স্বদীয় সন্নিধানে জীবের কৃতজ্ঞতা পরিচয়ের অন্য কোন উপায়ই নাই ; কেবল কৃতাঞ্জলিপুটে আপনাকে প্রণাম করা ব্যতীত, অন্য কে আপনার প্রত্যুপকারে সমর্থ হইতে পারে ॥ ১৮ ॥

আভাস ।

কিন্তু হে শরণাগত-প্রতিপালক! মাতৃগর্ভে যে জ্ঞান দিয়াছ, তাহার বলে এই অষ্টম, এই নবম ও এই দশম বলিয়া নির্গমনের প্রতীক্ষায় গর্ভবাসের মাস গণনা করিতে সামর্থ্য পাইয়াছি। কিন্তু গর্ভ হইতে নির্গমনের যাতনায় এবং নির্গত হইয়া সংসারের আপাতত মধুর কুহকপ্রদ ভাবে এই জ্ঞান পাছে বিলুপ্ত হয় ; এখনকার মত, পরে তোমাকে কাতরকণ্ঠে

পশ্যত্যয়ং ধিষণায়া নমু সপ্তবধ্রিঃ শারীরকে দমশরীর্য্যপরঃ স্বদেহে।

অন্বয়ঃ।

অয়ং অপরঃ পশ্বাদিঃ সপ্তবধ্রিঃ জীবং স্বদেহে শারীরকে শরীরভবে সুখদুঃখে (কেবলং) পশ্যতি; অহং তু যৎসৃষ্টয়া ধিষণায়া যদ্দত্তবিবেক-জ্ঞানেন, দমশরীরী শমদমাদিযুক্তঃ শরীর-

শ্রীধরস্বামী।

ঈদৃশীং গতিমিত্যনেন জাত্যন্তরবিলক্ষণং জ্ঞানং প্রাপিতবানিত্যুক্তং। তদেব বৈলক্ষণ্যমাহ পশ্যতীতি। অয়মপরঃ পশ্বাদিঃ। সপ্তবধ্রি জীবঃ স্বদেহে শারীরকে শরীরভবে সুখদুঃখে কেবলং নমু পশ্যতি অহং পুন র্যৎসৃষ্টয়া ধিষণয়া যদ্দত্তেন বিবেকজ্ঞানেন দম-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

স্বস্মিন্ ভগবৎ কৃপাতিশয়মন্যতো বৈলক্ষণ্যেনাহ পশ্যতীতি অয়ং মনুষ্যজাতিমাপন্নঃ সপ্তবধ্রি গর্ত্তগতো জীবঃ শারীরকে শরীরভবে সুখদুঃখে এব ধিষণয়া বুদ্ধ্যা পশ্যতি তত্তোঽপ্যপরং কশ্চিদ্ভাগ্যবান্ স্বদেহে স্থিতঃ দমশরীরী জ্ঞানী ভবতি। অহন্তু স প্রসিদ্ধঃ পাপাত্মাপি যৎসৃষ্টয়া যদ্দত্তয়া ধিষণয়া তং পুরাণং পুরুষং পুরুষোত্তমং চৈতন্যং

ত্বগাদি সপ্তবিধ বন্ধনে নিবদ্ধ পশু প্রভৃতি সাধারণ জীবনিচয় স্বকীয় দেহে শরীরধর্ম্ম সুখদুঃখাদিই কেবল অনুভব করিয়া থাকে; আমি কিন্তু যাঁহার প্রদত্ত বিবেক-জ্ঞানবলে শমদমাদিসম্পন্ন ব্যক্তির ন্যায় জ্ঞানবান্

আভাস।

ডাকিতে না পারি, সেই নিমিত্ত এই বেলা তোমাকে মর্ম্মবেদন নিবেদন করিতেছি; যেন তখন আমার সতৃষ্ণ প্রার্থনা না পাইলেও তুমি নিজগুণে আমাকে সম্বোধন করিতে শিক্ষা দাও। কারণ এই গর্ভবাস কালে আমার কোন কর্ম্ম, ভক্তি বা জ্ঞান কিছুই নাই; কিন্তু এতদবস্থাতে কেবল দশ মাস মাত্র বয়ঃক্রম কালেও যখন তুমি যোগীদুর্ল্লভ জ্ঞান ও ভক্তি আমাকে প্রদান করিয়াছ, তখন কোন স্বার্থের অপেক্ষা না করিয়াই যে, তুমি জীবের হিতকারী; সে বিষয়ে আর সন্দেহ নাই। অতএব তোমার করুণার তুলনা আমরা জগৎ দৃষ্টে কিরূপে নিরূপণ করিব এবং কোন্ উপায়েই বা তাহার পরিশোধ দিব! তবে কৃতাঞ্জলি পুটে তোমাকে নিরন্তর প্রণাম করা মাত্র আমার সামর্থ্যে আছে; সেই নিমিত্ত বিষমে পতিত হইবার পূর্ব্বে তোমার নিকট বদ্ধাঞ্জলি রহিলাম॥ ১৭ ॥ ১৮ ॥

দুঃখপ্রচুরেই সুখাভাস এবং সুখপ্রচুরেই দুঃখাভাস যে সম্পূর্ণ স্পষ্ট, তাহাই এই শ্লোকে তাৎপর্য্যত প্রকাশ করা হইয়াছে। মনুষ্যাদি যোনিতে কেবল ত্বগাদি সপ্ত আবরণের অন্তরালবর্ত্তী হইয়াই জীব তদ্দেহকৃত সুখদুঃখাদির অনুভব করা ব্যতীত আত্মস্বরূপ বা পরমাত্মস্বরূপের উপলব্ধি করিতে সহজে সক্ষম হয় না। কারণ তথায় ভোগনিবন্ধন আংশিক সুখের অভিব্যক্তি হইয়া থাকে। কিন্তু গর্ভস্থ শিশু কেবল

যৎস্বটাসং তদহং পুরুষং পুরাণং পশ্যে বহির্হৃদিচ চৈত্ত্যমিব প্রতীতং ॥ ১৯॥
সোঽহং বসন্নপি বিভো বহুদুঃখবাসং গর্ভান্ন নির্জিগমিষে বহিরন্ধকূপে।

অন্বয়ঃ।

যান্ আসং অভবং, তং এব চ পুরাণং অনাদিং পুরুষং সর্ব্বত্র পূর্ণং চৈত্ত্যং অহংকারাস্পদং ইব বহিঃ চ হৃদি চ প্রতীতং পশ্যে পশ্যামি ॥ ১৯ ॥

হে বিভো! বহুদুঃখবাসং (বহুভিঃ দুঃখৈঃ সহবাসং যথা স্যাৎ তথা অত্রৈব) বসন্ অপি সঃ অহং গর্ভাৎ বহিঃ অন্ধকূপে (অন্ধকূপবৎ বিবেকতিরোধায়কে সংসারে) ন নির্জ-

শ্রীধরস্বামী।

শরীরী দম ইত্যুপলক্ষণং শমদমাদিযুক্তঃ শরীরবান্ আসং অভবং তমেবচ পুরাণং অনাদিং পুরুষং পূর্ণং বহিশ্চ হৃদিচ পশ্যে পশ্যামীত্যন্বয়ঃ। কথমপরোক্ষতয়া প্রতীতং চৈত্ত্যমিব অহঙ্কারাস্পদং ভোক্তারমিত্যর্থঃ ॥ ১৯ ॥

বিবেকজ্ঞানকৃতং সংসারোদ্বেগমনুবদন্ মোক্ষমার্গমেবাধ্যবস্যতি সোঽহমিতি দ্বাভ্যাং। হে বিভো বহুদুঃখবাসং যথা ভবতি তথা গর্ভে বসন্নপি সোঽহং গর্ভাদ্বহি র্নির্গন্তুং নেচ্ছামি অত্র হেতুরন্ধকূপপ্রায়ে যত্র বহিরুপঘাতং গতং প্রাণিনং দেবস্য তব মায়া উপসর্পতি

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

চিত্তাধিষ্ঠাতারং চিত্তেনাপি সেব্যং প্রভুং বহিশ্চ হৃদিচ প্রতীতমপরোক্ষতয়া প্রাপ্তমিব পশ্যে পশ্যামি। অত্র নিরুক্তে চ বাশব্দেন দর্শিতং জীবানাং ত্রৈবিধ্যং মৃতশ্চাহং পুনর্জাতো-জাতশ্চাহং পুনর্মৃত ইতি তদ্ভাবনাবাক্যানন্তরং সাংখ্যং যোগং সমভ্যসেৎ পুরুষং বা পঞ্চবিংশকমিতি ॥ ১৯ ॥

নন্বু ত্বং ভক্ত্যৈব মামেবং ব্রূষে কিমত্র দুঃখেনোদ্বিজসে চ যতঃ কদা নির্বাস্যত ইতি নির্বেদয়িষ্যন্তস্যামবুনৈবাতো গর্ভনিষ্ক্রমমরণমাহ তত্র নেত্যাহ সোঽহমিতি যত্র

হইয়াছি, সেই অনাদিনিধন সর্ব্বব্যাপী এবং অহঙ্কারের আশ্রয়রূপে অন্তরে ও বাহিরে প্রতীত পরমেশকে সন্দর্শন করিতেছি ॥ ১৯ ॥

হে দীনবন্ধো! তাদৃশ নানাপ্রকার দুঃখভোগের সহিত গর্ভে বাস করিলেও তথা হইতে এই অন্ধকূপ সদৃশ ভীষণ বাহ্য জগতে নির্গমনার্থ আমার কিছুমাত্র ইচ্ছা হয় না; কারণ গর্ভবাস হইতে নিঃসৃত হইবা মাত্র,

আভাস।

সেই সপ্তবন্ধনে আবৃত নহে, তদপেক্ষা অনেক গুণ অধিক মাতৃনাড়ী প্রভৃতি বন্ধনে আবদ্ধ থাকিলেও এক দুঃখের প্রাচুর্য্যে সংযমী পুরুষের অপেক্ষা অধিক সামর্থ্যবানের ন্যায়, পোষণকারী ও নির্গমণকারীরূপে বাহিরে এবং ত্রৈকালিক জ্ঞানদাতারূপে অন্তরে বিরাজমান পুরুষ পুরুষ পরমেশ্বরকে অবলোকন করে। এই অবলোকনের ফলেই জীব

যত্রোপযাতমুপসর্পতি দেবমায়া মিথ্যামতির্যদনুসংসৃতিচক্রমেতৎ ॥ ২০ ॥
তস্মাদহং বিগতবিক্লব উদ্ধরিষ্যে আত্মানমাশু তমসঃ সুহৃদাত্মনৈব।

অন্বয়ঃ।

গমিষ্যে (নির্গন্তুং ন ইচ্ছামি) যত্র গর্ভাদ্বহিঃ উপযাতং প্রাপ্তং, গতং প্রাণিনং দেবমায়া (দেবস্য তব দুস্তরা মায়া উপসর্পতি ব্যাপ্নোতি। যদনু যাং মায়াং অনু পশ্চাৎ মিথ্যামতিঃ ততশ্চ এতৎ সংসৃতিচক্রং চ ভবতি ॥ ২০ ॥

তস্মাৎ বহি র্নিঃসরণযুক্তদোষাৎ, যথা ভূয়ঃ পুনঃ অনেকরন্ধ্রং নানাগর্ভবাসাদি-রূপং এতৎ ব্যসনং দুঃখং মে মা ভবিষ্যৎ ন ভবিষ্যতি তথা অত্রৈব স্থিতঃ বিগতবিক্লবঃ

শ্রীধরস্বামী

ব্যাপ্নোতি যদনু যাং মায়ামনু মিথ্যামতিঃ দেহে অহংবুদ্ধিঃ সংসৃতিচক্রং চ কলত্রপুত্রাদি-সম্বন্ধাদুপসর্পতি ॥ ২০ ॥

তস্মাদত্রৈব স্থিতোঽপি বিগতবিক্লবঃ অব্যাকুলঃ সন্ সুহৃদা আত্মনা, সারথিরূপয়া বুদ্ধ্যা এবাত্মানং তমসঃ সংসারাদুদ্ধরিষ্যামি। অনেকরন্ধ্রং নানাগর্ভবাসরূপং। এতদ্ব্যসনং

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী

বহিরুপযাতং প্রাণিনং দেবস্য তব মায়া উপসর্পতি ব্যাপ্নোতি যদনু যামনু মিথ্যামতি র্দেহে অহংবুদ্ধিস্ততশ্চ সংসৃতিচক্রং ॥ ২০ ॥

তর্হি কিং নিশ্চিন্তোষীতি তত্রাহ তস্মাদিতি। তত্রৈব স্থিতো দুঃখেনাপি বিগতবিক্লবো-ঽব্যাকুলঃ সন্ সুহৃদা আত্মনা সারথিরূপয়া বুদ্ধ্যৈব অনয়া ত্বদ্দত্তয়া আত্মানং তমসঃ সংসারাদুদ্ধরিষ্যামি যথা এতৎ অনেকরন্ধ্রং নবদ্বারস্থূলদেহলক্ষণং ব্যসনং বিপত্তি র্মম

তাদৃশ জীবকে ভগবানের দৈবী মায়া একেবারে সমাচ্ছাদিত করিয়া ফেলে; এই মায়া প্রভাবেই জীবের মিথ্যাবিষয়ে আসক্তি জন্মে; সুতরাং সংসার-চক্র তাহার পক্ষে দুস্পরিহার্য্য হইয়া পড়ে ॥ ২০ ॥

অতএব বহিঃ নিঃসরণে যখন অনেক দোষ, তখন গর্ভবাসকালে বিবিধ দুঃখ থাকিলেও তাহাতে ধৈর্য্যাবলম্বন পূর্ব্বক পরম হিতৈষী স্বরূপ বিবেক-

আভাষ।

গর্ভের ঐরূপ যাতনা সহ্য করিতে পারে; অধিক কি! তাহার সে যাতনাকে যাতনা বলিয়াই উপলব্ধ হয় না; বরং পাছে গর্ভ হইতে নিঃসৃত হইয়া ভগবানের অদর্শনে পুনরায় সংসার-বন্ধনে নিপতিত হয়, এই ভয়েই ভীত হইয়া ভগবানের প্রত্যাশাপূর্ণ ইঙ্গিত ব্যতীত গর্ভ হইতে নিঃসৃত হইবার বাসনা পর্য্যন্ত করে না। কারণ ভূমিষ্ঠ হইবা মাত্র জীব পূর্ব্বজ্ঞান বিস্মৃত হয়; দেবমায়ায় মোহিত হইয়া মিথ্যা বস্তুনিচয়ে প্রীতি করে; সুতরাং সংসার-চক্র তাহাদের পক্ষে কিছুতেই নিরস্ত হয় না ॥ ১৯ ॥ ২০ ॥

ভূয়ো যথা ব্যসনমেতদনেকরন্ধ্রং মা মে ভবিষ্যদুপসাদিতবিষ্ণুপাদঃ ॥২১॥

শ্রীভগবানুবাচ ॥

এবং কৃতমতির্গর্ভে দশমাস্যঃ স্তবন্ ঋষিঃ ॥

সদ্যঃ ক্ষিপত্যবাচীনং প্রসূত্যৈ সূতিমারুতঃ ॥ ২২ ॥

অন্বয়ঃ।

অব্যাকুলঃ সুহৃদা আত্মনা যুক্ত্যা, উপসাদিতবিষ্ণুপাদঃ (উপসাদিতৌ হৃদয়ং প্রাপিতৌ বিষ্ণোঃ পাদৌ যেন তথাভূতঃ সন্) অহং আশু শীঘ্রং এব আত্মানং তমসঃ সংসারদুঃখাৎ উদ্ধরিষ্যে ॥ ২১ ॥

শ্রীভগবান্ উবাচ। এবং উক্তপ্রকারেণ, কৃতমতিঃ (কৃতা মতিঃ যেন সঃ) দশমাস্যঃ (দশমাসাঃ পরিচ্ছেদকাঃ যস্য সঃ) ঋষিঃ জীবঃ ভগবন্তং স্তবন্ আস্তে, সূতিমারুতঃ তং সদ্য অবাচীনং অবাঙ্মুখং প্রসূত্যৈ বহির্নির্গমায় ক্ষিপতি প্রেরয়তি ॥ ২২ ॥

শ্রীধরস্বামী।

দুঃখং যথা মে মাভবিষ্যদ্ ভবিষ্যতি তথা কা তত্র তব সাধনসামগ্রী তত্রাহ উপসাদিতৌ হৃদয়ং প্রাপিতৌ বিষ্ণোঃ পাদৌ যেন ময়া সঃ ॥ ২১ ॥

দশমাসাঃ পরিচ্ছেদকা যস্যেতি প্রসূতিপূর্ব্বক্ষণোপলক্ষণং। ঋষি জীবঃ সদ্যস্তৎক্ষণমেব অবাচীনমবাঙ্মুখং সূতিহেতু র্মারুতঃ ক্ষিপতি নুদতি ॥ ২২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মাভবিষ্যন্ন ভবিষ্যতি কাত্র তব সাধনসামগ্রী তত্রাহ উপসাদিতৌ স্মরণকীর্ত্তনাদিভিরাশ্রিতৌ বিষ্ণোস্তব পাদৌ যেন তস্য ॥ ২১ ॥

এবং কৃত্বা গর্ভ এবোষিত্বা কৃষ্ণং ভজামীতি নিশ্চিতা মতির্যেন সঃ স্তবন্ সন্ ঋষিরেব ভবেদিত্যন্বয়ঃ। ন তস্য গর্ভান্নিঃসৃতস্য পুনঃ সংসার ইতি ভাবঃ। যস্তু প্রসূতঃ পূর্ব্বাধ্যায়ত এব প্রক্রান্তো জীবস্তস্য দুরবস্থা শ্রূয়তামিত্যাহ সদ্য ইতি। অবাচীনমধোগচ্ছন্তং সাংসারিকং সূতিহেতু র্মারুতঃ প্রসূত্যৈ সদ্যো দশমাসীয় ক্ষণএব ক্ষিপতি। তেন যঃ স্তবন্ ঋষির্ভবেৎ সতু সূতিমারুতক্ষেপং বিনৈব গর্ভান্নির্গচ্ছতীত্যর্থো লভ্যতে অত্রৈক এব জীবো যদি বিবক্ষিতঃ স্যাত্তদা পূর্ব্বার্দ্ধেঽপি কৃতমতিমিত্যেবং দ্বিতীয়ান্তান্যেব পদানি প্রযুজ্যেরন্নিতি সন্দর্ভঃ ॥ ২২ ॥

বুদ্ধির সহায়ে সর্ব্বারাধ্য জনার্দ্দনের চরণারবিন্দের এরূপ চিন্তা করিব যে, পুনরায় আমার এতাদৃশ দুঃখ আর না ঘটে ;- এবং অর্চ্চনফলে যেন শীঘ্র এই অজ্ঞানমূলক সংসারদুঃখ হইতে আপনাকে উদ্ধার করিতে পারি ॥ ২১ ॥

কপিলদেব জননীকে সম্বোধন পূর্ব্বক বলিলেন যে, জীব এই প্রকারে গর্ভবাসকালে, মনে মনে সংকল্প করিয়া দশম মাসে বিশেষ জ্ঞানীর ন্যায়

তেনাবসৃষ্টঃ সহসা কৃত্বাবাক্ শির আতুরঃ।
বিনিষ্ক্রামতি কৃচ্ছ্রেণ নিরুচ্ছ্বাসো হতস্মৃতিঃ॥ ২৩॥
পতিতো ভুব্যসৃঙ্মিশ্রো বিষ্ঠাভূরিব চেষ্টতে।
রোরূয়তি গতে জ্ঞানে বিপরীতাং গতিং গতঃ॥ ২৪॥
পরচ্ছন্দমবিদুষা পুষ্যমাণো জনেন সঃ।

অন্বয়ঃ।

তেন সূতিবাতেন, সহসা অবসৃষ্টঃ (স্বস্থানাৎ প্রচালিতঃ জীবঃ) শিরঃ অবাক্ কৃত্বা আতুরঃ অবশঃ, নিরুচ্ছ্বাসঃ মূর্চ্ছিতঃ, অত এব হতস্মৃতিঃ (হতা বিনষ্টা স্মৃতি র্যস্য সঃ) কৃচ্ছ্রেণ মহতা কষ্টেন বিনিষ্ক্রামতি॥ ২৩॥

ততঃ বিষ্ঠাভূঃ কৃমিঃ, ইব অসৃঙ্মিশ্রঃ ভূবি পতিতঃ সন্ চেষ্টতে। তদা জ্ঞানে (গর্ভবাস-কালিকে) গতে বিনষ্টে, সতি বিপরীতাং গতিং গতঃ (দেহাদ্যাত্মাভিমানং প্রাপ্তঃ সন্) রোরূয়তি (রোরূয়তে ভৃশং রোদিতি)॥ ২৪॥

পরচ্ছন্দং (পরস্য বালস্য চ্ছন্দং অভিপ্রায়ং) অবিদুষা অজানতা, জনেন পুষ্যমাণঃ

শ্রীধরস্বামী।

অবসৃষ্টঃ অধঃক্ষিপ্তঃ সন্॥ ২৩॥

রোরূয়তি রোরূয়তে॥ ২৪॥

পরস্য চ্ছন্দমভিপ্রায়মবিদুষা, অনভিপ্রেতং স্তন্যার্থং রোদনে উদরব্যথাং প্রকল্প্য নিম্বরস-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

হতী স্মৃতিঃ মৃতশ্চাহং পুনর্জাত ইত্যাদি পূর্ব্বপূর্ব্বজন্মানুসন্ধানলক্ষণা যস্য সঃ॥ ২৩॥

বিষ্ঠাভূঃ কৃমিরিব রোরূয়তি রোরূয়তে জ্ঞানে প্রাচীনে গতে সতি বিপরীতামজ্ঞত্ব-লক্ষণাং ভক্তজীবস্যাপি বস্তুস্বাভাব্যাদাবাল্যাৎ প্রায়ো জ্ঞানমাবৃতং তিষ্ঠতি ততঃ কিঞ্চিন্মাত্রং

ভগবানকে স্তব করিতে থাকে; তখন উপযুক্ত অবসরে প্রসব-বায়ু তাহাকে তৎক্ষণাৎ অধোমুখ করাইয়া গর্ভ হইতে বাহিরে বিনির্গত করিয়া দেয়॥ ২২॥

জীবও সূতিবায়ুর আকস্মিক প্রেরণে বিনষ্টস্মৃতি ও মূর্চ্ছিত হইয়া স্বস্থান হইতে প্রচালিত হইয়া পড়ে এবং অতি কষ্টে অবশভাবে গর্ভ হইতে বিনিষ্ক্রান্ত হইয়া ভূমিতে নিপতিত হয়॥ ২৩॥

তখন বিষ্ঠাজাত কৃমির ন্যায় অসৃঙ্মূত্রাদি মিশ্রিত সেই জীব ভূমিষ্ঠ হইয়া অঙ্গাদির সঞ্চালন করে। গর্ভবাস কালে তাহার যে জ্ঞানের উদয় ছিল, ভূমিষ্ঠ হইবা মাত্র তাহার সে জ্ঞান অন্তর্হিত হইয়া যায়; তখন দেহাদিতে অভিমান বশত বিপরীত জ্ঞানলাভে রোদন করিতে থাকে॥ ২৪॥

বালকের অভিপ্রায় ও আয়োজন লোকে বুঝিতে পারে না; সুতরাং সে

অনভিপ্রেতমাপন্নঃ প্রত্যাখ্যাতুমনীশ্বরঃ ॥ ২৫ ॥
শায়িতোঽশুচিপর্য্যঙ্কে জন্তুঃ স্বেদজদূষিতে।
নেশঃ কণ্ডূয়নেঽঙ্গানামাসনোত্থানচেষ্টনে ॥ ২৬ ॥
তুদন্ত্যামত্বচং দংশা মশকা মৎকুণাদয়ঃ।
রুদন্তং বিগতজ্ঞানং কৃময়ঃ কৃমিকং যথা ॥ ২৭ ॥

অন্বয়ঃ।

শিশুঃ বালঃ, অনভিপ্রেতং অনিষ্টং, আপন্নঃ (তথাপি) প্রত্যাখ্যাতুং অনীশ্বরঃ অসমর্থঃ ॥ ২৫ ॥

জন্তুঃ শিশুঃ স্বেদজদূষিতে (স্বেদজাঃ মৎকুণাদয়ঃ তৈঃ দূষিতে দুঃখপ্রদে) অশুচিপর্য্যঙ্কে (অশুচৌ মলমূত্রাদিলিপ্ততয়া অশুদ্ধে পর্য্যঙ্কে) শায়িতঃ শয়নং কারিতঃ, অঙ্গানাং কণ্ডূয়নে সংঘর্ষণে, আসনোত্থানচেষ্টনে (আসনে উপবেশনে উত্থানে চেষ্টনে) চ ন ঈশঃ অসমর্থঃ (রোরূয়তে ইতি পূর্ব্বেণান্বয়ঃ) ॥ ২৬ ॥

আমত্বচং (আমা কোমলা ত্বক্ যস্য তং) বিগতজ্ঞানং রুদন্তং তং, কৃমিকং স্থূলকৃমিং, কৃময়ঃ (সূক্ষ্মাঃ) যথা (ব্যথয়ন্তি তথা) দংশাঃ মশকাঃ মৎকুণাদয়ঃ তুদন্তি ব্যথয়ন্তি ॥ ২৭ ॥

শ্রীধরস্বামী।

পানং উদরব্যথয়া রোদনে স্তন্যপানমিত্যাদি ॥ ২৫ ॥

আসনোত্থানচেষ্টনে চানীশঃ সন্ রোরূয়তীত্যনুষঙ্গঃ ॥ ২৬ ॥

আমা কোমলা ত্বক্ যস্যেতি তং বিগতং গর্ভে জাতং, জ্ঞানং যস্য ॥ ২৭ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী ॥

সৎসঙ্গেনোদ্বুদ্ধপূর্ব্বসংস্কারস্য ভক্ত্যা ভগবৎপ্রাপ্তিরিতি জ্ঞেয়ং পরস্য ছদ্মমভিপ্রায়ম্ বিদুষা স্তন্যার্থং রোদনে উদরব্যথাং প্রকল্প্য নিষ্করসং পায়য়তা উদরব্যথায়াং রোদনে ক্ষুধাং প্রকল্প্য স্তন্যং পায়য়তা জনেন মাত্রাদিনা নেশঃ ন সমর্থঃ রোরূয়ত ইত্যনুষঙ্গঃ ॥ ২৪—২৬ ॥

আমা কোমলা ত্বগ্ যস্য তং কৃমিকং ক্ষুদ্রকৃমিং ॥ ২৭ ॥

লোক কর্ত্তৃক যতই লালিত ও পালিত হউক্ না, প্রয়োজন অনুসারে মনের মত আচরণ কখন পায় না; বরং বিপরীত ব্যবহারই লাভ করিয়া থাকে; কিন্তু তথাপি তাহার প্রতীকারে বালক সমর্থ হয় না ॥ ২৫ ॥

বালকের শয্যা ঘর্ম্মাদিজনিত নানাপ্রকার মৎকুণাদি ক্ষুদ্র কীটে পরিপূর্ণ হয়; এবং মল মূত্রাদির দুর্গন্ধে দূষিত তাদৃশ শয্যায় শয়ান থাকিয়া প্রয়োজন মত গাত্র-কণ্ডূয়ন, উপবেশন, উত্থান বা কোনরূপ চেষ্টা করিতে শিশু সক্ষম হয় না ॥ ২৬ ॥

বৃহজ্জাতীয় কৃমিকে যেমন সূক্ষ্ম কীটসমূহ নিরন্তর যাতনা দেয়, সেইরূপ এই ভ্রষ্টজ্ঞান রোদনশীল বালকের কোমল ত্বকে সর্ব্বদা দংশন করত দংশ,

ইত্যেবং শৈশবং ভুক্ত্বা দুঃখং পৌগণ্ডমেবচ।
অলব্ধাভীপ্সিতোঽজ্ঞানাদিদ্ধমন্যুঃ শুচার্পিতঃ ॥ ২৮ ॥
সহ দেহেন মানেন বর্দ্ধমানেন মন্যুনা।
করোতি বিগ্রহং কামী কামিষ্বন্তায় চাত্মনঃ ॥ ২৯ ॥
ভূতৈঃ পঞ্চভিরারব্ধে দেহে দেহ্যবুধোঽসকৃৎ ॥

অন্বয়ঃ।

ইত্যেবং উক্তপ্রকারকং শৈশবং (পঞ্চবর্ষপরিমিতং বয়ঃ, তত্র ভবং) তথা পৌগণ্ডং (যৌবনাৎ প্রাগবস্থা তত্র ভবং অধ্যয়নাদিজনিতং) দুঃখং চ ভুক্ত্বা (যৌবনে) অলব্ধাভীপ্সিতঃ (ন লব্ধং অভীপ্সিতং ইষ্টং যেন সঃ) শুচার্পিতঃ [শুচা শোকেন অর্পিতঃ ব্যাপ্তঃ) অজ্ঞানাৎ ইদ্ধমন্যুঃ (ইদ্ধঃ প্রদীপ্তঃ মন্যুঃ ক্রোধঃ যস্য সঃ) ॥ ২৮ ॥

কামী দেহেন সহ বর্দ্ধমানেন মানেন অহঙ্কারেণ, মন্যুনা চ আত্মনঃ অন্তায় নাশায়, কামিষু বিগ্রহং বৈরং করোতি ॥ ২৯ ॥

পঞ্চভিঃ মহাভূতৈঃ আরব্ধে দেহে কুমতিঃ অবুধঃ, স্বরূপজ্ঞানশূন্যঃ অসদ্গ্রাহঃ (অসন্

শ্রীধরস্বামী।

শৈশবং পঞ্চবর্ষাণি ততঃ পৌগণ্ডং যৌবনাদর্ব্বাক্ অধ্যায়নাদিদুঃখং যৌবনদুঃখমাহ সার্দ্ধৈস্ত্রিভিঃ। অলব্ধাভীপ্সিতত্বেন শুচার্পিতো ব্যাপ্তঃ অজ্ঞানাদিদ্ধো দীপ্তো মন্যুর্যস্য সঃ ॥ ২৮ ॥

দেহেন সহৈব বর্দ্ধমানেনাভিমানেন মন্যুনাচ বিগ্রহং বিরোধং করোতি আত্মনোঽন্তায় নাশায় ॥ ২৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

ইদ্ধমন্যুরুদ্দীপ্তক্রোধঃ শুচার্পিতঃ শোকব্যাপ্তঃ ॥ ২৮ ॥ ২৯ ॥

অজ্ঞানং দর্শয়তি। ভূতৈঃ পঞ্চভিরারব্ধ ইতি দেহস্য স্বতোঽন্যত্বং স্পষ্টমেব তদপি

মশক ও মৎকুণাদিগণ নানাপ্রকার ক্লেশ প্রদান করিয়া থাকে ॥ ২৭ ॥

এই প্রকারে পঞ্চবর্ষাবধি শৈশবকালের এবং যৌবনের পূর্ব্বাবস্থা পৌগণ্ড-কালীন দুঃখ-অনবরত ভোগ করিয়া, যখন যৌবন-পদবীতে জীব আরোহণ করে, তখন অজ্ঞানতা-নিবন্ধন ভোগে সর্ব্বদা আকাঙ্ক্ষা করে, কিন্তু অভিলষিত বিষয়ের অপ্রাপ্তি-জনিত ক্রোধে অন্ধ হইয়া শোকাভিভূত হয় মাত্র ॥ ২৮ ॥

এবং দেহাদির অভিমানে ক্রোধপরতন্ত্র হইয়া সাধুজনোচিত পথ উল্লঙ্ঘন পূর্ব্বক নিজেরই ধ্বংসের জন্য, কামনা বশত অন্য কামাতুরের সহিত বিষয়-সম্বন্ধ লইয়া বিরোধ আরম্ভ করে ॥ ২৯ ॥

পঞ্চ মহাভূতের সম্মিলনে নির্ম্মিত দেহে স্বরূপজ্ঞানহীন অবোধ দেহী

অহং মমেত্যসদ্গ্রাহঃ করোতি কুমতির্মতিং ॥ ৩০ ॥
তদর্থং কুরুতে কর্ম্ম যদ্বদ্ধো যাতি সংসৃতিং।
যোঽনুযাতি দদৎ ক্লেশমবিদ্যাকর্ম্মবন্ধনঃ ॥ ৩১ ॥
যদ্যসদ্ভিঃ পথি পুনঃ শিশ্নোদরকৃতোদ্যমৈঃ।

অন্বয়ঃ।

গ্রাহঃ যস্য সঃ) অসদাগ্রহঃ দেহী অহং মম ইতি মতিং অসকৃৎ করোতি ॥ ৩০ ॥

অবিদ্যাকর্ম্মবন্ধনঃ (অবিদ্যয়া দেহাদ্যাত্মাভিমানেন কৃতং, যৎ কর্ম্ম তেন বদ্ধ্যতে বিরচ্যতে ইতি) যঃ দেহঃ (এনং জীবং) ক্লেশং জন্মমরণজরাব্যাধ্যাদি দুঃখং,)দদৎ অনুযাতি অনুবর্ত্ততে, তদর্থং এব কর্ম্ম কুরুতে যদ্বদ্ধঃ (যেন কর্ম্মণা বদ্ধঃ সন্) স্বয়ং সংসৃতিং নানা-যোনিং, যাতি ॥ ৩১ ॥

যদি অসদ্ভিঃ অসত্যাং পথি মার্গে আস্থিতঃ সন্ শিশ্নোদরকৃতোদ্যমৈঃ (শিশ্নোদরার্থে

শ্রীধরস্বামী।

অজ্ঞানং প্রপঞ্চয়তি ভূতৈরারব্ধদেহে অসদাগ্রহোঽহং মমেতি মতিং করোতি ॥ ৩০ ॥

তদর্থং দেহার্থং যদ্‌যেন কর্ম্মণা বদ্ধঃ যো দেহোঽনুযাতি পুনঃ পুনরুপযাতি অনুবর্ত্তত ইতি বা কুতঃ অবিদ্যাকর্ম্মভ্যাং বধ্যতে ইতি তথা ॥ ৩১ ॥

যদ্যসদ্ভিরাস্থিতঃ অধিষ্ঠিতঃ সন্ তেষাং পথি রমতে। পথি সন্মার্গে আস্থিতোঽপি যদ্য-

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তত্রৈব অহং মমেতি মতিং করোতি অসদ্গ্রাহঃ অনদ্বস্তুষ্বেব গৃহ্যাতি নতু সৎ ॥ ৩০ ॥

তদর্থং দেহার্থং যদ্‌যেন কর্ম্মণা বদ্ধঃ। যো দেহঃ জীবায় ক্লেশং নরকাদিদুঃখং দদৎ দাতুং অনুযাতি অবিদ্যয়া কর্ম্মবন্ধনং যতঃ সঃ। যো দেহঃ ক্লেশং দদাতি তমেব পাপকর্ম্ম-ণাপি পুষ্যতীতি মৌঢ্যং ॥

পূর্ব্ববদিতি যাতনাদেহ আবৃত্যেতি পূর্ব্বোক্তপ্রকারেণ নরকং বিশতি যদ্যসদ্ভিরিত্য-নেন যদি সদ্ভিঃ পথি পুনঃ কৃষ্ণসেবা কৃতোদ্যমৈঃ। আস্থিতো রমতে জন্তুঃ কৃষ্ণং প্রাপ্নোতি

আগ্রহ-সহকারে আবদ্ধ হইয়া "আমি" ও "আমার" এইরূপ মিথ্যাবোধে নিরন্তর ভ্রান্ত হইয়া থাকে ॥ ৩০ ॥

দেহাদিতে আত্মাভিমান পূর্ব্বক যে সকল কর্ম্মের অনুষ্ঠান করা যায়, সেই সকল কর্ম্মই ভোগসম্পাদনার্থ পুনরায় দেহ-রচনার হেতু হয়। সুতরাং দেহই দেহীকে জন্ম, মরণ, জরা ও ব্যাধ্যাদিজনিত বিবিধ দুঃখ প্রদান করত; দেহীর অনুসরণ করিয়া থাকে। দেহীও দেহলাভে পুনঃ কর্ম্ম করায়, বারংবার বিচিত্র যোনিতে পরিভ্রমণ করিয়া থাকে ॥ ৩১ ॥

জীব দেহ লাভ করিয়া, যদি অসৎপথাবলম্বনে কেবল শিশ্নোদর-পরায়ণ

আস্থিতো রমতে জন্তুস্তমো বিশতি পূর্ব্ববৎ ॥ ৩২ ॥
সত্যং শৌচং দয়া মৌনং বুদ্ধিহ্রীঃ শ্রীর্যশঃ ক্ষমা।
শমো দমো ভগশ্চেতি যৎসঙ্গাদ্যাতি সংক্ষয়ং ॥ ৩৩ ॥
তেষ্বশান্তেষু মূঢ়েষু খণ্ডিতাত্মস্বসাধুষু।
সঙ্গং ন কুর্য্যাচ্ছোচ্যেষু যোষিৎক্রীড়ামৃগেষু চ ॥ ৩৪ ॥

অন্বয়ঃ।

কৃতঃ উদ্যমঃ প্রযত্নঃ যৈঃ তৈঃ সহ) জন্তুঃ জীবঃ পুনঃ রমতে তদা পূর্ব্ববৎ তমঃ নরকং বিশতি ॥ ৩২ ॥

যৎসঙ্গাৎ (যেষাং সঙ্গাৎ) সত্যং যথার্থত্বং শৌচং বাহ্যাভ্যন্তরশুদ্ধত্বং, দয়া পরদুঃখপ্রহাণেচ্ছা, মৌনং বৃথালাপনিবৃত্তিঃ, বুদ্ধিঃ হেয়োপাদেয়বিবেকঃ, হ্রীঃ লজ্জা, শ্রীঃ ধনশোভাচ, যশঃ সৎকীর্ত্তিঃ, ক্ষমা পরাপরাধসহিষ্ণুতা, শমঃ মনোনিগ্রহঃ, দমঃ ইন্দ্রিয়নিগ্রহঃ, ভগঃ সৌভাগ্যং চ ইতি আদয়ঃ সংক্ষয়ং বিনাশং যাতি ॥ ৩৩ ॥

অশান্তেষু বিষয়বৈতৃষ্ণ্যরহিতেষু, মূঢ়েষু বিষয়াসক্তেষু, খণ্ডিতাত্মসু (কামক্রোধাদিভিঃ বিক্ষিপ্তচিত্তেষু) যোষিৎক্রীড়ামৃগেষু (যোষিতাং ক্রীড়ামৃগবৎ অধীনেষু অতঃ সাধুভিঃ শোচ্যেষু নরকেষু সঙ্গং ন কুর্য্যাৎ ॥ ৩৪ ॥

শ্রীধরস্বামী।

সদ্ভিঃ সহ রমতে ইতি বা। তর্হি যাতনাদেহ আবৃত্য ইত্যাদি পূর্ব্বোক্তপ্রকারেণ নরকং বিশতি ॥ ৩২ ॥

অসৎ সঙ্গং নিন্দতি সত্যমিতি ত্রিভিঃ ॥ ৩৩ ॥

খণ্ডিতাত্মসু দেহাত্মবুদ্ধিষু যোষিতাং ক্রীড়ামৃগ ইবাধীনেষু ॥ ৩৪ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

পূর্ব্ববদিতি চ লভ্যতে। অত্র পূর্ব্ববদিতি পূর্ব্বোক্তভক্তজীববদিত্যর্থঃ ॥ ৩১ ॥ ৩২ ॥

অসন্ত এব কে ইতি তান্ লক্ষয়ন্ তৎসঙ্গং নিষিদ্ধতি সত্যমিতি ত্রিভিঃ ॥ ৩৩ ॥

খণ্ডিতাত্মসু আত্মনোঽধঃ পাতনাদাত্মঘাতিষিত্যর্থঃ ॥ ৩৪ ॥

অন্যান্য জীবের সহবাসে সম্ভোগ সুখেই কালাতিপাত করে, তাহা হইলে তাহাকে পূর্ব্বের ন্যায় নরক-যাতনাই ভোগ করিতে হয় ॥ ৩২ ॥

যাহাদের সংসর্গে সত্য শৌচ, দয়া, মৌন, বিবেক, লজ্জা, ধনাদি ঐশ্বর্য্য শ্রীঃ, সৎকীর্ত্তি, সহিষ্ণুতা, শম, দম ও সৌভাগ্যাদি বিনষ্ট হইয়া যায় ॥ ৩৩ ॥

অশান্তচেতা, বিষয়াসক্ত এবং কাম ক্রোধাদির নিতান্ত বশীভূত বিমূঢ়বুদ্ধি নারীর ক্রীড়াপুত্তলিকা তাদৃশ স্ত্রৈণ পুরুষদিগের সঙ্গ সর্ব্বতোভাবে পরিত্যাগ করাই বিধেয়। কারণ ক্রীড়ামৃগের ন্যায় নারীর পরাধীন উক্ত ব্যক্তিগণকে

ন তথাস্য ভবেন্মোহো বন্ধশ্চান্যপ্রসঙ্গতঃ।
যোষিৎসঙ্গাদ্ যথা পুংসো যথা তৎসঙ্গিসঙ্গতঃ ॥ ৩৫ ॥
প্রজাপতিঃ স্বাং দুহিতরং দৃষ্ট্বা তদ্রূপধর্ষিতঃ।
রোহিদ্ভূতাং সোঽন্বধাবদৃষ্যরূপী হতত্রপঃ ॥ ৩৬ ॥

অন্বয়ঃ।

অস্য পুংসঃ যোষিৎসঙ্গাৎ (যোষিতাং সঙ্গাৎ) যথা, যথা চ তৎসঙ্গিসঙ্গতঃ (তাসাং যোষিতাং সঙ্গিনাং সঙ্গতঃ) মোহঃ বিষয়াসক্তিঃ, বন্ধঃ ভবেৎ তথা অন্যপ্রসঙ্গতঃ (অন্যস্য অসতঃ প্রসঙ্গতঃ ন (ভবেদিতি)) ॥ ৩৫ ॥

প্রজাপতিঃ ব্রহ্মা, স্বাং দুহিতরং সরস্বতীং দৃষ্ট্বা তদ্রূপধর্ষিতঃ (তস্যাঃ রূপেণ সৌন্দর্য্যেণ ধর্ষিতঃ মোহিতঃ সন্) রোহিদ্ভূতাং (তদ্দুরভিপ্রায়মালক্ষ্য রোহিদ্রূপাং মৃগীরূপেণ পলায়মানাং) সঃ ব্রহ্মা ঋষ্যরূপী মৃগরূপী সন্ হতত্রপঃ গতলজ্জঃ এব অন্বধাবৎ ॥ ৩৬ ॥

শ্রীধরস্বামী।

যথাচ যোষিৎসঙ্গিনাং সঙ্গতো বন্ধঃ তথাঽন্যস্য প্রসঙ্গতো ন ভবেৎ ॥ ৩৫ ॥

যোষিৎসঙ্গস্যানর্থহেতুত্বং প্রপঞ্চয়তি প্রজাপতিরিতি সপ্তভিঃ। রোহিদ্ভূতাং মৃগীরূপাং সতীং ঋষ্যরূপী মৃগাকারঃ সন্ হতত্রপো নির্লজ্জঃ ॥ ৩৬ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যথাচ তৎসঙ্গিসঙ্গত ইতি চকারোঽত্র অধ্যাহার্য্যঃ ॥ ৩৫ ॥

বিবেকজ্ঞানাদিমতাং মহাপুরুষাণাং ধিয়ং ভ্রংশয়িতুং যোষিন্ন শক্নোতীতি বাচামিত্যাহ প্রজাপতি ব্রহ্মা রোহিদ্ভূতাং মৃগীরূপাং সতীং ঋষ্যরূপী মৃগাকারঃ সন্ ॥ ৩৬ ॥

বিশেষ শোক-সাগরে নিমগ্ন হইতে হইবে, বলিয়া বিবেকিগণ দুঃখপ্রকাশ করিয়া থাকেন ॥ ৩৪ ॥

যোষিৎগণের সম্বন্ধে বা স্ত্রৈণ লম্পটের সংসর্গে পুরুষের যেরূপ বিষয়াসক্তি ও বন্ধন ঘটে, এরূপ অন্য কাহারও সংসর্গে ঘটে না ॥ ৩৫ ॥

সামান্য ব্যক্তির কথা দূরে থাকুক, কামিনীর রূপলাবণ্যে যে শ্রেষ্ঠ ব্যক্তিগণেরও মোহ উৎপন্ন হয়, কমলযোনি ব্রহ্মাই তাহার জাজ্বল্যমান দৃষ্টান্ত। প্রজাপতি ব্রহ্মা স্বকীয় কন্যা সরস্বতীর সৌন্দর্য্য দর্শনে এতই বিমোহিত হইয়াছিলেন যে, নির্লজ্জের ন্যায় অপরের সমক্ষেও তাঁহার অনুগমনে কুণ্ঠিত হন নাই। অধিক কি! সরস্বতী জনকের দুরভিপ্রায় লক্ষ্য করিয়া, মৃগীরূপ ধারণে পলায়ন-পরায়ণা হইলেও, ব্রহ্মা মৃগরূপ ধারণে তাঁহার অনুগমন করিয়াছিলেন ॥ ৩৬ ॥

তৎসৃষ্টসৃষ্টসৃষ্টেষু কোঽন্বখণ্ডিতধীঃ পুমান্।
ঋষিং নারায়ণমৃতে যোষিন্ময্যেহ মায়য়া ॥ ৩৭ ॥
বলং মে পশ্য মায়ায়াঃ স্ত্রীময্যা জয়িনো দিশাং।
যা করোতি পদাক্রান্তান্ ভ্রূবিজৃম্ভেণ কেবলং ॥ ৩৮ ॥

অন্বয়।

(তর্হি) তৎসৃষ্টসৃষ্টসৃষ্টেষু (তেন ব্রহ্মণা সৃষ্টাঃ মরীচ্যাদয়ঃ তৈঃ সৃষ্টাঃ কশ্যপাদয়ঃ তৈঃ সৃষ্টাঃ যে দেবমনুষ্যাদয়ঃ তেষু মধ্যে) ইহ সংসারে, নারায়ণং ঋষিং ঋতে বিনা, যোষিন্ময্যা মায়য়া নু ভো অখণ্ডিতধীঃ (ন খণ্ডিতা মোহিতা ধীঃ যস্য তথাভূতঃ) পুমান্ কোনু (ন কোঽপি) ॥ ৩৭ ॥

স্ত্রীময্যাঃ নারীরূপায়াঃ মে মম মায়ায়াঃ বলং মোহনসামর্থ্যং পশ্য। যা স্ত্রীঃ কেবলং ভ্রূবিজৃম্ভেণ (ভ্রুবোঃ বিজৃম্ভেণ বিক্ষেপেণ) দিশাং জয়িনঃ শূরান্ অপি পদাক্রান্তান্ স্বাধীনান্ করোতি ॥ ৩৮ ॥

শ্রীধরস্বামী।

তেন ব্রহ্মণা সৃষ্টাঃ মরীচ্যাদয় স্তৈঃ সৃষ্টাঃ কশ্যপাদয় স্তৈরপি দেবমনুষ্যাদয় স্তেষু কোনু পুমান্ অখণ্ডিতধীরনাকৃষ্টমনাঃ ॥ ৩৭ ॥

দিশাং জয়িনঃ শূরানপি ॥ ৩৮ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তেন ব্রহ্মণা সৃষ্টা মরীচ্যাদয়স্তৈঃ সৃষ্টাঃ কশ্যপাদয় স্তৈরপি দেবমনুষ্যাদয়স্তেষু মধ্যেষু কথম্ভূতেষু নারায়ণমৃতে নারায়ণং বিনা বর্ত্তমানেষু নারায়ণমনুপাসীনেষিত্যর্থঃ। তেষু মধ্যে নারায়ণং বিনেতি ন ব্যাখ্যেয়ং নারায়ণস্য বিধিসৃজ্যত্বাপত্তেঃ ॥ ৩৭ ॥

দিশাং জয়িনঃ সর্ব্বা দিশো বিজিত্য স্বান্তঃপুরমাগতাংশ্চক্রবর্ত্তিনোঽপি যা মাং ত্যক্ত্বা অন্যদেশীয়াঃ স্ত্রীঃ সম্ভোক্তুং দিগ্বিজয়ং করোষি ধিক্ ত্বামিতি বাঙ্ময়েন কোপকুটিলীকৃতেন ভ্রূবিজৃম্ভেণ মানিনী স্ত্রীজাতি স্তান্ প্রণমতঃ পদাক্রান্তান্ পদপ্রহারপরিভূতান্ করোতীতি কেবলং নিণীতং নাত্র যুক্তিরন্বেষ্টব্যেতি ভাবঃ নিণীতে কেবলমিত্যমরঃ ॥ ৩৮ ॥

অতএব যখন সেই প্রজাপতিরই প্রথম সৃষ্ট জীব মরীচ্যাদি ঋষিগণ কশ্যপাদি প্রজাপতিগণের সৃষ্টি করিয়াছেন, এবং তাঁহারাই আবার এই দেবমনুষ্যাদি জীবনিচয়ের উৎপাদন করিয়াছেন, তখন এই সংসারে নারীরূপলাবণ্যাদি বিষম কুহকে বিমোহিত হন না, এমন লোকত নিতান্তই বিরল; কেবল ভগবান্ নারায়ণকেই সর্ব্বদোষবর্জ্জিত বলিয়া অবধারণ করিতে হইবে॥ ৩৭

আমার নারীরূপা মোহিনী শক্তির আর পরিচয় কি দিব! তাঁহারা কটাক্ষ-ভঙ্গিমাত্রেই সর্ব্বজয়ী দিক্‌পতিগণকেও অবলীলাক্রমে আপনাদের পদানত করিয়া ফেলেন, সন্দেহ নাই ॥ ৩৮ ॥

সঙ্গং ন কুর্য্যাৎ প্রমদাসু জাতু যোগস্য পারং পরমারুরুক্ষুঃ।
সৎসেবয়া প্রতিলব্ধাত্মলাভো বদন্তি যা নিরয়দ্বারমস্য ॥ ৩৯ ॥

অন্বয়ঃ

অতঃ সৎসেবয়া প্রতিলব্ধাত্মলাভঃ (প্রতিলব্ধঃ আত্মলাভঃ আত্মজ্ঞানং যেন সঃ) (আত্মভাবঃ আত্মবোধঃ ইত্যপি পাঠদ্বয়ঃ অতএব) যোগস্য পরং পারং ফলং আরুরুক্ষুঃ প্রাপ্তুং ইচ্ছুঃ জনঃ, জাতু কদাচিৎ, প্রমদাসু স্ত্রীষু সঙ্গং ন কুর্য্যাৎ। যা প্রমদা অস্য মুমুক্ষোঃ নিরয়স্য নরকস্য দ্বারং) বদন্তি (মনীষিণঃ আহুঃ) ॥ ৩৯ ॥

শ্রীধরস্বামী।

প্রতিলব্ধো আত্মরূপো লাভো যেন। অস্য মুমুক্ষোঃ যাঃ প্রমদাঃ নিরয়দ্বারং বদন্তি যোগিনঃ ॥ ৩৯ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

প্রমদাসু স্বীয়াস্বপি সঙ্গমাসক্তিং পরং পারমারুরুক্ষু র্জ্ঞানীচ প্রতিলব্ধাত্মভাবো ভক্তশ্চ তেন ন কুর্য্যাৎ নো শয়ানঃ পততাধ ইতি ন্যায়েন কর্ম্মী স্ত্রীসঙ্গকৃদপি ন দুষ্যতীতি লভ্যতে। অস্য পুংমাত্রস্য ॥ ৩৯ ॥

অতএব সৎসঙ্গে আত্মজ্ঞান লাভ করত যোগের চরম ফলের প্রতি যাঁহাদের আকাঙ্ক্ষা আছে, তাঁহারা যেন প্রমদাগণের প্রণয়ে কখন আবদ্ধ না হন। ইহারা মুমুক্ষুগণের সাক্ষাৎ নরকদ্বার, বলিয়া মনীষিগণ নিরূপণ করিয়া থাকেন ॥ ৩৯ ॥

আভাস।

নারীসংসর্গে পুরুষের যেমন আন্তরিক অবনতি ঘটে, পুরুষের সংসর্গে উন্নতচেতা নারীরও উন্নতিপথ সেইরূপ কণ্টকিত হইয়া থাকে। অকিঞ্চিৎকর গার্হস্থ সুখের প্রত্যাশায় পরস্পরের মিলনে জীবের যে কতদূর নিকৃষ্টতা লাভ হয়, সমগ্র শাস্ত্রই তাহার পরিচয় স্থল। নরনারীর পরস্পর মিলন ব্যতীত সংসার-তুষানলে জীবকে বন্ধন পূর্ব্বক দগ্ধ করিবার জন্য অন্য কোন বিশেষ কারণ স্পষ্টত উপলব্ধ হয় না। নরনারীর পরস্পরে প্রেমই যাবতীয় অনর্থের মূল। আসক্তির অনন্ত-মূল এই প্রাকৃতিক প্রেমরসেই পুষ্ট হইয়া, বিচিত্র নাম ও রূপ ধারণে বিবিধ বিষয়ে পরিচিত হইয়া থাকে। কিন্তু যেমন বৃক্ষের মূল নিকৃন্তনে শাখা পল্লবাদি সকলই শুষ্ক হইয়া যায় এবং মূল রক্ষা করত কেবল তাহাতেই জল সিঞ্চন করিলে শাখাপল্লবাদি ফলকুসুমে আপনা হইতেই সুশোভিত হয়, সেইরূপ প্রাকৃতিক প্রেমে আবদ্ধ নরনারীর হৃদয় হইতে বিষয়াসক্তির নিবারণ নিতান্তই দুরূহ। উক্ত প্রেমে পুষ্ট জীবের আসক্তির মূল মৃদু, মধ্য ও তীব্রাকারে, স্থূল সূক্ষ্ম ও কারণভাবে কত দূরবর্ত্তী দ্রব্য হইতে যে রস সংগ্রহের চেষ্টা করে, কে তাহার ইয়ত্তা করিতে পারে? প্রাকৃতিক প্রেমের স্বাভাবিক ধর্ম্মই আসক্তির বৃদ্ধি করা এবং আসক্তির বৃদ্ধিতেই সংসারপ্রবাহ অনিবার্য্য। অতএব

যোপযাতি শনৈর্মায়া যোষিদ্দেববিনির্ম্মিতা।
তামীক্ষেতাত্মনো মৃত্যুং তৃণৈঃ কূপমিবাবৃতং ॥ ৪০ ॥
যাং মন্যতে পতিং মোহান্নন্যায়ামৃষভায়তীং।

অন্বয়ঃ।

যা দেববিনির্ম্মিতা (দেবেন ভগবতা বিনির্ম্মিতা) যোষিদ্রূপা মায়া শনৈঃ উপযাতি সমীপং আয়াতি তাং যোষিতং তৃণৈঃ আবৃতং কূপং ইব আত্মনঃ মৃত্যুং অনর্থকরীং ঈক্ষেত ॥ ৪০ ॥

ঋষভায়তীং পুরুষবৎ আচরন্তীং যাং মম মায়াং মোহাৎ বিত্তাপত্যগৃহপ্রদং পতিং

শ্রীধরস্বামী।

শনৈঃ শুশ্রূষাদিমিষেণ উপযাতি যা যোষিদ্রূপা মায়া তাং মৃত্যুং প্রতিকূলমীক্ষেত ॥৪০॥

মুমুক্ষুং স্ত্রিয়ং প্রত্যেতদেবাহ যামিতি দ্বাভ্যাং ঋষভায়তীং পুরুষবদাচরন্তীং যাং মম

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

যাচ পুরুষং বিরক্তং জ্ঞাত্বা স্বীয় নিষ্কামতাং ব্যঞ্জয়ন্তী শুশ্রূষাদিমিষেণোপযাতি সাপ্যনর্থকারিণীত্যাহ। যোপযাতীতি ঈক্ষেৎ ঈক্ষেত। অত্র তৃণাচ্ছাদিতকূপস্য ময়ি জনঃ পতিষ্যতীতি ভাবনাভাবাৎ কস্যচিৎ পার্শ্বেঽপ্যনাগমনাৎ সর্ব্বত্রোদাসীনা বা ভক্তিজ্ঞানবৈরাগ্যাদিমতী বা উন্মাদচেতনা নিদ্রাণা বা মৃতাপি বা স্ত্রী সর্ব্বথৈব দূরে পরিত্যাজ্যেতি ব্যঞ্জিতং ॥ ৪০ ॥

যথা ভক্তিজ্ঞানবতাং পুংসাং যোষিদনর্থহেতু স্তথৈব ভক্তিজ্ঞানবতীনাং যোষিতাং পুমাংশ্চেত্যাহ যামিতি দ্বাভ্যাং। ঋষভায়তীং পুরুষবদাচরন্তীং যাং মম মায়াং পতিং বিত্তাদিপ্রদং

ভগবন্নির্ম্মিতা এই যোষিদ্রূপা মায়া প্রেম বিতরণচ্ছলে যতই মোহপ্রদ রূপ ধারণে নিকটে অগ্রসর হউক্ না, তৃণাচ্ছাদিত অন্ধকূপের ন্যায় সাক্ষাৎ মৃত্যু-তুল্য অনর্থকারী বোধে তাহাদের সঙ্গ হইতে আপনাকে পৃথক্ রাখিতে হইবে, সন্দেহ নাই ; নতুবা পতন অনিবার্য্য ॥ ৪০ ॥

পুরুষের নারীসঙ্গ যেমন দূষণীয়, ভক্তিমতী নারীর পক্ষে পুরুষ-সংসর্গও তদপেক্ষা কিছু অল্প দূষণীয় নহে। ভগন্মায়াই পুরুষচিত্তনে পুরুষ ও নারী

আভাস

বৃক্ষকে বিনাশ করিতে হইলে, যেমন তাহার মূল ছেদন করাই সর্ব্বতোভাবে বিধেয়, সেইরূপ আসক্তিমূলক সংসারের প্রতিবন্ধক করিতে হইলে, প্রাকৃতিক প্রেমসূত্রের মূলে বৈরাগ্যের তীক্ষ্ণ ছুরিকার আঘাত করাই কর্ত্তব্য। যে নর বা নারী উক্ত প্রেম কুহক হইতে আপনাকে রক্ষা করিতে অতি অল্পমাত্রায় উপেক্ষা করিয়াছেন, তিনিই তৃণাচ্ছাদিত অন্ধকূপে প্রস্তর নিপতনের ন্যায়, দারুণ অজ্ঞানপাশে যে আবদ্ধ হইবেন, সে বিষয়ে আর সন্দেহ

স্ত্রীত্বং স্ত্রীসঙ্গতঃ প্রাপ্তো বিত্তাপত্যগৃহপ্রদং ॥ ৪১ ॥
তামাত্মনো বিজানীয়াৎ পত্যাপত্যগৃহাত্মকং।
দৈবোপসাদিতং মৃত্যুং মৃগয়োর্গায়নং যথা ॥ ৪২ ॥

অন্বয়ঃ।

মন্যতে তাং পত্যাপত্যগৃহাত্মকং পূর্ব্বজন্মনি স্ত্রীসঙ্গতঃ স্ত্রীত্বং প্রাপ্তঃ (জীবঃ) ইদানীং মৃগয়োঃ ব্যাধস্য, গায়নং গীতং যথা তথা দৈবোপসাদিতং আত্মনঃ মৃত্যুং এব বিজানীয়াৎ ॥ ৪১ ॥ ৪২ ॥

শ্রীধরস্বামী।

মায়াং বিত্তাদিপ্রদং পতিং মন্যতে তদা তাং পুরুষরূপাং মায়াং মৃত্যুং বিদ্যাদিত্যুত্তরেণান্বয়ঃ; অতঃ পূর্ব্বজন্মনি পুমান্ স্ত্রীসঙ্গতোঽন্তকালে স্ত্রীধ্যানেন স্ত্রীত্বং প্রাপ্তো জীবঃ ॥ ৪১ ॥

তাং পত্যাদিরূপাং মৃত্যুং বিজানীয়াৎ। মৃগয়ো লুব্ধকস্য গায়নং অনুকূলত্বেন প্রতীয়মানমপি যথা মৃগস্য মৃত্যুঃ ॥ ৪২ ॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

মন্যতে। স্ত্রীসঙ্গতঃ অন্তকালে স্ত্রীধ্যানেন স্ত্রীত্বং প্রাপ্তো জীবঃ ॥ ৪১ ॥

তাং মায়াং পত্যাদিরূপং মৃত্যুং জানীয়াৎ যথা মৃগয়োর্লুব্ধকস্য গানং সুখদমপি মৃগো মৃত্যুং জানীয়াৎ ॥ ৪২ ॥

ভাবনায় নারীরূপ ধারণ করিয়া থাকে; সুতরাং বিত্তাপত্য ও সুখসচ্ছন্দের প্রদানকারী পতিরূপে প্রতীয়মান দৈবশক্তিকেও মৃগসম্বন্ধে ব্যাধের মধুর গীতের ন্যায়, আত্মসম্বন্ধে সাক্ষাৎ মৃত্যুজ্ঞানে ভক্তিমতী কামিনীও যেন পুরুষের আকর্ষণকে পরিহার করেন ॥ ৪১ ॥ ৪২ ॥

আভাস।

নাই। ভগবান্ হরিণকে এতই বলবিশিষ্ট ও দ্রুতগমনশীল চরণচতুষ্টয় দিয়াছেন যে চরণের সাহায্যে তাহারা ব্যাধের শরকেও অতিক্রম করিয়া পলায়ন করিতে পারে; কিন্তু অপর একটী ইন্দ্রিয়ের দোষে সে ইচ্ছা পূর্ব্বক মৃত্যুকে আলিঙ্গন করিয়া থাকে। ব্যাধ মৃগবধের অভিপ্রায়ে অরণ্যমধ্যে মধুর তান ও লয়াদি সহ বংশীধ্বনি করিয়া থাকে; হরিণ দূর হইতে বংশীরব শ্রবণে এতই মোহিত হয় যে, তাহার আকর্ষণে কালান্তক যম সদৃশ ব্যাধকেও নিরুপম আনন্দপ্রদ ও হৃদয়সখা বোধে তাহার সন্নিকটেই আগমন করে। জীব মানবযোনি লাভে জ্ঞানবৈরাগ্যাদি অসামান্য বিধিগুণে এতই অলঙ্কৃত যে, সংসারের অনন্ত মায়াকে সে এই জন্মেই অতিক্রম করিতে পারে; কিন্তু এক ইন্দ্রিয়ের দোষে তাহার সেই সকল আশা ও ভরসা বায়ুবিভিন্ন তরণীর ন্যায় অজ্ঞানের গভীর গহ্বরে বিলীন হইয়া যায়। গীতাতে উক্ত আছে, "ইন্দ্রিয়াণি প্রমাথীনি হরন্তি প্রসভং মনঃ" প্রমথনকারী ইন্দ্রিয়গণ বিবেকীর মনকেও বিষয়পথের পথিক করিয়া ফেলে। নরনারীর পরস্পর

দেহেন জীবভূতেন লোকাল্লোকমনুব্রজন্।
ভুঞ্জান এব কর্ম্মাণি করোত্যবিরতং পুমান্॥ ৪৩॥

আভাস।

জীবভূতেন জীবোপাধিভূতেন, দেহেন লিঙ্গদেহেন, পুমান্ লোকাৎ জীবলোকাৎ, লোকং দেহান্তরং, অনুব্রজন্ (প্রারব্ধকর্ম্মফলং) ভুঞ্জানঃ অবিরতং নিরন্তরং, কর্ম্মাণি (দেহান্তর-প্রাপ্তিহেতুভূতানি) করোতি এব॥ ৪৩॥

শ্রীধরস্বামী।

তদেবং জীবস্য সংসৃতিঃ প্রপঞ্চিতা। তত্রচ তস্য কর্ম্মবশেন লোকাল্লোকান্তরগমনং জন্ম-মরণঞ্চোক্তং তত্রৈবং শঙ্কতে। নন্বু ব্যাপকস্য কথং লোকাল্লোকান্তরগমনং নিত্যস্য চ কথং জন্মমরণে; ভোগেন কর্ম্মক্ষয়ে সতি জন্মমরণঞ্চেষ্যতে তৎকৃতঃ পুনরপি তস্য কর্ম্মসম্ভব ইতি তত্র লোকান্তরগমনং কর্ম্ম চ সম্ভবতীত্যাহ দেহেনেতি। জীবস্যোপাধিভূতা ভূতেন জাতেন লিঙ্গদেহেন লোকান্তরমনুব্রজন্ অবিরতং কর্ম্মাণি করোতীতি কর্ম্মণামসমাপ্তিরুক্তা॥ ৪৩॥

শ্রীবিশ্বনাথ চক্রবর্ত্তী।

তদেবং জীবস্য সংসারঃ প্রপঞ্চিতঃ। তত্রৈবং শঙ্কতে। নন্বু জীবঃ শুভাশুভং কর্ম্ম যেন দেহেন করোতি তং দেহং ত্যক্ত্বা দেহান্তরে তৎফলং স্বর্গাদিকং ভুঙ্‌ক্তে ইতি কো ন্যায়ঃ। তত্র দেহেন কর্ম্ম করোতি তেনৈব দেহেন ভুঙ্‌ক্তে ইত্যাহ দেহেন জীবভূতেন লিঙ্গশরীরেণ লোকান্মর্ত্ত্যলোকাৎ লোকং স্বর্গং নরকাদিকং অনুব্রজন্নিতি উপাধিগমনেনৈব কর্ম্ম করোতি উপস্থিতস্য জীবস্যাপি গমনং সম্ভাবিতং তত্র ভুঞ্জান এব ভোগমসমাপ্নুবন্নেব পুনর্মর্ত্ত্যলোকমাগত্য কর্ম্মাণি করোতে অতো লিঙ্গদেহেনৈব কর্ম্ম করোতে ভুঙ্‌ক্তে চেত্যুক্তং॥ ৪৩॥

জীবত্বের উপাধিভূত লিঙ্গশরীরের আশ্রয়ে পুরুষ এক দেহ হইতে দেহান্তরে গমন করিয়া থাকে এবং সেই দেহে আবার প্রারব্ধ ভোগকালীন পুনরায় দেহান্তর প্রাপ্তির কারণভূত অন্যান্য বিধি কর্ম্ম নিরন্তর করিয়া থাকে॥ ৪৩॥

অন্বয়ঃ।

মিলনসুখই তাঁহাদের চিত্তহরণের একমাত্র তীব্র হেতু। যদি মুক্তির আকাঙ্ক্ষা থাকে, তবে সর্ব্বাগ্রে উক্ত প্রেমকে দূরে অপসারিত করাই বিধেয়॥ ৩৯—৪২॥

এই প্রকারে জীবের সংসারভোগের কথা বর্ণন করিয়া, সম্প্রতি দেহান্তরলাভের হেতু ও প্রণালী নিম্নলিখিত কএকটী শ্লোকে বর্ণিত হইয়াছে। এ সম্বন্ধে এরূপ আশঙ্কা হইতে পারে যে, নিত্য, শুদ্ধ, বুদ্ধ, মুক্ত ও সত্যস্বরূপ জীবের এক দেহ হইতে দেহান্তর

জীবোঽস্যানুগোদেহো ভূতেন্দ্রিয়মনোময়ঃ।
তন্নিরোধোঽস্য মরণমাবির্ভাবস্তু সম্ভবঃ ॥ ৪৪ ॥

অন্বয়।

জীবঃ জীবোপাধিঃ লিঙ্গদেহঃ অস্য আত্মনঃ অনুগঃ অনুবর্ত্তী, ভূতেন্দ্রিয়মনোময়ঃ স্থূলভূতাদি বিকারঃ দেহঃ এব। তন্নিরোধঃ (তস্য স্থূলদেহস্য নিরোধঃ এব) অস্য লিঙ্গোপাধিবিশিষ্টস্য জীবস্য মরণং; সম্ভবঃ তু আবির্ভাবঃ জন্ম উচ্যতে ॥ ৪৪ ॥

শ্রীধরস্বামী।

